

মহানিকাণ-ভত্তম্।

(मूलम् अपूर्वानन्छ ।)

শ্রীশ্রামাচরণ কবিরত্বেন সংস্কৃতম্।

"সর্ব্বাগমানাং তন্ত্রাণাং সারাৎসারং পরাৎপরম্। তন্ত্ররাজমিদং ভ্রাত্বা জায়তে সর্ব্বধর্মবিৎ ॥''

(১৪শ উঃ ১৯৫)

''সুস্তি তন্ত্ৰাণি বৃহ্ধা শালাণি বিবিধান্তলি। মহানিৰ্বাণত হল কলাং নাইছি বৈড়িশীন্॥'' (১৪শ উ: ২০৯)

.....

কলিকাভায়াম্

২০১, সংখ্যক কর্ণওয়ালিস্ খ্রীট্র বেসন্ মেডিকেল্ নাইতেরিতঃ

শ্রীগুরুদাস চটোপাধ্যায়েন প্রকাশিভয় ম

১৩১৩ সালাকাঃ

কলিকাতা।

২ নং গোয়াবাগান ষ্ট্রীট্ "ভিক্টোরিয়া প্রেসে" শ্রীভারিণীচরণ আদ দারা মুদ্রিত।

বিজ্ঞাপন।

মহানির্বাণ তন্ত্র সর্বাতন্ত্রের সারভূত ও সর্ব্বোৎকৃষ্ট তন্ত্রশান্ত্র।
ইহাতে ব্রন্ধোপাসনা, সর্বাদেবদেবীর পূজা, পঞ্চমকার-সাধন,
সন্ধ্যান্তিক, দশবিধ সংস্কার, প্রান্ধ, প্রতিষ্ঠা, রাজনীতি, সমাজনীতি
প্রভৃতি যাবতীয় নিত্য নৈমিত্তিক ও কাম্য কর্ম্বের অমুষ্ঠানবিধি
আছে। স্কতরাং ইহা ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্র শৃদ্র—এই চতুর্ব্বর্ণের,
ব্রহ্মচারী গৃহস্ত বানপ্রস্থ ও ভিক্স্—এই চতুরাশ্রমীর, মুক্ত মুমুক্
ও বিষয়ী—এই ত্রিবিধ লোকের, এবং রাজা প্রজ্ঞা—সকলেরই
আরাধ্য ও আদরণীর বস্তু। ইহা সাক্ষাৎ ভগবান্ আসদাশিবের
মুগপঙ্কজবিনির্গত অমৃত্যার স্থ্রাসিদ্ধ গ্রন্থ। স্কৃতরাং এতৎসম্বদ্ধে
অধিক পরিচর স্কনাবশ্রক। প্রত্যেক শিক্ষিত লোকেরই এ গ্রন্থ
পাঠ করা একান্ত আবশ্রক।

সূচিপত্ত।

১ম উল্লাস। কলিকাল-সম্ভূত লোকের নিস্তারোপায়।

২য় উল্লাস। কলিকালে তন্ত্রমতের শ্রেষ্ঠতা। ব্রহ্মস্বরূপ-নিরূপণ।

৩য় উল্লাস।ত্রন্ধোপাসনা-বিধি।

৪র্থ উল্লাস।
কালী-সাধনা। কলিতে
পশুভাবের নিষেধ।
কালীস্বরূপ-নিরূপণ।
কুলাচার-প্রশংসা।
কলি-মাহাত্মা।

৫ম উল্লাস।
কালীসাধনা-বিধি।
আহ্নিককৃত্য। সংবিদাশোধনাদি।
কালীমন্ত্ৰোদ্ধার। ঘটস্থাপন।
পঞ্চমকার-সংস্কার।

৬ষ্ঠ উল্লাস। পঞ্চমকারের বিশেষ কথন। শ্রীপাত্র-স্থাপন। চক্র-স্থাপন।

৭ম উল্লাস। কালীর স্তব কবচ। পুরশ্চরণ। কুলাচার।

৮ম উল্লাস। বর্ণধর্ম। আশ্রমধর্ম। শৈব বিবাহ। ভৈরবীচক্র। চক্রামুষ্ঠান। সন্ন্যাসধর্ম। ৯ম উল্লাস। কুশগুকা। দশবিধ সংস্কার।

১০ম উল্লাস।
গৌৰ্যাদি ষোড়শ মাতৃকার পূজা।
ৰস্থারা। আভ্যুদয়িক শ্রাদ্ধ।
পার্কাণ শ্রাদ্ধ। একোদ্দিষ্ঠ শ্রাদ্ধ।
অশৌচ-ব্যবস্থা। প্রেতশ্রাদ্ধ।
প্রত্যোদ্ধেশে দান।
পূর্ণাভিষেক।

১১শ উল্লাস। রান্ধনীতি। প্রায়শ্চিত্ত।

> ১২শ উল্লাস। দায়ভাগ।

১৩শ উল্লাস।
কালীম্তির তত্ত্বকথা।
দেবপ্রতিষ্ঠা। জলাশয়-প্রতিষ্ঠা।
সেতুপ্রতিষ্ঠা। সংক্রমপ্রতিষ্ঠা।
উপবনপ্রতিষ্ঠা। বৃক্ষপ্রতিষ্ঠা।
বাস্তব্যাগ। গ্রহ্বাগ।
দেবমন্দিরপ্রতিষ্ঠা।
বাহনাদির উৎসর্গ।

১৪শ উল্লাস।
শিবলিঙ্গপ্রতিষ্ঠা।
প্রতিষ্ঠিত শিবলিঙ্গের পূজাবাধে
কর্ত্তব্য।
ভগ্নদেবমূর্ত্তির পূজায় ইতিকর্ত্তব্যতা। জ্ঞান ও কর্ম্ম
সম্বন্ধে উপদেশ।
জ্ঞান বিনা মুক্তির অসম্ভবতা।
চতুর্বিধ অবধৃতের লক্ষণ।

মহানিবৰাণত প্ৰয়া

প্রথমোল্লাসংগ

গিরীক্তশিপরে রম্যে নানারক্ষোপশোভিতে।
নানারক্ষলভাকীর্ণে নানাপক্ষিরবৈষ্ঠ তে ॥ >
সর্বর্জ কুম্মামোদ-মোদিতে ক্ষমনোহরে।
শৈত্য-সৌগদ্ধ্য-মান্যাদ্য-মন্বন্তিরূপনীজিতে॥ ২
অক্সরোগণসঙ্গীত-কলধ্বনি-নিনাদিতে।
স্থিরচ্ছারক্তমচ্ছারা-চ্ছাদিতে স্লিগ্ধমজ্লে। ৩
মত্তকোকিলসন্দোহ-সংখৃষ্টবিপিনাস্তরে।
সর্বনা স্থগণৈঃ সার্দ্ধ-মৃত্বাজনিষ্বেতিত॥ ৪
সিদ্ধ-চারণ-গদ্ধ্ব-গাণপত্যগণৈর্তিত।
তত্ত্ব মৌনধরং দেবং চরাচরক্ষগদ্গুরুম্॥ ৫

বিবিধ রত্ন দারা শোভিত, নানাপ্রকারবৃক্ষণতার পরিব্যাপ্ত, বছবিধ-পক্ষিরব-যুক্ত, সর্বাধৃত্যব-পূষ্ণ-গদ্ধে আমোদিত, স্নমনোহর, দৈত্য-সৌগদ্ধা-মাল্য-যুক্ত বায়ু দারা শীতলীক্ত, অপ্রানিগের সঙ্গীতজাত মধুর ধবনি দারা শব্দিত, অচঞ্চল-ছারামুক্ত বৃক্ষের ছারা দারা আছোদিত, বিশ্ব অথচ স্কলব, মন্ত কোকিল-সমূহ দারা বনাস্করে সঙ্গাক্ শব্দিত, সর্বামনার অমরাদি স্বগণের সহিত গতুরাক্র বসন্ত কর্তুক্ত্ সেবিশু, সিদ্ধ চারণ গদ্ধর্ম ও গাণপত্যগণ দারা আহত,—এই-প্রকার রমণীর গিরীক্ত অর্থাৎ কৈলাস পর্বতের লিখনে মৌনাবলমী, চরাচর অগতের গুকু, দ্যামৃতের সমুক্ত, কর্পুর এবং কুক্ষপুর্বাহ্ন

मनिनिरः मनानमः कक्नामुज्मानत्रम्।
कर्ज्तक्र्नध्वनः खक्ष्मख्यतः विज्रम्॥ ७
निन्धवतः नीननाथः यानीन्तः यानिवज्ञज्म्।
निज्ञानीकत्रमः मिळ-क्रोमखन्मखिज्म्॥ १
विज्ञिज्ञ्चितः भाखः वानमानः कनानिनम्।
विलाहनः विलाहकः विभ्नवस्थातिनम्॥ ५
जाखालायः छानमत्रः देकवनायन्ननात्रकम्।
निर्विकत्रः निताज्ञः निर्वित्भः नित्रक्षनम्॥ ३
मह्क्याः दिज्क्षातः एनव्हितः नित्रामत्रम्।
खमन्नवहनः वीक्षा लाकानाः विज्ञामत्रम्।
विनन्नावन्ना एनवी नार्विजी निवस्ववी९॥ ১०

শ্রীপার্ব্বভূয়বাচ।

দেবদেব জগন্নাথ মন্নাথ করুণানিধে। স্থাননীম দেবেশ তবাজ্ঞাকারিমী দদা॥ ১১

স্তার শেতবর্ণ, শুদ্ধ-সত্বগুণময়, নিগ্রহামুগ্রহসমর্থ, দিক্রপ-বস্ত্র-পরিধায়ী, দীনজনের নাথ, যোগিশ্রেষ্ঠ, যোগিগণের প্রিয়, গঙ্গাকলকণ দারা সংসিক্ত জটাসমূহে মণ্ডিত, তম্ম দারা অলম্ক্ত,
শাস্তম্বভাব, সর্পমালাযুক্ত, নরকপালধারী, ত্রিলোকের দম্মর, ত্রিশূলধারী, আশুতোষ, জ্ঞানময়, মোক্ষ-ফলদাতা, নির্বিকল্ল, আতহ্বরহিত, নির্বিশেষ, নিরঞ্জন, নিরাময়, সকলের হিতক্তা, দেবদেব, প্রসন্ত্র-বদন, সদানন্দ সদাশিব দেবকে দর্শন করিয়া বিনয়াবনতা
পার্ব্বতী-দেবী লোকহিতার্থে তাঁহাকে কহিলেন। ১—১০। পার্ব্বতী
কহিলেন।—হে দেবদেব, জগলাথ, আমার নাথ, কর্মণানিধে।

প্রথমোলাসঃ।

বিনাজ্যা ময়া কিঞ্চিন্তাবিতৃং নৈব শক্যতে।
কুপাবলেশো ময়ি চেৎ শ্লেছোহন্তি ষদি মাং প্রতি।
তদা নিবেদাতে কিঞ্চিন্তনদা বহিচারিতম্॥ ১২
বদন্তঃ সংশয়স্তাস্ত কন্তিলোক্যাং মহেশ্বর।
চেন্তা ভবিতৃমহোঁ বা সর্বজ্ঞঃ সর্বাশাস্তবিৎ ॥ ১৩

শ্ৰীসৰাশিব উবাচ।

কিম্চাতে নহাপ্রাজে কথাতাং প্রাণবল্লতে।
যদকথাং গণেশেহপি স্কন্দে দেনাপতাবপি ॥ ১৪
তবাগ্রে কথ্যিয়ামি স্কুগোপ্যমপি যদ্ভবেৎ।
কিমস্তি ত্রিষু লোকেষু গোপনীয়ং তবাগ্রতঃ। ১৫

আমি তোমার অধীনা। হে দেবেশ! আমি সর্বাদা তোমার আজাকারিণী, তোমার আদেশ ব্যতিরেকে কিছুই করিতে পারি না। যদি আমার প্রতি রূপালেশ থাকে এবং তোমার স্নেহ থাকে, ভবে আমার মনে বাহা কিছু বিচারার্থে উপ্রিত হইয়াছে, তাহা নিবেদন করি। হে মহেশ্বর! ত্রিভুবনের মধ্যে তোমা অপেক্ষা অন্ত কোন ব্যক্তি এই সংশ্রের ছেদন করিতে যোগ্য হইবে ? তুমি সর্বাজ্ঞ এবং সর্বাশার্ত্রেরা। ১১—১৩। সদাশিব কহিলেন।—হে মহাপ্রাজ্ঞে! হে প্রাণবল্লভে! তুমি কি বলিতে ইচ্ছা করিয়াছ, তাহা বল। স্থগোপ্য হইলেও, প্রিয়পুর গণেশ এবং সেনাপতি কার্ত্তিকেরকেও যাহা অকথ্য, তাহা তোমার নিকট কছিব। ত্রিভুবনে তোমার নিকট কি গোপনীর আছে ? হে দেবি! তুমি আমারই রূপ, তোমার সহিত আমার ভেদ নাই। তুমি সর্বাজ্ঞা; কিনা জান ? তথাপি অনভিজ্ঞার স্থায় কেন ব্যিজ্ঞানা করিতেছ ?

মমরপাসি দেবি স্বং ন ভেদোহস্তি স্বয়া মম।
সর্বজ্ঞা কিং ন জানাসি স্বনভিজ্ঞেব পৃচ্ছসি॥ ১৬
ইতি দেববচঃ শ্রুত্বা পার্ব্বতী স্বষ্টমানসা।
বিনয়াবনতা সাধবী পরিপপ্রচ্ছ শঙ্করম্॥ ১৭

শ্ৰীমাদ্যোবাচ।

ভগবন্ সর্কভৃতেশ সর্কারণাবিদাং বর।
কুপাবতা ভগবতা ব্রহ্মান্তর্যামিনা পুরা॥ ১৮
প্রকাশিতাশ্চতুর্বেদাঃ সর্কার্যামিনা পুরা॥ ১৮
কর্ণামশ্রমাদিনিয়মা ধত্র চৈব প্রতিষ্ঠিতাঃ॥ ১৯
তত্ত্বত্যোগযজ্ঞান্তৈঃ কর্মাভিভূ বি মানবাঃ।
দেবান্ পিতৃন্ প্রীণয়ন্তঃ পুণ্যশীলাঃ ক্তে যুগে॥ ২০
স্বাধ্যায়-ধ্যান-তপসা দয়া-দানৈর্জিতেক্রিয়াঃ।
মহাবলা মহাবীর্য্যা মহাসন্ত্রপরাক্রমাঃ॥ ২১

মহাদেবের এইপ্রকার বাক্য শ্রবণ করিয়া হাইচিত্তা পতিব্রভা পার্বিতী বিনয়াবনতা হইয়া শকরকে জিজ্ঞাসা করিলেন। ১৪—১৭। আদ্যা কহিলেন।—হে ভগবন্! হে সর্বভৃতেশ! হে সর্ব-ধর্মবিংশ্রেষ্ঠ! তুমি ষড়ৈপ্রর্যাশালী, ক্লপাবান্ এবং সকলের অন্তর্যামী; জোমা কর্ত্বক পূর্বে চত্বেদি প্রকাশিত হইয়াছিল। এই বেদ সকল দ্বারা সর্ব্বধর্ম বৃদ্ধি-প্রাপ্ত এবং বর্ণাশ্রমাদির নিয়ম প্রতিষ্ঠিত হইয়াছে। সেই বেদোক্ত যাগ-যজ্ঞাদিরপ কর্ম্ম সকল দ্বারা পৃথি-বীতে পুণ্যশীল মানবগণ, সত্যযুগে দেবতা সকলকে এবং পিতৃগণকে প্রীতিযুক্ত করিয়াছিলেন। ১৮—২০। সেই সত্যযুগে মানবগণ স্বাধ্যায়, ধ্যান, তপস্থা, দয়া ও দানাদি দ্বারা জিতেক্রির

ছিলেন। তাঁহারা মহাবল, মহাবীর্ষ্য এবং অত্যন্ত সত্যপরাক্রম ছিলেন। তাঁহারা মরণবর্ষনীল মানব হইয়াও স্বর্গাদিগমনে সমর্থ, দেবতুল্যা, দৃঢ়নিয়মাবলম্বী, সাধু, সত্যধর্ষপর, এবং সত্যবাদী ছিলেন। সেই যুগে রাজবর্গ সত্যসক্ষন্ত এবং প্রজাপালন-তৎপর ছিলেন। তাঁহাদের পরস্ত্রীতে মাতৃবং জ্ঞান, পরপুত্রে পুত্রবং স্নেছ ছিল। তদানীস্তন মানবগণ পরধন লোপ্ত-সন্ধ দেখিতেন; তাঁহারা স্বধর্ম-নিরত ও সৎপধান্ত্বতা ছিলেন। সেই সত্যযুগে কোন ব্যক্তিই মিথ্যাবাদী, কোন সময়েই কেহ প্রমাদরত, চৌর্যার্ক্তি-পরায়ণ, পরদ্রোহকারক ও হ্রাশয় ছিল না। ২১—২৫। কোন ব্যক্তিই মৎসরী, অতিক্রোধী, অতি-লোভী ও কামুক ছিল না। সক্তলেই সদস্করণ, সর্ব্বদা সানন্দ-হদয় ছিলেন। সেই কালে ভূমি সকল স্বর্ধশপ্রাত্যা, মেব সকল যথাকালে ব্র্ধণকারী, গো সকল

নাকালমৃত্যুক্তজাদীর ছর্ভিক্ষং ন বা রুজঃ।
ছাঠাঃ পুষ্ঠাঃ দদারোগোন্তেজারূপগুণাবিতাঃ ॥ ২৮
ব্রিয়ো ন ব্যভিচারিণাঃ পতিভক্তিপরারণাঃ।
ব্রাহ্মণাঃ ক্ষত্রিয়া বৈশ্রাঃ শ্রুয়াঃ স্বাচারবর্ত্তিনঃ ॥ ২৯
বৈঃ ক্ষৈধ ক্রের্যজন্তক্তে নিস্তারপদনীং গতাঃ।
ক্তে ব্যতীতে ত্রেতারাং দৃষ্ট্যা ধর্মব্যতিক্রমম্॥ ৩০
বেদোক্তকর্মভিম র্জ্তান শক্তাঃ স্বেষ্টদাধনে।
বছরেশকরং কর্ম বৈদিকং ভ্রিদাধনম্॥ ৩১
কর্মণুঃ ন যোগ্যা মন্ত্রজাশিত্রাব্যাকুলমানদাঃ।
ত্যক্তণুং কর্তুং ন চাহ ত্রি দদা কাত্রচেত্রসঃ॥ ৩২

বহুত্থ্ববতী, বৃক্ষ দকল প্রচুর-ফলশালী ছিল। সেই যুগে কোনও জীব অকালে মৃত্যুমুথে পতিত হইত না, তর্ভিক্ষ বা রোগ হইত না। প্রজাবর্গ হুইপুষ্ট, দর্ম্বদাই স্বাস্থ্যযুক্ত, তেজ রূপ ও গুণসম্পন্ন ছিল। স্ত্রীগণ অব্যক্তিচারিণী এবং পতিভক্তি-পরায়ণা ছিল। দেই সত্যযুগে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্র ও শূদ্রগণ স্বস্থ-আচারাম্ববর্ত্তী হইয়া নিজ নিজ বর্ণোচিত ধর্ম্মান্তর্গান-পূর্ব্ধক নিস্তার-পদবী প্রাপ্ত হইয়াছেন। সত্যযুগ অতীত ইইলে, এই সকল ধর্মের ব্যতিক্রম দেখিয়া তৎকালে মানবর্গণ বেলোক্ত কর্ম্ম সকল দারা নিজ নিজ অভীষ্ট সম্পাদনে সমর্থ ছিলেন না। তথন ভ্রিসাধনসম্পন্ন বৈদিক কর্ম্ম বহুক্লেশকর হইয়াছিল; মহুষ্যাসকল চিন্তাতে ব্যাকুলচিত্ত হইয়া তলাচরণ করিতে সমর্থ হয় নাই। অথচ বৈদিক কর্ম্ম ত্যাগের নানা দোব শ্রবণ হেতু তাহারা সেই কর্ম্ম ত্যাগ করিতেও পারে নাই। প্রত্যুত তাহারা এই অসাম্মর্থ জন্ম সর্বদাই কাতর্চিত্ত ছিল। ২৬—৩২। সেই সময়ে

বেদার্থযুক্তশাস্ত্রাণি স্কৃতিরূপাণি ভূতলে।
তদা হং প্রকটীক্বত্য তপংস্বাধানয়ত্র্বলান্।
লোকানতারয়ঃ পাপাদ্ তুঃখশোকাময়প্রদাৎ॥ ৩৩
হাং বিনা কোহস্তি জীবানাং ঘোরসংদারসাগরে।
ভর্তী পাতা সমৃদ্ধর্তা পিতৃবৎ প্রিয়ক্তং প্রভুঃ ॥ ৩৪
ততোহপি দ্বাপরে প্রাপ্তে স্বৃত্যক্তস্কৃতভাজ্নিতে।
ধর্মাদ্দলোপে মন্ত্রজ্ব আধিব্যাধিসমাকুলে।
সংহিতাত্যপদেশেন হুইয়বোদ্ধারিতা নরাঃ॥ ৩৫
তায়াতে পাপিনি কলৌ সর্ব্বধ্মবিলোপিনি।
হুরাচারে হুপ্রপঞ্চে হুইকর্ম্মপ্রবর্তকে॥ ৩৬
ন বেদাঃ প্রভবস্ত্র স্বৃতীনাং স্মরণং কুতঃ।
নানেতিহাসযুক্রানাং নানামার্গপ্রদর্শিনাম্॥ ৩৭

আপনি ভূতলে স্থৃতিরূপ বেদার্থযুক্ত শাস্ত্র-সকলকে প্রকাশ করিয়াছিলেন। তদ্বারা ছঃখ, শোক ও রোগপ্রাদ পাপ হইতে, তপস্থা
ও স্বাধ্যায় বিষয়ে ছর্বল লোকদিগের আপনি উদ্ধার করিয়াছেন।
এই ভয়ানক সংসারসমুদ্রে আপনি ভিন্ন জীব সকলের ভরণকর্তা,
রক্ষাকর্তা, পিতার স্থায় প্রিয়কারী, প্রভু মার কে আছে ? তৎপরে
ঘাপর যুগ প্রাপ্ত হইলে মন্থুয়ের স্মৃত্যুক্ত স্থক্তি পরিত্যক্ত হইলে,
ধর্মার্দ্ধ লোপ পাইল ; মন্থুয়গণ মনোব্যথা ও ব্যাধি দ্বারা আকুল
হইল। তথন তুমি ব্যাসাদিরূপে সংহিতাশাস্ত্রাদির উপদেশ
দ্বারা দেই নর সকলকে উদ্ধার করিয়াছ। তৎপরে পাপরূপী, সর্ব্ধর্ম্মবিলোপকারী, ছরাচার, ছন্ধর্ম-বিস্তারকারী, ছন্টকর্ম্মপ্রবর্ত্তক কলিযুগ আগমন করিল। এখন দেবগণ প্রভু অর্থাৎ
শক্তিমান্ নহেন; স্মৃতি-মৃকলের স্মৃতি নাই। নানা ইতি-

বহুলানাং পুরাণানাং বিনাশো ভবিতা বিভো।
তদা লোকা ভবিষ্যন্তি ধর্মকর্মবহিমুখাঃ॥ ৩৮
উচ্ছুজ্ঞালা মদোন্মত্তাঃ পাপকর্মরতাঃ দদা।
কামুকা লোলুপাঃ ক্রুরা নিষ্ঠুরা হুমুখাঃ শঠাঃ॥ ৩৯
স্বল্লায়ুর্ম ন্দমতয়ো রোগশোকসমাকুলাঃ।
নিংশ্রীকা নির্ব্বলা নীচা নীচাচারপরায়ণাঃ॥ ৪০
নীচদংসর্গনিরতাঃ পরবিত্তাপহারকাঃ।
পরনিন্দাপরদ্রোহ-পরীবাদপরাঃ থলাঃ॥ ৪১
পরস্ত্রীহরণে পাপাঃ শঙ্কাভ্য়বিবজ্জিতাঃ।
নির্দ্ধনা মলিনা দীনা দরিদ্রাশ্চিররোগিণঃ॥ ৪২
বিপ্রাঃ শৃদ্দমাচারাঃ সন্ধাবন্দনবর্জ্জিতাঃ।
অ্যাগ্যাজকা লুদ্ধা হুর্ব্বুত্তাঃ পাপকারিণঃ॥ ৪৩

হাসযুক্ত নানাপথ প্রদর্শনকারী পুরাণ-সকলের বিনাশ হইবে। হে বিভো! পুরাণাদি শাস্ত্রের বিনাশ হইলে সেই সময়ে লোক সকল ধর্মকর্ম-বহিমুথ হইবে এবং শৃঙ্খলা-রহিত হইয়া, মদনে উন্মত্ত, পাপকর্মের রত, কামুক, অতিলুক্ক, নির্দিয়, ছ্মুথ, শঠ, স্বল্লায়, মদন্মিতি, রোগশোকে আকুল, শ্রী-রহিত, বলরহিত, নীচ, নীচের আচার-পরায়ণ, নীচসংসর্গে নিরস্তর রত, পরবিত্তাপহারক, পর-নিন্দায় রত, পরডোহকারী, পরমানি-পরায়ণ হইবে। পরস্ত্রীহরণে পাপাশক্ষা ও ভরবিবজ্জিত হইবে এবং সকলে নির্দ্ধন, মলিন, দীন, দরিজ ও চিররোগী হইবে। ৩০ —৪২। বিপ্রসকল সন্ধ্যা-বন্দনাদিরিতে হইয়া শুড্-সম আচার-বিশিষ্ট হইবে এবং অযাজ্য অপকৃষ্ট জাতির যাজক, লুক্ক, ছর্ক্ত, পাপকারী, মিথ্যাবাদী, মূর্থ, দান্তিক, ক্র্টাবিক্রয়কারী, ক্রাবিক্রয়ী, সংস্কারহীন ও তপস্তা-ব্রত-

व्यथरमाह्नामः।

অসতাভাষিণাে মূর্থা দান্তিকা গ্রন্থাঞ্চনাঃ ।
কক্তাবিক্রমিণাে বাত্যান্তপােব্রতপরাশ্ব্রাং ॥ ৪৪
লােকপ্রতারণার্থায় জপপূলাপরায়ণাঃ ।
পাষণ্ডাঃ পণ্ডিতস্মতাঃ শ্রন্ধাভক্তিবিবর্জিতাঃ ॥ ৪৫
কদাহারা কদাচারা ধৃতকাঃ শ্রুদেবকাঃ ।
শ্রুদারভাজিনঃ ক্রুরা বৃষলীরতিকামুকাঃ ॥ ৪৬
দাস্তান্তি ধনলােভেন স্বদারান্ নীচজাতিষ্।
ব্রাহ্মণাচিহ্নমেতাবং কেবলং স্ত্রধারণম্ ॥ ৪৭
নৈব পনােদিনিয়মাে ভক্ষ্যাভক্ষ্যবিবেচনম্ ।
ধর্মানাস্তে সদানিকাঃ সাধুদ্রোহা নিরস্তরম্ ॥ ৪৮
সৎকথালাপমাত্রঞ্চ ন তেষাং মনসি কচিং ।
ত্বয়া ক্রতানি তন্ত্রাণি জীবোদ্ধারণহেতবে ॥ ৪৯

পরাশ্ব্ধ হইবে। তাহারা লোকপ্রতারণার নিমিত্ত জ্বপ-পূজা-পরায়ণ হইবে, পাষণ্ড ব্যবহারী হইয়াও আপনাকে পণ্ডিত বলিয়া মনে করিবে এবং শ্রদা ও ভক্তি-রহিত হইবে। কলির ব্রাহ্মণ সকল কর্ন্যান্তারী ও কর্ন্য্য আচার ব্যবহারে রত এবং ধৃতক অর্থাৎ নিজােদর ভরণার্থ জীবনধারী, শূদ্রসেবক, শূদ্রামভােজী, ক্রুর, শূদ্রপত্নীতে রতি-সন্তোগেচ্ছু হইবে। ইহারা ধনলােভে নিজ স্ত্রীকে নীচ জাতিতে দান করিবে, ইহাদিগের ব্রাহ্মণত্বের চিহ্ন কেবল স্ত্রধারণমাত্র থাকিবে। এই ব্রাহ্মণদিগের পানাদির নিয়ম এবং ভক্ষ্যাভক্ষ্য-বিচার থাকিবে। এই ব্রাহ্মণদিগের পানাদির নিয়ম এবং ভক্ষ্যাভক্ষ্য-বিচার থাকিবে না। ইহারা সর্কা। ধর্মশাস্তের নিন্দা ও সাধু সকলের দ্রোহ করিবে। ৪৩—৪৮। তাহাদের মনে কথনও সৎক্থার আলাপমাত্র থাকিবে না। জীব-উদ্ধারের নিমিত্ত তােমা কর্ত্তক ভন্ত্র সকল ক্বত হইয়াছে। এবং ভাগে ও মুক্তিপ্রদ নিগম আগম শাস্ত্র সমৃ-

নিগমাগমজাতানি ভুক্তিমুক্তিকরাণি চ।
দেবীনাং যত্র দেবানাং মন্ত্রযন্ত্রাদিলাধনম্॥ ৫০
কথিতা বহবো স্থাসাং স্ষ্টেস্থিত্যাদিলক্ষণাঃ।
বন্ধপদ্মাসনাদীনি গদিতান্তপি ভ্রিশং॥ ৫১
পশু-বীর-দিব্যভাবা দেবতামন্ত্রসিদ্ধিদাঃ।
শবাসনং চিতারোহো মুগুসাধনমেব ৪॥ ৫২
লতাসাধনকর্মাণি ছয়োক্তানি সহস্রশঃ।
পশুভাব-দিব্যভাবো স্বয়মেব নিবারিতো॥ ৫৩
কলৌ ন পশুভাবোহন্তি দিব্যভাবঃ কুতো ভবেং।
পত্রং পুষ্পং ফলং তোয়ং স্বয়মেবাহরেং পশুঃ॥ ৫৪
ন শুদ্রদর্শনং কুর্য্যান্মনসা ন স্তিয়ং ম্মরেং।
দিবাশ্চ দেবতাপ্রায়ঃ শুদ্ধান্তরণং সদা॥ ৫৫

দায়ও কত হইয়াছে। এই তস্ত্রাদি শাস্ত্রে দেবদবীগণের মন্ত্র-যন্ত্রাদি
সাধন, স্পৃষ্টি স্থিতি সংহারস্থরপ বহু স্তাস ও বন্ধপদ্মাসন আদি বহুপ্রকার আসন কথিত হইয়াছে এবং দেবতা সকলের মন্ত্রসিদ্ধিপ্রদ
পশুভাব, বীরভাব, দিব্যভাবও উক্ত ইইয়াছে। ইহাতে শ্বাসন,
চিতারোহণ, মুগুসাধন, লতাসাধনাদি অসংখ্য কর্ম্ম সকল তোমা
কর্ত্ত্বক উক্ত ইইয়াছে। পরস্ত এই তন্ত্রশাস্ত্রে পশুভাব, দিব্যভাব,
প্রমং তোমা কর্ত্বক নিবারিত হইয়াছে। কলিতে পশুভাবই নাই,
দিব্যভাব কি প্রকারে হইতে পারে ? কারণ পশুভাবাপদ্মদিগের
কর্ত্ব্য—তাহারা পত্র, ফল, জল স্বয়ংই আহরণ করিবে, শুদ্র দর্শন
করিবে না, এবং মনে মনেও স্ত্রীকে স্মরণ করিবে না। দিব্যভাবাপদ্ম
ব্যক্তি দেবত্লা, সর্বাণা শুরান্তঃকরণ, দ্ব্দহিষ্ণু, বাসনা-রহিত,
স্পৃত্তে সমভাবাবলম্বী ও ক্ষমাশীল হন। কিন্তু এধনকার লোক

ষন্দাতীতো বীতরাগঃ সর্বভূতসমঃ ক্ষমী।
কলিকল্মযুক্তানাং সর্বাদান্থিরচেতসাম্॥ ৫৬
নিদ্রালশুপ্রসক্তানাং ভাবগুদ্ধিঃ কথং ভবেং।
বীরসাধনকর্মাণি পঞ্চন্দ্রোদিতানি চ॥ ৫৭
মদাং মাংসং তথা মংশু-মুদ্রামৈপুনমেব চ।
এতানি পঞ্চন্দ্রানি দ্বয়া প্রোক্তানি শঙ্কর॥ ৫৮
কলিজা মানবা লুবাঃ শিশ্মোদরপরায়ণাঃ।
লোভাং তত্র পতিষ্যস্তি ন করিষ্যস্তি সাধনম্॥ ৫৯
ইন্দ্রিয়াণাং স্থার্থায় পীতা চ বছলং মধু।
ভবিষ্যস্তি মদোন্মতা হিতাহিতবিবর্জ্জিতাঃ॥ ৬০
পরস্ত্রীধর্ষকাঃ কেচিদ্বশ্রবো বহবো ভূবি।
ন করিষ্যস্তি তে মন্তাঃ পাপা যোনিবিচারণম্॥ ৬১

কলির পাপযুক্ত, সর্কানা অস্থির-চিত্ত, নিদ্রা ও আলস্থে প্রসক্ত ;
ইহাদের ভাবগুদ্ধি কি প্রকারে হইবে ? ৪৯—৫৭। হে শক্কর !
আপনা কর্ত্বক পঞ্চতত্ব-কথিত বীরসাধন উক্ত হইয়াছে;
তাহাতে মদ্য, মাংস, মংস্থা, মৃত্যা, মৈণুন—এই পঞ্চতত্ব আপনি
কহিয়াছেন। কলিকাল-জাত মানব-সকল লুক্ক ও শিশ্লোদরপরায়ণ; তাহারা লোভ হেতু সেই পঞ্চতত্বে পতিত হইবে, সাধন
করিবে না। তাহারা ইন্দ্রিয়স্থথের নিমিত্ত বহুতর মধু পান
করিয়া মদোন্মত্ত ও হিতাহিত-জ্ঞান-শৃত্য হইবে। তাহাদের মধ্যে
কোনও কোনও ব্যক্তি পরস্ত্রীহারী হইবে, বহুজন চৌহ্যবৃত্তি
অবলম্বন করিবে; মহাপাপী সেই মত্ত ব্যক্তিরা ধোনি বিচার
ক্রিরে না। ৫৮—৬১। অপরিমিত্ত পানাদি দোষে পৃথিবীজ্ঞে

অতিপানাদিদোষেণ রোগিণো বহবঃ কিতোঁ।
শক্তিহীনা বুদ্ধিহীনা ভূষা চ বিকলেন্দ্রিয়াঃ॥ ৬২
হদে গর্ব্তে প্রান্তরে চ প্রাদাদাৎ পর্ব্বতাদপি।
পতিষ্যন্তি মরিষ্যন্তি মনুজা মদবিহ্বলাঃ॥ ৬০
কেচিদ্বিনাদার্য্যন্তি গুরুভিঃ স্বজনৈরপি।
কেচিন্মোনা মৃতপ্রায়া অপরে বহুজন্পকাঃ॥ ৬৪
অকার্য্যকারিণঃ ক্রুরা ধর্মমার্গবিলোপকাঃ।
হিতায় যানি কর্মাণি কথিতানি ম্বয়া প্রভো॥ ৬৫
মত্যে তানি মহাদেব বিপরীতানি মানবে।
কে বা যোগং করিষ্যন্তি স্থাসজাতানি কেহপি বা॥ ৬৬
স্থোত্রপাঠং যন্ত্রনিপ্তং পুরশ্চর্য্যাং জগৎপতে।
যুগধর্মপ্রভাবেণ স্বভাবেন কলৌ নরাঃ॥ ৬৭

বছন্ধন মদবিহবল, শক্তিহীন, রুগ্ধ, বুদ্ধিহীন এবং বিকলেক্রিয় হইয়া হ্রদে, গর্ক্তে, প্রান্তরে, প্রাসাদ হইতে ও পর্বত হইতে
পতিত হইবে এবং মৃত্যু লাভ করিবে। এই সকল মত্ত লোকেরা
কেহ বা গুরুবর্গের সহিত ও স্বন্ধন-বর্গের সহিত বিবাদ করিবে;
কেহ বা মৌনাবলম্বী হইবে; কেহ বা অতিপান জন্ম মৃতপ্রায়, কেহ
বছভাষী হইবে। ইহারা অকার্য্যকারী, ক্রুরক্র্মা এবং ধর্ম্মপথবিলোপকারী হইবে। হে প্রভা! হে মহাদেব! হিতসাধনের নিমিত্ত
বে সকল কর্ম্ম আপনা কর্তৃক কথিত হইয়াছে, সেই সকল কর্ম্ম
মানবগণের পক্ষে বিপরীত হইয়া পড়িবে। কোন্ ব্যক্তি বা
বোগাশ্রম করিবে? কোন্ ব্যক্তি বা ন্যাস-সমূহ করিতে শক্ত হইবে?
কেই বা তাব করিবে? কোন্ ফান বা যন্ত্রাধারে পূজা বা যন্ত্রধারণ

ভবিষাস্থ্যতি হর্ক ভাঃ দর্কণা পাপকারিণঃ।
তেষামুপায়ং দীনেশ রূপয়া কথয় প্রভা ॥ ৬৮
আয়ুরারোগ্যবর্চন্তং বলবীর্যাবিবর্দ্ধনম্।
বিদ্যাবৃদ্ধিপ্রদং নূণা-মপ্রযত্ন শুভঙ্করম্॥ ৬৯
যেন লোকা ভবিষ্যন্তি মহাবলপরাক্রমাঃ।
শুদ্ধচিত্রাঃ পরহিতা মাতাপিত্রোঃ প্রক্ষরাঃ॥ ৭০
স্বদারনিষ্ঠাঃ পুরুষাঃ পরস্ত্রীরু পরাজ্ব্যাঃ।
দেবতা-গুক্কভক্তাশ্চ পুত্র-স্বজনপোষকাঃ॥ ৭১
ব্রহ্মপ্রা ব্রহ্মবিত্যাশ্চ ব্রক্ষচিত্তনমানসাঃ।
দিক্যবং লোক্ষাভ্রায়াঃ কথয়স্ব হিতায় য়ব॥ ৭২

করিবে? কোন্ ব্যক্তি বা পুরশ্চরণ করিবে? হে জগৎপতে!

যুগধর্ম-প্রভাবে স্বভাবভই মন্ত্র্যাগণ অভি ছুর্ক্ ত্ত এবং দর্মনা পাপকারী হইবে। হে দীনেশ প্রভা! কুপা করিয়া কলিজাত মানবগণের নিস্তারোপায় বলুন; যাহাতে তাহাদের আয়ু, আরোগ্য, তেজ,
বল ও বীর্যা বৃদ্ধি হয়; বিদ্যা-বৃদ্ধি-প্রাপ্তি হয়; প্রযন্ধ ব্যভিরেকে পরম

মঙ্গল লাভ হয়; —বদ্বারা লোক সকল মহাবল-পরাক্রমশালী হয়;
পরিশুদ্ধান্তঃকরণ হইয়া পরহিতে রত হয়; মাতা-পিতার প্রিয়কারী
হয়;—যাহাতে পুরুব-সকল স্বদারনিষ্ঠ ও পরস্ত্রীবিমুথ হইয়া দেবতাশুরুত্তক ও পুরু-স্বজনানির পোষক হয়;—বে উপায় দ্বারা তাহারা
ব্রহ্মক্র, ব্রন্ধবিদ্যাদম্পন্ন ও ব্রন্ধচিপ্তাশীল হয়; মন্ত্র্যের লোক-যাত্রা
নির্ব্বাহের নিমিত্ত ও পারলোকিক হিতের নিমিত্ত আপনি ক্রপা
করিয়া তাহাই কীর্ত্তন করুন। ব্রাহ্মণ ক্রেয়া হোহাও ক্রপা করিয়া

কর্ত্তব্যং যদকর্ত্তব্যং বর্ণাশ্রমবিভেদতঃ। বিনা খাং সর্বলোকানাং কস্ত্রাতা ভূবনত্রয়ে॥ ৭৩

ইতি শ্রীমহানির্ন্ধাণতত্ত্বে সর্ব্বতত্ত্বোত্তমোত্তমে সর্ব্বধর্ম্মনির্ণয়সারে শ্রীমদাভাসদাশিব-সংবাদে জীবনিস্তারোপায়প্রশ্নো নাম প্রথমোল্লাসঃ ॥ > ॥

প্রকাশ করুন। ত্রিভূবনে আপনা ব্যতিরেকে লোক সকলের ত্রাণকর্ত্তা আর কে আছে ? ৬২--৭৩।

প্রথম উল্লাস সমাপ্ত।

দ্বিতীয়োলাসঃ।

ইতি দেব্যা বচ: শ্রুত্বা শঙ্করো লোকশঙ্কর:। কথয়ামান তত্ত্বেন মহাকারুণ্যবারিধি:॥ >

শ্ৰীসদাশিব উবাচ।

নাধু পৃষ্টিং মহাভাগে জগতাং হিতকারিণি।
এতাদৃশঃ শুভঃ প্রশ্নো ন কেনাপি পুরা ক্বতঃ॥ ২
ধন্সাসি স্থক্তজ্ঞাসি হিতাসি কলিজন্মনাম্।
যদ্যক্তকং দ্বয়া ভট্টে সত্যং সত্যং যথার্থতঃ॥ ৩
সর্বজ্ঞা দ্বং ত্রিকালজ্ঞা ধর্মজ্ঞা প্রমেশ্বি।
ভূতং ভবদ্ববিষ্যঞ্চ ধর্মযুক্তং দ্বয়া প্রিয়ে॥ ৪

মহাকরণার সমৃত্র, লোক সকলের কল্যাণকর শহর, এই-প্রকার আ্মা দেবীর বাক্য শ্রবণ করিয়া প্রকৃত কথা কহিছে আরম্ভ করিলেন। সদাশিষ কহিলেন—হে মহাভাগে! তুমি জগতের হিতকারিণী, তুমি উত্তম প্রশ্ন করিয়াছ। ঈদৃশ মঙ্গলকর প্রশ্ন পূর্দের কেই জিজ্ঞাসা করে নাই। হে ভদ্রে! তুমি ধত্যা, স্কৃতজ্ঞা (অর্থাৎ জীবনের স্কৃতি তুমি জ্ঞাত আছ), কলিকালজাত জীবগণের তুমিই যথার্থ হিতকারিণী; তোমা কর্তৃক যাহা যাহা উক্ত হইল, সে সকল অতীব সত্যা, সন্দেহ নাই। হে পর-মেশ্বরি! তুমি ধর্ম্মজ্ঞা, ত্রিকালজ্ঞা, অতএব সর্বজ্ঞা। প্রিম্নে! ভূত ভবিষ্যৎ বর্তমান ধর্ম্মকুত বাক্য যাহা কহিলে, তাহা যথার্থ, ম্বথারোগ এবং ত্যায়সঙ্গত; এ বিষয়ে সংশয় নাই। হে স্বরেশ্বরি!

যথাতত্ত্বং যথান্তায়ং যথাযোগ্যং ন সংশয়ঃ।
কলিকল্মষণীনানাং দিজাদীনাং স্থরেশ্বরি॥ ৫
মেধ্যামেধ্যবিচারাণাং ন গুদ্ধিঃ শ্রৌতকর্মণা।
ন সংহিতাদ্যৈঃ স্মৃতিভি-রিষ্টসিদ্ধিনু নাং ভবেৎ॥ ৬
সত্যং সত্যং পুনঃ সত্যং সত্যং মধ্যোচ্যতে।
বিনা হাগ্যমার্গেণ কলো নাস্তি গতিঃ প্রিয়ে॥ ৭
ক্রতিস্থতিপুরাণাদো মহাবোক্তং পুরা শিবে।
আগ্যমোক্তবিধানেন কলো দেবান্ যজেৎ স্থবীঃ॥ ৮
কলাবাগ্যমমূলজ্য যোহত্যমার্গে প্রবর্ততে।
ন ভস্ত গতিরস্থীতি সত্যং সত্যং ন সংশয়ঃ॥ ৯

কলিযুগে কলুয দারা তুর্গতিবিশিষ্ট, পবিত্রাপবিত্র-বিচার-শৃন্তা, ব্রাহ্মণাদি বর্ণের শ্রোত অর্থাৎ বেদোক্ত কর্মা দারা শুদ্ধি ইইবে না; পুরাণ-সংহিতা এবং স্মৃতি সকলের দারাও মন্থ্যের ইপ্ট্রাদ্ধি ইইবে না। ১—৬। হে প্রিয়ে! আমি সত্য সত্য পুনঃ সত্য বলিতেছি, কলিকালে আগমোক্ত পথ ব্যতিরেকে গতি নাই। হে শিবে! পূর্বে শ্রুতি, স্মৃরাণাদিতে আমা কর্তৃকই উক্ত হইন্য়াছে যে, কলিকালে ধীর ব্যক্তি আগমোক্ত বিধান দারা দেবগণকে যজন করিবে। হে শঙ্করি! কলিযুগে আগমশান্ত্রকে লজ্মন করিয়া যে ব্যক্তি অন্ত পথে প্রবর্ত্তিত ইইবে, তাহার গতি নাই, ইহা সত্য সত্যই বলিতেছি; সংশয় নাই। সকল বেদ, পুরাণ, স্মৃতি এবং সংহিতাদি শাস্ত্র দারা আমিই প্রতিপাদ্য, অন্ত কেই প্রতিপাদ্য নাই, এবং জগতে আমা ভিন্ন সর্বেশ্বর প্রভু আর কেইই নাই। বেদাদি শাস্ত্র সকল আমার পদক্ষে লোকপাবন বলিয়া মনে করেন; সৎপথবিমুথ লোক সকল ব্রন্ধাতী এবং পায়গু।

সংবিবেদিঃ প্রাণেশ্চ স্মৃতিভিঃ সংহিতাদিভিঃ।
প্রতিপাদ্যোহন্দি নাপ্তোহস্তি প্রভুক্ত গতি মাং বিনা॥ ১০
আমনস্তি চ তে সর্বে মৎপদং লোকপাবনম্।
মন্মার্গবিমুখা লোকাঃ পাষণ্ডা ব্রহ্মঘাতিনঃ॥ ১১
আতো মন্মতমুৎস্কা যো যৎ কর্ম্ম সমাচরেও।
নিক্ষলং তদ্তবেদেবি কর্ত্তাপি নারকী ভবেও॥ ১২
মৃঢ়ো মন্মতমুৎস্কা যোহস্তন্মতমুপাশ্রেও।
ব্রহ্মহা পিতৃহা স্ত্রীয়ঃ স ভবেনাত্র সংশয়ঃ॥ ১৩
কলো তন্ত্রোদিতা মন্ত্রাঃ সিদ্ধাস্তর্গ্রহাদিষু॥ ১৪
শস্তাঃ কর্মাস্ক সর্বেষ্ ক্রপ্যজ্ঞিরাদিষু॥ ১৪

এই হেতু আমার মতকে ত্যাগ করিয়া যে ব্যক্তি যে কর্ম্ম আচরণ করে, হে দেবি! সেই কর্ম্ম নিক্ষণ হয়, এবং সেই কর্ম্মকর্তাও নারকী হয়। যে মৃঢ় আমার মত ত্যাগ করিয়া অন্ত মতকে আশ্রয় করে, সে ব্যক্তি ব্রহ্মহত্যাকারী, পিতৃহত্যাকারী ও স্ত্রীহত্যাকারীর দদৃশ পাতকী হইবে, ইহাতে সংশয় নাই। ৭—১০। কলিতে তন্ত্রোদিত মন্ত্র-সকল সিদ্ধ ও আশু ফলপ্রদ; জপ-যজ্ঞ-ক্রিয়াদিতে এবং সর্ব্বকর্মে প্রশস্ত। কলিকালে বেদোক্ত মন্ত্র-সকল বিষহীন সর্পের স্তায় বীর্যারহিত হইয়াছে। সত্যাদির্গে যে সকল মন্ত্রফলানে শক্ত ছিল, কলিকালে তাহারা মৃত্তের স্তায় নিক্ষণ হয়াছে। ভিত্তিতে নির্মিত পুত্রলিকা যেরূপ চক্ষ্য-কর্ণ-নাসিকাদি সর্ব্বেল্রিয়যুক্ত হইয়াও, কার্যো অর্থাৎ প্রবণ-দর্শন-গমনাদিতে আশক্ত হয়, সেইরূপ তন্ত্রোক্ত ব্যতীত অন্ত মন্ত্রনাশি তত্তৎকার্য্যক্ষেত্র অনিম্পাদক হয়। তন্ত্রোক্ত ব্যতীত অন্ত মন্ত্রনাশি তত্তৎকার্য্যক্ষর হলৈ, তাহাতে ফলসিদ্ধি হয় না; যেমন বন্ধ্যা-স্ত্রীসঙ্কম

নিবীর্যাঃ শ্রৌতজাতীয়া বিষহীনোরগা ইব।
সভাানৌ সফলা আসন্ কলো তে মৃতকা ইব। ১৫
পাঞ্চালিকা যথা ভিত্তো সর্বেক্রিয়সমন্বিভাঃ।
অমুরশক্তাঃ কার্যোয়ু তগান্তে মন্তরাশয়ঃ॥ ১৬
অক্তানন্তিঃ ক্বতং কর্মা বন্ধ্যান্ত্রীসঙ্গনো যথা।
ন তত্র ফলনিদ্ধিঃ স্তাৎ শ্রম এব হি কেবলম্॥ ১৭
কলাবস্তোনিতির্মার্টের্যার সিদ্ধিসিচ্ছতি যো নরঃ।
তৃষিতো জাহ্ননীতীরে কৃপং খনতি হুর্মাতিঃ॥ ১৮
মন্ত্রাহ্নিতং ধর্মাং হিত্যান্তদ্ধর্মীহতে।
অমৃ ৩ং স্বর্গই ত্যক্ত্রা ক্রীর্মার্কং স্ বাস্কৃতি॥ ১৯
নাতঃ পত্তা মৃত্তিহেতুরিহাম্ত্র স্থপাপ্তরে।
যথা তন্ত্রোনিতো মার্গো মোক্যার চ স্থপার চ॥ ২০

অপত্যরূপ দলের সাধক হয় না, ইহাও সেইপ্রকার; কেবল শ্রমাত্র। যে নর এই কলিবুগে অন্তশাস্ত্রোক্ত পথ দারা সিদ্ধি ইচ্ছা করে, সেই চুর্যাতি তৃষিত হইরা গঙ্গাতীরে কুপ খনন করে। আমার মুখবিনির্গত ধর্মকে ভ্যাগ করিয়া, যে মূচ অন্ত ধর্ম বাঞ্চা করে, সে স্বগৃহস্থিত গ্র্মাত ভ্যাগ করিয়া আকন্দর্ক্রের আঠা অভি-লাষ করে। তন্ত্রোক্ত পথ যেরূপ স্থুও ও মোক্ষের হেতু, এরূপ মুক্তি-কারণ এবং ইহলোকে ও পরলোকে স্বথ্প্রাপ্তির নিদান অন্ত পথ নাই। ১৪—২০। হে প্রিয়ে! নানা-আথ্যাবুক্ত বছপ্রকার তম্ব আমা কর্ত্বক উক্ত হইয়াছে; সিদ্ধ-সকলের বাহুল্য হেতু অধিকারি-বিভেদে কুলাচারোদিত ধর্মা কোন স্থানে গোপন করিবার নিমিত্তও কহিয়াছি; জীবগণের প্রবৃত্তিকারী কোন কোন ধর্মপ্র ভন্ত্ৰাণি বহুশোক্তানি নানাখ্যানান্বিতানি চ।
সিদ্ধানাং সাধকানাঞ্চ বিধানানি চ ভূরিশঃ ॥ ২>
অধিকারিবিভেদন পশুবাহুল্যতঃ প্রিয়ে।
কুলাচারোদিতং ধর্মঃ গুপ্তার্থং কথিতং কচিং ॥ ২২
জীবপ্রাবৃত্তিকারীণি কানিচিং কথিতাক্যপি।
দেবা নানাবিধাঃ প্রোক্তা দেব্যোহপি বহুধা প্রিয়ে॥ ২৩
ভৈরবাশৈচব বেতালা বটুকা নায়িকাগণাঃ।
শাক্তাঃ শৈবা বৈষ্ণবাশ্চ সোরা গাণপতাদয়ঃ॥ ২৪
নানামন্ত্রাশ্চ যন্ত্রাণি সিদ্ধোপায়ান্তনেকশঃ।
ভূরিপ্রয়াসসাধ্যানি যথোক্তফলদানি চ॥ ২৫
যথা যথা কৃতাঃ প্রশ্না যেন যেন যদা যদা।
তদা তন্ত্যোপকারায় তথিবোক্তং ময়া প্রিয়ে॥ ২৬

বলিয়াছি; নানাবিধ দেব এবং নানা প্রকার দেবীর বিষয় বলা ছইয়াছে। ভৈরবগণ, বেতালগণ, বটুকগণ, নামিকা সকল এবং শাক্ত, শৈব, বৈষ্ণব, সৌর, গাণপত্যদিগের কথা উক্ত হইয়াছে। নানাপ্রকার মন্ত্র, এবং অনেক প্রকার সিদ্ধোপায়ও কথিত হইয়াছে। হে প্রিয়ে! যে যে সময়ে যে যে ব্যক্তি কর্তৃক যে যে প্রকার প্রশ্ন কত হইয়াছে, আমি সেই সেই সময়ে তাহাদিগের উপকারাথে তদমুরূপ কহিয়াছি। ২১—২৬। হে পার্ব্বতি! সর্ব্বনাকের উপকারের নিমিত্ত, সকল প্রাণীর হিতের জন্ম য়ুগ-ধর্মান্মসারে যথায়থ রূপে তুমি আমাকে যাদৃশ প্রশ্ন করিলে, ঈদৃশ প্রশ্ন পূর্ব্বে কোন ব্যক্তি করে নাই। তোমার স্নেহে বশীভূত হইয়া সেই সারাৎসার পরাৎপর বিষয় বলিতেছি। হে দেবেশি! বেদ, আগম, বিশেষতঃ তন্ত্ব সকলের সার উক্কার করিয়া

সর্বলোকোপকারায় সর্বপ্রাণিছিতায় চ।

যুগধর্মানুসারেণ যাথাতথ্যেন পার্বতি ॥ ২৭

ত্বরা যাদৃক্ কুতাঃ প্রশ্না ন কেনাপি পুরা কুতাঃ।

তব স্নেহেন বক্ষ্যামি সারাৎসারং পরাৎপরম্॥ ২৮

দেবানামাগমানাঞ্চ তন্ত্রাণাঞ্চ বিশেষতঃ।

সারমুক্ত্য দেবেশি তবাগ্রে কথাতে ময়া॥ ২৯

যথা নরেয়ু তন্ত্রজ্ঞাঃ সরিতাং জাহ্নবী যথা।

যথাহং ত্রিদিবেশানা-মাগমানামিদং তথা॥ ৩০

কিং বেদেঃ কিং পুরাণেশ্চ কিং শাস্ত্রের্বহুভিঃ শিবে।

বিজ্ঞাতেহস্মিন্ মহাতন্ত্রে সর্ব্বসিদ্ধীশ্বরো ভবেৎ॥ ৩১

যতো জগনাঙ্গলায় অয়াহং বিনিযোজিতঃ।

অতস্তে কথয়িয়ামি যদিশ্বহিতক্তরেৎ॥ ৩২

কৃতে বিশ্বহিতে দেবি বিশ্বেশঃ প্রমেশ্বরি।

প্রীতো ভবতি বিশ্বায়া যতো বিশ্বং তদাশ্রিতম্॥ ৩৩

তোমার নিকট বলিতেছি। যেমন মন্থা মধ্যে তন্ত্ৰ-জ্ঞানী শ্রেষ্ঠ, যেমন নদীসকলের মধ্যে গঙ্গা শ্রেষ্ঠ, যেমন দেবগণের মধ্যে আমি শ্রেষ্ঠ, দেইরূপ দমুদায় আগম-শাস্ত্রের মধ্যে এই মহানির্কাণ তন্ত্রই শ্রেষ্ঠ। হে শিবে! বেদ সকল দ্বারা, বা পুরাণ সকল দ্বারা, বা বহুশাস্ত্র দ্বারা কি ফল লাভ হইবে? একমাত্র এই মহাতন্ত্র বিশেষরূপে জ্ঞাত হইলে, জীব সর্কাসিদ্ধীশ্বর হয়। ২৭—৩২। যেহেতু জগতের মঙ্গলের নিমিত্ত তোমা কর্তৃক আমি নিযুক্ত হইস্যাছি; অতএব যাহা বিশ্বের হিতকারি হইবে, তাহা আমি বলিত্রেছি। হে দেবি! হে পরমেশ্বরি! বিশ্বের হিত করিলে বিশ্বের স্কান্থা, বিশ্ব তাহাকেই

স এক এব সজ্ঞপঃ সত্যোহবৈতঃ পরাৎপরঃ।
স্বপ্রকাশঃ সদাপূর্ণঃ সচ্চিদানন্দলক্ষণঃ॥ ৩৪
নির্বিকারো নিরাধারো নির্বিশেষো নিরাকুলঃ।
গুণাতীতঃ সর্ব্বসাক্ষী সর্ব্বাত্থা সর্ব্বদৃথিভূঃ॥ ৩৫
গৃঢ়ঃ সর্ব্বেয়ু ভূতেযু সর্ব্বব্যাপী সনাতনঃ।
সর্ব্বেজ্রিয়ণ্ডণাভাসঃ সর্ব্বেজ্রিরবিবর্জ্জিতঃ॥ ৩৬
লোকাতীতো লোকহেতু-রবাত্মনসগোচরঃ।
স বেত্তি বিশ্বং সর্বব্রু-গ্রং ন জানাতি কশ্চন॥ ৩৭
তদধীনং জগৎ সর্ব্বং ত্রৈলোক্যং সচরাচরম্।
তদালস্বনতন্তিঠে-দবিতর্ক্যমিদং জগৎ॥ ৩৮
তৎসত্যতামুপাশ্রিত্য সম্ব্রুতি পৃথক্ পৃথক্।
তেনৈব হেতুভূতেন বয়ং জাতা মহেশ্বরি॥ ৩৯

আশ্রম করিয়া আছে। তিনি এক, অদিতীয়, সত্যা, সদ্রারূপ, পরাৎপর, স্থাকাশ, সর্বানা পূর্ণ এবং সক্রিদানন্দস্বরূপ। তিনি নির্ব্বিকার, নিরাধার, নির্ব্বিশেষ, নিরাকুল (আকুলতাশূন্ম); তিনি গুণাতীত, সর্ব্বপ্রকার গুভাগুভ কর্ম্মের সাক্ষাৎ দ্রষ্টা, সকলের আত্মা, সর্ব্বদশী, বিভু। তিনি সর্ব্বব্যাপী, সর্ব্বভূতে গূঢ়ভাবে অবস্থিতি করিতেছেন, তিনি সনাতন। তিনি স্বয়ং সর্ব্বেন্সিয়-রহিত, অথচ সকল ইন্দ্রিয় এবং ইন্দ্রিয়-বিষয় তাঁহা হইতে প্রকাশ পাইতেছে। তিনি লোকাতীত, ত্রিভ্বনের হেতু বা বীজস্বরূপ এবং বাক্য মনের অগোচর। তিনি সর্ব্বজ্ঞ, তিনি বিশ্বের সকলই জানিতেছেন, তাঁহাকে কোন ব্যক্তি জানে না। ৩৩—৩৭। এই জগৎ সমুদায় তদধীন, স্থাবর জ্বন্সন সহিত এই তৈলোক্য তাঁহাকেই স্ববলম্বন করিয়া আছে।

কারণং দর্বভূতানাং দ এক: প্রমেশ্বর:।
লোকেযু স্ষ্টিকরণাৎ স্রষ্টা ব্রেদ্ধাতি গীয়তে। ৪০
বিষ্ণু: পালয়িতা দেবি সংহর্তাহং তদিচ্ছয়া।
ইন্দ্রাদয়ো লোকপালা: দর্বে তদ্ধবর্তিন:॥৪১
স্বে স্থেধিকারে নিরতা-স্তে শাসতি তদাজ্য়া।
ছং পরা প্রকৃতিস্তম্ভ পূজ্যাসি ভূবনত্রয়ে॥৪২
তেনাস্তর্যামিরপেণ তত্তিবিষয়যোজিতা:।
স্বস্বকর্ম প্রকুর্বস্তি ন স্বতন্ত্রাঃ কদাচন॥৪৩

এই মিথ্যাভূত জগৎ সেই পরমাত্মার সত্যন্ত আশ্রন্থ করিয়া—
এই পৃথিবী, এই জল, এই বায়ু ইত্যাদিরূপে পৃথক্ পৃথক্ সত্যের
স্থায় প্রকাশ পাইতেছে। হে মহেশ্বরি! সেই ব্রহ্ম জগৎকারণ
হওরাতে আমরাও জাত হইয়াছি। সেই পরমেশ্বর সর্ব্বপ্রাণীর
একমাত্র কারণ; ব্রহ্মা (সেই পরমেশ্বর কর্তৃক নিযুক্ত হইয়া)
লোক সকলের স্বাষ্টিকরণ হেতু স্রষ্টা বলিয়া কথিত হইতেছেন;
তাঁহার ইচ্ছা প্রযুক্ত বিষ্ণু এই জগৎকে পালন করাতে পালয়িতা
বলিয়া কথিত হইতেছেন; তাঁহার ইচ্ছায় সংহারকরণ প্রযুক্ত
আদি জগতে সংহর্তা বলিয়া অভিহিত হইতেছি। ইন্দ্রাদি লোকপালগণ সকলেই তাঁহার বস্থতায়, স্ব স্ব অধিকারে নিযুক্ত হইয়া,
তাঁহারই আজ্ঞানুসারে জগৎ শাসন করিতেছেন। তুমি তাঁহার
পরা প্রকৃতি, এইহেতু ত্রিভূবনে পূজ্যা। ৩৮—৪২। সেই পরমাত্মা
অস্তর্যামিরূপে জীবণিগকে স্ব স্ব বিষয়ে নিযুক্ত করিয়া কর্ম্ম
করান, জীবগণ কোন কালেই স্বাধীন নহে। হে দেবি!
বাঁহার ভয় হেতু বায়ু প্রবাহিত হইতেছে, যদ্ভয়ে ভীত হইয়া

দ্বিতীয়োলাসঃ।

ষষ্টবাধাতি বাতোহিপি হুর্যান্তপতি ষদ্ভরাৎ।
বর্ষন্তি তোরদাঃ কালে পুস্পান্তি তরবো বনে। ৪৪
কালং কালরতে কালে মৃত্যোমৃত্যুর্ভিরো ভরম্।
বেদান্তবেদ্যো ভগবান্ যত্তচ্ছেন্দোপলক্ষিতং॥ ৪৫
সর্বের্ম দেবাশ্চ দেবাশ্চ তন্মরাঃ হুরবন্দিতে।
আব্রহ্মন্তবিপ্রতিং তন্মরং সকলং জগৎ॥ ৪৬
তত্মিংস্তপ্তে জগৎ তুইং প্রীণিতে প্রীণিতং জগৎ।
তদারাধনতো দেবি সর্বেষাং প্রীণনং ভবেৎ॥ ৪৭
তরোম্লাভিষেকেণ যথা তদ্ভুজপল্লবাঃ।
তৃপ্যস্তি তদমুষ্ঠানাৎ তথা সর্বেহ্মরাদয়ঃ॥ ৪৮

পূর্যা তাপ দিতেছেন, মেঘ সকল যথাসময়ে বর্ষণ করিতেছে, যৎশাসনে বনে তরুসকল পুজ্প-বিশিষ্ট হইতেছে, যিনি প্রালম্বকালে
সাক্ষাৎ কালকে নাশ করেন, যিনি সাক্ষাৎ মৃত্যুর মৃত্যুস্বরূপ
এবং ভয়ের ভয়স্বরূপ, তিনিই বেদাস্তবেদ্য ভগবান, তিনি 'য়ৎ তৎ'
শব্দ দারা বোধিত হন। হে স্কর্বনিতে! সকল দেব এবং
দেবীগণ তন্ময় অর্থাৎ পরমাম্মস্বরূপ; আত্রন্মস্তম্ব পর্যাস্ত
অর্থাৎ ব্রন্মা হইতে তৃণাদিগুছে পর্যাস্ত সকল জগৎ তন্ময় অর্থাৎ
পরব্রন্ম-স্বরূপ। দেই পরমাত্মা পরিতৃষ্ট হইলে জগৎ পরিতৃষ্ট
হয়; তাঁহাকে প্রীত করিলে সমৃদায় জগৎকে প্রীত করা হয়;
তাঁহার আরাধনা করিলে সকলেরই প্রাতি উৎপাদন করা হয়।
হে দেবি! যেমন বৃক্ষের মূল সেচন দারা তাহার শাখা-পল্লব সকল
তৃপ্ত হয়, দেইরূপ পরমেশ্বরের আরাধনা করিলে অমরাদি সকলে
পরিতৃপ্ত হন। ৪৩—৪৮। হে স্বর্ভে প্রিয়ে! যেমন তোমার

ষথা তবার্চনাদ্ধ্যানাৎ পূজনাজ্জপনাৎ প্রিয়ে।
ভবস্তি তৃষ্ঠাঃ স্থলব্য-স্তথা জানীই স্থবতে ॥ ৪>
যথা গচ্ছতি সরিতোহবশেনাপি সরিৎপতিম্।
তথার্চাদীনি কর্মাণি তছ্দেশুনি পার্বাতি ॥ ৫০
যো যোন্ যান্ যজেদ্দেবান্ প্রন্ধয়া যদ্যদাপ্তয়ে।
তজ্জদাতি সোহধাক্ষতৈর্ভিদ্বেগণৈঃ শিবে॥ ৫১
বছনাত্র কিম্কেন তবাত্রে কথাতে প্রিয়ে।
ধ্যেয়ঃ পূজ্যঃ স্থখারাধ্য-স্তং বিনা নাস্তি মুক্তয়ে॥ ৫২
নায়্যান্যে নোপবাসশ্চ কায়ক্রেশো ন বিদ্যতে।
নৈবাচারাদিনিয়্মা নোপচারাশ্চ ভূরিশঃ॥ ৫৩

অর্চনা, ধ্যান, পূজা ও জপ দ্বারা সমুদায় দেবীগণ তুঠা হন, পরমাস্মার অর্চনাদি দ্বারা সেইমত সর্ব্ধ দেবতা প্রীত হইয়া থাকেন,
জানিবে। যেমন নদীসমূহ অবশ হইয়াও সরিৎপতি সমুদ্রে
গমন করে, সেইরূপ সর্বদেব-পূজাদিকর্ম, হে পার্ববিত! সেই
পরমাস্মার উদ্দেশেই অন্তুঠিত হয়। যে যে ব্যক্তি যে যে ফল লাভের
নিমিত্ত যে যে দেবতাকে প্রদ্ধা-সহকারে পূজা করে, হে শিবে!
সেই অধ্যক্ষ পুরুষ সেই সেই দেবগণ দ্বারা সেই সেই ফল সেই
সেই ব্যক্তিকে প্রদান করেন। হে প্রিয়ে! এ বিষয়ে অধিক আর
কি বিলব, তোমার অর্গ্রে এইমাত্র বলি, সেই পরমায়া ব্যতিরেকে
মুক্তির নিমিত্ত ধ্যেয়, পূজ্য এবং স্কুথারাধ্য আর কেহ নাই। সেই
পরব্রক্ষের উপাদনায় আয়াস নাই, উপবাস নাই, শারীরিক কোন
কট্ট নাই, আচারাদির নিয়ম নাই, বছ উপচারাদির আবশ্যকতা
নাই; দিক্ এবং কালাদির বিচার নাই; এবং মুদ্রা বা তাসের

षि তীয়ে। লাসঃ।

ন দিক্কালবিচারোহন্তি ন মূলান্তাসসংহতিঃ। বংসাধনে কুলেশানি ডং বিনা কোহন্তমাশ্রয়েও॥ ৫৪

ইতি শ্রীমহানির্বাণতন্ত্রে ব্রক্ষোপাদনাক্রমো নাম দ্বিতীয়োল্লাদঃ ॥ ২॥

প্রয়েজন নাই। হে কুলেশানি! যাঁহার সাধনে পূর্ব্বোক্ত আয়া-সাদি নাই, তাঁহাকে ছাড়িয়া লোকে অন্ত কাহাকে আগ্রয় করিবে ? ৪৯—৫৪।

বিতীয় উল্লাস সমাপ্ত।

ভূতীয়োলাসঃ।

শ্রীদেব্যবাচ।

দেবদেব মহাদেব দেবতানাং গুরোগুরো।
বক্তা ত্বং সর্ব্বশাস্তাণাং মন্ত্রাণাং সাধনস্থ চ ॥ ১
কথিতং যৎ পরং ব্রহ্ম পরমেশং পরাৎপরম্।
যস্ত্রোপাসনতো মর্ত্ত্যো ভুক্তিং মুক্তিঞ্চ বিন্দতি।
কেনোপায়েন ভগবন্ পরমাত্মা প্রসীদতি॥ ২
কিং তস্থ সাধনং দেব মন্ত্রঃ কো বা প্রকীর্ত্তিতঃ।
কিং ধ্যানং কিং বিধানঞ্চ পরেশস্থ পরাত্মনঃ।
তত্ত্বেন শ্রোতৃমিচ্ছামি ক্রপয়া কথয় প্রভা॥ ৪

শ্রীদদাশিব উবাচ। স্বতিগুহুং পরং তত্ত্বং শৃণু মৎ প্রাণবল্লভে। রহস্তমেতৎ কল্যাণি ন কুত্রাপি প্রকাশিতম্॥ ৫

দেবী কহিলেন;—হে দেবদেব ! আপনি দেবতাদিগের গুরুর গুরু; হে মহাদেব ! আপনি দকল শান্ত্র, দকল মন্ত্র ও সকল সাধনের বক্তা। হে ভগবন্ ! আপনি যে পরাৎপর পরমেশ্বর পরমান্তরের কথা কহিলেন, যাঁহার উপাদনা দ্বারা মরণনীল মহযাগণ ভোগ ও মোক্ষ লাভ করিবে, কি উপায় দ্বারা সেই পরমান্ত্রা প্রদন্ন হইবেন, জাঁহার সাধনই বা কি, মন্ত্রই বা কিরুপ, শ্যান এবং বিধানই বা কীদৃশ ? আমি ইহার প্রকৃত তত্ত্ব শ্রবণ করিতে ইচ্ছা করি; আপনি রুপা করিয়া বলুন। ১—৪। সদাশিব কহিলেন;—হে প্রাণবল্লভে! এই পরম তত্ত্ব আরও গুহু! হে ক্ল্যাণি! আমা কর্ত্ব কোন স্থানেই এই রহস্ত প্রকাশিত হয় নাই;

তৃতীয়োলাদঃ।

তব স্নেহেন বক্ষ্যামি মম প্রাণাধিকং পরম্। তেরং ভবতি তদুক্ষ স্কিদিশ্বময়ং পরম্। ত যথাতথক্ষরপেণ লক্ষ্ণৈর্বা মহেশ্বরি। সন্তামাত্রং নির্বিশেষ-মবাজ্মনসগোচরম্॥ প অস্ত্রিলোকীসন্তানং ক্ষরপং ব্রহ্মণঃ স্মৃতম্। সমাধিযোগৈন্তদ্বেদাং সর্ববি সমদৃষ্টিভিঃ। দলাতীতৈর্নির্বিকিলৈ, ক্রেলাগ্রাস্থাস-বর্জিতৈঃ। ৮ যতে। বিশং সম্ভূতং যেন জাতঞ্চ তিষ্ঠতি। যশ্মিন্ সর্বাণি লীয়ন্তে তেরং তদুক্ষ লক্ষ্ণণৈঃ॥ ১

তোমার সেহ প্রযুক্ত আমি বলিতেছি; এই তত্ত্ব আমার প্রাণ্
অপেকা প্রিয়তম। হে প্রমেশ্রি! দং, চিং, জগংস্কর্মপ সেই
পরব্রদ্ধ স্বর্ধপলক্ষণ এবং তটস্থলক্ষণ ধারা যথাবং জ্ঞেয় হন। যিনি
সন্তামাত্র অর্থাৎ কেবল প্রমার্থ-স্বরূপ, যিনি নির্কিশেষ অর্থাৎ
স্বগত ভেনশৃন্তা, এবং বাক্য-মনের অগোচর, বাঁহার সন্তায় মিথাভ্রুদ্ধ
বিলোকীর সত্যত্ব প্রতীত হয়, তাহাই সেই প্রব্রন্ধের স্বর্ধপলক্ষণ।
বাঁহারা শক্র-মিত্রপ্রভৃতি সর্ক্তির সমদর্শী, বাঁহারা শীতোষ্ণ স্বৰ্ধছংখাদি ঘন্থাতীত, বাঁহারা নানাবিধ ভেদকর্নাশৃন্তা, বাঁহারা
দেহে আত্ম-বৃদ্ধি-রহিত—এবস্তৃত যোগী সকল কর্তৃক সমাধিযোগ দারা ব্রন্ধস্বরূপ জ্ঞেয় হয়। বাঁহা হইতে এইরূপ বিশ্ব উৎপন্ন
হইয়াছে, জাত বিশ্ব বাঁহাতে অবস্থান করিতেছে, এবং প্রলম্বানে
ক্রেই চরাচর জগং বাঁহাতে লম্ব প্রাপ্ত হয়, সেই ব্রন্ধ এই ভটস্থলক্ষণ দারা জ্ঞেয় হন। হে শিবে! স্বরূপ-লক্ষণ দারা যে ব্রন্ধ
জ্ঞেয় হন, তটস্থ-লক্ষণ দারা তিনিই জ্ঞেয় হইয়া থাকেন।
স্বন্ধপলক্ষণের দারা জানিতে হইলে সাধনের অপেক্ষা নাই;

স্বরূপৰুর্ব্ব্যা যদেন্যং তদেব লক্ষণৈ: শিবে।
লক্ষণেরাপ্ত মিচ্ছ নাং বিহিতং তত্র সাধনম্ ॥ ১০
তৎ সাধনং প্রবক্ষ্যামি শৃণুদ্ধাবহিতা প্রিয়ে।
তত্রাদৌ কথয়াম্যাদ্যে মস্ত্রোদ্ধারং মহেশিতৃ: ॥ ১১
প্রবং পূর্ব্যম্ভ ত্য সচ্চিৎপদমূদাহরেও।
একং পদান্তে ব্রেম্বাতি মস্ত্রোদ্ধারঃ প্রকীর্ত্তিতঃ ॥ ১২
সন্ধিক্রমেণ মিলিতং সপ্তার্শোহয়ং মন্তর্ম্বতঃ।
তারহীনেন দেবেশি ষড়্বর্ণোহয়ং মন্তর্ভবেও॥ ১৩
সর্ব্বমন্ত্রোক্তমঃ সাক্ষাদ্ধর্মার্থ-কাম-মোক্ষদঃ।
নাত্র সিদ্ধান্যপ্রেশিন্তর্গান্ত্রিকাদিদ্ধণম্॥ ১৪

তটস্লক্ষণ দারা ব্রহ্মপ্রাপ্তির ইচ্ছা করিলে, সাধন বিহিত আছে।

েত্র হৈ প্রিয়ে! সেই সাধন, অর্থাৎ তটস্থলক্ষণ দারা
ব্রন্ধের সাধন বলিতেছি, সাবধান হইয়া শ্রবণ কর। সেই সাধনে
প্রথমে মহেশ্বরের মন্ত্রোদ্ধার কহিতেছি। প্রথম প্রণব উচ্চারণ
করিয়া 'সচ্চিৎ' এই পদ কীর্ত্রন করিবে; তৎপরে 'একং' এই
পদ, পরে 'ব্রহ্ম' এই পদ কীর্ত্রন করিলে মন্ত্রোদ্ধার হইবে। সন্ধি
দারা মিলিত হইলে এই মন্ত্র সপ্তাক্ষর হয় (ওঁ সচ্চিদেকং ব্রহ্ম)।
হে দেবেশি! এই মন্ত্র প্রণব-রহিত হইলে ষড়ক্ষর হইবে (সচ্চিন্ধেং ব্রহ্ম)।
হে দেবেশি! এই মন্ত্র প্রণব-রহিত হইলে ষড়ক্ষর হইবে (সচ্চিন্ধেং ব্রহ্ম)।
থই মন্ত্রশান এবং মোক্ষপ্রদা; এই মন্ত্রে সিদ্ধাদি চক্রের উদ্ধারঅপেক্ষা নাই এবং ইহা অরি-মিত্রাদি দোষে দ্বিত হয় না। এই
মন্ত্রগ্রহণে তিথি, নক্ষত্র, রাশি, কুলাকুল প্রভৃতি চক্র গণনার নিয়ম
নাই এবং দশ্বিধ সংস্কারেরও অপেক্ষা করে না। বছ-জ্মাদিদ্ধ; ইহাতে কোনব্রপ বিচারের অপেক্ষা করে না। বছ-জ্মা-

ন তিথিন চ নক্ষত্রং ন রাশিগণনং তথা।
কুলাকুলাদিনিয়মো ন সংশ্বারোহত্র বিদ্যতে।
সর্ব্বথা দিন্ধমন্ত্রোহয়ং নাত্র কার্য্যা বিচারণা ॥ ১৫
বছজনার্জ্জিতিঃ পুণ্যৈঃ সদ্গুরুর্যদি লভ্যতে।
তদা ত্বক্ত্রতা লব্ধা জন্মসাফল্যমাপুয়াং ॥ ১৬
চতুর্ব্বর্গং করে কুড়া পরত্রেহ চ মোদতে ॥ ১৭
স ধতাঃ স কৃতার্থশ্চ স কৃতী স চ ধার্ম্মিকঃ।
স মাতঃ সর্ব্বতির্পু সর্ব্ব্যজ্ঞেরু দীক্ষিতঃ ॥ ১৮
সর্ব্বশাস্তেরু নিফাতঃ সর্ব্বলোক প্রতিষ্ঠিতঃ।
যক্ত কর্ণপথোপান্ত-প্রাপ্তো মন্ত্রগ্রামণিঃ ॥ ১৯

জ্জিত পুণাফলে যদি জীব দদ্গুরু লাভ করে, তবে দেই গুরুর মুথ হইতে নির্গত এই মন্ত্র লাভ করিলে তৎক্ষণাৎ জন্ম দফল হয়। দেই ব্রহ্মোপাদক জীব, ধর্মার্থ-কাম-মোক্ষ এই চতুর্বর্গ হস্তগত করিয়া ইহলোকে এবং পরলোকে আনন্দ উপভোগ করিতে থাকেন। ১১—১৭। ব্রক্ষমন্ত্ররূপ মহামণি যাঁহার কর্ণপথোপাস্ত প্রাপ্ত হইয়াছে, তিনিই ধন্ত, তিনিই রুভার্থ, তিনিই কৃতী, তিনিই ধার্মিক, তিনিই দর্ববির্থিনাত, দেই ব্যক্তিই দর্বমন্ত্রে দীক্ষিত, দর্বর্ধান্তে নিপুণ এবং তিনিই দর্বলোকে প্রতিষ্ঠিত—ইহা বলিতে হইবে। হে শিবে! যিনি ব্রহ্মমন্ত্র প্রপ্ত হইয়াছেন, তাঁহার মাতা ধন্ত, পিতা ধন্ত, তাঁহার কুল পবিত্র, তাঁহার পিতৃণগণ সম্ভপ্ত হইয়া দেবগণের দহিত আনন্দ অন্তত্ব করিতে থাকেন, এবং তাঁহারা পুলকিত-শরীরে এই গাথা গান করেন—"আমানের কুলে উৎপন্ন পুল ব্রহ্মমন্ত্রে দীক্ষিত হইয়া কুল পবিত্র করিয়াছে; আমানিগের নিমিত্ত গয়াতে পিণ্ডনানের আর আবস্তাকতা কি ?

ধন্তা মাতা পিতা তক্ত পবিত্রং তৎকুলং শিবে।
পিতরক্তক্ত সন্তুর্তা মোদন্তে ত্রিদশৈং সহ।
গায়ন্তি গায়নীং গাথাং পুলকাঙ্কিতবিগ্রহাঃ ॥ ২০
অক্ষৎকুলে কুলশ্রেষ্ঠো জাতো ব্রহ্মোপদেশিকঃ।
কিমস্মাকং গয়াপিত্তিঃ কিং তীর্থশ্রাদ্ধতপণিঃ ॥ ২১
কিং দানৈঃ কিং জপৈহে নিম ক্রিন্সক্তর্বন্ধ্যাধনৈঃ।
বয়মক্ষয়ত্থাঃ স্মঃ সৎপুত্রক্তাক্ত সাধনাৎ ॥ ২২
শূণু দেবি জগদ্দো সত্যং সত্যং মন্মোচ্যতে।
পরব্রহ্মোপাসকানাং কিমন্তৈঃ সাধনান্তবৈঃ॥ ২৩
মন্ত্রগ্রহণমাত্রেণ দেহী ব্রহ্মমন্ত্রা ভবেৎ।
ব্রহ্মত্তক্ত দেবেশি কিম্বাপ্যং জগ্রুয়ে॥ ২৪

তীর্থ, প্রান্ধ ও তর্পণেরই বা আবশ্রকতা কি ? আমাদের উদ্দেশে দানেরই বা প্রয়োজন কি ? জপেরই বা প্রয়োজন কি ? হোমেরই বা প্রয়োজন কি ? বছবিধ সাধনেরই বা প্রয়োজন কি ? আমাদের এই সংপুত্র সদ্গুকর নিকট ব্রহ্মমন্ত্রে দীক্ষা-প্রহণরূপ যে সাধনকরিল, ভাহাতেই আমরা অক্ষয় তৃপ্তি লাভ করিলাম।" ১৮ -২২। হে জগন্ধন্দ্যে! আমি সত্য সত্যই বলিতেছি, প্রবণ কর; ব্রহ্মমন্ত্র-উপাসকদিগের অস্তু সাধনান্তরের প্রয়োজন নাই। এই ব্রহ্মমন্ত্রক করিবামাত্র দেহী ব্রহ্মমন্ত হয়। হে দেবেশি! যিনি ব্রহ্মতৃত, তাহার সম্বন্ধে ত্রজগতে কি ছম্প্রাপ্য আছে ? সকল বস্তুই তাহার লব্ধ হইয়াছে। গ্রহণণ, বৈতালগণ, চেটকগণ, পিশাচগণ, শ্বহুকগণ, ভূতগণ, ডাকিনীগণ এবং মাতৃকাদিগণ রুষ্ট হইয়া তাহার কি করিতে পারে ? তাহারা ব্রন্ধোপাসকের দর্শনমাত্রেই পরাত্ব্ধ হইয়া পলায়ন করে। তিনি ব্রহ্মমন্ত্রে রক্ষিত, তিনি

কিং কুর্বন্তি গ্রহা কটা বেতালাশ্রেটদকার:।
পিশাচা গুহুকা ভূতা ডাকিত্যো মাতৃকাদয়:।
তম্ম দর্শনমাত্রেণ পলায়স্তে পরাজ্মখা: ॥ ২৫
রক্ষিতো ব্রহ্মমন্ত্রেণ প্রাবৃতো ব্রহ্মতেজনা।
কিং বিভেতি গ্রহাদিভ্যো মার্তন্ত ইব চাপর:॥ ২৬
তং দৃষ্ট্র্য ভয়মাপরা: দিংহং দৃষ্ট্র্য যথা গজা:।
বিদ্রবৃত্তি চ নশ্রুন্তি পতঙ্গা ইব পাবকে॥ ২৭
ন তথ্য ছবিতং কিঞ্ছিদু ক্ষনিষ্ঠস্ত দেহিন:।
দত্যপৃত্তম শুরুক্ত সর্ব্বপ্রাণিহিতক্ষ চ।
কো বোপদ্রবমন্তিছে-দাত্মাপঘাতকং বিনা॥ ২৮
যে ক্রহন্তি খলা: পাপা: পরব্রক্ষোপদেশিনে।
স্বদ্রোহং তে প্রকুর্বন্তি নাতিরিক্রা যত: সত:॥ ২৯

বৃদ্ধতে দ্বারা সমাক্ আরুত, তিনি অদিতীয় স্থা-সরূপ, স্থতরাং তিনি কি গ্রহাদি হইতে ভয় প্রাপ্ত হন ? কদাপি ভীত হন না। হিন্তিগণ যেমন সিংহকে দেখিয়া ভয়ে পলায়ন করে, সেইরূপ এই সাধককে দর্শন করিয়া পূর্ব্বোক্ত গ্রহাদিগণ পলায়ন করেন; এবং পতঙ্গ যেমন অগ্নিতে বিনষ্ট হয়, সেইরূপ গ্রহাদিগণ তাঁহার তেজে নষ্ট হইয়া থাকেন। সেই ব্রহ্মনিষ্ঠ সাধক সত্যপূত, শুদ্ধান্তঃকরণ, সর্ব্বপ্রাণি-হিতকারী; তাঁহাকে কথন পাপ স্পর্শ করিতে পারে না। আত্মঘাতী ব্যতিরেকে কোন্ ব্যক্তি ঈদৃশ মহাত্মার উপদ্রব্ব করিতে ইচ্ছা করে? যে সকল খলস্বভাব পাপাত্মা ব্যক্তি পরব্রেদ্ধাপাসকের অনিষ্টাচরণে প্রবৃত্ত হয়, তাহারা জ্ঞাপনারই স্থানিষ্ট করে; পরব্রন্ধোপাসক সংস্করপ ব্রহ্ম হইতে ভিল্ল নহেন। ২০—২৯। হে দেবি! সেই ব্রন্ধোপাসক সকলের হিতকারী,

স তু সর্বহিতঃ সাধুঃ সর্বেষাং প্রিয়কারকঃ।
তন্তানিষ্টে কতে দেবি কো বা স্থানিকপদ্রবঃ। ৩০
মন্ত্রার্থং মন্ত্রচৈতন্তং যো ন জানাতি সাধকঃ।
শতলক্ষপ্রজপ্রোহপি তন্ত মন্ত্রো ন সিধ্যতি। ৩১
অতোহস্থার্থক চৈতন্তং কথয়ামি শৃণু প্রিয়ে।
অকারেণ জগৎপাতা সংহর্তা স্তাহকারতঃ।
মকারেণ জগৎপাতা সংহর্তা স্তাহকারতঃ।
মকারেণ জগৎপ্রস্তা প্রণবার্থ উদাহ্বতঃ॥ ৩২
সচ্চকেন সদা স্থায়ি চিকৈতন্তং প্রকীর্তিতম্।
একমবৈত্রমাশানি বৃহস্তাদ্ ব্রহ্ম গীয়তে॥ ৩১
মন্ত্রার্থ: কথিতো দেবি সাধকাতীষ্টদিদ্ধিদঃ॥ ৩৪
মন্ত্রচিতন্তমেতদ্ধি তদ্ধিষ্ঠাত্দেবতা।
তজ্ঞানং পরমেশানি ভক্তানাং দিদ্ধিদায়কম্॥ ৩৫

সাধু ও সকলের প্রিয়কারী; ঈদৃশ মহাত্মার অনিষ্ট করিয়া কোন্
বাক্তি নিরুপদ্রবে অবস্থান করিতে পারে? যে সাধক মন্ত্রার্থ
এবং মন্ত্রটিততা জানেন না, তিনি শতলক্ষ জপ করিলেও তাঁহার
মন্ত্র সিদ্ধ হয় না। হে প্রিয়ে! এইজতা আমি এই মন্ত্রের অর্থ
ও চৈততা বলিতেছি, প্রবণ কর। অউ ম্ এই তিনবর্ণ মিলিত
ছইয়া 'ওঁ' এই মন্ত্র ইইয়াছে। অকারের অর্থ জগৎরক্ষাকর্ত্তা,
উকারের অর্থ সংহারকর্তা, মকারের অর্থ জগৎস্টাকর্তা—প্রণবের
এই অর্থ কথিত হইল। 'সং' শলার্থ সদা বিদ্যমান, 'চিং'
শন্ধার্থ চৈততা, 'এক' শন্দের অর্থ অরৈত। হে ঈশানি! বৃহত্ত্ব ক্রম বলিয়া কথিত। হে দেবি! সাধকগণের অতীইসিদ্ধিপ্রদ এই মন্ত্রার্থ কথিত হইল। ৩০—৩৪। হে পরমেশানি!

তন্তাধিষ্ঠাতৃ দেবেশি সর্বব্যাপি সনাতনম্।
অবিতর্ক্যং নিরাকারং বাচাতীতং নিরঞ্জনম্॥ ৩৬
বাঙ্-মারা-কমলাদ্যেন তারহীনেন পার্ব্বতি।
দীরতে বিবিধা বিদ্যা মারা প্রী: সর্ব্বতোমুখী॥ ৩৭
তারেণ তারহীনেন প্রত্যেকং সকলং পরম্।
যুগাযুগাক্রমেণাপি মন্ত্রোহয়ং বিবিধো ভবেং॥ ৩৮
ঋষি: সদাশিবো হস্ত ছেলোহয়ুষ্ঠুবুদাস্কৃতম্।
দেবতা পরমং ব্রহ্ম সর্ব্বাস্তর্থামি নির্প্তণম্॥ ৩৯

মন্ত্রের অধিষ্ঠাত্রী দেবতাই মন্ত্রচৈত্য : মন্ত্রাধিষ্ঠাতদেবতা-বিষয়ক জ্ঞান—ভক্তদিগের দিদ্ধিদায়ক। হে দেবেশি! যিনি এই মন্ত্রের অধিষ্ঠাত্তদেবতা, তিনি সকল-পদার্থ-ব্যাপনশীল; তিনি স্নাতন, অতর্ক্য, নিরাকার, বাক্যের অগোচর, নিরঞ্জন। হে দেবি ! এই পুর্বোক্ত মন্ত্র প্রণবরহিত করিয়া বাঘীন্ন (এং), মায়া (হীং), লক্ষ্মী (শ্রীং) আদিতে যোগ করিলে বিবিধা বিদ্যা, বিবিধা মায়া ও সর্ববেতামুখী শ্রী প্রদান করিবে—অর্বাৎ "এং সচিচদেকং ব্রদ্ধ" এই মন্ত্র বিদ্যা প্রদান করিবে। "হীং সক্তিদেকং ब्रह्म" এই মন্ত্র মায়া প্রদান করিবে। সচ্চিদেকং ব্রন্ন" এই মন্ত্র লক্ষী প্রদান করিবে। পূর্ব্বোক্ত মন্ত্রের প্রত্যেক পদে অথবা সমুদায় পদে প্রণ্ **যোগ** করিয়া, অথবা প্রাণ্ব-রহিত করিয়া, কিংবা উক্ত ময়ের যুগা যুগা পদে প্রণব যোগ করিয়া, অথবা প্রণব-রহিত করিয়া উচ্চারণ করিলে নানাপ্রকার পদ হইবে। প্রত্যেক পদে প্রণব যোগ করিয়া, যথা—ওঁদৎ ওঁচিৎ ওঁএকং ওঁত্রন্ধ। প্রণব-রহিত্ত क्तिया. यथा--- मर हि९ এकः बन्धा ममञ्ज भए अनव स्थान

চতুর্ব্বর্গফলাবাবৈধ্য বিনিয়োগ: প্রকীর্ত্তিতঃ।
অঙ্গন্তাদ-করন্তাদৌ কথয়ামি শৃণু প্রিয়ে॥ ৪০
তারং সচিদেকমিতি ব্রন্ধেতি দকলং ততং।
অঙ্গু ঠ-তর্জ্জনী-মধ্যানামিকাস্থ মহেশ্বরি॥ ৪১
কনিষ্ঠয়ো: করতল-পৃষ্ঠয়ো: স্থরবন্দিতে।
নম: স্বাহা বষট্ হুঁ-বৌষট্-ফড়ব্তৈর্যথাক্রমম্॥ ৪২
ভ্যমেয়্যাসোক্তবিধিনা সাধক: স্থসমাহিতঃ।
হুলাদি-করপর্যাস্তমেবমেব বিধীয়তে॥ ৪৩

করিয়া, যথা—ওঁ সচিদেকং ব্রহ্ম। প্রণব-রহিত, যথা—সচিদেকং ব্রহ্ম। যুগা যুগা পদে প্রণব বোগ করিয়া, যথা—ওঁদদ্বন্ধ ওঁচিদ্বন্ধ ওঁএকং ব্রহ্ম, ওঁসচিৎ, ওঁচিদেকম্। প্রণব-রহিত করিয়া, যথা—সদ্বন্ধ, চিদ্বন্ধ, একং ব্রহ্ম, সচিৎ, চিদেকম্। এই মদ্রের ঋষি সদাশিব, ছলং অনুষ্ঠুপ্; উক্ত মদ্রের দেবতা নিগুণ সর্ব্বাস্তর্যামী পরমব্রহ্ম। চতুর্ব্বর্গ ফল প্রাপ্তির নিমিন্ত বিনিয়োগ কথিত হুইয়াছে *। হে প্রিয়ে! অঙ্গতাস ও করতাস বলিতেছি, শ্রবণ করে। ৩৫—৪০। হে মহেশ্বি! (করতাসে প্রথমতঃ) ওঁ সচিদ্বন্ধ একম্; ওঁ সচিদেকং ব্রহ্ম, ক্রমান্তরে এই পদ কয়েকটী উচ্চারণ করিয়া অঙ্গুষ্ঠ, তর্জ্জনী, মধ্যমা, অনামিকা, কনিষ্ঠা—এই পদগুলিতে এবং করতল-পৃষ্ঠবয়ে,—নমঃ, স্বাহা, হুং, বৌষ্ট্—এই পদগুলি অন্তে যথাক্রমে উচ্চারণ করিয়া, সমাহিত্যনা হুইয়া,

^{*} ঋষ্যাদিন্তাসপ্রয়োগঃ যথা—(শির্দি) সদাশিবায় ঋষয়ে নমঃ। (মূথে) অমুষ্টুপ্ছলদে নমঃ। (য়দি) সর্কান্তর্যামিনিন্ত্রপারমত্রহ্মণে দেবতায়ৈ নমঃ। ধর্মার্থকামমোকাবাপ্তয়ে বিনিয়োগঃ।

তৃতীয়োল্লাসঃ।

প্রাণায়ামং ততঃ কুর্য্যাক্ষ্লেন প্রণবেন বা।
মধ্যমানামিকাভ্যাঞ্চ দক্ষহস্তত পার্কিতি॥ ৪৪
বামনাসাপুটং ধৃতা দক্ষনাসাপুটেন চ।
পুরয়েৎ পবনং মন্ত্রী মূলমন্তমিতং জপন্॥ ৪৫
অঙ্গুঠেন দক্ষনাসাং ধৃতা কুস্তকযোগতঃ।
জপেলাত্রিংশতাবৃত্ত্যা ততো দক্ষিণনাস্যা॥ ৪৬
শনৈঃ শনৈস্তাজেদ্বায়ুং জপন্ বোড়শধা মন্ত্রম্।
বামনাসাপুটেহপ্যবং পুর-কুস্তক-রেচকম্॥ ৪৭

ভাদোক্ত বিধি অমুদারে করন্তাদ করিবে; এইরূপে হুদাদি কর পর্য্যস্ত যথাবিধানে করিবে। হে পার্কতি! তৎপরে মূল মন্ত্র ষ্মথবা প্রাণব দারা প্রাণান্তাম করিবে। দক্ষিণ-হস্তের মধ্যমাও অনামিকা অঙ্গুলী দারা বাম-নাদাপুট ধারণ করিয়া দক্ষিণ নাদা-পুট দারা বায়ু আর্কষণকালে অষ্টবার মূলমন্ত্র কিংবা প্রণৰ জ্বপ করিবে। ৪১—৪৫। অনস্তর অঙ্গুষ্ঠ দারা দক্ষিণ নাসা ধারণ-পূর্বক কুন্তক (খাসরোধ) করিয়া দ্বাতিংশদার ঐক্লপ জ্বপ করিবে। অনন্তর দক্ষ-নাসা দারা অল্লে অল্লে নিশ্বাস ত্যাগ করিছে করিতে যোড়শবার ঐ মন্ত্র জপ করিবে। পশ্চাৎ **ঐর**পে বাম-নাদাপুটেও পূরক কুম্ভক রেচক করিবে, অর্থাৎ অষ্টবার মন্ত্র দ্বপ করিতে করিতে দক্ষনাসাপুটে শনৈ: শনৈ: বাযু আকর্ষণ করিবে; পশ্চাৎ ৰাষু রোধ করিয়া ভাতিংশছার মন্ত জপ করিবে। পরে রাম-নাসাপুট ত্যাগ করিয়া তত্বারা শনৈ: শনৈ: বায়ু প্রিক্যাণ করিতে করিতে ষোড়শবার মন্ত্রজপ করিবে। আবার বাম-নাসাপ্টেও এইপ্রকার পুরক কুন্তক রেচক করিবে। 🗷 স্মুৰুপুজিতে! পূর্বের স্থায় দক্ষিণ-নাসাতেও পূরক কুম্বক ক্রেক

পুনর্দকিণতঃ কুর্যাৎ পূর্ববৎ স্থরপৃঞ্জিতে।
প্রাণায়ামবিধিঃ প্রোক্তো ব্রহ্মমন্ত্রত্ব সাধনে ॥ ৪৮
ততা ধানং প্রকুর্বীত সাধকাভীষ্টদাধনম্ ॥ ৪৯
স্থান্যকমলমধ্যে নির্বিশেষং নিরীহং
হরি-হর-বিধিবেদাং যোগিভিধ্যানগম্যম্।
জনন-মরণভীতিভ্রংশি সচ্চিৎস্বরূপং
সকলভ্বনবীজং ব্রহ্ম চৈত্রতামীড়ে ॥ ৫০
ধ্যাত্বিবং পরমং ব্রহ্ম মানসৈক্রপচারকৈঃ।
পৃক্তরেৎ পরয়া ভক্ত্যা ব্রহ্মসাযুজ্যহেতবে ॥ ৫১
গদ্ধং দদ্যান্মহীতত্ত্বং পুষ্পমাকাশমেব চ।
ধ্পং দদ্যাদ্বায়ুতত্ত্বং দীপং তেজঃ সমর্পয়েৎ।
নৈবেদ্যং তোয়তত্ত্বন প্রদ্যাৎ পরমাত্মনে ॥ ৫২

করিবে; ব্রহ্মমন্ত্র সাধনের প্রাণায়াম-বিধি তোমার নিকটে কথিত হইল। অনন্তর সাধকের অভীষ্ট-সাধক ধ্যান করিবে। যিনি নির্বিশেষ অর্থাৎ নানারূপ ভেদশৃত্য; যিনি নিরীহ অর্থাৎ চেষ্টা-রহিত, যিনি ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর কর্তৃক জ্রেয়, যিনি যোগীদিগের ধ্যানগম্য, যাঁহা হইতে জন্ম ও মরণের ভন্ন দূর হয়, যিনি নিত্য ও জ্ঞানস্বরূপ, যিনি নিথিল ভ্বনের বীজ-স্বরূপ, তাদৃশ চৈতত্ত-স্বরূপ ব্রহ্মকে হাদ্য-কমলমধ্যে ধ্যান করি। ৪৬—৫১। ব্রহ্ম-সাযুজ্য লাভের নির্মিত্ত পরা ভক্তি দ্বারা পরম ব্রহ্মকে এই প্রকার ধ্যান করিয়া, মানস উপচার দ্বারা পূজা করিবে। মানস-পূজাতে ঈশ্বরকে ভ্ত-তত্ত্ব অর্পণ করিবে, যথা—পৃথিবী-ভন্মকে গদ্ধ, আকাশতস্বকে পূলা, বায়্য-তত্ত্বকে ধূপ, তেজগুল্বকে দীপ, শল-তত্ত্বকে করনা করিয়া সেই পরমান্থাকে প্রদান করিবে।

তৃতীয়োল্লাসঃ।

ততো জপ্তা মহামন্ত্রং মনসা সাধকোত্তমঃ ।
সমর্গ্য ব্রহ্মনে পশ্চাবহিঃ পূজাং সমারতেও॥ ৫৩
উপস্থিতানি দ্রবাণি গদ্ধপুষ্পাদিকানি চ।
বন্ত্রালঙ্করণানীনি ভক্ষপেয়ানি ফানি চ॥ ৫৪
মস্ত্রেণানেন সংশোধ্য ধ্যাত্মা ব্রহ্ম সনাতনম্।
নিমীল্য নেত্রে মতিমানপ্রেং পরমাত্মনে॥ ৫৫
ব্রহ্মার্পণং ব্রহ্ম হবিব্রহ্মার্মৌ ব্রহ্মণা হতম্।
ব্রহ্মের তেন গন্তব্যং ব্রহ্মকর্ম্ম-সমাধিনা॥ ৫৬
ভত্তো নেত্রে সম্মীল্য জপ্তা মূলং স্বশক্তিতঃ।
ভক্তপং ব্রহ্মাণে কৃত্যা স্থোবঞ্চ করচং পঠেও॥ ৫৭

অনস্তর সাধকশ্রেষ্ঠ, মানস দ্বারা পূর্ব্বোক্ত (ওঁ সচ্চিদেকং ব্রহ্ম)
মহামন্ত্র জপ করিয়া ব্রহ্মে জপ সমর্পণপূর্ব্বক বাহু পূজা আরম্ভ করিবে। গদ্ধ-পূজাদি, বন্ধালক্ষারাদি এবং ভক্ষাপেয়াদি যে সকল দ্রব্য উপস্থিত থাকিবে, সেই সকল দ্রব্য এই মন্ত্র দ্বারা সংশোধন করিয়া নেত্রদ্বর নিমীলনপূর্ব্বক মতিমান্ ব্যক্তি সনাতন ব্রহ্মকে ধ্যান কর্বন্ত সেই পরমান্ত্রাকে সমর্পন করিবে। সংশোধন এবং অর্পণের এই মন্ত্র—
অর্পণ অর্থাৎ যজ্ঞপাত্র ব্রহ্ম। হবিঃ অর্থাৎ হবনীয় দ্রব্য (যাহা
অর্পণ করিতে হইবে) তাহাও ব্রহ্ম। যিনি আহুতিপ্রদানকারী
অর্থাৎ অর্পণ করিতেছেন, তিনিও ব্রহ্ম। এইরূপে যিনি ব্রহ্মে
চিন্ত একাগ্রন্থপে স্থাপন করেন, তিনিই ব্রহ্মকে প্রাপ্ত হন। অনস্তর্থ
যথাশক্তি মূলমন্ত্র জপ করিয়া নেত্রদ্বর উন্মীলনপূর্ব্বক "ব্রহ্মার্পনমন্ত্র"
এই মন্ত্র উচ্চারণ করিয়া, ব্রহ্মে জপ সমর্পণ করিয়া, স্তব ও কবচ
পাঠ করিবে। হে মহেশানি! হে দেবি! পরমান্ধা ব্রহ্মের স্তব
শ্রহণ করে। যাহা শ্রবণ করিলে সাধক ব্রহ্মাযুক্ত প্রাপ্ত হন।

ভোত্তং শৃণু মহেশানি ব্রহ্মণঃ পরমান্তর। ৫৮

থচ্ছ থা সাধকো দেবি ব্রহ্মগান্তর মাধুতে। ৫৮

ওঁ নমন্তে দতে সর্বলোকাশ্রার

নমন্তে চিতে বিশ্বরূপাত্মকার।

নমোহদৈততভার মুক্তিপ্রদার

নমো ব্রহ্মণে ব্যাপিনে নিশ্বণার। ৫৯

থমেকং শরণ্যং ঘমেকং বরেণ্যং

থমেকং জগৎকারণং বিশ্বরূপম্।

থমেকং জগৎকর্ত্ব পাতৃ প্রহর্ত্ব

থমেকং পরং নিশ্চলং নির্বিকল্পম্। ৬০
ভয়ানাং ভরং ভীষণং ভীষণানাং
গতিঃ প্রাণিনাং পাবনং পাবনানাম্।

মহোচিচঃপদানাং নিয়ন্তু খমেকং
পরেষাং পরং রক্ষকং রক্ষকাণাম। ৬১

৫২—৫৮। তুমি নিতা, তুমি সর্বলোকের সাঞ্রয়,—তোমাকে নমস্কার করি। তুমি জ্ঞান-স্বরূপ; বিশ্বের আত্ম-স্বরূপ, অবৈত্ততত্ত্ব, মুক্তিদায়ক,—তোমাকে নমস্কার। তুমি সর্ববাপী, নিগুণ
ক্রন্ধ,—তোমাকে নমস্কার। তুমি একমাত্র শরণ্য অর্থাৎ আশ্রর,
তুমি অত্বিতীয় বরণীয়, তুমি একমাত্র জগতের কারণ, তুমি বিশ্বরূপ;
এবং তুমি জ্বগতের স্পষ্টিকর্তা, পালনকর্তা এবং অস্তে সংহারকর্তা,
তুমি একমাত্র পরম পুরুষ, নিশ্চল ও নানাবিধ ক্রনাশৃত্য। তুমি
ভরের ভয়, তুমি ভয়ানকের ভয়ানক, তুমি প্রাণীদিগের একমাত্র
পতি, পবিত্রতা-জনকদিগের পবিত্রতা-জনক। তুমি উচ্চপদাবিশ্বিত রন্ধা বিষ্ণু মহেশ্বর প্রভৃতির নিয়ামক, তুমি শ্রেষ্ঠ পদার্থ-

তৃতীয়োলানঃ।

পরেশ প্রভো দর্বরপাবিনাশিরানির্দেশ্য সর্ব্বেন্দ্রিয়াগম্য সত্য।
অচিস্ত্যাক্ষর বাপেকাব্যক্ততত্ত্ব
জগন্তাসকাধীশ পায়াদপায়াৎ॥ ৬২
তদেকং স্মরামন্তদেকং জপামতদেকং জগৎসাক্ষিরপং নমামঃ।
সদেকং নিধানং নিরালম্বমীশং
ভবাস্তোধিপোতং শরণ্যং ব্রজামঃ॥ ৬৩
প ঞ্চরত্বমিদং স্তোত্রং ব্রহ্মণঃ পরমাত্মনঃ।
ঘঃ পঠেৎ প্রয়তো ভূতা ব্রহ্মসাযুক্ত্যমাপুরাৎ॥ ৬৪

গণের শ্রেষ্ঠ ও রক্ষকদিগের রক্ষক। হে পরমেশ। হে প্রভা,
তুমি সর্বর্রপ, অবিনাশী, অনির্দেশ্য এবং সর্ব্বেক্তিয়াগমা অর্থাৎ
কোন ইক্রিয়ের গোচর নহ। হে সত্যরূপ। হে অচিস্তা।
হে অক্ষর। হে বাপেক। হে অব্যক্তত্ত্ব। হে জগদ্ভাসক!
হে অক্ষর। তে বাপেক। হে অব্যক্তত্ত্ব। হে জগদ্ভাসক!
হে অধীশ। তুমি আমাদিগকে অপার অর্থাৎ ভক্তিবিশ্লেষ ও
জ্ঞানবিশ্লেষ হইতে রক্ষা কর। সেই একমাত্র ব্রহ্মকে আমরা
স্মরণ করি, সেই একমাত্র ব্রহ্মাকে আমরা জপ করি; সেই
একমাত্র জগৎসাক্ষিত্বরূপ ব্রহ্মকে আমরা প্রণাম করি। সেই
সৎ, একমাত্র জগতের নিধান অর্থাৎ আশ্রয়ভূত, অর্থচ
স্ময়ং নিরালম্ব অর্থাৎ আশ্রয়শ্র, সেই তুমি ঈর্বর, ভবসমুদ্রের পোতস্বরূপ; আমরা তোমার আশ্রয় গ্রহণ করিলাম। ৫৯—৬৩।
পরমান্ধা ব্রহ্মের পঞ্চরত্ব নামক এই স্থোত্র থিনি সংযত হইয়া
পাঠ করেন, তিনি ব্রহ্মসাযুদ্ধা প্রাপ্ত হন। প্রত্যন্ত প্রদোধ-কালে
এই পঞ্চরত্ব স্থোত্র পাঠ করিবে। বিশেষতঃ সোমবারে জ্ঞানী

প্রদোষেহদঃ পঠেমিতাং সোমবারে বিশেষতঃ।
শ্রাব্য়েবাধ্য়েৎ প্রাজ্ঞা ব্রহ্মনিষ্ঠান্ স্ববান্ধবান্। ৬৫
ইতি তে কথিতং দেবি পঞ্চরক্রং মহেশিতুঃ।
কবচং শৃণু চার্কান্ধি জগন্মসলনামকম্।
পঠনান্ধারণাদ্যস্থ ব্রহ্মজ্ঞা জায়তে গ্রুবম্॥ ৬৬
পরমান্থা শিরঃ পাতৃ স্থান্ধং পরমেশ্রঃ।
কণ্ঠং পাতৃ জগৎপাতা বদনং সর্বাদ্ধিতুঃ॥ ৬৭
করো মে পাতৃ বিশ্বায়া পাদৌ রক্ষতু চিনায়ঃ।
সর্বাঙ্গং সর্বাদা পাতৃ পরং ব্রহ্ম সনাতনম্॥ ৬৮
শ্রীজগন্মসলস্থাস্থ কবচন্থ সদাশিবঃ।
ঋবিশ্ছনোহন্মন্থ বিতি পরমব্রহ্ম দেবতা।
চতুর্ব্র্গকলাবাধ্যা বিনিয়োগঃ প্রকীর্তিতঃ॥ ৬৯

ব্যক্তি, ব্রহ্মনিষ্ঠ স্বকীয় বান্ধবগণকে এই স্থোত্র শ্রবণ করাইবেন এবং বুঝাইয়া দিবেন। হে দেবি! মহেশ্বের পঞ্চরত্ব নামক স্থোত্র তোমার নিকটে আমা কর্তৃক কথিত হইল। হে চার্কঙ্গি! তাঁহার জগন্মলল নামক কবচ শ্রবণ কর, যে কবচ পাঠ এবং ধারণ করিলে নিশ্চয়ই ব্রহ্মজানী হইবে। পরমান্মা আমার শিরোদেশ রক্ষা করুন; পরমেশ্বর হৃদয় রক্ষা করুন; জগৎপাতা কণ্ঠ রক্ষা করুন; পরমেশ্বর হৃদয় রক্ষা করুন; বিশ্বায়া আমার হস্তব্ব রক্ষা করুন; চিন্ময় আমার হস্তব্ব রক্ষা করুন; চিন্ময় আমার হস্তব্ব রক্ষা করুন; চিন্ময় আমার চরণহন্ন রক্ষা করুন; দনাতন পরব্বে সর্বাদা আমার স্বর্জান রক্ষা করুন। ৬৪—৬৮। এই জগন্মলল করিদা আমার স্বর্জান রক্ষা করুন। ৬৪—৬৮। এই জগন্মলল করেচের থান্বি—সদাশিব, ছন্দঃ—অনুষ্ঠুপ্, দেবতা—পরমত্রহ্ম, ফল—চতুর্ব্বর্গ প্রাপ্তির নিমিত্ত বিনিয়োগ। নিনি থানিত্যাস করিয়া, এই ব্রহ্ম-কবচ পাঠ করিবেন, তিনি ব্রহ্মজ্ঞান লাভ করিয়া সাক্ষাৎ

যঃ পঠেদু ক্ষকবচম্ ঋষিত্যাসপুর:সরম্।
স ব্রন্ধজানমাসাদ্য সাক্ষাদু ক্ষময়ো ভবেং॥ १॰
ভূজ্জে বিলিথ্য শুটিকাং স্বর্ণস্থাং ধারয়েদ্যদি।
কঠে বা দক্ষিনে বাহৌ সর্ব্রিদ্ধীশ্বরো ভবেং॥ ৭১
ইত্যেতৎ পরমব্রন্ধা-কবচং তে প্রকাশিতম্।
দদ্যাৎ প্রিয়ায় শিষ্যায় শুরুভক্তায় ধীমতে॥ ৭২
পঠিছা স্থোত্রকবচং প্রদমেৎ সাধকাগ্রনীঃ॥ ৭০
ভূঁ নমস্তে পরম ব্রন্ধন্ নমস্তে পরমাম্মনে।
নি গুণার নমস্তভাং সজ্পায় নমো নমঃ॥ ৭৪
বাচিকং কায়িকং বাপি মানসং বা যথামতি।
আরাধনে পরেশত্র ভাবশুদ্ধিবিধীয়তে॥ ৭৫
এবং সংপূজা মতিমান্ স্বজনৈর্বান্ধবৈঃ সহ।
মহাপ্রসাদং স্বীকুর্য্যাদু ক্ষণঃ পরমাম্মনঃ॥ ৭৬

ব্রহ্মময় হইবেন। যিনি এই কবচ ভূর্জ্জপত্রে লিখিয়া স্থাপি তিকার মধ্যে স্থাপনপূর্দ্ধক কঠে বা দক্ষিণ-বাহুতে ধারণ করেন, তিনি সর্ব্ধপ্রকার সিরির ঈর্ধর হন। তোমার নিকট এই পরব্রহ্মের কবচ আমি প্রকাশ করিলাম। ইহা গুরুভক্ত, বুরিমান্, প্রিয় শিষ্যকে প্রদান করিবে। সাধকশ্রেষ্ঠ ব্যক্তি স্তোত্র কবচ পাঠ করিয়া (পশ্চাহুক্তমন্ত্র পাঠপূর্ব্বক) প্রণাম করিবে। তুমি পরম ব্রহ্ম, তোমাকে নমস্কার। তুমি পরমাত্মা,—তোমাকে নমস্কার। তুমি পরমাত্মা,—তোমাকে নমস্কার। তুমি গুণাতীত,—তোমাকে নমস্কার। তুমি নিতাস্বরূপ, তোমাকে প্রন্থনঃ নমস্কার করি। ৬৯—৭৪। পরমন্ত্রমের আরাধনাতে কায়িক, বাচনিক, বা মানসিক,—যেরূপ ইচ্ছা,—তিবিধ নমস্কারই করা ধাইতে পারে। পরস্ক যাহাতে অন্তঃকরণ শুদ্ধ হয়, এমন

পূজনে পরমেশস্ত নাবাহন-বিসর্জ্জনে।
সর্ব্ব সর্ব্বকালের সাধরেন্ত্র ক্ষাধনম্॥ ৭৭
অস্নাতো বা ক্বতস্থানো ভূকো বাপি বৃভূক্ষিতঃ।
পূজ্বেৎ পরমান্ত্রানং সদা নির্দ্রলমানসঃ॥ ৭৮
অনেন ব্রহ্ময়ন্ত্রেণ ভক্ষ্য-পেয়াদিকঞ্চ যৎ।
দীয়তে পরমেশায় তদেব পাবনং মহৎ॥ ৭৯
গঙ্গাতোরে শিলাদৌ চ স্পৃষ্টদোষোহপি বর্ত্ততে।
পরব্রহ্মার্পিতে দ্রব্যে স্পৃষ্টাম্পৃষ্টং ন বিদাতে॥ ৮০
পক্ষং বাপি ন পক্ষং বা মন্ত্রেণানেন মন্ত্রিতম্।
সাধকো ব্রহ্মসাৎ ক্ষা ভূঞ্জীয়াং স্বর্জনৈঃ সহ॥ ৮১
নাত্র বর্ণবিচারোহন্তি নোডিছিলিবিবেচনম্।
ন কালনিরমোহপাত্র শৌচাশৌচং তথৈব চ॥ ৮২

বিধান করিবে। জ্ঞানী ব্যক্তি এইরপে এক্ষের পূজা করিয়া, আত্মীয় স্বজনগণের সহিত মহাপ্রসাদ গ্রহণ করিবে। পরমন্তব্দের পূজার সময় আবাহনও নাই, বিসর্জ্জনও নাই। সকল সময়ে ও সকল স্থানেই ব্রহ্মসাধন হইতে পারে। স্লাতই হউক বা অস্লাতই হউক, ভুক্তই হউক বা অভ্যক্তই হউক, যে কোন অবস্থা বা যে কোন কালেই হউক, বিশুক্ষচিত্ত হইয়া পরমায়ার পূজা করিবে। এই ব্রহ্মনমন্ত্র দ্বারা যে কোন ভক্ষ্যপেয়াদি বস্তু পরমন্ত্রহ্ম সমর্পণ করা হয়, তাহা মহাপবিত্রকারী হইবে। গঙ্গাজলে বা শালগ্রাম-শিলা প্রভৃতিত্তে অর্পিত বস্তার স্পর্শ-দোহ থাকিতে পারে; পরস্তু পরমন্ত্রহ্মার্পিত বস্তাতে স্পর্শ-দোহ হয় না। ৭৫—৮০। যে কোন দ্রব্যু, পরই হুউক বা অপকই হউক, উক্ত মন্ত্র দারা তাহা ব্রহ্মসাৎ করিয়া সাধক্র্যাক্তি স্বজনগণের সহিত তাহা ভোক্ষন করিবে। ব্রহ্ম-নিবেদিক

যথাকালে যথাদেশে যথাযোগেন লভ্যতে।
ব্ৰহ্মসাৎকৃতনৈবেদ্য-মন্ত্ৰীয়াদবিচারয়ন্ ॥ ৮৩
আনীতং শ্বপচেনাপি শ্বমুখাদপি নিঃস্তম্।
তদনং পাবনং দেবি দেবানামপি তুল ভিম্ই॥ ৮৪
কিং পুনৰ্মমুজাদীনাং বক্তব্যং দেববন্দিতে ॥ ৮৫
মহাপাতক্যুক্তো বা যুক্তো বাপ্যন্তপাতকৈ:।
সক্ষৎ প্ৰসাদগ্ৰহণানুচ্যতে নাত্ৰ সংশ্বয়:॥ ৮৬
প্রমেশস্ত নৈবেদ্য-দেবনাদ্ যৎ ফলং ভবেং।
সাদ্ধিত্ৰিকোটিতীর্থেষু স্নানদানেন যৎ ফলম্।
তৎ ফলং লভতে মর্জ্যো ব্রন্ধার্পিতনিষ্মেধাং॥ ৮৭

বস্ত-ভোজনে ব্রাহ্মণাদি বর্ণের বিবেচনা নাই, উচ্ছিষ্টাদি বিচারও নাই। ইহাতে কালাকালের নিয়ম নাই, শৌচাশৌচেরও ব্যবস্থা নাই। যে কালে, যে স্থানে, যাহা দ্বারা ব্রহ্মার্পিত নৈবেদ্য প্রাপ্ত হওয়া যাইবে, তাহা বিচার না করিয়াই ভোজন করিবে। ব্রহ্মাণংকত অন যদি চণ্ডালে আনয়ন করে, কি কুরুর-মুখ হইতে আনীত হয়, তথাপি তাহা পবিত্র; এই অন্ন দেবতাদিগেরও হলভ। হে স্করবন্দিতে! (এই অন যখন দেবতাদিগেরও হলভ তখন আর) মন্ত্র্যাদির কথা কি বলিব! যদি কোন ব্যক্তি মহাপাতক্ষ্রত হয়, অথবা অন্ত কোন পাপযুক্ত হয়, তথাপি ধদি একবায় মাত্র প্রসাদ গ্রহণ করে, তাহা হইলেও সমুদায় পাপ হইতে মুক্ত হইবে, ইহাতে কোন সন্দেহমাত্র নাই। সান্ধি ত্রিকোটি তীর্বে স্থান ও দান করিলে যে ফল হয়, ব্রহ্মার্পিত বস্তু সেবন করিলে মানবগণ সেই ফল লাভ করে। মন্ত্র্যাণ, অশ্বনেধাদি যক্ত করিয়া যে ফল ভোগ করে, ব্রহ্ম-নিবেদিত বস্তু ভক্ষণ করিলে তাহা হইক্তে

অশ্বনেধাদিভির্যক্তৈ-রিষ্ট্রা যৎ ফলমশ্লুতে।
ভক্ষিতে ব্রন্ধনৈবেদ্যে তত্মাৎ কোটগুণং লভেও॥৮৮
জিহ্বাকোটিসহবৈস্ত বক্তুকোটশতৈরপি।
মহাপ্রসাদমাহাত্মাং বর্ণিতুং নৈব শক্যতে॥৮৯
যত্র কুত্র স্থিতো বাপি প্রাপ্য ব্রন্ধার্পিতামৃত্য্।
গৃহীত্ম কীকশো বাপি ব্রন্ধার্যক্রমাপ্রাৎ॥৯০
যদি স্থানীচজাতীয়-মন্নং ব্রন্ধণি ভাবিত্য্।
ভদনং ব্রান্ধণৈগ্রাহ্য-মপি বেদান্তপার্থারঃ॥৯১
জাতিভেদো ন কর্ত্ত্যাঃ প্রসাদে প্রমাত্মনঃ।
যোহশুদ্ধবৃদ্ধিং কুরুতে স মহাপাতকী ভবেও॥৯২
বরং পাপশতং কুর্যাদ্বরং বিপ্রবধং প্রিয়ে।
পরব্রন্ধার্পিতে হন্দে ন কুর্যাদ্বহেলনম্॥৯০

কোটিগুণ অধিক ফল লাভ করে। ৮১—৮৮। যদি সহস্র কোটি জিহবা হয়, যদি শত কোটি মুথ হয়, তথাপি মহা প্রসাদের মাহাত্ম্য বর্ণন করিতে সমর্থ হওয়া যায় না। যে কোন স্থানে স্থিত হউক, ব্রহ্মার্পিত মহাপ্রসাদ প্রাপ্ত হইয়া, গ্রহণ করিলে চণ্ডালজাতীয় লোকও ব্রহ্মাযুদ্ধা প্রাপ্ত হয়। যদি নাচজাতীয় লোকের অন্নও হয়, কিন্তু যদি তাহা ব্রহ্মসমর্পিত হইয়া থাকে, তাহা হইলে বেদান্তে পারদর্শী ব্রাহ্মণও দেই অন্ন গ্রহণ করিতে পারিনেন। প্রমব্রের মহাপ্রসাদ ভক্ষণের সময় জাতিভেদ বিচার করিবে না। যিনি এই মহাপ্রসাদ (নীচ-জাতির স্পর্শে) অশুদ্ধ বোধ করিবেন, তিনি মহাপাতকী হইবেন। প্রিয়ে! বরং শত পাপ করিবে, বরং ব্রহ্মহত্যা করিবে, তথাপি ব্রহ্মার্পিত অন্নে অবহেলা করিবে না। ৮৯—৯৩। ভদ্রে! যে সকল মৃঢ় ব্যক্তি এই মহামন্ত্র

যে ত্যজন্তি নরা মৃটা মহামস্ত্রেণ সংস্কৃতম্।
অন্নতোরাদিকং ভদ্রে পিতৃংস্তে পাতরস্তাধঃ ॥ ১৪
অয়মপ্যন্ধতামিত্রে পতন্ত্যাভূতসংপ্রবম্।
ব্রহ্মসাৎকৃতনৈবেদ্য-দেষ্ট্রণাং নাস্তি নিম্কৃতিঃ ॥ ৯৫
প্ণ্যায়স্তে ক্রিয়াঃ সর্কাঃ স্বস্থাঃ স্কৃতায়তে।
স্কেছাচারোহত্র বিহিজা মহামন্ত্রশ্র সাধনে ॥ ৯৬
কিং তস্ত বৈদিকাচারেস্তান্ত্রিকর্বাপি তম্থ কিম্।
ব্রহ্মনিষ্ঠম্থ বিহুষঃ স্বেচ্ছাচারো বিধিঃ স্কৃতঃ॥ ৯৭
কৃতেনাম্থ ফলং নাস্তি নাকুতেনাপি কিল্লিষম্।
ন বিল্পঃ প্রত্যবারোহস্য ব্রহ্মমন্ত্রন্য সাধনাৎ ॥ ৯৮

দারা সংস্ত অন্ন জল প্রভৃতি পরিত্যাগ করে, ভ:হারা পিতৃগণকে অধঃপতন করায় এবং তাহারা স্বয়ং প্রলয়কাল প্র্যান্ত অন্ধতামিস্র নামক নরকে পতিত হইয়া অবস্থান যাহাদের ব্রহ্ম-নিবেদিত করে। অন্নে দ্বেষ. ভাহাদের কিছুতেই নিষ্তি নাই। যাঁহারা মহামন্ত্র সাধন করেন, তাঁহা-দের অপুণ্য কর্মা সমুদায়ও পুণ্যকর্ম হয়; সুষুপ্তিও স্কর্ম-স্বরূপ হয়, এবং স্বেচ্ছাচারও বিহিত কর্মের মধ্যে পরিগণিত হয়। যে ব্যক্তি ব্রন্মনিষ্ঠ জ্ঞানী, তাঁহার বৈদিকাচারেই বা প্রয়োজন কি ? তান্ত্রিক অন্প্রচানেই বা প্রয়োজন কি, তাঁহার স্বেচ্ছাচারই বিধিম্বরূপ কথিত হইয়াছে। ব্ৰহ্মনিষ্ঠ ব্যক্তিরা, যে সমস্ত বৈধকর্ম্মের অমুষ্ঠান করেন, তাহাতে তাঁহাদের কোন ফল হয় না এবং তাঁহারা বে বৈধ-কর্মের অনুষ্ঠান না করেন, তাহাতেও তাঁহাদের কোন পাপ-ম্পূর্শ হয় না। ব্রহ্মমন্ত্রদাধন হেতৃ তাঁহাদিগের কোন বিদ্ন বা প্রতাবায় হয় না। ১৪—১৮। হে মহেশ্বরি! এই ধর্মের অনুষ্ঠান অনিন্ধর্ষে মহেশি স্যাৎ স্তাবাদী জিতেক্সিয়:।
পরোপকারনিরতো নির্বিকার: স্দাশয়:॥ ৯৯
মাৎসর্যাহীনোহদন্তী চ দ্যাবান্ শুদ্ধমানস:।
মাতাপিত্রো: প্রীতিকারী তয়ো: সেবনতৎপর:॥ ১০০
ব্রহ্মশ্রোতা ব্রহ্মসন্তা ব্রহ্মান্ত্রের্মতি ভাবয়ন্॥ ১০০
ব্রহ্মশ্রোতা ব্রহ্মসন্তা ব্রহ্মান্তরক্ষতি ভাবয়ন্॥ ১০১
ন মিপ্যাভাষণং ক্র্যান্ন প্রানিষ্ট্রচিন্তনম্।
পরস্ত্রীগমনকৈব ব্রহ্মমন্ত্রী বিবর্জ্জ্রেৎ॥ ১০২
তৎসদিতি বদেন্দেবি প্রারম্ভে স্ক্রকর্ম্বাম্।
ব্রহ্মার্পনমন্ত বাক্যং পান-ভোজন-কর্ম্বা:॥ ১০৩
যেনোপায়েন মন্ত্রানাং লোক্যাত্রা প্রসিধ্যতি।
তদেব কার্যাং ব্রহ্মক্তৈরিদং ধর্মাং স্নাতনম্॥ ১০৪

করিতে হইলে সভাবাদী, জিতেন্দ্রিয়, পরোপকার-পরায়ণ, নির্বিকার-চিন্ত ও সদাশয় হইতে হয়। ব্রহ্মনিষ্ঠ ব্যক্তি মাৎসর্য্য-বিহীন, দস্তরহিত, দয়ালু, বিশুদ্ধ-হৃদয়, মাভাপিতার প্রিয়কারী ও মাতা-পিতার সেবায় তৎপর হইবেন। তিনি সর্বাদা ব্রহ্মপ্রতিপাদক বাক্য প্রবণ করিবেন, ব্রহ্মচিন্তা করিবেন ও সর্বাদা ব্রহ্মের অমুস্কান বা তত্তজিজ্ঞাসা করিবেন। তিনি সর্বাদা সংযতচিত্ত ও দৃঢ়বৃদ্ধি হইবেন, তিনি সর্বাদা 'য়য়ং ব্রহ্ম' ইহা ভাবনা করিবেন। তিনি কথন মিথা৷ কথা কহিবেন না, পরের অনিষ্ট করিবেন না। ব্রহ্মনিষ্ঠ ব্যক্তি সকল কর্ম্মের আরম্ভে, 'তৎ সং' এই বাকা উচ্চারণ করিবেন। হে দেবি! ব্রহ্মনিষ্ঠ ব্যক্তি পান ভোজন প্রভৃত্তি সমুদায় কর্মের 'ব্রহ্মার্পণমস্ত্র' এই বাক্য বিলবেন। যে উপায় ছারা

অথ সন্ধ্যাবিধিং বক্ষ্যে ব্ৰহ্মমন্ত্ৰন্থ শান্তবি।
বাং কৃত্বা ব্ৰহ্মসম্পতিং লভন্তে ভূবি মানবা: ॥ ১০৫
প্ৰোভৰ্মধ্যাক্সায়াকে যথাদেলে যথাদনে।
পূৰ্ববং প্ৰমত্ৰহ্ম ধ্যাতা সাধকসন্তম: ॥ ১০৬
অটোত্তৰশতং দেবি গায়ত্ৰীজপমাচরেং।
জপং সমর্প্য বিধিবং পূর্ববং প্রণমেং স্থবী: ॥ ১০৭
এষা সন্ধ্যা ময়া প্রোক্তা সর্ব্বথা ব্রহ্মসাধনে।
যদন্ত্র্যানতো মন্ত্রী শুদ্ধান্তঃকরণো ভবেং॥ ১০৮
গায়ত্রীং শুণু চার্কিষ্টি সর্ব্বপাপপ্রণাশিনীম্।
পরমেশ্বরং ডেইন্তমুক্তৃঃ বিদ্মহে তদনন্তরম্॥ ১০৯

মহুষাসকলের উত্তমরূপে লোক্যাত্রা নির্বাহ হয়, ব্রদ্মক্ত ব্যক্তিতাহাই করিবেন। ইহাই সনাতন ধর্ম। ৯৯—১০৪। হে শাস্তবি! এক্ষণে ব্রদ্মানন্ত্রের সন্ধ্যোপসনা-বিধি বলিতেছি। এই সন্ধ্যাবন্দনা করিয়া ব্রদ্মনিষ্ঠ মানবগণ, পৃথিবীতে ব্রদ্মরূপ সম্পত্তি লাভ করিতে পারেন। হে দেবি! সাধকশ্রেষ্ঠ স্থধী ব্যক্তি প্রাতঃকালে, মধ্যাহ্নকালে ও সন্ধ্যাকালে, উপযুক্ত স্থলে মধ্যোহ্নকালে, উপযুক্ত স্থলে মধ্যোহ্নকালে ও সন্ধ্যাকালে, উপযুক্ত স্থলে মধ্যোক্তিত আদনে উপবিষ্ঠ হইয়া পূর্ববিৎ পরমন্ত্রন্মের ধ্যান করিয়া, একশত আট বার গায়ত্রী জপ্ম করিবেন। পরে মথাবিধানে ('ব্রদ্মার্পনিস্তু' এই বলিয়া) জপ সমর্পণ করিয়া পূর্ববিৎ প্রণাম করিবেন। এই আমি ভোমার নিকট ব্রদ্মমন্ত্রনাধন-বিষয়ক সন্ধানবিধি বলিলাম। এই সন্ধ্যার অনুষ্ঠান করিলে সাধক ব্যক্তির অস্তর্গন ওদ্ধ হয়। ১০৫—১০৮। হে চার্কঙ্গি! মাহা মারা সর্ব্বপাপ বিনষ্ট হয়, এক্ষণে সেই গায়ত্রী বলিতেছি, প্রবণ কর। প্রথমতঃ চতুর্থীর একবচন-বিভক্তান্ত প্রমেশ্বর পদ কর্বাধ্ "পরমেন্ত্র

পরতন্ত্রায় পদতো ধীমহীতি বদেৎ প্রিয়ে।
তদনস্তরমীশানি তরো ব্রন্ধ প্রচোদয়াৎ॥ ১১০
ইয়ং প্রীব্রন্ধগায়ত্রী চতুর্ব্বর্গপ্রদায়িনী॥ ১১১
পূজনং যজনকৈব স্নানং পানঞ্চ ভোজনম্।
যদ্যৎ কর্ম্ম প্রকৃর্বীত ব্রহ্মমন্ত্রেণ সাধ্যেৎ॥ ১১২
ব্রাক্ষ্যে মূহুর্ত্তে চোত্থায় প্রণম্য ব্রহ্মদং শুরুম্।
ধ্যাম্মা চ পরমং ব্রহ্ম যথাশক্তি মন্তং শ্মরেৎ।
পূর্ব্বিৎ প্রণমেদ্ ব্রহ্ম প্রাতঃক্বত্যমিদং শ্বতম্॥ ১১৩
দ্বাবিংশতা সহস্রেণ জপেনাস্থ পুরক্রিয়া।
তদ্দশাংশেন হবনং তর্পণং তদ্দশাংশতঃ॥ ১১৪

শরার" উচ্চারণ করিয়া পরে "বিদ্মহে" এই পদ উচ্চারণ করিছে হইবে। তৎপরে "পরতস্থায়" পদ উচ্চারণ করিয়া, "ধীমহি" এই পদ উচ্চারণ করিছে হইবে। হে ঈশানি! তৎপরে "তরো বন্ধ প্রচাদয়াৎ" এই পদ উচ্চারণ করিতে হইবে। (সমুদর পদ যোজনা করিয়া এইরূপ গায়ত্রী হইবে, য়থা—"পরমেশ্বরায় বিদ্মহে পরতস্থায় ধীমহি তরো ব্রহ্ম প্রচোদয়াৎ")। এই ব্রহ্মগায়ত্রী হইতে ধর্মা, অর্থ, কাম ও মোক্ষ এই চতুর্ব্বর্গ ফল লাভ করিতে পারা য়ায়। পূজা, য়াগ, য়ান, পান, ভোজন প্রভৃতি যে যে কর্ম্ম করিতে হয়, তাহা এই ব্রহ্মমন্ত্র দারা সাধন করিবে। ব্রাহ্ম মুহুর্ত্তে উথিত হইয়া, ব্রহ্মমন্ত্রদাতা শুরুকে প্রণাম করণানন্তর পরম্বরারের ধ্যান করিয়া, য়থাশক্তি মন্ত্র ম্বরণ করিবে। অনন্তর ব্রহ্মকে পূর্ববং নমস্কার করিবে। ব্রহ্মোপাসকদিগের ইহাই প্রাভঃক্বত্য কথিত হইয়াছে। ১০৯—১১৩। 'ব্রহ্ম' এই মন্ত্রের পূরশ্বরণ করিতে হইবে। জ্বপের

সেচনং তদ্দশাংশেন তদ্দশাংশেন স্থলরি।
ব্রাহ্মণান্ ভাজয়েমন্ত্রী পুরশ্চরণকর্মণি॥ ১১৫
ভক্ষ্যাভক্ষ্যবিচারোহত্র ত্যাল্যং গ্রাহ্থং ন বিদ্যতে।
ন কালগুদ্ধিনিয়মো ন বা স্থাননির্মপণম্॥ ১১৬
অভ্নের বাপি ভূজো বা স্নাতো বাহ্মাত এব বা।
সাধরেৎ পরমং মন্ত্রং স্বেচ্ছাচারেণ সাধকঃ॥ ১১৭
বিনায়াসং বিনা ক্রেশং স্তোত্রঞ্চ কবচং বিনা।
বিনা ভ্যাসং বিনা মুদ্রাং বিনা সেতুং বরাননে॥ ১১৮
বিনা চৌরগণেশাদিজপঞ্চ কুলুকাং বিনা।
অকস্মাৎ পরমত্রন্ধ-সাক্ষাৎকারো ভবেদ্ শ্রুবম্॥ ১১৯

দশমাংশ হোম, হোমের দশমাংশ তর্পণ করিতে হইবে। তর্পণের দশমাংশ অভিষেক। হে স্থানরি! মন্ত্রদাধক ব্যক্তি পুরশ্চরণ কর্মে মাভিষেকের দশমাংশ ব্রাহ্মণ ভোজন করাইবে। ব্রহ্ম-পুরশ্চরণ করিবার সময় ভক্ষ্যাভক্ষ্য-বিচার নাই, ত্যাক্ষ্যাত্যাক্ষ্য-বিচার নাই, কালগুদ্ধির নিয়ম নাই, স্থানেরও নিয়ম নাই। অভুক্ত হউক বা ভ্রুত হউক, যথেচ্ছ এই পরম মন্ত্রের সাধনা করিবে। এই ব্রহ্মসাধন বিষয়ে বিশেষ ক্রেশ নাই, আয়াস নাই, স্তব বা কবচ পাঠ করিতে হয় না, ত্যাস বা মুদ্রা প্রদর্শন করিতে হয় না। হে বরাননে! অত্য মন্ত্রে ফেকার হলয়ে সেতু চিন্তা করিতে হয়, ইহাতে সেপ্রকার সেতু-চিন্তা করিবার আবশ্যকতা নাই। ১১৪—১১৮। এই ব্রহ্মমন্ত্র-সাধন বিষয়ে চৌরগণেশাদির মন্ত্র জপ করিতে হয় না, কুলুকাত্যাসপ্ত করিতে হয় না। এই সমুদায় অক্ষ্ঠান ব্যত্তিরেকেও স্বাক্রণরের মধ্যে নিশ্চয়ই পরমন্ত্রন্মের সাক্ষাৎকরে লাভ হয়। এই

সঙ্গলোহস্মিন্ মহামন্ত্রে মানসঃ পরিকীর্তিত:।
সাধনে ব্রহ্মমন্ত্রস্ত ভাবগুদ্ধির্বিধীয়তে॥ ১২০
সর্বাং ব্রহ্মমন্ত্রং দেবি ভাবরেদ্ ব্রহ্মসাধক:।
ন চাক্ত প্রত্যবারোহস্তি নাঙ্কবৈগুণ্যমেব চ।
মহামনোঃ সাধনে তু ব্যঙ্গং সাঞ্চায়তে প্রবম্॥ ১২১
কলৌ পাপযুগে ঘোরে তপোহীনেহতিহন্তরে।
নিস্তারবীজনেতাবদ্ ব্রহ্মমন্ত্রগু সাধনম্॥ ১২২
সাধনানি বহুক্তানি নানাতন্ত্রাগমাদিষু।
কলৌ হর্বলজীবানা-মদাধ্যানি মহেশ্বরি॥ ১২০
অল্লাযুথঃ স্বল্লবৃত্তা জলাধীনাসবঃ প্রিয়ে।
লুকা ধনার্জনে ব্যগ্রাঃ সদা চঞ্চলমানসাঃ॥ ১২৪

নহামন্ত্র-সাধন বিষয়ে মানদিক সঞ্চল কথিত হইয়াছে। ইহাতে ভাবগুদ্ধি নিতান্ত আবশুক। হে দেবি! ব্রহ্মদাধক ব্যক্তি সমুদার ব্রহ্ময় ভাবনা করিবেন। এই ব্রহ্মদাধনে ক্রটা হইলে অঙ্গবৈগুণা ঘটে না এবং প্রত্যবায়ও হয় না। এই মহামন্ত্রের সাধনে, কোন কার্য্য অঙ্গহীন হইলেও তাহা নিশ্চয় সাঙ্গ হইয়া উঠে। এই অতি হস্তর তপস্থাহীন ঘোর পাপময় কলিযুগে ব্রহ্মমন্ত্রের সাধনাই একমাত্র নিস্তারের উপায়। হে মহেশ্বরি! নানা তত্ত্বে ও নানা আগমাদি শাস্ত্রে নানাপ্রকার সাধনের বিষয় বলিয়াছি; পরস্ত কলিযুগে হর্কল জীবের পক্ষে দে সমুদায়ই অসাধ্য। ১১৯—১২০। হে প্রিয়ে! কলিযুগের মানবর্গণ অল্লায়ু; তাহারা সমধিক অসুষ্ঠান করিতে পারে না; তাহারা অন্ত্রপ্রপাণ; তাহারা ক্র্ম, ধনোপার্জ্জনে ব্যগ্র ও সর্ব্বদা চঞ্চলিত্ত। সমাধিতে তাহাদের বৃদ্ধি স্থির থাকিবে না। তাহারা যোগজনিত ক্লেশ সহু করিতে

সমাধাবস্থিরধিয়ো যোগক্রেশাসহিষ্ণবঃ।
তেষাং হিতায় মোক্ষায় ব্রহ্মমার্কোইয়মীরিতঃ॥ ১২৫
কলো নাস্ত্যেব নাস্ত্যেব সত্যং সত্যং ময়োচ্যতে।
ব্রহ্মনীক্ষাং বিনা দেবি কৈবল্যায় স্থধায় চ॥ ১২৬
প্রাতঃরত্যং প্রাতরেব সদ্ধ্যাং কুর্য্যাৎ ত্রিকালতঃ।
মধ্যাহ্নে পূজনং কুর্যাৎ সর্ব্বতন্তেময়ং বিধিঃ।
পরব্রহ্মোপাসনে তু সাধকেছাবিধিঃ শিবে॥ ১২৭
বিধয়ঃ কিঙ্করা যত্র নিষেধাঃ প্রভবোহপি ন।
সেছাচারেণেইসিদ্ধি-স্তদ্ধিনা কোহম্মমাশ্রেরং॥ ১২৮
ব্রহ্মজ্ঞানি গুরুং প্রাপ্য শাস্তং নিশ্চলমানসম্।
ধুত্বা তচ্চরণাস্তোকং প্রার্থিয়েদ্ ভক্তিভাবতঃ॥ ১২৯

অপারক, অতএব তাহাদের হিতের নিমিত্ত এবং মোক্ষের নিমিত্ত একোপাসনার পথ আমি প্রকাশ করিলাম। হে দেবি ! আমি সত্য বলিতেছি, কলিবুণে ব্রহ্মণীক্ষা ব্যতিরেকে স্থপের ও মুক্তির নিমিত্ত অন্ত কোন উপার নাই। ১২৪—১২৬। সর্বতন্ত্রে এই বিধি আছে যে, প্রাতঃকালে প্রাতঃকত্য সমাধা করিয়। ত্রিকালে সন্ধ্যা করিবে এবং মধ্যাহে পূজা করিবে। হে শিবে! পরমত্রন্সের উপাসনার সাধকের ইচ্ছাই বিধিক্ষরপ গণ্য করিতে হইবে। ব্রহ্মসাধনে শান্ত্রীয় বিধি সমুদার কিঙ্কর-স্বরূপ হয়, নিষেধ সমুদারও প্রভূষ করিতে পারে না, স্বেচ্ছামুরূপ আচরণ ধারাই ইপ্তসিদ্ধি হয়। উদৃশ ব্রহ্মদাধন ব্যতিরেকে আর কি অবলম্বন করা যাইতে পারে ? স্থিরচিত্ত প্রশাস্ত ব্রহ্মজানী গুরুকে প্রাপ্ত হইলে তাঁহার চরণক্ষেল ধারণ করিয়া, ভক্তিভাবে প্রার্থনা করিবে,—হে কঙ্কণীময়! হে দীনজনের ক্ষের। আমি আপনার শরণাগত হইলাম। হে

কর্ষণাময় দীনেশ তবাহং শরণং গতঃ।

তথপদান্তোরুহচ্ছায়াং দেহি মূর্দ্ধি যশোধন। ১৩০
ইতি প্রার্থ্য গুরুং পশ্চাৎ পূজ্ঞারিত্বা স্বশক্তিতঃ।
কুতাঞ্জলিপুটো ভূত্বা তূঞীং তিঠেদ্ গুরোঃ পুরঃ। ১৩১
গুরুর্বিচার্য্য বিধিবদ্ যথোক্তং শিষ্যলক্ষণম্।
আহুয় কুপয়া দদ্যাৎ সচ্ছিষ্যায় মহাময়ুম্॥ ১৩২
উপবিশ্যাসনে জ্ঞানী প্রাত্মুখো বাপ্যদল্পুখঃ।
ত্ববামে শিষ্যমানীয় কাক্ষণ্যেনাবলোকয়েও॥ ১৩৩
ততঃ শিষ্যস্ত শিরদি ঋষিত্যাসপুরঃসরম্।
জপেদষ্টশতং মন্তং সাধকস্তেইসিদ্ধয়ে॥ ১৩৪
দক্ষকর্ণে ব্রাহ্মণানামিতরেয়াঞ্চ বামতঃ।
সপ্তধা প্রাব্রেরান্তং সদ্গুরুঃ করুণানিধিঃ॥ ১৩৫

যশোধন! আপনি আমার মস্তকে আপনার চরণ-কমলের ছায়া প্রদান করন। ১২৭—১৩০। শিষ্য এইরূপ পার্থনা করিয়া যথাশক্তি গুরুর পূজা করিবে; পরে গুরুর সম্মুথে রুতাঞ্জলিপুটে তৃষ্ণীভূত হইয়া থাকিবে। অনন্তর গুরু যথাবিধানে যথোক্ত শিষ্য-লক্ষণ পরীক্ষাপূর্বেক সৎ শিষ্যকে আহ্বান করিয়া রুপাবিষ্ট-ছদয়ে মহামন্ত্র প্রদান করিবেন। পরে সেই জ্ঞানী গুরু পূর্ব্বমূখ বা উত্তরমূখ হইয়া আসনে উপবেশনপূর্বেক শিষ্যকে আপনার বামদিকে বসাইয়া করুণাপূর্ণ-হুদয়ে অবোলকন করিবেন; অনন্তর সাধকের ইষ্টসিদ্ধির নিমিত্ত ঋষিত্যাস করিয়া শিষ্যের মন্তকে একশন্ত আট বার মন্ত্র জপ করিবেন। পরে করুণানিধি সদ্গুরুর বান্ধনের দক্ষিণ-কর্ণে, অন্ত জাতির বান্ধ-কর্ণে সপ্তবার মন্ত্র শ্রাক্ষণ

উপদেশবিধিঃ প্রোক্তো ব্রহ্মমন্ত্রস্থ কালিকে।
নাত্র পূজাদ্যপেকান্তি সক্ষরং মানসং চরেৎ ॥ ১৩৬
ততঃ শ্রীপুরুপাদান্তে দণ্ডবং পতিতং শিশুম্।
উত্থাপয়েদ্গুরুং সেহাদিমং মন্ত্রমূদীররন্॥ ১৩৭
উত্তিষ্ঠ বংস মৃক্তোহিসি ব্রহ্মজ্ঞানপরো ভব।
জিতেক্রিয়ঃ সত্যবাদী বলারোগ্যং সদাস্ত তে ॥ ১৩৮
তত উত্থায় প্ররের ষ্থাশক্তারুসারতঃ।
দক্ষিণাং স্থং ফলং বাপি দদ্যাৎ সাধকসন্তমঃ।
গুরোরাজ্ঞানশীভূয় বিহরেদ্দেববভূবি॥ ১৩৯
মন্ত্রগ্রহণমাত্রেশ তদায়া তন্ময়ো ভবেৎ।
ব্রহ্মভূতশ্র দেবেশি কিমনৈ্তর্বভ্সাধনেঃ।
ইতি সংক্ষেপতো ব্রহ্ম-দীক্ষা তে কথিতা প্রিয়ে॥ ১৪০

ব্রহ্ম-মন্ত্রের উপদেশবিধি কহিলাম। ইহাতে পূজাদির অপেক্ষানাই। ইহাতে কেবল নানসিক সকল করিতে হইবে। অনন্তরে শিষা, গুরুর পাদপলে দণ্ডবং পতিত হইলে, গুরু তাঁহাকে ক্ষেত্র প্রত্ত এই মন্ত্র পাঠপুর্বক উত্থাপন করিবেন যে, 'বংদ! তুমি উথিত হও, তুমি মুক্ত হইরাছ; তুমি ব্রহ্মজানপরায়ণ হও; তুমি সভাবাদী ও জিতেন্দ্রিয় হও; সর্বাদা ভোমার বল ও আরোগ্য অক্ষতরূপে থাকুক।" অনন্তর সেই সাধকশ্রেষ্ঠ উথিত হইয়া গুরুকে যথাশক্তি দক্ষিণা-স্বরূপ ধন বা ফল প্রদান করিবেন। পরে গুরুর আজ্ঞার বশবর্ত্তী হইয়া দেবতার স্তায় ভূমগুলে বিচরণ করিবেন। যিনি ব্রহ্মযন্ত্র গ্রহণ করেন, তাহার আত্মা মন্ত্র গ্রহণ করিবামাত্র তন্মর হইয়া যায়। দেবি! যিনি ব্রহ্ম-স্বরূপ হইয়াছেন, ভাহার আত্ম হইয়া যায়। বেবি! যিনি ব্রহ্ম-স্বরূপ হইয়াছেন, ভাহার আত্ম বহু সাধনে আবশ্রক কি? প্রিয়ে! এই তেমেরে

শুক্কারুণ্যমাত্রেণ ব্রহ্মদীক্ষাং সমাচরেৎ । ১৪১
শাক্তাঃ শৈবা বৈষ্ণবাশ্চ দৌরা গাণপতান্তথা ।
বিপ্রা বিপ্রেতরাইশ্চব সর্ক্ষেহপাত্রাধিকারিণঃ ॥ ১৪২
অহং মৃত্যুক্তরো দেবি দেবদেবো জগদগুরু: ।
স্বেচ্ছাচারী নির্বিকরো মন্ত্রস্থান্ত প্রসাদতঃ । ১৪০
অমুমেব ব্রহ্মমন্ত্রং মন্তঃ পূর্বমুপাসিতাঃ ।
ব্রহ্মা ব্রহ্মমন্ত্রং মন্তঃ পূর্বমুপাসিতাঃ ।
ব্রহ্মা ব্রহ্মমন্তরেভা রাজর্ষরঃ প্রিয়ে ।
উপাসিতা ব্রহ্মভূতাঃ পরমাত্ম প্রসাদতঃ ॥ ১৪৫
ব্রাহ্মো মনৌ মহেশানি বিচারো নান্তি কুত্রিছে ।
স্বীয়মন্ত্রং গুরুদ্দিনাচ্ছিষোভো স্থবিচারয়ন্ ॥ ১৪৬

নিকট সংক্ষেপে ব্রহ্মনীক্ষা কহিলাম। ১৩৬—১৪০। যে সময়ে গুরুর করুণা হইবে, সেই সময়েই ব্রহ্মমন্ত্রে দীক্ষা গ্রহণ করিবে। শাক্ত হউক বা শৈব হউক, বৈষ্ণব হউক বা সৌর হউক, জ্বাবা গাণপতা হউক,—বে কোন মত্ত্রে উপাসক হউক,—বাক্ষাণ হউক বা অস্তু কোন জাতীয় হউক, সকলেই এই ব্রহ্মমন্ত্রে অধিকারী। দেবি! আমি এই মত্ত্রের প্রসাদে মৃত্যুপ্তায়, দেবদেব, জগদ্গুরু, স্বেচ্ছাচারী ও নির্ন্ধিকর হইয়াছি। পূর্বের ব্রহ্মা এবং ভৃগু প্রভৃতি ব্রহ্মর্বিগণ, ইন্দ্র প্রভৃতি দেবগণ ও নারদ প্রভৃতি প্রহ্মার্বিগণ, আমা হইতে এই ব্রহ্মমন্ত্র প্রাপ্ত ইয়া উপাসনা করিয়া-ছিলেন। হে প্রিয়ে! নারদ-বক্তু হইতে ব্যাসাদি মুনিগণ এবং ভাঁছাদিগের নিকট হইতে জনকাদি রাজর্বিগণ এই মহামন্ত্র প্রাপ্ত ইয়া পরমাত্রারে প্রদর্গতা প্রযুক্ত ব্রহ্মস্বরূপ লাভ করিয়াছিলেন।

পিতাপি দীক্ষরেৎ পুত্রান্ ভ্রাতা প্রাত্নু পতিঃ প্রিয়ম্।
মাতুলো ভাগিনেয়াংশ্চ নপ্তান্ মাতামহোহপিচ ॥ ১৪৭
স্বমন্ত্রলানে যো দোষস্তপা পিত্রাদিদীক্ষরা।
দিক্ষে ব্রহ্মহামন্ত্রে তদ্দোষো নৈব বিদ্যুতে ॥ ১৪৮
ব্রহ্মজ্ঞানিমুখাচ্চুত্রা যেন কেন বিধানতঃ।
ব্রহ্মভূতো নরঃ পৃতঃ পুণাপাপৈন লিপাতে॥ ১৪৯
বাক্ষমন্ত্রোপাদিতা যে গৃহস্থা ব্রাহ্মণাদয়ঃ।
স্ব্র্ব্বের্যার্যানিঃ সমাঃ।
তত্মাৎ সর্ব্বে পূজ্যেয়ুর্ব্রহ্মজ্ঞান্ ব্রহ্মণীক্ষিতান্॥১৫১
যে চ তানবমন্তন্তে তে নরা ব্রহ্মঘাতিনঃ।
পতন্তি ঘোরনরকে যাবডাস্কর-তারকম্॥১৫২

নাই। গুরু অবিচারিত-চিত্তে শিষ্যকে নিজ মন্ত্র প্রদান করিতে পারেন। পিতা পুত্রকে, ভাতা ভাতাকে, পতি স্ত্রীকে, মাতৃল ভাগিনেয়কে এবং মাতামহ দৌহিত্রকে দীক্ষিত করিতে পারেন। নিজমন্ত্র-প্রদানে যে দোষ কীর্ত্তিত হইয়া থাকে এবং পিত্রাদি-ক্লতে দীক্ষায় যে দোষ উল্লিখিত আছে, এই মহাসিদ্ধ ত্রন্ধ-মন্ত্রে সে সমুদায় দোষ ঘটিবে না। ত্রন্ধজ্ঞানী গুরুর মুখে যে কোন বিধানে ত্রন্ধ-মন্ত্র শ্রুবণ করিলে মনুষা ত্রন্ধভূত ও পবিত্র হয়; স্কৃতরাং সে আর পুণা-পাপে লিপ্ত হয় না। যে সকল ত্রান্ধণ বা অভ্যাত্রীয় ব্যক্তি ত্রন্ধ-মন্তের উপাসনা করেন, তাঁহারা নিজ বর্ণের মধ্যে শ্রেষ্ঠ, পূজ্য ও বিশেষরূপে মাত্র হন। ১৪৭—১৫০। ত্রন্ধোপাসক ত্রান্ধণগণ সাক্ষাৎ যতিস্বরূপ এবং অপর-জাতীয় ব্যক্তিরা ত্রান্ধণের সদৃশ। এইজন্ত সকলেরই ত্রন্ধমন্ত্রে দীক্ষিত ত্রন্ধজ্ঞ ব্যক্তির পূকা

যৎ পাপং দ্রীবধে প্রোক্তং যৎ পাপং ক্রণবাতনে।
তত্মাৎ কোটিগুণং পাপং ব্রহ্মোপাসকনিন্দনাৎ ॥১৫০
বথা ব্রহ্মোপদেশেন বিমৃক্তঃ সর্ব্বপাতকৈঃ।
গক্ষন্তি ব্রহ্মদাযুদ্ধাং তথৈব তব সাধনাৎ ॥১৫৪

ইতি শ্রীমহানির্বাণতত্ত্বে পরব্রফোপদেশকথনং নাম তৃতীরোল্লাসঃ॥ ৩ ।

কলা কর্ত্তব্য। যাহারা ব্রহ্মজ্ঞ ব্যক্তিকে অবমাননা করে, তাহারা ব্রহ্মবাতক; এবং যে পর্যান্ত স্থ্য ও নক্ষত্র থাকিবে, সে পর্যান্ত ভাহারা বাের নরকে অবস্থান করিবে, এবং দ্রীহতাা করিলে যে পাপ হয় ও জ্রনহত্যায় যে পাতক হয়, ব্রহ্মোপাসকের নিন্দা করিলে তাহা অপেকা কোটিগুণ অধিক পাপ হইয়া থাকে। ব্রহ্মমন্তে উপিদিষ্ট হইলে লােক যেমন সর্ব্বপাপ হইতে বিনির্ম্মুক্ত হইয়া ব্রহ্মাযুজ্য লাভ করে, তােমার সাধন দ্বারাও সেইর্মপ হয়। ১৫১—১৫৪।

তৃতীয় উল্লাস সমাপ্ত।

চতুর্থোলাসঃ।

শ্রুষা সমাক্ পরত্রক্ষোপাদনং পরমেখরী। পরমানন্দসম্পন্না শঙ্করং পরিপৃচ্ছতি॥ ১ শ্রীদেব্যবাচ।

কথিতং যৎ তথা নাথ ব্রহ্মোপাদনমূত্তমন্।
দর্বলোকপ্রিয়করং দাক্ষাদ্বক্ষপদপ্রদম্॥ ২
তেজোবৃদ্ধিবলৈশ্বর্য্য-দায়কং স্থথদাধনম্।
তৃপ্তামি জগদীশান তব বাক্যামৃতপ্রুতা॥ ৩
বহুক্তং করুণাদিন্ধো যথা ব্রহ্মনিষেবণাৎ।
গচ্ছপ্তি ব্রহ্মদাযুজ্যং তথৈব মম দাধনাৎ॥ ৪
এতদ্বেদিতৃমিচ্ছামি মদীয়দাধনং পরম্।
ব্রহ্মদাযুজ্যজননং যৎ তথা কথিতং প্রভো॥ ৫

অনস্তর ভগবতী, পরমত্রন্ধের উপাদনা-বিবরণ প্রবণ করিয়া, পরমানন্দযুক্ত হইয়া শক্ষরকে জিজ্ঞাদা করিলেন,—নাথ! আপনি যে ব্রন্ধোপাদনার বিষয় বলিলেন, ইহা দর্বলোকের প্রিয় ও দাক্ষাৎ ব্রহ্মপদ-দায়ক। এই ব্রহ্ম-দাধন হইতে তেজ, বৃদ্ধি, বল ও ঐশ্বর্যা বৃদ্ধি হয় এবং ইহা দর্বস্থেবের দাধন। হে জগদীশ্বর! আমি আপনার বাক্যরূপ অমৃত দারা আলুত ও পরিত্প্ত হইয়াছি। হে করুণাদিন্ধো! আপনি বলিয়াছেন যে, ব্রহ্মদাধন দারা যেরূপ ব্রহ্মদাযুদ্ধা লাভ হয়, দেইরূপ আমার দাধন দারাও ব্রহ্মদাযুদ্ধা লাভ হয়, দেইরূপ আমার দাধন দারাও ব্রহ্মদাযুদ্ধা লাভ হয়, তোদ্ধা মণীয় দাধন আমি জানিতে ইচ্ছা করি। ১—৫।

বিধানং কীদৃশং তম্ম সাধনং কেন বন্ধনা।
মন্ত্র: কো বাত্র বিহিতো ধ্যানপৃজাদিকঞ্চ কিম্ ॥৬
সবিশেবং সাবশেষ-মামৃশাদ্বকু মহ সি।
মম প্রীতিকরং দেব লোকানাং হিতকারকম্॥
কো হল্মস্বামৃতে শস্তো ভবব্যাধিভিষ্প গুরু:॥ ৭
ইতি দেবা বচঃ শ্রুডা দেবদেবো মহেশ্বঃ।
উবাচ প্রয়া প্রীত্যা পার্ক্ষতীং পার্ক্সীপতিঃ॥ ৮

শ্রীদদাশিব উবাচ।
শূর্ দেবি মহাভাগে তবারাধনকারণম্।
ভব দাধনতো যেন ব্রহ্মদাযুজ্যমশ্লুতে॥ ৯
ত্বং পরা প্রকৃতিঃ দাক্ষাবুদ্ধণঃ প্রমায়নঃ।
ত্বত্বো জাতং জগৎ দর্ব্বং ত্বং জগজ্জননী শিবে॥ ১০

মদীয় সাধনের বিধি কিরপে এবং কিরপে পথ অবলম্বন করিয়াই বা সাধন করিতে হইবে ? তাহার মন্ত্র কি, ধ্যান পূজা প্রভৃতিই বা কি ? দেবদেব ! আপনি এই সম্দায় বিশেষরূপে ও সম্পূর্ণরূপে আদ্যোপান্ত বলুন । ইহাতে আমার প্রীতি ও লোকের হিতার্ম্পান হইবে । শস্তো! আপনি ব্যতিরেকে কোন্ ব্যক্তি সংসাররূপ ব্যাবি নিবারণ করিতে মমর্থ হইবে ? আপনি সম্প্রিণ্য এবং উপদেষ্টা । পার্ম্বতীপতি দেবদেব মহাদেব, পার্ম্বতীর এই বাক্য শ্রবণ করিয়া, যার পর নাই প্রীতিপূর্মক কহিলেন,—হে মহাভাগে ! হে দেবি ! মানবগণ তোমার সাধন দারা ব্রহ্মসার্জ্য লাভ করিতে পারে, এইজক্ত আমি তোমার আরাধনার বিষয় বলিতেছি, শ্রবণ কর তুমি সাক্ষাৎ পরমবন্ধের পরমা প্রকৃতি অর্থাৎ শক্তি । এই সম্পায় জগৎ তোমা হইতেই উৎপন্ন হইরাছে । হে শিবে ! তুমি

মহদাঅগুপর্যন্তং যদেতৎ সচরাচরস্।
ত্ববৈবোৎপাদিতং ভজে ত্বদধীনমিদং জগৎ॥ ১১
ত্বমাতা সর্কবিদ্যানা-মন্মাকমপি জন্মভূঃ।
তং জানাদি জগৎ সর্কং ন ত্বাং জানাতি কশ্চন॥ ১২
তং কালী তারিণী তুর্গা ষোড়শী ভূবনেশ্বরী।
ধ্মাবতী তং বগলা ভৈরবী ছিন্নমন্তিকা॥ ১০
ত্বমন্ত্রপুর্ণা বান্দেবী তং দেবী কমলালয়া।
সর্কাশক্তিত্বরূপা তং সর্কদেবমন্ত্রী তন্ত্ব:॥ ১৪
ত্বমেব স্ক্র্যা স্থূলা তং ব্যক্তাব্যক্তস্বরূপিণী।
নিরাকারাপি সাকারা কত্বাং বেদিতুমইতি॥১৫
উপাসকানাং কার্যার্থং শ্রেরদে জগতামপি।
দানবানাং বিনাশার ধৎদে নানাবিধান্তন্ত্বঃ॥ ১৬

সমুদায় জগতের জননী। ৬—১০। মহত্তত্ব অবধি পরমাণু পর্যান্ত এবং স্থূল স্ক্রম সমুদায় স্থাবর-জন্ধম-স্বরূপ জগৎ তোমা কর্তৃকই উৎপাদিত ইইয়াছে। এই সমুদায় জগৎ তোমারই অধীন। তুমি সকলের আদ্যা অর্থাৎ আদিভূতা। সমুদায় বিদ্যা এবং আমরা সকলে, তোমা ইইতেই উৎপন্ন ইইয়াছি। সমুদায় জগতের সমুদায় বিষয় তুমি জানিতে পারিতেছ। তোমাকে কেহই জানিতে পারে না। তুমি কালী, তুমি তারিণী, তুমি হুগাঁ, তুমি ধেড়িশী, তুমি ভুবনেশ্বরী, তুমি ধুমাবতী, তুমি বগলা, তুমি হৈরবী, তুমি ছিন্নমন্তা, তুমি অন্তর্পা, তুমি বাগ্দেবী, তুমি কমলালয়া লক্ষ্মী, তুমি সর্বশিক্তিস্থারপা এবং তুমি সর্বাদেবমন্ত্রী। তুমি স্ক্রা, তুমিই স্থলা; তুমি ব্যক্ত-স্বরূপা, তুমিই অব্যক্ত-স্বরূপা; তুমি নিরাকারা ইইয়াও সাকারা। তোমাকে কেহই জানিতে পারে না। ১১—১৫।

চতুর্প্রা হং বিভুজা ষড়্ভুজান্টভুজা তথা।

হমেব বিশ্বরক্ষার্থং নানাশস্ত্রান্ত্রধারিণী ॥ ১৭
তত্তজ্ঞপবিভেদেন মন্ত্রয়ন্ত্রাদিসাধনম্।
কথিতং সর্বভন্তেষু ভাবাশ্চ কথিতান্তর্য়ঃ ॥১৮
পশুভাবঃ কলো নাস্তি দিব্যভাবোহপি হলভঃ।
বীরসাধনকর্মাণি প্রভ্যক্ষাণি কলো যুগে॥ ১৯
কুলাচারং বিনা দেবি কলো সিন্ধিন জায়তে।
তত্মাৎ সর্বপ্রয়েন সাধরেৎ কুলসাধনম্॥ ২০
কুলাচারেণ দেবেশি ব্রক্ষজানং প্রজায়তে।
ব্রক্ষজান্যুতো মর্ত্রো জীবন্মুক্তো ন সংশয়ঃ॥ ২১
জ্ঞানেন মেধ্যমথিল-মমেধ্যং জ্ঞানতো ভবেৎ।
ব্রক্ষজানে সমুৎপন্নে মেধ্যামেধ্যং ন বিদ্যতে॥ ২২

তুমি উপাসকদিণের কার্যের নিমিত্ত, জগতের মঙ্গলের নিমিত্ত এবং দানবদিগের সংহারের নিমিত্ত সময়ে সময়ে নানাবিধ দেহ ধারণ করিয়া থাক। তুমি বিশ্ব-রক্ষার্থ কথন চতুর্ভুজা, কথন দিতুঙ্গা, কথন বা অষ্টভুজা হইয়া নানাপ্রকার অন্ত-শন্ত ধারণ করিয়া থাক। সমুদায় তন্তে সেই নানা-রূপভেদে, নানারূপ মন্ত্র, নানারূপ যন্ত্রাদি ও নানারূপ সাধন কথিত হইয়াছে। পশু, দিব্য এবং বীর—এই তিনপ্রকার ভাব কথিত আছে। কলিযুগে পশুভাব নাই, দিব্যভাবও তুর্গভ। কলিযুগে, বীর-সাধনই প্রভ্যক্ষ-ফলদায়ক। হে দেবি! কলিযুগে কুলাচার ব্যতীত সিদ্ধি হইতে পারে না। অত এব সর্ব্বপ্রয়ের কুল সাধন করিবে। ১৬—২০। হে দেবি! কুলাচার দ্বারা ব্রক্ষজ্ঞান জয়ে। যে মন্ত্র্যের ব্রক্ষজ্ঞান হইয়াছে, তিনি জীবন্মুক্ত, তাহাতে সন্দেহ নাই। শাস্ত্র

বো জানাতি পরং ব্রহ্ম সর্বব্যাপি সনাতনম্।
কিমস্তামেধ্যং তস্থাতো সর্বাং ব্রহ্মেতি জানতঃ॥ ২৩
ছং সর্বব্যপিনী দেবী সর্বেষাং জননী পরা।
ভূপ্টায়াং ছয়ি দেবেশি সর্বেষাং তোষণং ভবেৎ॥২৪
স্প্টেরাদৌ ছমেকাদী-স্তমোরূপমগোচরম্।
ছত্তো জাতং জগৎ সর্বাং পরব্রহ্মসিস্ফয়য়॥ ২৫
মহত্তবাদি-ভূতান্তং ছয়া স্প্টমিদং জগৎ।
নিমিত্তমাত্রং তদ্বুহ্ম সর্বেকারণকারণম্॥ ২৬
সজ্রপং সর্বব্যোপি সর্ব্বমার্ত্য তিষ্ঠতি।
সদৈকরূপং চিন্মাত্রং নির্লিপ্তং সর্ব্ববস্তুষু॥ ২৭

সভূত জ্ঞান দারা সমুদার বস্ত পবিত্র বোধ হয় এবং শান্ত্রসভূত জ্ঞান দারাই সমুদার বস্ত অপবিত্র বোধ হইরা থাকে। কিন্তু যথন ব্রহ্মজান লাভ হয়, তথন কোন বস্তুই পবিত্র বা অপবিত্র থাকে না। যিনি জানেন যে, সনাতন পরমব্রহ্ম সর্বব্যাপী, তাঁহার কাছে কোন্ বস্তু অপবিত্র আছে ? কারণ, তিনি সকল জগৎ ব্রহ্ম বলিয়া জানেন। হে দেবেশি! তুমি সর্ব্বস্থরপণী এবং সংসাররপ চক্র দারা ক্রীড়া-কর্ত্রী ও সকলের পরম জননী। তুমি পরিতৃষ্ঠা হইলে সকলেরই পরিতোষ জন্মে। স্পৃষ্টির আদিতে একমাত্র তুমিই তমঃ অর্থাৎ প্রকৃতিরূপে বিদ্যমান ছিলে। তোমার সেই রূপ—বাক্য ও মনের অর্গোচর। পরমত্রহ্বের স্পৃত্তীকরণেছায় তোমা হইতেই সর্ব্বজ্ঞাৎ উৎপন্ন হইয়াছে। ২১—২৫। মহতত্ত্ব অবধি মহাভূত পৃথিবী পর্যান্ত সর্ব্বজ্ঞাৎ তোমা হইতেই স্কৃত্তী। সর্ব্বেকার কারণ, সেই ব্রহ্ম নিমিত্তমাত্র। তিনি সংস্কৃত্রপ ও সর্ব্বর্যাপী, সমুদায় জ্ঞগৎকে বেষ্টন করিয়া অবস্থান করিতেছেন, সর্ব্বেস্ততে সর্ব্বলা একরূপ, পরিণাম-রহিত, চিম্মাত্র

ন করোতি ন চাশ্লাতি ন গছতি ন তিষ্ঠতি।
সত্যং জ্ঞানমনাদ্যস্ত-মবাজ্মনসগোচরম্॥ ২৮
তন্তেজ্যমাত্রমালম্ব্য ত্বং মহাযোগিনী পরা।
করোষি পাদি হংস্তস্তে জগদেতচ্চরাচরম্॥ ২৯
তব রূপং মহাকালো জগৎসংহারকারকঃ।
মহাসংহারসময়ে কালঃ সর্বাং গ্রসিষ্যতি ॥৩০
কলনাৎ সর্বাভূতানাং মহাকালঃ প্রকীর্তিতঃ।
মহাকালস্ত কলনাৎ ত্বমাদ্যা কালিকা পরা॥ ৩১

এবং নির্লিপ্ত। তিনি কোন কার্য্য করেন না; তিনি ভক্ষণ করেন না, গমন করেন না। কোন বস্তুবিশেষে তাঁহার অবস্থিতি নাই। তিনি নিজ্ঞিয়; তিনি সত্যস্থরূপ; তিনি আদি-অন্ত-রহিত; তিনি বাক্য এবং মনের অগোচর। তুমি পরাৎপরা মহাযোগিনী। তুমি তাঁহার ইচ্ছামাত্র অবলম্বন করিয়া এই চরাচর জগৎ স্ষ্টি করি-তেছ, এই জগৎকে পালন করিতেছ এবং দর্বনেষে দর্বজগৎকে সংহার করিতেছ। জগৎ-সংহার-কারক মহাকাল—তোমারই একটি রূপ। এই মহাকাল, মহাসংহার-সময়ে, সমুদায় গ্রাদ করি-বেন। ২৬-৩০। সর্বপ্রাণীকে কলন অর্থাৎ গ্রাস করেন বলিয়া, তিনি 'মহাকাল' নামে প্রকীর্ত্তিত হইয়াছেন। তুমি মহাকালকেও কলন অর্থাৎ গ্রাদ কর, এই নিমিত্ত তোমার নাম আদ্যা পরা কালিকা। তুমি কালকে গ্রাস কর, এই নিমিত্ত তুমি 'কালী'। তুমি সকলের আদি। তুমি সকলের কাল-শ্বরূপা এবং আদিভূতা, এই নিমিত্ত তোমাকে লোকে আদ্যা কালী বলিয়া কীর্তুন করে। তুমি সর্ব্বসংহারক প্রলয়সময়ে বাকোর অতীত, মনের অগমা, তমোময় আকৃতি-বিহীন স্বরূপ অবলম্বন-

চতুর্থোল্লাসঃ।

! `

কালসংগ্রদনাৎ কালী সর্ব্বেষামাদির পিণী।
কালম্বাদাদিভূতত্বা-দাদ্যা কালীতি গীরদে॥৩২
পুন: স্বর্ধপমাদাদ্য তমোরপং নিরাকৃতিঃ।
বাচাতীতং মনোহগম্যং স্থমেকৈবাবশিষ্যদে॥৩০
দাকারাপি নিরাকারা মায়য়া বহুরূপিণী।
স্বং দর্ব্বাদিরনাদিস্থং কর্ত্রী হর্ত্রী চ পালিকা॥৩৪
স্বতন্তে কথিতং ভদ্রে ব্রহ্মমন্ত্রেণ দীক্ষিতঃ।
বং ফলং সমবাপ্রোতি তৎ ফলং তব সাধনাৎ॥৩৫
নানাচারেণ ভাবেন দেশকালাধিকারিগাম্।
বিভেদাৎ কথিতং দেবি কুত্রচিদ্ স্প্রধ্বাধনম্॥৩৬
যে যত্রাধিক্বতা মর্ন্ত্যা-স্তে তত্র ফলভাগিনঃ।
ভবিষান্তি তরিষ্যন্তি মামুষা গতকিবিষাঃ॥৩৭

পূর্বক একমাত্র অবশিষ্ঠ থাক। তুমি সাকারা হইয়াও নিরাকারা।
তুমি মায়া দ্বারা বহুরূপ ধারণ কর; তুমি সকলের আদি, অনাদি
কর্ত্রী, হর্ত্রী এবং পালিকা। ভদ্রে! আমি এই হেতু তোমার
নিকট বলিয়াছি যে, ত্রহ্মমন্ত্রে দীক্ষিত ব্যক্তি, যে ফল লাভ করে,
তোমার সাধন দ্বারাও তাহার সেই ফল লাভ হইতে পারে। ৩১—
০৫। দেবি! দেশ, কাল ও অধিকারিভেদে, নানা আচার ও
ভাব প্রকাশ করিয়াছি। কোন কোন তন্ত্রে গুপ্তসাধনও আমা
কন্তুক কথিত হইয়াছে। ইহার মধ্যে যে সকল মন্ত্রমা বেরূপ
সাধনে অধিকারী, তাহারা তদক্ররপ অন্তর্গান করিলে, ফলভাগী
হইবে এবং পাপরহিত হইয়া ভব-সাগর পার হইবে। বহুজন্মাজ্রিত পুণ্য দ্বারা জীবের কুলাচারে মতি হয়। কুলাচার দ্বারা
বাহার আত্রা পবিত্র হইয়াছে, তিনি সাক্ষাৎ শিবময় হন। যে স্থলে

ন করোতি ন চাশ্লাতি ন গছতি ন তিষ্ঠতি।
সত্যং জ্ঞানমনাদ্যস্ত-মবাজ্মনসগোচরম্॥ ২৮
তস্তেছামাত্রমালম্বা ত্বং মহাযোগিনী পরা।
করোষি পাসি হংস্তস্তে জগদেতচ্চরাচরম্॥ ২৯
তব রূপং মহাকালো জগৎসংহারকারকঃ।
মহাসংহারসময়ে কালঃ সর্বাং গ্রসিষ্যতি ॥৩০
কলনাৎ সর্বাভূতানাং মহাকালঃ প্রকীর্তিতঃ।
মহাকালস্ত কলনাৎ ত্বমাদ্যা কালিকা পরা॥ ৩১

এবং নির্লিপ্ত। তিনি কোন কার্য্য করেন না; তিনি ভক্ষণ করেন না, গমন করেন না। কোন বস্তুবিশেষে তাঁহার অবস্থিতি নাই। তিনি নিজ্ঞিয়; তিনি সত্যস্বরূপ; তিনি আদি-অন্ত-রহিত; তিনি বাক্য এবং মনের অগোচর। তুমি পরাৎপরা মহাযোগিনী। তুমি তাঁহার ইচ্ছামাত্র অবলম্বন করিয়া এই চরাচর জগৎ সৃষ্টি করি-তেছ, এই জগৎকে পালন করিতেছ এবং দর্বদেষে দর্বজগৎকে সংহার করিতেছ। জগৎ-সংহার-কারক মহাকাল—তোমারই একটি রূপ। এই মহাকাল, মহাসংহার-সময়ে, সমুদায় গ্রাস করি-বেন। ২৬—৩০। সর্বাপ্রাপ্রকে কলন অর্থাৎ গ্রাস করেন বলিয়া, তিনি 'মহাকাল' নামে প্রকীর্ত্তিত হইয়াছেন। তুমি মহাকালকেও কলন অর্থাৎ গ্রাদ কর, এই নিমিত্ত তোমার নাম আদ্যা পরা কালিকা। তুমি কালকে গ্রাস কর, এই নিমিত্ত তুমি 'কালী'। তুমি সকলের আদি। তুমি সকলের কাল-স্বরূপা এবং আদিভূতা, এই নিমিত্ত তোমাকে লোকে আদ্যা কালী বলিয়া কীর্তুন করে। তুমি সর্ব্বসংহারক প্রালয়সময়ে বাক্যের অতীত, মনের অগম্য, তমোময় আকৃতি-বিহীন স্বরূপ অবলম্ব-

চতুর্থোল্লাসঃ।

কালসংগ্রসনাৎ কালী সর্বেষামাদিরপিণী।
কালস্বাদাদিভূতস্থা-দাদ্যা কালীতি গীয়সে॥ ৩২
পুন: স্বরূপমাসাদ্য তমোরূপং নিরাকৃতিঃ।
বাচাতীতং মনোহগম্যং স্থমেকৈবাবশিষাসে॥ ৩০
সাকারাপি নিরাকারা মায়য়া বছরূপিণী।
স্বং সর্বাদিরনাদিস্বং কর্ত্রী হর্ত্রী চ পালিকা॥৩৪
স্বতন্তে কথিতং ভদ্রে ব্রহ্মমন্ত্রেণ দীক্ষিতঃ।
স্বং ফলং সমবাপ্লোতি তৎ ফলং তব সাধনাৎ॥ ৩৫
নানাচারেণ ভাবেন দেশকালাধিকারিণাম্।
বিভেদাৎ কথিতং দেবি কুত্রচিদ্ স্প্রপ্রসাধনম্॥ ৩৬
যে যত্রাধিকৃতা মর্ত্র্যা-স্তে তত্র ফলভাগিনঃ।
ভবিষান্তি তরিষ্যান্তি মানুষা গতকিবিষাঃ॥ ৩৭

পূর্ব্বক একমাত্র অবশিষ্ঠ থাক। তুমি সাকারা হইয়াও নিরাকারা।
তুমি মায়া দ্বারা বহুরূপ ধারণ কর; তুমি সকলের আদি, অনাদি
কর্ত্রী, হর্ত্রী এবং পালিকা। ভদ্রে! আমি এই হেতু তোমার
নিকট বলিয়াছি যে, ব্রহ্মমন্ত্রে দীক্ষিত ব্যক্তি, যে ফল লাভ করে,
তোমার সাধন দ্বারাও তাহার সেই ফল লাভ হইতে পারে। ৩১—
৩৫। দেবি! দেশ, কাল ও অধিকারিভেদে, নানা আচার ও
ভাব প্রকাশ করিয়াছি। কোন কোন তত্ত্বে গুপ্তসাধনও আমা
কন্ত্র্ক কথিত হইয়াছে। ইহার মধ্যে যে সকল মহায়্য যেরূপ
সাধনে অধিকারী, তাহারা তদক্তরূপ অহুষ্ঠান করিলে, ফলভাগী
হইবে এবং পাপরহিত হইয়া ভব-সাগর পার হইবে। বহুজ্মাজ্বিত পুণ্য দ্বারা জীবের কুলাচারে মতি হয়। কুলাচার দ্বারা
বাঁহার আত্মা পবিত্র হইয়াছে, তিনি সাক্ষাৎ শিবময় হন। যে স্থলে

বছজনার্জিকৈ: পুনা: কুলাচারে মতির্ভবেৎ।
কুলাচারেণ পূতাত্মা সাক্ষাচ্ছিবময়ো ভবেৎ।। ৩৮
যত্রান্তি ভোগবাহলাং তত্র যোগস্ত কা কথা।
যোগেহপি ভোগবিরহঃ কৌলন্ত ভয়মশ্লুতে॥ ৩৯
একশ্চেৎ কুলতব্বজ্ঞঃ পূজিতো যেন স্কব্রতে।
সর্বের দেবাশ্চ দেবাশ্চ পূজিতা নাত্র সংশয়ঃ॥ ৪০
পৃথিবীং হেমসম্পূর্ণাং দত্মা থৎ ফলমাপ্লুরাৎ।
তত্মাৎ কোটিগুণং পুণাং লভতে কৌলিকার্চ্চনাৎ॥ ৪১
শপচোহপি কুলজানী ব্রাহ্মণাদতিরিচ্যতে।
কুলাচারবিহীনস্ক ব্রাহ্মণঃ শপচাধমঃ॥ ৪২
কৌলধর্মাৎ পরো ধর্ম্মো নাস্তি জ্ঞানে তু মামকে।
যত্তানুষ্ঠানমাত্রেণ ব্রহ্মজ্ঞানী নব্রো ভবেৎ॥ ৪৩

ভোগবাছল্য আছে, সে স্থলে যোগের সম্ভাবনা কি ? যে স্থলে যোগের অনুষ্ঠান আছে, সে স্থলে ভোগেরও সম্ভাবনা দৃষ্টিগোচর হয় না। কুলাচারে প্রবৃত্ত জীব, ভোগ ও যোগ—এই উভয়ই ভোগ করিবেন। হে স্করতে! যে বাক্তি কর্তৃক কুলতবজ্ঞানী একজন সাধকও পূজিত হন, তাঁহা কর্তৃক সর্বদেব এবং সর্বদেবী পূজিত হন, তাহাতে সংশয় নাই। ৩৬—৪০। স্বর্ব-পরিপূর্ণা পৃথিবী দান করিলে যে ফল লাভ করিতে পারা যায়, কুলাচার-নিরত এক ব্যক্তির পূজা করিলে তাহার কোটিগুণ পুণ্য লাভ হয়। যদি চণ্ডালও কুলতবজ্ঞানী হন, তবে তিনি ব্রাহ্মণ অপেক্ষাও শ্রেষ্ঠ। কিন্তু ব্রাহ্মণ যদি কুলাচার-হীন হন, তাহা হইলে জিনি চণ্ডাল অপেক্ষাও অধম হন। আমাকে জানিতে হইলে, কুলধর্ম্ম স্থপেক্ষা শ্রেষ্ঠতর অহ্য কোন ধর্ম নাই। এই যে কুলধর্ম্ম স্থপেক্ষা শ্রেষ্ঠতর অহ্য কোন ধর্ম নাই। এই যে কুলধর্মে

সত্যং ব্রবীমি তে দেবি হাদি ক্সমাবধারয়।
সর্ব্বধর্ম্মেণ কৌলাৎ পরো ধর্ম্মেন বিদ্যুতে ॥ ৪৪
অয়স্ক পরমো মার্গো গুপ্তোহস্তি পশুসঙ্গটে।
ব্যক্তীভবিষ্যত্যচিরাৎ সংবৃত্তে প্রবলে কলোঁ॥ ৪৫
কলিকালে প্রবৃদ্ধে তু সত্যং সত্যং মরোচ্যতে।
ন স্থাস্তম্ভি বিনা কৌলান্ পশুবো মানবা ভূবি ॥ ৪৬
যদা তু বৈদিকী দীক্ষা দীক্ষা পৌরাণিকী তথা।
ন স্থাস্তাত বরারোহে তদৈব প্রবলঃ কলিঃ॥ ৪৭
বদা তু পুর্ণাপাপানাং পরীক্ষা বেদসস্ভবা।
ন স্থাস্তাতি শিবে শান্তে তদৈব প্রবলঃ কলিঃ॥ ৪৮
কচিচ্ছিন্না কচিন্ডিনা যদা স্থারতরঙ্গিণী।
ভবিষ্যতি কুলেশানি তদেব প্রবলঃ কলিঃ॥৪৯

ইহার অনুষ্ঠানমাত্রে মানবগণ ব্রহ্মজ্ঞানী হন। দেবি! আমি তোমাকে সত্য কথা বলিতেছি, তুমি হৃদয়-মধ্যে অবধারণ কর। কুলধর্ম—সর্কাধর্ম অপেক্ষা উত্তম। ইহা অপেক্ষা শ্রেষ্ঠ অত্য কোনধর্ম নাই। এই পরম পথ, পশুসমূহে গুপু আছে। যথন প্রবল কলি প্রবৃত্ত হইবে, তথন অচিরে এই পথ প্রকাশ হইয়া উঠিবে। ৪১—৪৫। আমি সত্য সত্য বলিতেছি, যথন কলিকাল প্রকৃষ্ট-রূপে বর্দ্ধিত হইবে, তথন কৌলাচারী মন্ত্র্যা ভিন্ন প্রধাতারী নন্ত্র্যা পৃথিবীতে থাকিবে না। বরারোহে! যথন দেখিবে যে, বৈদিকী দীক্ষা ও পৌরাণিকী দীক্ষা পৃথিবীতে থাকিবে না, তথন বৃত্তিরে যে, কলি প্রবল হইয়াছে। হে শাস্তে! হে শিবে! যৎকালে পাপপুণাের বেদাক্ত পরীক্ষা থাকিবে না, তথনই বিবেচনা করিবে যে, কলি প্রবল হইয়াছে। হে কুলেশ্বরি!যৎকালে স্কুর-তর্ম্বিণী কোথাও

যদা তু মেচ্ছঙ্গাতীয়া রাজানো ধনলোলুপাঃ।
ভবিষ্যস্তি মহাপ্রাজ্ঞে তদৈব প্রবলঃ কলিঃ॥ ৫০
যদা স্ত্রিয়োহতিত্বিদ্যাঃ কর্কশাঃ কলহে রতাঃ।
গহিষ্যস্তি চ ভর্তারং তদৈব প্রবলঃ কলিঃ॥ ৫১
যদা তু মানবা ভূমৌ স্ত্রীজিতাঃ কামকিস্করাঃ।
ক্রুহুস্তি শুরুমিত্রাদীংস্তদৈব প্রবলঃ কলিঃ॥ ৫২
যদা ক্রোণী স্বল্লফলা তোয়দাঃ স্তোকবর্ষিণঃ।
ক্রমাক্ফলিনো বৃক্ষা-স্তদৈব প্রবলঃ কলিঃ॥ ৫৩
ভ্রাতরঃ স্বজনামাত্যা যদা ধনকণেহয়া।
মিথঃ দংপ্রহরিষ্যান্তি তদৈব প্রবলঃ কলিঃ॥ ৫৪

ছিন্ন ও কোথাও ভিন্ন হইবেন, তথনই বুঝিবে যে, কলি প্রবল হইমাছে। হে মহাপ্রাজে! বংকালে ন্নেক্ছলাতীয়েরা রাজা হইবে
এবং তাহারা ধনলোলুপ হইবে, তথনই বুঝিবে যে, কলি প্রবল হইমাছে। ৪৬—৫০। যৎকালে রমণীশা অতি ছন্দান্ত, কর্কশভাষিণী
ও কলহ-নিরতা হইয়া স্বামীর নিন্দা করিবে, তথনই বুঝিবে যে,
কলি প্রবল হইয়াছে। যংকালে পৃথিনীতে মন্ত্রমাণা, কামকিঙ্কর
ও স্ত্রীর বশীভূত হইয়া, গুরু মিত্র প্রভৃতির অবমাননা করিবে, তথনই
বুঝিবে যে, কলি প্রবল হইয়াছে। যথন পৃথিবী স্বল্লকলা, মেঘসমূহ স্বল্লবর্ষী ও বুক্ষদমূহ স্বল্লল হইবে, তথনই বুঝিবে যে, কলি
প্রবল হইয়াছে। যৎকালে লাভ্গণ, স্বজনগণ ও অমাত্যগণ
বিত্তলাভের আকাজ্জনায় পরস্পার বিবাদ করিয়া প্রহার করিবে,
তথনই বুঝিবে যে, কলি প্রবল হইয়াছে। যৎকালে প্রকাশ্র স্বান্দান
মন্য-মাংস থাইলে নিন্দা ও দণ্ড-বর্জ্জিত হইলেও সকলে গুপ্তভাবে
স্বর্গাণান করিবে, তথনই বুঝিবে যে, কলি প্রবল হইয়াছে। ৫১—

প্রকটে মদ্যমাংসাদে নিন্দা-দগুবিবর্জিতে।
গূঢ্পানং চরিষ্যস্তি তদৈব প্রবলঃ কলিঃ ॥৫৫
সত্য-ত্রেতা-দ্বাপরেষু যথা মদ্যাদিসেবনম্।
কলাবপি তথা কুর্য্যাৎ কুলধর্মান্ত্রসারতঃ ॥ ৫৬
যে কুর্বস্তি কুলাচারং সত্যপুতা জিতেক্রিয়াঃ।
ব্যক্তাচারা দয়াশীলা ন হি তান্ বাধতে কলিঃ ॥ ৫৭
শুরুগুল্রাহণে যুক্তা ভক্তা মাতৃপদাস্ক্রে।
অন্বরক্তাঃ স্বনারেষু ন হি তান্ বাধতে কলিঃ ॥ ৫৮
সত্যব্রতাঃ সত্যনিষ্ঠাঃ সত্যধর্মপরায়ণাঃ।
কুলসাধনসত্যা যে ন হি তান্ বাধতে কলিঃ।। ৫৯
কুলমার্গেণ তন্ত্রানি শোধিতানি চ যোগিনে।
যে দত্যঃ সত্যবচ্সে ন হি তান্ বাধতে কলিঃ।। ৬০

৫৫। সন্য, ত্রেন্ডা ও দ্বাপর যুগে প্রকাশ্তে যে প্রকার মদ্যাদি
দেবন করা হইত, সেইরূপে কলিযুগেও কুল-ধর্মান্ত্রসারে সেবন
করিতে পারিবে। যাঁগরা সত্য দ্বারা পবিত্র ও জিতেন্ত্রির
হইয়া কুলাচারের অন্তর্গান করিবেন, যাঁগালের আচার সর্বত্র
ব্যক্ত হইবে, যাঁহারা দয়াশীল হইনেন, কলি তাঁহাদিগকে পীড়া
দিক্তে পারিবে না। যাঁহারা গুরু-শুশ্রমায় নিযুক্ত থাকিবেন,
যাঁহারা মাতার চরণকমলে ভক্তি করিবেন, যাঁহারা স্বপত্নীতেই
অন্তর্গুক্ত থাকিবেন, কলি তাঁহাদিগকে পীড়া দিতে পারিবে না।
যাঁহারা সতাব্রত, সত্যনিষ্ঠ ও সত্যধর্ম-পরায়ণ হইয়া কুলসাধনকে
সত্য বলিয়া বিশ্বাস করিবেন, কলি তাঁহাদিগকে পীড়া দিতে পারিবে
না। যাঁহারা কুলধর্মের পদ্ধতি অনুসারে শোধিত মৎস্ত, মাংস,
মদ্য প্রেন্থতি সত্যবাদী যোগীকে প্রদান করিবেন, কলি তাঁহাদি-

হিংসা-মাংস্থ্যরহিতা দম্ভদেষবিবর্জিতাঃ।
কুলধর্মেরু নিষ্ঠা যে ন হি তান্ বাধতে কলিঃ॥ ৬১
কৌলিকৈঃ সহ সংস্গং বসতিং কুলসাধুরু।
কুর্বন্তি কৌলসেবাং যে ন হি তান্ বাধতে কলিঃ॥ ৬২
নানাবেশধরাঃ কৌলাঃ কুলাচারেমু নিশ্চলাঃ।
সেবন্তে জাং কুলাচারৈন হি তান্ বাধতে কলিঃ॥ ৬৩
স্নানং দানং তপস্তীর্থ ব্রতং তর্পদমেব চ।
যে কুর্বন্তি কুলাচারৈন হি তান্ বাধতে কলিঃ॥ ৬৪
জীবসেকাদিসংস্কার-পিতৃশ্রাদ্ধাদিকাঃ ক্রিয়াঃ।
যে কুর্বন্তি কুলাচারেন হি তান্ বাধতে কলিঃ॥ ৬৫
কুলতত্ত্বং কুলদ্রবাং কুলধোগিনমেব চ।
নমসুর্ব্নিতি যে ভক্র্যা ন হি তান্ বাধতে কলিঃ॥ ৬৬

গকে পীড়া দিতে পারিবে না। ৫৬—৬০। বাঁহারা হিংদা ও মাৎসর্ঘা-বিহীন, বাঁহারা দম্ভ ও দেবশৃত্য এবং বাঁহারা কুলধর্মনিষ্ঠ, কলি হাঁহাদিগকে পীড়া দিতে পারিবে না। বাঁহারা কৌলকদিগের সহিত সংদর্গ করেন, কুলসাধুদিগের নিকট বসতি করেন, কুলসাধুদিগের নিকট বসতি করেন, কুলসাধুদিগের দেবা করেন, কলি তাঁহাদিগকে পীড়া দিতে পারে না। যে সকল কুলধর্মাবলম্বী, কুলাচার হইতে বিচলিত না হইয়া, বিবিধ বেশ ধারণপূর্ব্বক কুলাচারক্রমে তোমার পূজা করেন, কলি তাঁহাদিগকে পীড়া দিতে পারে না। বাঁহারা কুলাচার অন্নসারে মান, দান, তপস্তা, তীর্থদর্শন, ব্রত ও তর্পণ করেন, কলি তাঁহাদিগকে পীড়া দিতে পারে না। বাঁহারা কুলাচার অন্নসারে গর্ভাধান প্রভৃতি সংস্কারে সংস্কৃত হইয়া পিতৃশ্রাদ্ধ প্রভৃতি ক্রিয়াকলাপ করেন, কলি তাঁহাদিগকে পীড়া দিতে পারে না। বাঁহারা কুলাচার অনুসারে গর্ভাধান প্রভৃতি সংস্কারে সংস্কৃত হইয়া পিতৃশ্রাদ্ধ প্রভৃতি ক্রিয়াকলাপ করেন, কলি তাঁহাদিগকে পীড়া দিতে পারে না। বাঁহারা ভক্তি-

কোটিল্যান্তহীনানাং স্বচ্ছানাং ক্লমার্গিণাম্।
পরোপকারব্রতিনাং সাধূনাং কিস্করঃ কলিঃ॥৬৭
কলেন্দোষসমূহস্ত মহানেকো গুণঃ প্রিয়ে।
সত্য প্রতিজ্ঞ-কৌলানাং শ্রেয়ঃ সন্ধর্লমাত্রতঃ॥৬৮
অপরে তু যুগে দেবি পুণ্যং পাপঞ্চ মানসম্।
নৃণামাসীৎ কলৌ পুণ্যং কেবলং ন তু তৃষ্কৃতম্॥৬৯
ক্লাচারৈবিহীনা যে সত্তাসত্যভাষিণঃ।
পরদ্রোহপরা যে চ তে নরাঃ কলিকিস্করাঃ॥৭০
কুলবর্ম স্বভক্তা যে পর্যোষিৎস্ম কামুকাঃ।
ছেষ্টারঃ কুলনিষ্ঠানাং তে জ্রেয়াঃ কলিকিস্করাঃ॥৭১
যুগাচার প্রসঙ্গেন কলেঃ প্রাবল্যলক্ষণম্।
সংক্ষেপাৎ কথিতং ভদ্রে প্রীতয়ে তব পার্ক্বিত॥৭২

পূর্বক কুলতত্ত্ব ও কলদ্রব্যের অর্চনা করেন এবং কুল্যোগীকে নমস্কার করেন, কলি তাঁহাদিগকে পীড়া দিতে পারে না। ৬১ —৬৬। কুটলতা ও মিথ্যাচার-বিহীন, নির্দ্মলাস্তঃকরণ, কুলমার্গাম্মণারী, পরোপকার-ব্রতে দীক্ষিত সাধুদিগের কলি দাস-স্বরূপ হইয়া থাকে। হে প্রিয়ে! কলির দোষসমূহের মধ্যে একটী প্রধান গুণ আছে বে, সত্যপ্রতিজ্ঞ কোলিকগণের সক্ষরমাত্রেই স্প্রেলাভ হয়। হে দেবি! অক্ত যুগে মানবগণের পাপ-পূণ্য মানদিক ছিল, অর্থাৎ সক্ষর দারাই হইত, কলিমুগে কেবল মানদিক পূণ্য হইবে, পাপ হইবে না। যাহারা সত্ত মিথা বাক্য করে, যাহারা পরের অনিষ্ঠাচরণে তৎপর, যাহারা কুলাচার-বিহীন, সেই সকল মন্থ্য কলির কিক্ষর। যাহারা কুল্যাচার-নিরত ব্যক্তিদিগের ধ্রম্বাহারা পরস্ত্রী-কামুক এবং যাহারা কুলাচার-নিরত ব্যক্তিদিগের ব্রম্বাহারা প্রস্ত্রী-কামুক এবং যাহারা কুলাচার-নিরত ব্যক্তিদিগের ব্রম্বাহারা প্রস্ত্রী-কামুক এবং যাহারা কুলাচার-নিরত ব্যক্তিদিগের ব্রম্বাহারা কুলাচার-নিরত ব্যক্তিদিগের ব্রম্বাহার

প্রকটেংর কলো দেবি সর্ব্বে ধর্মাশ্চ ত্র্বলাঃ।
স্থান্সত্যেকং সভামাত্রং তত্মাৎ সভাময়ো ভবেৎ॥ ৭৩
সভাধর্মং সমাপ্রিভা যৎ কর্ম কুরুতে নরঃ।
তদেব সফলং কর্ম্ম সভাং জানীহি স্থারতে॥ ৭৪
ন হি সভাৎ পরো ধর্মো ন পাপমন্তাৎ পরম্।
তত্মাৎ সর্ব্বায়না মন্ত্যঃ সভামেকং সমাপ্রবেৎ॥ ৭৫
সভাহীনা রুগা পূজা সভাহীনো রুগা জপঃ।
সভারীনং তপো ব্যর্থ-মুষরে বপনং যথা॥ ৭৬
সভারূপং পরং ব্রহ্ম সভাং হি পরমং তপঃ।
সভামূলাঃ ক্রিয়াঃ সর্ব্বাঃ সভাাৎ পরতরো ন হি॥ ৭৭

করে, তাহাদিগকে কলির দাস বলিয়া জানিতে হইবে।৬৭—৭১।

হে পার্কিত! হে ভদ্রে! যুগাচার-প্রসঙ্গে তোমার প্রীতির জন্য
সংক্ষেপে কলির প্রবলতার লক্ষণ কথিত হইল। হে দেবি! এই
কলি প্রবল হইলে সমুদায় ধর্মই হুর্কল হইবে, কিন্তু একমাত্র সত্য
থাকিবে। অতএব সতাময় হওয়া সকলেরই কর্ত্তরা। হে স্করতে!
মানব সত্যধর্ম আশ্রয় করিয়া যে কর্ম্ম করিবে, সেই কর্মই সফল
হইবে, ইহা সত্য বলিয়া জানিবে। সত্য অপেক্ষা শেষ্ঠ ধর্ম আর
কিছুই নাই; মিয়া অপেক্ষা পাপ-কার্মা আর কিছুই নাই। অতএব
মানবের কর্ত্তরা এই বে, সর্কাবস্থায় একমাত্র সত্য অবলম্বন করা।
কারস্কুমিতে বাজ বপন যেমন নিক্ষল, সেইরূপ সত্যহীন পূজা বুথা,
সত্যহীন জপ বুঝা, সত্যহীন ভপপ্রাও বুগা। ৭২—৭৬। সত্যই
পরমত্রন্ধা, সত্যই পরম ভপপ্রাও বুগা। ৭২—৭৬। সত্যই
পরমত্রন্ধা, সত্যই পরম ভপপ্রা, সকল ক্রিয়াই সত্যমূলক;
সত্য হইতে শ্রেষ্ঠতর আর কিছুই নাই। অতএবই আমি
বলিলাম যে, পাপময় কলি প্রবল হইলে, সত্য অবলম্বন পূর্বক

অতএব ময়া প্রোক্তং তৃষ্কতে প্রবলে কলো।
কুলাচারোহিপি সত্যেন কর্তব্যা ব্যক্তভাবতঃ॥ ৭৮
গোপনাদ্ধীয়তে সত্যং ন গুপ্তিঃনৃতং বিনা।
তত্মাৎ প্রকাশতঃ কুর্যাৎ কোলিকঃ কুলসাধনম্॥ ৭৯
কুলধর্মস্ত গুপ্তার্থং নানৃতং স্থাজ্জুপ্তিপিতম্।
যত্ত্বং কুলতস্ত্রেষু ন শস্তং প্রবলে কলো॥ ৮০
কতে ধর্মশচত্স্পাদস্তেতায়াং পাদহীনকঃ।
দিপাদো দ্বাপরে দেবি পাদমাত্রং কলো যুগে॥ ৮>
তত্রাপি সত্যং বলবৎ তপঃ খঞ্জং দ্যাপি চ।
সত্যপাদে ক্রতে লোপে ধর্মলোপঃ প্রজায়তে।
তত্মাৎ সত্যং সমাপ্রিত্য সর্ক্রিক্মাণি সাধ্য়েৎ॥ ৮২
কুলাচারং বিনা যত্র নাস্ত্যপায়ঃ কুলেশ্বরি।
তত্রানৃত প্রবেশশেচৎ কুতো নিঃশ্রেমণং ভবেৎ ॥ ৮০

প্রকাশভাবে কুলাচারের অন্তর্গান করিবে। গোপন করিলে সত্যের হানি হয়। মিথাা-বাক্য বাতীত গোপন সন্তব হয় না, অতএব কৌলিক ব্যক্তি প্রকাশভাবে কুলসাধন করিবেন। আমি পূর্বেক্ কুলতন্ত্রে বলিয়াছি যে, কুলধর্মের রক্ষার নিমিত্ত মিথাা-বাক্য নিন্দিত নহে; কিন্তু কলির প্রবলতা হইলে এই উপদেশ প্রশন্ত নহে। সভ্যযুগে চতুম্পাদ অর্থাৎ পরিপূর্ণ ধর্ম ছিল। ত্রেভাযুগে ভাহার এক পাদ হীন হইরা ত্রিপাদ হয়। দ্বাপ্রবৃগ্গে ধর্ম দ্বিপাদ-মাত্র। কলিযুগে সেই ধর্মের একপাদমাত্র অবশিষ্ঠ আছে। ৭৭—৮১। সেই একপাদ ধর্মেরও তপন্তা ও দয়ারূপ তুই অংশ ভগ্ন হইয়াছে,—একমাত্র সভ্যাংশই বলবৎ আছে। এক্ষণে সেই পাদ ভগ্ন করিলে, ধর্ম লোপ হইয়া যাইবে। হে কুলেশ্বরি!

সর্বাথ সর্বপৃতাত্মা মলুথেরিতবর্ত্মনা।
সর্বাং কর্ম্ম নরঃ কুর্যাৎ স্বস্বর্ণাশ্রমোদিতম্॥ ৮৪
দীক্ষাং পৃজাং জপং হোমং পুরশ্চরণতর্পণম্।
ব্রতোদ্ধাহৌ পুংস্বনং দীমন্তোন্নয়নং তথা॥ ৮৫
জাতকর্ম তথা নাম-চূড়াকরণমেব চ।
মৃতক্রিয়াং পিতৃশ্রান্ধং কুর্য্যাদাগমসম্মতম্॥ ৮৬
তীর্থশ্রান্ধং ব্যোৎসর্বং শারদোৎসব্যেব চ।
যাত্রাং গৃহপ্রবেশঞ্চ নববন্ত্রাদিধারণম্॥ ৮৭
বাপী-কুপ-তড়াগানাং সংস্কারং তিথিকর্ম্ম চ।
গৃহারস্ত-প্রতিষ্ঠাঞ্চ দেবানাং স্থাপনং তথা॥ ৮৮
দিবাক্ষত্যং নিশাক্ষত্যং পর্বাকৃত্যং তথৈব চ।
ঋতু-মাস-বর্ষকৃত্যং নিত্যং নৈমিত্তিকঞ্চ যৎ॥ ৮৯

দেই কারণে সত্যকে সমাক্রপে অবলম্বন করিয়াই সমুদায় কার্য্য সাধন কবিবে। যে কলিকালে কুলাচার ব্যতিরেকে উপায়াস্তর নাই, দেই কলিকালে যদি মিথ্যাচার প্রবেশ করে, তাহা হইলে কথনই মুক্তিলাভ হয় না। অতএব সর্বতোভাবে সত্য মারা পবিত্রাত্মা হইয়া, মৎকথিত পথামুদারে মানবর্গণ স্বস্থ বর্ণ এবং আশ্রমের উপযোগী দীক্ষা, পূজা, জপ, হোম, পূরশ্চরণ, তর্পণ প্রভৃতি সমুদায় কর্ম আচরণ করিবে। বিশেষতঃ এইরূপে ব্রত, বিবাহ, প্ংসবন, সীমস্তোয়য়ন, জাতকর্ম, নামকরণ, চূড়াকরণ, অস্ফ্যেষ্টিক্রিয়া, পিতৃশ্রাক্ক ভন্ত্র-সম্মতই করিবে। তীর্থশ্রাদ্ধ, রুষোৎসর্গ, শার-দোৎসব, যাত্রা, গৃহ-প্রবেশ, নূত্রন বস্ত্রালঙ্কারাদি পরিধান, বাপী কুপ তর্গাড় প্রভৃতি খনন ও সংস্কার, তিথিকৃত্য, গৃহারস্থ, গৃহ-প্রতিষ্ঠা, দেবতা-স্থাপন, দিবাকৃত্য, রাত্রিকৃত্য, পর্বকৃত্য, মাসকৃত্য,

কর্ত্তবাং যদকর্ত্তবাং ত্যাজ্যং গ্রাক্সঞ্চ যন্তবেং।
ময়োক্তেন বিধানেন তৎ সর্কং সাধয়েররঃ॥ ৯০
ন কুর্যাদ্যদি মোহেন তুর্মত্যাশ্রদ্ধয়াপি বা।
বিনষ্টঃ সর্ককর্মভ্যো বিষ্ঠায়াং দ ভবেৎ ক্রমিঃ॥ ৯১
যদি মন্মতমুৎস্ক্র্য মহেশি প্রবলে কলোঁ।
যদা যৎ ক্রিয়তে কর্ম বিপরীতায় তদ্তবেৎ॥ ৯২
মন্মতাদম্মতা দীক্ষা সাধকপ্রাণঘাতিনী।
পূজাপি বিফলা দেবি ছতং ভত্মার্পাং যথা॥ ৯০
দেবতা কুপিতা তক্স বিদ্রস্তক্ত পদে পদে॥ ৯৪
কলিকালে প্রবৃদ্ধে তু জ্ঞাত্বা মচ্ছান্তমম্বিকে।
গ্রেছক্তমার্বাং ক্রিয়াং কুর্যাৎ স মহাপাতকী ভবেৎ॥ ৯৫

শকুরতা, বর্ষরতা, নিত্য-নৈমিত্তিক কর্মা, কর্ত্তব্য-কর্মা, ত্যাজ্য-কর্মা, প্রাহ্য-কর্মা—এই সমুদায়ই মহক্ত বিধানামুদারে সম্পাদন করিবে। ৮২—৯০। যদি কোন ব্যক্তি মোহ বশতঃ, হর্ম্মার বশতঃ বা অশ্রদ্ধা বশতঃ উক্ত কার্য্য সমুদায় মহক্ত বিধানামুদারে সম্পাদন না করে, তাহা হইলে সে ব্যক্তি সর্ক্রকর্মা-বহিষ্কৃত হইয়া পরিশেষে বিষ্ঠাতে ক্রিমি হইয়া জন্মগ্রহণ করিবে। হে মহেশ্বরি! কলিযুগ প্রবল হইলে যদি কেছ আমার মত পরিত্যাগ করিয়া কর্ম্মা করে, তাহা হইলে ঐ কর্ম্মা বিপরীত-ফলজনক হইবে। হে দেবি! আমার মতের অসম্মত দীক্ষা সাধকের প্রাণ্যাতিনী হইবে, এবং ভম্মে আছতি-প্রাদানের স্থায় তাহার পূজাও নিক্ষা হইবে। বিশেষতঃ তাহার প্রতি দেবতা কুপিতা হইবেন এবং তাহার পদে পদে বিম্ম ঘটবে। হে অম্বিকে! কলিকাল প্রবল হইলে যে ব্যক্তি মংক্থিত শাস্ত্র অবগত থাকিয়াও, অন্ত পথ অনুসারে কর্মা করিবে,

ব্রতােদ্বাহে প্রকুর্ব্বাণাে যােহস্তমার্গেণ মানবঃ।

স যাতি নরকং দােরং যাবচ্চক্রদিবাকরে ॥ ৯৬

ব্রতে ব্রদ্ধবধঃ প্রাক্তাে ব্রাত্যাে মাণবকাে ভবেং।
কেবলং স্ত্রবাহােহসে চণ্ডালাদধমােহিদি সঃ॥ ৯৭
উদ্বাহিতািদি যা নারী জানীয়াৎ সা ভু গর্হিতা।
উদ্বাঢ়ািদি ভবেৎ পাপী সংসর্গাৎ কুলনায়িকে।
বেশ্রাগমনজং পাপং ভক্ত পুংসাে দিনে দিনে॥ ৯৮
তদ্ধস্তাদর-তােয়াদি নৈব গৃহস্তি দেবতাঃ।
দিতরােহদি ন চার্রন্তি যতন্তর্মল-পূরবং॥ ৯৯

তয়ােরপত্যং কানীনঃ সর্ব্রধশ্ববিহিন্ধতঃ।
দৈবে পৈত্রে কুলাচারে নাধিকারােহক্ত জায়তে॥ ১০০

দেমহাপাতকী হইবে। ৯১—৯৫। যে বাক্তি অন্ত পথ অবলম্বন করিয়া ব্রত বা বিবাহ করিবে, যতকাল চক্দ্র-প্র্য্য থাকিবে,
দেই ব্যক্তি ততকাল নরকবাদী হইবে। অন্ত মতে উপনয়ন হইলে
ব্রহ্মহত্যা-পাতক হইবে; যাহার উপনয়ন হইবে, দে ব্যক্তি কেবল
প্রবাহী এবং চণ্ডাল অপেক্ষাও অধম হইবে। হে কুলনায়িকে!
অন্ত পদ্ধতি অনুসারে যে নারী বিবাহিতা হইবে, দে নিন্দিতা, এবং
ক্রি বিবাহকারী পুরুষও তাহার সংসর্গে পাপী হইবে, ইহা জানা
উচিত। তাদৃশ বিবাহিতা স্ত্রী গমনে, পুরুষের দিনে দিনে বেশ্রাগমন-জ্বনিত পাপ হইবে। দেবতারা সেই নারীর হস্ত ইইতে অন্ত
জ্বাদি গ্রহণ করিবেন না, পিতৃলোকও তাহা ভক্ষণ বা পান করিবেন না; কারণ, তাহা মল ও পুয়ের তুল্য। সেই স্ত্রী-পুরুষের বে
সন্তান হইবে, দে কানীন এবং সর্বধিশ্ব-বহিন্ত। ৯৬—১০০।

চতুর্থোল্লাসঃ।

অশান্তবেন মার্নেণ দেবতাস্থাপনং চরেৎ।
ন সারিধ্যং ভবেৎ তত্র দেবতায়াঃ কথঞ্চন।
ইহাসুত্র ফলং নান্তি কায়ক্লেশো ধনক্ষয়:।। ১০১
আগমোক্রবিধিং হিছা যঃ প্রাদ্ধং কুরুতে নরঃ।
শ্রাদ্ধং তহিফলং সোহপি পিতৃতিন রকং ব্রঙ্গেৎ ॥ ১০২
ডভোয়ং শোণিতসমং পিণ্ডো মলময়ো ভবেৎ।
তত্মান্মর্গ্রঃ প্রয়ত্ত্বন শাঙ্করং মতমাপ্রয়েৎ ॥ ১০০
বহুনাত্র কিমুক্তেন সত্যং সত্যং ময়োচ্যতে।
ত্মশান্তবং ক্কৃতং কর্ম্ম সর্বাং দেবি নির্থকম্॥ ১০৪
ত্যন্ত তাবৎ পরো ধর্ম্মঃ পূর্বধর্মোহপি নশ্রতি।
শান্তবাচারহীনস্ত নরকান্মৈব নিষ্কৃতিঃ ॥ ১০৫

স্থতরাং তাহার দৈবকর্ম, পিতৃকর্ম ও কুলাচার-কর্মে অধিকার থাকিবে না। অশান্তব অর্থাৎ তন্ত্র ভিন্ন শান্ত্র-পদ্ধতি অনুসারে দেবমূর্ত্তি স্থাপন করিলে, ঐ মূর্ত্তিতে দেবতার সানিধ্য হইবে না; তাহার ইহলোক ও পরলোকে কোন ফল হইবে না, এবং তাহার কেবল কায়ক্রেশ ও ধনক্ষয়মাত্র সার হইবে। যে ব্যক্তি আগমোক্ত বিধি ভ্যাগ করিয়া শ্রাদ্ধ করিবে, তাহার সেই শ্রাদ্ধ নিক্ষল হইবে, এবং শ্রাদ্ধকর্তা পিতৃলোকের সহিত নরকে গমন করিবে। তৎপ্রদত্ত জল শোণিত-সদৃশ ও পিণ্ড মল-তুল্য হইবে। অতএব মনুষ্যের সর্কতোভাবে শঙ্কর-প্রদর্শিত মত আশ্রয় করা কর্ত্তব্য। হে দেবি! এন্থলে অধিক আর কি বলিব, আমি দত্য দত্য বলিতেছি, শিবের অদম্যত্ত যে যে কর্ম্ম করিবে, সে সমুদায়ই নিক্ষল হইবে। যাহারা শস্তুপ্রোক্ত-আচার-হীন, তাহাদের ভত্তৎ-কর্ম্ব-জন্ত ধর্ম দ্রে থাকুক, পূর্ক্ব-সঞ্চিত্ত ধর্মও নষ্ট হইবে এবং

মছদীরিতমার্পেন নিত্যনৈমিত্তকর্ম্মণাম্। সাধনং যন্মহেশানি তদেব তব সাধনম্ ॥ ১০৬ বিশেষারাধনং তত্র মন্ত্র-যন্ত্রাদি-সংযুত্স্। ভেষজং কলিরোগাণাং শ্রুয়তাং গদতো মম ॥ ১০৭

ইতি শ্রীমহানির্ব্বাণতত্ত্বে পরপ্রকৃতি-সাধনোপক্রমো

নাম চতুর্থোলাসঃ ॥ ৪।।

তাহাদের আর নরক হইতে উদ্ধার হইবে না। হে মহেশানি!
মছক্ত পদ্ধতি অনুসারে যে নিত্য-নৈমিত্তিক কর্মের সাধন, তাহাই
তোমার সাধন হইবে। তাহার মধ্যে কলিরূপ রোগের ঔষধস্বরূপ বহুবিধ মন্ত্র ও যন্ত্রাদি-সংযুক্ত তোমার বিশেষ আরাধনা আমি
বলিতেছি শ্রবণ কর। ১০১—১০৭।

চতুর্থ উল্লাস সমাপ্ত।

পঞ্চিবাল্লাসঃ।

শ্ৰীসদাশিব উবাচ।

স্থমান্তা পরমা শক্তিঃ দর্ব্বশক্তিস্থব্ধপিনী।
তব শক্ত্যা বয়ং শক্তাঃ স্টি-স্থিতি-লয়াদিষু॥ >
তব রূপাণ্যনন্তানি নানাবর্ণাক্কতীনি চ।
নানা প্ররাদসাধ্যানি বর্ণিভুং কেন শক্যতে॥ ২
তব কারুণ্যলেশেন কুলতস্ত্রাগমাদিষু।
তেষামর্চা-সাধনানি কথিতানি ষ্থামতি॥ ৩
গুপ্তমাধনমেতৎ তু ন কুত্রাপি প্রকাশিতম্।
ত্যপ্র প্রসাদাৎ কল্যাণি ময়ি তে কর্পণেদৃশী॥ ৪
ত্যা প্রসিদানীং তরাহং গোপয়িতুং ক্ষমঃ।
কথয়ামি তব প্রীত্যৈ মম প্রাণাধিকং প্রিয়ে॥ ৫

শীসদাশিব কহিলেন—তুমি আদ্যা ও প্রমা শক্তি। তুমি সর্ব্বশক্তি-স্বরূপা। তোনার শক্তি-প্রভাবে আমরা স্কৃষ্টি, স্থিতি ও প্রশয়াদি নানাকার্য্যে সমর্থ হইরাছি। তোমার নানা বর্ণ, নানা আকার
এবং বহুপ্রয়াদে সাধনার জনন্ত রূপ আছে। কোন্ ব্যক্তি
সে সমুদায় রূপ বর্ণন করিতে পারে? তোমার রূপালেশ দ্বারা
কুলতন্ত্র প্রভৃতি এবং আগম সমুদায়ে তোমার সেই সমুদয় রূপের
পূজা ও সাধন যথানথ বলিয়াছি। কিন্তু এই গুপ্তসাধন কোথাও
প্রকাশ করি নাই। হে কল্যাণি! এই গুপ্তসাধন-প্রসাদে আমার
প্রতি তোমার এতাদৃশী রূপা হইয়ছে। প্রিয়ে! এক্ষণে তোমা
কর্ত্ব পৃষ্ট হইয়া গোপন করিতে সমর্থ হইলাম না। জত্রব তাহা
আমার প্রাণ অপেক্ষা প্রিয়তর হইলেও তোমার প্রীতির নিমিত্ত

সর্বহংশপ্রশমনং সর্বাপদ্বিনিবারকম্।

ত্বংপ্রাপ্তিমূলমচিরাৎ তব সন্তোষকারণম্।। ৬
কলিকল্মধনীনানাং নৃণাং স্বল্লায়ুষাং প্রিয়ে।
বহুপ্রাসাশক্তানা-মেতদেব পরং ধনম্।। ৭
ন চাত্র স্থাসবাহুল্যং নোপবাসাদিসংঘমঃ।
স্থেসাধ্যমবাহুল্যং ভক্তানাং ফলদং মহৎ।। ৮
তত্রাদৌ শৃণু দেবেশি মন্তোদ্ধারক্রমং শিবে।
যক্ত প্রবণমাত্রেণ জীবন্তু প্রজায়তে॥ ৯
প্রাণেশক্তৈজসার্ভা ভেক্তাব্যোমবিন্দুমান্।
বীজমেতৎ সমৃদ্ধৃত্য দ্বিতীয়মুদ্ধরেৎ প্রিয়ে॥ ১০

বলিতেছি। ১—৫। এই গুপ্তদাধন দর্বজ্ঞথ-শান্তি-জনক ও দর্ববিপদ্-বিনাশ-কারক। এই গুপ্তদাধন তোনার সম্যোধের কারণ এবং ইহা দারা অচিরাৎ তোনাকে প্রাপ্ত হওয়া যায়। প্রিয়ে! কলিকালে স্বল্লায়ৣ, কলি-কলুম দারা কাতর ও বহুপরিশ্রমে অসমর্থ মন্ত্রাদিগের পক্ষে এই গুপ্তদাধনই পরম ধন। এই গুপ্তদাধনে স্থাস-বাহুল্য নাই, উপবাস প্রভৃতি সংঘমও নাই। এই সাধন স্থাসাধ্য, সংক্ষিপ্ত, অথচ ভক্তগণের চতুর্ব্বর্গ-ফলপ্রদ; স্মৃতরাং ইহাই শ্রেষ্ঠ। হে দেবেশি! হে শিবে! আমি প্রথমতঃ সে সাধনায় মন্ত্রোদ্ধারের ক্রম বলিতেছি প্রবণ কর। মন্ত্রাগণ ইহা প্রবণ করিবামাত্রই জীবন্মক্র হইবে। হে প্রিয়ে! তৈজসে অর্থাৎ হকারে ভেরুগ্রা (ঈ) যোগ করিয়া তাহাকে ব্যোমবিন্দু অর্থাৎ অনুস্থার-বিশিষ্ঠ করিবে, এই (ব্লীং) বীজ উদ্ধার করিয়া, দিতীয়

সন্ধ্যা রক্তসমারতা বামনেত্রেলুসংযুতা।
তৃতীয়ং শৃণু কল্যাণি দীপদংস্থঃ প্রজাপতিঃ । ১১
গোবিন্দবিন্দৃশংযুক্তঃ সাধকানাং স্থথাবহঃ।
বীজত্রয়ান্তে পরমেশ্বরি সম্বোধনং পদম্ ॥ ১২
বিহ্নকান্তাবধিঃ প্রোক্তো দশাণোহয়ং মহুঃ শিবে।
সর্কবিদ্যাময়ী দেবী বিদ্যেয়ং পরমেশ্বরী ॥ ১৩
আদ্যত্রয়াণাং বীজানাং প্রত্যেকং ত্রয়মেব বা।
প্রজপেৎ সাধকাবীশঃ সর্ক্রকামার্থসিদ্ধয়ে ॥ ১৪
বীজমাদ্যত্রয়ং হিছা সপ্তার্ণাপি দশাক্ষরী।
কামবাগ্ভবতারাদ্যা সপ্তার্ণাপ্রিক্ষরী তিধা।। ১৫

আরোহণ করিবে, তাহাতে বামনেত্র (के), ইন্দু অর্থাৎ জনুষার যোগ করিয়া, দিতীয় মন্ত্র (প্রীং) হইবে। কল্যাণি! পশ্চাৎ তৃতীয় মন্ত্র প্রবণ কর। প্রজাপতি (ক) দীপের (রেফের) উপর থাকিবে, তাহাতে গোবিন্দ (क) এবং বিন্দু (ং) সংযোগ করিতে হইবে; এই (ক্রীং) বীজ সাধকদিগের স্থপজনক। এই বীজত্রয়ের পরে "পরমেশ্বরি!" এই সম্বোধন পদ। এই মন্ত্রের শেষাংশে বহ্নিকান্তা ('স্বাহা' এই পদ) থাকিবে; হে শিবে! (হ্রীং-ব্রীং ক্রীং পরমেশ্বরি স্বাহা) এই দশাক্ষর মন্ত্র কথিত হইল। সর্ব্ববিদ্যা-স্বরূপা এই মন্ত্রান্থিকা দেবী, পরমেশ্বরী বিদ্যা। সাধকশ্রেষ্ঠ সর্ব্বাভীষ্ট সিদ্ধির নিমিত্ত, আদ্য বীজত্রয়ের মধ্যে. একটী একটী বীজ কিংবা তিনটীই জপ করিবে। প্রথম বীজত্রয় (হ্রীং শ্রীং ক্রীং) পরিত্যাগ করিলে, কথিত দশাক্ষর মন্ত্র:একটী প্রাক্ষর মন্তর (পরমেশ্বরি স্বাহা) রূপেও পরিণত্ত হয় এবং এই সাক্ষর মন্তের প্রের্বি কামবীজ (ক্রীং) বাশ্বীজ (ব্রীং) ক্রার্বি (ব্রীং) বাশ্বীজ (ব্রীং) বাশ্বীজ (ব্রীং) ক্রার্বির (ব্রুর্বির) বর্ণা করিয়া

দশার্গামন্ত্রণপদাৎ কালিকে পদমুচ্চরেৎ।
পুনরাদ্যত্রাং বীজং বহ্নিজারাং ততো বদেৎ॥ ১৬
বোড়শীয়ং সমাখ্যাতা সর্ব্বতন্ত্রেষু গোপিতা।
বহ্বাদ্যা প্রণবাদ্যা চে-দেবা সপ্তদশী দ্বিধা॥ ১৭
তব মন্ত্রা হৃদংখ্যাতাঃ কোটিকোট্যর্ব্ব দান্তথা।
সংক্ষেপাদত্র কথিতা মন্ত্রাণাং দ্বাদশ প্রিয়ে॥ ১৮
বেষু বেষু চ তন্ত্রেষু যে যে মন্ত্রাঃ প্রকীর্ত্তিতাঃ।
তে সর্ব্বে তব মন্ত্রাঃ স্থা-স্থনাদ্যা প্রকৃতির্য্তঃ॥ ১৯
এতেবাং সর্ব্বমন্ত্রাণা-মেকমেব হি সাধনম্।
কথ্যামি তব প্রীত্যৈ তথা লোকহিতার চ॥ ২০

দিলে তিনটি অধাকর মন্ত্র হয়। (যথা—ক্লী পরমেশ্বরি স্বাহা। ঐং পরমেশ্বরি স্বাহা। ওঁ পরমেশ্বরি স্বাহা। ১১—১৫)। পূর্ব্বেক্তি দশাকর মন্ত্রের সম্বোধন পদের অন্তে 'কালিকে' এই পদ উচ্চারণ করিবে। তৎপরে আদ্য বীজন্রয় (ছীং শ্রীং ক্রীং) উচ্চারণ করিবে। তৎপরে আদ্য বীজন্ত্রয় (ছীং শ্রীং ক্রীং) উচ্চারণ করিয়া বহিলবধূ (থাহা) পদ বলিবে। (ছীং শ্রীং ক্রীং পর-মেশ্বরি কালিকে ছীং শ্রীং ক্রীং স্বাহা) এই বোড়শ-বর্ণমন্ত্রী মন্ত্র বোড়শী বলিয়া স্বাথ্যাতা এবং সমুদায় তন্ত্রে গুপ্তা আছে। এই মন্ত্রের আদিতে যদি বধু (দ্রীং) স্বথবা প্রণব (ওঁ) যোগ করা যায়, তাহা হইলে ছইটি সপ্তদশাক্ষর মন্ত্র হইবে। (যথা—স্ত্রীং ছীং ক্রীং ক্রীং পরমেশ্বরি কালিকে ছীং শ্রীং ক্রীং স্বাহা)। হে প্রিয়ে! তোমার কোটি কোটি অর্ব্রুদ, স্ত্তরাং অসংখ্য মন্ত্র। এত্বলে সংক্রেপে দ্বাদশ্টী মাত্র কথিত হইল। যে যে তন্ত্রে যে যে মন্ত্র ক্ষিত্র। এই সমুদায় তির ভিন্ন মন্ত্রের দাবন একই প্রকার;

কুলাচারং বিনা দেবি শক্তিমন্ত্রো ন সিদ্ধিদঃ ।
তত্মাৎ কুলাচাররতঃ সাধ্যেচ্ছক্তিসাধনম্ ॥ ২১
মদাং মাংসং তথা মৎস্তং মুদ্রা মৈণুন্মেব চ ।
শক্তিপূজাবিধাবাদ্যে পঞ্চত্তবং প্রকীর্ত্তিন্ ॥২২
পঞ্চতবং বিনা পূজা অভিচারায় করতে ।
নেইসিদ্ধিভবেৎ তস্ত বিদ্নস্তস্ত্র পদে পদে ॥ ২০
স্বকীরা কেবলা জেয়া সর্ব্বদোষবিবর্জিতা॥ ১৪
অথবাত্র স্বয়ন্ত্র্বাদি কুস্কমং প্রাণবল্লভে।
কথিতং তৎপ্রতিনিধাে কুষীদং পরিকীর্ত্তিতম্॥ ১৫

প্রস্তুত হইবে এবং যাহা ঘৃত্রপক ও মনোহর, তাদৃশ মুদাই উত্তম।
যাহা ভৃষ্ট ধান্ত প্রভৃতি, তাহা মধ্যম মুদা। যাহা অন্তপ্রকার
শক্ত ভাজিয়া প্রস্তুত হয়, তাহা অধম মুদা বলিয়া কীর্ত্তিত হইয়াছে।
৭—>০। দেবীকে স্থধা দান করিবার সময় যে মাংস, মংশু,
মুদা, ফল, মূল প্রদত্ত হইবে, তৎসমুদায় শুদ্ধি শদে অভিহিত্ত
হইবে। শুদ্ধি বিনা দেবীকে স্থরাদান করিয়া পূজা বা তর্পণ করিলে
সমস্ত নিক্ষল হইবে এবং তাহাতে দেবতা প্রদান হইবেন না। শুদ্ধি
বিনা মদ্যপান করিলে, তাহা কেবল বিষ ভক্ষণ হয় এবং চিররোগী
ও স্বল্লায় হইয়া অচিরাৎ মৃত্যু প্রাপ্ত হয়। হে মহেশানি! নির্মীধ্য
কলি প্রবল হইলে, শেষতত্ত্ব-শোধন একমাত্র সর্ব্বদেষি-বিবর্জ্জিতা
স্বকীয় পদ্ধীতেই সম্পন্ন হইবে। প্রাণবল্লভে! স্বধ্বা আমি যে

আশোধিতানি তত্ত্বানি পাত্র-পূপ্প-ফলানি চ।
নৈব দ্যানহাদেবৈ দ্যা বৈ নারকী ভবেং ॥ ১৬
শীপাত্রস্থাপনং কুর্যাৎ স্থীয়য়া গুণশীলয়া।
অভিষিঞ্চেৎ কারনেন সামান্তার্ঘোদকেন বা ॥ ১৭
আনৌ বালাং সমুচ্চার্ঘ ত্রিপুরায়ৈ তত্তো বদেং ।
নমঃ শন্ধাবসানে চ ইমাং শক্তিমুলীরয়েং ॥ ১৮
পবিত্রীকুরুশন্ধান্তে মম শক্তিং কুরু দ্বিঠঃ ।
অদীক্ষিতা যদা নারী কর্ণে মায়াং সমুচ্চরেং ॥ ১৯
শক্তয়োহত্যাঃ পূজনীয়া নার্যান্তাড়নকর্মণি ।
অথাত্মবন্ত্রয়োর্মধ্যে মায়াগর্ভং ত্রিকোণকম্ ॥ ২০
বৃত্তং ষট্কোণমালিথ্য চতুরব্রং লিখেছিঃ ।
অপ্রস্কোণে পূর্ণ-শৈলমুড্ডীয়ানং তথৈবচ॥ ২১

স্বয়্ন কুমাদির কথা বলিয়াছি, তৎপ্রতিনিধি স্থলে, রক্তচন্দন কথিত হইল। ১১—১৫। উক্ত পঞ্চতত্ত্ব এবং ফল, মূল, পত্র—শোধন না করিয়া দেবীকে দান করিবে না; করিলে নরকগামী হইতে হইবে। গুণশীলা স্বায় পত্নী দ্বারা প্রীপাত্র স্থাপন করিবে এবং ঐ পত্নীকে কারণ দারা বা সামান্তার্ঘ্যের জল দ্বারা অভিষক্ত করিবে। অভিষেক-মন্ত্র,—প্রথমতঃ "ঐং ক্লীং সৌঃ" উচ্চারণ করিবে, পরে "ত্রিপুরায়ে নমঃ" উচ্চারণ করিবে, তৎপরে "ইমাং শক্তিং" এই পদ বলিবে, পরে "পবিত্রীকুরু" এই শব্দের অস্তে "মম শক্তিং কুরু স্বাহা" এই পদ উচ্চারণ করিবে। যদি নারী অদীক্ষিতা থাকে, তবে তাহার কর্ণে মায়াবীক্স উচ্চারণ করিবে। বৈশুনতত্ত্ব সম্পাদনের নিমিত্ত অত্যান্ত যে সম্দায় শক্তিরূপা পরকীয়া নারী থাকিবে, তাহাদিগকে পূজা করিবে। ১৬—২০। জনস্তর

জালন্ধরং কামরূপং সচতুর্থী-নমোহস্তকম্।
নিজনামাদিবীরাচাং পূজ্মেৎ সাধকোত্তম:॥ ২২
ষ্ট্কোণের ষড়ঙ্গানি মূলেনৈব ত্রিকোণকম্।
মারামাধারশক্তিঞ্চ নমোহস্তেন প্রপূজ্মেৎ॥ ২৩
নমসা ক্ষালিতাধারং সংস্থাপ্য তত্ত্র পূর্ববিং।
বৃত্তোপরি যজেদক্তেং কলাং স্বসাদিমাক্ষরৈ:॥ ২৪
ধূমার্চিজ্র লিনী স্ক্র্যা জালিনী বিক্ষু লিন্ধিনী।
স্কুঞ্জীঃ স্কর্পা কপিলা হব্যকব্যবহা তথা॥ ২৫

আপনি ও যন্ত্র—এই উভয়ের মধ্যে একটা ত্রিকোণ মণ্ডল লিখিয়া তাহার মধ্যে মায়াবীঞ্চ লিথিবে। পরে ঐ ত্রিকোণ মণ্ডলের বাহিরে একটা ষ্টুকোণ মণ্ডল লিখিয়া, তাহার বাহিরে একটা চতুকোণ মণ্ডল লিখিবে। অনম্ভর সাধকোত্তম, ঐ চতুকোণ মণ্ড-লের চারি কোনে "পুং পুর্ণ শৈলায় পীঠায় নম:, উং উড্ডীয়ানায় পীঠার নম:, জাং জালম্বায় পীঠায় নম:, কাং কামরূপায় পীঠার নমং" এই মন্ত্রচতুষ্ট্র পাঠপুর্বাক পুণলৈল, উড্ডীয়ান, জালন্ধর, কামরূপ-এই পীঠচতুষ্টয়ের পূজা করিবে। পরে ষ্টকোণ বুত্তের ছয় কোণে "হ্রাং নমঃ, হ্রীং নমঃ, হুং নমঃ, হ্রেং নমঃ, হ্রোং নমঃ, হ্র: নমঃ" এই ছয়টী মন্ত্র দারা ষট্কোণের অধিষ্ঠাত্রী দেবতার পূজা করিবে। পরে ত্রিকোণ মগুলে "হ্রীং আধার-শক্তয়ে নমঃ" এই মন্ত্র পাঠপুর্ব্বক আধার-দেবতার পূজা করিবে। অনন্তর 'নম:' এই মন্ত্র ধারা প্রকালিত আধার পূর্বের ছায় সেই স্থানে সংস্থাপন করিয়া, তাহাতে স্ব স্ব আদিম অক্ষর উচ্চারণ-পূর্বক বহির দশ कला शृक्षा कतिरव। मन कलात नाम;-ध्या, चौर्फः, ज्वलिनी, সন্মা, জালিনী, বিক্ষ লিম্বিনী, স্থত্ৰী, স্থুরূপা, কপিলা ও হব্যকব্যবহা।

সচতৃথী-নমোহস্তেন পূজা বহলে কলা দশ ॥ ২৩
মং বহ্নিজ্ঞলায়েতি দশাস্তে চ কলাত্মনে।
অবসানে নমো দল্ধা পূজ্যেছহ্নিজ্ঞলম্॥ ২৭
ততোহর্থ্যপাত্রমানীয় ফট্কারেণ বিশোধিতম্।
আধারে স্থাপদ্বিত্বা তু কলাঃ স্থ্যস্ত দ্বাদশ।
কভাদিবর্ণবীজেন ঠডাস্তেন প্রপূজ্যেরং॥ ২৮
তপিনী তাপিনী ধূমা মরীচিজ্রালিনী ক্রচিঃ।
স্থ্যা ভোগদা বিশ্বা বোধিনী ধারিণী ক্ষমা॥ ২৯
অং স্থ্যমন্তলায়েতি দ্বাদশাস্তে কলাত্মনে।
নমোহস্তেনার্থ্যপাত্তে তু পূজ্যেৎ স্থ্যমন্তলম্॥ ৩০
বিলোমমাতৃকাং ভদ্বলুলমন্ত্রং সমুচ্চরন্।
ত্রিভাগং পূর্যেরান্ত্রী কলসন্তেন হেতুনা॥ ৩১

২১—২৫। এই সম্দায় শব্দে চতুর্থী বিভক্তি প্ররোগ করিয়া, অস্তে 'নমং' শব্দ প্রয়োগপৃর্ব্ধক বহ্নির দশ কলার পূজা করিবে। অনস্তর 'মং বহ্নিমণ্ডলায় দশকলায়নে নমং' এই মন্ত্র পাঠপূর্ব্ধক বহ্নিমণ্ডলের পূজা করিবে। অনস্তর ফট্কার দারা বিশোধিত অর্য্যপাত্র আনয়নপূর্ব্ধক, আধারে স্থাপন করিয়া, ক-ভ প্রভৃতি ঠ-ড পর্যান্ত বর্ণ বীজ পূর্ব্বে উচ্চারণপূর্ব্ধক স্থর্যাের দ্বাদশ কলার পূজা করিবে। দ্বাদশ কলার নাম;—তপিনী, তাপিনী, ধূমা, মরীচি, জালিনী, ফচি, স্থর্মা, ভোগদা, বিশ্বা, বোধিনী, ধারিনী ও ক্ষমা। অনস্তর্ অর্যাপাত্রে "অং স্থ্যমণ্ডলায় দ্বাদশকলায়নে নমং" এই মন্ত্র দ্বারা স্থামণ্ডলের পূজা করিবে। ২৬—৩০। পরে মন্ত্রজ্ঞ ব্যক্তি ক্ষ্কার হইতে জ্বকার পর্যান্ত বিলোম-মাতৃকা-বর্ণ ও তদক্তে মৃশ্ব-মন্ত্র উচ্চারণ করিতে করিতে, কলশন্ত স্থা দ্বারা অর্য্যপাত্রের

বিশেষার্য্যজলৈঃ শেষং পুরশ্বিদ্বা সমাহিতঃ।
বোড়শস্বরীজেন নামমন্ত্রেণ পূজ্মেৎ।
সচতুর্থী-নমোহন্তেন কলাঃ সোমস্য বোড়শ॥ ৩২
অমৃতা মানদা পূজা তুষ্টিঃ পুষী রতিপ্র্ তিঃ।
শশিনী চক্রিকা কান্তির্জ্যোৎস্না শ্রীঃ প্রীতিরঙ্গদা।
পূর্ণাপূর্ণামৃতা কামদায়িস্তঃ শশিনঃ কলাঃ॥ ৩৩
উং সোমমগুলায়েতি ষোড়শান্তে কলাত্মনে।
নমোহন্তেন যজেনান্ত্রী পূর্ববৎ সোমমগুলম্॥ ৩৪
দ্র্রাক্ষতং রক্তপুপ্পং বর্ব্বরামপরাজিতাম্।
মার্মা প্রক্ষিপেৎ পাত্রে তীর্থমাবাহ্যেদপি॥ ৩৫
কবচেনাব গুণ্ঠ্যান্ত্রমুদ্রয়া রক্ষণং চরেৎ।
ধেরা চৈবামৃতীক্বত্য চ্ছাদ্রেন্মংশ্রমুদ্রয়া॥ ৩৬

তিন ভাগ পূর্ণ করিবে। অনন্তর সমাহিতচিত্তে বিশেষার্য্যের জল ছারা অর্য্যপাত্রের শেষাংশ পূর্ণ করিয়া, ষোলটা স্থর বীজের অন্তে চতুর্যন্ত নাম উচ্চারণ করিয়া, অন্তে 'নমঃ' শব্দ প্ররোগপূর্ব্বক চল্রের ষোড়শ কলার পূজা করিবে। ষোড়শ কলার নাম;—অমৃতা, মানদা, পূজা, তুষ্টি, পুটি, রতি, ধুতি, শশিনী, চল্রিকা, কান্তি, জ্যোৎম্মা, প্রী, প্রাতি, অঙ্গদা, পূর্ণা ও পূর্ণামৃতা; এই ষোড়শ কলা কামদারিনী অর্থাৎ কামনাফলদাত্রী। পরে ঐ অর্থ্যপাত্রের জলে "উং সোমমগুলায় যোড়শকলাম্বনে নমঃ" এই মন্ত্র পাঠপূর্ব্বক সোমমগুলের পূজা করিবে। তৎপরে দূর্ব্বা, অক্ষত, রক্তপূপ্প, বর্ব্বরাপত্র, অপরাজিতা পূপ্প—এই সমুদার গ্রহণ করিয়া 'হ্রীং' এই মন্ত্র দারা পাত্রে নিক্ষেপ করিয়া, তীর্থ আবাহন করিবে। পরে 'হ্রং' এই বীজ পাঠপূর্ব্বক অবগুঠনমুদ্রা ছারা অর্য্যপাত্রস্থ সুরা

মৃশং সঞ্জপা দশধা দেবতাবাহনং চরেও।
আবাহ্ পুস্পাঞ্জনিনা পূজ্মদেষ্টদেবতাম্।
অথগুতিয়ঃ পঞ্চমদ্রৈর্মন্তরেও তদনস্তরম্॥ ৩৭
অথগুতকরসাননাকরে পরস্থাজ্মনি।
অচ্চলক্ষুরণামত্র নিধেহি কুলরাপিণি॥ ৩৮
অনক্ষামৃতাকারে শুরুজ্ঞানকলেবরে।
অমৃতত্যং নিধেহিস্মিন্ বস্তানি ক্লিয়রাপিণি॥ ৩৯
তক্রপেণেকরস্তঞ্চ রুজ্ম্মাণ্ড তৎস্বরাপিণি॥ ৩৯
তক্রপেণেকরস্তঞ্চ রুজ্ম্মাণ্ড তৎস্বরাপিণি।
ভূতা কুলামৃতাকারমপি বিক্ষুরণং কুরু॥ ৪০
ত্রন্যাগুরতং মহাপাত্রং পীষ্ব-রসমাবহ॥ ৪১

অবশুন্তিত করিয়া, অন্তমুদ্রা দ্বারা রক্ষা করিবে। অনন্তর ধেল্লমুদ্রা দ্বারা অনৃতীকৃত করিয়া, উহা মৎশুমুদ্রা দ্বারা আচ্ছাদন করিবে। অনন্তর নেই অর্য্যপাত্রস্থ স্থরার উপরি দশবার মূলমন্ত্র জপ করিয়া, তাহাতে ইপ্রনেবতার আবাহনপূর্বক পুষ্পাঞ্জলি দিয়া অথও প্রভৃতি পঞ্চমন্ত্র দ্বারা স্থা অভিমন্ত্রিত করিবে। ৩১—৩৭। পাঁচটী মন্ত্রের অর্থ বথা;—(১) হে কুলর্রাপিণি! তুমি পরম-স্থাময়ী, সাক্রানন্দ-প্রায়িনী। তুমি এই বস্ততে অথও একমাত্র সাক্র রস ও স্বাধীন ফ্রন্তি প্রদান কর। (২) তুমি অনঙ্গন্থ অমৃত-শর্কা, বিশুদ্ধ জ্ঞানই তোমার শরীর। তুমি ক্লিন্ত্রপ এই বস্ততে অমৃতত্ব নিধান কর। (৩) হে স্থরাক্রাপিণি! তুমি প্রধান মাধুর্যারসক্রপে এই পূর্লার্যাক্রপ মন্ত্র ঐকর্স্য অর্থাৎ প্রধান মাধুর্যারসক্রপে এই পূর্লার্যাক্রপ মন্ত্র ঐকর্স্য অর্থাৎ প্রধান মাধুর্যারসক্রপে এই পূর্লায়ত্বরূপ হইয়া আমার ফ্রিরাধন কর। (৪) স্থা দ্বারা পূর্ণ এই মহাপাত্র ব্রহ্মাণ্ড-রস্যুক্ত অশেষ রসের আক্রর ও পীর্ষ-

অহস্তাপাত্র ভরিতমিদস্তাপরমামৃতম্।
পরাহস্তাময়ে বহলে হোমস্বীকারলক্ষণম্ ॥ ৪২
ইত্যামস্তা ততন্ত স্মিন্ শিবয়োঃ দামরস্তকম্ ।
বিভাব্য পূজ্ঞমেদ্ধূপ-দীপাবপি চ দর্শয়েৎ ॥ ৪০
ইতি শ্রীপাত্রসংস্কারঃ কথিতঃ কুলপূজনে ।
অক্তরা পাপভাষ্মন্তী:পূজা চ বিফলা ভবেৎ ॥ ৪৪
ঘট-শ্রীপাত্রয়োশ্বধ্যে পাত্রাণি স্থাপয়েদ্বৃধঃ ।
শুরুপাত্রং ভোগপাত্রং শক্তিপাত্রমতঃ পরম্ ॥ ৪৫
যোগিনী-বীরপাত্রে চ বলিপাত্রং ততঃ পরম্ ।
পাদ্যাচমনয়োঃ পাত্রং শ্রীপাত্রেণ নব ক্রমাং ।
দামান্তার্যান্ত বিবিনা পাত্রাণাং স্থাপনং চরেৎ ॥ ৪৬
কলশস্থাসৃতেনৈব ত্রিভাগং পরিপূর্য্য চ ।
মাযপ্রমাণং পাত্রেযু শুদ্ধিও গুং নিয়োজ্যেং ॥ ৪৭

রসময় কর। (৫) আত্মভাবরূপ পাত্রে ধারিত ইদস্ভাবরূপ পরম অমৃত, পরাত্মস্বরূপ অহন্তাদি পাত্ররূপ বহ্নিতে ইদস্তাদির সহিত স্থীকাররূপ হোম আহতি প্রদান কর। এইরূপে স্থরা অভিমন্ত্রিত করিয়া তাহাতে শিব-শিবার সম-রসতা ধ্যানও পূজা করিয়া ধ্প-দীপ প্রদর্শন করিবে। কুলপূজা-বিষয়ে এই শ্রীপাত্র-সংস্কার তোমার নিকট কথিত হইল। মন্ত্রক্ত ব্যক্তি যদি এইরূপে সংস্কার না করে, তাহা হইলে পাপভাগী হইবে এবং তাহার পূজা বিফল হইবে। জ্ঞানী ব্যক্তি ঘট এবং শ্রীপাত্রের মধ্যস্থলে গুরুপাত্র, ভোগপাত্র, শাস্তিপাত্র, অতংপর যোগিনীপাত্র, বীরপাত্র, বলিপাত্র, আচমন-পাত্র ও পাদ্যপাত্র, শ্রীপাত্রের সহিত এই নয়টী পাত্র স্থাপন করিবে। সামান্তার্ঘ্য-স্থাপনের বিধি অন্থলারে পাত্র-স্থাপন কর্ত্ব্য। ৩৮—৪৬। অনস্তর্ধ ঐ সকল পাত্রের তিন ভাগ কলশ-স্থিত স্থধা দারা

বামাঙ্গুরানামিকাভ্যামমৃতং পাত্রসংস্থিতম্।
গৃহীত্বা শুদ্ধিথণ্ডেন দক্ষয়া তত্ত্বমূদ্রয়া।
সর্ব্বি তর্পণং কুর্যাদ্ বিধিরেষঃ প্রকীর্তিতঃ ॥ ৪৮
শ্রীপাত্রাৎ পরমং বিন্দুং গৃহীত্বা শুদ্ধিসংযুত্ম্।
আনন্দভৈরবং দেবং ভৈরবীঞ্চ প্রভর্পয়েৎ ॥ ৪৯
শুরুপাত্রাম্ভেনেব তর্পয়েদ্ শুরুসন্ততিম্।
সহস্রারে নিজপুরং সপত্নীকং প্রতর্পা চ।
বাগ্ভবাদ্যস্থসনায়া তদ্দ্ শুরুচতুইয়ম্॥ ৫০
ততঃ স্বহ্বদয়ান্ডোজে ভোগপাত্রামৃতেন চ।
আদ্যাং কালীং তর্পয়ামি নিজনীজপুরঃসরম্॥ ৫১

প্রিত করিয়া ঐ সমুদায় পাত্রে মাষপ্রমাণ শুদ্ধিগও নিক্ষেপ করিবে।
পরে বামকরের অঙ্গুন্ত ও অনামিকা দারা পাত্রন্থিত অমৃত শুদ্ধিথণ্ডের সহিত গ্রহণ করিয়া তত্ত্বমুদ্রাযুক্ত দক্ষিণ হস্ত দারা সমুদায়
পাত্রেই তর্পণ করিবে। এই তর্পণের বিধি পরে বলিতেছি।
শ্রীপাত্র হইতে শুদ্ধির সহিত পরম বিন্দু অর্থাৎ স্থধাবিন্দু লইয়া
আনন্দভৈরব এবং আনন্দভৈরবীর তর্পণ করিবে। পরে গুরুপাত্রন্থ অমৃত দারা গুরুসমূহকে তর্পণ করিবে। ব্রন্ধরন্ধুন্থিত
সহস্রদল-কমলে পত্নীর সহিত নিজ গুরুর তর্পণ করিয়া বাগ্ভব
বীজ অর্থাৎ ঐং বীজ আদিতে যোগ করিয়া পশ্চাৎ শুরুচতুইয়ের
অর্থাৎ গুরু, পরম গুরু, পরাপর গুরুর ও পরমেন্ধী গুরুর
তর্পণ করিবে। মন্ত্রন্ধ বাক্তি পরে নিজ হৃৎপদ্মে ভোগপাত্রন্থ
অমৃত দারা প্রথমে আত্মবীজ হ্রীং শ্রীং ক্রীং পরমেন্ধরি স্বাহা,
তৎপরে আদ্যাং কালীং তর্পরামি, অন্তে স্বাহা এই মন্ত্রে তিনবার ইষ্টদেবতার তর্পণ করিবে। তক্রপ ঐ শক্তি-পাত্রের অমৃত দারা

স্বাহান্তেন ত্রিধা মন্ত্রী তর্পক্রেদিষ্টদেবতাম্।
শক্তিপাত্রাম্তৈন্তক্ষদশাবরণতর্পনম্॥ ৫২
বোমিনীপাত্রসংস্থেন সায়ুধাং সপরীকরাম্।
সন্তর্প্য কালিকামান্যাং বটুকেভ্যো বলিং হরেও॥ ৫৩
স্ববামভাগে সামান্তং মণ্ডলং রচয়েও স্থবীঃ।
সংপূজ্য স্থাপরেও তত্র সামিষান্তং স্থবান্তিম্॥ ৫৪
বাজ্যায়া কমলা বঞ্চ বটুকার নমঃপদম্।
সংপূজ্য পূর্বভাগে চ বটুকক্স বলিং হরেও॥ ৫৫
ততন্ত যাং যোগিনীভাঃ স্বাহা যাম্যাং হরেছলিম্॥ ৫৬
বড় দীর্ঘকুকং সংবর্তং ক্ষেত্রপালায় হ্বনাল্রঃ।
আনেন ক্ষেত্রপালার বলিং দদ্যাও তু পশ্চিমে॥ ৫৭
থান্তবীজং সমুদ্ধৃত্য ষড় দীর্ঘস্বরসংযুত্তম্।
তেইস্তং গণপতিঞ্চাক্ত্য বহ্নিজায়াং ততো বদেও॥ ৫৮

অঙ্গদেবতা ও আবরণ-দেবতার তর্পণ করিবে। ৪৭—৫২। যোগিনীপাত্রস্থ অমৃত দারা অস্ত্র এবং পরিকরের সহিত বর্ত্তমানা আদ্যা কালিকার তর্পণ করিয়া বটুকদিগকে বলি প্রদান করিবে। স্থবী ব্যক্তি নিজ বামভাগে একটী সামান্ত চতুক্ষোণ মণ্ডল রচনা করিবে। অনস্তর তাহা অর্চ্চনা করিয়া তাহাতে মদাযুক্ত সামিষ অন্ধ্র স্থাপন করিবে। বাক্ (ঐং), মায়া (ইয়ং), কমলা (৴য়ং) ও বং' পরে 'বটুকায় নমঃ'-—এই পদ,— এই মন্ত্র দারা মণ্ডলের পূর্বভাগে বটুকের বলি দান করিবে। ৫৩—৫৫। তদনস্তর "যাং যোগিনীভ্যঃ স্বাহা" এই মন্ত্র দারা মণ্ডলের দক্ষিণদিকে যোগিনী-দিগকে বলি দান করিবে। পরে ছয় দীর্ঘ-স্থর-যুক্ত সংবর্ত্ত (ক্ষ) অর্থাৎ ক্ষাং ক্ষীং ক্ষুং কৈং ক্ষোং ক্ষঃ, অনস্তর "ক্ষেত্রপালার

উত্তরস্থাং গণেশায় বলিমেতেন কর্মেং।
মধ্যে তথা দর্বভূতবলিং দদ্যাদ্যথাবিধি। ৫৯
ব্রীং শ্রীং দর্বপদঞ্চোক্ত্বা বিদ্নকৃত্যন্ততো বদেং।
দর্শভূতেভা ইত্যুক্ত্বা হুং ফট্ স্বাহা মন্তর্মাতঃ ॥৬০
ততঃ শিবায়ৈ বিধিবদ্বলিমেকং প্রকল্পরেং।
গ্রু দেবি মহাভাগে শিবে কালাগ্লিরূপিণি ॥৬১
শুভাশুভং ফলং ব্যক্তং ক্রহি গৃহু বলিং তব।
মূলমেষ বলিঃ পশ্চাৎ শিবায়ৈ নম ইতাপি।
চক্রানুষ্ঠানমেতৎ তু তবাতো কথিতং শিবে॥ ৬২

নমঃ" এই মন্ত্র দারা মণ্ডলের পশ্চিমদিকে ক্ষেত্রপালের বলি প্রদান করিবে। ৫৬—৫৭। ছয়টী দীর্ঘম্বরযুক্ত 'থ' এই বর্ণের অস্ত বীজ (গ) অর্থাৎ গাং গীং ইত্যাদি উদ্ধার করিয়া চতুর্থীর এক-বচনান্ত গণপতি শব্দ (গণপত্যে) উচ্চারণপূর্বক বহ্নিজায়া (স্বাহা) পদ উচ্চারণ করিবে; এই মন্ত্র দারা মণ্ডলের উত্তরদিকে গণেশের বলি প্রদান করিবে এবং মণ্ডলের মধ্যভাগে যথাবিধি সর্ব্বভৃতের বলি প্রদান করিবে। "হ্রীং শ্রীং সর্বা" এই পদ উচ্চা-রণ করিয়া, অনম্ভর "বিল্লকুদ্রাঃ" এই পদ উচ্চারণ করিবে। পরে "দৰ্বভৃতেভ্যঃ এই পদ বলিয়া ''হুং ফটু স্বাহা'' এইরূপ উচ্চারণ করিবে। ইহাই দর্বভূত-বলি-মন্ত্র বলিয়া জ্ঞাত হইয়াছে। তৎ-পরে "গ্রু দেবি মহাভাগে শিবে কালাগ্রিরপিনি। শুভাশুভং ফলং ব্যক্তং ক্রহি গৃহু বলিং তব" মূলমন্ত্র (হ্রীং শ্রীং ইত্যাদি) "এষ विनः" जल्लमहार "मिरारेव नमः" वर्शार हि एपि । एवं महाजारत । **८१** मिर्ट ! (१ कांनाधिक्रिनि! शहन करा। आगात खंडाखंड ব্যক্তরূপে বল। তোমার এই বলি গ্রহণ কর, এই বলি শিবাকে দিলাম। এই মন্ত্র পাঠ করিয়া যথাবিধি শিবাকে একটি বলি চন্দনাগুরুকন্ত রীবাসিতং স্থমনোহরম্।
পুষ্পং গৃহীত্বা পাণিভ্যাং করকচ্ছপমুদ্রয়া॥ ৬০
নীত্বা স্বহ্নরান্ডোজে ধ্যায়েদাদ্যাং পরাৎপরাম্॥ ৬৪
সহস্রারে মহাপদ্মে স্ব্রুমা-ব্রহ্মবর্ত্ত্রনা।
নীত্বা সানন্দিতাং কর্ত্বা বৃহনিশাসবর্ত্ত্রনা।
দীপাদ্দীপান্তরমিব তত্র পুষ্পে নিয়োজ্য চ॥ ৬৫
যত্ত্রে নিধাপয়েনাত্রী দৃচ্ভক্তিসমন্বিতঃ।
কৃতাঞ্জলিপুটো ভূত্বা প্রার্থয়েদিষ্টদেবতাম্॥ ৬৬
দেবেশি ভক্তিস্থলভে পরিবারসমন্বিতে।
যাবৎ ত্বাং পূজ্য়িয়ামি তাবৎ ত্বং স্কৃত্তিরা ভব॥ ৬৭
ক্রৌমান্তে কালিকে দেবি পরিবারাদিভিঃ সহ।
ইহাগচ্ছ দিধা প্রোক্ত্রা ইহ তিঠ দ্বিধা পুনঃ॥ ৬৮

প্রদান করিতে হইবে। হে শিবে! এই আমি ভোমার নিকট চক্রান্মণ্ঠান কহিলাম। ৫৮—৬২। অনস্তর চন্দন, অগুরু ও কস্তৃরী দারা অতিশয় স্থান্দীকৃত স্থমনোহর পুষ্প কৃর্মান্দাবিত হস্তম্বরে গ্রহণ করিয়া, নিজ হৃদয়-পল্মে পরাৎপরা আছা কালীকে আনিয়া ধ্যান করিবে। অনস্তর স্থম্মারূপ ব্রহ্মপথ দারা ভগবতীকে সহস্রার মহাপল্মে লইয়া গিয়া, নির্মাল স্থধা দারা ভাঁহাকে আনন্দিতা করিয়া, বৃহৎ নিশ্বাসরূপ পথ দারা, প্রদীপ হইতে প্রজ্ঞালিত অস্ত প্রদীপের স্থায় ভগবতীকে হস্তস্থিত সেই পুষ্পে সংক্রমণপূর্ব্বক যম্মে স্থানন করিয়া, পরে মন্ত্রক্ত ব্যক্তি, দৃঢ়-ভক্তিযুক্ত হইয়া কুতাঞ্জলিপুটে ইপ্তদেবতার নিকট প্রার্থনা করিবে;—হে দেবেশি! হে ভক্তিস্মেত ! হে দহুপরিবার-পরিবৃত্তে! আমি যে পর্যান্ত তোমার পূজা করিব, সে পর্যান্ত তুমি স্কস্থিরা হও। "ক্রীং আছে কালিকে দেবি!

ইহ শকাৎ সন্নিধেহি ইহ সন্নিপদাৎ ততঃ।
কথাস্থপদমাভাষা মম পূজাং পৃহাণ চ॥ ৬৯
ইথমাবাহনং কৃষা দেবাাঃ প্রাণান্ প্রতিষ্ঠয়েৎ॥ १०
আং ব্লীং ক্রোং প্রীং বহ্নিজায়াপ্রতিষ্ঠামন্ত্র দ্বিতঃ।
অমুষ্যা দেবতরাশ্চ প্রাণা ইহ ততঃ পরম্।
প্রাণা ইতি ততঃ পঞ্চ বীজানি তদনন্তরম্॥ ৭১
অমুষ্যা জীব ইহ চ স্থিত ইত্যুচ্চরেৎ পুনঃ।
পঞ্চ বীজান্তমুষ্যাশ্চ সর্বেক্রিয়াণি কীর্ত্রেং॥ ৭২
পুনস্তৎ-পঞ্চবীজানি অমুষ্যা বচনাস্ততঃ।
বাঙ্-মনো-নয়ন-দ্রাণ-শ্রোত্র-ফ্রপদতো বদেৎ॥ ৭৩
প্রাণা ইহাগতা স্থাং চিরং তিষ্ঠন্ত ঠন্বয়ম্॥ ৭৪

পরিবারাদিভিঃ সহ ইহাগচ্ছ ইহাগচ্ছ" উচ্চারণ করিয়া, "ইহ তিষ্ঠ ইহ তিষ্ঠ," পরে "ইহ " শব্দ, পরে " সন্নিধেহি " অনন্তর "ইহ সিন্নি" পদ, পরে "ক্ষাস্থা" পদ বলিয়া "মম পূজাং গৃহাণ" পাঠ করিবে। এইপ্রকারে দেবীর আবাহন করিয়া প্রাণপ্রতিষ্ঠা করিবে। ৬৩—৭০। অর্থাৎ "আং ব্রীং ক্রোং শ্রীং বহ্নিজায়া (স্বাহা) আতাকালীদেবতায়াঃ প্রাণা ইহ" অনন্তর "প্রাণাঃ" ইহা, পরে উক্ত পঞ্চবীক্ষ (আং ব্রীং ইত্যাদি), তদনন্তর "আদ্যাকালীদেবতায়া জীব ইহ স্থিতঃ" ইহা উচ্চারণ করিবে। পুনর্বার "পঞ্চবীক্ষ (আং ব্রীং ইত্যাদি) আদ্যাকালীদেবতায়াঃ সর্ব্বেক্রিয়াণি" উচ্চারণ করিবে। পুনর্ব্বার দেই "পঞ্চবীক্ষ আদ্যাকালীদেবতায়াঃ" পদাস্তে "বাজ্মনোনম্মভাণশ্রেত্বক্" পদ, অনন্তর "প্রাণা ইহাগত্য স্থং চিরং তিষ্ঠস্ক ঠবয় (স্বাহা)" পাঠ করিবে। অর্থাৎ আদ্যাকালীর প্রাণ এই স্থানে প্রাণ, আদ্যাকালীর জীবাত্মা এইস্থানে থাকিল, আদ্যা-

ইতি ত্রিধা যন্ত্রমধ্যে লেলিহানাখ্যমুদ্রয়া।

সংস্থাপ্য বিধিবৎ প্রাণান্ ক্কতাঞ্জলিপুটো বদেং। ৭৫

আত্মে কালি স্থাগতং তে সুস্থাগতমিদং তব।

আসনকেদমত্র হয়াস্থতাং পরমেশ্বরি। ৭৬

ততো বিশেষার্ঘাজলৈপ্রিধা মূলং সমুচ্চরন্।

প্রোক্ষয়েদেবগুদ্ধার্থং ষড়কৈ: সকলীক্ষতিঃ। ৭৭

কেবতাকে ষড়ঙ্গানাং স্থাস: স্থাৎ সকলীক্ষতিঃ।

ততঃ সংপূজ্যেদ্ববীং ষোড়শৈরুপচারকৈ:। ৭৮
পাদ্যার্ঘাচমনীয়ঞ্চ স্থানং বসন-ভূষণে।
গদ্ধ-পুজ্পে ধূপ-দীপৌ নৈবেদ্যাচমনে তথা। ৭৯

অমৃতকৈব তামূলং তর্পণঞ্চ নতিক্রিয়া।
প্রয়োজ্যেদর্চনারামুপচারাংশ্চ ষোড়শ ॥ ৮০
আদ্যাবীজমিদং পাদ্যং দেবতায়ের নমঃপদম্।
পাদ্যং চরণয়োর্দ্দ্যাচ্ছিরস্থর্য্ণং নিবেদ্যের ॥ ৮১

কালীর সকল ইন্দ্রিয়, আদ্যা কালীর বাক্য, মন, চক্ষ্, নাসা, কর্ণ, অক্ এবং প্রাণ ইহাতে বহুকাল স্থথে অবস্থিতি করুক। যন্ত্রমধ্যে এইরূপ প্রাণপ্রতিষ্ঠামন্ত্র ভিনবার পাঠ করিয়া লেলিহানমুদ্রা দ্বারা উহাতে দেবীর প্রাণপ্রতিষ্ঠা করিয়া কৃতাঞ্জলিপুটে বলিবে,—হে আদ্যে কালি! তোমার স্থাগত ? স্থোগত ? তোমার এই আসন আছে, হে পরমেশ্বরি! ইহাতে তুমি উপবেশন কর। ৭১—৭৬। পরে দেবতাগুদ্ধির নিমিত্ত তিনবার মন্ত্র উচ্চারণ করত বিশেষার্য্যের জল দ্বারা দেবীকে প্রোক্ষিত করিবে, পরে ষড়ঙ্গ-মন্ত্র দ্বারা সকলীকরণ করিবে। দেবভার অঙ্গে ষড়ঙ্গ গ্রাস সকলীকরণ। তৎপশ্চাং মোড়শোপ্রার দ্বারা দেবীর পূজা করিবে। পাদ্য, অর্দ্য, আর্চমনীর,

স্থাহাপদেন মতিমান্ স্থাধেত্যাচমনীয়কম্।
মুথে নিয়োজয়েমন্ত্রী মধুপর্কং মুথাস্থ্রে।
বং স্থাধিত সমুচোর্যা পুনরাচমনীয়কম্॥ ৮২
স্থানীয়ং সর্বাগাত্রেষু বসনং ভূষণানি চ।
নিবেদয়ামি মন্থনা দদ্যাদেতানি দেশিকঃ ॥ ৮৩
মদ্যমানামিকাভ্যাঞ্চ গদ্ধং দদ্যাদ্ধ্ দস্থ্রে।
নমোহস্তেন চ মন্ত্রেণ বৌষড়স্তেন পুষ্পাকম্॥ ৮৪
ধূপ-দীপৌ চ পুরতঃ সংস্থাপ্য প্রোক্ষণাদিভিঃ।
নিবেদয়ামি মন্ত্রেণ উৎস্ক্য তদনস্তরম্॥ ৮৫

য়ান, বসন, ভূষণ, গন্ধ, পূপ্প, ধূপ, দীপ, নৈবেদ্য, পুনরাচমনীয়, অমৃত, তাম্বূল, তর্পণ, নমস্কার,—দেবীপূজার সময় এই ষোড়শ উপচার প্রয়েজিত করিবে। আদ্যানীজ (ছীং প্রীং ক্রীং ক্রীং পরমেশ্বরি স্বাহা) "ইনং পাতাং আদ্যায়ৈ কাল্যৈ নমঃ" এই মন্ত্র দ্বারা চরণদ্বয়ে পাদ্য প্রদান করিবে; পরে ঐরপ ('নমঃ' পদের পরিবর্ত্তে) স্বাহান্ত মন্ত্র দারা মন্তকে অর্ঘ্য নিবেদন করিবে; জ্ঞানী সাধক ঐরপ (নমঃ পদের পরিবর্ত্তে) স্বধান্ত মন্ত্র দ্বারা মুথে আচমনীয় ও উক্ত মন্ত্র দ্বারা দেবীর মুথপদ্মে মধুপর্ক প্রদান করিবে; এই মন্ত্রের অস্তে কেবল (স্বধার পরিবর্ত্তে) "নিবেদয়ামি" পদ দ্বারা দেবীর সর্ক্রগাত্রে স্বানীয় জল, বসন, ভূষণ, এই সকল প্রদান করিবে। ৭৭—৮৩। (সর্ক্রণমের মত) অস্তে "নমঃ" পদযুক্ত মন্ত্র দ্বারা মধ্যমা এবং অনা-মিকা দ্বারা দেবীর হ্রনয়-কমলে গদ্ধ দান করিবে, পরে নমঃ পদের পরিবর্ত্তে বৌষট্-অন্ত ঐ মন্ত্র দ্বারা পূপ্প প্রদান করিবে। তৎপরে ধূপ দীপ সন্মুথে সংস্থাপনপূর্ক্ত প্রোক্ষণাদি দ্বারা সংশোধিত ও (বৌষট্ পদের পরিবর্ত্তে) "নিবেদয়ামি"-অন্ত মন্ত্র দ্বারা উৎসর্ক্

জয়ধ্বনিমন্ত্রমাতঃ স্বাহেতি মন্ত্রপূর্বকম্।
সংপূজ্য ঘণ্টাং বামেন বাদয়ন্ দক্ষিণেন তু॥ ৮৬
ধূপং গৃহীতা মতিমান্ নাসিকাধো নিয়োজয়েৎ।
দীপন্ত দৃষ্টিপর্যান্তং দশধা ভাময়েৎ পুরঃ॥ ৮৭
ততঃ পাত্রঞ্চ গুদ্ধিঞ্চ সমাদায় করছয়ে।
মূলং সমুক্তরন্ মন্ত্রী যন্ত্রমধ্যে নিবেদয়েৎ॥ ৮৮
পরমং বাক্রণীকরং কোটিকরাস্তকারিনি।
গৃহাণ গুদ্ধিসহিতং দেহি মে মোক্ষমব্যয়ম্॥ ৮৯
ততঃ সামান্তবিধিনা পুরতো মণ্ডলং লিখেৎ।
তস্তোপরি ক্তমেৎ পাত্রং নৈবেদ্যপরিপুরিতম্॥ ১০
প্রোক্ষণঞ্চাবগুঠঞ্চ রক্ষণঞ্চামৃতীকৃতম্।
মূলেন সপ্তাধামন্ত্র্য অর্থ্যান্তিবিনিবেদয়েৎ॥ ১১

করিয়া, তদনন্তর জ্ঞানী ব্যক্তি "জয়ধ্বনিমন্ত্রমাতঃ স্বাহা" এই নস্ত্র পাঠপূর্ব্বক ঘণ্টা পূজা করিয়া উহা বাম-হস্ত দ্বারা বাদন করিতে করিতে দক্ষিণ-হস্ত দ্বারা ধূপ গ্রহণ করিয়া দেবীর নাসিকার নিম্নে নিম্নোজিত করিবে; দীপকে দেবীর সম্মুখে চক্ষু পর্যান্ত দশবার ভ্রমণ করাইবে। পরে পানপাত্র এবং শুদ্ধি মাংসাদি) হস্তদ্বয়ে গ্রহণ করিয়া মূলমন্ত্র পাঠপূর্বক যন্ত্র-মধ্যে নিবেদন করিবে। ৮৪—৮৮। হে কোটিকল্লান্তকারিণি! এই পরম বাক্ষণীকল্ল দ্রব্য শুদ্ধির সহিত গ্রহণ কর, আমাকে অক্ষয় মূক্তি প্রদান কর—এই প্রার্থনা করিবে। তদনন্তর সামান্ত বিধি অনুসারে সম্মুখে মণ্ডল লিখিয়া তহুপরি নৈবেদ্য-পূরিত পাত্র স্থাপন করিবে। পরে ফট্ এই মন্ত্র দ্বারা বিশ্বাত প্রেক্টিণ মন্ত্র দ্বারা রক্ষা-

মূলমেতত দিদ্ধারং সর্ব্বোপকরণারিতম্।
নিবেদরামীষ্টদেবৈর জ্বাণেদং হবি: শিবে॥ ১২
ততঃ প্রাণাদিমুদ্রাভিঃ পঞ্চভিঃ প্রাশ্যেদ্ধবিঃ॥ ১৫
বামে নৈবেদ্যমুদ্রাঞ্চ বিকচোৎপলসনিভাম্।
দর্শয়েন্সূলমন্ত্রেণ পানার্থং তীর্থপুরিতম্॥ ১৪
কলশং বিনিবেদ্যাথ পুনরাচমনীয়কম্।
ততঃ শ্রীপাত্রসংস্থেনামূতেন কর্পারেৎ ত্রিধা॥ ৯৫
উত্তমাঙ্গ-ছদাধার-পাদসর্বাঙ্গকেষু চ।
পঞ্চ পুষ্পাঞ্জলীন্ দ্বা মূলমন্ত্রেণ দেশিকঃ॥ ৯৬
ক্রতাঞ্জলিপুটো ভূষা প্রার্থিয়েদিষ্টদেবতাম্।
তবাবরণদেবাংশ্চ পূজ্য়ামি নমো বদেৎ॥ ১৭

করণ, 'বং' মন্ত দারা অমৃতীকরণ করিয়া মৃলমন্ত দারা দপ্তবার অভিমন্ত্রিত করিয়া অর্থাজল দারা নিবেদন করিবে। মূলমন্ত্র ("ব্রীং শ্রীং
ইত্যাদি) "দর্ব্বোপকরণান্বিতং দিন্ধান্নং ইষ্টদেবতারৈ নিবেদয়িমি
শিবে হবিরিদং জুবাণ" ইহা নিকেদন-মন্ত্র। অনস্তর প্রাণাদি পঞ্চন্মুদ্রা প্রদর্শনপূর্ব্বক দেবীকে হবিঃ (ভোজা) ভোজন করাইবে।
পরে বাম-হস্তে প্রক্ষুটিতপদ্মাকৃতি নৈবেদ্য-মুদ্রা প্রদর্শন করাইবে,
অনস্তর মূল-মন্ত্রোচ্চারণপূর্ব্বক পানার্থ তীর্থ-পূরিত (স্বরা-পূরিত)
কলস এবং পুনরাচমনীয় নিবেদন করিয়া, অনস্তর শ্রীপাত্রন্থিত
অমৃত দারা তিনবার তর্পণ করিবে। দাবক মূলমন্ত্র দ্বারা দেবীর
শিরোদেশে, স্থদয়ে, আধারে, চরণ-যুগলে এবং দর্বাঙ্গে পঞ্চপুষ্পাক্রনি প্রদান করিয়া ক্রতাঞ্জলিপুটে ইপ্রদেবতার নিকট প্রার্থনা করিবে
এবং "তব আবরণদেবতাঃ পুজয়ামি নমঃ" অর্থাৎ ভোমার আবরণদেবতাগণের পূজা করি—ইহা বলিবে। ৮৯—৯৭। যদ্ধের

আমিনিপ তিবাধী শপ্রতঃ পৃষ্ঠতঃ ক্রমাং।

যড়কানি চ সংপূল্য গুরুপঙ্কীঃ সমর্চয়েং॥ ৯৮

গুরুপ পরমাদিশ পরাপদ্মগুরুং তথা।
পরমেষ্টিগুরুপের যজেং কুলগুরুনিমান্॥ ৯৯
গুরুপাত্রামূতেনৈর ত্রিস্তিপ্রপাচরেং।
ভতেহিইদলমধ্যে তু পূজ্যেদষ্ঠনায়িকাঃ॥ ১০০
মঙ্গলা বিজয়া ভল্লা জয়স্তী চাপরাজিতা।
নিশ্নী নারসিংহী চ কৌমারীত্যন্ত মাতরঃ॥ ১০১
দলাত্রেম্ যজেদন্ত ভৈরবান্ সাধকোত্রমঃ॥ ১০২
আসিতাঙ্গো ক্রুশ্চণ্ডঃ ক্রোধোন্মত্রো ভয়ন্ধরঃ।
কপালী ভীষণশৈচব সংহারোহন্টো চ ভৈরবাঃ॥ ১০৩

অরি, নৈশ্বতি, বায় ও ঈশানকোণ, সম্মুথ-প্রদেশ ও পশ্চান্তারে যথাক্রমে ষড়ঙ্গ পূজা করিয়া গুরুপঙ্ক্তির অর্চনা করিবে। গুরু, পরমগুরু, পরাপরগুরু এবং পরমেষ্টিগুরু—এই সকল কুলগুরুর অর্চনা করিবে। গুরুপত্তিত অমৃত দারা তিনবার তর্পণ করিবে *। অনন্তর অষ্টদল, মধ্যে অষ্টনায়িকার পূজা করিবে। মঙ্গলা, বিজয়া, ভদ্রা, জয়গুী, অপরাক্ষিতা, নন্দিনী, নারিসিংহী এবং কৌমারী,—এই অষ্ট জন (নায়িকা) মাতা। ৯৮—১০১। সাধকশ্রেষ্ঠ,—দলাত্রো অসিতাঙ্গ, রুক্, চণ্ড, ক্রোধোন্মন্ত, ভয়্বঙ্কর,

^{*} তর্পণের মস্ত্র যথা; — প্রথমে "ওঁ" পরে যাঁহার তর্পণ করিবে, দ্বিতীয়ার সেই নামের উল্লেখ, তৎপরে "তর্পয়ামি নমঃ"। যথা;—"ওঁ গুরুং তর্পয়িমি নমঃ" ইত্যাদি।

ইক্রাদিদশদিক্পালান্ ভূপুরান্তঃ প্রপূজ্যেৎ ॥ ১০৪
তেষামন্ত্রাণি তদ্বাহে পূজ্যেৎ তর্পদ্ধেৎ ততঃ।
সর্ক্রোপচারেঃ সংপূজ্য বলিং দদ্যাৎ সমাহিতঃ ॥ ১০৫
মৃগশ্ছাগশ্চ মেষশ্চ লুলাপঃ শৃকরস্তথা।
শলকী শশকো গোধা কৃষ্মঃ থজ্ঞা দশ স্মৃতাঃ । ১০৬
অন্ত্যানপি পশূন্ দদ্যাৎ সাধকেচ্ছামুসারতঃ ॥ ১০৭
স্থলক্ষণং পশুং দেবাা অত্যে সংস্থাপা মন্ত্রবিং।
অর্যোদকেন সংপ্রোক্ষ্য ধেরুমুদ্রামৃতীকৃত্রম্॥ ১০৮
কৃষ্য চ্ছাগার পশবে নম ইত্যমুনা স্থবীঃ।
সংপূজ্য গন্ধ-সিন্দ্র-পূজ্প-নৈবেদ্য-পাথসা।
গায়ব্রীং দক্ষিণে কর্ণে জপেৎ পাশবিমোচনীম্॥১০৯

কপালী, ভীষণ এবং সংহার—এই অপ্টেডরবের পূজা করিবে *।
আনত্তর দিক্পালগণকে তর্পন করিবে। এইরূপে একাগ্রচিন্তে
পালাদি সর্ব্বোপচার দারা দেবীর পূজা করিয়া বলি প্রদান করিবে।
মূগ, ছাগ,মেষ, মহিষ, শৃকর,শল্লকী, শশক, গোধা,কুর্ম ও গণ্ডার—
এই দশবিধ পশু বলিবানে প্রশস্ত বলিয়া স্মৃত হইয়াছে। ১০২—
১০৬। সাধকের ইচ্ছামুসারে অক্সান্ত পশুও বলি প্রদান করিবে।
মন্ত্রবিৎ স্থবীসাধক রোগাদিশ্ন স্থলক্ষণ পশুকে দেবী-সমূথে স্থাপন,
অর্যাজল দারা প্রোক্ষণ এবং ধেরুমুদ্রা দারা অমৃতীকরণ করিয়া
"ছাগাম্ব পশবে নমঃ" এই মন্ত্র দারা যথাসন্তব গল্প, দিন্দুর,
পুষ্পা, নৈবেদ্য ও জল দারা পূজা করিয়া পশুর দক্ষিণ কর্ণে পাশ-

^{*} বিশেষ মন্ত্ৰ কথিত না হইলে প্ৰথমে "ও", মধ্যে চতুৰ্গান্ত নাম ও অন্তে "নমঃ" একত্ৰে মন্ত্ৰ বলিয়া নিৰ্দিষ্ট। যথা ;—ওঁ মঙ্গলায়ৈ নমঃ ইত্যাদি।

পশুপাশার-শব্দান্তে বিদ্মান্ত পদমুক্তরেও।
বিশ্বকর্মণে চ পদাদ্ ধীমহীতি পদং বদেও॥ >>
ততশ্চোদীরয়েনান্ত্রী তরো জীবঃ প্রচোদরাও।
এষা তু পশুগারত্রী পশুপাশবিমোচনী॥ >>>
ততঃ থড়গাং সমাদার কুর্ফ্রবীজেন পূজরেও।
তদগ্র-মধ্য-মূলেষু ক্রমতঃ পূজরেদিমান্॥ >>২
বাগীশ্বরীঞ্চ ব্রহ্মাণং লক্ষ্মী-নারায়ণো ততঃ।
উমা-মহেশ্বরো মূলে পূজরেও দাধকোত্তমঃ॥ >>৩
অনন্তরং ব্রহ্ম-বিষ্ণু-শিবশক্তিমুতায় চ।
থড়গায় নম ইতান্তমন্তনা থড়াপুজনম্॥ >>৪
মহাবাক্যেন চোৎস্কা ক্রতাঞ্জলিপুটো বদেও।
যথোক্তেন বিধানেন তুভ্যমন্ত সমর্পিতম্॥ >>৫

বিমোচনী গারত্রী জপ করিবে। "পশুপাশার" শক্রে পর "বিরহে" পদ উক্তারণ করিবে, পরে "বিশ্বকর্মণে" এই পদের পর "ধীমহি" পদ বলিবে, অনন্তর "তলো জীবং প্রচোদয়াং" উচ্চারণ করিবে। ইহাই পশুপাশ-বিমোচনী পশুগায়ত্রী *। অনন্তর সাধকশ্রেষ্ঠ থজা গ্রহণপূর্ব্বক কুর্ফ্রবীজ অর্থাং 'হুং' এই মন্ত্র দারা যথা-ক্রমে থড়োর অন্ত্রে, মধ্যে ও মূলদেশে বাগীশ্বরী-ব্রন্ধা, লক্ষ্মী নারায়ণ ও উমা-মহেশ্বরের পূজা করিবে। ১০৭ —১১৩। অনন্তর 'ব্রন্ধ-বিশক্তিযুক্তায় থজায়ে নমং" এই মন্ত্র দারা থজা পূজা করিবে। অনন্তর মহাবাক্য দারা পশু উৎদর্গ করিয়া ক্রতাঞ্জলি-পুটে ''যথোক্তেন বিধানেন তুভামস্ত সম্পর্তিং" ইহা পাঠ করিবে।

^{*} যে স্থলে এইরূপ মস্ত্র উক্ত হইয়াছে ও হইবে, দে স্থলে ছলোর অমুরোধে খণ্ড খণ্ড ভাবে প্রযুক্ত উক্ত পদন্তলিকে একত্র করিলে বক্তব্য মস্ক্র উদ্ধৃত হয়।

ইখং নিবেদ্য চ পশুং ভূমিসংস্ক কারয়েও॥ ১১৬
দেবীভাবপরো ভূজা হস্তাৎ তীব্রপ্রহারতঃ।
শ্বন্ধং বা ভ্রাতৃপুত্রৈর্বা ভ্রাত্রা বা স্কৃষ্টদের বা।
সপিণ্ডেনাথবা চ্ছেদ্যো নারিপক্ষং নিয়োজ্বয়েও॥ ১১৭
ততঃ কবোঞ্চং কৃষিরং বটুকেভ্যো বলিং হরেও।
সপ্রদীপশীর্ষবলিন মো দেবৈ্য নিবেদ্য়েও॥ ১১৮
এবং বলিবিধিঃ প্রোক্তঃ কৌলিকানাং কুলার্চনে।
অন্তথা দেবতাপ্রীতির্জ্জায়তে ন কদাচন॥ ১১৯
ততো হোমং প্রকৃর্বীত তিন্ধানং শৃণু প্রিয়ে॥ ১২০
শ্বদক্ষিণে বালুকাভিশ্মগুলং চতুরস্রক্রম্।
চতুইস্তপরিমিতং কৃত্যা স্লেন বীক্ষণম্।
ভাস্ত্রেণ তাড়িয়িত্বা চ তেনৈর প্রোক্ষণং চরেও॥১২১

এইরপ বিধানান্থদারে নিবেদন করিয়া পশুকে ভূমিদংস্থ করিবে। দেবীভক্তি-পরায়ণ হইয়া তীক্ষ প্রহারে পশুচ্ছেদন করিবে। পশু-চ্ছেদন—স্বয়ং, লাতা, লাতুপ্র্লু, স্থ হৃদ্ অথবা সপিও এই দকল দ্বারা কর্ত্তব্য; শক্রপক্ষকে কদাপি নিযুক্ত করিবে না। অনস্তর "এষ কবোষ্ণ-ক্ষরিবলিঃ ওঁ বটুকেভ্যো নমঃ" এই মল্ল উচ্চারণ পূর্বক বটুকগণকে ইষ্তৃষ্ণ (সদ্যোনির্গত) ক্ষরিববলি দিবে, এবং "এষ স্প্রদীপ শীর্ষবলিঃ ওঁ ব্রীং দেবৈয় নমঃ" এই বলিয়া শীর্ষবলি প্রদান করিবে। কৌলিকগণের কুলার্চ্চনে এইরূপ বলিবিধি উক্ত হইয়াছে; অন্তথা (অর্থাৎ ইয়া না করিলে) কদাপি দেবতার প্রীতি জন্মে না। হে প্রিয়ে! তদনস্তর হোম করিবে, তাহার বিধান বলিতেছি—শ্রবণ কর। সাধ্বকশ্রেষ্ঠ আপনার দক্ষিণদিকে বালুকারাশি দ্বারা চতুর্হন্ত-পরিমিত চতুক্ষাণ মণ্ডল করিয়া মূলমন্ত্র দ্বারা

কূর্চবীক্তেনাবগুর্গ্য দেবতানামপূর্ব্বকম্।

য়াণ্ডিলায় নম ইতি যজেৎ সাধকসন্তমঃ॥ ১২২
প্রাগগ্রা উদগ্রাশ্চ রেখাঃ প্রাদেশসংমিতাঃ।

তিন্দ্রস্তিন্দ্রো বিধাতব্যাস্তত্র সংপূজ্যমেদিমান্॥ ১২৩
প্রাগগ্রাস্থ চ রেখাস্থ মুকুন্দেশপুরন্দরান্।
ব্রহ্মবৈবস্থতেন্দৃংশ্চ উত্তরাগ্রাম্থ পূজ্যেৎ॥ ১২৪
ততঃ স্থাণ্ডিলমধ্যে তু হসোঃ-গর্ভং ত্রিকোণকম্।

য়ট্কোণং ওদ্বহির্বৃত্তং ততোহস্টদলপক্ষজম্।

ভূপুরং তদ্বহির্বিদ্বান্ বিলিখেদ্ যন্ত্রমূত্তমম্॥ ১২৫
মূলেন পূস্পাঞ্জলিনা সংপূজ্য প্রণবেন তু।

হোমদ্রব্যাণি সংপ্রাক্ষ্য কর্ণিকায়াং যজেৎ স্থানীঃ।

মারামাধারশক্তাাদীন্ প্রত্যেকং বা প্রপূজ্যেৎ॥ ১২৬

বীক্ষণ, অস্ত্র (ফট্) মন্ত্র দ্বারা তাড়না, উক্ত মন্ত্র দ্বারাই প্রোক্ষণ এবং কুর্চনীজ (হুং) দ্বারা অবগুঠন করিয়া দেবতা-নামোচ্চারণ-পূর্বাক "স্থণ্ডিলায় নমঃ" এই মন্ত্র উচ্চারণ করন্ত স্থণ্ডিলের পূজা করিবে। ১১৪—১২২। পরে (স্থণ্ডিলে) আদেশ-পরিমিত্ত তিনটি পূর্ব্বাগ্র ও তিনটি উত্তরাগ্র রেখা বিধান করিবে; তাহাতে বক্ষ্যমাণ দেবগণের পূজা করিবে। পূর্ব্বাগ্র রেখাত্রয়ে মুকুন্দ, ঈশ ও পুরন্দরের এবং উত্তরাগ্র রেখাত্রয়ে ব্রহ্মা, বৈবস্ত্বত ও ইন্দুর যথাক্রমে পূজা করিবে। তৎপরে বিচক্ষণ সাধক স্থণ্ডিল-মধ্যে ত্রিকোণ মণ্ডল করিবে, তাহার মধ্যে ইসৌঃ এই শন্দ থাকিবে। ত্রিকোণ মণ্ডলের বহির্ভাগে অষ্ট্রদল পদ্ম ও তাহার বহির্ভাগে ভূপুর বিলিখন করিবে; এইর্নপে উত্তম যন্ত্র রচনা করিবে। পরে মূলমন্ত্র পাঠ করিয়া পূপাঞ্জলি দ্বারা মূলদেবতার পূজা এবং পশ্চাৎ প্রণবো-

অগ্যাদিকোণে ধর্মঞ্চ জ্ঞানং বৈরাগামের চ।
ঐশর্য্যং পূজ্যিত্বা তু পূর্ব্বাদিষু দিশাং ক্রমাৎ॥ ১২৭
অধর্মমজ্ঞানমিতি অবৈরাগ্যমনস্তরম্।
জ্ঞানেশ্বর্যং যজেনান্ত্রী মধ্যেইনস্তঞ্চ পদাকম্॥ ১২৮
কলাসহিতস্থাস্ত তথা সোমস্ত মণ্ডলম্।
প্রাগাদিকেশরেধেষু মধ্যে চৈতাঃ প্রপূজ্যেৎ॥ ১২৯
পীতা খেতারুণা রুষ্ণা ধূমা তীব্রা তথৈর চ।
ফ ুলিসিনী চ রুচিরা জ্লিনীতি তথা ক্রমাৎ॥ ১৩০
প্রণবাদিনমোহস্তেন সর্ব্বর পূজনং চরেং।
রং বক্লেরাসনায়েতি নমোহস্তেন প্রপূজ্যেৎ॥ ১৩১
বাগীশ্বরীমৃতুস্নাতাং নীলেন্দীবরলোচনাম্।
বাগীশ্বরেণ সংযুক্তাং ধ্যাত্বা মন্ত্রী তদাসনে॥ ১৩২

চ্চারণ দারা হোম দ্রব্য প্রোক্ষণ করিয়া, অষ্ট্রদল পদ্মের কর্ণিকাতে মায়াবীজ মর্থাৎ হ্রাং উচ্চারণপূর্ব্বক আধার-শক্তিগণের একদা পূজা করিবে বা প্রত্যেকের পৃথক্ পৃথক্ পূজাবিধান করিবে। ১২৩—১২৬। যন্ত্রের অগ্নি প্রভৃতি চতুক্ষোণে ধর্মা, জ্ঞান, বৈরাপ্য ও ঐশ্বর্যের, এবং পূর্ব্বাদি চতুর্দ্ধিকে অধর্মা, অজ্ঞান, মবৈরাগ্য ও অনৈশ্বর্যের যথাক্রমে পূজা করিয়া, সাধক মধ্যে অনন্ত, পদ্ম, কলা-সহিত স্থ্যমণ্ডল ও সোমমণ্ডলের পূজা করিয়া প্রাগাদি কেশরে যথাক্রমে পীতা, শ্বতা, অরুণা, রুষ্ণা, ধূমা, তীব্রা, ক্ষুলিঙ্গিনী, রুচিরা ও অলিনী—ইইাদিগকে পূজা করিবে। সর্ব্বত্ত দেবতার নামের আদিতে প্রণব ও অস্তে নমং শব্দ যোগ করিয়া পূজা করিবে। "রং বহ্নোসনায় নমং" এই মন্ত্র দারা বহ্নির আদন পূজা করিবে। অনন্তর সাধক, ঋতুমাতা নীলনলিন-লোচনা বাণীশ্বর্যুতা বাণী-

মায়য়া তৌ প্রপৃজ্ঞাথ বিধিবছকিমানয়েং।
মৃলেন বীক্ষণং কৃত্যা ফটাবাহনমাচরেং॥ ১৩৩
প্রেণবঞ্চ ততো বহুের্যোগপীঠায় হ্লনকঃ।
যামা জ্যেষ্ঠা তথা রোদ্রী অম্বিকেতি যথাক্রমাং॥ ১৩৪
ততোহমুক্যা দেবভায়াঃ স্থভিলায় নমঃ পদম্।
ইতি স্থভিলমাপুজ্ঞা তন্মধ্যে মূলরূপিনীম্॥ ১৩৫
ধ্যাত্মা বাশীশ্বরীং দেবীং বহ্নিবীজপুরঃসরম্।
বহ্নিমুদ্ধৃত্য মূলাত্তে কুর্চমন্ত্রং সমুচ্চরন্॥ ১৩৬
ক্রব্যাদেভ্যো বহ্নিজারাং ক্রব্যাদাংশং পরিভ্যক্তেং।
স্থান্ত্রেণ বহিং সংবীক্ষা কুর্চেটনবাবগুর্গয়েং॥ ১৩৭

শ্বরীকে ধ্যান করিয়া ঐ বহ্ন্যাসনে মায়া (ফ্রীং) বীজ উচ্চারণ করিয়া তাঁহাদের অর্থাৎ বাগীশ্বর ও বাগীশ্বরীর পূজা করিবে। অনস্তর বিধানামূসারে অয়ি আনয়ন করিবে; পরে মূলমন্ত্র দ্বারা অয়িবীক্ষণ এবং 'ফট্' এই মন্ত্র পাঠপূর্বক আবাহন করিবে। প্রণব, পরে "বহ্নের্যোগপীঠায় নমং" মন্ত্র দ্বারা বহ্নিপীঠের পূজা করিয়া, পীঠে পূর্ব্বাদি চতুর্দ্ধিকে বামা, জ্যেষ্ঠা, রৌদ্রী ও অম্বিকার যথাক্রমে পূজা করিবে। ১২৭—১৩৪। তৎপরে 'অমুক্যা দেবতায়াঃ স্থগুলায় নমং" এই মন্ত্র দ্বারা স্থগুলে পূজা করিয়া, তন্মধ্যে মূল-রূপনী বাগীশ্বরী দেবীকে ধ্যান করিয়া বহ্নিবীজ (য়ং) উচ্চারণপূর্বক অয়ি উদ্বৃত করিয়া মূলমন্ত্র পাঠানস্তর কুর্চ্চবীজ (য়ং) ও অস্ত্র (ফট্) এই মন্ত্র উচ্চারণ করত্র 'ক্রেব্যাদেভ্যঃ", পরে বহ্ন্নিয়া (স্বাহা) উচ্চারণপূর্বক রাক্ষসগণের দেয় অংশ দক্ষিণদিকে নিক্ষেপ করিয়ে। তৃর্দ্ধবীক্ত্র অস্ত্রবীজ (ফ্র্ট্) দ্বারা অয়িক্ বীক্ষণ করিয়া কূর্চ্চবীক্ত

ধেষা চৈবামৃতীকৃত্য হস্তাভ্যামগ্নিমৃদ্ধরে ।
প্রাদক্ষিণ্যক্রমেণাগ্নিং ভ্রাময়নৃ ক্ষণ্ডিলোপরি ॥ ১০৮
বিধা জাফুস্পৃষ্ঠভূমিঃ শিববীজং বিচিপ্তয়ন্ ।
আত্মনোহভিমৃথীকৃত্য যোনিয়ন্তে নিয়োজ্রে ॥ ১৩১
ততো মায়াং সমৃচ্চার্য্য বহ্নিমৃত্তিঞ্চ ভেযুতাম্ ।
নমোহস্তেন প্রপৃজ্যাথ রং বহ্নিপরতঃ স্বধীঃ ।
চৈতভ্যায় নমো বহ্নেশ্চৈতভাং পরিপৃজ্রে ॥ ১৪০
নমসা বহ্নিমৃত্তিঞ্চ চৈতভাং পরিকল্পা চ ।
প্রজ্ঞালয়ে ততো বহ্নিং মন্ত্রেণানেন মন্ত্রবিৎ ॥ ১৪১
প্রাবং পূর্বমৃদ্ধৃত্য চিৎপিঙ্গলপদং তথা ।
হনদ্মং দহ দহ পচ পচেতি ততো বদেৎ ॥ ১৪২

(হুং) দ্বারা অবগুণ্ঠন (তর্জনী-ল্রামণ দ্বারা বহ্নিবেইন) করিবে। ধেরুমুদ্রা দ্বারা অমৃতীকরণ করিয়া হস্তদন্ত দ্বারা অগ্নি উত্থাপিত করিবে এবং প্রদক্ষিণক্রমে স্থণ্ডিলের উরিভাগে তিন বার ল্রমণ করাইয়া অগ্নিকে শস্তুবীর্য্য বলিয়া চিন্তা করত জামু দ্বারা ভূমি স্পর্শ-পূর্বক নিজাভিমুথ করিয়া যোনিযন্ত্রের উপর স্থাপন করিবে। ১৩৫ — ১৩৯। অনস্তর স্থধী সাধক মায়াবীজ (হ্রীং) এবং পরে চতুর্থী বিভক্তির একবচনান্ত বহ্নিমূর্ত্তি শক্ষোচ্চারণ ও অস্তে নমঃ ধ্যো করিয়া বহ্নিমূর্ত্তির পূজা করিবে এবং "রং বহ্নি" পরে "চৈত্তস্তার নমঃ" এই মন্ত্রে বহ্নিচৈতন্তের পূজা করিবে। 'নমঃ' মন্ত্র দ্বারা বহ্নিমূর্ত্তি ও বহ্নিচৈতন্তের মনে মনে পরিকল্পনা করিয়া এই মন্ত্র পাঠপূর্বক অগ্নি প্রজ্ঞালিত করিবে। প্রথমে প্রণবোচ্চা-রণপূর্বক "চিৎপিঙ্গল" পদ, তৎপরে "হন হন" তৎপরে "দহ দহ" এবং তৎপরে "পচ পচ" পাঠ করিবে। ১৪০—১৪২। অনস্তর

সর্ব্যজ্ঞাপয় সাহা বহ্নিপ্রজ্ঞালনে মন্থ:।
ততঃ ক্বতাঞ্জলিত্বা প্রক্যাদিয়িবন্দনম্॥ ১৪০
তথিং প্রজ্লিতং বন্দে জাতবেদং ছতাশনম্।
স্বর্ণবর্ণমনলং সমিদ্ধং সর্বতোম্থম্॥ ১৪৪
ইত্যপস্থাপ্য দহনং ছাদয়েং স্থগ্ডিলং কুনৈ:।
স্বেইনায়া বহ্নিমম ক্বাভার্জনমাচরেং॥ ১৪৫
তারো বৈশ্বানরপদাজ্জাতবেদংপদং বদেং।
ইহাবহাবহেত্যক্ত্বা লোহিতাক্ষপদান্তরম্॥ ১৪৬
সর্ব্বক্ষাণি-পদতঃ সাধয়ান্তেহয়বল্লভা।
ইত্যভার্চ্য হিরণ্যাদি সপ্তজ্জিহ্বাং প্রপ্রুয়েং॥ ১৪৭
সহস্রাচ্চিঃপদং ভেইন্তং হ্বদয়ায় নমো বদেং।
য়ড্লং প্রয়েরহেন্ডতো ম্রীর্যজেং স্বধী:।
জাতবেদংপ্রভ্তয়ো মৃর্র্রাহন্টে প্রকীর্ষ্তিহাঃ॥ ১৪৮

"সর্বজ্ঞাজ্ঞাপয় স্বাহা" এই মন্ত্র বহ্নি-প্রজ্ঞালনে নির্দিষ্ট হইয়াছে। পরে কৃতাঞ্জলি হইয়া অয়িবন্দনা করিবে। প্রজ্ঞলিত, স্থবর্ণ-তুলা নির্দ্মল, প্রদীপ্ত ও সর্বতোম্প, জাতবেদ হুতাশনকে বন্দনা করি, —এইরূপে অয়িবন্দনা করিয়া কুশ দারা স্থান্তিল আচ্ছাদিত করিবে। অনস্তর নিজ ইষ্টদেবতার নামোচ্চারণপূর্বক বহ্নি-নামোচ্চারণ করিয়া অভ্যর্থনা করিবে। প্রণব (ওঁ), "বৈশ্বানর" পদ, তদনস্তর "জাতবেদ" পদ উচ্চারণ করিবে। তৎপরে "ইহাবহাবহ" এই বাক্য কথনাস্তে "লোহিতাক্ষ" পদ, পরে "সর্ব্বকর্মাণি" পদ, পরে "গাধ্য", তদস্তে অয়িবল্লভা অর্থাৎ "শ্বাহা" এইরূপ মন্ত্র পাঠপুর্বক বহ্নির অভ্যর্থনা করিয়া হিরণ্যাদি সপ্তক্ষিহ্বার পূজা করিবে। ১৪৩—১৪৭। অনস্তর স্থাী সাধক, চতুর্থী বিভক্তির একবচনাস্ত সহ্র্রাচ্চিদ্

ততো যজেদন্তশক্তীর্রাক্ষাভাস্তদনস্তরম্।
পদ্মাভিন্টনিধীনিন্তৃ। যজেদিক্রাদিদিক্পতীন্॥ ১৪৯
বজ্ঞাভান্তানি সংপূজ্য প্রাদেশপরিমাণকম্।
কুশপত্রবয়ং নীত্বা ঘুতমধ্যে নিধাপয়েৎ॥ ১৫০
বামে ধ্যায়েদিড়াং নাড়ীং পিঙ্গলাং দক্ষিনে তথা।
মধ্যে স্বয়ুমাং সঞ্চিস্তা দক্ষভাগাৎ সমাহিতঃ ॥ ১৫১
আজাং গৃহীরা মতিমান্ দক্ষনেত্রে হুতাশিতুঃ।
মদ্রেণানেন জুহুরাৎ প্রণবাস্তেহ্রয়ে-পদম্॥ ১৫২
স্বাহাস্তো মন্তরাখ্যাতো বামভাগাদ্ধবিহ্রেৎ।
বামনেত্রে হুনেদ্হেরোং সোমার দ্বিঠো মন্তঃ॥ ১৫৩

শক (সহস্রার্চিষে) এবং পরে হালয়ায় নমঃ বলিয়া হালয়ালি বাহ্ন-য়ড়য়পুজা করিবে। জাতবেদঃ প্রভৃতি পূজা করিবে। জাতবেদঃ প্রভৃতি বহিলর অইমুন্তি পূর্বেই বলা হইয়াছে। পরে ব্রাক্ষা প্রভৃতি অই-শক্তির পূজা করিবে। তদনস্তর পদ্মাদি অইনিধির পূজা করিয়াই ক্রাদি দিক্পতিগণের পূজা করিবে এবং দিক্পতিগণের বজ্ঞাদি অস্তর্নম্হের পূজা করিয়া প্রাদেশ-পরিমিত কুশপত্রয়য় গ্রহণপূর্বেক মৃত্যমধ্যে স্থাপিত করিবে। ১৪৮—১৫০। মৃত্তের বামে ইড়া, দক্ষিণে পিঙ্গলা ও মধ্যে স্বয়ুমা নাড়ীকে চিস্তা করিয়া পরে একাগ্র-চিত্তে দক্ষিণভাগ হইতে মৃত লইয়া স্থবুদ্ধি সাধক, এই বক্ষামাণ মন্ত্রাহ্লদারে অগ্লির দক্ষিণনেত্রে, আহতি প্রদান করিবে। প্রথমে প্রণ্ ক্রমার আধ্যাত। বামভাগ হইতে হবিঃ গ্রহণ করিবে এবং আয়ির বাম-নেত্রে আহতি প্রদান করিবে; ইহার মন্ত্র,—"ওঁ সোমার স্থাহা।" মধ্যভাগ হইতে আজ্য গ্রহণপূর্বক বহিললাটে আছত্তি

মধ্যাদাজ্যং সমানীয় ললাটে হবনং চরেং।
আমীষোমো সপ্রণবৌ ভূর্যাদ্বিচনাশ্বিতো॥ ১৫৪
স্বাহাস্থোহয়ং মন্থ: প্রোক্তঃ পুনদিক্ষিণতো হবি:।
গৃহীত্বা মনসা মন্ত্রী প্রণবং পূর্বমৃদ্ধরেং॥ ১৫৫
আর্মরে চ স্থিষ্টিরুতে বহ্নিকাস্তাং ততো বদেং।
আনেন বহ্নিবদনে জুরুয়াৎ সাধকোত্তম:।
ভূত্র বংস্বর্দিসাস্তেন ব্যান্থতাা হোমমাচরেং॥ ১৫৬
তারো বৈখানরপদাজ্জাতবেদ ইহাবহা।
বহ লোহি-পদাস্তে চ তাক্ষসর্বপদং বদেং।
কর্মাণি সাধর স্বাহা ত্রিধানেনান্থতীহরেং॥ ১৫৭
ততোহগ্রো স্পেইমাবাহ্য পীর্সান্থ্য: সহ পূজনম্।
কৃত্বা স্বাহাস্তমন্থনা মৃলেন পঞ্চবিংশতীঃ॥ ১৫৮

প্রদান করিবে। ওঁকারযুক্ত চতুর্থীবিভক্তির দ্বিচনাস্ত "অগ্নীযোম" শব্দ অর্থাৎ "ওঁ অগ্নীযোমভ্যাং" পরে "স্বাহা" ইহা ললাটে আছতি প্রদানের মন্ত্র বলিয়া উক্ত হইয়াছে। পরে মন্ত্রক্ত ব্যক্তিনমঃ শব্দ ধারা দক্ষিণ-ভাগ হইতে পুনর্ব্বার হবিঃ গ্রহণ করিয়া প্রথমে প্রণবোচ্চারণ করিবে, "অগ্নয়ে স্বিষ্টিকৃত্তে" এবং তদনস্তর বহ্দিজায়া (স্বাহা) শব্দ উচ্চারণ করিবে। সাধক এই মন্ত্র ধারা অগ্নিমুখে হোম করিবে। পরে প্রথমে প্রণব ও অত্তে স্বাহা যোগ করিয়া ক্রমাধ্বরে ভূঃ, ভূবঃ ও স্বঃ—এই তিন ব্যাহাতি ধারা হোম করিবে। ১৫১—১৫৬। অনস্তর প্রথমতঃ প্রণব, পরে "বৈশ্বানর" পদ, তৎপরে জ্বাতবেদ ইহাবহাবহ লোহি" তৎপরে "তাক্ষ সর্ব্ব-কর্ম্বাণি সাধ্য স্বাহা" এই পদ উচ্চারণ করিবে। এইরূপ মন্ত্র

হত্বা বহুগাত্মনোর্দেব্যা ঐক্যং সম্ভাবয়ন্ ধিয়া।

এ কাদশাহতীহু ত্বা মুলেনৈবাঙ্গদেবতাঃ ॥ ১৫৯
হত্বা স্বকামমুদ্দশু তিলাক্ত্যমধুমিশ্রিতৈঃ।
পুল্পৈর্বিল্পেনর্বাপি যথাবিহিতবস্তুভিঃ ॥ ১৬০
যথাশক্ত্যাহুতিং দন্তান্নাষ্টন্যনাঃ প্রকল্পয়েৎ ॥ ১৬১
ততঃ পূর্ণাহুতিং দন্তাৎ ফলপত্রসমন্বিতাম্।
স্বাহাস্তম্লমন্ত্রেণ ততঃ সংহারমুদ্রয়া।
তত্মাদ্দেবীং সমানীয় স্থাপয়েক্ দয়াম্বুজে ॥ ১৬২
ক্ষমস্বেতি চ মন্ত্রেণ বিস্তুত্বেৎ তং হুতাশনম্।
ক্রতদক্ষিণকো মন্ত্রী অচ্ছিদ্রমবধারয়েৎ ॥ ১৬০
হুতশেষং ক্রবেশ্র্ধ্যে ধার্য়েৎ সাধকোত্তমঃ ॥ ১৬৪

স্বীয় ইষ্টদেবতাকে আবাহনপূর্বক পীঠাদির সহিত তাঁহার পূজা করিয়া স্বাহাস্ত মূলমন্ত্র দারা অগ্নিমধ্যে পঞ্চবিংশতি আহতি প্রদান করিয়া, বৃদ্ধি দারা বহ্নি, দেবী ও নিজ-আত্মার ঐক্য চিন্তা করত মূলমন্ত্র দারা একাদশ আহতি দান করিয়া অঙ্গদেবতার উদ্দেশে হোম করিবে। অনস্তর স্বকামনা উদ্দেশ করিয়া তিল, মৃত্ত ও মধুমিশ্রিত পূপ, বিহুদল কিংবা যথাবিহিত বস্তু দারা যথাশক্তি আহতি প্রদান করিবে। অষ্টসংখ্যার ন্যুন আহতি দিবে না। ১৫৭—১৬১। অনস্তর স্বাহাস্ত মূলমন্ত্র দারা অগ্নিতে ফল ও তাস্থূল-সমন্ত্রিত প্রদান করিবে। পরে সংহারমুদ্রা দারা দেবীকে অগ্নি হইতে আনয়নপূর্বক হংপদ্মে স্থাপন করিবে। অনস্তর সাধক "(অগ্নে) ক্ষমস্ব" এই মন্ত্র পাঠ করিয়া অগ্নি বিসর্জন করিবে। পরে দক্ষিণাস্ত করিয়া অক্সিনোর করিবে। তদনস্তর সাধক শেতা করিবে। তানস্তর সাধকশেশ ত্রিবে। পরে দক্ষিণাস্ত করিয়া অক্সিনাবধারণ করিবে। তদনস্তর সাধকশেশ ত্রাবাদিষ্ট দ্ব্যে (ম্বতমিশ্রিত ভন্ম) ক্রম্বের মধ্যদেশেশ

এব হোমবিধিঃ প্রোক্তঃ সর্ব্বোগমকর্মণি।
হোমকর্ম সমাপ্যৈবং সাধকো জপমাচরেং॥ ১৬৫
বিধানং শৃণু দেবেশি যেন বিজ্ঞা প্রসীদতি।
দেবতাগুরুমন্ত্রাণামৈক্যং সন্তাবয়েদ্বিয়া॥ ১৬৬
মন্ত্রাণা দেবতা প্রোক্তা দেবতা গুরুত্রপণী।
অভেদেন যজেদ্যস্ত তম্ম সিদ্ধিরত্বত্রমা॥ ১৬৭
গুরুং শিরসি সঞ্চিস্তা দেবতাং হৃদয়াম্বুজে।
রসনায়াং মৃশবিজ্ঞাং তেজারূপাং বিচিন্তা চ।
এয়াণাং তেজসাত্মানমেকীভূতং বিচিন্তয়েং॥ ১৬৮
তারেণ সংপ্রীকৃত্য মৃলমন্ত্রঞ্চ সপ্রধা।
জপ্তা তু সাধকং পশ্চানাত্কাপুটিতং স্মরেং॥ ১৬৯

ধারণ করিবে। সকল আগমকর্মে এইরূপ হোম-বিধি উক্ত হইল। অনন্তর সাধক এইরূপে হোমকর্ম্ম স্বাপ্ত করিয়া জপ করিবে। হে দেবেশি! যাহার দ্বারা বিদ্যা প্রসন্ন হন, আমি তাদৃশ লপান্তহানের বিধান বলিতেছি— শ্রবণ কর। মনে মনে দেবতা, গুরু ও মন্ত্রের ঐক্য চিন্তা করিবে। ১৬২—১৬৬। মন্ত্রবর্গ দেবতা বলিয়া উক্ত হইয়াছেন এবং দেবতা গুরু-রূপিণী; যে ব্যক্তি এই তিনের অভেদ-জ্ঞানে পূজা করিবেন, তাঁহার অন্তর্না সিদ্ধি লাভ হইবে। মন্তবেক গুরুবেক চিন্তা করিয়া হৃদয়-কমলে দেবতাকে এবং রসনাতে তেজো-রূপে মূলমন্ত্রাক্মিক বিদ্যাকে চিন্তা করিয়া গুরুব, দেবতা ও মূলমন্ত্র—এই তিনের তেজঃ দ্বারা একীভূত আত্মাকে চিন্তা করিবে। মৃলমন্ত্রকে প্রবাবসংপুটিত করিয়া সপ্তবার উহা জপ করিয়া পরে মাতৃকাপুটিত করিয়া সপ্তবার জপ করিবে। বিচক্ষণ সাধক নিজ

মারাবীজং স্থানিরসি দশধা প্রজপেৎ স্থানীর।
বদনে প্রণবং তদ্বৎ পুনর্মারাং ব্রুদস্ক ।
প্রজপ্য সপ্তধা মন্ত্রী প্রাণায়ামং সমাচরেৎ ॥ ১৭০
ততো মালাং সমাদায় প্রবালাদিসমূদ্রবাম্ ।
মালে মালে মহামালে সর্বাশক্তিস্বরূপিনি ॥ ১৭১
চতুর্ব্বর্গস্বয়ি অস্তস্তস্মামে সিদ্ধিনা ভব ।
ইতি সংপূজ্য তাং মালাং শ্রীপাত্রস্থামূতেন চ ॥ ১৭২
তিধা মূলেন সন্তর্প্য স্থিরচিত্রো জপঞ্চরেৎ ।
অস্টোত্তরসহস্রং বাপ্যথবাটোত্তরং শতম্ ॥ ১৭০
প্রাণায়ামং ততঃ কৃষ্য শ্রীপাত্রজ্লপুস্পকৈ: ।
শুহাতিগুহুগোপ্ত্রী স্বং গৃহাণাস্বৎক্তবং জপম্ ।
সিদ্ধিভবতু মে দেবি স্বৎপ্রসাদান্মহেশ্বরি ॥ ১৭৪

শিরোদেশে মায়াবীজ (য়ীং) দশ বার জপ করিবে। সেইরূপ ত্বীর মুথে দশবার প্রণব জপ করিবে। পুনর্ব্বার হৃৎপদ্মে দপ্তবার মায়াবীজ জপ করিয়া পূর্ব্ববৎ প্রাণায়াম করিবে। তদনস্তর প্রবালাদিনির্দ্দিত মালা গ্রহণ করিয়া, হে মালে! হে মালে! হে মহামালে! হে সর্বাশক্তিত্বরূপিণি! ধর্ম, অর্থ, কাম ও মাক্ষ, এই চতুর্ব্বর্গই তোমাতে বিশ্বস্ত আছে, দেই হেতু তুমি আমাকে সিদ্ধি প্রদান কর, — এই মন্ত্র দ্বারা দেই মালার পূজনাস্তে মূলমন্ত্র উচ্চারণপূর্বক শ্রীপাত্রন্থিত অমৃত দ্বারা তিনবার মালার তর্পণ করিয়া ত্বিরচিত্তে অস্টোত্তর-সহত্র অথবা অস্টোত্তর-শতবার মূলমন্ত্র জপ করিবে। ১৬৭—১৭০। তদনস্তর প্রাণায়াম করিয়া স্থবৃদ্ধি দাধক, হে দেবি. তুমি ত্বয় ও অতিগুত্তের রক্ষাকর্ত্রী; তুমি আমার ক্বত জপ প্রবা কর। তোমার প্রসাদে আমার সিদ্ধি লাভ হইক,— এই মন্ত্র

ইতি মন্ত্রেণ মতিমান্ দেব্যা বামকরাম্ব্রে।
তেলোরপং জপফলং সমর্প্য প্রাণমেন্ত্রি ॥ ১৭৫
ততঃ রুতাঞ্জলিভূ স্থা স্তোত্রঞ্চ কবচং পঠেৎ॥ ১৭৬
ততঃ প্রদক্ষিণীক্ততা বিশেষার্য্যেণ সাধকঃ।
বিলোমার্য্যপ্রদানেন কুর্যাাদাস্থসমর্পণম্॥ ১৭৭
ইতঃ পূর্ব্বং প্রাণবৃদ্ধিদেহধর্মাধিকারতঃ।
জাগ্রৎস্থপ্রস্থান্তে অবস্থান্থ প্রকীর্ত্তরেং॥ ১৭৮
মনসান্তে বদেবাচা কর্মণা তদনস্তরম্।
হস্তাভ্যাং-পদতঃ পদ্যামুদরেণ ততঃ পরম্॥ ১৭৯
শিশ্লমা যৎ কৃতঞ্চোক্র্যা যৎ স্মৃতং পদতো বদেং।
যত্রকং তৎ সর্ব্বমিতি ব্রন্ধার্পণমুদীরয়েং।
ভবস্থন্তে মাং মদীয়ং সকলং তদনস্তরম্॥ ১৮০

পাঠপুর্বক শ্রীপাত্র-স্থিত জল ও পুষ্প দ্বারা দেবীর বাম করকমলে তেজোরূপ জপফল সমর্পন করিবে। সমর্পন করিবে। পরে কতাঞ্জলি হইয়া শুব ও কবচ পাঠ করিবে। পরে সাধক প্রদক্ষিণ করিয়া বিলোম মন্ত্র উচ্চারণপূর্ব্ধক সংস্থাপিত বিশেষার্ঘ্য প্রদানান্তে দেবীকে আত্মসমর্পন করিবে। ''ইতঃ পূর্ব্ধং প্রাণবৃদ্ধিদেহধর্মাধিকারতো জাগ্রৎস্থপ্রস্থস্থপ্রত্তি' এই পদের পর "অবস্থাস্থ" পদ কীর্ত্তন করিবে; পরে "মনসা" তৎপরে "বাচাকর্মণা" পদ বলিবে; তৎপরে "হস্তাভ্যাং" এই পদের পর "পদ্থান্ম্বরেন" তদনস্তর "শিশ্বয়া যৎ ক্বতং" এই পদোচারণান্তে "যৎ স্মৃতং" পদ, তৎপরে "যহক্তং তৎ সর্বাং" পাঠ করিবে; তদনস্তর "শ্রন্ধান্তি" করিবে; তদনস্তর "শ্রন্ধান্তি" পরি শুরুতং তৎ সর্বাংশ পাঠ করিবে; তদনস্তর "শ্রন্ধান্তি" তদনস্তর "শ্রন্ধান্তি" পরে "স্বত্ত্ব" তদনস্তর "শ্রেকা-প্রাংশ, এই শব্দ উচ্চারণ করিবে। তৎপরে "ভবত্ত্ব" তদন্তে "মাং

আথাকালীপদান্তোজে অর্পন্নামি পদং বদেং।
প্রাণবং তৎপদিভূতি বুর্বাদাত্মসর্পণম্। ১৮১
ততঃ ক্বতাঞ্জলিভূ বা প্রার্থন্নেদিষ্টদেবতাম্।
মানানীজং সমূচ্চার্যা শ্রীআতো কালিকে বদেং॥ ১৮২
পূজিতাসি বথাশক্ত্যা ক্ষমস্বেতি বিস্কান্ত চ।
সংহারমুদ্রন্ন পুস্পমান্তান্ন স্থাপন্নেকৃদি॥ ১৮৩
ঐশান্তাং মণ্ডলং ক্বতা ত্রিকোণং স্পানিকৃতম্।
তত্র সংপূজ্যেদেবীং নির্মাল্যপুস্পবারিণা।
হ্রীং নির্মাল্যপদক্ষোক্ত্রা বাসিতো নম ইত্যপি॥ ১৮৪
ব্রন্ধ-বিষ্ণু-শিবাদিভ্যঃ সর্ব্বদেবেভ্য এব চ।
নৈবেদ্যং বিতরেৎ পশ্চাদ্ গৃহ্নীয়াৎ শক্তিসাধকঃ॥ ১৮১

মদীয়ং সকলং", তৎপরে "আদ্যাকালী-পদান্তোজে অর্পয়ামি" (অর্থাৎ ইহার পূর্ব্বে—প্রাণ-বৃদ্ধি-দেহ-ধর্মাধিকারে জাগ্রৎ, স্বর্ম ও স্থুপুপ্তি এই তিন অবস্থাতে মন, বাকা, কর্ম, হস্তবয়, পদবয়, উদর ও উপস্থ দারা যথাসন্তব যাহা রুত, স্মৃত ও উক্ত হইয়াছে, তৎসমস্তই ব্রন্মে অর্পিত হউক; আমাকে ও যে বস্ততে আমার বিলিয়া অভিমান আছে, তাহা আদ্যাকলীর প্রীচরণকমলে অর্পণ করিলাম) এই পদ পাঠ করিবে। তদনস্তর ও তৎসৎ উচ্চারণ করিয়া দেবীকে আত্মসমর্পণ করিবে। ইহা আত্মসমর্পণের মন্ত্র। ১৭৪—১৮১। তৎপরে (সাধক) রুতাঞ্জলি হইয়া ইইদেবতার নিকট প্রার্থনা করিবে। মায়াবীজ (ব্রীং) উচ্চারণ করিয়া 'শ্রীআদ্যে কালিকে" এই পদ উচ্চারণ করিবে, তৎপরে 'ব্যাশক্যা পুরিভাসি ক্ষমস্ব'' এই বলিয়া প্রার্থনা করিবে। এইরূপে ইষ্ট-দেবতাকে বিসর্জ্জনপূর্ব্বক সংহারমুদ্রা দ্বারা গৃহীত প্রপ্রের আ্রাণ

ষীয়শক্তিং বামভাগে সংস্থাপ্য পৃথগাসনে।

একাসনোপবিষ্ঠো বা পাত্তং কুর্যান্মনোময়ম্॥ ১৮৬
পানপাত্তং প্রকুর্কীত ন পঞ্চতোলকাধিকম্।
তোলকত্রিতয়ান্যনং স্থার্ণং রাজতমেব চ॥ ১৮৭
অথবা কাচজনিতং নারিকেলোদ্ভবঞ্চ বা।
আধারোপরি সংস্থাপা শুদ্দিপাত্রস্য দক্ষিণে॥ ১৮৮
মহাপ্রসাদমানীয় পাত্রেষু পরিবেষয়েং।
স্বয়ং বা ভ্রাতৃপুত্রৈবা জ্যেষ্ঠাকুক্রমতঃ স্থবীঃ॥ ১৮৯
পানপাত্রে স্থধা দেয়া শৌদ্ব্যে শুদ্ধাদিকানি চ।
ততঃ সাময়িকৈঃ সাদ্ধিং পানভোজনমাচরেং॥ ১৯০

লইয়া দেবীকে স্বস্থদয়ে স্থাপন করিবে। অনস্তর ঈশানকোণে স্থপরিষ্ঠ তিকোণ মণ্ডল করিয়া তাহাতে নির্মালা পুষ্প ও জল দ্বারা "হ্রীং নির্মাল্য" এই পদ উচ্চারণ করিয়া পরে "বাদিলৈ নমঃ " ইহা বলিয়া দেবীকে (নির্মাল্যবাদিনীকে) পূজা করিবে। অনস্তর শক্তি-সাধক ব্রহ্মা, বিষ্ণু ও শিব প্রভৃতি দকল দেবগণকে নৈবেদ্য বিতরণ করিবে এবং পশ্চাৎ স্বয়ং গ্রহণ করিবে। বামভাগে ভিন্ন আদনে স্বীয় শক্তিকে স্থাপন করিয়া অথবা তৎসহিত একাদনে উপবিষ্ট হইয়া পানাদি জন্ত মনোময় পাত্র স্থাপন করিবে। পরিমাণে পঞ্চতোলকের অনধিক এবং ত্রিভোলকের অন্যন স্থাময় কিংবা রাজত বা কাচ-নির্মিত অথবা নারিকেল-সন্ত্রত পানপাত্র নির্মাণ করিবে। শুদ্ধিপাত্রের দক্ষিণভাগে আধারোপরি সংস্থাপিত করিয়া, বিচক্ষণ সাধক, মহাপ্রসাদ আনয়নপূর্ব্বক স্বয়ং, ভ্রাতা বা পূত্র দ্বারা জ্যেষ্ঠান্থক্রমে পাত্র পরিবেষণ করাইবে। ১৮১—১৮৯। পানপাত্রে স্থ্যা এবং শুদ্ধিপাত্রে শুদ্ধি (মাংস-মংস্থাদি) প্রদান করিবে।

আদাবান্তরণার্থায় গৃহীয়াচ্ছু দ্ধিমৃত্যাম্।
ততোহতিন্থ ইমনসা সমস্ত: কুলসাধক: ॥ ১৯১
স্বস্থাবাং সমাদার পরমামৃতপূরিতম্।
মূলাধারাদিজিহ্বান্তাং চিজ্রপাং কুলকুগুলীম্॥ ১৯২
বিভাব্য তলুখান্তোজে মূলমস্তং সমুচ্চরন্।
পরস্পরাজ্ঞামাদায় জুভ্য়াৎ কুগুলীমুখে ॥ ১৯৩
অলিপানং কুলস্থীণাং গদ্ধস্বীকারলক্ষণম্।
সাধকানাং গৃহস্থানাং পঞ্চপাত্রং প্রকীর্তিতম্ ॥ ১৯৪
অতিপানাৎ কুলীনানাং সিদ্ধিহানিঃ প্রজায়তে ॥ ১৯৫
যাবল চালয়েদ্ দৃষ্টিং যাবল চালয়েন্মনঃ।
তাবৎ পানং প্রকুর্বীত পশুপানমতঃ পরম্ ॥ ১৯৬

অনস্তর দেবীর পূজা-সময়ে সমাগতজনগণের সহিত পান-ভোজন করিবে। প্রথমতঃ আন্তরণের জন্ম উত্তমা শুদ্ধি (মাংসাদি) গ্রহণ করিবে। পরে সমস্ত কুলসাধক অতিশর আনন্দিত-চিত্তে উৎকৃষ্ট মদ্যপূরিত স্থাস্থ পাত্র গ্রহণ করিয়া মূলাধার হইতে জিহ্বা পর্যান্ত ব্যাপিনী চৈন্মস্তরপা কুলকুগুলিনীকে চিন্তা করিয়া, মূলমন্ত্র সমূতারণপূর্বক পরস্পরের আজ্ঞা গ্রহণ করিয়া কুণ্ডলীমুখে পরমামৃত হোম করিবে। কুলন্ত্রীগণের পক্ষে মদ্য-গন্ধ-গ্রহণেই অলিপান এবং গৃহস্থ সাধকগণের পক্ষে পঞ্চপাত্র-পরিমিত অলিপান পরিকীর্ত্তিত হইয়াছে। ১৯০—১৯৪। কুলসাধক-গণের, অতিরিক্ত পান করিলে, সিদ্ধিহানি হয়। মদ্যপান, বে পর্যান্ত দৃষ্টিকে ঘূর্ণিত করিতে না পারে, তাবং পর্যান্ত করিবে। ইহার অভিরিক্ত পান পশুপান-তুল্য। পানে যাহার চিত্তবৈকল্য

পানে ভ্রান্থির্ভবেদ্যস্য দ্বনী চ শক্তিসাধকে।
স পাপিষ্ঠঃ কথং ক্রয়াদাদ্যাং কালীং ভ্রজাম্যহম্॥ ১৯৭
যথা ব্রজ্ঞাপিতেহয়াদে স্পৃষ্টদোষো ন বিদ্যতে।
তথা তব প্রসাদেহপি জাতিভেদং বিবর্জ্জয়েৎ॥১৯৮
এবমেব বিধানেন কুর্যাৎ পানক ভ্রেজনম্।
হস্ত-প্রক্ষালনং নাস্তি তব নৈবেদ্যসেবনে।
লেপাপনোদনং কুর্যাদ্বস্ত্রেণ পাথসাপি বা॥১৯৯
ততো নির্মাল্যকুস্থমং বিধৃত্য শিরসা স্থধীঃ।
যন্ত্রলেপং কুর্চদেশে বিহরেদ্বেবত্তুবি॥২০০

ইতি শ্রীমহানির্বাণতন্ত্রে শ্রীপাত্রস্থাপন-হোমচক্রান্ত্রগানকথনং নাম ষঠোল্লাস: ॥ ৬ ॥

জন্ম এবং যে শক্তিসাধককে ঘূণা করে, সে পাণিষ্ঠ "মামি আদ্যা কালীকে ভজনা করি" এ কথা কিরূপে বলিবে? যেমন ব্রন্ধে সমর্পিত অরাদিতে স্পর্শদোষ নাই, অর্থাৎ জাতিভেদ বর্জিত হইরাছে, তক্রপ তোমার প্রসাদেও জাতিভেদ বর্জ্জন করিবে। এইপ্রকার বিধানামুসারে পান-ভোজন করিবে। তোমার নৈবেদ্য-সেবনে হস্ত-প্রকাদন নাই; বস্ত্র বা জল দ্বারা হস্তলেপাপনম্মন করিবে। ভানস্তর স্থধী সাধক মস্তকে নির্মাল্য-কুস্কম ধারণ করিয়া : লেপ-দ্রব্য ক্রম্থা-মধ্যে ধারণ করিবে, —তাহা করিলে দেবতুল্য হইয়া ভূতলে বিচরণ করিবে। ১৯৫—২০০।

সপ্তঝোলাসঃ।

শ্রুষাদ্যাকালিকাদেব্যা মন্ত্রোদ্ধারং মহাফলম্।

সৌভাগ্যমোক্ষজননং ব্রদ্ধজ্ঞানৈকসাধনম্॥ >
প্রাভঃক্ততাং তথা স্থানং সদ্ধ্যাং সংবিদ্বিশোধনম্।
ভ্যাসপুজাবিধানঞ্চ বাহ্যাভ্যস্তরভেদতঃ॥ ২
বলি প্রদানং হোমঞ্চ চক্রান্ত্রন্তানমেব চ।
মহাপ্রসাদেস্থীকারং পার্ক্ষ তী স্তৃষ্ঠমানসা।
বিনয়াবনতা দেবী প্রোবাচ শঙ্করং প্রতি॥ ৩

শ্রীদেব্যবাচ।

সদাশিব জগন্নাথ জগতাং হিতকারক। কুপরা কথিতং দেব পরাপ্রকৃতিসাধনম্॥ ৪ সর্ব্বপ্রাণিহিতকরং ভোগমোকৈককারণম্। বিশেষতঃ ক্লিযুগে জীবানামাণ্ড সিদ্ধিদম্॥ ৫

মহাফল-জনক, দৌভাগ্য ও মোক্ষ-প্রদ, ব্রহ্ম-জ্ঞানলাভের ভারিতীয় সাধন, আদ্যাকালিকাদেবীর মন্ত্রোদ্ধার, প্রাত্তঃকৃত্য, স্নান, সন্ধ্যা, সংবিদাশোধন, বাহ্য-মানসভেদে ক্যাস ও পূজা-বিধান,বলিদান, হোম,ভৈরবী ও তত্ত্ব-চক্রান্তর্গ্রান এবং মহাপ্রসাদ-গ্রহণ প্রবণ করিয়া ফ্রন্তিত্তা পার্ব্ধতী দেবী বিনয়াবনতা হইয়া শঙ্করকে বলিলেন,— হে সদাশিব! হে জগরাথ! হে জগত্তের হিতকর্তা দেব! তুমি কৃপা-পরবশ হইয়া আমার নিকট,—প্রাণিগণের হিতকর, ভোগ ও মাক্ষের অদিতীয় সাধন, বিশেষতঃ কলিয়ুগে জীবগণের আশু সিদ্ধিপ্রদ পরাপ্রকৃতি-সাধন কহিলে। তোমার বাক্যরূপ অমৃত-

তব বাগমুতান্ডোধৌ নিমজ্জন্মম মানসম্।
নোখাতুমীহতে স্বৈরং ভূরঃ প্রার্থয়তেহিরাৎ ॥ ৬
পূজাবিধৌ মহাদেব্যাঃ স্টিতং ন প্রকাশিতম্।
ভোত্রঞ্চ কবচং দেব তদিনানীং প্রকাশয় ॥ ৭

শ্রীসদাশিব উবাচ।

শূণু দেবি জগদ্ধন্য স্থোত্রমেতদন্ত্ত্তমম্।
পঠনাজ্বুবণাদ্যম্য সর্ব্বিদ্ধীশ্বরো ভবেৎ ॥ ৮
অদৌভাগ্যপ্রশমনং স্থেসপ্রদ্বিদ্ধনম্।
অকালমৃত্যুহরণং সর্বাপদ্বিনবারণম্ ॥ ৯
শ্রীমদাদ্যাকালিকায়াঃ স্থেসানিধ্যকারণম্।
স্তবস্থাস্থ প্রসাদেন ত্রিপুরারিরহং শিবে ॥ ১০

সাগরে ক্রমে নিমগ্ন ছইয়া আমার মন স্বেচ্ছাবশে উথিত হইবার জ্য চেষ্টা করিতেছে না, বরং পুনর্বার তৎপ্রাপ্তির জ্বল্য প্রার্থনা করিতেছে। মহাদেবীর পূজা-বিধিতে স্তোত্র ও কবচপাঠের কথা বলিয়াছ, কিন্তু তাহা প্রকাশ কর নাই। হে দেব! এক্ষণে তাহা প্রকাশ কর। ১—৭। শ্রীসদাশিব কহিলেন—হে জগদ্দেয়! হে দেবি! এই সর্ব্বোত্তম স্তোত্র বলিতেছি—শ্রবণ কর, যাহার পাঠে বা শ্রবণে সর্বানির ঈশ্বর হয়। ইহা দ্বারা অসৌভাগ্যের বিনাশ ও স্বথ-সম্পত্তি রৃদ্ধি হয়; ইহা অকাল-মৃত্যুকে হরণ ও আপৎসমূহের নিরাকরণ করে। হে শিবে! এই স্তোত্ত আদ্যাকালিকাদেবীর স্বথজনক সন্নিধানলাভের কারণ। আমি এই স্তবের প্রসাদেই ত্রিপুরারি ইইয়াছি। হে দেবি! সদাশিব এই স্তোত্তর ঋষি বলিয়া উদাহত ইইয়াছেন; ছলঃ অন্তর্হুপ্ এবং আদ্যাক্লিকা দেবতারূপে কীর্ত্তিতা ইইয়াছেন; ধর্ম্ম, অর্থ, কাম ও

ভোত্রভাভ শ্বিদেবি সদাশিব উদাস্ত:।
ছলোহছাই লেবভাদ্যা কালিকা পরিকীর্তিভা।
'ধর্মার্থকামমোক্ষের বিনিয়াগ: প্রকীর্তিভা। ১১
হীংকালী শ্রীংকরালী চ ক্রীংকল্যানী কলাবজী।
কমলা কলিদর্পন্নী কপর্দ্দীশক্তপান্বিভা॥ ১২
কালিকা কালমাতা চ কালানলসমত্যভি:।
কপর্দ্দিনী করালান্তা করুণামৃতসাগরা॥ ১৩
কপাময়ী ক্রপাধারা ক্রপাপারা ক্রপাগমা।
কুশামুং কপিলা ক্ষণা ক্ষণানন্দবিবেদিনী॥ ১৪
কালরাত্রি: কামরূপা কামপাশবিমোচিনী।
কাদেখিনী কলাধারা কলিকল্মমনাশিনী॥ ১৫
কুমারীপূজনপ্রীভা কুমারীপূজকালয়।
কুমারীভোজনানন্দা কুমারীরপধারিনী॥ ১৬

নোক—এই চতুর্বর্গ লাভার্থে বিনিম্নোগ কীর্ত্তিত হইয়াছে।৮—১১। তোত্র যথা;—হীং-রপা কালী, প্রীংরপা করালী এবং ক্রীংরপা কল্যানী। কলাবতী, কমলা, কলিদর্পনাশিনী, মহাদেবের প্রতি রূপাঘতী। কালিকা, কালমাতা অর্থাৎ কালের আদিভূতা, কালানল-সমছাত্তি অর্থাৎ ঘাঁহার তেজ প্রালয়কালীন অগ্নির সদৃল, কর্পদিনী,
করালবদনা, করুণারপ অমৃতের সমৃত্তুল্যা অর্থাৎ ঘাঁহার করুণা
অপার অপরিমেয় ও অক্ষয়। রূপামন্ত্রী, রূপাধারা, রূপাপারা, রূপাগমা অর্থাৎ ঘাঁহার নিজ রূপাবলে ঘাঁহাকে জানিতে পারা যায়।
কূশান্ত অর্থাৎ অগ্রিরপা, কপিলা, রুয়া, রুয়ানন্দ-বিবর্দ্ধিনী। কালছাত্রি, কামরূপা, কামপাশ-বিমোচনী অর্থাৎ কামবন্ধ-চ্ছেদিনী, কাদছাত্রি, কামরূপা, কামপাশ-বিমোচনী অর্থাৎ কামবন্ধ-চ্ছেদিনী, কাদ-

কদখননগণারা কদখননাদিনী।
কদখপুস্পানস্থায়া কদখপুস্পানাদিনী। ১৭
কিশোরী কলকণ্ঠা চ কলনাদিননাদিনী।
কাদখরীপানরতা তথা কাদখরীপ্রিয়া॥ ১৮
কপালপাত্রনিরতা কখালমাল্যধারিনী।
কমলাসনসম্ভা কমলাসনবাসিনী॥ ১৯
কমলালয়মধ্যন্তা কমলামাদমোহিনী।
কলহংসগতিঃ ক্রৈব্যনাশিনী কামর্মপিনী॥ ২০

কুমারীপূজন-প্রীতা অর্থাৎ যিনি কুমারীপূজনে প্রীতিযুক্ত হন, কুমারীপুজকালয়া অর্থাৎ কুমারীপুজকের নিকটেই অবস্থান করেন. कुमात्री लाखनानना व्यर्थां कुमात्री पिशंक (ভाखन कता है। ल चाननिष्ठ इन, कुमात्रीक्र १ धारिकी। कम्ब्यन-मक्षाता (कम्ब्यन-विश्वादियो), कमस्वन-वानिनी, कमस्त्रुष्ण-माखाया (स्वर्थाए कमस्त्रुष्ण বাঁহার সম্ভোষ হয়), কদম্বপুষ্প-মালিনী অর্থাৎ যিনি কদম্বপুষ্পের মালা ধারণ করিয়া থাকেন। কিশোরী, কলক্ষ্ঠা অর্থাৎ বাহার कर्श्यत अठीव मध्त, कलनामिननामिनी (काकिलवर स्थात), কাদম্বীপানরতা অর্থাৎ মদ্যপান-রতা, কাদম্বীপ্রিয়া। কপালপাত্র-নিরতা অর্থাৎ বাঁহার পানপাত্র নর-কপাল, কন্ধাল-মাল্যধারিণী অর্থাৎ বিনি অন্তিমালা ধারণ করিয়া থাকেন। কমলাসন-সম্ভুষ্টা অর্থাৎ ব্রহ্মার প্রতি সম্ভূষ্টা, কমলাসনবাসিনী অর্থাৎ পদ্মাসীনা। कमलालय-मधाया, कमलारमान-स्मानिनी वर्थाए कमलशस्त्र येश्वाद व्यानन नांख हम। कनश्मगंति (तांखर्शमंत्र स्नत्रगामिनी), ক্লৈব্যনাশিনী (ভক্ততঃখহারিণী), কামরূপিণী, কামরূপক্লভাবাসা (কাষরপ-প্রদেশে বাঁহার স্থিতি), কামপীঠবিলাদিনী। কমনীয়া

কামরূপক্কতাবাসা কামপীঠবিলাসিনী।
কমনীয়া কল্পতা কমনীয়বিভূষণা॥ ২১
কমনীয়গুণারাধাা কোমলাঙ্গী ক্লোদরী।
কারণামৃতসন্তোষা কারণানন্দসিদ্ধিলা॥॥ ২২
কারণানন্দর্ভাগেপ্তা কারণার্চনহর্ষিতা।
কারণার্গবিসংমগ্রা কারণব্রতপালিনী॥ ২৩
কন্তুরীপৌরভামোদা কন্তুরীভিলকোজ্জ্লা।
কন্তুরীপূজনরতা কন্তুরীপূজকপিয়া।
কন্তুরীপাহজননী কন্তুরীমূগতোষিণী॥ ২৪

কল্পলতা (যিনি কল্পলতার ভার সাধকাভীপ্ত সম্পূর্ণ করেন), কমনীয়-বিভূষণা। ১৬—২১। কমনীয়-গুণারাধ্যা অর্থাৎ কমনীয়
গুণসমূহই যাঁহার আরাধনা-সাধন। কোমলাঙ্গী, কুশোদরী,
কারণামূত-সন্তোষা অর্থাৎ মদ্যরূপ অমৃত দারা যাঁহার সন্তোষ
হইয়া থাকে, কারণানন্দসিদ্ধিদা (কারণ-পানে যাঁহার আনন্দ হয়
অর্থাৎ যে যথার্থ কুলসাধক, তাহাকে যিনি সিদ্ধি প্রদান করেন)।
কারণানন্দ-জাপেপ্তা অর্থাৎ কুলসাধকগণ জপাদি দ্বারা যাঁহাকে
আর্চনা করিয়া থাকে, কারণার্চ্চন-হর্বিতা অর্থাৎ কারণ দ্বারা পূজা
করিলে যিনি প্রীতা হইয়া থাকেন, কারণার্গবদংময়া অর্থাৎ
বিলোকাধার কারণ-সমুদ্রের অন্তর্নিহিতা, কারণত্রত-পালিনী।
কন্তর্নী-সৌরভামোদা (কন্তর্নী-গিন্ধে বিনি আনন্দিতা হইয়া
থাকেন), কন্তর্নী-তিলকোজ্জলা (কন্তর্নী-তিলক ধারণ করায়
বিচিত্র কান্তিশালিনী), কন্তর্নী পূজন-রতা অর্থাৎ কন্তর্নী দ্বারা
পূজা করিলে যাঁহার অন্তি সন্তোষ হয়), কন্তর্নীপৃঞ্জক-প্রিয়া
(যে কন্তর্নী দ্বারা পূজা করে, সে বাঁহার প্রিয়), কন্তর্নীদাহ-জননী

সপ্তযোলাসঃ।

কস্ত্রীভোজনপ্রীতা কর্প্রামোদমোদিতা।
কর্প্রমালাভরণা কর্প্রচন্দনোক্ষিতা ॥ ২৫
কর্প্রকারণাহ্লাদা কর্প্রামৃতপায়িনী।
কর্প্রমাগরস্নাতা কর্প্রমাগরালয়া॥ ২৬
কৃর্চবীজ্ঞজপপ্রীতা কৃর্চজাপপরায়ণা।
কুলীনা কৌলিকারাধ্যা কৌলিকপ্রিয়কারিণী।
কুলাচারা কৌতুকিনী কুলমার্গপ্রদর্শিনী॥ ২৭
কাশীশ্বরী কর্ত্বহলী কাশীশ-বরদায়িনী।
কাশীশ্বরক্তামোদো কাশীশ্বরমনোরমা॥ ২৮

কস্তুরীমৃগতোষিণী। কস্তুরীভোজন-প্রীতা, কর্পুরামোদমোদিতা অর্থাৎ কর্পুর-গন্ধে আনন্দিতা, কর্পুরমালাভরণা, (কর্পুরামিশ্রত নাল্য-বিভূষিতা), কর্পুরচন্দনোক্ষিতা অর্থাৎ যিনি কর্পুরমিশ্রিত চন্দন দ্বারা চর্ক্তিতা। ২২—২৫। কর্পুরকারণাহ্লাদা (কর্পুর মিশ্রিত স্থরা যাঁহার আনন্দ উৎপাদন করে), কর্পুরামৃতপায়িনী অর্থাৎ যিনি কর্পুর-বাদিত স্থধা পান করিয়া থাকেন, কর্পুরদাগর-স্নাতা অর্থাৎ যিনি কর্পুর-স্থবাদিত জলরাশিতে স্নান করেন, কর্পুরদাগরালয়া অর্থাৎ যিনি কর্পুরদাগরে অবস্থান করেন। কর্ক্তবীজ-জপপ্রীতা অর্থাৎ:যিনি 'হুং' এই বীজের জপে প্রীত হন। ক্র্ক্তবাজনজপপ্রীতা অর্থাৎ:যিনি 'হুং' এই বীজের জপে প্রীত হন। ক্র্ক্তজাপপরায়ণা, কুলীনা, কৌলিকারাধ্যা (কৌলিকগণের প্রিয়কার্য্যা), কৌলিকপ্রিয়কারিণী অর্থাৎ যিনি কৌলিকগণের প্রিয়কার্য্যা সাধনে তৎপরা, কুলাচারা, কৌতুকিনী, কুলমার্গ প্রদর্শিনী। কাশীশ্রী, কন্তহ্ত্ত্রী, কাশীশ্রবদায়িনী অর্থাৎ যিনি শিবকে বর দিয়া থাকেন। কাশীশ্বর-ক্রতামোদা (মহাদেব বাহার আনন্দ বিধানে সমর্থ), কাশীশ্বরমনোরমা অর্থাৎ কাশীশ্বরের মনোমোহিনী।

কলমন্ত্ৰীরচরণা কণাৎকাঞ্চীবিভূষণা।
কাঞ্চনাদ্রিকতাগারা কাঞ্চনাচলকৌমূদী॥২৯
কামবীজজপানন্দা কামবীজস্বরূপিনী।
কুমতিল্লী কুলীনার্ত্তিনাশিনী কুলকামিনী॥৩০
ক্রীং শ্রীং মন্ত্রবর্ণেন কালকন্টকঘাতিনী॥৩>
ইত্যাদ্যাকালিকাদেব্যাঃ শতনাম প্রকীর্ত্তিতম্।
ককারক্টঘটিতং কালীরূপস্বরূপকম্॥৩২
পূজাকালে পঠেদ্যস্ত কালিকারতমানদঃ।
মন্ত্রিদির্ভিবেদাশু তদ্য কালী প্রদীদ্তি॥৩৩
বৃদ্ধিং বিদ্যাঞ্চলভতে গুরোরাদেশমাত্রতঃ।
ধনবান্ কীর্ত্তিমান্ ভূয়ান্দানশীলো দ্যাধিতঃ॥৩৪

কলমঞ্জরীর-চরণা অর্থাৎ ঘাঁহার চরণ-বুগলে মধুর-শন্দ নূপুর বিরাজ করিতেছে, কণংকাঞ্চী-বিভ্নণা অর্থাৎ শন্ধায়মান-কাঞ্চীদামভূষিতা, কাঞ্চনাজি-ক্রতাগারা অর্থাৎ স্থমেক্র-পর্বত্তবাদিনী, কাঞ্চনাচল-কৌমুনী (স্থমেক্র-পর্বতের জ্যোৎস্নাস্বরূপা)। কামনীজজপানন্দা অর্থাৎ যিনি 'ক্রীং' এই বীজজপে আনন্দিতা হন, কামবীজস্বরূপিনী, কুমতিস্নী অর্থাৎ হর্ব্ব দ্বিনাশিনী, কুনীনার্তিনাশিনী (কুলাচারিগণের হুঃখহারিণী), কুলকামিনী এবং ক্রীং ব্রীং প্রীং এই মন্তবর্ণপ্রভাবে কালঘন্টক-ঘাতিনী অর্থাৎ যমভ্যনাশিনী। ২৬--৩১। হে দেবি! ককাররাশি-ঘটত কালীরূপ-স্বরূপ আদ্যাকালিকাদেবীর এই শতনাম স্থোত্র কীর্ত্তিত হইল। যে ব্যক্তি কালিকায় মন অর্পন করিয়া পূজাকালে এই স্থোত্র পাঠ করে, শীল্র তাহার মন্ত্র-সিদ্ধি হয় এবং কালী তাহার প্রতি প্রসন্না হন। গুরুর উপদেশ-মাত্রে তাহার বৃদ্ধি ও বিদ্যালাভ হয় (পরিশ্রম করিতে হয় না)।

পুত্রপৌত্রস্থ থৈষ্ঠেয়ে মে দিতে সাধকে। ভূবি ॥ ৩৫
ভৌমাবাস্যানিশাভাগে মপঞ্চকসমন্বিতঃ।
পূজ্যিতা মহাকালীমান্যাং ত্রিভূবনেশ্বরীম্ ॥ ৩৬
পঠিতা শতনামানি সাক্ষাৎ কালীময়ো ভবেৎ।
নাসাধ্যং বিদ্যতে তক্ত ত্রিযু লোকেযু কিঞ্চন॥ ৩৭
বিদ্যায়াং বাক্পতিঃ সাক্ষাদ্ধনে ধনপতির্ভবেৎ।
সমুদ্র ইব গান্তীর্য্যে বলে চ পবনোপমঃ ॥ ৩৮
তিগ্যাংগুরিব হজ্পেক্যাঃ শশিবচ্ছ ভূদর্শনঃ।
রূপে মূর্ত্তিধরঃ কামো যোষিতাং হৃদয়ঙ্গমঃ ॥ ৩১
সর্ব্যে জরমাপ্রোতি স্তবন্তান্ত প্রসাদতঃ ॥ ৪০
যং যং কামং পুরস্কৃতা স্তোত্রমেতত্বনীরয়েং।
তং তং কামমবাপ্রোতি শ্রীমনাদ্যাপ্রসাদতঃ॥ ৪১

দে ধনবান, কীর্ত্তিমান, দাতা ও দয়ালু হয় এবং দেই সাধক পৃথিবীতিলে পুত্র-পৌত্র-স্থা-প্রশ্বর্যে আনন্দিত থাকে। ৩২—৩৫। মঙ্গলবারে অমাবস্থার নিশাভাগে মদ্যপ্রকৃতি পঞ্চতত্ত্ব-যুক্ত হইয়াত্রিভ্বনেশ্বরী আদ্যা কালীকে পূজা করিরা এই শতনামস্তোত্র পাঠ করিলে সাক্ষাৎ কালী-সরূপ হয়; ত্রিভ্বনে তাহার কিছুই অসাধ্য থাকে না। বিদ্যায় সাক্ষাৎ বাক্পতি (বৃহস্পতি), ধনে ধনপতি কুবের, গান্তীর্যো সরিৎপতি (সমুদ্র) এবং বলে পবনোপম হয়। উষ্ণরশ্বির (স্বর্যার) স্থায় হর্দ্বর্শন এবং শশধরবৎ সৌম্যদর্শন হয়; রূপে মূর্ত্তিমান্ কামদেবের স্থায় হইয়া নারীগণের হৃদয়ে বিরাজ করে। ৩৬—৪০। এই স্তবপ্রসাদে সর্বত্র বিজয় লাভ করে। যে ফামনা করিয়া এই স্তব পাঠ করিবে, শ্রীআদ্যা কালিকার প্রসাদে দেই সেই অভীষ্ট ফল প্রাপ্ত হইবে;—যুদ্ধে, রাজসভায়,

রণে রাজকুলে দ্যুতে বিবাদে প্রাণসন্ধটে।
দক্ষ্যগ্রন্থে গ্রামদাহে সিংহ্বাদ্রাবৃত্তে তথা ॥ ৪২
অরণ্যে প্রাস্তরে তুর্গে গ্রহ্রাজভয়েহপি বা ।
জরদাহে চিরব্যাথো মহারোগাদিসঙ্কুলে ॥ ৪০
বালগ্রহাদিরোগে চ তথা তঃস্বপ্নদর্শনে ।
ত্তম্বর সলিলে বাপি পোতে বাতবিপদ্গতে ॥ ৪৪
বিচিন্তা পরমাং মায়া-মাদ্যাং কালীং পরাৎপরাম্ ।
যং পঠেচ্ছতনামানি দৃঢ়ভক্তিসমন্বিতঃ ।
সর্ব্বাপদ্ভ্যো বিমুচ্যেত দেবি সত্যং ন সংশয়ঃ ॥ ৪৫
ন পাপেভ্যো ভয়ং তম্ম ন রোগেভ্যো ভয়ং কচিং ।
সর্ব্বি বিজয়স্তম্ম ন কুত্রাপি পরাভবং ॥ ৪৬
তম্ম দর্শনমাত্রেণ পলায়স্তে বিপদ্গণাঃ ॥ ৪৭

দৃতেক্রীড়ায়, বিবাদে (মোকদমায়), প্রাণসন্ধট সময়ে, গ্রামদাহে, দয়্যপূর্ণ স্থানে, সিংহব্যান্তাদি-হিংস্রজন্ত-সন্ধূল স্থানে, প্রান্তরে, ছর্নে, গ্রহ-ভয়ে, রাজভয়ে, জরদাহে, চিরব্যাধিতে, মহারোগাদির আক্র-মণে, বালগ্রহাদি রোগে, জঃস্বপ্রদর্শনে, ছস্তর-সম্দ্রে কিম্বা বায়ুজনিত-বিপদাপন্ন পোতের উপরি যে ব্যক্তি পরাৎপরা পরমা মায়া আদ্যাকালীকে ধ্যানপূর্ব্বক দৃঢ়ভক্তিসমন্বিত হইয়া এই শতনাম-স্তোত্র পাঠ করিবে, সে সভাই সকল বিপদ্ হইতে মুক্তিলাভ করিবে,—হে দেবি! ইহাতে সন্দেহ নাই। তাহার কোন স্থলেই পাপভয় থাকে না; তাহার সর্বত্র জয় হইয়া থাকে,—কোন স্থানে পরাভব হয় না; তাহার দর্শনমাত্রেই বিপৎসমূহ পলায়ন করে।

৪০—৪৭। সে ব্যক্তি সর্ব্বশাস্ত্রের বক্তা হয়; সে সমস্ত সম্পত্তি

স বক্তা সর্ব্বশাস্ত্রাণাং স ভোক্তা সর্ব্বসম্পদাম্।
স কর্ত্তা জাতিধর্ম্মাণাং জ্ঞাতীনাং প্রভুরের সং॥ ৪৮
বাণী তস্ত বদেহক্তে কমলা নিশ্চলা গৃহে।
তন্ত্রামা মানবং দর্ব্বে প্রণমস্তি সসন্ত্রমাং॥ ৪৯
দৃষ্ট্যা তস্ত তৃণায়ন্তে গুণিমাদ্যষ্টসিদ্ধয়ঃ॥ ৫০
জ্ঞাদ্যাকালীস্বর্ধপাথাং শতনাম প্রকীর্ত্তিতম্।
জ্ঞান্তর্বাপতাবৃত্তা। পুরশ্চর্যাস্ত গীয়তে॥ ৫১
প্রক্ষি য়ান্নিতং স্তোতং সর্ব্বাভীষ্টফল প্রদম্॥ ৫২
শতনামস্ত্রতিমিমামাদ্যাকালীস্বর্ধপিণীম্।
পঠেলা পাঠয়েলাপি শৃণুয়াজ্ঞাবয়েদিপি॥ ৫৩
সর্ব্বপাপবিনিন্ত্র্কো ব্রহ্মদাযুজ্যমাপ্রুয়াৎ॥ ৫৪
কথিতং পরমং ব্রহ্ম প্রকৃতেং স্তবনং মহৎ।
জ্ঞাদ্যায়াঃ শ্রীকালিকায়াঃ কবচং শৃণু সাম্প্রতম্॥ ৫৫

ভোগ করে; সে জাতি ও ধর্মের কর্তা হয় এবং জ্ঞাতিবর্গের প্রভূ হয়। সরস্বতী তাহার মুথে ও লক্ষ্মী নিশ্চলা হইয়া তাহার গৃহে বাস করেন। সমস্ত মানব-মগুলী তাহার নাম শ্রবণমাত্রেই সসম্রমে প্রণাম করে। অণিমাদি অষ্ট্রসিদ্ধিগণ তাহার দর্শনমাত্রেই জ্পবং প্রতীয়মান হয় (অর্থাৎ এরূপ পুরুষের দর্শনমাত্রেই অণিমাদি অষ্ট্রসিদ্ধি বা ততোধিক কোন বিষয় লাভ করা যায়)। আদ্যাকালী-স্বরূপাথা শতনাম-স্বোত্র কীর্ত্তিত হইল। এই স্তোত্তের পুরশ্চরণ অষ্ট্রোন্তর-শতবার পাঠ দ্বারা হইবে—ইহা কথিত সকল অভীষ্ট প্রদান করে। যে ব্যক্তি এই আদ্যাকালী-স্বরূপিণী শতনাম স্কৃতি পাঠ করে বা পাঠ করায় এবং শ্রবণ করে,বা শ্রবণ করায়, সে সর্ম্বপাপ হইতে বিমৃক্ত হইয়া ব্রন্ধসাযুক্তা প্রাপ্ত হয়। ৪৮—৫৪।

বৈলোক্যবিজয়ন্তান্ত কবচন্ত ঋষি: শিব:।
ছলোহসূত্ব্দেবতাচ আতাকালী প্রকীর্ত্তিতা॥ ৫৬
মায়াবীজং বীজমিতি রমাশক্তিরুদান্ত্রতা।
ক্রীং কীলকং কাম্যদিন্ধৌ বিনিয়োগ: প্রকীর্ত্তিতঃ॥ ৫৭
ছীমান্যা মে শির: পাতৃ শ্রীং কালী বদনং মম।
হানয়ং ক্রীং পরা শক্তিঃ পায়াৎ কণ্ঠং পরাৎপরা॥ ৫৮
নেত্রে পাতৃ জগদ্বাত্রী কর্ণে। রক্ষতৃ শহরী।
ঘাণং পাতৃ মহামায়া রসনাং সর্ব্বমঙ্গলা॥ ৫৯
দন্তান্ রক্ষতৃ কোমারী কপোলো কমলালয়া।
ওঠাধরৌ ক্ষমা রক্ষেতিবৃকং চারুহাসিনী॥ ৬০
গ্রাবাং পায়াৎ কুলেশানী ককুৎ পাতৃ কুপাময়ী।
ধৌ বাহু বাহুদা রক্ষেৎ করৌ কৈবল্যদায়িনী॥ ৬১

হে দেবি ! তোমার নিকট পরম-ব্রহ্মস্বরূপ প্রকৃতির মহৎ স্থোত্র কহিলাম। ইদানীং আদ্যা শ্রীকালিকার কবচ শ্রবণ কর। এই ত্রৈলোক্য-বিজয় কবচের - শিব ধ্বমি, অন্তুর্পুছন্দঃ, আদ্যাকালী দেবতা, মায়াবীজ (হ্রীং) ও রমাবীজ (শ্রীং) শক্তি বলিয়াক্ষিতি হইয়াছে, ক্রীং কীলক এবং কাম্যাসিদ্ধিতে ইহার বিনিয়োগ কীর্ত্তিত হইয়াছে। "হ্রীং"রূপা আদ্যা আমার মন্তক এবং শ্রীং"রূপা কালী আমার বনন রক্ষা করুন। ক্রীংরূপা পরাশক্তি হালয়, এবং পরাংপরা কর্ম রক্ষা করুন। জগদ্বাত্রী নয়নন্বয় রক্ষা করুন, শঙ্করী কর্ণজ্ব রক্ষা করুন। মহামায়া নাসিকা ও সর্বমঙ্গলা জিহ্বা রক্ষা করুন। কোমারী দন্তশ্রেণী এবং কমলালয়া কপোলয়য় রক্ষা করুন। কমা ওঠাধর এবং চারুহাসিনী চিবুক রক্ষা করুন। ৫৫ —

স্থান্ধ কপদিনী পাতৃ পৃষ্ঠং তৈলোকাতারিনী।
পার্শ্বে পায়াদপর্ণ মে কটিং মে কমঠাসনা ॥ ৩২
নাভৌ পাতৃ বিশালাকী প্রজান্তানং প্রভাবতী।
উর রক্ষতৃ কল্যানী পাদৌ মে পাতৃ পার্ব্বতী।
ভর্মত্র্গাবতু প্রাণান্ সর্বাঙ্গং সর্ব্বসিদ্ধিদা ॥ ৩৪
রক্ষাহীনন্ত যৎ স্থানং বর্জ্বিতং কবচেন চ।
তৎসর্বং মে সদা রক্ষেদাদ্যা কালী সনাতনী॥ ৩৫
ইতি তে কথিতং দিবাং ত্রৈলোক্যবিজয়াভিধম্।
কবচং কালিকাদেব্যা আদ্যায়াঃ পরমাজ্তম্॥ ৬৬
পূজাকালে পঠেদ্যন্ত আদ্যাধিকতমানসঃ।
সর্বান্ কামানবাপ্নোতি তপ্তাদ্যা স্থপ্রসীদতি॥ ৬৭

কর্মন। বাছদা বাছদার ও কৈবল্যদায়িনী করদ্বর রক্ষা কর্মন।
কপর্দিনী স্কল্পদ্বর এবং ত্রৈলোক্য-তারিণী পৃষ্ঠ রক্ষা কর্মন। অপর্ণা
আমার পার্শবর এবং কম্ঠাদনা আমার কটিদেশ রক্ষা কর্মন।
বিশালাক্ষী নাভিদেশাবছেদে (আমাকে) অর্থাৎ আমার নাভিদেশ এবং প্রভাবতী প্রজাস্থান রক্ষা কর্মন। কল্যাণী উন্দ্রম্ব এবং
পার্শ্বতী আমার পদ্বর রক্ষা কর্মন। কর্মহর্গা পঞ্চপ্রাণ এবং সর্প্রদিদ্ধিদা আমার সর্পান্ধ রক্ষা কর্মন। যে স্থান কর্মচে বর্জ্জিত ও
রক্ষাহীন অর্থাৎ উল্লিখিত অঙ্গ প্রত্যঙ্গ ভিন্ন, সনাতনী আদ্যাকালী
দর্শ্বনা দেই স্থান রক্ষা কর্মন। হে দেবি! তোমার নিক্ট
ত্রৈলোক্য-বিজয় নামক আদ্যাকালিকা দেবীর দিব্য ক্বচ ক্থিত
হইল। বে ব্যক্তি পুজাকালে আদ্যামর চিত্তে আদ্যাকালিকার
এই পরমান্ত্রত কর্মচ পাঠ করে, দে সকল অভীষ্টফল প্রাপ্ত হয়
এবং আদ্যাকালী ভাহার প্রতি স্প্রসন্ধা হন;—শীত্র ভাহার মন্ত্র-

মন্ত্রনিদ্ধির্ভবেদান্ত কিন্ধরাঃ ক্ষুদ্রসিদ্ধয়ঃ ॥ ৬৮
অপুত্রো লভতে পুত্রং ধনার্থী প্রাপ্নু মাদ্ধনম্।
বিদ্যার্থী লভতে বিদ্যাং কামী কামানবাপ্নু য়াৎ ॥ ৬৯
সহস্রাবৃত্তপাঠেন বর্মণোহন্ত পুরস্ক্রিয়া।
পুরশ্চরণসম্পন্নং মথোক্তফলদং ভবেৎ ॥ ৭০
চন্দনাগুরুকস্তুরী-কুন্ধুমৈ রক্তচন্দনৈঃ।
ভূজ্জে বিলিখ্য গুটিকাং স্বর্ণস্থাং ধারয়েদ্ যদি ॥ ৭১
শিথায়াং দক্ষিণে বাহৌ কঠে বা সাধকোত্তমঃ।
তন্ত্যাদ্যা কালিকা বন্ধা বাঞ্ছিতার্থং প্রথচ্ছতি ॥ ৭২
ন কুত্রাপি ভয়ং তন্ত সর্ব্বত্র বিজয়ী কবিঃ।
অবরোগী চিরজীবী স্তাদ্ধলবান্ ধারণক্ষমঃ ॥ ৭৩

দিদ্ধি হয়। ক্ষুদ্র অর্থাৎ কথিত ফলের নিকট তুচ্ছ অণিমাদি দিদ্ধিণাণ তাহার কিঙ্করম্বরূপ হয়। ৬২—৬৮। অপুত্রক ব্যক্তি পুত্র লাভ করে, ধনার্থী ধন প্রাপ্ত হয়, বিদ্যার্থী বিদ্যালাভ করে ও কামী ব্যক্তি কাম্য ফল লাভ করে। সহস্রবার পাঠ দারা এই কবচের পুরশ্চরণ হইলে যথোক্ত ফলপ্রদ হয়। যদি সাধক,—অগুরু, চন্দন, কস্তুরী, কুঙ্কুম বা রক্তেচন্দন দারা ভূর্জ্জপত্রে এই কবচ লিথিয়া (মণ্ডলীক্ত) ভূর্জ্জপত্র-রূপা শুটিকা স্বর্ণন্থ করিয়া শিখাতে, দক্ষিণ-বাহুতে, কঠে কিংবা কটিদেশে ধারণ করে, আদ্যাকালী তাহার বণীভূতা হইয়া বাঞ্ছিত ফল প্রদান করেন। কুত্রাপি তাহার ভন্ন থাকে না; সে সর্ব্বহ্নারে বিজয়ী, কবি, অরোগী, বলবান, ধারণক্ষম, চিরজীবী, সর্ব্বিদ্যান্ন নিপুণ ও সর্ব্বশার্য্য-ভত্তের মর্ম্বক্ত হয়। মহীপালগণ তাহার

সর্কবিদ্যাস্থ নিপুণঃ সর্কশান্ত্রার্থতক্ষবিৎ। বশে তম্ম মহীপালা ভোগমোক্ষো করস্থিতো॥ ৭৪ ক্লিকন্মযুক্তানাং নিঃশ্রেয়সকরং প্রম্॥ ৭৫

শ্রীদেবাবাচ।

কথিতং ক্লপন্না নাথ স্তোত্রং ক্বচমেব চ। অধুনা শ্রোতুমিচ্ছামি পুরশ্চর্য্যাবিধিং প্রভো ॥ ৭৬

শ্ৰীদদাশিব উবাচ।

নো বিধিব্ৰ স্বমন্ত্ৰাণাং পুরশ্চরণকর্মণি।

স এবাদ্যাকালিকায়া মন্ত্রাণাং বিধিরিষ্যতে॥ ৭৭

অশক্তে সাধকে দেবি জপপূজাহুতাদিষু।
পূজা সংক্ষেপতঃ কার্য্যা পুরশ্চরণমেব॥ ৭৮

যতো হি নিরন্নষ্ঠানাৎ স্বল্লান্নষ্ঠানমূত্তমম্।
সংক্ষেপপূজনং ভদ্রে ত্রাদৌ শুণু কথ্যতে॥ ৭৯

বশীভূত হন এবং ভোগ ও মোক্ষ তাহার করতলে থাকে। এই কবচ কলিকালের পাপযুক্ত মানবগণের মোক্ষজনক, অতএব অতীব শ্রেষ্ঠ। ৬৯—৭৫। শ্রীদেবী কহিলেন,—হে নাথ, ভূমি কপা করিয়া স্তোত্র ও কবচ বলিলে, হে বিভো! সম্প্রতি পুরশ্চরণ-বিধি শ্রবণ করিভে ইচ্ছা করিতেছি। শ্রীসদাশিব কহিলেন,— ব্রহ্মমন্ত্রের পুরশ্চরণ-কর্ম্মে যে বিধি, তাহাই আদ্যাকালিকা মন্ত্রের পুরশ্চরণ-কর্ম্মে যে বিধি, তাহাই আদ্যাকালিকা মন্ত্রের পুরশ্চরণ-কর্মে যে বিধি , তাহাই আদ্যাকালিকা মন্ত্রের পুরশ্চরণ-কর্মে যে বিধি বলিয়া কথিত হইয়াছে। হে দেবি! সাধক, জপপ্রভা-হোমাদি কার্য্য করিতে অশক্ত হইলে, সংক্ষেপতঃ পুজা ও পুরশ্চরণ করিবে। যেহেতু অকরণ অপেক্ষা স্বন্ধকরণও উত্তম। হে ভল্মে! ভাহার মধ্যে প্রথমে সংক্ষেপ-পূজা-বিধি ক্ষিত্ত হই-

আচম্য মূলমঞ্জেণ ঋষিপ্তাদং সমাচরেৎ।
করন্তিদ্ধিং ততঃ কুর্যান্ত্যাদঞ্চ কর-দেহরোঃ ॥ ৮০
সর্বাঙ্গব্যাপকং কথা প্রাণায়ামং চরেৎ স্থনীঃ।
ধ্যানং পূজাং জপঞ্চেতি সংক্ষেপপূজনে বিধিঃ॥ ৮১
পুরস্থিরায়াং মন্ত্রাণাং যত্র যো বিহিতো জপঃ।
তত্মাচ্চতুর্গুণজপাৎ পুরশ্চর্যা বিধীয়তে॥ ৮২
অথবান্তপ্রকারেণ পুরশ্চরণমূচ্যতে॥ ৮৩
কঞ্চাং চতুর্দ্দনীং প্রাপ্য কৌজে বা শনিবাসরে।
পঞ্চতবং সমানীয় পূজ্যিপ্তা জগন্ময়ীম্॥ ৮৪
মহানিশায়ামযুতং জপেনান্ত্রমনন্তধীঃ।
ভোজ্যিপ্তা ব্রন্থনিষ্ঠান্ পুরশ্চরণকৃত্তবেৎ॥ ৮৫

তেছে— শ্রবণ কর। মৃলমন্ত্র দারা আচমন করিয়া ঋষিত্যাদ করিবে। তদনত্তর করগুলি, করত্যাদ এবং অঙ্গত্যাদ করিবে। পরে বিচক্ষণ ব্যক্তি, দর্বাঙ্গব্যাপক (ব্যাপক) ত্যাদ করিয়া প্রাণায়াম, ধ্যান, পূজা এবং জপ (যথাক্রমে) করিবে। সংক্ষেপ-পূজাতে এই বিধি। ৭৬—৮০। মস্ত্রের পুরশ্চরণে যে মস্ত্রে যৎসংখ্যক জপ নির্দিষ্ট ইইয়াছে, সময়াভাবে হোমাদি অকরণে তাহার চতুর্পণ জপ দারাই পুরশ্চরণ বিহিত হইয়াছে। অথবা অত্যপ্রকার পুরশ্চরণ-বিধি কথিত হইতেছে। মঙ্গলা, অথবা শনিবারে ক্ষণা চতুর্দ্দশী প্রাপ্ত হইলে, সেই দিবদ রজনীযোগে পঞ্চতত্ত্ব আনয়ন-পূর্বক জগনায়ীর পূজা করিয়া, মহানিশাতে একাগ্রমনে দশসহপ্র বার মন্ত্র জপ করিবে। অনস্তর ব্রহ্মনিষ্ঠ ব্রাহ্মণগণকে ভোজন করাইবে। অন্তপ্রকার পুরশ্চরণ-বিধি উক্ত হইতেছে। এক

কুজবাদরমারভ্য যাবন্মঞ্চলবাদরম্।
প্রত্যহং প্রজপেন্মন্ত্রং সহস্রপরিসংখ্যয়া॥ ৮৬
বন্ধসংখ্যাজপেনের ভবেন্মন্ত্রপুরস্ক্রিয়া॥ ৮৭
শ্রীআদ্যাকালিকামন্ত্রাঃ দিদ্ধমন্ত্রাঃ স্থানিদিলাঃ।
সদা সর্বযুগে দেবি কলিকালে বিশেষতঃ॥ ৮৮
কালীরপাণি বছধা কলৌ জাগ্রতি পার্বাতি।
প্রবলে কলিকালে তুর্বপমেতজ্জগিরিতম্॥ ৮৯
নাত্র দিদ্ধান্যপেক্ষান্তি নারিমিত্রাদিদ্ধণম্।
নির্মানিয়মো নাপি জপরাদ্যাং প্রদাদয়েৎ॥ ৯০
বন্ধজ্ঞানমবাপ্রোতি শ্রীমদাদ্যা-প্রদাদতঃ।
ব্রক্ষজ্ঞানম্বতো মর্ব্রো জীবন্মুক্তো ন সংশয়ঃ॥ ৯১
ন চ প্রয়াদবাছলাং কায়ক্রেশোহপি ন প্রিয়ে।
আদ্যাকালীসাধকানাং সাধনং স্থেশাধনম্॥ ৯২

মঙ্গলবার হইতে আরম্ভ করিয়া অব্যবহিত-পরবর্তী মঙ্গলবার পর্যান্ত প্রতাহ সহস্রদংখ্যক মন্ত্র জপ করিবে; অন্তদহস্র-সংখ্যক জপ দারাই মন্ত্রের পুরশ্চরণ হইবে। ৮২—৮৭। হে দেবি! আদ্যাকালিকার মন্ত্রসকল—দিদ্ধ মন্ত্র; সর্ব্বর্থা সকল সময়ে, বিশেষতঃ কলিকালে স্থানিদ্ধি প্রদান করিয়া থাকে। হে পার্ব্ধতি! কলিকালে বহু-প্রকার কালীরূপ জাগরিত আছে। বিশেষতঃ প্রবল কলিকালে এই রূপই জগতের হিতজনক। এই মন্ত্রে দিদ্ধাদি-চক্রগণনার অপেক্ষা নাই; অরি-মিত্রাদি দোষ নাই। এই মন্ত্রে বিশেষ নিয়মানিয়ম নাই। এই মন্ত্র জপ করিয়া আদ্যাকালীকে প্রসন্ন করিবে। এই মন্ত্র জপ করিলে শ্রীমদাদ্যাকালীর প্রসাদে ব্রহ্মজ্ঞানযুক্ত মন্ত্র্যা জীবস্মুক্ত, ইহাতে সংশন্ধ নাই। হে প্রিয়ে!

চিত্তসংশুদ্ধিরেবাত মন্ত্রিশাং ফলদায়িনী।

যাবর চিত্তকলিলং হাতুমুৎসহতে ব্রতী॥ ৯৩
তাবৎ কর্ম প্রকুর্মীত কুলভক্তিসমন্বিত:।

যথাবদ্বিহিতং কর্ম চিত্তগুদ্ধৌ হি কারণম্॥ ৯৪
আদৌ মন্ত্রং শুরোর্বজ্রাদৃগৃহীয়াদ ব্রহ্মমন্ত্রবং।
প্রাতঃকৃত্যাদিনিয়মান্ কৃত্যা কুর্যাৎ পুরক্ষিরাম্॥ ৯৫
চিত্তে শুদ্ধে মহেশানি ব্রহ্মজানং প্রক্ষারতে।
ব্রহ্মজানে সমুৎপন্নে কৃত্যাকৃত্যং ন বিদ্যতে॥ ৯৬

শ্ৰীপাৰ্ব্বভূযবাচ।

কুলং কিং পরমেশান কুলাচারশ্চ কিং বিভো। লক্ষণং পঞ্চত্ত্বস্ত শ্রোতুমিচ্ছামি তত্ত্তঃ ॥ ১৭

এই মন্ত্রদাধনে বিশেষ প্রয়াদ নাই, কায়-ক্রেশও নাই; আল্যাকালীসাধকগণের সাধনা অভিশন্ন স্থথ-সম্পাল্য। ৮৮—৯২। এই
বিষয়ে চিত্তপ্তদ্ধিই সাধকগণের ফলদায়িনী। এতী ষতদিন চিত্তের
মালিক্ত দুরীকরণে সমর্থ না হইবে, ততদিন কুলভক্তি-সমন্বিভ
হইয়া কর্মা করিবে। কারণ, ষথাবিধি কর্মামুষ্ঠানই চিত্তপ্তদ্ধির
উপান্ন। ব্রহ্মমন্ত্রের তাায় এই মন্ত্রও প্রথমতঃ গুরুমুখ হইতে গ্রহণ
করিবে। প্রাতঃক্বত্যাদি নিয়মামুষ্ঠানপূর্বাক পুরশ্চরণ করিবে।
হে মহেশানি! চিত্ত শুদ্ধ হইলেই ব্রহ্মজ্ঞান উৎপন্ন হয় এবং ব্রহ্মজ্ঞান উৎপন্ন হইলে আর কৃত্যাকৃত্য থাকে না। প্রীপার্মকী
কহিলেন,—হে প্রমেশান! হে বিভো! কুল কি ? কুলাচারই
বা কি ? ভাহা এবং পঞ্চতত্বের লক্ষণ যাথাতথ্যরূপে শ্রবণ করিতে
ইচ্ছা করি। ৯৩—৯৭। শ্রীসদাশিব কহিলেন,—হে কুলেশানি!

শ্ৰীসদাশিব উবাচ।

সমাক্ পৃষ্টং কুলেশানি সাধকানাং হিতৈষিণী।
কথয়ামি তব প্রীত্যৈ ষথাবদ্বধারয়॥৯৮
জীবঃ প্রাকৃতিতত্বশ্ব দিক্কালাকাশমেব চ।
ক্ষিত্যপ্তেকাবায়বশ্চ কুলমিত্যভিধীয়তে॥৯৯
ব্রহ্মবৃদ্ধা নির্বিকল্পমেতেভাচরণক ঘৎ।
কুলাচারঃ সঃ এবাদ্যে ধর্মকামার্থমোক্ষদঃ॥১০০
বছজনার্জিতঃ পুণাস্তপোদানদ্চ্রতৈঃ।
ক্ষীণাঘানাং সাধকানাং কুলাচারে মতির্ভবেৎ॥১০১
কুলাচারগতা বৃদ্ধিত্বদাশু স্থনির্ম্মলা।
তদাদ্যাচরণাম্ভোজে মতিস্কেষাং প্রজায়তে॥১০২
সদ্প্রেরাঃ দেবয়া প্রাপ্য বিদ্যামেনাং পরাৎপরাম্।
কুলাচাররতা ভূষা পঞ্চতব্রঃ কুলেশ্বরীম্॥১০৩

তুমি সাধকবর্গের হিতৈষিণী, তুমি উত্তম প্রশ্ন করিয়াছ। তোমার প্রীতির জন্ম তত্ত্বঃ তাহা বলিতেছি—শ্রবণ কর। জীব, প্রকৃতিতত্ত্ব, দিক্, আকাশ, পৃথিবী, জল, তেজ ও বায়ু কুল নামে অভিহত । হে আদ্যে! এই সকল বস্ততে ব্রহ্মবৃদ্ধি দ্বারা বিকরশ্যা যে আচরণ, তাহাই কুলাচার, এবং ঐ কুলাচার ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ এই চতুর্ব্বর্গপ্রদ; তপস্থা, দান ও কঠোর ব্রহ্মচর্যাদি দ্বারা বহুজন্মার্জ্জিত পুণ্যফলে নিপ্পাপ সাধকদিগেরই কুলাচারে মতিহয়। কুলাচার-গতা বৃদ্ধি সম্বরই স্থানিম্মলা হয়। তথন তাহাদিগের আদ্যাকালীর পাদপ্রমে মতিহয়। ১৮—১০১। সদ্প্রক্রন্যায় পরাৎপরা এই মন্ত্রন্ধপা বিদ্যা লাভ করিয়া কুলাচারে নিরত হইয়া, পঞ্চতত্ত্ব দ্বারা কুলেশ্বরী আদ্যাকালিকার পূঞ্বাপরায়ণ ব্যক্তি-

যজন্ত: কালিকামান্যাং কুলজ্ঞা: সাধকোত্তমাঃ।
ইহ ভূক্ত্বাথিলান্ ভোগান্ ব্ৰজন্তান্তে নিরাময়ম্॥ ১০৪
মহৌষধং মজ্জীবানাং ছঃখবিস্থারকং মহৎ।
আনন্দজনকং যচ্চ তদান্যতত্ত্বলক্ষণম্॥ ১০৫
অসংস্কৃতঞ্চ যন্তব্ধ মোহদং ভ্ৰমকারণম্।
বিবাদ-বোগজননং ত্যাজ্যং কোলৈ: সদা প্রিয়ে॥ ১০৬
গ্রাম্য-বায়ব্য-বন্তানামুস্কৃতং পৃষ্টিবর্জনম্।
বৃক্তি-তেজ্ঞো-বলকরং দিতীয়তত্ত্বলক্ষণম্॥ ১০৭
জলোত্তবং যৎ কল্যাণি কমনীয়ং স্থপ্রপদ্।
প্রজাবৃদ্ধিকরঞ্চাপি ভূতীয়তত্ত্বলক্ষণম্॥ ১০৮
স্থলভং ভূমিজাতঞ্চ জীবানাং জীবনঞ্চ যৎ।
আযুর্গ্লং ব্রিজগতাং চতুর্বতত্ত্বলক্ষণম্॥ ১০৯

গণকে কুলজ্ঞ এবং সাধকোত্তম বলে। ই হারা ইহলোকে নিথিল স্থান্যা বস্তু ভোগ করিয়া চরমে মোক্ষলাভ করেন। জীবসকলের মাহা মহৌষপ, ছঃখবিক্ষারক, মহৎ অথচ আনন্দজনক, সেইটী আত্যভবের লক্ষণ। যে তত্ত্ব শোধিত না হইলে কেবল মোহপ্রদ, ভ্রমজনক এবং বিষাদ ও রোগের কারণ হয়,—হে প্রিয়ে! কৌলিকগণ তাহা সর্ব্বথা, পরিত্যাগ করিবে। যাহা গ্রাম্য (ছাগাদি), বায়ব্য (হারীতাদি পক্ষিগণ), বস্তু (মৃগাদি)—ইহানের শরীরোদ্ধৃত, পুষ্টিবর্দ্ধন এবং বৃদ্ধি, তেজ ও বলপ্রদ, তাহাই দিতীয় তত্ত্বের লক্ষণ। ১০২—১০৭। হে কল্যাণি! যাহা জল হইতে সমুভূত, প্রতি লোভনীয়, স্থাপ্রপ্রদ এবং প্রজাবৃদ্ধিকর, তাহাই তৃতীয় তত্ত্বের লক্ষণ। যাহা স্থান্ত, ভূমিজাত, জীবগণের জীবনম্বরূপ এবং ক্রিভূবনের পরমায়ু-নিদান, তাহাই চতুর্থ তত্ত্বের লক্ষণ। হে দেরি!

মহানন্দকরং দেবি প্রাণিনাং স্টিকারণম্।
অনাদ্যস্তজগন্ম লং শেষতত্ত্বস্থ লক্ষণম্॥ ১১০
আদাতত্ত্বং বিদ্ধি তেজাে দিতীয়ং পবনং প্রিয়ে।
অপস্থতীয়ং জানীহি চতুর্বং পৃথিবীং শিবে॥ ১১১
পঞ্চমং জগদাধারং বিয়দিদ্ধি বরাননে॥ ১১২
ইথং জ্ঞাত্বা কুলেশানি কুলং তত্ত্বানি পঞ্চ।
আচারং কুলধর্মস্ত জীবশুক্তো ভবেররঃ॥ ১১৩

ইতি শ্রীমহানির্ব্যাণতত্ত্বে কবচ-স্তোত্ত্র-কুলতত্ত্বলক্ষণকথনং নাম সপ্তমোল্লাসঃ।

মহানন্দজনক, প্রাণিগণের স্প্টির কারণ এবং আক্তম্তরহিত জগতের মূল, তাহা শেষ তত্ত্বের লক্ষণ। হে প্রিয়ে! আদাতত্ত্বকে তেজ বলিয়া জানিও; দিতীয় তত্ত্—পবন; তৃতীয় তত্ত্বকে জল বলিয়া জানিও; চতুর্থ তত্ত্বকে পৃথিবী বলিয়া জানিও। হে বরাননে! পঞ্চম তত্ত্বকে জগদাধার নভোমগুল বোধ কর। হে কুলেশানি: মনুষ্য এই প্রকারে কুল, পঞ্চতত্ত্ব এবং কুলধর্ষের আচার পরিজ্ঞাত হইয়া (কর্মা করিলে) জীবমুক্ত হয়। ১০৮—১১৩।

मुख्यालाम मगार्थ।

অফটেমাল্লাসঃ

শ্রুত্বা ধর্মান্ বছবিধান্ ভবানী ভবমোচনী। হিতায় জগতাং মাতা ভূয়ঃ শঙ্করমব্রবীৎ ॥ ১

শ্রীদেব্যবাচ।

শ্রুতং বছবিধং ধর্মমিহামুত্র স্থথপ্রদম্।
ধর্মার্থকামদং বিল্পহরং নির্ব্বাণকারণম্। ২
সাম্প্রতং শ্রোভূমিজ্ঞামি ক্রছি বর্ণাশ্রমান্ বিভো।
তত্র যে বিহিতাচারাঃ ক্রপয়া বদ তানপি॥ ৩

শ্রীসদাশিব উবাচ।

চত্বার: কথিতা বর্ণা আশ্রমা অপি স্করতে। আচার-চাপি বর্ণানামাশ্রমাণাং পৃথক্ পৃথক্॥ ৪

সংসার-মোচনী ভবানী মাতা বছবিধ ধর্ম শ্রবণ করিয়া জগতের হিতের জন্ম পুনর্বার শঙ্করকে কহিলেন,—ইহলোকে ও পরলোকে স্থপপ্রদ, ধর্ম অর্থ ও কামপ্রদ, মোক্ষজনক, বিল্পনাশক বছ-বিধ ধর্মকথা শ্রবণ করিলাম। হে বিভো! সম্প্রতি বর্ণ ও আশ্রম এবং সেই সেই বর্ণে ও আশ্রমে যে আচার বিহিত আছে, তাহা শ্রবণ করিতে ইচ্ছা করি; রূপা করিয়া সেই সকল কীর্তন কর। শ্রীসদাশিব কহিলেন,—হে স্প্রতে! সত্য প্রভৃতি চতুর্গে চতুর্বণ, চতুরাশ্রম এবং সেই বর্ণ ও আশ্রমের আচার ভিন্ন ভিন্ন রূপে কথিত ক্বতাদৌ কলিকালে তু বৰ্ণাঃ পঞ্চ প্ৰকীৰ্ত্তিতাঃ।
ব্ৰাহ্মণঃ ক্ষত্ৰিয়া বৈশ্বঃ শুদ্ৰঃ দামান্ত এব চ ॥ ৫
এতেষাং দৰ্ব্ববৰ্ণানামাশ্ৰমৌ দ্বৌ মহেশ্বি।
তেষামাচারধর্শাংশ্চ শৃণুষাদ্যে বদামি তে ॥ ৬
পূবৈব কথিতং তাবং কলিসন্তবচেষ্টিতম্।
তপঃস্বাধ্যায়হীনানাং নৃণামল্লায়ুষামপি।
ক্ষেশপ্রয়াসাশকানাং কুতো দেহপরিশ্রমঃ ॥ ৭
ব্রহ্মচর্যাশ্রমো নাস্তি বানপ্রস্থোহপি ন প্রিয়ে।
গার্হস্যে ভিক্ষুকশ্চিব আশ্রমৌ বৌ কলৌ মুগে ॥ ৮
গৃহস্থক্ত ক্রিয়াঃ দর্বা আগমোক্তাঃ কলৌ শিবে।
নান্তমার্কিঃ ক্রিমানিদ্ধিঃ ক্রদাপি গৃহমেধিনাম্॥ ৯
তৈক্র্কেহপ্যাশ্রমে দেবি বেদোক্তং দণ্ডধারণম্।
কলৌ নাস্ত্যেব তত্তে যেতস্তচ্ছেন্তসংস্কৃতিঃ॥ ১০

হইয়াছে; কিন্তু কলিকালে ব্রাহ্মণ, ক্ষপ্রিয়, বৈশ্ব, শুদ্র এবং সামান্ত—এই পাঁচ প্রকার বর্ণ কীর্ত্তিত হইয়াছে। এই সমস্ত বর্ণ-সমূহের আশ্রম ছইপ্রকার। হে আদ্যে! হে মহেশ্বরি! ভোমাকে সেই সকল বর্ণ ও আশ্রমের আচার ও ধর্ম কহিতেছি—শ্রবণ কর। ১—৬। কলিকাল-সন্তৃত্ত মমুষ্যগণের কথা পূর্ব্বেই বলিয়াছি। ভপস্তা ও দেবপাঠ-বিহীন, অল্লায়্ম্যুং, ক্লেশ ও প্রয়াদে অশক্ত মমুষ্যগণের কায়িক পরিশ্রম অসম্ভব। হে প্রিয়ে! কলিয়্গে ব্রহ্মচর্শানের কায়িক পরিশ্রম অসম্ভব। হে প্রিয়ে! কলিয়্গে ব্রহ্মচর্শানাই, বান প্রস্থাশ্রমও নাই। গার্হয়া ও ভৈক্ষ্ক—এই ইটী আশ্রম আছে। হে শিবে! কলিকালে গৃহস্থগণের সকল ক্রিয়াই আগমোক্ত অর্থাৎ তন্ত্রমতে কর্ত্ব্য়; গৃহস্থগণের অন্তর্মণ পথে কদাশি ক্রিয়া-দিদ্ধি হইবে না। হে দেবি! হে তন্ত্বজ্ঞে! কলিয়্গে ভৈক্ষ্কা-

শৈবসংস্কারবিধিনাবধৃতাশ্রমধারণম্।
তদেব কথিতং ভদ্রে সন্ন্যাসগ্রহণং কলোঁ। ১১
বিপ্রাণামিভরেষাঞ্চ বর্ণানাং প্রবলে কলোঁ।
উভয়ত্রাশ্রমে দেবি সর্ব্বেষামধিকারিতা ॥ ১২
সর্ব্বেষামেব সংস্কারাঃ কর্মানি শৈববর্মানা।
বিপ্রাণামিভরেষাঞ্চ কর্মালিজং পৃথক্ পৃথক্ ॥ ১৩
জাতমাত্রো গৃহস্থঃ স্থাৎ সংস্কারাদাশ্রমী ভবেৎ।
গার্হস্তাং প্রথমং কুর্যাাদ্যথাবিধি মহেশ্রি॥ ১৪
তত্ত্বজ্ঞানে সমুৎপন্নে বৈরাগ্যং জান্নতে যদা।
তদা সর্ব্বং পরিভাজ্য সন্ন্যাসাশ্রমমাশ্রমেৎ ॥ ১৫
বিদ্যামুপার্জ্জয়েদাল্যে ধনং দারাংশ্চ যৌবনে।
প্রোট্নে ধর্ম্মানি কর্মানি চতুর্থে প্রব্রেহং স্কুণীঃ॥ ১৬

শ্রমেও বেলোক্ত দণ্ডধারণ নাই। কারণ, তাহা বৈদিক সংস্থার। হে ভজে! কলিকালে শৈব-সংস্থার-বিধি অনুসারে যে অবধূতাশ্রম-ধারণ, তাহাই "সন্ন্যাসগ্রহণ" নামে কথিত হইয়া থাকে। হে দেবি, কলিমুগ প্রবল হইলে ব্রাহ্মণ এবং অন্ত সকল বর্ণেরই এই উভয় আশ্রমে অধিকার থাকিবে। ৭—১২। শৈব বিধি অনুসারে সকলেরই সংস্থার ও ক্রিয়া-কলাপ হইবে, কিন্তু ব্রাহ্মণ ও অপর বর্ণগণের কর্মপ্রণালী পৃথক্ পৃথক্ হইবে। হে মহেশ্বরি! মানব জন্মাত্রেই গৃহস্থ হয়; অনস্তর সংস্থার-বলে আশ্রমী হয়। প্রথমেই ঘথাবিধি গার্হস্থাশ্রম করিবে। তত্ত্বজ্ঞান অর্থাৎ সংসারে নিয়ত হঃখাদিজ্ঞান সমুৎপন্ন হইলে যখন বৈরাগ্য জন্মিবে, তথন সমুদান্ন পরিত্যাগ করিয়া সন্ন্যাসাশ্রম আশ্রম করিবে। বাল্যকালে বিদ্যোণ্ডর্মন, যৌবনাবস্থার ধনোপার্জ্জন ও বিবাহ, এবং প্রৌঢ়াবস্থার

অফমোলাসঃ।

মাতরং পিতরং বৃদ্ধং ভার্যাকৈব পতিব্রতাম্।
শিশুক তনয়ং হিছা নাবধৃতাশ্রমং ব্রজেং ॥ ১৭
মাতৃঃ পিতৃন্ শিশূন্ দারান্ স্বজনান্ বাদ্ধবানপি।
যঃ প্রেক্রতি হিজৈতান্ স মহাপাতকী ভবেং ॥ ১৮
মাতৃহা পিতৃহা স স্থাৎ স্ত্রীবধী ব্রদ্ধবাতকঃ।
অসন্তর্প্য স্বপিব্রাদীন্ যো গচ্ছেদ্রিক্ষকাশ্রমে ॥ ১৯
ব্রাদ্ধণো বিপ্রভিন্নত স্বস্ববর্ণোক্তসংক্রিয়াম্।
শৈবেন ব্যুনা কুর্যাদেষ ধর্মঃ কলৌ যুগে ॥ ২০

শ্রীদেব্যবাচ।

কো বাধর্মো গৃহত্বস্ত ভিক্ক্স চ কিং বিভো। বিপ্রস্ত বিপ্রভিন্নানাং সংস্কারাদীনি মে বদ ॥ ২১

ধর্মজনক কর্ম কারবে; পরে স্থা অর্থাৎ ক্ষণভঙ্গুর সংসারে প্রকৃত মন্মজ্ঞ হইয়া, চতুর্থ অবস্থায় অর্থাৎ ব্রুবর্যদে সন্যাসাশ্রম করিবে। বৃদ্ধ পিতা মাতা, পতিব্রতা ভার্যা বা শিশুতনয় পরিত্যাগ করিয়া অবধৃতাশ্রম প্রাপ্ত হইবে না। যে ব্যক্তি মাতাপিতা, শিশুপুত্র, পত্নী, স্মজন, জ্ঞাতিবর্গ ও বন্ধ-বাদ্ধব—ইহাদিগকে ত্যাগ করিয়া প্রব্রজ্যা করে, দে মহাপাতকী হয়। যে ব্যক্তি স্থীয় পিত্রা- দির ভৃপ্তি উৎপাদন না করিয়া ভিক্ষুকাশ্রমে গমন করিবে, সে মাতৃহস্তা, পিতৃহস্তা, স্ত্রীঘাতী এবং ব্রহ্মঘাতক, অর্থাৎ এই সমস্ত কার্যো যাদৃশ পাপ হয়, তাদৃশ পাপে কলুষিত হয়। ব্রাহ্মণ ও ব্রাহ্মণ ভিন্ন বর্ণ শৈব-পথামুসারেই স্থীয়-স্থীয় বর্ণামুমারী সংস্কারের অন্ধর্চান করিবে, তাহাই কলিয়্গে ধর্মা। ১৩—২০। শ্রীদেবী কহিলেন,—হে বিভো! গৃহস্থের ধর্ম কি? ভিক্ষুকের ধর্মই বা কি? ভাষা এবং বিপ্র ও বিপ্র ভিন্ন অপর সকলের

শ্ৰীদদাশিব উবাচ।

গার্হস্তাং প্রথমং ধর্ম্মাং সর্বেষাং মন্ত্রজন্মনান্।
তদেব কথয়মাদেশ শৃণু কৌলিনি তত্তঃ ॥ ২২
ব্রহ্মনিষ্ঠো গৃহস্থ: স্থান্ত্রজ্ঞানপরায়ণঃ ।
যন্যৎ কর্ম্ম প্রকৃষ্মীত তদ্ব্রহ্মনি সমর্পয়ের ॥ ২৩
ন মিথ্যাভাষণং কুর্যায় চ শাঠ্যং সমাচরের ।
দেবতাতিথিপূজাস্ম গৃহস্থো নিরতো ভবের ॥ ২৪
মাতরং পিতরক্ষৈব সাক্ষার প্রত্যক্ষদেবতান্ ।
মত্বা গৃহী নিষেবেত সদা সর্ব্বপ্রম্বতঃ ॥ ২৫
তৃষ্টায়াং মাতরি শিবে তৃষ্টে পিতরি পার্ব্বতি ।
তব প্রীতির্ভবেদ্দেবি পরব্রহ্ম প্রসীদতি ॥ ২৬
ত্মমাদ্যে জগতাং মাতা পিতা ব্রহ্ম পরারপরম্ ।
যুবয়োঃ প্রীণনং যক্ষার তক্ষার কিং গৃহিনাং তপঃ ॥ ২৭

সংস্বারাদি আমার নিকট বল। শ্রীসদাশিব কহিলেন,—হে কৌলিনি! গার্হস্ত ধর্মই আদি এবং সকল মানবের ধর্মজনক; জ্বতাব প্রথমে যথার্থরপে ভাহাই বলিতেছি—শ্রবণ কর। গৃহস্থ—ব্রহ্মনিষ্ঠ এবং ব্রহ্মজ্ঞান-পরায়ণ হইবে। দে, যে যে কর্মকরিবে, তৎ সমস্তই ব্রহ্মে সমর্পণ করিবে। গৃহস্থ মিথ্যাবাক্যকহিবে না, শঠতা করিবে না এবং দেবতা-অতিথি-পূজনে ওৎপর হইবে। গৃহস্থ মাতাপিতাকে সাক্ষাৎ প্রত্যক্ষ-দেবতা জ্ঞানকরিয়া সর্বাদা সকলপ্রকার প্রয়ম্মে ভাঁহাদিগের সেবা করিবে। ২১—২৫। হে শিবে! হে পার্বাতি! মাতাপিতা সম্ভই হইলে জামার প্রীতি হইয়া থাকে। হে দেবি! তোমার প্রীতি হইলেই

व्यक्तिमाना ।

আদনং শয়নং বস্ত্রং পানং ভোজনমেব চ।
তত্তৎ সময়মাজ্ঞায় মাত্রে পিত্রে নিয়োজয়েবং ॥ ২৮
শ্রাবয়েয়ৄয়্লাং বাণীং সর্ব্বাণ প্রিয়মাচরেবং ।
পিত্রোরাজ্ঞায়ুসারী স্থাৎ সংপুত্রঃ কুলপাবনঃ ॥ ২৯
উদ্ধত্যং পরিহাসঞ্চ ভর্জ্জনং পরিভাষণম্ ।
পিত্রোরত্রে ন কুর্ব্বাভ ফ্লীচ্ছেলায়ুনো হিতম্ ॥ ৩০
মাতরং পিতরং বীক্ষ্য নম্বোত্তিষ্ঠেৎ সসস্ত্রমঃ ।
বিনাজ্ঞয়া নোপবিশেৎ সংস্থিতঃ পিতৃশাসনে ॥ ৩১
বিদ্যাধনমদোন্মত্রো যঃ কুর্যাৎ পিতৃহেলনম্ ।
স যাতি নরকং ঘোরং সর্ব্বধর্মবহিষ্কৃতঃ ॥ ৩২
মাতরং পিতরং পুত্রং দরোনতিথিসোদরান্ ।
হিত্বা গৃহী ন ভুঞ্জীয়াৎ প্রাণৈ: কণ্ঠগতেরপি ॥ ৩৩

পরত্রন্ধ প্রদাহন। হে আদ্যে! তুমিই জগতের মাতা এবং পরাৎপর ক্রন্ধই জগতের পিতা। অত এব বে যে কার্য্য দারা গৃহস্থগণ তোমাদের প্রীতি জন্মায়, গৃহিগণের তাহা হইতে আর তপস্তা কি আছে? উপযুক্ত সময়:বিবেচনা করিয়া মাতাপিতাকে আসন, শ্ব্যা, বস্ত্র, পানীয় ও ভোজ্য-বস্তু প্রশান করিবে। কুল-পাবন সৎপত্র তাঁহাদিগকে কোমল বাক্য শুনাইবে। সর্বাণা তাঁহাদিগের প্রিয় কার্য্য করিবে। মাতাপিতার আজ্ঞান্ত্রসারী হইবে। যদি আপনার মঙ্গলকামনা করে, তাহা হইলে কদাপি মাতাপিতার নিকট ঔরত্য, পরিহাস, তর্জ্জন বা অপ্রিয়-বাক্য প্রেয়াগ করিবে না। ২৬—৩০। পিতৃশাসনামুবর্জী পুত্র মাতা-পিতার দর্শনমাত্রেই প্রণাম করিয়া গাতোখান করিবে এবং তাঁহা-

বঞ্জিখা শুরুন্ বন্ধুন্ যো ভূঙ্কে খোদরন্তরি:।
ইহৈব লোকে গঠোহসৌ পরত্র নারকী ভবেং ॥ তৈঃ
গৃহস্তো গোপরেন্ধারান্ বিদ্যামভ্যাদরেৎ স্থতান্।
পোষয়েৎ স্বজনান্ বন্ধুনের ধর্মাঃ দনাতনঃ। ৩৫
জনন্তা বর্দ্ধিতো দেহো জনকেন প্রযোজিতঃ।
স্বজনৈঃ শিক্ষিতঃ প্রীত্যা সোহধমন্তান্ পরিত্যজেৎ॥ ৩৬
এষামর্থে মহেশানি কৃত্যা কন্তুশতান্তুপি।
প্রীণয়েৎ সততং শক্ত্যা ধর্মো ছেষ সনাতনঃ॥ ৩৭
স ধন্তঃ পুরুষো লোকে স কৃতী পরমার্থবিৎ॥
ব্রন্মনিষ্ঠঃ সত্যদন্ধো যো ভবেভুবি মানবঃ॥ ৩৮

দিগের স্বাক্তা ব্যতীত উপবিষ্ট হইবে না। যে ব্যক্তি বিদ্যা ও ধনমদে মন্ত হইয়া মাতাপিতাকে হেলা করে, সে (ইহলোকে) সর্বধর্ম্মে সন্ধিকারী হইয়া অন্তে ঘোর নরকে যায়। গৃহস্থ, কর্পগত-প্রাণ হইলেও মাতা, পিতা, পুত্র, ভার্য্যা, অতিথি ও সহোদর —ইহাদিগকে ত্যাগ করিয়া ভোজন করিবে না। যে ব্যক্তি গুরু সকলকে (মাতাপিতা প্রভৃতিকে) ও সকল বন্ধুকে (সহোদরাদিদিপকে) বঞ্চনা করিয়া ভোজন করে, সেই স্বোদরন্তরি ইহলোকে নিজ্পিত হয় এবং পরলোকে নরকে গমন করে। গৃহস্থ —পত্নীকে রক্ষা করিবে, পুত্রগণকে বিদ্যা দিক্ষা দিবে, স্বজন ও বন্ধুগণের পোষণ করিবে; ইহাই সনাতন ধর্ম্ম। জমনী কর্ত্ত্ক দেহ বর্দ্ধিত হয়, জনক কর্ত্ত্বক দেহ প্রয়োজিত হয় ও স্বয়ং স্বজনগণ কর্ত্ত্বক সাদরে শিক্ষিত হইয়া থাকে; যে ইহাঁদিগকে পরিত্যাগ ক্ষরে, সে অধম। ৩১-—৩৬। হে মহেশানি! ইহাঁদিগকে সর্বাদা প্রীতিমৃক্ত

ন ভার্যাং তাড়য়েৎ কাপি মাতৃবৎ পালয়েৎ সদা।
ন তাজেদেবারকঠেছপি ধনি সাধবী পতিব্রতা। ৩৯
স্থিতেমু স্বীয়দারেমু স্কিয়মন্তাং ন সংস্পৃশেৎ।
ছপ্তেন চেতসা বিদানস্তথা নারকী ভবেৎ॥ ৪০
বিরলে শয়নং বাসং তাজেৎ প্রাক্তঃ পরস্কিয়া।
অমুক্তভাষণকৈব স্কিয়ং শোর্যাং ন দর্শয়েৎ॥ ৪১
ধনেন বাসমা প্রেয়া শ্রহ্মামৃতভাষণৈঃ।
সততং তোষয়েদারান্ নাপ্রিয়ং কচিদাচরেৎ॥ ৪২
উৎসবে লোক্যাকায়াং তীর্থেষস্তানিকেতনে।
ন পত্নীং প্রেষম্বের প্রাক্তঃ প্রামাত্যবিবির্জিতাম্॥ ৪০

করিবে,—ইহাই সনাতন ধর্ম। যে মানব পৃথিবীতে ব্রহ্মনিষ্ঠ ও সত্যপ্রতিজ্ঞ হয়, সেই মহাপুরুষই ধয় এবং সেই পুরুষই পরমার্থ-বিদ্। কদাপি ভার্যাকে তাড়না করিবে না,—সতত মাতার আম পালন করিবে। যদি ভার্যা সাধ্বী এবং পতিব্রতা হয়,— ঘোর কষ্টে পতিত্ত হইলেও তাহাকে ভাগা করিবে না। বিজ্ঞাকি স্বীয় পত্নী বিশ্বমান থাকিতে হইভাবে পরস্ত্রীকে স্পর্শ করিবে না। অগ্রথা অর্থাৎ স্পর্শ করিলে, নরকগামী হইবে। প্রাজ্ঞ বাক্তি পরস্ত্রীর সহিত বিরলে শয়ন, বিরলে বাস এবং অমুক্ত ভাষণ ভাগা করিবে এবং স্ত্রীলোককে শৌর্যা দেখাইবে না। ৩৭—৪১। যন, বয়, প্রেম, শ্রহা ও স্থমপুর বাক্ত ছারা সতত ভার্যাকে সন্তর্ভ করিবে,—কথনই ভাহার অপ্রিয়াচরণ করিবে না। সংসার-ভক্ত করিবে,—কথনই ভাহার অপ্রিয়াচরণ করিবে না। দংসার-ভক্ত করিবে,—কথনই ভাহার মান্তর্ভার বির্যালী বির্যা

যদ্মিন্ নরে মহেশানি তুষ্টা ভার্যা পভিত্রতা।
সর্বো ধর্মঃ ক্বতন্তেন ভবতীপ্রির এব সঃ॥ ৪৪
চতুর্বর্ষাবিধি স্থতার্মালয়েৎ পালয়েৎ পিতা।
ততঃ ষোড়শপর্যান্তঃ গুণান্ বিদ্যাঞ্চ শিক্ষরেৎ ॥ ৪৫
বিংশত্যকাধিকান্ পূজান্ প্রেরমেদ্ গৃহকর্মস্থ।
ততন্তাঃস্বল্যভাবেন মন্ধা স্নেহং প্রদর্শরেৎ ॥ ৪৬
কল্যাপ্যেবং পালনীয়া শিক্ষণীয়াতিষম্বতঃ।
দেয়া বরায় বিছ্ষে ধনরত্মসমন্বিতা॥ ৪৭
এবং ক্রমেণ ভাতৃঃশ্চ স্বস্থভাক্সস্তানপি।
ভ্রাতীন্ মিত্রাণি ভৃত্যাংশ্চ পালয়েভোষ্মেদ্গৃহী। ৪৮

শানি! পতিব্রতা ভার্যা যে পুক্ষের প্রতি পরিতৃষ্ঠা, (পতিব্রতা ভার্যার সম্ভোষেই) তৎকর্ত্ত্বক সকল ধর্ম আচরিত হয়, অর্থাৎ সে ব্যক্তি সর্ব্ধর্মান্ত্র্চান-জনিত ফল প্রাপ্ত হয়) এবং তোমার প্রিয় হয়। পিতা চারি বৎসর পর্যান্ত পুজের লালন-পালন করিবে, ভাহার পর যোড়শ বৎসর পর্যান্ত বিছা ও সকল গুণ শিক্ষা করাইবে। পালন ও শিক্ষায় বিংশতি বর্ষ অভিবাহিত হইলে বিংশতি-বৎসরাধিক্ষরম্ব পুজদিগকে (কিছুকাল) গৃহকর্মে নিয়োজিত করিবে। তৎপরে অর্থাৎ গৃহ-কর্মে উপযুক্ত হইলে আত্মতুল্য বোধ করিয়া স্কেই প্রদর্শন করিবে। ৪২—৪৬। কন্তাকেও এইয়প পালন করিবে এবং অতি যত্নে শিক্ষা দিবে; কন্তাকে ধনরত্নে সমন্বিতা করিয়া, জ্ঞানবান্ বরকে প্রদান করিবে। গৃহী এইয়পে ভাতা, ভগিনী, ভাগিনেয়, ভ্রাতৃপুত্র, জ্ঞাতি, মিত্র ও ভৃত্যদিগের পালন এবং ভৃষ্টিসাধন করিবে। ওদনস্তর গৃহত্ব অধর্ম-নিয়ত, একগ্রাম-

ভতঃ স্বধর্মনিরতানেকগ্রামনিবাদিন:।

অভ্যাগতাম্নাদীনান্ গৃহস্থং পরিপালয়েং॥ ৪৯

যন্যেবং নাচরেদ্দেবি গৃহস্থো বিভবে দতি।
পশুরেব দ বিজ্ঞেয়: দ পাপী লোকগর্হিত:॥ ৫০

নিদ্রালম্ভং দেহযত্মং কেশবিন্তাসমেব চ।
আদক্তিমশনে বস্তে নাতিরিক্তং দমাচরেং॥ ৫১

যুক্তাহারো যুক্তনিদ্রো মিতবাদ্মিতদৈপুন:।
স্বচ্ছো নম: গুচির্দ্দেশে যুক্তঃ স্তাৎ দর্মকর্মন্ত ॥ ৫২

শুরঃ শত্রো বিনীতঃ স্তাদ্মান্তে আনিন:॥ ৫০

সৌহাদিং ব্যবহারাংশ্চ প্রবৃত্তিং প্রকৃতিং নৃণাম্।
দহবাদেন তবৈশ্চ বিদিত্য বিশ্বসেত্তঃ॥ ৫৪

বাদী, জভাগতগণ এবং উদাদীনগণকেও পরিপালন করিবে। হে দেবি! গৃহস্থ, বিভব থাকিতে যদি এইরপ আচরণ না করে, তাহা হইলে দে পশু বলিয়াই জ্ঞাতব্য এবং দে পাপী ও লোক-সমাজে নিন্দিত হয়। নিদ্রা, আলশু, দেহের প্রতি যদ্ধ, ভোজা এবং বস্ত্রে আদক্তি, অতিরিক্ত পরিমাণে করিবে না। ৪৭—৫১। গৃহস্থ পরিমিতভোজী, পরিমিত-নিদ্রা, নির্মাল-প্রকৃতি, পরিমিতভাষী, পরিমিত-মৈথুন, নম্র, শুচি, নিপুণ, নিরালশু এবং দর্বকর্ম্মে তৎপর হইবে। শক্রর নিকট শ্র এবং বাদ্ধব ও গুরুর দরিধানে বিনীত হইবে। নিদ্রিত ব্যক্তিকে আদর করিবে না। মাশুগণকে অবজ্ঞা করিবে না। পরম্পর সহবাস ও বিচার দ্বারা লোকের স্বভাব, সোহার্দ্ম, ব্যবহার, প্রবৃত্তি প্রকৃতি জানিয়া তাহার উপর বিশ্বাস স্থাপন করিবে। বৃদ্ধিমান্ ব্যক্তি

অসেদ্দেষ্ট্রপি ক্ষ্ডাৎ সময়ং বীক্ষা বৃদ্ধিমান্।
প্রদর্শয়েলাস্মভাবান্ নৈব ধর্মং বিলঙ্বয়েং॥ ৫৫
স্বীয়ং যশঃ পৌরুষঞ্চ গুপ্তয়ে কথিতঞ্চ যং।
ক্রতং যতৃপকারায় ধর্মজ্ঞো ন প্রকাশয়েং॥ ৫৬
জুগুপিত প্রবৃত্তে চি নিশ্চিতেইপি পরাজয়ে।
গুরুণা লঘুনা চাপি যশস্বী ন বিবাদয়েং॥ ৫৭
বিদ্যাধনযশোধর্মান্ যতমান উপার্জয়েং।
ব্যসনঞ্চাসতাং সঙ্গং মিথ্যাদ্রোইং পরিত্যজেং॥ ৫৮
অবস্থামুগতাশেচষ্টাং সময়ামুগতাং ক্রিয়াং।
তক্মাদবস্থাং সময়ং বীক্ষ্য কর্ম্ম সমাচরেং॥ ৫৯
যোগক্ষেমরতো দক্ষো ধার্ম্মিকঃ প্রিয়বাদ্ধবং।
মিতবাল্মিতহাদঃ স্থান্যান্তর্যে তু বিশেষতঃ॥ ৬০

ক্ষুদ্র শক্র হইতেও ভয় করিবে এবং সময় বিবেচনা করিয়া নিজভাব প্রদর্শন করিবে; কিন্তু ধর্মা লজ্মন করিবে না। ধর্মাজ বাক্তি দ্বীয় যশ, পৌরুষ ও ষাহা অন্ত লোক প্রকাশ করিতে নিষেধ করিয়া বলিয়াছে এবং ষাহা পরোপকারের জন্ত রুত হইয়াছে, তাহা প্রকাশ করিবে না। ৫২—৫৬। যশন্বী ব্যক্তি, নিশ্চয় জয়ের সম্ভাবনা থাকিলেও, কলাপি লোক-গর্হিত কার্যো প্রবৃত্ত হইবে না এবং গুরু বা লঘু ব্যক্তির সহিত বিবাদ করিবে না। য়য়পুর্বাক বিল্ঞা, ধন, যশ ও ধর্মা উপার্জ্জন করিবে। ব্যসন (দ্যুত্ত ক্রিড়া প্রভৃতি), কুসংসর্গ, মিধ্যা-কথা, পরজাহ পরিত্যাগ করিবে। চেষ্টা অবস্থার অমুগত এবং কার্য্য সময়ের অমুগত হইয়া থাকে; অবস্ত এব অবস্থা ও সময় পর্যালোচনা করিয়া কর্মা করিবে।

জিতেন্দ্রিয়ঃ প্রদায়া স্থানিস্তাঃ স্থাদ্ত্রতঃ।
অপ্রমত্তো দীর্ঘদর্শী মাত্রাম্পর্শান্ বিচারয়েৎ॥ ৬১
সত্যং মৃত্ প্রিয়ং ধীরো বাক্যং হিতকরং বদেৎ।
আত্মোৎকর্ষং তথা নিন্দাং পরেষাং পরিবর্জ্জয়েং॥ ৬২
জলাশয়াশ্চ বৃক্ষাশ্চ বিশ্রামগৃহমধ্বনি।
সেতৃঃ প্রতিষ্ঠিতো যেন তেন লোকত্রয়ং জিতম্॥ ৬৩
সন্তর্গ্টো পিতরো যত্মিরন্থরকাঃ স্কহাপগাঃ।
গায়ন্তি যদ্যশো লোকান্তেন লোকত্রয়ং জিতম্॥ ৬৪
সত্যমেব ব্রতং যস্ত দয়া দীনেমু সর্ব্বথা।
কামকোধো বশে যস্ত তেন লোকত্রয়ং জিতম্॥ ৬৫
বিরক্তঃ পরদারেমু নিঃম্পৃহঃ পরবস্তম্মু ॥
দস্ত-মাৎসর্যাহীনো যন্তেন লোকত্রয়ং জিতম্॥ ৬৬

গৃহীরা যোগক্ষেমে অর্থাৎ অলব বস্তর অর্জন এবং লব্ধ বস্তুর রক্ষণে অন্থরক্ত হইবে। দক্ষ, ধার্ম্মিক ও স্বভাবতই মিতভাষী এবং মিত্যহাস্ত হইবে (অর্থাৎ অধিক বাক্য ও উচ্চ হাস্ত পরিত্যাগ করিবে), বিশেষতঃ মান্ত-ব্যক্তির নিকট। জিতেন্দ্রিয়, নির্মাণস্থভাব, স্থচিস্তাপরায়ণ, দৃঢ়ব্রত, প্রমাদরহিত এবং দীর্ঘদর্শী হইয়া বিষয়োপভোগের বিচার করিবে। ৫৭—৬১। ধীর জনস্তা, কোমল, সম্ভোষজনক ও শুভকর বাক্য ব্যবহার করিবে; আত্মগোরব ও পরনিন্দা করিবে না। যে জন পথে জলাশ্য, বিশ্রামগৃহ ও সেতু প্রতিষ্ঠা করিয়া থাকেন, তিনি ত্রিভ্বন জয় করেন, অর্থাৎ সর্ব্বাপেক্ষা উৎকৃষ্ট পদ লাভ করেন। মাতাপিতা যাহার উপর সন্ত্রট, মিত্রসমূহ যাহার উপর অন্থরাগী, লোকসমূহ যাহার যশোগান করিয়া থাকে, সেই ব্যক্তি ত্রিভ্বন জয়

ন বিভেতি রণাদ্যো বৈ সংগ্রামেহপ্যপরাত্ম্বঃ।
ধর্মযুদ্ধে মৃতো বাপি জেন লোকত্রয়ং জিতম্॥৬৭
অসংশয়াত্মা স্ক্রশ্রন্ধঃ শান্তবাচারতৎপরঃ।
মচ্ছাসনেহিতো যশ্চ তেন লোকত্রয়ং জিতম্॥৬৮
জ্ঞানিনা লোক্যাত্রাইয় সর্বত্র সমদৃষ্টিনা।
ক্রিয়স্তে যেন কর্ম্মাণি তেন লোকত্রয়ং জিতম্॥৬৯
শৌচস্ত দ্বিবিধং দেবি বাহ্যাভান্তরভেদতঃ।
ব্রহ্মণ্যাত্মার্পণং যত্তচ্ছোচমান্তরিকং স্মৃতম্॥৭০
অন্তির্বা ভম্মনা বাপি মলানামপকর্ষণম্।
দেহশুদ্ধির্ভবেদ্যেন বহিঃশৌচং তত্তচাতে॥৭১
গঙ্গা নত্যো হ্রদা বাপ্যন্তথা কৃপাশ্চ ক্ষুল্লকাঃ।
সর্ববং পবিত্রজননং স্বর্ণদীক্রমতঃ প্রিয়ে॥৭২

করিয়াছে। সতাই যাহার ত্রত, দীনের প্রতি যাহার সর্বাদা দয়া আছে, কাম ও জোধ যাহার বশীভূত, সেই ব্যক্তি ত্রিভূবন জয় করিয়াছে। যে ব্যক্তি পরস্ত্রীতে বিরক্ত ও পর-বস্ততে অভিলাষহীন, যে ব্যক্তি দম্ভ ও মাৎসর্য্য-বিহীন, সেই ব্যক্তি ত্রিভূবন জয় করিয়াছে। যে ক্ষত্রিয় রণে ভীত ৪ পরাত্মুথ হয় না এবং ধর্ম্ম-যুদ্ধে মৃত হয়, সেই ত্রিভূবন জয় করিয়াছে। থহার মনে সন্দেহ নাই, যে ব্যক্তি বিশ্বাসযুক্ত, পাশুপতাচার-নিরত এবং আমার আজ্ঞা প্রতিপালন করে, সেই ব্যক্তি ত্রিভূবন জয় করিয়াছে। যে জ্ঞানী —শক্র এবং মিত্রের প্রতি সমদৃষ্টি করিয়া কেবল সংসারযাত্রা নির্ব্বাহার্থ বিহিত কর্ম্মান্মুটান করিয়া থাকে, সেই ব্যক্তি সংসার জয় করিয়া থাকে। হে দেবি! শৌচ তুই প্রকার;—বাহু এবং আভ্যন্তর।

ভন্মাত্র ষাজ্ঞিকং শ্রেষ্ঠং মৃৎয়া তু মলবর্চ্জি হা।
বাসোহজিনতৃণাদীনি মৃষজ্জানীহি স্থবতে ॥ ৭৩
কিমত্র বহুনোক্তেন শৌচাশৌচবিধৌ শিবে।
মনঃ পৃতং ভবেদ্যেন গৃহস্থস্তভুদাচরেৎ ॥৭৪
নিদ্রান্তে মৈথুনস্থান্তে ত্যাগান্তে মলমৃত্রয়োঃ।
ভোজনান্তে মলে স্পৃত্তি বহিঃশৌচং বিধীয়তে ॥ ৭৫
সন্ধ্যা ত্রৈকালিকী কার্য্যা বৈদিকী তান্ত্রিকী ক্রমাৎ।
উপাসনায়া ভেদেন পূজাং কুর্য্যাদ্ যথাবিধি ॥ ৭৬

ব্রহ্মে যে আত্ম-সমর্থণ অর্থাৎ পরমাত্মাতে যে মনের একাগ্রতা, তাহা আন্তরিক শৌচ বলিয়া কথিত হয়। জল কিংবা ভত্ম দারা মলাপনয়ন জন্ম যে দেহ-শুদ্ধি হয়, তাহাকে বাহ্ম শৌচ বলা য়য়। হে প্রিয়ে! ক্ষুদ্র জলাশয়, কৃপ, বাপী, হয়, নদী ও স্থরধুনী গঙ্গা—ইয়ায় য়থাক্রমে অধিক পবিত্রতার জনক অর্থাৎ এই সকল তীর্থজনে অবগাহন করিলে দেহ শুদ্ধ হয়। হে স্থব্রতে! বহিঃ-শৌচ-বিষয়ে য়াজ্ঞিক ভত্মই প্রশস্ত। নির্মাল মৃত্তিকা দারাও ঐক্প শুদ্ধি হইতে পারে। বয়, মৃগচর্মা, তুল প্রভৃতিও মৃত্তিকা-সদৃশ শুদ্ধি-জনক। হে শিবে! এই শৌচ ও অশৌচ বিয়য়ে অধিক বলিবার আবশুকতা নাই,—যাহাতে মন পবিত্র হয়, গৃহস্থ তাহাই আচরণ করিবে। ৬৪—৭৩। নিদ্রার পর, মেপুনের পর, মল-মৃত্র-পরিত্যাগের পর, আহারের পর এবং মলম্পর্শ হইলে উক্ত-শ্রেকার বহিঃশৌচ বিধান করিতে হয়। ত্রিকালে অর্থাৎ প্রাতে, মধ্যাক্ষে ও সায়ায়্লে বৈদিকী ও ভাদ্ধিকী সদ্বা বথাক্রমে সম্পাদন করিবে এবং উপাসনাভেদে বথাশাক্র পূকা করিবে। প্রিয়ে!

ব্রশ্বমন্ত্রেশাসকানাং পায়জীং কপভাং প্রিয়ে।
জ্ঞানাদ্বন্ধেতি তথাচাং সন্ধ্যা ভবতি বৈদিকী ॥ ৭৭
অন্তেবাং বৈদিকী সন্ধ্যা স্থ্যোপস্থানপূর্বকম্।
অর্থ্যদানং দিনেশায় গায়জীজপনং তথা ॥ ৭৮
অষ্টোত্তরং সহস্রং বা শতং বা দশধাপি বা ।
জ্ঞপানাং নির্মো ভদ্রে সর্ব্ব্রাহ্নিকর্শনি ॥ ৭৯
শ্রদামান্তর্জাতীনামধিকারোহন্তি কেবলম্।
আগমোক্তবিধা দেবি সর্ব্বিদিন্ধিন্ততো ভবেৎ ॥ ৮০
প্রাতঃ স্থ্যোদয়ঃ কালো মধ্যাহ্নন্তরম্।
সায়ং স্থ্যান্তসময়্রিকালানাময়ং ক্রমঃ ॥ ৮১

শ্রীদেব্যুবাচ। বিপ্রাদিসর্ব্বর্ণানাং বিহিতা তান্ত্রিকী ক্রিয়া। স্বয়ৈব কথিতা নাথ সম্প্রাপ্তে প্রবলে কলো॥ ৮২

যাহারা ব্রহ্মমন্ত্রোপাদক, তাঁহারা গায়ত্রী-জপ-কালে 'গায়ত্রীর প্রতিপাছ—ব্রহ্ম' এইরপ ভাবনা করিবেন; তাহা হইলে বৈদিকী সন্ধান হইবে। যাঁহারা ব্রহ্মোপাদক নহেন, তাঁহাদের বৈদিকী সন্ধান ক্র্যার্থ্য-দান ও গায়ত্রী-জপ করিতে হইবে। হে ভদ্রে! সমস্ত আহ্নিক-কার্যোই অপ্তোত্তর সহস্র বা অপ্তোত্তর শত কিংবা দশবার জপ করিবার নিয়ম আছে। হে দেবি! শূদ্র-জাত্তির ও সাধারক জাত্তির কেবল আগমোক্ত বিধিতেই অধিকার আছে। ভাহাতেই ভাহাদের সকলপ্রকার সিদ্ধি হইবে। ৭৫—৮০। প্রাতঃসন্ধান ক্রেটোদয়কালে ক্রিবে। এইরূপ মধ্যাক্ষ্সন্ধান ও সান্ধঃসন্ধান ব্যক্তিক ক্রিবে। এবং ক্র্যান্ত্র্যমন্ত্রে করিতে হইবে;—সন্ধান্ত্রন্দ্র এইরূপ বিক্লাল নির্দিষ্ট আছে। শ্রীদেবী ক্রিলেন,—হে নাঝ!

তদিদানীং কথং দেব বিপ্রান্ বৈদিককর্মণি। নিযোকমনি তৎ দর্বং বিশেষাদক মইসি॥ ৮৩

শ্ৰীসদাশিব উবাচ ৷

সতাং ব্রবীষি তত্ত্বজ্ঞে সর্ব্বেষাং তান্ত্রিকী ক্রিয়া।
লোকানাং ভোগমোক্ষায় সর্ব্বকর্মস্থাসিদ্ধনা ॥ ৮৪
ইয়স্ত ব্রহ্মসাবিত্রী যথা ভবতি বৈদিকী।
তথৈব তান্ত্রিকী জ্ঞেয়া প্রশস্তোভয়কর্মণি ॥ ৮৫
ততোহত্র কথিতং দেবি দ্বিজানাং প্রবলে কলৌ।
গায়জ্র্যামধিকারোহস্তি নাস্তমন্ত্রেষু কর্হিচিৎ ॥ ৮৬
ভারাস্থা কমলাদ্যা চ বাগ্ভবাদ্যা যথাক্রমাৎ।
ব্রাহ্মণক্ষত্রিয়বিশাং সাবিত্রী কথিতা কলৌ॥ ৮৭

তুমি স্বয়ং বলিয়াছ যে, কলি প্রবল হইলে ব্রাহ্মণ প্রভৃতি সমুদার বর্ণের একমাত্র তান্ত্রিকী ক্রিয়া বিহিতা আছে। হে দেবদেব। একণে কি হেডু তুমি ব্রাহ্মণিনিগকে বৈদিক ক্রিয়াতে নিয়োজিত করিতছে। এতং-সমুদার বিশেষরূপে বর্ণন কর। শ্রীসদাশিব কহিলের,—হে তত্তজে। তুমি যথার্থই বলিয়াছ। কলিমুগে সকল বর্ণের পক্ষেই একমাত্র তান্ত্রিকী ক্রিয়াই ভোগ ও মোক্ষের নিমিত্ত হয়, এবং সমুদার কার্যেই লিন্ধি দান করে। এই ব্রহ্মন্সাবিত্রী যেমন বৈদিকী, সেইরূপ তান্ত্রিকীও হইতে পারে এবং উভয় কর্মেই প্রশন্ত। হে দেবি। এই জ্বন্তই আমি এস্থলে বলিয়াছি য়ে, কলি প্রবল হইলে ব্রাহ্মণ-সমুহের গায়ত্রীতেই অধিকার আছে, —ক্ষন্ত কোন বৈদিকমন্ত্রে অধিকার নাই। ৮১—৮৬। কলিক্রানে ব্রাহ্মণ, ক্ষত্রের ও বৈশ্লের গায়্রী যথাক্রমে "ওঁ", "শ্রীং"

দিজাদীনাং প্রভেদার্থং শৃদ্রেভ্য: পরমেশ্বরি।
সদ্যেয়ং বৈদিকী প্রোক্তা প্রাণেবাছিককর্মণাম্ ॥৮৮
অন্তথা শাস্তবৈর্মার্টর্নঃ কেবলৈঃ দিছিভাগ্ ভবেং।
সভ্যং সভাং পুনঃ সভ্যং সভ্যমেতর সংশয়ঃ॥ ৮৯
কালাভ্যয়েহিপি সদ্যোয়ং কর্ত্বরা দেববন্দিতে।
ওঁতৎসদু দ্ধ চোচ্চার্য্য মোক্ষেপ্স ভিরনাভূরৈঃ॥ ৯০
আসনং বসনং পাত্রং শ্বয়াং যানং নিকেতনম্।
গৃহকং বস্তজাতঞ্চ স্বচ্ছাৎ স্বচ্ছং প্রশস্ততে॥ ৯১
সমাপ্যাছিককর্মাণি স্বাধ্যায়ং গৃহকর্ম্ম বা।
গৃহস্থো নিয়তং কুর্য্যায়েব ভিষ্টেরিয়দ্যমঃ॥ ৯২
পুণাভীর্থে পুণাভিথো গ্রহণে চক্রস্থায়োঃ।
জপং দানং প্রক্র্মাণঃ শ্রেয়সাং নিলয়ো ভবেং॥ ৯৩

এবং "এং"-পূর্ব্বিকা হইবে মর্থাৎ ব্রাহ্মণের গায়ত্রীর পূর্ব্বে ওঁ, ক্ষত্রিরের গায়ত্রীর পূর্ব্বে শ্রীং, এবং বৈশ্রদিগের গায়ত্রীর পূর্ব্বে ঐং যোগ
করিবে। হে পরমেশ্বরি! শূদ্র হইতে দিজগণকে পৃথক্ করিবার জন্তই
তাঁহাদিগের আহ্নিক কার্যো প্রথমতঃ বৈদিক-সন্ধার বিধি কথিত
হইয়াছে। অন্তথা অর্থাৎ বৈদিক সন্ধানা করিয়াও কেবল শৈবপদ্ধতি দ্বারা সিদ্ধিলাভ হইবে,—ইহা সত্যা, সত্যা, বিশেষ সত্যা,—
সন্দেহ নাই। হে দেববন্দিতে! অনাতুর মুমুক্ষ্ ব্যক্তি সন্ধ্যার
যথোক্ত সময় অতীত হইলেও "ওঁ তৎ সৎ ব্রহ্ম" উচ্চারণ করিয়া
এই সন্ধ্যা করিবেন। আসন, বদন, পাত্র, শ্ব্যা, যান, গৃহ
ও গৃহোপকরণসমূহ পরিক্ষত হইতে পরিক্ষত্রতর হইলেই প্রশক্ত।
গৃহস্থ আহ্নিক-কার্যা সমাধা করিয়া স্বাধ্যায় বা গৃহক্র্ম করিবে,—
নিক্ষপ্তম হইয়া অবস্থান করিবে না। ৮৭—৮২। পুণ্যতীর্থে,

কলাবরগতপ্রাণা নোপবাসঃ প্রশক্ততে।
উপবাসপ্রতিনিধাবেকং দানং বিধীয়তে॥ ৯৪
কলো দানং মহেশানি সর্ব্বসিদ্ধিকরং ভবেং।
তৎপাত্রং কেবলং জ্রেয়া দরিদ্রঃ সংক্রিয়ায়িতঃ॥ ৯৫
মাস-বংসর-পক্ষাণামারস্তদিনমম্বিকে।
চতুর্দশুপ্রমী শুক্লা তথৈবৈকাদশী কুছুঃ॥ ৯৬
নিজজন্মদিনঞ্চৈব পিত্রোর্মর্ববাসরঃ।
বৈধোৎসবদিনঞ্চৈব পুণ্যকালঃ প্রকীর্ত্তিঃ॥ ৯৭
গঙ্গানদী মহানদ্যো গুরোঃ সদনমেব চ।
প্রসিদ্ধং দেবতাক্ষেত্রং পুণ্যতীর্থং প্রকীর্ত্তিতম্॥ ৯৮
ত্যক্তব্ব স্বাধ্যয়নং পিত্রোঃ শুক্রায়াং দাররক্ষণম্।
নরকায় ভবেত্তীর্থং তীর্থায় ব্রজ্বাং নৃণাম্॥ ৯৯

পুণাতিথিতে, চক্রগ্রহণে ও স্থাগ্রহণে জপ ও দান করিলে মঙ্গলভাজন হয়। কলিযুগে মানবর্গণ অন্নগত-প্রাণ; স্মৃতরাং উপবাস প্রশস্ত নহে। কলিযুগে উপবাসের প্রতিনিধি-করে একমাত্র দানই বিহিত। হে মহেশানি! কলিযুগে দানই সর্ব্বসিদ্ধি-করে। সংক্রিয়াবিত দরিদ্র বাক্তিকেই দানের পাত্র বলিয়া জানিবে। হে অদ্বিকে! মাসের, বৎসরের ও পক্ষের আরম্ভদিন, শুক্রপক্ষের চতুর্দ্দী ও অষ্টমী, একাদশী, অমাবস্থা ও নিজ জন্মদিন, মাতাপিতার মরণদিন এবং বৈধ-উৎসব-দিন পুণ্যকাল বলিয়া কীর্ত্তিত হইয়াছে। গঙ্গানদী, মহানদী, গুরুগৃহ ও প্রসিদ্ধ দেবতাক্ষেত্র পুণ্যতীর্থ বলিয়া কীর্ত্তিত হইয়াছে। অধ্যয়ন, মাতা ও পিতার শুক্রষা এবং দার-রক্ষণ পরিত্যাগ করিয়া তীর্থ-গমন পুরুষদিগের নরকের কারণ হয়। ১৩—১৯। নারীদিগের ভর্ত্গুক্রমা ব্যক্তীত তীর্থসেবা

ন তীর্থদেবা নারীণাং নোপবাদাদিকাঃ ক্রিয়াঃ।
নৈব ব্রভানাং নিয়মো ভর্ত্তঃ শুক্রমণং বিনা ॥ ১০০
ভর্ত্তৈব যোষিভাং তীর্থং তপো দানং ব্রতং শুরুঃ।
ভক্ষাৎ পর্বায়না নারী পতিদেবাং সমাচরেৎ ॥ ১০১
পত্যঃ প্রিয়ং দদা কুর্যাদ্বচদা পরিচর্যায়া।
ভদাজান্মচরী ভূষা তোষয়েৎ পতিবাদ্ধবান্ ॥ ১০২
নেক্ষেৎ পতিং ক্রুবদৃষ্ট্যা শ্রাবয়েরৈব হর্প্রচঃ।
নাপ্রিয়ং মনদা বাগি চরেয়র্জ্তঃ পতিব্রভা ॥ ১০৩
কায়েন মনদা বাচা সর্প্রদা প্রিয়কর্ম্মভিঃ।
যা প্রীণয়তি ভর্তারং দৈব ব্রহ্মপদং লভেৎ ॥ ১০৪
নাস্তবক্রং নিরীক্ষেত নান্তাঃ দন্তাম্পারণী ॥ ১০৫

নাই, উপবাদাদি ক্রিয়া নাই, ব্রত করার নিয়ম নাই অর্থাৎ এই দকল কর্মজনিত ফল—কেবল স্থামিশুশ্রষায় লাভ হয়; স্থতরাং ঐ দকল কর্মগ্য করা বিহিত হয় নাই। স্থামীই স্ত্রীলোকদিগের তীর্থ, ওপস্থা, দান, ব্রত এবং গুরু। অতএব নারী দর্ব্বাস্তঃকরণে পতিদেবা করিবে। বাক্য দ্বারা ও পরিচর্য্যা দ্বারা দর্ব্বদা স্থামীর প্রিয়কার্য্য করিবে এবং দর্ব্বদা তাঁহার আজ্ঞান্থবর্ত্তিনী থাকিয়া পতিবাদ্ধবগণকে তৃষ্ঠ করিবে। পতিব্রতা স্ত্রী পতিকে ক্রুরদৃষ্টিতে অবোলোকন করিবে না, হর্ব্বাক্যও শুনাইবে না। মন দ্বারাও প্রামীর অপ্রিয়-কার্য্য করিবে না। যে স্ত্রী ভর্ত্তাকে পরিতৃষ্ঠ করেন, তিনি ব্রহ্মপদ লাভ করেন। ভর্তার আজ্ঞান্থদারিণী নারী অন্ত পুরুষ্বের মুথ দেখিবে না, অন্ত পুরুষ্বের সহিত সম্ভাষণ করিবে না, অন্ত পুরুষ্বের সহিত সম্ভাষণ করিবে না, অন্ত পুরুষ্বের সহিত সম্ভাষণ করিবে না, অন্ত পুরুষ্বের লাভ ১০০ – ১০৫। স্ত্রীজান্তি

তিষ্ঠেৎ পিত্রোর্ব শৈ বাল্যে ভর্ত্তু: সম্প্রাপ্ত যৌবনে।
বার্দ্ধকে পতিবন্ধুনাং ন স্বতন্ত্রা ভবেৎ ক্ষ্ চিৎ ॥ ১০৬
অজ্ঞাতপতিমর্যাালামজ্ঞাতপতিদেবনাম্।
নোহাহরেৎ পিতা বালামজ্ঞাতধর্মশাসনাম্॥ ১০৭
নরমাংসং ন ভূজীয়াররাক্ব তিপশৃংস্তথা।
বহুপকারকান্ গাশ্চ মাংসাদান্ রসবর্জ্জিতান্॥ ১০৮
ফলানি প্রামাবক্তানি স্লানি বিবিধানি চ।
ভূমিজাতানি সর্কাণি ভোজ্ঞানি স্বেচ্ছ্যা শিবে॥ ১০৯
অধ্যাপনং যাজনঞ্চ বিপ্রাণাং ব্রতমূত্রমম্।
অশক্তৌ ক্ষ ক্রিরবিশাং বৃত্তিনির্কাহমাচরেৎ॥ ১১০
রাজন্তানাঞ্চ সদ্বৃত্তং সংগ্রামো ভূমিশাসনম্।
অত্রাশক্তৌ বণিথৃতং শূদ্বৃত্তমথাপ্রয়েৎ॥ ১১১

বাল্যকালে পিতার বশবর্তিনী, যৌবনকালে ভর্তার বশবর্তিনী, বার্ককাবস্থার পতি-বান্ধবগণের বশবর্তিনী থাকিবে,—কোন অবস্থা-তেই স্বাধীন হইতে পারিবে না। পিতা, পতিমর্য্যাদানভিজ্ঞা, পতিদেবানভিজ্ঞা, ধর্মশাদনে অনভিজ্ঞা বালিকা কন্তার বিবাহ দিবেন না। নরমাংস, নরাক্তি-পশু-মাংস, বহুপকারক গো এবং রসহীন ও মাংস-ভোজী জন্ত ভোজন করিবে না। হে শিবে! ভূমি-জাত প্রাম্য ও বন্তু নানাবিধ কল-মূল স্বেচ্ছাহ্মসারে ভক্ষণ করিতে পারিবে। ব্রাহ্মণের অধ্যাপন এবং যাজন— এই হুইটী বৃত্তি উত্তম। আশক্ত হইলে কজ্মি-বৃত্তি, তাহাতেও অশক্ত হইলে বৈশ্র-বৃত্তি দ্বারা জীবিকা নির্বাহ করিবে। সংগ্রাম ও প্রজ্ঞাপালনই ক্ষল্রিয়-দিগের সদ্বৃত্তি। এই বৃত্তিতে অশক্ত হইলে, বৈশ্রবৃত্তি, তাহাত্ত অশক্ত হইলে, বৈশ্ববৃত্তি, তাহাত্ত

বাণিজ্ঞাশক্ত বৈশ্বানাং শৃদ্ৰবৃত্তমদ্যণম্।
শৃদ্ৰাণাং পরমেশানি দেবা বৃত্তিবিধীয়তে॥ ১১২
সামান্তানান্ত বৰ্ণানাং বিপ্ৰবৃত্তান্তবৃত্তিবৃ।
অধিকারোহস্তি দেবেশি দেহযাত্রা প্রসিদ্ধয়ে । ১১৩
অদ্বেষ্টা নির্দ্ময়ং শাস্তঃ সত্যবাদী ব্রুতিব্রিয়ঃ।
নির্দ্মৎসরো নিন্ধপটঃ স্ববৃত্তী ব্রান্ধণো ভবেৎ ॥ ১১৪
অধ্যাপয়েৎ পুক্রবৃদ্ধ্যা শিষ্যান্ সন্মার্গবর্তিনঃ।
সর্বলোকহিতৈবী স্থাৎ পক্ষপাতবিনিম্মুখঃ॥ ১১৫
মিথ্যালাপমস্থাঞ্চ ব্যসনাপ্রিয়ভাষণম্।
নীচৈঃ প্রসক্তিং দম্ভঞ্চ সর্বথা ব্রান্ধণস্তাত্তেৎ॥ ১১৬
যুযুৎসা গহিতা সন্ধ্যে সন্ধানেঃ সন্ধিক্ত্তমা।
যুত্তর্জয়ো বা যুদ্ধেযু রাজন্তানাং বরাননে॥ ১১৭

বাণিজ্যে অসমর্থ বৈশ্বদিগের শুদ্র-বৃত্তি আশ্রয় দ্যণীয় নহে। শুদ্রদিগের সেবা-কৃত্তি বিহিত আছে। ১০৬—১১২। সামান্তবর্ণ(পঞ্চম-বর্ণ)-দিগের দেহ-রক্ষার জক্ত ব্রাহ্মণ-বৃত্তি ভিন্ন সকল বৃত্তিতেই অধিকার আছে। স্বর্ত্তি-স্থিত ব্রাহ্মণ—দেষশৃত্য, মমতাবর্জ্জিত, শান্ত, সত্যবাদী, জিতেন্দ্রিয়, মাৎসর্যারহিত ও অকপট
হইবেন; সৎপথাবলম্বী শিষ্যদিগকে পুত্রবোধে অধ্যয়ন করাইবেন;
সর্বলোকহিতৈষী ও পক্ষপাতশৃত্ত হইবেন। ব্রাহ্মণ--মিথা কথা,
অস্য়া, ব্যসন (মৃগয়াদ্যতাদি), অপ্রিয় বাক্য, নীচলোকের সহিত
সংসর্গ এবং দন্ত সর্ব্বথা ত্যাগ করিবেন। হে বরাননে! ক্ষপ্রেয়দিগের পক্ষে সন্ধি অবধারিত হইলে মুদ্ধ করিবার ইচ্ছা নিন্দনীয়।
সন্মানপূর্বাক সন্ধি করিবেন। যেহেতু যুদ্ধে জয় বা মৃত্যুই
নিন্দিত। রাজ্য প্রজার ধনে অলোভী হইবেন, পরিমত কর গ্রহণ

অলোভী স্থাৎ প্রকাবিত্তে গৃহীয়াৎ সন্মিতং করম্।
রক্ষরসীকৃতং ধর্মাং পুত্রবৎ পালয়েৎ প্রজাঃ । ১১৮
স্থায়ং যুদ্ধং তথা সন্ধিং কর্মাণ্যস্থানি যানি চ।
মন্ত্রিভি: সহ কুর্নীত বিচার্য্য সর্ব্ধথা নূপঃ । ১১৯
ধর্মযুদ্ধেন যোজবাং স্থায়দগুপুরস্ক্রিয়াঃ ।
করণীয়া যথাশাস্ত্রং সন্ধিং কুর্য্যাদ্যথাবলম্ ॥ ১২০
উপায়ৈঃ সাধয়েৎ কার্য্যং যুদ্ধং সন্ধিঞ্চ শক্রভিঃ ।
উপায়ান্থগতাঃ সর্ব্ধা জয়ক্ষেমবিভূতয়ঃ ॥ ১২১
স্থানীচসঙ্গাদ্বরতঃ সদা বিদ্বজ্জনপ্রিয়ঃ ॥
ধীরো বিপত্তৌ দক্ষণ্ট শীলবান্ সন্মিতবায়ী ॥ ১২২
নিপুণো তুর্গাংয়্রে শস্ত্রশিক্ষাবিচক্ষণঃ ।
স্বনৈস্থভাবাবেষী স্থাচ্ছিক্ষয়েদ্রগকৌশলম্ ॥ ১২৩

করিবেন এবং স্বীকৃত ধর্ম রক্ষাপূর্ব্বক প্রজাসমূহকে পুত্রবং প্রতিপালন করিবেন। ১১৩—১১৮। নীতি, যুদ্ধ, সদ্ধি এবং অস্তান্ত রাজকীয় কার্য্য সকল, রাজা সর্ব্বান মন্ত্রিগণের সহিত বিচারপূর্ব্বক, করিবেন। ধর্ম্মসমত যুদ্ধ করিবেন, স্তায়তঃ দণ্ড ও পুরস্কার করিবেন এবং বলানুসারে যথাশাস্ত্র সদ্ধি করিবেন। উপায় দ্বারা করিবেন এবং শক্রগণের সহিত যুদ্ধ ও সন্ধিও উপায় দ্বারা করিবেন। যেহেতু সমস্ত জয়, মঙ্গল এবং ঐশ্বর্য্য—উপয়ান্ত্র্নার করিবেন। যেহেতু সমস্ত জয়, মঙ্গল এবং ঐশ্বর্য্য—উপয়ান্ত্র্নার করিবেন। যেহেতু সমস্ত জয়, মঙ্গল এবং ঐশ্বর্য্য —উপয়ান্ত্র্নার করিবেন। হেত্বেন না, সর্ব্বানা পণ্ডিতগণের প্রিয় হইবেন; কার্য্যকুশল, স্থশীল, পরিমিতব্যন্ত্রী ও বিপত্তি-সময়ে বৈর্য্যালী হইবেন। তুর্গদংস্কারে নিপুণ, শাস্ত্রশিক্ষায় বিচক্ষণ ও নিজ নিজ সৈত্বগণের ভাবান্থেষী হইবেন এবং তাহাদিগকে রণ্-কোশল শিথাইবেন। হে দেবি ! যুদ্ধে মূর্ভিত্ত, ত্যক্ত-শস্ত্র, পলা-

ন হক্তান্দ্ হিতান্ বৃদ্ধে তাক্তশস্তান্ পরাজ্বপান্।
বলানীতান্ রিপুন্ দেবি রিপুদারশিশ্নপি॥ ১২৪
জয়লকানি বস্তুনি সন্ধিপ্রাপ্তানি ধানি চ।
বিতরেৎ তানি সৈন্তেভ্যো যথাযোগ্যবিভাগতঃ ॥ ১২৫
শৌর্যাং রুত্তঞ্চ ষোদ্ধুণাং ক্রেয়ং রাজ্ঞা পৃথক্ পৃথক্।
বহুবৈত্যাধিপং নৈকং কুর্যাদাক্ষহিতে রতঃ ॥ ১২৬
কৈন্দ্রিন্দ্রালা নৈকং ত্যায়ে নিযোজয়ে ।
সামাং ক্রীড়োপহাসঞ্চ নীচৈঃ সহ বিবর্জয়ে ॥ ১২৭
বহুক্রতঃ স্বল্লভাষী জিজ্ঞাস্ক্রজনিবানপি।
বহুমানোহপি নির্দ্রো ধীরো দণ্ড-প্রসাদয়োঃ॥ ১২৮
স্বয়ং বা চরদৃষ্ট্যা বা প্রজাভাবান্ বিলোকয়ে ।
এবং স্ক্রনভ্ত্যানাং ভাবান্ পঞ্জেরাধিপঃ॥ ১২৯

য়ন-তৎপর অথবা বলপূর্ষক আনীত শক্রকে এবং শক্রদিগের স্ত্রী ও
শিশু-সন্তানদিগকে বিনাশ করিবেন না। যে সকল বস্তু জয়-লব্ধ
বা দিদ্ধ দ্বারা প্রাপ্ত, তৎসমস্ত যথাবোগ্য বিভাগে সৈক্তাদিগকে
বিতরণ করিবেন। যোদ্ধাদিগের বীর্যা ও চরিত্র রাজার পৃথক্
পৃথক্ ভাবে জানা উচিত; আত্মহিতে নিরত রাজা, এক ব্যক্তিকে
বহু সৈন্দের অবিপত্তি করিবেন না। ১১৯--১২৬। রাজা এক
ব্যক্তিকে সম্পূর্ণ বিশ্বাদ করিবেন না, এক ব্যক্তিকে বিচারে নিযুক্ত
করিবেন না এবং নীচ-লোকের প্রতি সমভাব প্রদর্শন, ক্রীড়া ও
উপহাদ পরিত্যাগ করিবেন। নানা শাস্ত্রে স্পণ্ডিত হইলেও
মিতভাষী, জ্ঞানবান্ হইলেও জিজ্ঞাস্থ, বহুদম্মানপাত্র হইলেও দন্ত্যপুক্ত
হইবেন। তিনি দণ্ড-প্রদান বা প্রসন্ধতার সমন্ধ ধীর হইবেন,
ক্রেণিৎ উভয় সময়েই আকারেন্সিতে সমভাব অবলম্বন করিবেন।

ক্রোধান্দন্তাৎ প্রমানাশ্বা সন্মানং শাসনং তথা।
সহসা নৈব কর্ত্তব্যং স্থামিনা তত্ত্বদর্শিনা॥ ১৩০
সৈপ্তসেনাধিপামাত্য-বনিতাপত্যসেবকাঃ।
পালনীয়াঃ সদোষাশ্চেদ্পণ্ড্যা রাজ্ঞা যথাবিধি॥ ১৩১
উন্মন্তানসমর্থাংশ্চ বালাংশ্চ মৃতবান্ধবান্।
জ্বাভিভূতান্ বৃদ্ধাংশ্চ রক্ষয়েৎ পিতৃবন্ধ পঃ॥ ১৩২
বৈশ্রানাং কৃষিবাণিজ্যং বৃত্তং বিদ্ধি সনাতনম্।
যোনোপায়েন লোকানাং দেহযাত্রা প্রসিধ্যতি॥ ১৩৩
অতঃ সর্ব্বান্থনা দেবি বাণিজ্যকৃষিকর্মস্ক।
প্রমাদব্যসনালস্যং মিথ্যা শাঠ্যং বিবর্জ্বেং॥ ১৩৪

নরপতি স্বয়ং অথবা চারদৃষ্টি দারা প্রজাবর্গের অভিপ্রায় প্রত্যক্ষ করিবেন এবং তিনি স্বজন ও ভৃত্যবর্গের ভাব দর্শন করিবেন। তত্ত্বনর্শী রাজা ক্রোধ, দন্ত বা প্রমাদ বশতঃ সহসা সন্মান বা শাসন করিবেন না। সৈত্যগণের, সেনাপতির ও অমাত্যবর্গের স্ত্রী, কত্যা, পুত্র ও ভৃত্যবর্গ রাজার পালনীয়, কিন্তু যদি দোষযুক্ত হয়, তাহা হইলে যথাবিধি দণ্ডনীয় হইবে। ১২৭—১০১। উন্মত্ত, অসমর্থ, বালক, পীড়াভিভূত ও বৃদ্ধ,—ইহারা মৃত্যান্ধ্ব হইলে রাজা তাহা-দিগকে পিতার ন্থায় রক্ষা করিবেন। ক্লমি-বাণিজ্যকেই বৈশুদিগের সনাতন রত্তি বলিয়া জানিও; বৈশ্রক্ত ক্লমি-বাণিজ্যরূপ উপায় দ্বারা সমস্ত লোকের শরীর-রক্ষা হইয়া থাকে। হে দেবি! এই হেতু বাণিজ্য ও ক্লমিকর্মে অনবধাতা, ব্যসন, আলহ্য, মিথাা ব্যবহার ও শঠতা সর্বালা স্বর্জিতে পরিত্যাগ করিবে। হে শিবে! ক্লেতা ও বিক্রেতা,—উভয়ে সম্বতিক্রমে বস্তু ও ত্রুল্য অব-ধারিত করিয়া পরম্পর স্বীকার করিলে, ক্রয় সিদ্ধ হইবে। হে

নিশ্চিত্য বস্তুতন্মূল্যমুভ্য়োঃ সন্মতৌ শিবে।
পরস্পরাঙ্গীকরণং ক্রয়নিদ্ধিস্ততো ভবেৎ । ১৩৫
মত্ত-বিক্ষিপ্ত-বালানামরিগ্রস্তন্গাং প্রিয়ে।
রোগবিভ্রাস্তবৃদ্ধীনামসিদ্ধৌ দান-বিক্রয়ে ॥ ১৩৬
ক্রয়সিদ্ধিরদৃষ্ঠানাং গুণশ্রবণতো ভবেৎ।
বিপর্যয়ে তদ্গুণানামস্তথা ভবতি ক্রয়ঃ ॥ ১৩৭
কুপ্পরোষ্ট্রত্রঙ্গাণাং গুণশ্রবণতো ভবেৎ।
বিপর্যয়ে তদ্গুণানামস্তথা ভবতি ক্রয়ঃ ॥ ১৩৮
কুপ্পরোষ্ট্রত্রঙ্গাণাং গুপ্তদোষপ্রকাশনাৎ।
বর্ষাতীতেহপি তৎ ক্রেয়মস্তথা কর্ত্তু মইতি ॥ ১৩৯
ধর্মার্থকামনোক্ষাণাং ভাজনং মানবং বপুঃ।
ক্রতঃ কুলেশি তৎক্রেয়ো ন সিধ্যেন্মম শাসনাৎ ॥ ১৪০
যবগোধ্মধান্তানাং লাভো বর্ষে গতে প্রিয়ে।
যুক্তশ্চতুর্থো ধাতূনামন্তমঃ পরিকীর্তিতঃ ॥ ১৪১

প্রিয়ে! মন্ত, ব্যাকুলিত চিত্ত, শোকার্ন্ত, বিশেষ উৎকন্তিত, বালক, শত্রুগৃহীত এবং রোগ-প্রভাবে ল্রান্তবৃদ্ধিদিগের ক্বত দান-বিক্রেয় অসিদ্ধ। অদৃষ্ট বস্তুর গুণ প্রবণেই ক্রেয় সিদ্ধ হয়, কিন্তু তদ্পুণের বিপর্যার হইলে ক্রয় অসিদ্ধ হইবে। হস্তী, উদ্ধু ও অশ্বদিগের গুণ-প্রবণে ক্রয়সিদ্ধি হয়; পরস্ক যদি বর্ণিত গুণ না থাকে, তাহা হইলে সেই ক্রয় অসিদ্ধ হইবে। হস্তী, উদ্ধু ও অশ্বদিগের গুপ্তদোষ প্রকাশ হইবে, এক বংসর পরেও সেই ক্রয় অত্যথা করিতে পারিবে। ১৩২—১৩৯। হে কুলেশ্বরি! মানবদেহ – ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষের ভাজন-স্বরূপ। অত এব আমার শাসন হেতু, শ্রীরক্রম সিদ্ধ হইবে না। হে প্রিয়ে! যব, গোধুম ও ধাত্যের (খণে)

খাণে ক্ষো চ বাণিজ্যে তথা সর্কেষু কর্মস্থ ।

যদ্যদঙ্গীকৃতং মর্ত্যৈস্তৎ কার্যাং শান্তসম্মতম্ ॥ ১৪২

দক্ষঃ শুচিঃ সত্যভাষী জিতনিদ্রো জিতেন্দ্রিঃ ।

অপ্রমত্যে নিরাল্ডাঃ দেবাবৃত্তো ভবেররঃ ॥ ১৪৩

প্রভূবিফুসমো মান্তস্ক্রায়া জননীসমা ।

মান্তাস্তবান্ধবা ভৃতিতারিহামূত্র স্থথেপ্সুভিঃ ॥ ১৪৪

ভর্তুর্মিত্রাণি মিত্রাণি জানীয়াৎ তদরীনরীন্ ।

সভীতিঃ সর্কাদা তিঠেৎ প্রভোরাজ্ঞাং প্রতীক্ষয়ন্ ॥ ১৪৫

অপমানং গৃহচ্ছিদ্রং গুপ্তার্থং কথিতঞ্চ ধৎ ।

ভর্তুর্মানিকরং যক্ত গোপয়েদতিযত্বতঃ ॥ ১৪৬

আলোভঃ স্থাৎ স্বামিধনে সদা স্বামিহিতে রতঃ ।

তৎসরিধাবসদ্বান্ধ ক্রীড়াং হাস্তং পরিত্যজেৎ ॥ ১৪৭

এক বংসরাস্তে ম্লের চতুর্থ অংশমাত্র লাভ অর্থাৎ বৃদ্ধি হইরে।
ধাতু-দ্রব্যের (ঋণে) এক বংসরে অষ্টম অংশ লাভ নির্দিষ্ট হইরাছে।
ঋণ, ক্ষমিকার্যা, বাণিজ্য এবং অন্তান্ত সমুদার কার্যােই মনুষ্যগণ
শাস্ত্রসন্মত ঘাহা স্বীকার করে, সেইরূপই করিবে। সেবা-বৃদ্ধিস্থিত ব্যক্তি—দক্ষ অর্থাৎ কার্যাকুশল, পবিত্র, সভাবাদী, জিতনিদ্র,
জিতেন্ত্রির, সাবধান ও নিরালস্ত হইবে। ইহলাকে ও পরলাকে
স্থাভিলাধী ভৃত্যগণ প্রভুকে বিষ্ণুর স্থার সম্মান করিবে, তৎপদ্ধীকে মাতৃবৎ মান্ত করিবে এবং প্রভু-বান্ধবিদিগকে দেবতা-তুল্য
সম্মান করিবে। প্রভুর মিত্রদিগকে নিজ মিত্র জ্ঞান করিবে, প্রভুর
শক্তদিগকে নিজ শক্ত জ্ঞান করিবে। সকল সময়েই প্রভুর আজ্ঞার
প্রত্তীক্ষা করত সভর হইরা অবস্থান করিবে। ১৪০—১৪৬।
অপমান, গৃহচ্ছিদ্র, গোপনের জন্ত কথিত বাক্য এবং যাহা প্রভুর

ন পাপমনসা পশ্চেদিপ তদ্গৃহকিক্ষরী:।
বিবিক্তশ্যাং হাস্তঞ্চ তাভি: সহ বিবর্জ্বরেৎ ॥ ১৪৮
প্রভো: শ্যাসনং যানং বসনং ভাজনানি চ।
উপানভূষণং শস্ত্রং নাত্মার্থং বিনিষোজ্বরেৎ ॥ ১৪৯
ক্ষমাং ক্বতাপরাধশ্চেৎ প্রার্থরেদগ্রতঃ প্রভো:।
প্রাগল্ভ্যং প্রোচ্বাদঞ্চ সাম্যাচারং বিবর্জ্বরেৎ ॥ ১৫০
সর্ব্বে বর্ণাঃ স্বস্থবর্ণবির্বাক্ষোদাহং তথাশনম্।
কুর্বীরন্ ভৈরবীচক্রাৎ তত্মচক্রাদৃতে শিবে ॥ ১৫১

প্লানিকর, তাহা অতি যত্নে গোপন করিবে। স্বামি-ধনে লোভ-শৃন্ত হইবে, সর্বানা স্থামিহিতে রত থাকিবে। তাঁহার সন্নিধানে অসৎ-বাক্য-উক্তারণ, ক্রীড়া ও হাস্ত পরিত্যাগ করিবে। স্বামীর গৃহ-দাসীদিগকেও পাপমনে দর্শন করিবে না। তাহাদের সহিত নির্জ্জনে শয়ন ও হাস্ত-কৌতুক বর্জন করিবে। প্রভুর শয়া, আসন, যান, বদন, ভাজন অর্থাৎ পানানি-পাত্র, পাচুকা, ভ্রমণ, শস্ত্র—আপনার প্রয়োজনে নিয়োজিত করিবে না। যদি ভূতা অপরাধ করে, তাহা হইলে প্রভুর সমীপে ক্ষমা প্রার্থনা করিবে। প্রভুর নিকট ধৃষ্টতা, প্রৌঢ়বাদ (জোঠামি ও লম্বাচৌড়া কথা) এবং ममवावशात-व्यनम्न পরিত্যাগ করিবে। হে निवा रेভরবীচক্র ও তত্ত্বচক্র ব্যতীত সকল বর্ণ স্বস্থ বর্ণের সহিত ব্রাহ্মবিবাহ ও ভোক্সন করিবে। কিন্তু হে মহেশানি! উভয় স্থলেই অর্থাৎ তত্ত্বচক্রে ও ভৈরবীচক্রে শৈব-বিবাহ কথিত হইয়াছে এবং ঐ স্থলে ভোজন ও পানের 'সময় বর্ণভেদ নাই। এই চুই শ্লোকের তাৎপর্যা এই যে, শৈব বিবাহে বর্ণবিচার নাই এবং শৈব-বিবাহে বিবাহিতা স্ত্রী চক্রন্বয়ে প্রশস্ত,—অন্ত সকল কার্য্যে ব্রাহ্ম-বিবাহে উভয়ত্ত মহেশানি শৈবোদাহঃ প্রাকীর্ত্তিভঃ। তথাদনে চ পানে চ বর্ণভেদো ন বিদ্যতে ॥ ১৫২ শ্রীদেব্যবাচ।

কিমিদং ভৈরবীচক্রং তত্তকঞ্চ কীদৃশন্। তৎ দর্বং শ্রোতুমিচ্ছামি ক্লপয়া বক্তুমুর্হদি ॥ ১৫৩

শ্রীসদাশিব উবাচ।
কুলপূজাবিধাে দেবি চক্রান্মগ্রানমীরিতম্।
বিশেষপূজাসময়ে তৎ কার্য্য: সাধকোত্তমৈঃ॥ ১৫৪
তৈরবীচক্রবিষয়ে ন তাদৃঙ্ নিয়মঃ প্রিয়ে।
য়থাসময়মাসাত্র ক্র্যাচ্চক্রমিনং শুভম্॥১৫৫
বিধানমস্ত বক্ষ্যামি সাধকানাং শুভাবহম্।
আরাধিতা যেন দেবী তূর্বং যচ্ছতি বাঞ্ছিতম্॥ ১৫৬
কুলাচার্য্যো রম্যভূমাবান্তীর্যাসনমূত্রমম্।
কামাত্রেনাস্ত্রবিজেন সংশোধ্যোপবিশেৎ ততঃ॥ ১৫৭

বিবাহিতা পদ্মীই প্রশন্ত; চক্রন্বয়ে আহারে জাতিভেদ নাই,—অন্ত সময়ে আছে। ১৪৬—১৫২। শ্রীদেবী কহিলেন,—এই তৈরবী-চক্র কি, তন্ধচক্রই বা কিরপ ? আমি তৎসমন্ত শ্রবণ করিতে ইচ্ছা করি, রূপা করিয়া বল। শ্রীদদাশিব কহিলেন,—হে দেবি ! কুলপূজা-বিধিতে চক্রামুষ্ঠান কথিত হইয়াছে। সাধকোত্তমদিগের বিশেষ পূজা-সময়ে তাহা কর্ত্তব্য। হে প্রিয়ে! তৈরবীচক্র বিষয়ে তাদৃশ কোন নিয়ম নাই; যে কোন সময়ে এই শুভ তৈরবীচক্র করিবে। সাধকগণের মন্তল-কর ভৈরবীচক্রের বিধান বলিতেছি; যদ্ধারা আরাধিত হইলে, ভগবতী সম্বর বাঞ্চিত ফল প্রদান করেন। কুলাচারী রম্য ভূমিতে উত্তম আদন বিছাইয়া কামান্ত অস্ত্র অর্থাৎ দিন্দ্রেণ কুসীদেন কেবলেন জলেন বা।

ত্রিকোণং চতুরক্রঞ্চ মণ্ডলং রচয়েৎ স্থবীঃ ॥ ১৫৮
বিচিত্রঘটমানীয় দধ্যক্ষতবিমৃক্ষিতম্।
ফলপল্লবসংযুক্তং দিন্দুরতিলকাম্বিতম্॥ ১৫৯
স্থবাদিতজলৈঃ পূর্ণং মণ্ডলে তত্র সাধকঃ।
প্রণবেন তু সংস্থাপ্য ধূপ-দীপৌ প্রদর্শয়েৎ॥ ১৬০
সংপূজ্য গন্ধ-পূজাভাগং চিন্তবেদিইদেবতাম্।
সংক্ষেপপূজাবিধিনা তত্র পূজাং সমাচরেৎ॥ ১৬১
বিশেষমত্র বক্ষ্যামি শৃগুদ্বামরবন্দিতে।
শুর্কাদিনবপাত্রাণাং নাত্র স্থাপনমিষ্যতে॥ ১৬২
যথেষ্ঠং তত্ত্বমাদায় সংস্থাপ্য পুরতো ব্রতী।
প্রোক্ষমেন্দ্রমন্ত্রণ দিব্যদ্প্রাবলোকয়েৎ॥ ১৬০

শুরীং ফট্" এই মন্ত্র দারা ঐ আসন শোধনানস্তর তাহাতে উপবেশন করিবেন। স্থবৃদ্ধি ব্যক্তি—সিন্দুর, রক্তচন্দন অথবা কেবল
জল দারা ত্রিকোণ ও তদ্বহির্ভাগে চতুকোণ মণ্ডল করিবেন। সাধক,
বিচিত্র ঘট আনয়ন করিয়া ভাহাকে প্রথমে দিধি ও অক্ষতযুক্ত, ফলপল্লবোপেত, সিন্দুর-তিলকযুক্ত এবং স্থবাসিত-জল-পূর্ণ করিয়া
প্রণবোচ্চারণাস্তে সেই মণ্ডলে স্থাপনপূর্ব্ধক ধূপ দীপ দেখাইবে।
১৫৩—১৬০। গদ্ধপূপা দারা অর্চনা করিয়া ইপ্টদেবতার ধ্যান
করিবে এবং সংক্ষেপপূজা-বিধি অন্থসারে তাহাতে পূজা করিবে।
হে স্থরবন্দিতে! ইহাতে ধাহা বিশেষ আছে, তাহা বলিতেছি,—
শ্রবণ কর। ইহাতে গুরু প্রভৃতির নয়টী পাত্র স্থাপন প্রয়োজনীয়
নহে। ব্রতী, ষ্থেপ্সিত তত্ত্ব সম্মুথে সংস্থাপন করিয়া, অস্ত্র অর্থাৎ
'ফট্র' মন্ত্র দারা প্রোক্ষিত করিয়া দিব্যৃদৃষ্টি অর্থাৎ অনিমিয়-দর্শন

অলিযন্তে গৰুপূপাং দস্থা তত্ৰ বিচিন্তয়েৎ।
আনন্দভৈরবীং দেবীমানন্দভৈরবং তথা॥ ১৬৪
নবযৌবনসম্পানাং তক্ষণাকৃণবিগ্ৰহাম্।
চাকহাসামৃতাভাসোলস্বদনপক্ষজাম্॥ ১৬৫
নৃত্যগীতকৃতামোদাং নানাভরণভূষিতাম্।
বিচিত্ৰবসনাং খ্যাবেদ্ধনাভয়করাত্মকাম্ ॥ ১৬৬
ইত্যানন্দমন্তীং ধ্যাত্মা স্মবেদানন্দভৈরবম্॥ ১৬৭

কর্পুরপ্রধবলং কমলায়তাকং
দিবাামরাভরণভূষিতদেহকান্তিম্।
বামেন পাণিকমলেন স্থধাত্যপাত্রং
দক্ষেণ শুদ্ধিগুটিকাং দধতং স্মরামি॥ ১৬৮
ধ্যাত্বৈবমুভয়ং তত্র সামরশুং বিচিম্বয়ন্।

ষারা অবলোকন করিবে। অনস্তর অলিযন্তে অর্থাৎ মন্তপাত্রে গদ্ধপুষ্প প্রদান করিয়া, তাহাতে আনন্দতিরবী দেবী ও আনন্দতিরবের ধ্যান করিবে। (আনন্দতিরবীর ধ্যান) নবযৌবনসম্পন্না, বালস্থ্যোর ন্তায় দীপ্যমানমূর্ত্তি, মনোরম-হাস্ত-স্থধার কমনীয় কাস্তিষারা শোভমান-মুখ-কমলা, নৃত্যগীতে আনন্দিতা, নানালম্বার-বিভূষিতা, বিচিত্র-বদনা, বরাভয়করাকে ধ্যান করিবে। ১৬১—১৬৬। এইরূপে আনন্দভৈরবীর ধ্যান করিয়া, আনন্দভৈরবকে শ্বরণ অর্থাৎ ধ্যান করিবে। (আনন্দভৈরবের ধ্যান) কর্পুর-রাশির স্থায় শুল্র-বর্ণ, কমলের ন্তায় বিশালনেত্র, দিব্য-বসনে ও দিব্য-ভূষণে দিগুণিত-দেহকান্তি, বাম পাণিকমল ঘারা স্থধাপূর্ণ পাত্র এবং দক্ষিণ-পানি-ক্ষল ঘারা গুদ্ধিগুটিকাধারীকে শ্বরণ করি। সাধক এইরুপে

প্রণবাদিনমোহস্কেন নামমস্ত্রেণ দেশিক:।
সংপূজ্য গদ্ধ-পুষ্পাভাাং শোধয়েৎ কারণং ততঃ ॥ ১৬৯
পাশাদিত্রিকবীজেন স্বাহাস্তেন কুলার্চক:।
অপ্টোত্তরশতার্ত্ত্যা জপন্ হেতুং বিশোধয়েৎ ॥ ১৭০
গৃহকার্ট্যাকচিন্তানাং গৃহিণাং প্রবলে কলো।
আল্যতত্বপ্রতিনিধো বিধেয়ং মধুরত্রয়ম্॥ ১৭১
ত্রয়ং সিতা মান্ধিকঞ্চ বিজ্ঞেয়ং মধুরত্রয়ম্।
অলিরপমিদং মন্ধা দেবতারে নিবেদয়েৎ॥ ১৭২
স্বভাবাৎ কলিজন্মানঃ কামবিভ্রান্তেচতস:।
তত্রপেণ ন জানন্তি শক্তিং সামান্তব্রয়ঃ ॥ ১৭৩
অতস্তেষাং প্রতিনিধো শেষতত্ত্বপ্র পার্কবিত।
ধ্যানং দেব্যাঃ পদান্তোজে স্বেষ্টমন্ত্রজপত্তথা॥ ১৭৪

উভয়ের ধ্যান করিয়া সেই স্থরাপাত্রে উভয়ের সম-রসতা চিন্তা করত আদিতে প্রণব ও অন্তে নমঃ-সংযুক্ত নাম মন্ত্র পাঠ করিয়া গদ্ধপুষ্প দ্বারা পূজা করণানস্তর স্থরা শোধন করিবে। কুলপুজক, স্থাহাস্ত-পাশাদি-বীজত্রয় অর্থাৎ ''আং ফ্রীং ক্রোং স্বাহা'' এই মন্ত্র একশত অষ্টবার জপ করিয়া, হেতু অর্থাৎ স্থরা শোধন করিবেন। প্রবল কলিকালে একমাত্র গৃহকার্য্য-কামনায় নিবিষ্ঠ-চিত্ত গৃহস্থ-দিগের আত্মতত্বের প্রতিনিধিপক্ষে মধুরত্রয় বিধেয়। ১৬৭—১৭১। দুয়, দিতা অর্থাৎ চিনি ও মধু মধুরত্রয় বিনিয়া জ্ঞাতব্য। ইহাকে অলেরপ অর্থাৎ মত্মস্বরূপ মনে করিয়া দেবতাকে নিবেদন করিবে। কলিজাত মনুষ্য সকল স্বভাবতঃ কাম দ্বারা বিভাস্তিত্তি, অতএব সামান্তবৃদ্ধি; শক্তিকে অর্থাৎ নারীকে শক্তিরূপে জ্ঞানিতে পারিবেনা। হে পার্কতি! অতএব তাহাদিগের পক্ষে শেষতত্বের অর্থাৎ

ততন্ত্ব প্রাপ্তত্থানি পললাদীনি যানি চ।
প্রত্যেকং শতধানেন মন্থনা চাভিমন্ত্রেরে ॥ ১৭৫
সর্বাং ব্রহ্মনয়ং ধ্যাত্মা নিমীল্য নয়নদ্বয়ম্।
নিবেদ্য পূর্ব্ববং কাল্যৈ পানভোজনমাচরেং॥ ১৭৬
ইদস্ত ভৈরবীচক্রেং সর্বাতন্ত্রেরু গোপিতম্।
তবাগ্রে কথিতং ভদ্রে সারাৎসারং পরাৎপরম্॥ ১৭৭
বিবাহো ভৈরবীচক্রে তত্ত্বেহেপি পার্ব্বতি।
সর্ব্বথা সাধকেক্রেণ কর্ত্তব্যঃ শৈববত্ম না॥ ১৭৮
বিনা পরিণয়ং বীরঃ শক্তিসেবাং সমাচরন্।
পরস্ত্রীগামিনাং পাপং প্রাপ্রুমান্নাত্র সংশয়ঃ ॥ ১৭৯
সম্প্রাপ্তে ভৈরবীচক্রে সর্ব্বে বর্ণা দিজ্বোভ্রমাঃ।
নিরত্তে ভৈরবীচক্রে সর্ব্বে বর্ণাঃ পৃথক্ পৃথক্॥ ১৮০

বৈধুন-কত্ত্বের প্রতিনিধিতে দেবীর পাদপদ্ম ধ্যান ও ইন্টমন্ত্র জ্বপ করিতে হইবে। অনস্তর মাংস প্রভৃতি ধাহা প্রাপ্ত অর্থাৎ কলিকালে অদ্ধিত, তাহাদের প্রত্যেককে (আং ব্রীং ক্রোং স্বাহা) এই মন্ত্র দ্বারা শতবার অভিমন্ত্রিত করিবে। পরে সমস্ত তত্ত্ব ব্রহ্মমন্ত্র ভাবনা করিয়া নয়নদ্বর নিমীলনপূর্ব্বক পূর্ববিৎ কালীকে নিবেদন করিয়া পান ও ভোজন করিবে। ১৭২—১৭৬। হে ভল্রে! এই ভৈরবীচক্র,—সার হইত্তে সার, শ্রেষ্ঠ হইত্তেও শ্রেষ্ঠ। ইহা সর্ব্বতন্ত্রে গোপিত আছে। ইহা তোমার নিকট কথিত হইল। হে পার্ব্বতি! ভৈরবীচক্রে ও তত্ত্বচক্রে শৈবপদ্ধতিক্রমে বিবাহ-কার্য্য সম্পাদন করা সাধকশ্রেষ্ঠের কর্ত্ব্য। বিনা পরিণম্বে শক্তিসেবী বীর সাধক: পরস্ত্রীগামীদিগের পাপ অর্থাৎ তৎপাপ-সদৃশ পাপ প্রাপ্ত হইবে, ইহাতে সন্দেহ নাই। ভৈরবীচক্র আরক্ষ

নাত্র জাতিবিচারোহস্তি নোচ্ছিষ্টাদিবিবেচনম্।
চক্রমধ্যগতা বীরা মমরূপা ন চাক্সথা॥ ১৮১
ন দেশকাশনিয়মো ন বা পাত্রবিচারণম্।
যেন কেনাস্থতং দ্রবাং চক্রেহস্মিন্ বিনিযোজয়েরং॥ ১৮২
দ্রদেশাৎ সমানীতং পকং বাপক্ষমেব বা।
বীরেণ পশুনা বাপি চক্রমধ্যগতং শুচি॥ ১৮৩
চক্রারস্তে মহেশানি বিশ্লাং সর্ব্বে ভয়াকুলাং।
বিজীতান্তে পলায়স্তে বীরাণাং ব্রহ্মতেজ্বসা॥ ১৮৪
পিশাচা গুছুকা যক্ষা বেভালাং ক্রুরজাতয়ং।
শ্রুতাত্র ভিরবীচক্রং দ্রং গচ্ছন্তি সাধ্বসাৎ॥ ১৮৫
তত্র ভীর্থানি সর্ব্বাণি মহাতীর্থাদিকানি চ।
সেক্রামরগণাং সর্ব্বে তত্রাগছন্তি সাদরম্॥ ১৮৬

হইলে সর্বজাতীয় ব্যক্তিই দিজপ্রেষ্ঠ। তৈরবীচক্র সমাপ্ত হইলে সম্দার বর্ণ ই পৃথক্ পৃথক্। এই ভৈরবীচক্রের মধ্যে জাতি-বিচার
নাই, উচ্ছিষ্টাদি-বিচারও নাই। চক্রমধ্য-গত বীর সাধকগণ আমারই
স্বরূপ, অন্তথা নহে। ১৭৭—১৮১। এই চক্রে দেশ-কাল-নির্ম
নাই, পাত্র-বিচার নাই। যে কোন ব্যক্তি কর্ত্ক আনীত দ্রব্য
নিয়োজিত করিবে। বীরাচারী বা পশ্বাচারী কর্ত্ক দ্রদেশ
হইতে আনীত পক্ষ বা অপক দ্রব্য চক্র-মধ্যগত হইলেই পবিত্র।
হে মহেশ্বরি! ভৈরবীচক্রের আরম্ভ-সম্বে বীরগণের ব্রন্ধতেজঃপ্রভাবে উদ্বিশ্ব ও ভীত হইয়া বিদ্ধ-সম্নার পলায়ন করে। পিশাচ,
শুহক, যক্ষ, বেতাল ক্রবং অপরাপর সমস্ত ক্র-জাতি, ভৈরবীচক্র
শ্রবণ করিবামাত্র ভয় পাইয়া দ্বে গমন করে। সেই স্থানে সম্দার তীর্থ, মহাতীর্থ প্রভৃতি এবং দেবরাজের সহিত সক্ষল দেবগণ

চক্রন্থানং মহাতীথং সর্ব্বতীথাধিকং শিবে।
বিদশা যত্র বাঞ্জি তব নৈবেদামূত্তমন্ ॥ ১৮৭
মেচ্ছেন শ্বপচেনাপি কিরাতেনাপি হুণুনা।
আমং পকং যদানীতং বীরহস্তার্পিতং শুচি॥ ১৮৮
দৃষ্ট্রা তু তৈরবীচক্রং মমরূপাংশ্চ সাধকান্।
মুচান্তে পাপপাশেভাঃ কলিকঅষদ্যিতাঃ॥ ১৮৯
প্রবলে কলিকালে তু ন কুর্যাচ্চক্রগোপনন্।
সর্ব্রে সর্বদা বীরঃ সাধ্যেৎ কুলসাধ্বন্॥ ১৯০
চক্রমধ্যে বুথালাপং চাঞ্চল্যং বহুভাষণম্।
নিষ্ঠীবনমধোবায়ুং বর্ণভেদং বিবর্জ্জ্রেৎ॥ ১৯১
কুরান্ থলান্ পশ্ন্ পাপান্ নাস্তিকান্ কুলদ্যকান্।
নিলকান্ কুলশাস্ত্রাণাং চক্রাদ্রুবরং তাজেৎ॥ ১৯২

আদর-সহকারে আগমন করেন। হে শিবে! চক্রস্থান মহাতীর্থ, স্থতরাং সমুদায় তীর্থ অপেক্ষা শ্রেষ্ঠ; যাহাতে দেবতারাও তোমার উত্তম নৈবেল্য-প্রসাদ ইচ্ছা করেন। ১৮২—১৮৭। শ্লেচ্ছ, শ্বপচ, কিরাত অথবা হুণ কর্তুক আনীত অপক বা পক দ্রব্য বীর-হস্তে অর্পিত হইলেই শুচি হইবে। কলুষ-দৃষিত ব্যক্তিগণ,—ভৈরবী-চক্র এবং মৎস্বরূপ সাধকগণকে দর্শন করিলেই পাপপাশ হইতে মুক্ত হয়। প্রবল কলিকালে চক্রাম্মন্তান গোপন করিবার আবশ্য-কতা নাই। বীরাচারী সকল স্থানে সকল সময়ে কুলসাধন করিবেন। চক্রমধ্যে বৃথালাপ, চপলতা, বাচালতা, নিষ্ঠীবন বা অধোবায়ু-নিঃদারণ এবং বর্ণভেদ অর্থাৎ জাতি-বিচার করিবে না। ক্রের, খল, পশ্যাচারী, পাপী, নাস্তিক, কুলদ্যক এবং কুলশাস্তের নিন্দকদিগকে চক্র হইতে দ্রে ত্যাগ করিবে। স্নেহ, ভয় বা

সেহান্তরাদান্তরক্তা পশৃংশ্চক্রে প্রবেশয়ন্।
কুলধর্মাৎ পরিভ্রষ্টো বীরোহপি নরকং ব্রজেও॥ ১৯৩
ব্রাহ্মণাঃ ক্ষজ্রিয়া বৈশ্রাঃ শূলাঃ দামাগ্রজাতয়ঃ।
কুলধর্মান্রিতা যে বৈ পূজ্যান্তে দেববৎ দদা॥ ১৯৪
বর্ণাভিমানাচ্চক্রে তু বর্ণভেদং করোতি যঃ।
স যাতি ঘোরনিরয়মপি বেদান্তপারগঃ॥ ১৯৫
চক্রান্তর্গতকৌলানাং দাধূনাং শুদ্ধচেতসাম্।
দাক্ষাচ্ছিবস্বরূপাণাং পাপাশস্বা ভবেৎ কুতঃ॥ ১৯৬
যাবদ্দন্তি চক্রেয়ু বিপ্রাদ্যাঃ শৈবমার্গিণঃ।
ভাবত্তু শাস্তবাচারাংশ্চরেয়ুঃ শিবশাদনাৎ॥ ১৯৭
চক্রান্থিনিঃস্তাঃ দর্বের স্ব্স্বর্ণাপ্রয়োদিতম্।
লোকযাত্রাপ্রদিদ্ধর্থং কুর্যুঃ কর্ম্ম পৃথক্ পৃথক্॥ ১৯৮

অনুরাগ হেতুক পশ্বাচারীদিগকে চক্রে প্রবেশ করাইলে বীরাচারীও কুলধর্ম-ভ্রন্থ ইইয়া নরকে গমন করিবে। ১৮৮—১৯৩। যে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশু, শূদ্র বা সামাশু জাতি, কুলধর্ম্মাবলম্বী ইইবেন, তাঁহারা দর্বনা দেববৎ পূজা। মিনি বর্ণাভিমান বশতঃ চক্রে বর্ণভেদ কবিবেন, তিনি বেদাস্তপারগ ইইলেও ঘোর-নরকগার্মী ইইবেন। পবিত্রমনা সাধু এবং সাক্ষাৎ শিবস্বরূপ চক্রাস্তর্গত কোলিকদিগের কোথা ইইতে পাপাশস্কা ইইবে ? শৈব-মার্গাবলম্বী বিপ্রাদিগণ যাবৎ চক্রমধ্যে অবস্থিতি করেন, শিবের আদেশ-ক্রমে তাবৎ শান্তবাচার অনুষ্ঠান করিবেন। ইঁহারা সকলে চক্র ইইতে বিনিঃস্ত ইয়া লোকযাত্রানির্কাহের নিমিত্ত স্ব স্থ বর্ণ ও আশ্র-মোক্ত কর্ম্ম পৃথক্ পৃথক্ দম্পাদন করিবেন। শ্বাদন, মুণ্ডাদন ও

পুরশ্চর্যাশতেনাপি শবমুগুচিতাসনাৎ।
চক্রমধ্যে সক্কজপুণ তৎ ফলং লভতে স্থাই: ॥১৯৯
তৈরবীচক্রমাহাত্মাং কো বা বক্তুং ক্ষমো ভবেৎ।
সক্লেতৎ প্রকুর্জাণঃ সর্বৈঃ পাপেঃ প্রমূচতে॥২০০
ষণ্মাসং ভূমিপালঃ স্থান্বইং মৃত্যুঞ্জয়ঃ স্বয়ম্।
নিত্যং সমাচরন্ মর্ক্যো ব্রন্ধনির্গাণমাপুয়াৎ॥২০১
বহুনা কিমিহোক্তেন সতাং জানীহি কালিকে।
ইহামুত্র স্থাবাপ্তৈয় কুলমার্কো হি নাপরঃ॥২০২
কলেঃ প্রাবল্যসময়ে সর্ব্ধর্মবিবর্জ্জিতে।
গোপনাং কুলধর্মস্থা কৌলোহপি নারকী ভবেৎ॥২০৩
ক্তিতং ভৈরবীচক্রং ভোগমোক্ষকসাধনম্।
তত্ত্বচক্রং কুলেশানি সাম্প্রতং বচ্মি তচ্ছৃণু॥২০৪

চিতাসনে আরাত ইইয়া শত পুরশ্চরণ করিলে যে ফল লাভ হয়, জ্ঞানী সাধক চক্রমধ্যে একবার জপ করিলে সেই ফল লাভ করেন। ১৯৪—১৯১। তৈরবীতক্রের মাহাত্ম্য কোন্ ব্যক্তি বলিতে সমর্থ হইবে। একবার ইহা করিলে সমুদায় পাপ হইতে মুক্ত হয়। ছয়মাস ইহা করিলে ভূপতি এবং এক বৎসর ইহা করিলে মৃত্যুঞ্জয় হয়। নিত্য ইহা আচরণ করিলে নির্বাণ-মুক্তি প্রাপ্ত হয়। হে কালিকে! এ বিষয়ে অধিক কথায় প্রয়োজন কি ? হে স্বরতে! সত্য জানিও যে, কুলপদ্ধতি ব্যতীত ঐহিক ও পারত্রিক স্থলভাতের উপায়ান্তর নাই। সর্ব্ব-ধর্ম-শৃত্য কলির প্রাধাত্য-সময়ে কুলধর্ম গোপন করিলে কৌলও নারকী হইবেন। ভোগ ও মোক্ষের একমাত্র সাধক ভৈরবীচক্র কথিত হইল। হে কুলেশ্বরি!

ভব্চক্রং চক্ররাজং দিব্যচক্রং তহ্নচাতে।
নাত্রাধিকারঃ সর্ব্বেষাং ব্রহ্মজ্ঞান্ সাধকান্ বিনা॥ ২০৫
পরব্রহ্মোপাসকা যে ব্রহ্মজ্ঞা ব্রহ্মতৎপরাঃ।
শুদ্ধান্তঃকরণাঃ শাস্তাঃ সর্ব্বপ্রাণিহিতে রতাঃ॥ ২০৬
নির্ব্বিকারা নির্ব্বিকরা দ্য়াশীলা দৃচ্বতাঃ।
সত্যসঙ্কর্মকা ব্রাহ্মান্ত এবাত্রাধিকারিণঃ॥ ২০৭
ব্রহ্মভাবেন তত্ত্ত্তে যে পশুস্তি চরাচরম্।
তেষাং তত্ত্বিদাং প্রংসাং তত্ত্বচক্রেহধিকারিতা॥ ২০৮
সর্ব্বং ব্রহ্মময়ং ভাবশ্চক্রেহম্মিংস্তত্ত্বসংজ্ঞকে॥
যেবামুৎপদ্যতে দেবি ত এব তত্ত্বচক্রিণঃ॥ ২০৯
ন ঘটস্থাপন্রান্তি ন বাহ্লোন পূজনম্।
সর্ব্বিব্রহ্মভাবেন সাধ্য়েৎ তত্ত্বসাধনম্॥ ২১০

ভারুনা তত্ত্বক্র বলিতেছি, তাহা প্রবণ কর। তত্ত্বক্র, চক্র-সকলের রাজা। ইহা দিব্যচক্র বলিয়া কথিত হয়। ব্রন্ধজ্ঞ সাধক ব্যতীত ইহাতে সকলের অধিকার নাই। যাহারা পরমব্রশ্নের উপাসক, ব্রন্ধজ্ঞ, ব্রন্ধ-তৎপর, পবিত্রাস্ত:করণ, সর্ব্বপ্রণীর হিতাচরণে রত, শাস্ত, নির্ব্বিকার, তন্ত্র ও গুরুবাক্যে বিশ্বাসী, দয়াশীল, দৃঢ়ব্রত, সত্যসঙ্কর এবং ব্রাহ্ম, তাঁহারাই এই তত্ত্বচক্রে অধিকারী। ২০০—২০৭। হে তত্ত্বজ্ঞে! যাহারা এই চরাচরকে ব্রন্ধভাবে অবলোকন করেন, সেই সকল তত্ত্বজ্ঞ পুরুবদিগের এই তত্ত্বচক্রে অধিকার আছে। হে দেবি! এই তত্ত্বনামক চক্রে যাহাদের "সকলই ব্রন্ধময়" এইরূপ ভাব হয়, তাঁহারাই তত্ত্বচক্রী অর্থাৎ তাঁহাদিগেরই তত্ত্বচক্রে অধিকার আছে। ইহাতে ঘটস্থাপনা নাই, বাহুলার্রপে পুলা নাই। সকল স্থলেই ব্রন্ধভাবে তত্ত্ব-সাধন

বৃদ্ধান্ত বৃদ্ধান ক্রেন্ড ক্

করিবে। হে প্রিয়ে! ব্রহ্ম-মন্ত্রোপাসক ও ব্রহ্মনিষ্ঠ ব্যক্তি চক্রেশ্বর হইবেন। তিনি ব্রহ্মজ্ঞ সাধকদিগের সহিত তত্ত্বচক্র আরম্ভ করিবন। রমণীয়, অতি নির্দ্মল এবং সাধকদিগের স্থক্তনক প্রদেশে বিচিত্র আসন আনয়ন করিয়া বিমল আসন করনা করিবেন। হে শিবে! চক্রেশ্বর সেই স্থানে ব্রহ্মসাধকদিগের সহিত উপবেশন করিয়া তত্ত্ব-সমুদায় আহরণ করিবেন ও অনস্তর সম্মুথে স্থাপন করিবেন। চক্রেশ্বর সকল তত্ত্বের আদিতে তার অর্থাৎ ওঁ, পরে প্রাণবীক্র হংসং" এই মন্ত্র শত্তবার ক্রপ করিয়া বক্রামাণ মন্ত্র পাঠ করিবে। যদ্ধারা যজ্ঞে মুভাদি অর্পণ করা যায়, তাহা অর্পণ-পদবাচা অর্থাৎ ক্রবাদি, তাহা ব্রহ্ম; যাহা অর্পিভ হইতেছে অর্থাৎ স্থাদি, তাহাও ব্রহ্ম; ব্রহ্ম-অগ্নিতে স্বয়ং ব্রহ্ম কর্তৃক হুত হইতেছে অর্থাৎ অর্থাৎ অর্থা এবং হোমকর্তাও ব্রহ্ম; এইরূপ ব্রহ্মকর্মের বাহার চিত্তিক্রাপ্রাজন্ম, তিনি ব্রহ্মণাভই করিয়া থাকেন। ২০৮-—২১৫।

সপ্তধা বা ত্রিধা জপ্তা তানি সর্কাণি শোধয়ে ॥ ২১৬
ততো ব্রাক্ষোণ মন্থনা সমর্প্য প্রমাত্মনে।
ব্রহ্মজৈঃ সাধকৈঃ সার্দ্ধং বিদ্যাৎ পানভোজনম্॥ ২১৭
ব্রহ্মচক্রে মহেশানি বর্ণভেদং বিবর্জ্জয়ে ।
ন দেশ-কালনিয়মো ন পাত্রনিয়মস্তথা॥ ২১৮
যে কুর্বস্তি নরা মূঢ়া দিবাচক্রে প্রমাদতঃ।
কুলভেদং বর্ণভেদং তে গচ্ছস্কাধমাং গতিম্॥ ২১৯
ততঃ সর্ব্বপ্রয়েন ব্রহ্মজৈঃ সাধকোত্তমৈঃ।
তত্মচক্রমন্তর্গয়ং ধর্মকামার্থমুক্তয়ে। ২২০
শ্রীদেব্যবাচ।
গৃহস্থানামশেষেণ ধর্মানকথয়ঃ প্রভো।
সন্ন্যাসবিহিতান্ ধর্মান্ ক্রপয়া বক্রুমইসি॥ ২২১

পূর্ব্বোক্ত মন্ত্র ("ব্রহ্মা—ধিনা" মূল) সাত্রবার কিংবা তিনবার জপ করিয়া তৎসমস্ত তত্ত্ব শোধন করিবে। অনস্তর ব্রহ্মমন্ত্র ছারা তৎসমৃদায় পরমাত্মাতে উৎসর্গ করিয়া, ব্রহ্মজ্ঞ সাধকগণের সহিত্ত একত্রে পান ও ভোজন করিবে। হে মহেশ্বরি! এই ব্রহ্মচক্রে জাতিগত পার্থক্য পরিত্যাগ করিবে। ইহাতে দেশ-কালের নিয়ম কিংবা পাত্র-নিয়ম নাই। যে সকল মূঢ় নর এই দিবাচক্রে অনবধানতা বশতঃ বংশগত কিংবা জাতিগত বৈষম্য করিয়া থাকে, তাহারা অতি নিক্টগতি প্রাপ্ত হয়। অত্রব ব্রহ্মজ্ঞ সাধকপ্রধান, —ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষের নিমিত্ত সর্ব্বপ্রকার যত্তে তত্তক্রের অমুষ্ঠান করিবেন। ২১৬—২২০। শ্রীদেবী কহিলেন,—হে প্রভা! আপনি অশেষপ্রকার গৃহস্থদিগের ধর্ম কহিয়াছেন,

শ্বীসদাশিব উবাচ।
অবধৃতাশ্রমো দেবি কলো সন্ন্যাস উচাতে।
বিধিনা যেন কর্ত্তব্যস্তং সর্ব্বং শৃণু সাম্প্রতম্ ॥ ২২২
ব্রহ্মজ্ঞানে সমুৎপন্নে বিরতে সর্ব্বকর্মণি।
অধ্যাত্মবিদ্যানিপুণঃ সন্ন্যাসাশ্রমমাশ্রমেৎ ॥ ২২৩
বিহার বৃক্ষো পিতরো শিশুং ভার্যাং পতিব্রতাম্।
তাক্ত্বাসমর্থান্ বন্ধৃংশ্চ প্রব্রজনারকী ভবেৎ ॥ ২২৪
ব্রহ্মণঃ ক্ষলিয়ো বৈশ্বঃ শৃদ্রঃ সামান্ত এব চ।
কুলাবধৃতসংস্কারে পঞ্চানামধিকারিতা ॥ ২২৫
সম্পাদ্য গৃহকর্মাণি পরিতোষ্য পরানপি।
নির্ম্বমো নিল্মাল্গচ্ছেন্নিধ্নমো বিজিতেন্দ্রিয়ঃ ॥ ২২৬

এক্ষণে অনুগ্রহপূর্মক সন্নাদ-বিহিত ধর্ম-সমুদায় বলুন। শ্রীদাণশিব কহিলেন,—হে দেবি! কলিযুগে অবধৃতাশ্রমই সন্নাদ বলিয়া
কথিত। যে বিধি দারা সন্নাদ আশ্রম কর্ত্তব্য, তাহা এক্ষণে শ্রবণ
কর। ব্রহ্মজ্ঞান উৎপন্ন হইলে, সমুদায় কাম্য-কর্ম রহিত হইলে,
অধ্যাত্মবিদ্যাবিশারদ ব্যক্তি সন্ন্যাদাশ্রম অবলম্বন করিবেন। বৃদ্ধ
মাতাপিতা, শিশু পুত্র, পতিব্রতা ভার্যা, অসমর্থ বন্ধুবর্গ,—এই
সমস্ত পরিত্যাগ করিয়া যিনি প্রব্রুজা করিবেন, তিনি নরকে গমন
করিবেন। কুলাবধৃতসংস্কারে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্রু, শৃত্র প্রামান্ত
জাতি,—এই পাঁচ বর্ণেরই অধিকার আছে। সাধক, গৃহস্থোচিত
কর্ম্ম সম্পাদন করিয়া আত্মীয়-স্বন্ধন সকলকেই পরিতৃষ্ট করিয়া,
মমতা-শৃত্য, কামনা-শৃত্য ও জিতেন্দ্রিয় হইয়া গৃহ হইতে নির্গত
হইবে। গৃহস্থাশ্রম ত্যাগ করিয়া গমন করিতে অভিলামী ব্যক্তি,—

আহুর স্বজনান্ বন্ধুন্ গ্রামস্থান্ প্রতিবাদিন:।
প্রীত্যান্থমতিমনিছেদ্ গৃহাজ্জিগমিষ্র্জন:॥ ২২৭
তেবামন্থজামাদার প্রণম্য পরদেবতাম্।
গ্রামং প্রদক্ষিণীকৃত্য নিরপেকো গৃহাদিরাৎ ॥ ২২৮
মুক্তঃ সংসারপাশেভ্যঃ পরমানন্দনির্কৃতঃ।
কুলাবধৃতং ব্রহ্মজ্ঞং গত্বা সংপ্রার্থমেদিদম্॥ ২২৯
গৃহাশ্রমে পরব্রহ্মন্ মনৈতিহিগতং বয়ঃ।
প্রসাদং কুরু মে নাথ সন্ন্যাসগ্রহণং প্রতি॥ ২৩০
নির্ত্তগৃহকর্মাণং বিচার্য্য বিধিবদ্শুক্কঃ।
শাস্তং বিবেকিনং বীক্ষ্য দিতীয়াশ্রমমাদিশেৎ ॥ ২৩১
ভতঃ শিষ্যঃ কৃতস্মানো যতাত্মা বিহিতাক্তিকঃ।
ধাণব্রের্যার্থং দেবর্ষীনর্চর্যেৎ পিতৃন্। ২৩২

আত্মীয়-স্বজন, বন্ধু ও প্রতিবাদিগণকে এবং প্রামস্কনগণকে ডাকিয়া প্রীতিপূর্ণ-মনে অনুমতি প্রার্থনা করিবে। পরে দকলের অনুমতি গ্রহণানস্তর অভীষ্ট-দেবতাকে প্রণামপূর্বক গ্রাম প্রদক্ষিণ করিয়া নিরপেক্ষহলয়ে গৃহ হইতে নির্গত হইবে। সংসারবন্ধন হইতে মুক্ত হইয়া পরমানন্দ-লাভে স্থুখী হইয়া, কুলাবধৃত ব্রহ্মজ্ঞের নিকট গিয়া ইহা প্রার্থনা করিবে,—''হে পরব্রহ্মনৃ! গৃহস্থাশ্রমে আমার এই বয়দ কাটিয়া গিয়াছে। হে নাথ! আমি এক্ষণে দ্ব্যাাদ-গ্রহণের নিমিন্ত উপস্থিত হইয়াছি,—আমার প্রতি প্রদান হউন।'' ২২১—২০০। গুরু বিচার করিয়া নির্ত্তগৃহকর্ম্মা দেই ব্যক্তিকে শাস্ত ও বিবেক-বৃক্ত দেখিয়া দিতীয় আশ্রম আহিকেক্মান্তিবন। তদনস্তর শিষ্য স্থান করিয়া দংযতাত্মা হইয়া আহ্নিকক্মা্য দ্বাধাপুর্বকে ঋণব্রয় হইতে মুক্তিলাভের নিমিন্ত দেবগণ,

দেবা বন্ধা চ বিষ্ণুক্ত ক্ষত্ৰশ্চ স্থগণৈ: সহ।

শব্দ: সনকাণ্যান্চ দেবব্ৰহ্মব্নস্থপা॥ ২৩৩

শব্দ যে পিভরঃ পূজ্যা বক্ষ্যামি শৃনু ভানপি॥ ২৩৪
পিতা পিতামহন্চৈব প্রপিতামহ এব চ।

মাভা পিতামহী দেবি তথৈব প্রপিতামহী।

মাভামহাদয়োহপ্যেবং মাভামহাদয়োহপি চ॥ ২৩৫
প্রাচ্যাম্যীন্ যজেদেবান্ দক্ষিণস্থাং পিতৃন্ যজেং।

মাভামহান্ প্রতীচ্যাঞ্চ পূজ্যের্যাসকর্মণি॥ ২৩৬
পূর্বাদিক্রমতো দক্ষাদাসনানাং দ্বয়ং দ্বয়ম্।

দেবাদীন্ ক্রমতস্ত্রাবাহ্য পূজাং সমাচরেং।

সমর্চ্চা বিধিবং তেভ্যঃ পিগুান্ দক্ষাং পৃথক্ পৃথক্॥ ২৩৭
পিগুপ্রদানবিধিনা দন্ধা পিগুং যথাক্রমম্।

কৃতাঞ্জলিপুটো ভূত্বা প্রার্থ্যেৎ পিতৃদেবতাঃ॥ ২৩৮

ঋষিগণ ও পিতৃগণের তর্পণ করিবেন। দেবপণ—ব্রহ্মা, বিষ্ণু ও অফ্চরগণের সহ করু; ঋষিগণ—সনক প্রভৃতি দেবর্ষিগণ ও ব্রহ্ম-র্ষিগণ। যে সকল পিতৃগণ সন্ন্যাস-গ্রহণের সময় পূজ্য, তাহা তোমার নিকট বলিতেছি—শ্রবণ কর। হে দেবি! পিতা, পিতামহ, প্রপিতামহ,—মাতা, পিতামহী, প্রপিতামহী,—মাতামহ, প্রমাতামহী, বৃদ্ধপ্রমাতামহী, কর্ম্মাতামহীকে পূজা করিতে হইবে। সন্ন্যাস গ্রহণ করিবার সময় পূর্বাদিকে দেবগণের এবং ঋষিগণের পূজা করিতে হইবে; পশ্চিমদিকে মাতামহ-পক্ষের পূজা করিতে হইবে। পূর্বাদিক্ হইতে আরম্ভ করিনা মৃথা মৃথা আসন প্রদান করিবে। অনন্তর বধাবিধানে দেবাদি সক্লের অর্চনা করিবে। অনন্তর বধাবিধানে দেবাদি

ভূপ্যধ্বং পিতরো দেবা দেবর্ষিমাভৃকাগণা।
তথাতীতপদে যুয়মন্ণীকুক্তাচিরাৎ ॥ ২৩৯
ইত্যান্ণ্যং প্রার্থিয়া প্রণম্য চ পুনঃপুনঃ।
ঝণত্রয়বিনির্দ্দুক্ত আত্মান্ধং প্রকর্মেৎ ॥ ২৪০
পিতা হাব্যৈব সর্ক্রেষাং তৎপিতা প্রপিতামহঃ।
আত্মত্যাত্মার্পণার্থায় কুর্য্যাদাত্মক্রিয়াং স্ক্রধীঃ ॥ ২৪১
উত্তরাভিমুথো ভূত্বা পূর্ক্রবৎ কল্লিতাসনে।
আবাহাত্মপিত্নুন্ দেবি দ্রতাৎ পিগুং সমর্চ্রম্ন ॥ ২৪২
প্রাগগ্রান্ দক্ষিণাগ্রাংশ্চ পশ্চিমাগ্রান্ যথাক্রমাৎ।
পিপ্রার্থমান্তরেদ্রভান্ন্দগগ্রান্ স্বকর্মণি ॥ ২৪০

২০১—২০৭। এইরপে পিগুলানের বিধানামুদারে যথাক্রমে পিগুলান করিয়া পিগুলানের ও দেবগণের নিকট প্রার্থনা করিবে;—"হে পিগুলা। হে মাতৃগণ! হে দেবর্ধিগণ! আমি গুণাতীত-পদে গমন করিতেছি, আপনারা শীঘ্র আমাকে ঋণ হইতে মুক্ত করুন।" এইরপে দেবগণ, ঋষিগণ, পিগুলণ ও মাতৃগণের নিকট বারংবার প্রশাম করিয়া এবং তাঁহাদিলের নিকট আপনার আনৃণ্য প্রার্থনা করিয়া ঋণত্রয়-বিনিম্মুক্ত সাধক আত্মশ্রাদ্ধ করিবে। আত্মাই সকলের পিতা, পিতামহ ও প্রপিতামহ; অতএব জ্ঞানী ঝাক্তি পরমান্তাতে আত্ম-সমর্পণ করিবার নিমিন্ত আপনার শ্রাদ্ধ করিবেন। হে দেবি! পূর্ববিৎ পরিকল্পিত আদনে উত্তরাভিমুখ হইয়া উপবেশন করিবে এবং নিজ পিগুলণের আহ্বান করিয়া অর্চনা করেত পিগুলান করিবে। দেবগণের, ঋষিগণের ও পিগুলণের পিগুলানের নিমিন্ত যথাক্রমে পূর্ব্বাগ্রা, দক্ষিণাগ্র, পশ্চিমাগ্র এবং আপনার শিশ্বদানের নিমিন্ত যথাক্রমে পূর্ব্বাগ্রা, দক্ষিণাগ্র, পশ্চিমাগ্র এবং আপনার শিশ্বদানের নিমিন্ত যথাক্রমে পূর্ব্বাগ্রা, দক্ষিণাগ্র, পশ্চিমাগ্র এবং আপনার পিগুলানের নিমিন্ত মথাক্রমে পূর্ব্বাগ্রা, দক্ষিণাগ্র, পশ্চিমাগ্র এবং

সমাপ্য শ্রাদ্ধকর্মাণি শুরুদর্শিতবর্মনা।
মুমুক্ষ্শিচন্ত শুদ্ধার্থমিমং মন্ত্রং শতং জপেং ॥ ২৪৪
ব্রীং ত্রান্থকং যজামহে স্থগদ্ধিং পৃষ্টিবর্দ্ধনম্।
উর্বান্ধকমিব বন্ধনান্ম ত্যোমু ক্ষীন্নমামৃতাং ॥ ২৪৫
উপাসনামুসারেণ বেছাং মণ্ডলপূর্বকম্।
সংস্থাপ্য কলশং তত্র শুরুং পূজাং সমারভেং ॥ ২৪৬
তত্ত্ব পরমং ব্রহ্ম ধ্যাত্বা শান্তববর্মনা।
বিধান্ন পূজাং ব্রহ্মজ্যে বহিন্থাপনমাচরেং ॥ ২৪৭
প্রাপ্তক্রসংস্কৃতে বহলী স্বকলোকাছ্তিং শুরুং।
দল্বা শিষ্যং সমাহ্র্ম সাকরং হাব্রেং তু তম্ ॥ ২৪৮
আলোপানৌ সমানশ্চোদানবানৌ চ বান্ধবং ॥ ২৪৯
তত্ত্বহোমং ততঃ কুর্যাদ্দেহাত্মাধ্যাসমুক্তরে।
পৃথিবী সলিলং বহ্নিব্যুবাকাশমেব চ ॥ ২৫০

মুক্কু ব্যক্তি গুরু-প্রদর্শিত পদ্ধতি অবলম্বন করিয়া শ্রাদ্ধকর্ম সমাপনপূর্বক চিত্তগুদ্ধির নিমিত্ত শতবার "হ্রীং ত্রাম্বকং" ইত্যাদি মন্ত্র প্রপ
করিবে। ২০৮—২৪৫। অনস্তর গুরু, পূজাপদ্ধতি অনুসারে
বেদীতে মণ্ডল প্রস্তুত করিয়া তত্তপরি কলস সংস্থাপনপূর্বক, শৈবপদ্ধতি অনুসারে পূজা আরম্ভ করিবেন। পরে ব্রহ্মক্ত ব্যক্তি, পরম
ব্রহ্মের ধ্যানপূর্বক শৈবপদ্ধতি অনুসারে পূজা করিয়া বহিস্থাপন
করিবেন। অনস্তর গুরু পূর্বক্ষিত সংস্কৃত বহিতে স্বকলোক্ত আহুতি
প্রদান করিয়া, শিষ্যকে আহ্বানপূর্বক সপরিচ্ছদ হোম করাইবেন।
প্রথমতঃ মহাব্যান্থতি হোম করিয়া প্রাণ-হোম অর্থাৎ প্রাণাদি
পঞ্চবায়ুর হোম করিবে। প্রাণ, অপান, সমান, উদান ও ব্যান,—

গন্ধো রসশ্চ রূপশ্চ স্পর্শঃ শব্দো ইথাক্রমাৎ।
ততো বাক্পাণিপাদাশ্চ পায়্পস্থো ততঃ পরম্॥ ২৫>
শ্রোবাং স্বঙ্ নয়নং জিহ্বা দ্রাণং বৃদ্ধীক্রিয়াণি চ।
মনো বৃদ্ধিশ্চ চিত্তঞ্চাহস্কারো দেহজাঃ ক্রিয়াঃ॥ ২৫২
সর্বাণীক্রিয়কর্মাণি প্রাণকর্ম্মাণি যানি চ।
এতানি মে পদান্তে চ শুধাস্তাং পদমূচ্চরেৎ ॥ ২৫০
হ্রীং জ্যোতিরহং বিরজা বিপাপা ভূয়াদং দ্বিঠ ইত্যপি॥২৫৪
চতুর্বিংশতিতত্ত্বানি কর্ম্মাণি দৈহিকানি চ।
ছত্বায়ো নিক্রিয়ো দেহং মৃতবচ্চিস্তয়েৎ ততঃ॥ ২৫৫
বিভাব্য মৃতবৎ কায়ং রহিতং সর্ব্বকর্মণা।
স্মরংস্তৎ পরমং ব্রদ্ধ যজ্মসূত্রং সমৃদ্ধরেৎ॥ ২৫৬

এই পঞ্চ প্রাণবার্। অনস্তর দেহে আত্মার অধ্যাদের অর্থাৎ দেহকে আত্মা বলিয়া যে ভ্রম হয়, তাহার বিনিবৃত্তি নিমিত্ত তত্ত্বেম করিতে হইবে। "পৃথিবী" ইত্যাদি "প্রাণকর্মাণি" পর্যান্ত সমস্ত বস্তু নির্দ্দেশ করিয়া, "এতানি মে" পদের অত্তে "শুধ্যন্তাং" পদ উচ্চারণ করিবে; পরে "হ্রীং জ্যোতিরহং বিরজা বিপাপা। ভূয়াসং আহা" ইহা বলিবে (ইহা তত্ত্বেমের মন্ত্র)। অর্থ এই,—পৃথিবী, সলিল, অয়ি, বায়ু, আকাশ, গন্ধ, রস, রপ, ম্পর্শ, শন্দ, বাক্য, পাণি, পাদ, পায়ু, উপস্থ, শ্রোত্র, ত্বক্, নয়ন, জিহ্বা, ভ্রাণ, মন, বৃদ্ধি, চিত্ত, অহঙ্কার, দেহজ্ব সম্দায় কার্যা, সমুদায় ইক্রিয়কার্যা, সমুদায় প্রাণ-কার্যা—এই সকল আমার শুদ্ধ হউন্দ, জ্যোতিঃস্বরূপ আমি রজঃ ও পাপশৃত্য হই। এইরূপে চতুর্বিংশতি তত্ত্ব ও সমুদায় দৈহিক কর্ম্ম আরিতে হোম করিয়া নিজ্ঞিয় হইয়া পরে দিক্ত শরীর মৃতবৎ চিন্তা করিবে। ২৪৬—২৫৪। এইরূপে নিজ্ঞ

ত্রীং ক্লীং হংস ইতি মন্ত্রেণ স্কর্বাছন্তার্য্য মন্ত্রবিং।

যজ্ঞহন্ত্রং করে রুজা পঠিছা ব্যাহ্নতিত্রয়ম্।

বহ্লিরায়াং সম্ক্রার্য্য স্থতাক্রমনলে কিপেং। ২৫৭

হুবৈরমুপবীতঞ্চ কামবীজং সমুক্ররন্।

ছিল্বা শিথাং করে রুজা স্থতমধ্যে নিয়োজয়েং। ২৫৮

ব্রহ্মপুত্রি শিথে ছং হি বালরূপা তপস্বিনী।

দীয়তে পাবকে স্থানং গচ্চ দেবি নমোহস্ত তে॥ ২৫৯

কামং মায়াং কৃষ্ঠমন্ত্রং বহ্লিরায়ামুদীরয়ন্।

তত্মিন্ স্থসংস্কৃতে বক্লো শিথাহোমং সমাচরেং॥২৬০

শিথামাশ্রিত্য পিতরো দেবা দেবর্ষয়ন্তর্থা।

সর্ব্রাণ্যাশ্রমকর্ম্মাণি নিবসন্তি শিথোপরি॥২৬১

শরীর মৃতবৎ ও দর্ব্বক্স-রহিত ভাবনা করিয়া দেই পরম ব্রহ্ম স্মরণ করত গলদেশ হইতে যজ্ঞস্থ উদ্ধৃত করিবে। তত্ত্বজ্ঞ ব্যক্তি "ঐং ক্লীং হুং" এই মন্ত্র পাঠপূর্ব্বক স্কন্ধ হইতে যজ্ঞস্থ উত্তান হস্তে ধারণ, ভূর্ভু বংস্বঃ পাঠ এবং সাহা এই পদ উচ্চারণ করিয়া স্থত-সংযুক্ত ঐ যজ্ঞোপবীত অগ্নিতে নিক্ষেপ করিবে। এইরূপে যজ্ঞো-পবীত হোম করিয়া কামবীজ অর্থাৎ "ক্লীং" উচ্চারণ করত শিথা-চ্ছেদনপূর্ব্বক হস্তে ধারণ করিয়া স্থতমধ্যে স্থাপন করিবে। মন্ত্র—হে ব্রহ্মপূত্রি! হে শিথে! তুমি কেশরূপা তপস্থিনী। তুমি গমন কর; তোমাকে নমস্কার। পরে কাম, মায়া, কৃর্চ্চ, অন্ত্র এবং বহ্ছজায়া অর্থাৎ "ক্লীং হ্লীং হুং ফট্ স্বাহা" এই মন্ত্র পাঠ করিয়া দেই স্থসংস্কৃত অগ্নিতে শিথা-হোম করিবে। পিতৃগণ, দেবগণ ও দেবর্ষিগণ শিথা আশ্রম করিয়া অবস্থান করেন এবং সমৃদায় আশ্রমের কর্ম্ম সকল শিথার উপরি অবস্থান করে; অত্রথ দেবর্ষিগণ,

অতঃ সন্তর্প্য তাঃ সর্বা দেবর্ষি-পিতৃ-দেবতাঃ।
শিথাস্ত্রপরিত্যাগাদেহী ব্রহ্ময়ে ভবেং।
যজ্ঞস্ত্র-শিথাত্যাগাৎ সন্ন্যাসঃ স্তাদ্দিজন্মনাম্॥ ২৬২
শূদ্রাণামিতরেষাঞ্চ শিখাং হুত্বৈব সংস্ক্রিয়া।
ততাে মুক্তশিথাস্তরঃ প্রণমেদ্ধগুবদ্পুরুষ্ ॥ ২৬০
গুরুরুত্থাপ্য তং শিষ্যং দক্ষকর্বে বদেদিদম্।
তত্বনি মহাপ্রাক্ত হংসঃ সোহহং বিভাবয়।
নির্মমো নিরহঙ্কারঃ স্বভাবেন স্থাং চর॥ ২৬৪
ততাে ঘটঞ্চ বহ্নিঞ্চ বিস্কৃত্য ব্রহ্মতত্ববিৎ।
আত্মস্বরূপং তং মত্বা প্রণমেচ্ছিরসা গুরুঃ॥ ২৬৫
নমস্তভ্যং নমাে মহং তুভাং মহং নমাে নমঃ।
ত্বেবে তৎ তত্ত্বেবে বিধ্রূপ নমােহস্ত তে॥ ২৬৬

পিতৃগণ, এবং দেবতাগণ—সকলকেই সম্ভর্পিত করিয়া দেহী,
শিখা ও যজ্ঞস্ত্র পরিত্যাগ করিবামাত্র ব্রহ্মময় হইয়া থাকে।
যজ্ঞস্ত্র ও শিখা পরিত্যাগ করিলেই বিজগণের সন্ন্যাস হয়। শৃদ্র
ও সামান্তজাতিগণের শিখা-হোম করিলেই সংস্কার হয়। অনস্তর
শিখা ও যজ্ঞস্ত্র ত্যাগ করিয়া গুরুকে দগুবৎ প্রণাম করিবে।
২৫৮—২৬০। গুরু, শিষ্যকে উত্থাপিত করিয়া, দক্ষিণ-কর্ণে ইহা
বলিবেন যে, 'হে মহাপ্রাক্ত! সেই ব্রহ্ম তুমিই। তুমি 'হংসং' ও
ও 'সোহং' ভাবনা কর। তুমি অহংকার ও মমতা-রহিত হইয়া
নিজের গুলভাবে স্থথে বিচরণ কর।'' অনস্তর ব্রহ্মতত্ত্বক্ত গুরু,
ঘট ও অগ্লি বিসর্জ্জনপূর্বক শিষ্যকে আত্মস্বরূপ বিবেচনা করিয়া,
মস্তক দ্বারা প্রণাম করিবেন। মন্ত্র যথা;—তোমাকে নমস্কার,
আমাকে নমস্কার। তোমাকে ও আমাকে বারংবার নমস্কার। হে

ব্রহ্মমন্ত্রোপাসকানাং তত্ত্বজ্ঞানাং জিতাত্মনাম্।
ত্মমন্ত্রেণ শিপাচ্ছেদাৎ সন্ন্যাসপ্রহণং ভবেৎ ॥ ২৬৭
ব্রহ্মজ্ঞানবিশুরানাং কিং যক্তৈঃ প্রান্ধপূজনৈঃ।
ত্যেচ্ছাচারপরাণাস্ত প্রত্যবায়ো ন বিদ্যতে ॥ ২৬৮
ততাে নির্দ্বরূপোহসাে নিকামঃ স্থিরমানসঃ।
বিহরেৎ স্বেচ্ছয়া শিষ্যঃ সাক্ষাদ্রুক্ময়ো ভূবি ॥ ২৬৯
আব্রক্ষস্থপর্যাস্তং সক্রপেন বিভাবয়ন্।
বিত্মরেরাস্ক্রপাণি ধ্যায়নাআ্মনমাত্মনি ॥ ২৭০
আনকেতঃ ক্ষমার্ত্তাে নিঃশক্ষঃ সঙ্গবর্জ্জিতঃ।
নির্দ্রমাে নিরহক্ষারঃ সন্ন্যাসী বিহরেৎ ক্ষিতেৌ ॥ ২৭১
মুক্তাে বিধিনিষেধেভ্যাে নির্যোগক্ষেম আত্মবিৎ।
স্থপতঃখসমাে ধীরাে জিতাআা বিগতস্পৃহঃ ॥ ২৭২

বিশ্বরূপ ! তুমিই তাহা অর্থাৎ ব্রন্ধ এবং তাহাই মর্থাৎ ব্রন্ধই তুমি ;
তোমাকে নমস্কার করি । জিতেন্দ্রিয় ও তত্ত্বজ্ঞান-সম্পন্ন ব্রন্ধমন্ত্রোল্
পাসকদিগের নিজ মন্ত্র পাঠপূর্ব্বক শিথাচ্ছেদনেই সন্ন্যাস গ্রহণ করা
হয় । ব্রন্ধজ্ঞান দারা বিশুদ্ধ ব্যক্তিদিগের যজ্ঞ, পূজা ও প্রাদ্ধাদিতে
প্রান্ধেদন কি ? তাঁহারা স্বেচ্ছাচার-পরায়ণ হইলেও, তাঁহাদের
প্রত্যবায় নাই । ২৬৪—২৬৮ । অনস্তর শিষ্য, স্থথ-ছংখাদিরূপ
দক্তরহিত, কামনা-রহিত, স্থিরচিত্ত ও সাক্ষাৎ ব্রন্ধময় হইয়া ভূতলে
স্বেচ্ছামুসারে বিচরণ করিবেন । তিনি ব্রন্ধ হইতে স্কর্ম অর্থাৎ তৃণগুচ্ছ
পর্যান্ত সমুদায় বিশ্ব সৎস্বরূপ চিন্তা করিবেন; নাম-রূপ বিশ্বত হইয়া
আত্মাতে আত্মার গ্যান করত আবাসশৃত্য, ক্ষমাশীল, নিংশঙ্ক-হাদয়,
সংসর্গশৃত্য, মমতাশৃত্য, অহঙ্কারশৃত্য ও সন্ন্যাসী হইয়া ভূমগুলে বিচরণ
করিবেন । তিনি শাস্ত্রীয় বিধি-নিষেধ হইতে মুক্ত হইবেন । তিনি

ন্ধিরাত্মা প্রাপ্তত্থাহিপি স্থথে প্রাপ্তেইপি নিম্পৃইঃ।
সদানদাঃ শুটিঃ শাস্তো নিরপেক্ষো নিরাকুলঃ॥২৭৩
নোদ্বেজকঃ স্থাজ্জীবানাং সদা প্রাণিহিতে রতঃ।
বিগতামর্যভীর্দাস্তো নিঃসঙ্কল্পো নিরুদামঃ॥ ২৭৪
শোকদ্বেবিমুক্তঃ স্থাজ্জ্ব্রো মিত্রে সমো ভবেৎ।
শী চবা চাতপসহঃ সমো মানাপমানলােঃ॥ ২৭৫
সমঃ শুভাশুভে তুষ্টো যদ্জ্যাপ্রাপ্তবস্তা।
সনিস্তৈ গুণো নির্বিকল্পো নির্বেশিতঃ স্থাদস্ক্ষ্মী॥২৭৬
যথা সত্যমুপাপ্রিত্য মৃষা বিশ্বং প্রতিষ্ঠতি।
আত্মাপ্রিতস্তা দেহো জানরেবং স্থী ভবেৎ॥২৭৭

লব্ধ বিষয়ের রক্ষা ও ফলক্ষ বিষয়ের লাভ করিবার চেটা করিবেন না। তিনি স্থথ-ছংথে সমান, ধীর, জিতেন্দ্রিয় এবং স্পৃহারহিত হইবেন। তুঃথ উপস্থিত হইলেও তাঁহার অন্তঃকরণ স্থির থাকিবে, স্থথ উপস্থিত হইলেও তিনি তাহাতে স্পৃহা করিবেন না। তিনি সর্বাদা আনন্দযুক্ত, শুচি, শান্ত, নিরপেক্ষ ও আকুলতাশূল্য হইবেন। তিনি কোন জনকে উদ্বিগ্ধ করিবেন না। সর্বাদা সর্বাদীর হিতকরণে রত হইবেন, তিনি ক্রোধ ও ভয়শূল্য, সক্ষমশূল্য ও উদ্যমশূল্য হইবেন। ২৬৯—২৭৪। শোকশূল্য, দেয়শূল্য এবং শক্রমিত্রে সমদর্শী হইবেন। তিনি শীত, বাত, আতপ প্রভৃতির কপ্ত সন্থ করিতে সমর্থ হইবেন, তিনি মান ও অপমান তুল্য জ্ঞান করিবেন। শুভ-অশুভে সমদর্শী হইবেন। তিনি মান ও অপমান তুল্য জ্ঞান করিবেন। শুভ-অশুভে সমদর্শী হইবেন। তিনি মান ও অপমান তুল্য জ্ঞান করিবেন। শুভ-অশুভে সমদর্শী হইবেন। তিনি যদৃচ্ছাপ্রাপ্ত বস্তুতেই পরিতৃষ্ট থাকিবেন। তিনি ত্রিগুণাতীত, নির্ব্বিকল্প, লোভশূল্য ও সঞ্চয়রহিত হইবেন। জগৎ মিথ্যাশ্বরূপ হইয়াও যেমন একমাত্র সত্যশ্বরূপ পরমাত্মাকে আশ্রম করিয়া সত্যবৎ প্রতীয়মান হইতেছে, তাহার

ইন্দ্রিরাণ্যের কুর্বন্তি স্বং স্বং কশ্ম পৃথক্ পৃথক্ ।

আয়া সাক্ষী বিনির্দিপ্তো জ্ঞান্তৈবং মোক্ষভাগ্ ভবেৎ ॥ ২৭৮

ধাতুপ্রতিগ্রহং নিন্দামনৃতং ক্রীড়নং দ্রিয়া।

রেতস্ত্যাগমস্মাঞ্চ সন্নাসী পরিবর্জ্জ্বেৎ ॥ ২৭৯

সর্ব্বে সমদৃষ্টি: স্থাৎ কীটে দেবে তথা নরে।

সর্ব্বং ব্রন্থেতি জানীয়াৎ পরিব্রাট্ সর্ব্বকর্মস্থ ॥ ২৮০

বিপ্রান্থ শ্বপচান্নং বা যন্মান্তন্মাৎ সমাগত্তম্।

দেশং কালং তথা পাত্রমন্ধীয়াদবিচারয়ন্ ॥ ২৮১

জধ্যাত্মশাস্ত্রাধ্যয়নি: সদা তত্ত্ববিচারগৈ:।

অবধৃতো নয়েৎ কালং স্বেচ্ছাচারপরায়ণ: ॥ ২৮২

ভার আত্মাকে আশ্রর করিয়া মিথাাভূত এই দেহ আত্মবং প্রতীত হইতেছে,— সন্ন্যাসী ইহা জ্ঞাত হইয়া স্থাী হইবেন। ইন্দ্রিয়নণই পৃথক্ পৃথক্ স্বস্ব কর্মা করিতেছে, আত্মা—সাক্ষী ও নির্নিপ্তা,— সন্ন্যাসী ইহা জ্ঞাত হইয়া মোক্ষভাগী হন। সন্ন্যাসী,—ধাতুদ্রব্যাপ্রতিগ্রহ, পরনিন্দা, মিথ্যা-ব্যবহার, স্ত্রীলোকের সহিত ক্রীড়া, শুক্রত্যাগ ও অস্থা পরিত্যাগ করিবেন। পরিব্রাঞ্জক সন্ন্যাসী,— দেবতা, মন্ত্রয় বা কীটে—সর্ব্বত্র সমদশী হইবেন; সর্ব্বকর্মেই সম্পায় জগৎকে ব্রন্ধ বলিয়া জানিবেন। ব্রান্ধণের অন্ন হউক বা চাণ্ডালের অন্ন হউক, যে কোন ব্যক্তির অন্ন, যে কোন দেশ হইতে সমাগত হউক, তাহা দেশ-কাল-বিচার না করিয়া ভোজন করিবেন। ২৭৫—২৮১। অবধৃত ব্যক্তি স্বেচ্ছাচার-পরায়ণ হইয়াও অধ্যান্ধ-শান্ত অধ্যয়ন এবং সর্ব্বদা আত্মতন্ত্র-বিচার দ্বারা সময় অতি-

সন্ন্যাসিনাং মৃতং কারং দাহয়ের কদাচন।
সংপূজ্য গদ্ধপুষ্পাদ্যৈ-নিথনেদ্বাঞ্চু জ্জমন্ত্রে ॥ ২৮৩
ক্ষপ্রাপ্তবাগমন্ত্যানাং সদা কামাভিলাবিণান্।
ক্ষভাবাজ্জায়তে দেবি প্রবৃত্তিঃ কর্ম্মঙ্কুলে ॥ ২৮৪
ত্রাপি তে সামুরক্রাধ্যানার্চাজপদাধনে।
শ্রেয়স্তদেব জানস্ত তত্ত্রৈব দৃঢ়নিশ্চয়াঃ ॥ ২৮৫
ক্ষত্তঃ কর্মবিধানানি প্রোক্তানি চিত্তগুদ্ধয়ে।
নাম রূপং বছবিধং তদর্থং কথিতং ময়া॥ ২৮৬
ব্রক্ষজানাদ্তে দেবি কর্ম্ময়য়সনং বিনা।
কুর্বন্ কর্মভং কর্ম ন ভবেন্মক্তিভাগ্ জনঃ ॥ ২৮৭
কুলাবধৃতস্তর্জ্যে জীবন্মুক্তো নরাক্তিঃ।
সাক্ষারায়গং মন্তা গৃহস্তরং প্রপুর্রেরে॥ ২৮৮

পাত করিবেন। সন্ন্যাসীদিগের মৃতদেহ কথনই দাহ করিবে না।
ঐ দেহ গন্ধ-পূজাদি দারা অচ্চিত করিয়া নিথাত অর্থাৎ ভূমিতে
প্রোথিত করিবে অথবা জলে নিমগ্ন করিবে। হে দেবি! সর্বাদা
কামাভিলাধী অপ্রাপ্ত-যোগ মন্তব্য-সকলের স্বভাবতই কর্মাকাণ্ডে
প্রবৃত্তি হয়। এই সকল ব্যক্তি সেই কর্মাকাণ্ডে অন্তর্বক্ত হইয়া
ধ্যান, পূজা ও জপ প্রভৃতি সাধন বিষয়ে দৃঢ়নিশ্চয় হইয়া সেই ধ্যান,
পূজা ও জপকে শ্রেম বলিয়া জামুন। এই কারণে আমি চিত্তভিদ্ধির
নিমিত্ত কর্মাকাণ্ডের বিধান বলিয়াছি। এই কারণেই আমি বছবিধ
নাম ও রূপ কল্পনা করিয়াছি। হে দেবি! ব্রক্ষজ্ঞান ব্যতিরেকে এবং
কর্ম্ম-সন্ত্রাদ ব্যতিরেকে শত কল্প ব্যাপিয়া কর্ম্ম করিলেও কোন জন
মুক্তিভাগী হইতে পারিবে না। ব্রক্ষজ্ঞান-সম্পন্ন কুলাবধৃত, মন্ত্র্যাকৃতি হইয়াও জীবমুক্ত। গৃহস্থ তাঁহাকে সাক্ষাৎ নারায়ণ বোধ

যতের্দর্শনমাত্রেণ বিমুক্তঃ সর্ব্বপাতকাৎ। তীর্ধ-ব্রত-তপো-দান-সর্ব্বয়জ্ঞফলং লভেৎ॥ ২৮৯

> ইতি শ্রীমহানির্ব্বাণতন্তে বর্ণাশ্রমাচার-ধর্ম্মকথনং নামাষ্টমোল্লাসঃ ॥৮ ॥

করিয়া পূজা করিবেন। মন্ত্র্যাগণ যতিকে দর্শন করিবামাত্র সম্পান্ত্র পাতক হইতে মুক্ত হইয়া তীর্থ, ব্রত, তপস্থা, দান ও সম্পান্ন বজা-ক্লষ্ঠানের ফল লাভ করে। ২৮২—২৮১।

অষ্টম উল্লাস সমাপ্ত।

नवद्यालामः।

শ্রীদদাশিব উবাচ।

বর্ণাশ্রামাচারধর্মাঃ কথিতান্তব স্থবতে।
সংস্কারান্ সর্ব্বর্ণানাং শৃণুদ্ব গদতো মম ॥ >
সংস্কারেণ বিনা দেবি দেহগুদ্ধিন জায়তে।
নাসংস্কৃতোহধিকারী স্থাদৈবে পৈত্রে চ কর্মণি ॥ ২
অতো বিপ্রাদিভির্বর্ধিঃ স্বস্ববর্ণোক্তসংস্ক্রিয়াঃ।
কর্ত্তব্যাঃ সর্ব্বথা যহৈরিহামুত্র হিতেপ্সুভিঃ ॥ ৩
জীবসেকঃ পুংসবনং সীমস্তোলয়নং তথা।
জাত-নামী নিজ্ঞ্মণমন্নাশনমতঃ পরম্।
চুড়োপনয়নোদ্বাহাঃ সংস্কারাঃ কথিতা দশ ॥ ৪

শ্রীসদাশিব কহিলেন,—হে স্করতে ! বর্ণ ও আশ্রম সকলের আচার ও ধর্ম তোমার সমীপে কথিত হইয়াছে। সমস্ত বর্ণের সংস্কার আমি বলিতেছি, শ্রবণ কর। হে দেবি ! সংস্কার বিনা দেহগুদ্ধি হয় না। অসংস্কৃত ব্যক্তি দৈব ও পৈত্র কর্মে অধিকারী হইতে পারিবে না। এই হেতু ইহলোক ও পরলোকে হিতাভিলাণী বিপ্রাদি বর্ণের সর্বাধা বছপ্রয়মে স্ব স্ব বর্ণবিহিত্ত সংস্কার করা কর্বা। জীবসেক অর্থাৎ গর্ভাধান, প্রংস্বন, সীমস্কোরয়ন, লাতকর্ম, লামকরণ, নিজ্মণ, অয়প্রাশন, চূড়াকরণ ও বিবাহ,—দশ সংস্কার

শ্রুণণিং শ্রুভিন্নানামুপবীতং ন বিছতে।
তেষাং নবৈব সংস্কারা দিজাতীনাং দশ স্মৃতাঃ ॥ ৫
নিত্যানি সর্কাক্ষাণি তথা নৈমিত্তিকানি চ।
কাম্যান্তপি বরারোহে কুর্য্যাচ্ছান্তববর্মনা ॥ ৬
যানি যানি বিধানানি যেষু যেষু চ কর্মস্ত ।
পূরৈব ব্রহ্মরূপেণ ভান্নজানি ময়া প্রিয়ে ॥ ৭
সংস্কারেষু চ মর্কেষু তথৈবান্তেষু কর্মস্ত ।
বিপ্রাদিবর্ণভেদেষু ক্রুমান্মন্তাশ্চ দশিতাঃ ॥ ৮
সত্যত্রেতাদাপরেষু তত্তৎকর্মস্ত কালিকে।
প্রণবাদ্যাংস্ক তান্ মন্ত্রান্ প্রয়োগেষু নিযোজ্মেৎ ॥ ৯
কলো তু পরমেশানি তৈরেব মন্ত্রিনরাঃ ।
মায়ান্যঃ সর্কাকর্মাণি কুর্যুঃ শঙ্করশাসনাৎ ॥ ১০

বলিয়া কথিত হইয়াছে। শূদ্রজাতি ও শ্দ্রভিন্ন অর্থাৎ সঙ্কর-জাতির উপনয়ন নাই। তাহাদের নয়টীমাত্র সংস্কার এবং দিজগণের দশ সংস্কার স্মৃত হইয়াছে। হে বরারোহে! নিতা, নৈমিত্তিক
এবং কাম্য — সকল কর্ম্মই শস্তু-প্রদর্শিত মার্গ দারা করিবে। ১—৬।
হে প্রিয়ে! যে যে কর্মে যে যে বিধান নির্দ্দিন্ত আছে, পূর্কেই ব্রহ্মরূপে
তৎসমস্ত আমাকর্ত্ক ব্যক্ত হইয়াছে। সমস্ত সংস্কার ও অত্যাত্ত কর্ম্ম
এবং ব্রাহ্মণ প্রভৃতি বর্ণভেদ অন্মারী মন্ত্রসকল মথাক্রমে আমাকর্ত্ক
দর্শিত হইয়াছে। হে কালিকে! সত্যা, ত্রেতা ও দ্বাপরয়্গে সেই
সেই কর্ম্ম সকলের অনুষ্ঠান-কালে আদিতে প্রণব যোগ করিয়া
মন্ত্র ব্যবহার করিবে। হে পরমেশানি! শঙ্করের আদেশক্রমে
কলিয়ুগে আদিতে ওঁকারের পরিবর্ত্তে মায়াবীঙ্ক (হ্রীং) মুক্ত তন্তৎ

নিগমাগমতন্ত্রেষু বেদেষু সংহিতাস্থ চ।
সর্ব্বে মন্ত্রা মহৈবোজাঃ প্রয়োগো যুগভেদতঃ ॥ ১১
কলাবন্নগতপ্রাণা মানবা হীনতেজসঃ।
তেষাং হিতার কল্যাণি কুলধর্ম্মো নিরূপিতঃ॥ ১২
কলিছর্ব্বলজীবানাং প্রয়াসাশক্তচেতসাম্।
সংস্কারাদিক্রিয়াস্তেষাং সংক্ষেপেণাপি বচ্মি তে॥ ১৩
সর্ব্বেষাং শুভকার্য্যাণামাদিভূতা কুশগুকা।
তত্মানাদো প্রবক্ষ্যামি শৃণু তাং দেববন্দিতে॥ ১৪
রম্যে পরিস্কতে দেশে তুষাঙ্গারাদিবর্জ্জিতে।
হস্তমাত্রপ্রমাণেন স্থণ্ডিলং রচয়েৎ স্থণীঃ॥ ১৫
তিপ্রো রেথা বিধাতব্যাঃ প্রাগগ্রাস্ত্র মণ্ডলে।
কুর্চ্চেনাভ্যুক্ষ্য তাঃ সর্ব্বা বহ্ছিনা বহ্ছিমাহরেৎ॥ ১৬

মন্ত্র দারা সকল কর্ম্ম করিবে। নিগম, আগম, তন্ত্র, বেদ ও সংহিতাতে সমুদায় মন্ত্র আমা কর্তৃক উক্ত হইয়াছে, যুগভেদে প্রয়োগভেদে ও উক্ত হইয়াছে। হে কল্যাণি! কলিকালের মন্ত্র্যাগণ অন্নগত-প্রাণ, স্মৃতরাং হীনতেজাঃ। তাহাদিগের হিতের নিমিত্তই কুলধর্ম্ম নিরূপিত হইয়াছে। কলিযুগের ছর্বল জীব, পরিশ্রম সহ্ করিতে অসমর্থ; তাহাদিগের সংস্কার প্রভৃতি ক্রিয়া তোমার নিকট সংক্ষেপে বলিতেছি। হে স্থারবিদতে! কুশগুকা সকল শুভকদর্মের আদিভ্তা। অতএব প্রথমতঃ তাহাই বলিতেছি,— শুবণ কর। ৭—১৫। বিচক্ষণ ব্যক্তি ভূষ, অঙ্গার-প্রভৃতি-রহিত রমণীয় পরিস্কৃত স্থানে একহন্ত-পরিমিত স্থণ্ডিল রচনা করিবে। দেই মণ্ডলের পূর্ব্বাগ্রে তিনটী রেখা বিধেয়। কুর্চ্চ (হুং) মন্ত্র দ্বারা উহা অভ্যুক্তিত করিয়া বহুবীজ (রং) মন্ত্র দ্বারা আন্যান করিবে।

জানীয় বহিং তৎপার্শ্বে স্থাপরেদ্বাগ্তবং স্মরন্॥ ১৭
ততন্তমাজ্ঞলদারু গৃহীয়া দক্ষপাণিনা।

হ্রীং ক্রব্যান্তো নমঃ স্বাহা ক্রব্যাদাংশং পরিত্যজেৎ॥ ১৮
ইথং প্রতিষ্ঠিতং বহিং পাণিভ্যামাত্মসন্মুখন্।
উদ্ধৃত্য তামু রেখামু মায়াদ্যাং ব্যাহ্যতিং স্মরন্॥ ১৯
সংস্থাপ্য তৃণ-দারুভ্যাং প্রবলীকৃত্য পাবকন্।
সমিধে দ্বে স্বতাক্তে চ হুতা তন্মিন্ হুতাশনে।
স্মকর্মবিহিতং নাম কৃত্যা ধ্যায়েদ্ধনঞ্জয়ন্॥ ২০
বালাক্যিক্যুলসন্ধাশং সপ্তজিহ্বং বিমস্তকন্।
অজারুচং শক্তিধরং জটামুকুট্মপ্তিত্য্॥ ২১
ধ্যাত্বিবং প্রাঞ্জলিভূত্যাবাহ্যেদ্ধব্যবাহনন্॥ ২২

পরে বহিং আনয়ন করিয়া বাগ্ভব অর্থাৎ ঐং মন্ত্র পরণ করত মণ্ডল-পার্শ্বে স্থাপন করিবে। তৎপরে দক্ষিণ-হস্ত দ্বারা তাহা হইতে জলস্ত কাষ্ঠ লইয়া "ব্রীং ক্রব্যাস্ত্র্যোনমঃ স্বাহা" এই মন্ত্র উক্তারণ-পূর্ব্বক দক্ষিণদিকে রাক্ষদের অংশ পরিত্যাগ করিবে। এইরূপে প্রতিষ্ঠিত অয়ি পাণিয়ুগল দ্বারা উদ্কৃত করিয়া, মায়াদ্য অর্থাৎ আদিতে ব্রীং-যুক্ত বাাহ্যতি পারণ করত আপনার দমুধে ঐ রেখা-ক্রেমে সংস্থাপিত ও তৃণ-কাষ্ঠ দ্বারা ঐ অয়িকে উজ্জল করিয়া সেই হুতাশনে ম্বতাক্ত হুইটা সমিধ্ আছতি প্রদানপূর্ব্বক কর্পান্ত্রসারে বিহিত নাম করণানস্তর অয়িকে ধ্যান করিবে। ১৪—২০। "বালার্কসদৃশ অরুণবর্ণ, সপ্তজ্বিহ্ব, দ্বিমন্তক, ছাগে আর্ছ, শক্তিধারী, জটা ও মুকুটে বিভূষিত। এইরূপ ধ্যান করিয়া ক্রেয়া

মায়ামেহেহি-পদতঃ সর্কামর বদেং প্রিয়ে।
হব্যবাহপদান্তে চ মুনিভিঃ স্বগণৈঃ সহ।
অধ্বরং রক্ষ রক্ষেতি নমঃ স্বাহা ততো বদেং। ২৩
ইত্যাবাহ্য হব্যবাহময়ং তে যোনিরুচ্চরন্।
যথোগচারিঃ সংপূজ্য সপ্রজিহ্বাং প্রপূজ্যেং॥ ২৪

কালী কপালী চ মনোজবা চ
স্থলোহিতা চৈব স্থপ্মবর্ণা।
ক্ষুলিঞ্চিনী বিশ্বনিরূপিণী চ
লেলায়মানেতি চ সপ্ত জিহ্বাঃ॥২৫

ততোহঞে পূর্ব্বমারভা সহ কীলালপাণিনা। উত্তরান্তং মহেশানি ত্রিধা প্রোক্ষণমাচরেৎ॥ ২৬ তথৈব যাম্মারভা কোবেরান্তং হুভাশিতুঃ। ত্রিধা পর্যাক্ষণং কুর্যাৎ তভো যঞীয়বস্তনঃ॥ ২৭

(হীং) উচ্চারণ করিয়া "এছেহি" পদের পর "দর্বামর" পদ বলিবে। পরে "হব্যবাহ" পদের অস্তে "মুনিভিঃ স্বগণৈঃ দহ অধ্বরং রক্ষ রক্ষ" ইহার পর "নমঃ স্বাহা" উচ্চারণ করিবে। এই-রূপে অগ্লিকে আবাহন করিয়া (বহেং !) "অয়ং তে যোনিঃ" এই-পদ উচ্চারণ করত যথা-উপস্থিত উপচার দ্বারা পূজা করিয়া দপ্ত জিহ্বার পূজা করিবে। কালী, কপালী, মনোজবা, স্থলোহিতা, স্থ্যা, ক্লিন্দিনী, বিশ্বনিরূপিনী, লেলায়মানা এই সপ্তজ্জিহ্বা। হে মহেশ্বরি! অগ্লির পূর্বাদিক্ হইতে আরম্ভ করিয়া উত্তর্গদিক্ প্র্যান্ত তিনবার প্রোক্ষণ করিবে; পরে যজ্ঞীয় বস্তরও তিন বার প্রোক্ষণ করিবে। ২১—২৭। তৎপরে মণ্ডলের পূর্ব্বাদিক্ হইতে আরম্ভ পরিস্তরেৎ ততো দকৈ পূর্বস্বাহত্তরাবধি।
উদক্দংকৈর বার্বিঃ প্রাগবৈর ক্যদিক্স্থিতৈঃ । ২৮
অবিং দক্ষিণতঃ কথা গথা ব্রহ্মাদনান্তিকম্।
বামাস্কুঠ-কনিষ্ঠাভাাং ব্রহ্মণঃ কলিতাসনাৎ ॥ ২৯
গৃহীয়া কুশপবৈকং হ্রীং নিরস্তঃ পরাবস্থঃ।
ইত্যুক্ত্বাগ্রেদ্দিক্ষণস্থাং নিক্ষিপেছৎকরাদিনা ॥ ৩০
সীদ যজ্ঞপতে ব্রহ্মাদিং তে কলিতাসনম্।
মীদামীতি বদন্ ব্রহ্মা বিশেৎ ত্রোভ্রামুগঃ ॥ ৩১
সংপ্রা গন্ধপ্রপাদোর্র ক্যাণং প্রার্থিদেদম্॥ ৩২
গোপায় যজ্ঞং যজ্ঞেশ যজ্ঞং পাহি বৃহস্পতে।
মাঞ্চ যজ্ঞপতিং পাহি কর্ম্মাক্ষিন্ নমোহস্ত তে॥ ৩৩

করিয়া উত্তরদিক্ পর্যান্ত কুশ দারা আচ্ছাদন করিবে। উত্তরদিকে স্থিত কুশগুলি উত্তরাগ্র এবং অন্তদিকের কুশগুলি পূর্ব্বাগ্র হইবে। অগ্লিকে নজিণ করিয়া অর্থাৎ অগ্লির বাম-দিক্ দিয়া ব্রহ্মাসন-সনিধানে গমনপূর্বাক বামহন্তের অন্তুঠ ও কনিষ্ঠা অন্তলি দারা ব্রহ্মার কলিত আসন হইতে একটা কুশগত্র গ্রহণ করিয়া "ফ্রীং নিরস্তঃ পরাবস্থং" এই বলিয়া আগ্লর দক্ষিণদিকে নিক্ষেপ করিবে। "হে যজ্জপতে! হে ব্রহ্মন্! এই তোমার আসন প্রস্তত—উপবেশন কর" বলিবে। ব্রহ্মা, "সীদামি" অর্থাৎ উপবেশন করিতেছি, ইয়া বলিয়া উত্তরমুথ হইয়া তাহাতে উপবেশন করিবেন। গদ্ধ-পূজাদি দারা ব্রহ্মাকে পূজা করিয়া এইরূপ প্রার্থনা করিবে—"হে যজ্জেশ্বর! যজ্ঞ রক্ষা কর। হে বৃহস্পতে! যজ্ঞ রক্ষা কর। আমি যজ্ঞপতি, আমাকেও রক্ষা কর। হে কর্ম্মাকিন্! তোমাকে নমস্কার।" ২৮—৩০। ব্রহ্মা না থাকিলে স্বয়ং ঐ বাক্য বলিবেন এবং

গোপয়ামি বদেদ্বন্ধা ব্রন্ধাভাবে স্বয়ং বদেং।
তব্র দর্ভময়ং বিপ্রং কল্পয়েদ্যজ্ঞসিদ্ধয়ে॥ ৩৪
ততো ব্রন্ধানিহাগচ্ছাগচ্ছেত্যাবাস্থ সাধকঃ।
পাতাদিভিশ্চ সংপূজ্য যাবদ্যজ্ঞসমাপনম্।
তাবত্তবিদ্ধঃ স্থাতব্যমিতি প্রার্থ্য নমেৎ ততঃ॥ ৩৫
সোদকেন করেণায়েরীশানাদ্বন্ধাণোহস্তিকম্।
বিধা পর্যুক্ষা বহিঞ্চ বিঃ প্রোক্ষ্য তদনস্তরম্॥ ৩৬
আগত্য বর্মনা তেন স্থাবিশ্য নিজাসনে।
স্থাজিলস্তোভ্রের দর্ভান্তদগ্রান্ পরিস্তরেং॥ ৩৭
তেমু মজীয়বস্তৃনি সর্বাণ্যাসাদয়েং স্থাইঃ।
সোদকং প্রোক্ষণীপাত্রমাজ্যস্তালীসমিৎকুশান্॥ ৩৮
আসাদ্য ক্রক্ষবাদীনি ব্রাংশ্বীংহু মিতিমন্ত্রকৈঃ।
দিব্যদ্ধ্যা প্রাক্ষণেন সংস্কৃত্য তদনস্তরম্॥ ৩৯

[&]quot;আগচ্ছাগচ্ছ" অর্থাৎ এই স্থানে আইস এস্থানে আইস, এইরূপে আবাহন করিয়া অনন্তর পাদ্য প্রভৃতি দ্বারা পূজা করিয়া "যে পর্য্যস্ত মজ্ঞসমাপ্তি, সে পর্যস্ত আপনাকে এখানে অবস্থান করিতে হইবে" এই প্রার্থনা করিয়া তৎপরে নমস্কার করিবে। অগ্নির ঈশানকোণ হইতে আরম্ভ করিয়া ব্রহ্মার নিকট পর্যাস্ত তিনবার সজল হস্ত দ্বারা পর্যুক্ষণ করিয়া এবং পরে তিনবার অগ্নিকে প্রোক্ষিত করিয়া, অনস্তর সেই পূর্ব্বগত পথ দিয়া প্রত্যাবৃত্ত হইয়া নিজ আসনে উপবেশন করিবে এবং মণ্ডলের উত্তরদিকে কতকগুলি কুশ উত্তরাভিম্থ করিয়া বিছাইবে। অনস্তর স্থধী সাধক, তাহাতে সজল প্রোক্ষণীপাত্র, আজ্যন্থালী, সমিব্ ও কুশ প্রভৃতি সকল মজ্ঞীয় বস্তু স্থাপন করিবে। ফ্রক্সবাদি স্থাপন করিয়া "হ্রাং হ্রীং হ্রুং" এই

পৃথিব্যাং দক্ষিণং জামু পাতয়্বিত্বা ক্ষবে ক্ষচা।
মৃতমাদায় মতিমাংশ্চিন্তয়ন্ হিতমাম্বনঃ।
ক্রীং বিষ্ণবে দিঠান্তেন প্রদানাদাছতিত্রয়ম্॥ ৪০
তথৈব মৃতমাদায় ধ্যায়ন্ দেবং প্রজাপতিম্।
বায়ব্যাদ্মিকোণান্তং জুত্য়াদাজ্যধায়য়।॥ ৪০
প্ররাজ্যং সমাদায় ধ্যায়ন্ দেবং প্রন্দরম্।
নৈশ্বতাদীশকোণান্তং জুত্য়াদাজ্যধায়য়॥ ৪২
ততোহয়েরকত্তরে যাম্যে মধ্যে চ পরমেশ্বরি।
ভারিং সোমমগ্রীধামৌ সম্লিখ্য যথাক্রমাং॥ ৪০
সচতুর্থী-নমোহন্তেন মায়াদ্যেনাছতিত্রয়ম্।
ভ্তা বিধেয়কর্মোক্তং হোমং কুর্য্যাধিচক্ষণঃ॥ ৪৪

মন্ত্রপাঠ, দিব্য-দৃষ্টি অর্থাৎ অনিমিষ নয়নে অবলোকন এবং প্রোক্ষণ দারা দংঝার করিয়া, তদনন্তর বিচক্ষণ সাধক ভূমিতে দক্ষিণজান্ত্র পাতিয়া ক্রক্ দারা ক্রবনামক যজ্ঞীয়-পাত্রে ম্বত গ্রহণপূর্বক আপনার হিতচিন্তা করত "য়াং বিষ্ণবে", অস্তে দিঠ অর্থাৎ "ঝাহা" মন্ত্র দারা তিনবার মাহুতি প্রদান কবিবে। ৩৫—৪০। সেইরূপে অর্থাৎ ক্রক্ দারা ক্রবে মৃত লইয়া প্রজাপতিদেবের ধ্যান করত বায়ুকোণ হইতে আরম্ভ করিয়া অগ্লিকোণ পর্যান্ত ম্বতধারা দারা দোনে করিবে। ঐরূপে পুনর্বার ম্বত গ্রহণ করিয়া প্রনদর দেবের ধ্যান করত নৈশ্বতি কোণ হইতে আরম্ভ করিয়া প্রনদর দেবের ধ্যান করত নৈশ্বতি কোণ হইতে আরম্ভ করিয়া প্রদানকোণ পর্যান্ত মৃত্রধারা প্রদান করিবে। হে পরমেশ্বরি! অনন্তর অগ্লির উত্তরে, দক্ষিণে এবং মধ্যে ম্থাক্রমে অগ্লি, সোম ও অগ্লীষোমের উল্লেখ করিয়া তাহাতে চতুর্থী, অস্তে নমঃ ও আদিতে মায়া ("য়াং") যোগ করিয়া অর্থাৎ "য়াং অর্ময়ে নমঃ," "য়াং সোমায় নমঃ."

আছতিত্রয়দানান্তং ধারাহোমং প্রচক্ষতে ॥ ৪৫

যত্রদিশ্রাছতিং দদ্যাদেরোদেশোহপি তৎকতে ।

সমাপ্য প্রকৃতং কর্ম স্বিষ্টিকন্ধোমমাচরেৎ ॥ ६৬
প্রারশ্চিত্রাত্মকো হোমঃ কলো নাস্তি বরাননে ।

সিষ্টিকতা ব্যাহ্বতিভিঃ প্রায়শ্চিতং বিধীয়তে ॥ ৪৭
পূর্ববন্ধবিরাদায় ব্রহ্মাণং মনসা শ্বরন্ ॥ ৪৮
ভাগ্মিন্ কর্মাণি দেবেশ প্রমাদাদ্ভমতোহপি বা ।
নৃত্যাধিকং কৃতং যচ্চ সর্বাং স্বিষ্টিকৃতং কুরু ।

মায়াদ্যেনামুনা দেবি স্বাহাস্তেনাহুতিং হুনেৎ ॥ ৪৯

ত্বমগ্রে সর্বালোকানাং পাবনঃ স্বিষ্টিকৃৎ প্রভূঃ ।

যজ্ঞসাক্ষী ক্ষেমকর্তা সর্বান্ কামান্ প্রপূর্য় ॥ ৫০

"ব্রীং অগ্নীষোমাভ্যাং নমঃ" এই মন্ত্র দারা তিনবার আছতি প্রদানানন্তর বিচক্ষণ ব্যক্তি বিধেন-কর্ম্মোক্ত হোম করিবে। আছতি ত্রমদান পর্যান্ত কর্মকে ধারাহোম কহে। যে দেবতার উদ্দেশে আছতি প্রদান করিবে, দের বস্তর উল্লেখন্ত সেই দেবতার উদ্দেশে করিতে হইবে। যথা;—ব্রীং বিক্তবে স্বাহা, হবিরিদং বিফবে—এইরূপে প্রকৃত কর্ম সমাপন করিরা স্বিষ্টিক্তং হোম করিবে। ৪১—৪৬। হে বরাননে! কলিকালে প্রায়ন্চিত্ত হোম নাই, স্বিষ্টিকৃৎ ও ব্যাহ্বতি-হোম দারা প্রায়ন্চিত্ত হইয়া থাকে। পূর্ব্ববং হবিঃ গ্রহণ করিয়া ব্রহ্মাকে মনে মনে স্মরণ করত "হে দেবেশ! প্রমাদ বশতঃ বা ভ্রম বশতঃ এই কার্য্যে যাহা কিছু ন্যুনাধিক্য হইয়াছে, তৎসমুদয়কে আমার উত্তম-ফলদায়ক কর"। হে দেবি! মৃলস্থ "অস্মিন্—কুরু" মন্ত্রের আদিতে মায়া (ব্রীং), অস্তে স্বাহা' যোগ করিয়া আছতি প্রদান করিবে। হে অ্যেঃ!

অনেন হবনং কুর্যানায়য়া বহিজায়য়া।
ইঅং সিষ্টিক তং হোমং সমাপ্য ক্রতুসাধক: ॥ ৫১
কর্মণোহস্ত পরব্রদায়য়ুক্তং বিহিতঞ্চ ষৎ।
তচ্চাব্যৈ যজ্ঞসম্পত্তির ব্যাহ্মত্যা হ্য়তে বিভা ॥ ৫২
মায়াদিবহিজায়াবৈস্তভূ ভূ বংশ্বরিতি ক্রিভি:।
আহুতিত্রিতয়ং দ্যাৎ ক্রিতয়েন তবৈব চ॥ ৫৩
হথায়ৌ য়য়মানেন দ্যাৎ পূর্ণাহুতিং বুধঃ।
শ্বয়ং চেৎ কর্মকর্তা স্থাৎ শ্বয়মেবাহুতিং ক্লিপেৎ॥ ৫৪
অভিষেকবিধানানামেবমেব বিধিঃ শ্বতঃ।
আদে মায়াং সমুচ্চার্যা ততো যজ্ঞপতে বদেৎ॥ ৫৫

তুনি সকল লোকের পবিত্রতাজনক, অভীষ্টদাতা, প্রভু, যজ্ঞের সাক্ষী এবং মঙ্গল-কর্ত্তা; তুনি আমার সমৃদায় কামনা পূর্ণ কর। আদিতে মায়াবীজ ও শেষে 'স্বাহা' পদ যোগে এই মন্ত্র অর্থাৎ মূলস্থ 'ত্বমগ্রে—পূর্য়' দ্বারা আহুতি প্রদান করিবে। যজ্ঞসাধক এইরূপে শিষ্টিরুৎ হোম সমাধা করিয়া ''হে পরব্রহ্মন্! এই কর্ম্মে যাহা কিছু অযুক্ত রুত হইয়াছে, হে বিভো! তাহা শাস্তির নিমিত্ত এবং যজ্ঞসম্পত্তির নিমিত্ত ব্যাহাতি দ্বারা হোম করিতেছি" বলিবে। আদিতে মায়া (খ্রীং) এবং অস্তে বহ্নজায়া (স্বাহা)-যুক্ত 'ভূহ'' 'ভূবং'' 'স্বং'' এই তিন মন্ত্র (খ্রীং ''ভূ: স্বাহা' ইত্যাদি) দ্বারা তিনবার আহুতি দিবে ও ত্রিত্রয় (খ্রীং ভূভুবং স্বং স্বাহা) মন্ত্র দ্বারা আহুতি প্রদান করিয়া জ্ঞানী যজ্ঞকর্ত্তা যজমানের সহিত পূর্ণান্থতি প্রদান করিবে। যদি যজমান স্বয়ং কর্ম্মকর্ত্তা হন, তাহা হইলে স্বয়ং আহুতি প্রদান করিবেন। ৪৭—৫৪। অভিষেক-বিধানাদিতেও এইরূপ বিধি স্মৃত আছে। প্রথমতঃ মায়াবীজ উচ্চারণ করিয়া তদনস্তর 'যজ্ঞপত্তে'

পূর্ণো ভবতু যজো মে স্বাস্ত যজ্ঞদেবতা:।

ফলানি সমাগ্ যজ্জ বহ্নিকান্তাবধির্মন্ত:॥ ৫৬

মজেণানেন মতিসামুখার স্থসমাহিতঃ।

ফলতায়ুলসহিতাহুতিং দদাাজুতাশনে॥ ৫৭

দত্তপূর্ণাহুতিবিদ্বান্ শান্তিকর্ম সমাচরেৎ।

প্রোক্ষণীপাত্রতোয়েন কুশৈ: সম্মার্জ্রেচ্ছির:॥ ৫৮

আপঃ স্থমিত্রিয়া: সস্ত ভবস্তেব্যধ্যো মম।

আপো রক্ষন্ত মাং নিতামাপো নারায়ণ: স্বয়ম্॥ ৫৯

আপো হি ঠা ময়োভ্বস্তা ন উর্জ্জে দধাতন।

ইত্যাভ্যাং মার্জনং ক্ষা ভ্রেমী বিন্দুন্ বিনিক্ষিপেৎ॥ ৬০

এই পদ উচ্চারণ করিবে। অনন্তর 'পূর্ণো ভবতু যজ্ঞো মে হ্রয়ন্ত্রে যজ্ঞদেবতাঃ কলানি সমাগ্যছন্তে'' শেষে বহ্নিকান্তা (স্বাহা);—ইহাই পূর্ণাহুতির মন্ত্র। অর্থাৎ 'হে যজ্ঞেশ্বর! আমার এই যজ্ঞ পূর্ণ হউক, যজ্ঞ-দেবতারা পরিতুষ্ট হউন, এই যজ্ঞের সম্পূর্ণ কল প্রদান করন। জ্ঞানী ব্যক্তি দণ্ডায়মান হইয়া একাগ্র-চিত্তে এই মন্ত্র দারা ফল ও তাম্বলের সহিত আহুতি হুতাশনে প্রদান করিবে। বিদ্বান্ ব্যক্তি পূর্ণাহুতি দান করিয়া শান্তি-কর্ম্ম আচরণ করিবে। প্রথমতঃ প্রোক্ষণীপাত্র হইতে কুশ দারা গৃহীত জল দিয়া মন্তক সম্মার্জন করিবে। "জল আমার উত্তম বন্ধ-স্বরূপ হউন, আমার পক্ষে ও্যধি-স্বরূপ হউন, জল আমারি উত্তম বন্ধ-স্বরূপ হউন, আমার পক্ষে ও্যধি-স্বরূপ হউন, জল আমাদিগকে নিত্য রক্ষা করুন, জল স্বয়ং নারায়ণ। হে সলিল! তুমি স্থে প্রদান করিয়া থাক, তুমি আমাদিগকে ঐহিক বিষয় প্রদান কর।' এই মন্ত্রন্ম দারা মন্তক সিক্তা করিয়া ভূমিতে জলবিন্দু নিক্ষেপ করিবে। ৫৫—৩০।

যে বিষম্ভি চ মাং নিত্যং যাংশ্চ বিশ্বো নরান্ বয়ম্।
আপো হর্মিত্রিয়ান্তেষাং সন্ত ভক্তন্ত তানপি ॥ ৬১
আনেনেশানদিগ্ভাগে বিন্দৃন্ প্রক্ষিপ্য তান্ কুশান্।
হিত্বা কুতাঞ্জলিভূ আ প্রার্থন্তেকব্যবাহনম্ ॥ ৬২
বৃদ্ধিং বিদ্যাং বলং মেধাং প্রক্রাং শ্রন্ধাং যশঃ শ্রিয়ম্।
আব্রোগাং তেজ আয়ুষ্যং দেহি মে হব্যবাহন ॥ ৬৩
ইতি প্রার্থা বীতিহোত্তং বিস্তজেদমুনা শিবে ॥ ৬৪
যক্ত যজ্ঞপতিং গচ্ছ যজ্ঞং গচ্ছ হতাশন।
আং যোনিং গচ্ছ যজ্ঞেশ পূর্য়াম্মননোর্থম্ ॥ ৬৫
অগ্রে ক্ষমস্থ স্বাহেতি মন্ত্রেণাগ্রেক্রদগ্ দিশি।
দত্ত্বা দগ্গান্ততিং বহিং দক্ষিণস্তাং বিচালয়েং ॥ ৬৬

'থাহারা নিয়ত আমাদের দেষ করে, আমরা যে সকল লোকের দেষ করিয়া থাকি, তাহাদের পক্ষে জল শক্রস্বরূপ হইয়া তাহাদিগকে ভক্ষণ করুন" এই মন্ত্র পাঠপুর্ব্বক কুশ দ্বারা ঈশানকোণে জলবিন্দু নিক্ষেপ করিয়া, কুশ-সমুদায়ও পরিত্যাগ করিয়া পরে কতাঞ্জলিপুটে হুতাশনের নিকট প্রার্থনা করিবে;—'হে হব্যবাহন! আমাকে বৃদ্ধি অর্থাৎ শাস্ত্রাদি-তত্বজ্ঞান, বল অর্থাৎ শক্তি, মেধা অর্থাৎ ধারণা-শক্তি, প্রজ্ঞা অর্থাৎ দারাদার-বিবেক-নৈপুণ্য, শ্রন্ধা, যশঃ, শ্রী, আরোগ্য, তেজ, আয়ু—এতৎ সমুদায় প্রদান কর।" হে শিবে! অরির নিকট এইরূপ প্রার্থনা করিয়া এই মন্ত্র দ্বারা অর্থিকে বিসর্জ্জন করিবে। 'হে যক্ত ! তুমি যজ্ঞপুরুষ বিষ্ণুতে গমন কর। হে হুতাশন! তুমি যজ্ঞে প্রবিষ্ঠ হও। হে যজ্ঞের ! তুমি স্বস্থানে গমন কর এবং আমার মনোরথ পূর্ণ করিয়া দাও।'' পরে ''অয়ে ক্ষমস্ব শ্বাহা" এই মন্ত্র পাঠপুর্ব্বক অগ্নির উত্তর্বদিকে দ্বি দ্বারা আহুজি

ব্ৰহ্মণে দক্ষিণাং দক্ষা ভক্তাা নক্ষা বিসর্জ্জাবেং।
ততস্ত্ব তিলকং কুর্যাৎ ক্রবসংলগ্গভন্মনা॥ ৬৭
মাধাং কামং সমৃচ্চার্য্য দর্কাশান্তিকরো ভব।
ললাটে তিলকং কুর্যান্যন্ত্রেণানেন যাজ্ঞিকঃ॥ ৬৮
শান্তিরস্ত্ব শিবঞ্চাস্ত বাসবাগ্মিপ্রসাদতঃ।
মক্ষত্তাং ব্রহ্মণশৈচব বস্থ-ক্রদ্র-প্রজাপতেঃ॥ ৬৯
অনেন মন্থনায়্ধ্যং ধার্য্যন্ মন্তকোপরি।
স্থশক্তাা দক্ষিণাং দত্যাদ্ধোম-প্রকৃতকর্মণোঃ॥ ৭০
ইতি তে কথিতা দেবি সর্ব্বকর্ম্মকুশণ্ডিকা।
প্রযোজ্যা শুভকর্ম্মাদে যত্নতঃ কুলসাধকৈঃ॥ ৭১
প্রকৃতে কর্ম্মণিং তেষাং চক্কর্ম্ম নিগদাতে॥ ৭২

প্রদান করিয়া অগ্নিকে দক্ষিণদিকে চালিত করিবে। ৬১—৬৬। অনস্তর ব্রহ্মাকে দক্ষিণা প্রদান করিয়া, ভক্তিপূর্বক নমস্কার করিয়া বিসর্জ্জন করিবে। পরে ক্রব-নামক যজ্ঞপাত্র-দংলয় ভত্ম দারা তিলক করিবে। সায়া অর্থাৎ ব্লীং, কাম অর্থাৎ ক্রীং উচ্চারণ করিয়া ''সর্ব্বশান্তিকরো ভব'' বলিবে। এই মন্ত্র দারা যজ্ঞকর্ত্তা ললাটে তিলক ধারণ করিবে। ''ইন্দ্র, অগ্নি, ব্রহ্মা, প্রজাপতি, বস্থাণ, রুদ্রগণ ও মরুদ্গণের প্রসাদে শান্তি হউক ও মঙ্গল হউক।'' এই মন্ত্র পাঠ করিয়া মন্তকের উপর আয়ুর্ব্বৃদ্ধিকর তিলক ধারণ করিয়া হোমের ও প্রকৃত কর্ম্মের যথাশক্তি দক্ষিণা প্রদান করিবে। হে দেবি! এই আমি তোমার নিকট সর্ব্বসংকর্মের কুশন্তিকা কহিলাম। কুল্সাধকগণ শুভকর্মের অর্থা যত্মপূর্বক ইহার অন্তর্ভান করিবে। হে শিবে! বংশক্রমে বাঁহাদের প্রকৃত কর্ম্মে চরুদ

চক্ষালী প্রকর্ত্তব্যা তাত্রী বা মৃত্তিকোন্তবা। ৭০
কুশন্তিকোক্তবিধিনা দ্রব্যদংস্করণাবধি।
কন্ত্রা কর্ম চক্ষ্যালীমানয়েদাস্মসমূপে। ৭৪
অক্ষতামত্রণাং দৃষ্ট্রা প্রাদেশপরিমাণকম্।
পবিত্রকুশমেকঞ্চ স্থালীমধ্যে নিয়োক্সমেং। ৭৫
আনীয় তত্ত্বাংস্তত্র সংস্থাপা স্থতিলাস্তিকে।
যন্মিন্ কর্মণি যে দেবাঃ পূজনীয়াঃ স্থবার্কিতে। ৭৬
তত্ত্রাম চতুর্থান্তমুক্র্যা ত্বা জ্রুমীরয়ন্।
গ্রামি নির্ব্বপামীতি প্রোক্ষয়ামি ক্রমাদ্দন্। ৭৭
গ্রীত্বা নির্ব্বপেং স্থাল্যাং প্রোক্ষয়েজ্জলবিন্দ্রা।
প্রত্যেকং চতুরো মুষ্টীন্ দেবমুদ্ধিশ্য তত্ত্বান্। ৭৮

করিবার নিয়ম আছে, তাঁহাদের কর্ম-সিদ্ধির নিমিত্ত চরু-কর্ম্ম বলিতেছি। ৬৭—৭২। প্রথমতঃ তাম্রময়ী বা মৃন্ময়ী চরুস্থালী প্রস্তুত করিতে হইবে। পরে কুশণ্ডিকোক্ত বিধি অমুসারে দ্রবাসংস্কার অবধি সমুদায় কর্ম সম্পাদন করিয়া আপনার সমুথে চরুস্থালী আনয়ন করিবে। পরে ঐ চরুস্থালী অক্ষত ও অত্রণ দেখিয়া প্রাদেশ-প্রমাণ একটা পবিত্র স্থালী-মধ্যে নিক্ষেপ করিবে। হে স্থরবন্দিতে। তৎপরে যজ্ঞস্থলে তগুল আনয়ন করিয়া স্থণ্ডিলের নিকট সংস্থাপনপূর্বক, যে কর্মে যে যে দেবতার পূজা করিবার বিধি আছে, চতুর্থী-বিভক্তান্ত তত্তন্নাম উল্লেখ করিয়া "তা জুষ্টম্" এই কথা বলিয়া ক্রমশঃ "গৃহ্নামি" (লইতেছি), "নির্ব্বপামি" (স্থালীতের রাধিতেছি), "প্রোক্ষরামি" (জলুদেক করিতেছি) বলিয়া প্রত্যেক্ষ দেবতার উদ্দেশে চারি চারি মৃষ্টি তণ্ডুল গ্রহণ করিবে, স্থালীক্ষে

ততো হৃশ্বং সিতাকৈব দল্পা পাকবিধানতঃ।
স্থপচেৎ সংস্কৃতে বহনী সাবধানেন স্ক্রতে। ৭৯
স্থপকং কোমলং জ্ঞান্তা দদ্যাৎ তত্ত স্বতক্রবম্॥ ৮০
স্থোকত্তঃ পাত্রং বিনিধার কুশোপরি।
পুনস্থিধা স্বতং দল্পা স্থালীমাজ্ঞাদয়েৎ কুশৈঃ। ৮১
ততঃ ক্রবে চকস্থাল্যা স্বতাধারণপূর্বকম্।
কিঞ্চিচকং সমাদার জান্মহোমং সমাচরেৎ ॥ ৮২
ধারাহোমং ততঃ ক্রন্থা প্রধানীভূতকর্মণি।
যত্র যে বিহিতা দেবান্তন্মস্ত্রৈরাছতিং হনেৎ॥ ৮৩
সমাপ্য প্রকৃতং হোমং স্থিষ্টিক্লোমপূর্বকম্।
প্রারশ্বিত্তাল্বকং হন্তা কুর্যাৎ কর্মসমাপনম্॥ ৮৪

রাখিবে এবং জলসিক্ত করিবে। হে স্থব্রতে! অনস্তর তাহাতে
ছগ্ধ ও চিনি প্রদান করিয়া সমাহিত-ছান্মে স্থান্মকৃত বহ্নিতে পাকবিধি অনুসারে উহা উত্তমরূপে পাক করিবে। ৭৩—৭৯। পরে
যথন জানিবে,—ঐ অন্ন স্থপক ও কোমল হইয়াছে, তথন তাহাতে
য়ত-ধারা নিক্ষেপ করিবে। অনস্তর অগ্নির উত্তর্নিকে কুশোপরি
চক্ষপাত্র স্থাপন করিয়া তাহাতে পুনশ্চ তিনবার মৃত প্রদানপূর্বক
কুশ দ্বারা চক্ষ্মালী আচ্ছান্দন করিবে। তৎপরে চক্ষ্মালী হইতে
ফ্রব-সংজ্ঞাক ষজ্ঞপাত্রে কিঞ্চিৎ চক্দ লইয়া তাহাতে মৃত প্রদানপূর্বক
জান্মহোম করিবে। তদনস্তর ধারা-হোম করিয়া প্রধানীভূত কর্ম্মে
বে স্থলে যে দেবতা পুজ্য, সেই দেবতার মন্ত্র দ্বারা আহতি প্রদান
করিবে। এইরূপে প্রকৃত হোম সমাপন করিয়া বিষ্টিকৎ-হোম
সমাপনপূর্বক প্রায়শ্চিত্ত-হোম করিয়া কর্ম্ম সমাপন করিবে। ৮০

—৮৪। দশ্বিধ-সংস্কার-সময়ে এবং প্রতিষ্ঠা-সময়ে এইরূপ বিধি

নবমোলাসঃ।

সংস্থারেষু প্রতিষ্ঠান্থ বিধিরেষ প্রকীর্তিত:।
বিধেয়ঃ শুভকর্মাদৌ কর্ম্মগদিরিহেতবে ॥ ৮৫
অথোচ্যতে মহামায়ে গর্জাধানোদিতাঃ ক্রিয়া:।
তত্রাদায়তুসংস্থান্ম: কথাতে ক্রমতঃ শৃণু ॥ ৮৬
কৃতনিত্যক্রিয়: শুদ্ধ: পঞ্চ দেবান্ সমর্চয়েৎ।
ব্রহ্মা তুর্না গণেশক গ্রহা দিক্পতয়স্তথা।
স্থণ্ডিলস্তেক্রদিগ্ভাগে ্ঘটেম্বেতান্ প্রপূত্রয়েৎ ॥ ৮৭
ততম্ব মাতৃকাঃ পূজ্যা গোর্যাদ্যাঃ যোড়শ ক্রমাৎ ॥
গৌরী পদ্মা শচী মেধা সাবিদ্রী বিজয়া জয়া ॥ ৮৮
দেবদেনা স্থধা স্থাছা শান্তিঃ পৃষ্টির্ধৃতিঃ ক্রমা ।
আত্মনো দেবতা চৈব তথৈব কুলদেবতাঃ ॥ ৮>
আয়ান্ত মাতরঃ সর্বান্তিদশানন্দকারিকাঃ ।
বিবাহ-ব্রত-যজ্ঞানাঃ সর্বাভীষ্টং প্রকল্পতাম্ ॥ ৯০

কথিত হইল। শুভ-কর্মের আদিতে কর্মানিনির নিমিত ইহা
বিধেয়। হে মহামায়ে! অতঃপর গর্ভাধান প্রভৃতি ক্রিয়া সকল
উক্ত হইতেছে। ক্রম অনুসারে প্রথমতঃ ঋতৃ-সংস্কার কথিত
হইতেছে—শ্রবণ কর। নিত্য-কর্ম সমাপনপূর্বাক শুরুপরীর হইয়া
ব্রহ্মা, হুর্গা, গলেশ, গ্রহণণ ও দিক্পতিগণ—এই পঞ্চদেবতার পূজা
করিবে। স্বণ্ডিলের পূর্বাদিকে ঘটের উপর এই সমুদায় দেবতার
পূজা করিয়া পরে ক্রমে গৌরী প্রভৃতি ষোড়শ মাতৃকার পূজা
করিবে। মাতৃগণ যথা;—গৌরী, পল্মা, শচী, মেধা, সাবিত্রী,
বিজ্ঞয়া, জয়া, দেবদেনা, স্বধা, স্বাহা, শাস্তি, পৃষ্টি, শ্বতি, ক্রমা, আস্থা
দেবতা ও কুলদেবতা। "হে দেবগণের আনন্দ-দায়ক
মাতৃণণ! আপনারা আগমন কঙ্কন। বিবাহ, ব্রত ও যজের

যানশক্তিসমার লা সৌমামূর্তিধরা: সদা।
আয়াস্ত মাতর: সর্বা বজ্ঞোৎসবসমূদ্ধয়ে ॥ ১১
ইত্যাবাস্থ মাতৃগণান্ স্বশক্ত্যা পরিপূজ্য চ।
দেহল্যাং নাভিমাত্রায়াং প্রাদেশপরিমাণতঃ।
সপ্ত বা পঞ্চ বা বিন্দুন্ দদ্যাৎ সিন্দুরচন্দনৈ:॥ ১২
প্রত্যেকবিন্দুং মতিমান্ কামং মায়াং রমাং স্মরন্।
মৃতধারামবিচ্ছিয়াং দত্ত্বা তত্ত্র বস্তুং য়জেৎ॥ ১৩
বস্থধারাং প্রকল্পৈরা বহ্নিস্থাপনপূর্বাকম্।
বিরচ্য স্থতিলং ধীরো বহ্নিস্থাপনপূর্বাকম্।
হোমদ্রবাণি সংস্কৃত্য পচেচ্চক্রমস্থত্তমন্॥ ১৪
প্রাজ্ঞাপত্যশচরুশ্চাত্র বায়ুনামা হুতাশনঃ।
সমাপ্য ধারাহোমান্তং কুত্যমার্তবমারতেৎ॥ ১৫

সমুদাম অভিপ্রেত ফল প্রদান করুন। হে সমুদায় মাতৃগণ! স্ব বান ও শক্তি-সমারা হইয়া সদা সোমামূর্ত্তি ধারণ করিয়া, যজোৎসব-সমৃদ্ধির নিমিত্ত আগমন করুন।" এই প্রকারে মাতৃকাগণকে আবাহন ও যথাশক্তি পূজা করিয়া নাভি-পরিমিত উচ্চ দেহলীতে প্রাদেশ-পরিমিত স্থানে দিন্দূর ও চন্দন দারা সাতটী বা পাঁচটী বিন্দু প্রদান করিবে। ৮৫—৯২। জ্ঞানী ব্যক্তি,—কাম, মায়া, রমা অর্থাৎ ক্লীং হ্লীং প্রই বীক্তরম্ন স্মরণ করত প্রত্যেক বিন্দুতে মৃতধারা দিয়া, তাহাতে গদ্ধপূজাদি দারা বম্থ-নামক দেবতার পূজা করিবে। ধীর ব্যক্তি মহক্ত পদ্ধতি অম্বসারে এইরূপে বম্থারা রচনা করিয়া স্থিতল-বির্বানান্তর বহ্লি স্থাপন-পূর্বক হোমদ্রব্য-সমুদায় সংস্কার করিয়া অত্যুৎকৃষ্ট চক্র পাক্ষ করিবে। এই ঋতু-সংস্কার-কার্য্যে প্রাক্রাপভ্যনামা চক্র ও

হীং প্রজাপতয়ে স্বাহা চক্র নৈবাছতি এয়ম্।
প্রানার কাছতিং দণ্যাদিমং মন্ত্রমূদীর রন্॥ ৯৩
বিষ্ণুর্যোনিং কর্মমুছ স্বন্তা রূপাণি পিংশতু।
আনিঞ্চতু প্রজাপতিধাতা গর্ভং দণাতু তে॥ ৯৭
আজ্যেন চক্রণা বাপি সাজ্যেন চক্রণাপি বা।
স্থ্যং প্রজাপতিং বিষ্ণুং ধ্যায় রাহতি মুৎস্থলেও॥ ৯৮
গর্ভং ধেহি সিনীবালি গর্ভং ধেহি সর্ম্বতি।
গর্ভং তে অশ্বিনৌ দেবাবাধতাং পৃষ্কর জ্বজৌ॥ ৯৯
ধ্যাত্বা দেবীং সিনীবালীং সরম্বত্যশ্বিনৌ তথা।
স্থাহান্তমন্থনানেন দদ্যাদাহ্ তিমুক্তমান্॥ ১০০
ততঃ কামং বধ্ং মায়াং রমাং কৃর্চিং সমুচ্চরন্।

বায়ুনামা অগ্নি। ধারা-হোম পর্যান্ত কার্য্য-সমুদায় সমাধা করিয়া ঋতুসংস্কার কর্ম আরম্ভ করিবে। "হ্রীং প্রজাপতয়ে স্বাহা" ইহা পাঠপুর্বক চক্র বারা আহুতিত্রয় প্রদান করিয়া বক্ষামাণ মন্ত্র (বিষ্ণু—তে ১৭) পাঠ করত এক আহুতি প্রদান করিবে। "বিষ্ণু উৎপত্তি-স্থান রচনা কর্মন; স্বন্ধা রূপকে পরিস্কৃত কর্মন; প্রজাপতি নিষেক কর্মন; ধাতা তোমার গর্ভ পোষণ কর্মন।" ১৩—১৭। অনন্তর স্থ্যা, প্রজাপতি ও বিষ্ণুর ধ্যান করত মৃত্র দ্বারা, চক্র দ্বারা বা সম্মত চক্র দ্বারা আহুতি প্রদান করিবে। "তুমি সিনীবালী-স্বরূপা হইয়া গর্ভধারণ কর। তুমি সরস্বতী-স্বরূপা হইয়া গর্ভধারণ কর। পদ্মপুশ্প-মালাধারী অম্বিনীকুমারদ্বয় তোমার গর্ভ আধান কর্মন।" দেবী সিনীবালী, সরস্বতী ও অম্বিনীকুমারদ্বয় ক্ষেম্বয়ান করিয়া স্বাহান্ত এই মন্ত্র (গর্জং—শ্রন্ত্রে) স্বাহা) দ্বারা উত্তম্ম

অমুবৈয় পুত্রকামারে গর্জনাধেহি সৃষ্ঠিম্।
উক্ত্বা প্যান্থা রবিং বিষ্ণুং জুল্থাৎ সংস্কৃতেহনলে॥ ১০১
যথেরং পৃথিবী দেবী হাজানা গর্জমানধে।
তথা বং গর্জমাধেহি দশমে মাদি স্কুরে।
আহাস্তেনামুনা বিষ্ণুং ধ্যায়নাহতিমাচরেও ॥ ১০২
পুনরাজ্যং সমাদায় ধ্যান্থা বিষ্ণুং পরাৎপরম্।
বিষ্ণো জ্যেঠেন রূপেন নার্য্যমন্তাং বরীয়সম্।
স্কুতমাধেহি ঠদক্মুক্ত্বা বক্তৌ হবিস্তাজেও ॥ ১০৩
কামেন পুটিতাং মায়াং মায়য়া পুটিতাং বধ্ম্।
পুন: কামঞ্চ মায়াঞ্চ পঠিভাস্তাঃ শিরঃ স্পুণেও॥ ১০৪

আছতি প্রদান করিবে। অনন্তর কাম, বধু, মায়া, রমা ও কুর্চ অর্থাৎ ক্লীং দ্রীং শ্রীং শ্রীং শ্রং উচ্চারণ করিয়া "অমুবৈয় পুত্রকামাবয় গর্জ-মাধেহি স্বাহা" এই মন্ত্র পাঠপূর্ব্বক স্থ্যা ও বিষ্ণুর ধ্যান করিয়া সংস্কৃত হতাশনে আছতি প্রদান করিবে। "এই ধরণী দেবী উত্তানা হইয়া মেনন গর্ভধারণ করিয়াছিলেন, সেইরূপ দশম মাদে প্রদাব করিবার নিমিত্ত তুমি গর্ভধারণ কর" স্বাহাস্ত এই মন্ত্র (মূল, যথেয়ং—স্তয়ে স্বাহা) পাঠপূর্ব্বক বিষ্ণুর ধ্যান করত আছতি প্রদান করিবে। পুনর্ব্বার মৃত্র লইয়া পরাৎপর বিষ্ণুর ধ্যানপূর্ব্বক "হে বিষ্ণো! তুমি শ্রেষ্ঠ রূপ দারা এই নারীতে শ্রেষ্ঠ সন্তান আধান কর। এতদর্থক মন্ত্র,—"বিষ্ণো—ধেহি" ও ঠদ্বল্ব অর্থাৎ "স্বাহা" পদ উচ্চারণ করিয়া ভামিতে আছতি প্রদান করিবে। ৯৮—১০০। অনস্তর কামবীজ্ব-প্রতিত মায়া অর্থাৎ ক্লীং ফ্রীং এবং মায়া-পুটিত বধু অর্থাৎ ব্রীং দ্রীং ও পূর্ব্বাপর কামবীজ (ক্লীং), মায়াবীজ (ক্লীং) পাঠ করিয়া ভার্ম্যার মন্তক্ত স্পর্শ করিবে। পরে পতি-পুত্রবতী

পতিপুত্রবতীভিশ্চ নারীভি: পরিবেষ্টিত: ।

শিরশ্চালভা হস্তাভাাং বধবাঃ ক্রোড়াঞ্চলে পতি: ॥ ১০৫

বিষ্ণুং তুর্গাং বিধিং স্থাং ধ্যাত্মা দদাাৎ ফলত্রয়ম্ ।
ততঃ সিষ্টিকৃতং ছত্ম প্রায়শ্চিত্তা সমাপরেৎ ॥ ১০৬

যদ্ম প্রদোষসময়ে গৌরীশঙ্করপূজনাৎ ।
ভাস্করার্যপ্রদানাক্ত দম্পত্যোঃ শোধনং ভবেৎ ॥ ১০৭
আর্ত্রবং ক্থিতং কর্ম গর্ভাধানমথো শৃণু ॥ ১০৮
তদ্রাত্রবহুরার বা যুগ্মায়াং নিশি ভার্যায়া ।
সদনাভ্যন্তরং গত্ম ধ্যাত্ম দেবং প্রজাপতিম্ ॥ ১০৯
স্পৃশন্ পত্নীং পঠেন্তর্ভা মায়াবীজপুরঃসরম্ ।
আবরোঃ প্রপ্রজারৈ ত্বং শ্যে গুভকরী ভব ॥ ১১০

রমণীদিগে পরিবেষ্টিত হইয়া স্বামী গ্রই হস্ত দারা বধ্র মন্তক স্পর্শ-পূর্বক বিষ্ণু, গ্র্না, বিধি ও স্থেয়ের ধ্যান করিয়া তাহার ক্রোড়াঞ্চলে ফলত্রয় প্রদানপূর্বক স্থিষ্টিরুৎ হোম করিয়া প্রায়শিচন্ত-হোম দ্বারা কর্ম্ম সমাপন করিবে। অথবা সায়ংকালে হরগৌরীর পূজা করিয়া স্থ্যার্ঘ্য প্রদান করিলে দম্পতীর শোধন হইবে। এই তোমার নিকট ঝতুশোধন কর্ম্ম কহিলাম, এক্ষণে গর্ভাধান বলিতেছি—শ্রবণ কর। সেই ঝতুশংস্কারের রাত্রিতে অথবা অন্ত কোন যুগ্মরাত্রিতে ভার্যার সহিত গৃহাভ্যস্তরে গমন করিয়া প্রজ্ঞাপতিদেবকে ধ্যান করিয়া ভর্তা পদ্মীকে স্পর্শ করত মায়াবীজ (খ্রীং) উচ্চারণপূর্বক পাঠ করিবে যে, "হে শয্যে! আমাদের উত্তম সস্তানের নিমিত্ত ত্মি শুভকরী হও ("খ্রীং আবয়োঃ—ভব" এই মন্ত্র)। ১০৪—১১০। অনস্তর ভার্যার সহিত শ্যাতে আরোহণ করিয়া পূর্বমুধ

আক্ছ ভার্যারা শ্ব্যাং প্রাল্প্রেরা বাপ্যুদশ্বং।
উপবিশ্র দ্রিয়ং পশ্রন্ হস্তমাধার মস্তকে।
বামেন পাণিনালিক্য স্থানে স্থানে মন্থং জপেও॥ >>>
শীর্ষে কামং শতং জপ্তা চিবুকে বাগ্ভবং শতম্।
কপ্তে রমাং বিংশতিধা স্তনন্ধন্দে শতং শতম্॥ >>২
ছদরে শতধা মায়াং নাভৌ তাং পঞ্চবিংশতিম্।
জপ্তা যোনো করং দল্পা কামেন সহ বাগ্ভবম্॥ >>০
শতমপ্তোত্তরং জপ্তা লিক্ষেহপ্যেবং সমাচরন্।
বিকাশ্র মায়য়া যোনিং দ্রিয়ং গচ্ছেৎ স্কতাপ্তরে॥ >>৪
রেতঃসম্পাতসময়ে ধ্যাত্বা বিশ্বকৃতং পতিঃ।
নাভেরধস্তাচ্চিৎকুণ্ডে রক্তিকায়াং প্রপাতয়েও॥ >>৫
শুক্রসেকাস্তরে বিদ্বানিমং মন্ত্রমুদীরয়েও॥ >>৬

বা উত্তরমুথ হইয়া উপবেশনপূর্বক পত্নীকে দর্শন করত ঐ পত্নীর মন্তকে হস্ত স্থাপন করিয়া বামহস্ত দ্বারা আলিঙ্গন করণাস্তে স্থানে স্থানে সন্ত্রজপ করিবে। মস্তকে একশত বার কামবীজ (ক্লীং) জপ করিয়া, চিবুকে একশতবার বাগ্ভব (ঐং), কঠে রমা (শ্রীং) বীজ বিংশতিবার, স্তন্ধয়েও শ্রীং বীজ একশতবার, হৃদয়ে দশবার মায়া (হ্রীং) বীজ, নাভিতেও হ্রীং বীজ পঞ্চবিংশতি বার জপ করণানমন্ত্র ঘোনিতে হস্তপ্রদান করিয়া কামবীজের সহিত বাগ্ভব অর্থাৎ "ক্লীং ঐং" এই মন্ত্র অন্তোত্তর-শত জপ করিয়া লিঙ্গে ঐরপ অর্থাৎ "ক্লীং" এই মন্ত্র একশত আটবার জপ করার পর "হ্রীং" এই মন্ত্র পাঠপূর্বক ঘোনিকে বিকাসিত করিয়া সন্তান-কামনায় পত্নীতে গমন করিবে। পতি রেতঃপাত্ত-সময়ে প্রজ্ঞাপতিকে ধ্যান করিয়া নাভির নিম্নে চিৎকুণ্ডে রক্তিকা নাড়ীতে বীজ নিক্ষেপ করিবে। বিদ্বান্

যথাগ্নিনা সগর্ভা ভূদের্গার্থথা বক্সধারিণা।
বায়্না দিগ্গর্ভবতী তথা গর্ভবতী ভব॥ ১১৭
জাতে গর্ভে ঋতৌ তিশ্মিয়্সিশ্মিন্ বা মহেশ্মরি।
তৃতীয়ে গর্ভমাসে তু চরেৎ পুংসবনং গৃহী॥ ১১৮
ক্ষতনিত্যক্রিয়ো ভর্তা পঞ্চ দেবান্ সমর্চয়েও।
গৌর্যাদিমাতৃকাশৈচব বসোর্ধারাং প্রকল্পয়েরেও॥ ১১৯
র্দ্ধিশ্রাদ্ধং ততঃ কৃত্বা পূর্ব্বোক্তবিধিনা স্থবীঃ।
ধারাহোমাস্তমাপাদ্য কুর্যাৎ পুংসবনক্রিয়াম্॥ ১২০
প্রাজ্ঞাপত্যশ্চক্তর্ত্ত চক্রনামা হুতাশনঃ॥ ১২১
গব্যে দল্লি যবক্ষেকং দ্বো মাষাবিপি নিক্ষিপেও।
পতিঃ প্চেছৎ স্তিয়ং ভদ্রে কিং ত্বং পিবসি ত্রিঃ কৃতম্॥১২২

ব্যক্তি শুক্ত-ত্যাগ-সময়ে এই মন্ত্র পাঠ করিবে,—"যেমন পৃথিবী অগ্নি ছারা গর্ভবতী হইয়াছেন, অমরাবতী যেমন ইক্র ছারা গর্ভবতী হইয়াছেন, দিক্ যেমন বায়ু ছারা গর্ভবতী হইয়াছেন, দেইরূপ তুমিও গর্ভবতী হও।" (ইহা মন্ত্রের অর্থ; মন্ত্র যথা;—যথা—ভব)। হে মহেশ্বরি! সেই ঋতুতে অথবা অহ্য অহ্য ঋতুতে গর্ভ হইলে, গৃহস্থ গর্ভাধান হইতে তৃতীয় মাসে পুংসবন সংস্কার করিবে। ভর্তা নিত্যকর্ম্ম সমাপন করিয়া পঞ্চানেবতার পূজা করিবে। পরে গৌর্যাদি যোড়শ মাতৃকার পূজা করিয়া বস্থধারা দিবে। ১১১—১১৯। তৎপরে স্থধী ব্যক্তি বৃদ্ধিশ্রাদ্ধ করিয়া পুর্বোক্ত বিধি অন্থ্যারে ধারা-হোমাস্তকর্ম্ম সম্পাদন করিয়া পুংসবন-ক্রিয়া করিবে। তাহাতে প্রাজ্ঞাপত্য-নামা চরু, এবং চক্রনামা ছতাশন। অনন্তর স্থামী গব্য-দধিতে একটী যব এবং ছইটী মাষকলায় নিক্ষেপ করিয়া পৃত্নীকে তিনবার জিজ্ঞানা করিবে,—"হে ভয়ে! তুমি কি পান

ততঃ সীমন্তিনী ব্রয়ান্ময়া পুংশবনং ত্রিধা।
প্রস্তীংস্ত্রীন্ পিবেরারী যবমাযযুতং দিধে॥ ১২৩
জীবৎস্কতাভিব নিতাং যাগস্থানং সমানয়েও।
সংস্থাপ্য বামভাগে তাং চক্রহোমং সমানয়েও॥ ১২৪
পূর্ববচ্চক্রমানায় মায়াং কূর্চং সম্চেরন্।
যে গর্ভবিত্রকর্তারো যে চ গর্ভবিনাশকাঃ॥ ১২৫
ভূতাঃ প্রেতাঃ পিশাচাশ্চ বেতালা বাল্যাতকাঃ।
তান্ সর্বান্ নাশয়-দ্বন্দং গর্ভরক্ষাং কুরু দিঠঃ॥ ১২৬
মন্ত্রেণানেন রক্ষোত্বং চিস্তরিত্রা হতাশনম্।
কর্ত্রং প্রজাপতিং ধ্যায়ন্ প্রদল্যাদ্ দ্বাদশাহতীঃ॥ ১২৭
ততো মায়া চক্রমসে স্বাহেত্যাহ্তিপঞ্চকম্।
দ্বা ভার্যা-স্থিন স্পৃষ্ট্য মায়াং লক্ষীং শতং জপেও॥ ১২৮

করিতেছ ?" অনস্তর পত্নী তিনবার বলিবে যে, "হ্রীং পুংসবনম্" অর্থাৎ পুত্র-প্রসবের হেতু-ভূত বস্তু পান করিতেছি। পরে নারী তিন প্রস্থৃতি যব ও মাষকলায়-যুক্ত দিধি পান করিবে। অনস্তর স্থামী জীবংপুত্রা নারীগণের সহিত বনিতাকে যাগস্থানে আনয়ন করিবে এবং বামভাগে উপবেশন করাইয়া চরুহোম আরস্তু করিবে। প্রথমতঃ পূর্বের ন্থায় চরু লইয়া মায়া কূর্চ্চ ও অর্থাৎ হ্রীং হুং উচ্চারণ-পূর্বক বলিবে —"গর্ভবিদ্নকর্ত্তা এবং গর্ভনাশক যে সকল ভূত, প্রেত, পিশাচ, বেতাল ও বাল্যাতক, তাহাদের সকলকে বিনষ্ট কর, গর্ভরক্ষা কর।" (ইহা মন্ত্রার্থ)। পরে "স্বাহা" এই পদ উচ্চারণ করিতে হইবে। মন্ত্র যথা;—হ্রীং হুং যে—কৃষ্ণ স্বাহা। এই মন্ত্র দারা রক্ষোদ্ধ ছতাশনের ধ্যান করিয়া রুজ্ব ও প্রজ্ঞাপতির ধ্যান করত দ্বাদ্শ আছতি প্রদান করিবে। ১২০—১২৭। অনস্তর

ততঃ বিষ্টিকৃতং ছম্বা প্রায়শ্চিত্তং সমাপরেৎ।
ততন্ত পঞ্চমে মাসি দদ্যাৎ পঞ্চামৃতং দ্রিবৈ॥ ১২৯
শর্করা মধু হগ্ধন্থ স্বতং দধি সমাংশকম্।
পঞ্চামৃতমিদং প্রোক্তং দেহগুদ্ধৌ বিধীয়তে॥ ১৩০
বাগ্ভবং মদনং লক্ষ্মীং মায়াং কূর্চং পুরন্দরম্।
পঞ্চতব্যোপরি শিবে প্রজ্ঞপ্য পঞ্চ পঞ্চধা।
একীকত্যামৃতান্তত্র প্রাশয়েদ্দমিতাং পতিঃ॥ ১৩১
সীমন্তোর্মরনং কুর্যান্মাসি ষঠেইইমেইপি বা।
বাবর জায়তেইপত্যং তাবৎ সীমন্তনক্রিয়া॥ ১৩২
পূর্ব্বোক্তধারাহোমান্তং কর্মা ক্রম্বা দ্রিয়া সহ।

মায়া অর্থাৎ "হ্রীং" বীজের পর "চক্রমদে স্বাহা" এই মন্ত্র দ্বারা পঞ্চ আছতি প্রদান করিয়া ভার্য্যার হৃদয় স্পর্শপূর্বক একশত বার মায়া, লক্ষ্মী অর্থাৎ "হ্রীং শ্রীং" এই মন্ত্র জপ করিবে। অনন্তর স্থিষ্টিরুৎ হোম করিয়া প্রায়শ্চিত্ত-হোম দ্বারা পুংসবন কর্ম্ম সমাধা করিবে। পরে পঞ্চম মাদে ভার্য্যাকে পঞ্চামৃত প্রদান করিবে। শর্করা, মধু, দ্বরু, দ্বি,—সমভাগ এই পঞ্চ দ্রব্য পঞ্চামৃত বলিয়া উক্ত ইয়াছে; ইহা দেহগুদ্ধির নিমিত্ত বিহিত। হে শিবে! স্বামী পূর্ব্বোক্ত পঞ্চ দ্রব্যের প্রত্যেকের উপর বাগ্ভব, মদন, লক্ষ্মী, মায়া, কৃর্চ্চ ও ইক্র অর্থাৎ ঐং ক্রীং শ্রীং হ্রং লং এই বীজ কয়েকটী পাঁচ পাঁচ বার জপ করিয়া পঞ্চামৃত একত্র করিয়া পঞ্চম মাদে পত্নীক্ষেপান করাইবে। যন্ত মাদে বা অন্তম মাদে সীমস্তোলম্বন করিবে। বে পর্যান্ত সন্তান প্রস্তুত না হয়, তাহার মধ্যে সীমস্তোলম্বনসংস্কার কর্ত্র্য়। ১২৮—১০২। জ্ঞানবান্ ভর্ত্যা পূর্ব্বাক্ত ধারা-হোষ

উপবিশ্বাসনে প্রাক্তঃ প্রদেখাদাহতিত্তরম্।
বিষ্ণবে ভাষতে ধাত্তে বহ্নিজারাং সমুচ্চরন্॥ ১৩৩
তত্তশ্রুমসং ধ্যাতা শিবনামি হু তাশনে।
সপ্তধা হবনং কুর্যাৎ সোমমুদ্দিশ্ব মানবঃ॥ ১৩৪
অধিনো বাসবং বিষ্ণুং শিবং হুর্গাং প্রজাপতিম্।
ধ্যাতা প্রত্যেকতো দদ্যাদাহতীঃ পঞ্চধা শিবে॥ ১৩৫
অর্থক্ষতিকাং ভর্ত্তা গৃহীত্বা দক্ষিণে করে।
সীমস্তাত্বদ্ধেশাস্তঃ কেশপাশে নিবেশ্রেৎ॥ ১৩৬
শিবং বিষ্ণুং বিধিং ধ্যায়ন্ মারাবীজং সমুচ্চরন্।
ভার্য্যে কল্যাণি স্কভগে দশমে মাসি স্করতে॥ ১৩৭
স্প্রপ্রতা ভব প্রীতা প্রসাদাদ্বিশ্বকর্মণঃ।
আয়ুম্মতী কক্ষতিকা বর্চস্বী তে শুভং কুরু ॥ ১৩৮

পর্যান্ত কর্ম করিয়া ভার্য্যার সহিত আসনে উপবেশনপূর্ব্বক, 'বিশ্ববে' 'ভাস্বতে' 'ধাত্রে' বহ্নিজায়া অর্থাৎ "বিশুবে স্বাহা" ইত্যাদি মন্ত্র উচ্চারণপূর্ব্বক তিনবার আহুতি প্রদান করিবে। অনন্তর মানব চক্রমার ধ্যান করিয়া শিবনামক হুতাশনে চক্রের উদ্দেশে সাতবার আহুতি প্রদান করিবে। হে শিবে! অখিনীকুমারদ্বয়, ইক্র, বিষ্ণু, শিব, হুর্গা, প্রজাপতি, —ইহাদিগের ধ্যান করিয়া প্রভ্যেককে পঞ্চ পঞ্চ আহুতি প্রদান করিবে। অনন্তর ভর্ত্তা দক্ষিণ-করে স্মুবর্ণমন্ত্র কন্ধতিকা (চিরুণী) প্রহণ করিয়া সীমস্ত হুইতে বদ্ধ কেশের (বৌপার) অন্তর্ব্বর্ত্তী কেশপাশে প্রবেশ করাইবে। ১৩৩—১৩৬। শিব, বিষ্ণু ও বিধিকে ধ্যান করণানন্তর মায়াবীক্স অর্থাৎ "হ্রীং" উচ্চারণ করিয়া "ভার্য্য—কুরু" এই মন্ত্র পাঠ করিবে।

নবমোলাসঃ।

ততঃ সমাপয়েৎ কর্ম স্থিষ্টিক্ষবনাদিভিঃ ॥ ১৩৯
জাতমাত্রং স্থতং দৃষ্ট্ব। দ্বা স্থানং গৃহান্তরে।
পূর্ব্বোক্তবিধিনা ধীরো ধারাহোমং সমাপরেৎ ॥ ১৪০
ততঃ পঞ্চাহুতীর্দিনাদিগ্নিমিক্রং প্রজাপতিম্।
বিশ্বান্ দেবাংশ্চ ব্রজ্ঞাণমূদ্দিশু তদনন্তরম্ ॥ ১৪১
মধু সর্পিঃ কাংশুপাত্রে সমানীয় সমাংশকম্।
বাগ্ভবং শত্রধা জপ্ত্বা প্রাশয়েৎ তনয়ং পিতা।
দক্ষহস্তানামিকয়া মন্ত্রমেনং সমুচ্চরন্ ॥ ১৪২
আার্ব্বর্চো বলং মেধা বর্দ্ধতাং তে দদা শিশো।
ইত্যাযুর্জননং কৃত্বা গুপ্তং নাম প্রকল্পরেং ॥ ১৪৩

তাহার অর্থ,—হে ভার্যো! হে কল্যাণি!হে স্কৃত্রণে! হে স্কুত্রতে! তুমি দশম মাদে উত্তম সন্তান প্রদাব করিয়া প্রীভাও আয়ুয়তী হও এবং বিশ্বকর্মার প্রদাদে কক্ষতিকা তোমার তেজাবর্দ্ধিনী হউক। তুমি শুভ-কার্যোর অন্পর্চান কর। অনন্তর স্বিষ্টিরুৎ-হোমাদি দ্বারা কর্ম্ম সমাপন করিবে। সন্তান উৎপন্ন হইবামাত্র দীর-ব্যক্তি স্কুবর্ণ প্রদানপূর্ব্ধক পুত্রের মুখ দর্শন করিয়া স্তিকাগার ভিন্ন অন্ত গৃহে পূর্ব্ধেক্তি বিধানান্ত্রদারে ধারা-হোম সমাপন করিবে। পরে অয়ি, ইন্দ্র, প্রজাপতি, বিশ্বদেবগণ ও ব্রহ্মা—ইহাদের উদ্দেশে পঞ্চ আছতি প্রদান করিবে। তদনস্তর পিতা কাংস্থপাত্রে সমভাগ মধুও মৃত লইয়া তাহাতে বাগ্ভব অর্থাৎ "ঐং" এই বীজ একশতবার জপ করিয়া দক্ষিণ-হস্তের অনামিকা দ্বারা বক্ষ্যমাণ মন্ত্র উচ্চারণ করত পুত্রকে উহা পান করাইবে। মন্ত্র ম্থা—আয়ুং—শিশো। তাহার অর্থ,—হে শিশো! তোমার আয়ু, তেজ, বল ও মেধা নিরস্তর বৃদ্ধি প্রাপ্ত হউক। এইরূপ আয়ুঙ্কর

ক্তোপনন্ধনে পুজে তেন নান্না সমাহ্বরেং।
প্রায়শ্চিত্তাদিকং কৃষা জাতকর্ম সমাপয়েং।
নালচ্ছেদং ততো ধাত্রী কুর্য্যাছৎসাহপূর্বকম্॥ ১৪৪
যাবল চ্ছিদ্যতে নালং তাবচ্ছোচং ন বাধতে।
প্রাগেব নাড়িকাচ্ছেদাদ্দৈবীং পৈত্রীং ক্রিরাঞ্চরেং॥ ১৪৫
কুমার্যাশ্চাপি কর্ত্তব্যমেবমেবমমন্ত্রকম্।
যঠে বা চাইমে মাদি নাম কুর্য্যাৎ প্রকাশতঃ ॥১৪৬
স্লাপয়িষা শিশুং মাতা পরিধাপ্যাম্বরে শুতে।
ভর্তুঃ পার্সং সমাগত্য প্রাত্মুখং স্থাপয়েৎ স্কৃতম্॥ ১৪৭
অভিবিঞ্চিছিশোম্রি সহিরণ্য-কুশোদকৈঃ।
জাহ্নবী যম্না রেবা স্পবিত্রা সরস্বতী॥ ১৪৮
নশ্মদা বরদা কৃত্তী সাগরাশ্চ সরাংসি চ।

কার্য্য করিয়া বালকের একটা গুপ্ত নাম রাখিতে হইবে। ১৩৭—
১৪০। পরে পুত্র উপনীত হইলে, তাহাকে ঐ গুপ্ত নাম দারা
আহ্বান করিবে। অনস্তর প্রায়শ্চিত্তাদি হোম সমাধান করিয়া
জাতকর্ম্ম সমাপন করিবে। তদনন্তর ধাত্রী উৎসাহপূর্ব্বক নাড়ীচ্ছেদ করিবে। বে পর্যান্ত নাড়ীচ্ছেদ না হয়, সে পর্যান্ত শৌচ বাধিত
হয় না, অর্থাৎ অশৌচ হয় না; অতএব নাড়ীচ্ছেদের পূর্ব্বে দৈবী ও
পৈত্রী ক্রিয়া আচরণ করিবে। কন্তারও এইরপ সমন্ত কর্ম্ম অমন্ত্রক
করিবে। ষষ্ঠ বা অন্তম মাসে প্রকাশ্ত-নামকরণ করিবে। ১৪৪—
১৪৬। নামকরণের সময় জননী শিশুপুত্রকে স্থান করাইয়া এবং
উত্তম বস্ত্রগুল পরিধান করাইয়া ভর্তার নিকটে আগমনপূর্ব্বক
পুরুবেক পূর্ব্বমুথ করিরা। বসাইবে। অনস্তর পিতা স্থবর্ণ-সহিত
কুশোদক হারা শিশুর মন্তকে জলসেক করিবে। (১) " জাহ্নবী,

তে স্থামভিষিক্ত ধর্মকামার্থসিদ্ধয়ে ॥ ১৪৯
ত ব্রীং আপো হি ষ্ঠা ময়োভ্বস্তা ন উর্জ্জেদধাতন।
মহে রণায় চক্ষদে ॥ ১৫০
ত যো বং শিবতমো রসস্তস্ত ভাজয়তেহ নং।
উশতীরিব মাতরং ॥ ১৫১
ত তথ্যা অরং গমাম বো যস্ত ক্ষয়ায় জিয়থ।
আপো জনয়থা চ নং ॥ ১৫২
অভিষিচ্য ত্রিভিশ্মক্তিঃ পূর্ববিদ্ধহিদংক্রিয়াম্।
রুষা সম্পাদ্য ধারাস্তং দতাৎ পঞাহতীঃ স্থধীঃ ॥ ১৫০
অগ্রেরে প্রথমাং দত্বা বাসবায় ততঃ পরম্।
ততঃ প্রজানাম্পতয়ে বিশ্বদেবেভ্য এব চ ॥ ১৫৪

যমুনা, রেবা, স্থপবিত্রা সরস্বতী, নর্ম্মনা, বরদা, কুন্তী, সাগর সকল, সরসী সকল—ইংগরা ধর্ম, কাম ও অর্থসিদ্ধির নিমিত্ত তোমাকে অভিষিক্ত করুন।" (২) "হে জল দকল! তোমরা যেহেতু স্থপদাতা, অতএব আমাদিগের ইহকালের অর-সংস্থান ও পরকালে আমাদিগকে পরমত্রন্ধের দহিত মিলিত করিও"। (৩) "মাতার ন্তায় স্বেহযুক্ত তোমরা আমাদিগকে উত্তম-মঙ্গলকর-রস-ভাগী কর। হে জল দকল! তোমরা যে রস দারা জগন্মগুল পরিহৃপ্ত করিতেছ, সেই রস আমাদিগকে সন্তোগ করাও; আমরা যেন পরিহৃপ্ত হই।" ১৯৭—১৫২। জ্ঞানবান্ পিতা এই মন্ত্রন্ম দারা শিশুর অভিষেক্ত করিয়া, পূর্ববিৎ বহুসংস্কার করিয়া ধারাহোমান্ত সমুদয় কার্য্য সম্পাদ্ধক অন্তিত উক্ত পঞ্চ আছতি প্রিবার সময় প্রথমতঃ অগ্নিকে, পরে ইক্তকে, তৎপরে প্রশ্নাপতিকে, তৎপরে বিশ্বদেবগণকে এবং তৎপরে ব্রশ্নাকে

ব্রন্ধণে চাছতিং দদ্যাদ্বকৌ পার্থিবসংজ্ঞকে ॥ ১৫৫
ততোহকে পুত্রমাদার শ্রাবয়েদ্দিলণশ্রতৌ ।
স্বল্লাক্ষরং স্বপোচার্যাঃ শুভং নাম বিচক্ষণঃ ॥ ১৫৬
শ্রাবয়িত্বা ত্রিধা নাম ব্রাক্ষণেভ্যো নিবেদ্য চ ।
ততঃ সমাপরেৎ কর্ম্ম কন্তা স্বিষ্টিকুদাদিকম্ ॥ ১৫৭
কন্তায়া নিক্রমো নান্তি বৃদ্ধিশ্রাদ্ধং ন বিদ্যতে ।
নামানপ্রাশনং চূড়াং কুর্যাদ্দীমানমন্ত্রকম্ ॥ ১৫৮
চতুর্থে মাসি ষঠে বা কুর্যাদ্দিক্রমণং শিশোঃ ॥ ১৫৯
ক্তনিত্যক্রিয়ঃ স্লাতঃ সম্পূজ্য গণনায়কম্ ।
সাপয়িত্বা তু তনয়ং বস্তালক্ষারভূষিতম্ ।
সংস্থাপ্য পুরতো বিদ্বানিমং মন্ত্রমুদীরয়েৎ ॥ ১৬০
ব্রন্ধা বিষ্ণুঃ শিবো হুর্গা গণেশো ভাস্করন্তথা ।

আছতি প্রদান করিবে। অনন্তর বিচক্ষণ ব্যক্তি পুরকে ক্রোড়ে লইয়া তাহার দক্ষিণ কর্ণে স্বলাক্ষর স্থথাচ্চার্য তদীয় শুভ নাম শ্রবণ করাইবে। এইরূপে তিনবার নাম শ্রবণ করাইয়া ও ব্রাহ্মণগণকে জ্ঞাপন করিয়া স্থিটিরুৎ হোম প্রভৃতি সমাধানপূর্ব্ধক কর্ম সমাপন করিবে। ১৫১—১৫৫। কন্তা-সন্তানের নিজুমণ নাই, বৃদ্ধিশ্রাদ্ধ ও নাই; ধীমান্ ব্যক্তি তাহার নামকরণ,অরপ্রাশন ও চূড়াকরণ অমন্ত্রক সম্পাদন করিবেন। চতুর্থ মাসে বা ষষ্ঠ মাসে শিশুর নিজ্রমণ-সংস্কার সম্পাদন করিবে। এই নিজ্রমণ-সংস্কারের সময় স্নাত ও রুত-নিত্যক্রিয় হইয়া গণেশের পূজা করণানস্তর বিদ্বান্ পিতা শিশুকে সান করাইয়া বস্ত্র ও অলঙ্কার দ্বারা ভূষিত করিয়া সম্মুথে স্থাপন-পূর্ব্ধক বক্ষামাণ মন্ত্র উচ্চারণ করিবেন। "ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর,

ইক্রো বায়ু: কুবের শ্চ বরুণোহগ্নির্হস্পতি:।
শিশোঃ গুভং প্রকৃষ্ঠ রক্ষন্ত পথি সর্বাদা ১৯৬১
ইত্যুক্ত্যুক্তে সমাদার গীতবাত্বপুরঃসরম্।
বহিনিজ্ঞাময়েঘালং সানন্দৈঃ স্বজনৈঃ সহ॥ ১৬২
গত্বাধ্বনি কিয়দ্বাং শিশুং স্থাং নিরীক্ষয়েৎ॥ ১৬০
ওঁ হ্রীং তচ্চকুর্দেবহিতং পুরস্তাচ্ছুক্রমুচ্চরং।
পশ্যেম শরদঃ শতং জীবেম শরদঃ শতম্॥ ১৬৪
ইত্যাদিত্যং দেশিয়ত্বা সমাগত্য নিজালয়ম্।
অর্ঘ্যং দত্বা দিনেশায় স্বজনান্ ভোজয়েৎ পিতা॥১৬৫
যঠে মাসি কুমারস্ত মাসি বাপাইমে শিবে।
পিত্লাতা পিতা বাপি কুর্যাদরাশনক্রিয়াম্॥ ১৬৬

ত্বৰ্গা, গণেশ, দিবাকর, ইন্দ্র, বায়ু, কুবের, বরুণ, বহ্নি, বৃহ্নপতি—ইহাঁরা সকলে শিশুর মঙ্গল কর্পন এবং পথে ইহাকে সর্বাদারক্ষা কর্পন।" মন্ত্র যথা; ব্রহ্মা—সর্বাদা। পিতা এই মন্ত্র পাঠ করিয়া ক্রোড়ে লইয়া আনন্দপূর্ণ স্বজনগণে পরিবৃত্ত হইয়া গাত-বাদ্যাপ্রকি বালককে বাহিরে লইয়া ঘাইবেন। ১৫৭—১৬২। পথের কিয়দ্দুর গমন করিয়া বালককে স্থ্য দর্শন করাইবেন। "শুক্রকে অতিক্রম করিয়া দেবগণেরও হিত্তকর স্থ্যারূপ যে চক্ষু বর্ত্তমান রহিয়াছে, তাহা আমরা একশত বৎসর দর্শন করি এবং একশত বৎসর বাঁচিয়া থাকি।" পিতা এই (তৎ—শতম্) মন্ত্র পাঠপূর্বক ক্রমারকে স্থ্যা দর্শন করাইয়া নিজ ভবনে প্রত্যাগমনপূর্ব্বক স্থাকে স্থাতেক ভর্মারকে স্থাত্বর আশ্বীরস্বজনগণকে ভোজন করাইবেন। তে শিবে! কুমারের ষষ্ঠ মানে অথবা অইম মানে পিতা বা পিতৃত্রাতা তাহার অন্প্রশান সংস্কার করিবেন। পূর্ব্বং দেবপূজা প্রস্তৃতি ও

পূর্ব্বদেবপূজাদি বহিসংস্করণং তথা।

এবং ধারাস্কর্ন্মাণি সম্পাত্ত বিধিবৎ পিতা। ১৬৭
দত্যাৎ পঞ্চাহুতীস্তত্র শুচিনামি হুতাশনে।
অধিমুদিশু প্রথমাং দ্বিতীয়াং বাসবং স্মরন্। ১৬৮
ততঃ প্রজাপতিং দেবং বিশ্বান্ দেবান্ ততঃপরম্।
ব্রহ্মাণঞ্চ সমুদ্দিশু পঞ্চমীমাহুতিং ত্যজেৎ। ১৬৯
ততোহগ্লাবন্নদাং ধ্যাত্বা দত্তপঞ্চাহুতিঃ পিতা।
তত্রাথবা গৃহেহগুস্মিন্ বস্ত্রালঙ্কারশোভিতম্।
ক্রোড়ে নিধার তনয়ং প্রাশয়েৎ পায়সামৃতম্। ১৭০
পঞ্চপ্রাণাহুতৈম দ্বৈভোজয়িত্বা তু পঞ্চধা।
ততোহন্নব্যঞ্জনাদীনাং দত্ত্বা কিঞ্চিছ্রশোমুথে। ১৭১
শঙ্কাতুর্যাদি-ঘোষেণ প্রায়শ্চিত্রা সমাপ্রেৎ।
ইত্যরপ্রাশনং প্রোক্তং চূড়াবিধিমতঃ শুণু। ১৭২

বহিংশার করিয়া, যথাবিধানে ধারা-হোম পর্যান্ত কর্ম সমাধা করিয়া শুচিনামক হুতাশনে পঞ্চ আহুতি দিবেন। অয়ির উদ্দেশে প্রথম আহুতি, ইদ্রের উদ্দেশে দিতীয় আহুতি, প্রজাপতি দেবের উদ্দেশে তৃতীয় আহুতি, বিশ্বদেবগণের উদ্দেশে চতুর্য আহুতি, বেশ্বদেবগণের উদ্দেশে চতুর্য আহুতি, ব্রহ্মার উদ্দেশে পঞ্চম আহুতি প্রদান করিতে হইবে। অনন্তর পিতা অয়িতে অয়দা-দেবীর ধাান করিয়া তাঁহার উদ্দেশে পঞ্চ আহুতি প্রদানপূর্বাক দেই গৃহে বা অয় গৃহে বস্তালঙ্কার-ভূষিত কুমারকে ক্রোড়ে লইয়া পায়সামূত পান করাইবেন। ১৬৩—১৭০। "প্রাণায় স্বাহা" "অপানায় স্বাহা" "সমানায় স্বাহা" "উদানায় স্বাহা" "ব্যানায় স্বাহা," এই পঞ্চ প্রাণাহুতি মন্ত্র পার্সামূত প্রদান করিয়া পশ্চিৎ সমুদায় অয় ব্যঞ্জন প্রভৃতি

তৃতীয়ে পঞ্চমে বর্ষে কুলাচারাত্মনারতঃ।

চূড়াকর্ম শিশোঃ কুর্যাদ্বালদং স্কারদিরয়ে॥ ১৭০

দেবপূজাদিধারান্তং কর্ম নিস্পাত্মসাধকঃ।

দত্যাগ্নেরুত্তরে দেশে ব্রগোময়পূরিতম্॥ ১৭৪

তিলগোধূমদংযুক্তং শরাবং স্থাপয়েদ্বৃধঃ।

কবোষণং দলিকাপি কুরমেকং স্থাণিতম্॥ ১৭৫

আসান্ত তনয়ং তত্র জনকঃ স্বীয়বাসতঃ।

সংস্থাপ্য জননীক্রেড়ে কবোষ্ণসলিলৈশ্চ তৈঃ॥ ১৭৬

বারুণং দশধা জপ্ত্যা সম্মার্জ্য শিশুস্ক্রজান্।

মায়য়া কুশপত্রাভাাং জুষ্টিমেকাং প্রকর্মেরং॥ ১৭৭

কিঞ্চিৎ কিঞ্চিৎ লইয়া ঐ শিশুর মুথে প্রদান করিবে। পরে শঙ্খতূর্য্যাদির ধ্বনি করিয়া প্রায়শ্চিত্ত-হোম সমাধানপূর্ব্বক ক্রিয়া সমাপন
করিবে। এই তোমার নিকট অন্নপ্রাশন-বিধি কহিলাম। অতঃপর চূড়াকরণ-বিধি বলিতেছি—শ্রবণ কর। জন্মকাল হইতে কুলাচারাম্নপারে তৃতীয় বর্ষে বা পঞ্চম বর্ষে সংস্কার-দিদ্ধির নিমিত্ত বালকের
চূড়াকর্ম্ম করিবে। ১৭১—১৭০। বিচক্ষণ সাধক, দেবপূজা অবধি
ধারা-হোম পর্যান্ত সমুদায় কর্ম্ম সম্পন্ন করিয়া সত্যনামক অগ্রির
উত্তরদিকে বৃষগোময়-পূরিত, তিল ও গোধ্ম-সংযুক্ত একটা নবশরাব,
অন্ন উষ্ণ জল এবং একথানি স্থশাণিত ক্ষুর রাথিয়া দিবেন। অনন্তর
পিতা, সেই স্থানে স্বীয় বামদিকে বালককে জননীর ক্রোড়ে রাথিয়া
সেই সমস্ত ঈষত্ফ সলিল দ্বারা "বং" এই বৃদ্ধণবীজ্ঞ দশবার জ্বপ
করণানন্তর বালকের কেশ মার্জ্জিত করিয়া মায়া অর্থাৎ "হ্রীং" এই
মন্ত্র পাঠপূর্ব্বক তুইটা কুশপত্র দ্বারা মন্তকে একটা জুষ্টি (ঝুঁটি)

মারাং লক্ষীং ত্রিধা জপ্তা গৃহীয়া লোহজং ক্ষুরম্।
ছিবা তু জুষ্টিকাম্লং মাতৃহন্তে নিবেশয়েং॥ ১৭৮
কুমারমাতা হস্তাভ্যামাদায় গোময়াবিতে।
শরাবে স্থাপয়েজজুষ্টিং নাপিতায় পিতা বনেং॥ ১৭৯
ক্ষুরমুঞ্জিন্ শিশোঃ কোরং স্থাং সাধর ঠয়য়ম্।
পঠিছা নাপিতং পশুন্ সত্যনামনি পাবকে।
প্রেজাপতিং সমৃদ্ধিশ্র প্রবিভাগতি ত্রয়ম্॥ ১৮০
নাপিতেন কৃতকোরং স্লাপয়িয়া শিশুং ততঃ।
ব্রোলন্ধারমাল্যেন ভ্রমিজারিসয়িধৌ॥ ১৮১
স্বামভাগে সংস্থাপ্য স্বিষ্টিক্রেমম্মাচরেং।
প্রারশ্ভিতং ততঃ কুছা দ্যাং পূর্ণাত্তিং পিতা॥ ১৮২

রচনা করিবেন। মারা লক্ষ্মী অর্থাৎ ''খ্রীং প্রীং'' এই মন্ত্র তিনবার জপ করিয়া লোহময় ক্ষুর গ্রহণানন্তর 'জুপ্টিকাম্ল' ছেদন করিয়া মাতার হস্তে নিবেশিত করিবে। ১৭৪—১৭৮। কুমারের মাতা হস্তদ্বরে গ্রহণ করিয়া গোময়-য়ুক্ত শরাবে জুপ্টি স্থাপন করিবে। পরে পিতা নাপিতকে বলিবে,—''হে ক্ষুরমুণ্ডিন্! (নাপিত!) তুমি স্থথে এই শিশুর ক্ষোরকর্মা কর (মূলস্থ ''ক্ষুর—সাধয় স্বাহা'')। পিতা এই মন্ত্র পাঠ করিয়া নাপিতকে অবলোকন করত প্রজ্ঞানপতিকে উদ্দেশ করিয়া সত্যনামক হতাশনে আহুতিত্রয় প্রদান করিবে। অনন্তর নাপিত, বালকের ক্ষোরকর্মা করিলে, পিতা সেই বালককে স্নান করাইয়া বস্ত্র, অলঙ্কার ও মাল্য দারা ভূমিত করিয়া অমিদমীপে আপনার বামভাগে রাথিয়া স্বিষ্টিকং হোম করিবে। পরে প্রারশ্চিত-হোম করিয়া পূর্ণাহুতি প্রধান করিবে। মায়া মর্থাৎ

মায়া শিশো তে কুশলং কুরুতাং বিশ্বকৃষিতৃঃ।
পঠিছেনং শিশোঃ কর্ণে স্থান্য্যা শলাকয়া।
রাজত্যা লোহন্যা বা কর্ণবেধং প্রকল্পরেও॥ ১৮৩
আপো হি ঠেতি মস্ত্রেণ অভিষিচ্য স্কৃতং ততঃ।
শাস্ত্যাদিদক্ষিণাং কুছা চূড়া কর্ম্ম সমাচরেও॥ ১৮৪
গর্ভাধানাদিচূড়ান্তং সামান্যং সর্বজাতিয়ু।
শূদ্র-সামান্সজাতীনাং সর্ব্যমেতদমন্ত্রকম্। ১৮৫
জাতকর্মাদিচূড়ান্তং কুমার্য্যশ্চাপ্যমন্ত্রকম্।
কর্ত্তরং পঞ্চতির্বর্তিরেকং নিক্রমণং বিনা॥ ১৮৬
অথোচাতে দ্বিজাতীনামুপবীতক্রিয়াবিধিঃ।
যশ্মিন্ কৃতে দ্বিজন্মানো দৈবপৈত্রাধিকারিণঃ॥ ১৮৭

[&]quot;হ্রীং" "শিশো—বিভূঃ" (মূল), অর্থাং হে শিশো! বিভূ বিশ্বস্থানী তোমার মঞ্চল করন। এই মন্ত্র পাঠ করিয়া স্থানিয়ী অথবা লোহ-মন্ত্রী শলাকা দ্বারা শিশুর কর্ণবেধ করিবে। পরে "আপো হি ষ্ঠান্তান্ত্র" এই মন্ত্র দ্বারা পুত্রকে অভিষিক্ত করিয়া শান্তি-কর্ম ও দক্ষিণা প্রদান করিয়া চূড়াকর্ম দমাপন করিবে। ১৭৯—১৮৪। গর্ভাধান অবধি চূড়াকরণ পর্যান্ত সংস্কারকর্ম, সকল জাতির সমান। শূদ্র ও সামান্ত জাতির এই দকল সংস্কার অমন্ত্রক। ব্রাহ্মণ প্রভূতি পঞ্চ বর্ণেরই কন্তার একমাত্র নিজ্র্যণ-সংস্কার অমন্ত্রক কর্ত্ব্য। অনন্তর দ্বিজ্বগণের উপনন্ত্রন-কর্ম্ম-বিধি বলিতেছি, বে কার্য্য করিলে দ্বিজ্বগণ দৈব ও পৈত্র কর্ম্মে অধিকারী হইবেন। গর্ভাষ্ট্রমে অথবা অন্তম বংসর বয়ঃক্রম-সময়ে বালকের অর্থাৎ দ্বিজ-বালক্ষের উপনয়ন-সংস্কার হইবে; যাহার ষোড়শ বংসর অনীত হইয়াহে, তাহার আর উপনয়ন ইইতে পারে না। সে দৈব ও

গর্ভাপ্টমেহপ্টমে বাব্দে কুর্যাত্বপনয়ং শিশোঃ।
বোড়শালাধিকো নোপনেতব্যো নিজ্জিয়োহপি সং॥ ১৮৮
ক্তনিতাক্তিয়ো বিদ্বান্ পঞ্চ দেবান্ সমর্চয়েই।
ব্যোর্যাদিমাতৃকাশ্চেব বস্থারাং প্রকল্লয়েই॥ ১৮৯
বৃদ্ধিশ্রান্ধং ততঃ কুর্যান্দেবতাপিতৃত্প্তয়ে।
কুশগুকোক্তবিধিনা ধারাহোমান্তমাচরেই॥ ১৯০
প্রাতঃ কৃত্যশনং বালং স্কল্লতং সমলক্কৃত্রম্।
শিথাং বিনা কৃতক্ষোরং ক্ষোমান্তরবিভূবিতম্॥ ১৯১
ছায়ামগুপমানীয় সমুদ্ভবহুতাশিতৃঃ।
সমীপে চাল্মনো বামে সংস্থাপ্য বিমলাসনে॥ ১৯২
শিষ্যং বদেদুক্লচ্যাং কুক্ক বংস ততঃ শিশুঃ।
বক্ষচ্যাং করোমীতি গুরুবে বিনিরেশ্রেই॥ ১৯৩

পৈত্র কর্মে অধিকারী নহে। তাৎপর্য্য এই যে, অপ্টম বৎসর হইতে ষোড়শবর্ষ পর্যান্ত কাল উপনয়নে প্রশিস্ত, তৎপরে প্রায়শ্চিত্ত করিয়া উপনয়নে অধিকারী হইবে। বিদ্বান্ পিতা নিতাক্রিয়া করিয়া, পঞ্চদেবতার পূজা করিবেন। গৌরী প্রভৃতি ষোড়শ মাতৃকার পূজা করিবে। তৎপরে বস্থারা দিবে। ১৮৫—১৮৯। অনন্তর দেবগণের ও পিতৃগণের তৃপ্তির নিমিত্ত বৃদ্ধিশাক্ষ করিবে, পরে কুশগুকোক্ত বিধি সমুসারে ধারা-হোম পর্যান্ত সমুদায় কর্ম্মের সদমুষ্ঠান করিবে। প্রাত:কালে স্থমাত; কুতাহার, উত্তম অলঙ্কারে ভৃষিত্র, পরন্ত শিথামাত্র ব্যতিরেকে সম্পূর্ণরূপে মুগ্তিত, ক্ষোমবস্ত্রে ভৃষিত বালককে ছায়ামগুপে আনয়ন-পূর্ব্বক সমুদ্ধবনামক বহ্নির সমীপে আপনার বামদিকে স্থবিমল আগননে উপবেশন করাইয়া গুরু ঐ শিষাকে বলিবেন,—"হে বংস!

ততো গুরু: প্রসন্নাত্মা শিশবে শাস্তচেতদে।
কাষারবাসদী দল্যাদীর্ঘায়ুই বর্ত হে ॥ ১৯৪
মৌঞ্জীং কুশমন্নীং বাপি ত্রির্তাং গ্রন্থিসংযুতান্।
তৃষ্ণীঞ্চ মেখলাং দদ্যাৎ কাষান্যাম্বরধারিণে ॥ ১৯৫
মান্নাম্চার্য স্থভগা মেখলা স্থাচ্ছুভপ্রদা।
ইত্যক্ত ব্বেশং বদ্ধা মৌনী তিঠেদ্ গুরো: পুরঃ ॥ ১৯৬
যজ্ঞোপবীতং প্রমং প্রিত্রং

যজ্ঞাপবীতং পরমং পারত্রং
রহম্পতের্যৎ দহজং পুরস্তাৎ।
আয়ুষ্যমগ্রাং প্রতিমুক্ত শুক্তং
মজ্ঞোপবীতং বলমস্ত তেজঃ ॥ ১৯৭
মজ্ঞোণনেন শিশবে দদাৎ ক্রফাজিনায়িতম্।
যজ্ঞোপবীতং দওক্ত বৈণবং থাদিরক্ত বা।
পালাশমথবা দদ্যাৎ ক্রীরবৃক্তসমূত্রবম॥ ১৯৮

ব্রহ্মচর্য্য কর।" তৎপরে শিশু "ব্রহ্মচর্য্য করিতে আরম্ভ করিলাম" ইহা গুরুর নিকট নিবেদন করিবে। অনন্তর গুরু প্রদান-হাদয় হইয়া প্রশাস্ত-হাদয় শিশুকে দীর্ঘায়ু ও তেজারৃদ্ধির নিমিত্ত কাষায় বস্ত্রদ্ধ প্রদান করিবেন। পরে কাষায়-বসনধারী ঐ বালককে মুঞ্জময়ী বা কুশময়ী গ্রন্থিত ব্রিব্ মেথলা অমন্ত্রক অর্পণ করিবেন। বালক, মায়া অর্থাৎ "হ্রীং" উচ্চার্ম করিয়া, "এই স্কুল্যা মেথলা আমার কল্যাণ-দায়িনী হউন" এই মন্ত্র (হ্রীং স্কুল্যা—প্রদা) পাঠপূর্ব্বক মেথলা বন্ধন করিয়া মৌন অবলম্বনপূর্ব্বক গুরুর সম্মুথে অবস্থান করিবে। ১৯০—১৯৬। "এই যজ্ঞোপবীত প্রম পবিত্র। পূর্ব্বে যাহা রুহম্পতির সহজ্ব অর্থাৎ স্বাভাবিক ছিল। আয়ুয়র, শ্রেষ্ঠ, গুলু এই যজ্ঞোপবীত তুমি ধারণ কর। তোমার বল ও তেজ বৃদ্ধি হউক।" গুরু এই মন্ত্র দ্বারা

আপো হি ঠেতি মন্ত্রেণ মায়য়া পুটিতেন চ।

ব্রিরাবৃত্তা কুশান্ডোভিশ্বতিদণ্ডোপবীতিনম্॥ ১৯৯
তদঞ্জলিং দিনেশায় দাতারং ব্রহ্মচারিণম্।
তচ্চক্ষুরিতি মন্ত্রেণ দর্শয়েডাস্করং গুরুঃ॥ ২০০
দৃষ্ঠ্বা ভাস্করমাচার্য্যো বদেয়াণবকং ততঃ॥ ২০১
মম ব্রতে মনো ধেহি মম চিত্তং দদামি তে।
জুয়্বৈকমনা বৎস মম বাচোহস্ত তে শিবম্॥ ২০২
হৃদি স্পৃষ্ঠ্বা পঠিবৈদং কিংনামাসীতি তং বদেং।
শিষ্যস্তুক্শর্মাহং ভবস্তুসভিবাদয়ে॥ ২০৩

বালককে ক্লাজিনযুক্ত যজ্ঞোপনীত এবং বেণু-নির্ম্মিত, থদিরকান্ঠ-নির্মিত, পলাশ-কান্ঠ-নির্মিত অথবা ক্ষীরবৃক্ষ-নির্মিত দণ্ড প্রধান করিবে। অনন্তর গুরু দণ্ড ও উপনীত-ধারী বালককে, মায়া অর্থাৎ "খ্রীং" এই বীজ কর্তৃক পুটিত অর্থাৎ আদি অন্তে যুক্ত করিয়া "আপো হি ন্ঠা" এই মন্ত্র তিনবার উচ্চারণপূর্ব্ধক কুশজল দ্বারা অভিষিক্ত করিবেন, অনন্তর জল দ্বারা বালকের অঞ্জলিপূর্ণ করিবেন। পরে ব্রহ্মচারী দেই জলাঞ্জলি স্থায় উদ্দেশে প্রদান করিলে পর, ঐ ব্রন্ধচারীকে "তচ্চকুর্দ্দেবহিতং" এই মন্ত্র পাঠপূর্ব্ধক গুরু স্থায় দর্শন করাইবেন। পরে আচার্যা দৃষ্ট-স্থায় বালককে বলিবেন বে, "তুমি আমার ব্রতে মনোনিবেশ কর। আমি তোমাকে আমার চিত্ত প্রদান করিতেছি। হে বৎস! তুমি একমনা হইয়া আমার ব্রত আচরণ কর। আমার বাক্যে তোমার কল্যাণ হউক।" গুরু এই মন্ত্র পাঠ করিয়া বালকের হলয় স্পর্শপূর্ব্ধক " বৎস! তোমার নাম কি ?" ইহা তাহাকে বলিবেন। শিষ্য কহিবে যে, "আমি আপনার শিষ্য। আমি অমুক্ত শর্মা, আপনাকে প্রণাম করি-

কন্ত সং ব্ৰহ্মচারীতি গুরো পৃচ্চতি পার্কতি।
শিষা: সাবহিতো ব্রয়ান্তবতো ব্রহ্মচার্যাহম্॥ ২০৪
ইক্রস্তা ব্রহ্মচারী স্মাচার্যান্তে হতাশন:।
ইত্যুক্ত্বা সদ্গুরু: পশ্চাদেবেভ্যন্তং সমর্পয়েৎ॥২০৫
সাং প্রাজাপতয়ে বৎস সবিত্রে বরুণায় চ।
পৃথিবাৈ বিশ্বদেবেভাঃ সর্কদেবেভা এব চ।
সমর্পয়ামি তে সর্ক্রেরক্ত্রন্তা প্রবিভাগতঃ।
গুরুং প্রদক্ষিণীকুত্র স্থাসনে পুনরাবিশেৎ॥২০৭
গুরুং প্রদক্ষিণীকুত্র স্থাসনে পুনরাবিশেৎ॥২০৭
গুরুং শিষোণ সংস্পৃঠিঃ সমুদ্রবহৃতাশনে।
পঞ্চ দেবান্ সমুদ্রিশ্য দল্যাৎ পঞ্চাহৃতীঃ প্রিয়ে।
প্রজাপতিস্তথা শক্রো বিফুর্রস্কা শিবস্তথা॥২০৮

তেছি।" ১৯৭—২০৩। হে পার্ক্ষতি! পরে গুরু 'তুমি কাহার ব্রন্ধচারী?"—ইহা জিপ্রাসা করিলে, শিষ্য সাবধান হইয়া কহিবে যে, 'আমি আপনারই ব্রন্ধচারী।'' "তুমি ইন্দ্রের ব্রন্ধচারী, হুতাশন তোমার আচার্য্য '' সদ্গুরু এই বাক্য বলিয়া পশ্চাৎ সেই শিষ্যকে দেবতাদিগের নিকট সমর্পণ করিবেন। দেবতাদিগের নিকট সমর্পণের মন্ত্র যথা;—হে বৎস! তোমাকে প্রজাপতির নিকট, বর্ক্ক-শের নিকট, পৃথিবীর নিকট, বিশ্বদেবগণের নিকট এবং সমুদায় দেবতার নিকট সমর্পণ করিতেছি। তাঁহারা সকলে নিরন্তর তোমাকে রক্ষা করুন। অনন্তর মাণবক দক্ষিণাবর্ত্ত-মোগে বহ্লিকে এবং গুরুকে প্রদক্ষিণ করিয়া পুনর্কার আপনার আসনে উপবেশনকরিবে। হে প্রিয়ে! পরে গুরু, শিষ্য কর্তৃক স্পৃষ্ট হইয়া, সমুদ্ধবংনামক হুতাশনে প্রজাপতি, শক্রু, বিষ্ণু, ব্রন্ধা, শিব—এই পঞ্চদেবের

মায়াদিবহিজায়াতৈ জুহাণ স্বস্থনামভিঃ।
তাহ করে বিধিরের প্রকীর্ত্তিঃ ॥ ২০৯
ততো হুর্গা মহালক্ষীঃ স্থলরী ভুবনেশ্বরী।
ইন্দ্রাদিদশদিক্পালা ভাস্করাদি-নবগ্রহাঃ ॥ ২১০
প্রত্যেকনামা হুবৈতান্ বাসসাচ্ছাদ্য বালকম্॥
প্চেল্মাণবকং প্রাজ্ঞা ব্রহ্মচর্য্যাভিমানিনম্।
কো বাশ্রমতে তনয় ব্রহি কিং তে মনোগতম্ ॥ ২১১
ততঃ শিষ্যঃ সাবহিতো ধৃত্বা গুরুপদম্বয়ম্।
করোতু মামাশ্রমিণং ব্রহ্মবিদ্যোপদেশতঃ ॥ ২১২
এবং প্রার্থ্যমানস্ত দক্ষকর্পে শিশোস্তদা।

উদ্দেশে পঞ্চ আহতি প্রদান করিবেন। আদিতে মান্না অর্থাৎ হ্লীং, অস্তে বহ্নিজান্না অর্থাৎ স্বাহা-যুক্ত পঞ্চদেবের নিজ নিজ নামোল্লেধ করিয়া আহতি দিবেন। যথা—''হ্লীং প্রজাপতরে স্বাহা'' ইত্যাদি। যে মস্ত্রে কোন বিধি উক্ত হর নাই, দে মন্ত্রেও এইপ্রকার বিধি কথিত হইল অর্থাৎ নামের পূর্ব্বে হ্লীং, শেষে স্বাহা বলিতে হইবে। অনন্তর হুর্গা, মহালক্ষ্মী, স্থানরী, ভূবনেশ্বনী, ইন্দ্রাদি দশদিক্পাল, ভাস্করাদি নবগ্রহ, প্রভাবেকর নাম উল্লেখপূর্ব্বক ই'হাদিগকে আহুতি প্রদান করিয়া বালককে বস্ত্র দ্বারা আহ্লাদিত করিয়া প্রান্ত গুরুক ব্রহ্মাভিমানী ঐ মাণবককে জিজ্ঞানা করিবেন,—''হে বৎস! এক্ষণে ভোমার আশ্রম কি এবং তোমার মনোগত ভাব কি, তাহা বল।" ২০৪ – ২১১। অনস্তর শিষ্য সাবধান হইন্না গুরুর পদহন্দ্র ধারণপূর্ব্বক বলিবে,—''ব্রেক্ষোপদেশ প্রদান দ্বারা আ্বামাকে আশ্রমী কর্কন।'' হে শিবে! এইদ্ধাপ প্রার্থনাকারী শিশুর দক্ষিণ-কর্বে

नवरमालामः।

শ্রাবিষিষ্ঠ ত্রিধা তারং সর্ক্রমন্ত্রময়ং শিবে।
ব্যাবস্থৃতি ব্যুম্চার্য্য সাবিত্রীং শ্রাব্যেদ্গুক্ষঃ॥ ২১০
থবিঃ সদাশিবঃ প্রোক্তশ্ছনদন্তিষ্ট বুদাস্থৃতন্।
অধিষ্ঠাত্রী তু সাবিত্রী মোক্ষার্থে বিনিয়োগিতা॥ ২১৪
আদৌ তৎ সবিতৃঃ পশ্চান্বরেণ্যং পদস্ক্ররেৎ।
ভর্গঃপদাস্তে দেবস্থ ধীমহীতি পদং বদেৎ॥ ২১৫
ভত্তস্ত পরমেশানি ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ।
পুনঃ প্রণবম্ক্রার্য্য সাবিত্র্যর্থং গুরুর্ক্রদেৎ॥ ২১৬
ত্রাক্ষরাত্মকতারেণ পরেশঃ প্রতিপাদ্যতে॥ ২১৭
পাতা হর্তা চ সংস্রষ্টা যো দেবঃ প্রকৃত্তেঃ পরঃ।
অসৌ দেবস্ত্রিলোকাত্মা ত্রিগুণং ব্যাপ্য তিষ্ঠতি॥ ২১৮
অতো বিশ্বময়ং ব্রহ্ম বাচাং ব্যাস্থৃতিভিস্তিভিঃ।
ভারব্যাস্থৃতিবাচ্যো যঃ সাবিত্র্যা জ্রের এব সঃ॥ ২১৯

শুক, সর্ব্বমন্ত্রমন্থ প্রণব তিনবার প্রবণ করাইয়া, "ভূর্ভুবঃ স্বঃ" এই ব্যাহ্নতিত্রয় উচ্চারণপূর্ব্বক গায়ত্রী প্রবণ করাইবেন। সদাশিব এই সাবিত্রীর শ্ববি বলিয়া কথিত ইইয়াছেন; ত্রিষ্টুপ্—ছলঃ; সাবিত্রী —অধিষ্ঠাত্রী দেবী বলিয়া উক্ত হইয়াছেন; মোক্লার্থে বিনিয়োগ। প্রথমতঃ "তৎ সবিতুঃ" পশ্চাৎ "বরেণাং" এই পদ উচ্চারণ করিবে। পরে "ভর্গঃ" এই পদের পর "দেবস্থা ধীমহি" এই পদ পাঠ করিবে। হে পরমেশ্বরি! পুনর্ব্বার প্রণব উচ্চারণ করিয়া শুরু শিষ্যকে গায়ত্রীর অর্থ বলিবেন;—"ত্রাক্ষরাত্মক প্রণব ধারা পরমেশ্বর প্রতিপাদিত হন; স্থাই-স্থিতি-প্রেলয়-কর্ত্তা যে দেব প্রকৃতি হুইতেও শ্রেষ্ঠ, সেই দেব ত্রিলোকের আ্মা। ভিনি ত্রিগুণ অর্থাৎ সন্ধ্ব, রক্ত্র, তমকে ব্যাপ্তা করিয়া অবস্থান করিতেছেন। অত্রব

জগজপশু দবিতৃ: সংস্থাই দীবাতো বিভা:।
অন্তর্গতং মহদর্চো বরণীয়ং যতাত্মভি:।
ধারেম তৎপরং দত্যং দর্কব্যাপি দনাতনম্॥ ২২০
বো ভর্গঃ দর্কবাক্ষীশো মনোবৃদ্ধীন্দ্রিগাণি নঃ।
ধর্মার্থকামমোক্ষেষ্ প্রেরয়েছিনিয়োজয়েও ॥ ২২০
ইঅমর্থযুতাং ব্রন্ধবিত্বামাদিশু দদ্গুরুঃ।
শিষ্যং নিযোজয়েদেবি গৃহস্থাশ্রমকর্মম্ম ॥ ২২২
ব্রন্ধর্যোচিতং বেশং বৎদেদানীং পরিত্যজ।
শান্তবোদিতমার্গেণ দেবান্ পিতৃন্ সমর্চয়ন্॥ ২২০
ব্রন্ধবিতোপদেশেন পবিত্রং তে কলেবরম্।
প্রাপ্তা গৃহস্থাশ্রমিতা তছকুং কর্মা কর্মা॥ ২২৪
উপবীত্দমং দিব্যবস্তালক্ষরণানি চ।

ভূর্ব: স্বঃ এই ব্যাহ্যতি এয়ের বাচ্য ব্রহ্ম। দিনি প্রণব এবং ব্যাহ্মতির বাচ্য, তিনিই দাণি এটি দারা জ্যে দবিতা অর্থাৎ জ্বগজ্ঞপ বস্তুর
স্টেকর্জা। দীপ্রাাদি-ক্রিয়াশ্র্য বিভূর অন্তর্গত যোগীদিগের বরণীর
দর্শ্ববাপী ও দনাতন দেই মহাজ্যোতিকে ধ্যান করি; যে মহাজ্যোতি—দর্শ্বদাকী ও ঈশ্বর। তিনি আমাদিগের মনও ইক্রির সমুদার্মকে ধর্মা, অর্থ, কাম ও মোক্ষে প্রেরণ করুন অর্থাৎ বিনিযোজিত
করুন।" হে দেবি ! সদ্গুরু এই প্রকার অর্থ-সহিত ব্রহ্মবিদ্যার
উপদেশ দিয়া শিষ্যকে গৃহস্থাশ্রম-কর্ম্মে নিযুক্ত করিবেন। ২১২—
২২২। "হে বৎস! এক্ষণে ব্রহ্মচর্যোচিত বেশ পরিত্যাগ কর।
শস্তু-প্রদর্শিত পথ অনুসারে দেব ও পিতৃগণকে সম্যক্রপে অর্চনা
কর। ব্রহ্মবিদ্যার উপদেশে এক্ষণে তোমার কলেবর পরিত্

গৃহাণ পাহকাছ বং গন্ধনাল্যান্তলেপনন্ ॥ ২২৫
ততঃ কাবারবদনং ক্বঞ্চালিনসমন্তি ভন্ ।
বজ্ঞস্ত্রং মেধলাঞ্চ দণ্ডং ক্তিকাকরগুকন্ ॥ ২২৬
আচারাদর্জি ভাং ভিক্কাং সমর্প্য গুরুবে শিবে।
শুদ্ধোপবীতবুগলং পরিধারাদ্বরে শুভে ॥ ২২৭
গন্ধনাল্যধরস্থ কীং তিঠেদাচার্য্যসনিধৌ।
ততো গৃহস্থাশ্রমিণং শিষামেতবদেদ্গুক্ক: ॥ ২২৮
জিতেক্রিয়ং সত্যবাদী ব্রদ্ধন্তানপরো ভব।
স্বাধ্যায়াশ্রমকর্মাণি যথাধর্মেণ সাধ্য ॥ ২২৯
ইত্যাদিশ্য দ্বিজং পশ্চাৎ সম্প্রবহ্তাশনে।
মায়াদিপ্রণবাস্তেন ভূতুব্সম্বরেণ চ ॥ ২৩০

হইরাছে। তুমি গৃহস্থাশ্রম প্রাপ্ত হইরাছ। অতএব তুমি গৃহস্থাশ্রম-বিহিত কর্ম কর। উপবীত্রয়, দিব্যবন্ধ, অলক্ষার, পাত্রকা,
ছত্র, গন্ধ, মাল্য এবং অনুলেপন গ্রহণ কর। অনন্তর শিষ্য ক্ষকাজিনসমন্বিত কাষার বসন, ষজ্ঞপুত্র, মেথলা, দণ্ড, ভিক্ষাপাত্র ও আচার
অনুসারে উপার্জ্জিত ভিক্ষা গুরুকে সমর্পণ করিয়া শুরু যজ্ঞোপবীতযুগল ও উত্তম বন্ত্র-যুগল পরিধান করিয়া, গন্ধ ও মাল্য ধারণপূর্ব্বক
আচার্য্য-সমীপে মৌনাবলনী হইয়া থাকিবে। আচার্য্য, গৃহস্থাশ্রমী শিষ্যকে ইহা কহিবেন,—"তুমি জিতেক্রিয়, সত্যবাদী ও
ব্রহ্মজ্ঞান-পর হও। তুমি ধর্মশান্ত লজ্জ্বন না করিয়া অধ্যয়ন ও
গৃহস্থাশ্রমের কর্মা সকল সম্পাদন কর।" গুরু, বিঙ্গ শিষ্যকে
এইরাপ আদেশ করিয়া, প্রথমতঃ মায়া, সর্বশেষে প্রণব উচ্চারণপূর্ব্বক "ভূ: ভূবঃ শ্বং" এই মন্তর্ম ধারা সমৃত্বনামক ত্তাশনে

হাবয়িষা ত্রিধাচার্যাঃ স্বিষ্টিক্বনোমবাচরন্।
দ্বা পূর্ণাহুতিং ভদ্রে ব্রহকর্ম সমাপ্রেং ॥২৩১
জীবসেকাদিসংস্কারা ব্রহাস্তাঃ পিতৃতো নব।
উদাহঃ পিতৃতো বাপি স্বহোহপি সিধাতি প্রিয়ে॥২৩২
বিবাহাছি ক্রত্মানঃ কুতনিত্যক্রিয়ঃ কৃতী।
পঞ্চদেবান্ সমভার্চ্য গৌর্যাদিমাতৃকান্তথা।
বসোধারাং কল্লয়িষা বৃদ্ধিশ্রাদ্ধং সমাচরেং ॥২৩৩
রাত্রে প্রতিশ্রুতং পাত্রং গীতবান্তপুরঃসরম্।
ছায়্মাত্রপমানীয় উপবেশ্য বরাসনে ॥২৩৪
বাসবাভিম্থং দাতা পশ্চিমাভিমুখো বিশেং।
আচম্য স্বস্তিমৃদ্ধিঞ্চ কথ্রেদ্বাদ্ধণিঃ সহ॥২৩৫

তিনবার হোম করাইয়া স্বিষ্টিরুৎ-হোম আচরণ করত, হে ভদ্রে!
পূর্ণাছিতি প্রদানানন্তর উপনয়ন-ক্রিয়া সমাপ্ত করিবেন। হে প্রিয়ে!
জীবদেক অবধি উপনয়ন পর্যান্ত নয়টী সংস্কার পিভা দ্বারাই সম্পাদিত হইয়া থাকে, উদ্বাহ-সংস্কার পিতা অথবা স্বয়ং নিম্পাদিত করিতে পারে। কার্যাকুশল ব্যক্তি, বিবাহ-দিবদে মানান্তে নিত্যাক্রিয়া করিয়া পঞ্চদেবের মর্জনাপূর্ব্বক গৌরী প্রভৃতি ষোড়শ মাতৃ-কার পূজা করিবে। পরে বম্থবারা দিয়া বৃদ্ধিশাদ্ধ করিবে। ২২৩--২৩০। পূর্ব্বপ্রতিশ্রুত বর-পাত্র গীতবাদ্য-সহকারে নিশাকালে আগত হইলে তাহাকে ছায়ামগুপে আনয়নপূর্ব্বক বরাসনে পূর্ব্বাভিমুথ করিয়া উপবেশন করাইবে। দাতা পশ্চিমাভিমুথ হইয়া উপবেশন করিবেন। ক্র্যাদাতা প্রথমতঃ আচমন করিয়া ব্রাহ্মণ-গণের সহিত স্বস্তি ও ঋদ্ধি বিশিবেন। অনস্তর ক্র্যাদাতা বরের

নাধুপ্রশ্নং বরং পৃচ্ছেদর্জনাপ্রশ্নমেব চ।
বরাৎ প্রশ্নোত্তরং নীতা পাতাতির্বরমর্জয়েই ॥ ২৩৬
সমর্পরামি বাক্যেন দেরজ্রবাং সমর্পরেই ।
পাদরোরপরেই পাতাং শিরস্তর্যাং নিবেদয়েই ॥ ২৩৭
আচম্যং বদনে দত্তালাদ্ধং মাল্যং স্কর্বাসনী।
দিব্যাভরণরক্মানি যক্তস্থরং সমর্পরেই ॥ ২৩৮
তত্ত্ব ভাজনে কাংস্তে ক্বর্যা দিবি ঘুতং মধু।
সমর্পরামি বাক্যেন মধুপর্কং করেইর্পয়েই ॥ ২৩৯
বরোইপি পাত্রমাদার বামে পাণো নিধার চ।
দক্ষাস্কুটানামিকাভ্যাং প্রাণাহত্যুক্তমন্ত্রকৈই ॥ ২৪০
পঞ্চধান্ত্রার তই পাত্রমুদীচ্যাং দিশি ধারয়েই ।
মধুপর্কং সমর্প্রবং পুনরাচাময়েদ্বরম্॥ ২৪১

নিকট দাধু-প্রশ্ন (দাধু ভবানাস্তাম্) ও অর্চ্চনা-প্রশ্ন (অর্চ্চনিষ্যামো ভবস্তম্) করিয়া প্রশ্নের উত্তর লইয়া পাতাদি দ্বারা বরের অর্চ্চনা করিবেন। ''দমর্পয়ামি" বাক্য দ্বারা দেয় দ্রব্য দমর্পণ করিবেন। চরণদ্বয়ে পাদ্য এবং মস্তকে অর্ঘ্য দমর্পণ করিবে। মুথে আচমনীয় প্রদান করিয়া উত্তম বদন-যুগল, গদ্ধমাল্য, উত্তম আভরণ, রত্ন ও যজ্জস্ত্র দমর্পণ করিবেন। পরে কাংস্তপাত্রে দিধি, ঘৃত ও মধু রাথিয়া, এই মধুপর্ক "দমর্পয়ামি" অর্থাৎ দমর্পণ করিবেন। বরও দেই মধুপর্ক-পাত্র গ্রহণ করিয়া বাম-হস্তে রাথিয়া প্রাণাহুতি মন্ত্র— 'প্রাণায় স্বাহা" ইত্যাদি পাঠ করিয়া দক্ষিণ-হস্তের অঙ্কুষ্ঠ ও অনা-মিকা দ্বারা পাঁচবার আছাণ লইয়া দেই পাত্র উত্তরদিকে স্থাপন করিবে। এইরপে মধুপর্ক দমর্পণ করিয়া বরকে পুনরাচমন করা-

দ্ব্বাক্ষতাভ্যাং জামাতৃবিধৃত্য জামু দক্ষিণম্।
স্থা বিষ্ণুং তৎসদিতি মাস-পক্ষ-তিথীস্ততঃ ॥ ২৪২
সম্লিখ্য নিমিতানি বুণুয়াধরমুত্তমম্।
গোত্র-প্রবর-নামানি প্রত্যেকং প্রপিতামহাৎ ॥ ২৪০
ষষ্ঠান্তানি সমুচ্চার্য্য বরস্ত জনকাবিধি।
দিতীয়াস্তং বরং ক্রয়াদ্গোত্র-প্রবর-নামভিঃ ॥ ২৪৪
তথৈব কল্যামুল্লিখা ব্রাক্ষোধাহেন পঞ্জিতঃ ।
দাতুং ভবন্তমিত্যুক্ত্যা বুণেইহমিতি কীর্ত্তমেৎ ॥ ২৪৫
বুতোইস্মীতি বরো ক্রয়াৎ তত্যো দাতা বদেধরম্ ।
যথাবিহিতমিত্যুক্ত্যা বিবাহকর্মা ক্রিতি ।
বরো ক্রয়াদ্যথাজ্ঞানং করবাণি তত্ত্রম্ ॥ ২৪৬

ইবে। অনন্তর দ্র্বী ও আতপতপুল হস্তে লইয়া জামাতার দক্ষিণ জামু ধরিয়া বিষ্ণুকে স্মরণ-পূর্বেক "তৎ সং" এই বাকা উচ্চারণ এবং মাদ, পক্ষ ও তিথি উল্লেখ করিয়া বরের প্রাপিতামহ হইতে পিতা পর্যান্ত উচ্চারণ, এরূপ গোত্র-প্রবাদি-সহিত বরের দিতীয়ান্ত নাম উল্লেখপূর্বেক উত্তম বরকে বরণ করিবে। ২০৪—২৪৪। পরে এরূপ ক্যার প্রাপিতামহ অবধি পিতা পর্যান্ত তিন পুরুষের ষষ্ঠান্ত নাম, গোত্র ও প্রবরের সহিত উচ্চারণ করিয়া, এরূপ গোত্র-প্রবর-সহিত দিতীয়ান্ত ক্যার নাম উল্লেখপূর্বক, "রাহ্ম বিবাহ দারা ক্যাদান করিবার নিমিত্ত তোমাকে আমি বরণ করিতেছি" ইহা বিদ্যান্ ক্যাদাতা বলিলেন। অনন্তর বর বলিবেন—"বৃত্তো-হিন্ম" অর্থাৎ বৃত্ত হইলাম। পরে ক্যাদাতা বরকে "যথাবিহিত্ত" ইহা বলিয়া "বিবাহকর্ম কুরু" অর্থাৎ যথাবিধানে বিবাহকার্য্য কর—

ততঃ কন্তাং সমানীয় বস্ত্রালক্ষারভূষি তাম্।
বস্ত্রাস্তরেণ সংছাপ্ত স্থাপয়েদ্বরসন্মুখম্॥ ২৪৭
পুনর্করিং সমভ্যর্ক্য বাসোহলক্ষরণাদিভিঃ।
বরস্ত দক্ষিণে পাণে কন্তাপাণিং নিষোজয়ে ॥ ২৪৮
তন্মধ্যে পঞ্চরজানি ফলতাম্ব্লমেব বা।
দর্বার্ক্তিয়িয়া তনয়াং বরায় বিত্রমেহপয়ে ॥ ২৪৯
প্রাথৎ ত্রিপক্ষাখানং নিমিত্রাখানমেব চ।
আন্মনঃ কামমুদ্দিশ্য চতুর্থান্তং বরং বদেৎ॥ ২৫০
কন্ত্রাভিধাং দিতীয়ান্তামর্কিতাং সমলক্ষ্তাম্।
সাচ্ছোদনাং প্রজাপতিদেবতাকামুদীরয়ন॥ ২৫১

ইহা বলিলেন। বর তত্ত্তরে বলিবেন,—"যথাজ্ঞানং করবানি" অর্থাৎ যেরপে শাস্ত্রাদেশ আছে, তদন্তরূপ করিব। পরে বস্ত্র ও অলঙ্কারে বিভূষিতা কন্তাকে আনিয়া অন্ত বস্ত্র দ্বারা আচ্ছাদন করিয়া বরের সম্মুথে সংস্থাপন করিবেন। ২৪৫—২৪৭। পরে কন্তাদাতা পুনর্কারে বস্ত্র ও অলঙ্কারাদি দ্বারা বরের অর্চ্চনা করিয়া বরের দক্ষিণ-হস্তে কন্তার হস্ত সংস্থাপন করিবেন এবং সেই হস্ত-মধ্যে ফল, তাদ্বল ও পঞ্চরত্র প্রদান করিয়া অর্চ্চনাপূর্কক সেই বিদ্বান্ বরকে কন্তা-সমর্পণ করিবেন। ঐ কন্তা-সমর্পণ করিবার কালে প্রথমে নিজ কামনা উল্লেখ করিয়া তিন পুরুষের নাম উল্লেখপূর্কক, নিমিত্ত কীর্ত্তন করিয়া, চতুর্থীবিভক্তান্ত বরের নাম উল্লেখ করিতে হইবে। পরে ঐরূপ তিন পুরুষের নাম উল্লেখপূর্কক কন্তার দিতীয়ান্ত নাম এবং "অর্চিতাং অলঙ্ক্তাং সাচ্ছাদনাং প্রজ্ঞাপতি-দেবতাকাং" এই পদ উচ্চারণ করিতে হইবে। পরে "তুত্যমহং"

তুভামহমিতি প্রোচ্য দন্তাৎ সম্প্রদেশে বদন্।
বরঃ স্বন্তীতি স্বীকুর্যাৎ সম্প্রদাতা বরং বদেৎ ॥ ২৫২
ধর্মে চার্থেচ কামে চ ভবতা ভার্যায়া সহ।
বর্ত্তিব্যাং বরো বাচ্মুক্ত্বা কামস্তব্যং পঠেৎ ॥ ২৫০
দাতা কামো গ্রহীতাপি কামায়াদাচ্চ কামিনীম্।
কামেন তাং প্রগৃহ্লামি কামঃ পূর্ণোহস্ত চাবয়োঃ ॥ ২৫৪
ততো বদেৎ সম্প্রণাতা কন্তাং জামাতরং প্রতি।
প্রজাপতি প্রসাদেন স্বরোরভিবান্থিতম্।
পূর্ণাস্থ শিবঞ্চাস্ত ধর্মং পালয়তং যুবাম্॥ ২৫৫
তত আচ্ছাত্য বস্থেণ সম্প্রদাতা স্কমন্তলৈঃ।
পরম্পরশুভালোকং কারয়েদ্বরকন্তয়োঃ ॥ ২৫৬

এই বাক্য কথনান্তে "দহ্পান্দে" এই বাক্য পাঠ করিয়া কন্যাদান করিবেন। বর "স্বন্তি" এই কথা বলিয়া প্রতিগ্রহ করিবেন। সম্প্রনাতা বরকে বলিবেন,—"তুমি ধর্মা-বিষয়ে, অর্থ-বিষয়ে ও কাম-বিষয়ে ভার্যারে সহিত একত্র মিলিত হইয়া কার্য্য করিবে। বর "বাঢ়ং— বর্ত্তিতবাং" অর্থাৎ তাহাই করিব-—এই কথা বলিয়া এইরূপ কামস্প্রতি পাঠ করিবেন—"কাম সম্প্রনান করিতেছেন, কামই প্রতিগ্রহ করিতেছেন, কামই কামহেতু কামিনী গ্রহণ করিয়াছেন। হে ভার্য্যে! আমি কাম জন্ত তোমাকে গ্রহণ করিতেছি, আমাদের উভিন্নের কাম পূর্ণ হউক। ১৪৮—২৫৪। পরে কন্তা-সম্প্রদাতা,—কন্ত্রা ও জামাতার প্রতি বলিবেন,—"প্রস্থাপতি-প্রসাদে তোমানের অভিন্ন অক্তর হইয়া ধর্ম্ম পালন কর।" অনন্তর সম্প্রদাতা মঙ্গল-গীত ও বান্ত শুভরির ধরনিপূর্ব্বক কন্তা ও বরকে বন্ধে আচ্ছাদিত

ততো হিরণ্যরত্বানি যথাশক্তারুসারত:।

জামাত্রে দক্ষিণাং দক্ষাদচ্চিত্রমবধারয়েৎ॥ ২৫৭
বরস্থ ভার্যয়া সার্দ্ধং তদ্রাত্রৌ দিবসেহপি বা।
কুশগুকোক্রবিধিনা বহ্নিস্থাপনমাচরেৎ॥ ২৫৮
বোজকাথ্যঃ পাবকোহত্র প্রাজ্ঞাপত্যশ্চরুঃ স্মৃতঃ।
ধরোত্তং কর্ম্ম সম্পাদ্য দদ্যাৎ পঞ্চাহতীর্বরঃ॥ ২৫৯
শিবং তৃর্বাং তথা বিষ্ণুং ব্রহ্মাণং বজ্রধারিণম্।
ধ্যাত্বৈকৈকং সমৃদ্দিশু জুল্মাৎ সংস্কৃতেহললে॥ ২৬০
ভার্যায়াঃ পাণিযুগলং গৃহ্মীয়াদিত্যদীরয়ন্।
পাণিং গৃহ্মাম স্কৃত্রে গুরুদেবরতা ভব।
গাহিস্থাং কর্ম্ম ধর্মেণ যথাবদুম্শীলয়॥ ২৬১

করিয়া পরম্পরের শুভদৃষ্টি করাইবেন। পরে যথাশক্তি জামাতাকে কাঞ্চন ও রত্ন দক্ষিণা দিয়া অচ্ছিদ্রাবধারণ করিবেন। পরে সেই রাত্রিতে বা তৎপরদিবসে বর ভার্যার সহিত একত্র হইয়া কুশন্তি-কোক্রবিধানাল্লসারে বহ্নিস্থাপন করিবেন। এই কুশন্তিকা-স্তলে গোল্পকনামক বহ্নি এবং প্রাজ্ঞাপত্যনামক চরু নির্দিষ্ট আছে। বর ধারাহোম পর্যান্ত সকল কার্য্য সম্পাদন করিয়া (নিম্নলিখিত্ত-প্রকারে) পঞ্চ আহুতি প্রদান করিয়া প্রত্যেকের উদ্দেশে এক এক ছাছতি সংস্কৃত হুতাশনে দিবেন। ২৫৫—২৬০। অনস্তর এই মন্ত্রপাঠ করত বর ভার্যার পাণির্গল গ্রহণ করিবেন;—"হে স্কৃত্রগে! আমি তোমার পাণিগ্রহণ করিতেছি; তুমি গুরুত্রকি ও দেবতা-ভক্তি-পরায়ণা হইয়া, ধর্মান্থসারে যথাবিধানে গৃহস্থ-কর্ম্ম আচরণ কর" (মন্ত্র যথা—পাণিং—শীল্মা)। হে শিবে! পরে বধু

স্থাতেন স্থামিদত্তেন লাজৈন্ত্ৰ ত্ৰোস্থাইতঃ শিবে।
প্ৰজাপতিং সমুদ্দিশ্য দ্যাদেবাহুতীৰ্ব্যুঃ ॥ ২৬২
প্ৰদক্ষিণীকতা বহ্নিমুখার ভাৰ্য্যায় সহ।
হুৰ্গাং শিবং রমাং বিষ্ণুং ব্ৰাক্ষীং ব্ৰহ্মাণমেৰ চ।
যুগাং যুগাং সমুদ্দিশ্য ত্ৰিপ্তিধা হবনং চরেৎ ॥ ২৬৩
অশ্মনগুলিকাদপ্তারোহো কুর্যাদমন্ত্রকম্।
নিশারাঞ্চেং তদা স্ত্রীভিঃ পশ্যেদ গ্রুবমক্ষরতীম্ ॥ ২৬৪
প্রত্যাবৃত্যাদনে সম্যপ্তপবিশ্য বরস্তদা।
স্থিটিকক্ষোমতঃ পূর্ণাহুত্যক্তেন সমাপ্রেৎ ॥ ২৬৫
ব্রাক্ষো বিবাহো বিহ্তো দোষ্টীনঃ স্বর্ণন্ত্রা।
কুলধর্মাক্রদারেন গোত্রভিন্নাদ্যপিগুরা॥ ২৬৬
ব্রাক্ষোদাহেন যা গ্রাহ্যা দৈব পত্নী গৃহেশ্বরী।
তদমুক্তাং বিনা ব্রাক্ষবিবাহং নাচরেৎ পুনঃ ॥ ২৬৭

স্বামিদত্ত স্থাত এবং লাভ্নত লাজ দারা প্রজাপতির উদ্দেশে চারিবার মাহুতি প্রদান করিবে। পরে বর, ভার্য্যার সহিত উথানপূর্ব্ধক মল্লি প্রদিশণ করিয়া, দুর্গা, লক্ষ্মী, শিব, বিষ্ণু, রাক্ষ্মী ও ব্রহ্মা
—ইহাঁদের যুগা যুগা উদ্দেশ করিয়া, অর্থাৎ প্রত্যেক দম্পতীর
উদ্দেশে তিন তিনবার করিয়া আছতি প্রদান করিবেন। অনন্তর
মন্ত্র পাঠ না করিয়া, শিলারোহণ ও সপ্তাপদী গমন করিবেন। যদি
বিবাহ-রাত্রিতেই কুশণ্ডিকা হয়, তাহা হইলে বর ও বধু, পুরন্ধীগণের
সহিত মিলিত হইয়া অরুন্ধতী দর্শন করিবেন। পরে বর প্রতিনির্ত্ত হইয়া, আদনে যথারীতি উপবেশনপূর্ক্ক স্বিষ্টিক্রৎ হোম অব্ধি
পূর্ণাহৃতি পর্যান্ত সকল কার্য্য সমাপন করিবেন। ২৬১—২৬৫।
ভিন্ন-গোত্রা অসপিণ্ডা স্বর্ণার সহিত কুল-ধর্মান্ত্রসারে বিহিত ব্রাক্ষ-

নবমোল্লাসঃ।

ভশ্যা অপত্যে তদ্বংশে বিজমানে কুলেশ্বরি।
শৈবান্তবান্তপত্যানি দায়ার্ছাণি ভবস্তি ন ॥ ২৬৮
শৈবান্তদন্তব্যাশ্বৈত লভেরন্ ধনভাজিনঃ।
যথাবিভবমাচ্ছাদ্যং গ্রাসঞ্চ পরমেশ্বরি ॥ ২৬৯
শৈবো বিবাহো দ্বিবিধঃ কুলচক্রে বিধীয়তে।
চক্রস্ত নিয়মেনৈকো দ্বিতীয়ো জীবনাবধিঃ ॥ ২৭০
চক্রান্তগ্রানসময়ে স্থগণৈঃ শক্তিসাধকৈঃ।
পরম্পরেচ্ছয়োদ্বাহং কুর্যাদ্বীরঃ সমাহিতঃ ॥ ২৭১
ভৈরবীবীরবৃন্দেষু স্বাভিপ্রায়ং নিবেদ্য়েও।
আব্য়োঃ শান্তবোদ্বাহে ভবদ্বিরন্তমন্ততাম্॥ ২৭২

বিবাহ নির্দোষ। যে ভার্যা। ব্রাহ্ম-বিবাহ দ্বারা পরিগৃহীত হয়, সেই ভার্যা। গৃহেশ্বরী হইয়া থাকে। এই পত্নীর অনুমতি ব্যতিরেকে কোনও ব্যক্তি পুনর্বার ব্রাহ্ম-বিবাহ করিতে পারিবে না। হে কুলেশ্বরি! ব্রাহ্মবিবাহে বিবাহিত পত্নীর গর্ভ-সন্তুত সন্তান অথবা তদ্বংশীয় কেহ বিভ্যমান থাকিতে, শৈববিবাহে বিবাহিত ভার্যার গর্ভজাত সন্তান ধনাধিকারী হইতে পারে না। হে পরমেশ্বরি! শৈববিবাহ দ্বারা বিবাহিত স্ত্রীর গর্ভজাত সন্তান অথবা তদ্বংশীয় সন্তানগণ, ধনাধিকারী ব্যক্তির নিকট হইতে, সম্পত্তি অনুসারে গ্রাসাচ্ছাদন প্রাপ্ত হইয়া থাকে। ২৬৬—১৬৯। শৈববিবাহ ত্ইপ্রকার। কুলচক্রেই এরূপ বিবাহ সম্পাদিত হইয়া থাকে। চক্রের নিয়্মান্মারে একপ্রকার এবং ধারজ্জীবনস্থায়ী দ্বিতীয়প্রকার। চক্রান্মন্তারে একপ্রকার এবং ধারজ্জীবনস্থায়ী দ্বিতীয়প্রকার। চক্রান্মন্তারর ইচ্ছাক্রমে বিবাহ করিবে। ভৈরবী ও বীরাচারিগণের নিকট শ্রীয় অভিপ্রায় নিবেদন করিবে,—"আমাদের উভয়ের শৈব-

তেষামন্থ্রামাদায় জপ্তা সপ্তাক্ষরং মন্ত্রম্।
অষ্টোত্তরশতাবৃত্ত্যা প্রণমেৎ কালিকাং পরাম্। ২৭৩
ততো বদেৎ তাং রমনীং কৌলানাং সন্নিধৌ শিবে।
অকৈতবেন চিত্তেন পতিভাবেন মাং রুণু ॥ ২৭৪
গন্ধপ্রপাক্ষতৈর্ভা সা কৌলা দয়িতং ততঃ।
স্থ্রান্দধানা দেবেশি করৌ দদ্যাৎ করোপরি॥ ২৭৫
ততোহভিষিঞ্চেক্রেশো মন্ত্রেণানেন দম্পতী।
তদা চক্রস্থিতাঃ কৌলা ব্রুয়ু স্বস্তীতি সাদরম্॥ ২৭৬
রাজরাজেশ্বরী কালী তারিণী ভুবনেশ্বরী।
বগলা কমলা নিত্যা যুবাং রক্ষন্ত ভৈরবী॥ ২৭৭
অভিষিঞ্জেল্বাদশ্বা মধুনা বার্য্যপার্থসা।
ততত্তে প্রণতে বিদ্বান্ প্রাব্যেদাগ্ ভবং রমাম্॥ ২৭৮

বিবাহ বিষয়ে আপনারা অনুমতি করণ।" তাঁহাদিগের অনুমতি গ্রহণপূর্বক, সপ্তাক্ষর মন্ত্র অর্থাৎ "পরমেশ্বরি স্বাহা" এই মন্ত্র এক-শত আটবার জপ করিয়া, পরমা কালিকাকে প্রণাম করিবে। হে শিবে! অনস্তর কৌলবর্গের নিকটে সেই রমণীকে বলিবেন যে, "আমাকে অকপট-চিত্ত্রে পতিভাবে বরণ কর।" হে দেবেশি! পরে কৌলা কামিনী, অতিশয় শ্রহ্মান্থিতা হইয়া, গদ্ধ পূপাও অক্ষত দ্বারা প্রিয়তম পতিকে বরণ করিয়া তাঁহার হস্তের উপর হস্ত প্রদান করিবে। অনস্তর চক্রেশ্বর, এই মন্ত্র দ্বারা সেই দম্পতীকে অভিষেক করিবেন। সেই সময়ে চক্রন্থিত সমুদায় বীরগণ আদর-সহকারে "স্বস্তি" এই বাক্য বলিবেন। ২৭০—২৭৬। "রাজরাক্ষেশ্বরী, কালী, তারিণী, ভূবনেশ্বরী, বগলা, কমলা, নিত্যা ও ভৈরবী—
ই'হারা তোমাদের উভয়কে রক্ষা কর্ফন (ইহা অর্থ; মন্ত্র ব্যা —

যদ্যদেশীক্বতং তত্র তাভ্যাং পালাং প্রযন্নতঃ।
শাস্তবাক্তবিধানেন কুলীনাভ্যাং কুলেশ্বরি ॥ ২৭৯
বয়োবর্ণবিচরোহর শৈবোদ্বাহে ন বিদ্যতে।
অসপিণ্ডাং ভর্তৃহীনামূদ্বহেচ্ছস্তু শাসনাং ॥ ২৮০
পরিণীতা শৈবধর্ম্মে চক্রনির্দ্ধারণেন যা।
অপত্যার্থী ঋতুং দৃষ্ট্বা চক্রাতীতে তু তাং ত্যঙ্গেৎ ॥ ২৮১
শৈবভার্যোদ্ভবাপত্যমন্ত্রলোমেন মাতৃবং।
সমাচরেদ্বিলোমেন তত্তু সামাক্তর্জাতিবং ॥ ২৮২
এষাং সন্ধরজাতীনাং সর্বত্ত পিতৃকর্মস্ত ।
ভোজ্য প্রদানং কৌলানাং ভোজনং বিহিতং ভবেং ॥ ২৮৩

রাজ—তৈরবী)।" এই মন্ত্র পাঠপুর্বাক মদ অথবা অর্ঘ্য-জল দ্বারা দাদশবার উভয়ের অভিষেক করিবেন। পরে দেই দম্পতী প্রণাম করিলে, জ্ঞানী চক্রেশ্বর, তাঁহাদিগকে বাগ্ ভব ও রমা অর্থাৎ "ঐংশ্রীং" এই বীজন্বয় প্রবণ করাইবেন। হে কুলেশ্বরি! দেই কুলীন দম্পতী দেই শৈব-বিবাহস্থলে যাহা অঙ্গীকার করিবেন, তাহা শিবাক্তবিধানামুসারে তাঁহাদিগকে যত্নপূর্বাক পালন করিতে হইবে। এই শৈব-বিবাহস্থলে বয়স ও বর্ণ-বিচার নাই। শস্তুর আদেশক্রমে ভর্তৃহীনা ও অসপিণ্ডা হইলেই বিবাহ করিবে। যে স্ত্রী শৈবধর্ম্মে চক্র-নিয়মামুসারে বিবাহিতা, সন্তানার্থী বীর ঋতুকাল দেখিয়া তাহাতে উপগত হইবে এবং চক্র-নির্ত্তি-কালে তাহাকে পরিভাগে করিতে পারিবেন। অন্থলোম-ক্রমে অর্থাৎ বর উচ্চজাতীয় ও কন্তা নীচ-জাতীয়া—এমন স্থলে ঐ কন্তার গর্ভন্ন সন্তান মাতার বে জাতি, দেই জাতিবৎ ব্যবহার করিবে। বিলোমক্রমে অর্থাৎ পাত্র নীচ-

নৃণাং স্বভাবজং দেবি প্রিয়ং ভোজন-মৈপুন্ম।
সংক্ষেপায় হিতার্থায় শৈবধর্মে নিরূপিতম্॥ ২৮৪
ভবরিগদিতং ব্স্থ নার্ম্নান্থসিন্ত হর্দ্ধিয়ঃ।
তেষাং কা গতিরীশান বিশেষাদ্বক্রুমুর্হিমি॥ ৪

অপর্ণা দেবী বর্ণাশ্রম-বিভেদে শৈব-ধর্ম প্রবণ করিয়া পরম প্রীতি সহকারে শঙ্করকে জিজ্ঞাসা করিলেন;—হে প্রভা! তুমি সর্ব্বজ্ঞ। লোক্যাত্রা-সিদ্ধির জন্ত তুমি ক্নপা করিয়া আমার নিকট বর্ণ এবং আশ্রমের আচার, ধর্ম ও সংস্কার—সমুদায় কহিলে। কলিকালের মন্থ্যগণ, হর্বকৃত্ত, কাম-ক্রোধাদি দ্বারা মূচ্চেতা, নাস্তিক, সংশ্যাপন ও সর্ব্বদা ইন্দিয়-স্থোভিলাষী। হে ঈশান! সেই সকল হর্বকৃদ্ধি লোকেরা তোমার কথিত পথের অনুষ্ঠান করিবে না; তাহা-দিগের গতি কি, বিশেষরূপে বল। ১—৪। শ্রীসদাশিব কহিলেন,

শ্রীসদাশিব উবাচ।

সাধু পৃষ্ঠিং স্বয়া দেবি লোকানাং হিতকারিণি।

তং জগজ্জননী হুর্গা জন্মসংসারমোচনী॥ ৫

ত্বমাদ্যা জগতাং ধাত্রী পালয়িত্রী পরাৎপরা।

ত্বরৈব ধার্যতে দেবি বিশ্বমেতচ্চরাচরম্॥ ৬

ত্বমেব পৃথী তং বারি তং বায়ত্বং হুতাশনঃ।

তং বিয়ৎ স্বমহক্ষারস্বং মহন্তত্বরূপিণী॥ ৭

ত্বমেব জীবো লোকেহস্মিংস্বং বিদ্যা পরদেবতা।

ইক্রিয়াণি মনো বৃদ্ধিবিশ্বেষাং তং গতিঃ স্থিতিঃ॥ ৮

ত্বমেব বেদাঃ প্রণবঃ স্মৃতয়স্বং হি সংহিতাঃ।

নিগমাগমতস্ত্রাণি সর্ক্ষশাস্ত্রময়ী শিবা॥ ৯

মহাকালী মহালক্ষীম হানীলসরস্বতী।

মহোদরী মহামায়া মহারৌজী মহেশ্বরী॥ ১০

[—]হে দেবি! হে লোকের হিতকারিণি! তুমি উত্তম প্রশ্ন করিয়াছ। তুমি জগতের জননী, জন্ম ও সংসার-বন্ধন-মোচনী গুর্গা। হে দেবি! তুমি আল্যা, জগতের ধাত্রী, পালম্বিত্রী ও পরাৎপরা। এই চরাচর বিশ্বকে তুমিই বিদ্যমান রাথিতেছ। তুমি পৃথিবী, তুমিই জল, তুমিই বায়ু, তুমিই হুতাশন, তুমি আকাশ, তুমি অহঙ্কার, তুমি মহত্তত্বরূপা। এই লোকে তুমিই সকল জীব, তুমি বিদ্যা, তুমি পরমদেবতা, তুমি ইন্দ্রিয়-সমুলায়, তুমি মন, তুমি বুদ্ধি, তুমি জগতের গতি ও স্থিতি। তুমিই বেদ সকল, তুমিই প্রণব, তুমি আগম, তুমি মহাভারতাদি সংহিতা-সমুলায়, তুমি নিগম, তুমি আগম, তুমি তত্ত্ব, (অধিক কি) তুমি সর্ব্বশাস্ত্রময়ী শিবা। তুমি মহাকালী, মহানীল-সরস্বতী, মহোদরী, মহামায়া, মহারোদ্রী এবং

मभर्याह्मामः।

সর্বজ্ঞা ত্বং জ্ঞানময়ী নাস্ত্যাবেদ্যং তবান্তিকে।
তথাপি পৃচ্ছদি প্রাজ্ঞে প্রীতয়ে কথয়ামি তে॥ ১১
দত্যমূক্তং ত্বয়া দেবি মনুজানাং বিচেষ্টিতম্।
জানস্তোহপি হিতং মন্তাঃ পাপৈরাক্ত স্থপ্রাইনঃ॥ ১২
নাচরিষ্যন্তি সদ্বর্ম হিতাহিতবহিষ্কৃতাঃ।
তেষাং নিশ্রেয়দার্থায় কর্ত্তব্যং য়ৎ তহ্চ্যতে॥ ১০
অনুষ্ঠানং নিষিদ্ধস্ত ত্যাগো বিহিতকর্মণঃ।
নৃশাং জনয়তঃ পাপং ক্রেশশোকাময়প্রাদম্॥ ১৪
স্থানিষ্টমাত্রজননাৎ পরানিষ্টোপপাদনাৎ।
তদেব পাপং দ্বিবিধং জানীহি কুলনায়িকে॥ ১৫
পরানিষ্টকরাৎ পাপান্মচাতে রাজশাসনাৎ।
অক্তপ্রান্চাতে মর্ত্যঃ প্রায়শ্চিত্তাৎ সমাধিনা॥ ১৬

মহেশ্বরী। তুমি দর্ব্বজ্ঞা, জ্ঞানময়ী, স্থৃতরাং তোমার নিকটে বলিবার কিছুই নাই। হে প্রাজ্ঞে! তথাপি তুমি যথন জিজ্ঞাদা করিতেছ, তথন তোমার প্রীতির নিমিত্ব বলিতেছি। হে দেবি! কলিযুগের মানবগণের আচরণ তুমি যথার্থরূপেই বলিয়াছ। তাহারা হিত বিষয় অবগত থাকিয়াও আশু স্থুপ্রদ পাপে মন্ত হইয়া হিতাহিত-বিবেচনা-শৃত্য হইয়া দৎপথের অন্থুগমন করিবে না। জ্ঞাহাদিগের মুক্তির নিমিত্ত বাহা কর্ত্বব্য, তাহা কথিত হইতেছে। ৫—১৩। নিষিদ্ধ-কর্ম্মের অন্থুগন এবং বিহিত-কর্মের ত্যাগ—এতত্ত্র মন্তব্যের হুংখ-শোক-রোগ-জনক পাপ জন্মাইয়া দেয়। হে কুলনায়িকে! এই পাপ দ্বিধ ;—একটি কেবল নিজের অনিষ্টজনক (মথা;—সন্ধ্যা আহ্নিক না করা ইত্যাদি) এবং অপরটি পরের অনিষ্টজনক (মথা;—ব্যা আ্লিক না করা ইত্যাদি) এবং অপরটি পরের অনিষ্টজনক (মথা;—ব্যা আ্লিক না করা ইত্যাদি) এবং আ্লিরা পরানিষ্টকর পাপ হইতে

প্রায়শ্চিন্ত্যাথবা দকৈর পৃতা যে ক্বতাংহসঃ।
নরকার নিবর্ত্তরে ইহামুত্র বিগহিন্তা: ॥ ১৭
তত্রাদৌ কথয়াম্যাদ্যে নৃপশাসননির্থম্।
যল্লজ্যনামহেশানি রাজা যাত্যধমাং গতিম্॥ ১৮
ভৃত্যান্ পুজ্রান্থদাসীনান্ প্রিয়ানপি তথাপ্রিয়ান্।
শাসনে চ তথা স্থায়ে সমদৃষ্ট্যাবলোকয়েৎ ॥ ১৯
ত্ময়ং চেৎ কৃতপাপঃ স্থাৎ পীড়য়েদকৃতাংহসঃ।
উপবাদৈশ্চ দানৈস্তান্ পরিতোষ্য বিশুধ্যতি ॥ ২০
বধার্ছং মন্থানাঃ স্বং কৃতপাপো নরাধিপঃ।
ত্যক্ত্রা রাজ্যং বনং প্রাপ্য তপসাত্মানমুদ্ধরেৎ ॥ ২১

মুক্তিলাভ করিতে পারে। প্রায়শ্চিত্ত ও সমাধি দ্বারা অন্তবিধ পাপ হাইতে মুক্ত হওয়া যায়। যে সকল পাপী প্রায়শ্চিত্ত বা রাজদণ্ড দ্বারা পবিত্র হয় নাই, তাহারা ইহলোকে নিন্দনীয় হইয়া পরলোকে নরক হইতে নির্ভ হয় না, অর্থাৎ চির-নরক-বাসী হয়। হে আদ্যে! প্রথমতঃ রাজশাসনের নির্ণয় বলিতেছি; হে মহেশ্বরি! রাজা যাহা লছ্মন করিলে অধমা গতি প্রাপ্ত হন। রাজা শাসনে ও ন্থায়ে ভ্তা, পুত্র, উদাসীন, প্রিয় বা অপ্রিয়—সকলকেই সমদৃষ্টি দ্বারা অবলোকন করিবেন। রাজা যদি শ্বয়ং পাপাচরণ করেন, তাহা হইলে উপবাস ও দান দ্বারা গুদ্ধি লাভ করিবেন। যদি রাজা নিরপরাধ ব্যক্তিকিগের দণ্ড দেন, তাহা হইলে দান দ্বারা সেই সকল নিরপরাধ ব্যক্তিকে পরিতৃষ্ট করিয়া উপবাস ও দান দ্বারা শুদ্ধ হইবেন। ১৪—২০। রাজা যদি এরূপ পাপ করেন যে, তদ্বারা আপনাকে আপনি বধার্হ বলিয়া বিবেচনা করেন, তাহা হইলে তিনি রাজ্য পরিত্যাগ পূর্বক বনে গমন করিয়া তপস্তা দ্বারা আপনাকে

শুরুদণ্ডং নৈব রাজা বিদধ্যাল্লবুপাপির ।
ন লঘুং শুরুপাপের বিনা হেতুং বিপর্যায়ে ॥ ২২
তিমিন্ বচ্ছাদনে শাস্তা অনেকোন্মার্গবর্ত্তিনঃ ।
পাপেভ্যো নির্ভয়ে শস্তো লঘুপাপে গুরুদ্দমঃ ॥ ২৩
সক্রংক্তাপরাধেন সত্রপে বহুমানিনি ।
পাপান্তীরো প্রশন্তঃ স্তাদ্গুরুপাপে লযুদ্দমঃ ॥ ২৪
সক্রাপরাধী কোলশ্চেদ্বাহ্মণো লঘুপাপকং ।
বহুমান্তোহপি দণ্ডাঃ স্যাদ্বচোভিরবনীভূতা ॥ ২৫
তারং দণ্ডং প্রদাদক বিচাধ্য সচিবৈঃ সহ ।
ধো ন কুর্যান্মহীপালঃ স মহাপাতকী ভবেং ॥ ২৬
ন ত্যজেং পিতরো পুলো ন ত্যজেয়ুর্পং প্রজাঃ ।
ন ত্যজেং স্থামিনং ভার্যা বিনা তানভিপাপিনঃ ॥ ২৭

উদ্ধার করিবেন। রাজা, বিপর্যায়ে অর্থাৎ বিশেষ কারণ বাতিরেকে গুরুপাপে লঘুদণ্ড অথবা লঘুপাপে গুরুদণ্ড করিবেন না। যাহাকে শাসন করিলে বহুসঙ্খা কুপথগামী ব্যক্তি শাসিত হইতে পারে, তাহার ও পাগভীতি-শৃত্য ব্যক্তির লঘু অপরাধে গুরুদণ্ড প্রশস্ত। একবার-মাত্র-কৃত অপরাধেই লজ্জাযুক্ত বহুমানী এবং পাপভীক ব্যক্তির গুরুপাপে লঘুদণ্ডই প্রশস্ত হইবে। যদি বহুমাত্য কোল ব্যক্তি অল্প অপরাধে অপরাধী হন, বা তাদৃশ ব্রাহ্মণ লঘুপাপ করেন, তাহা হইলে রাজা তাঁহাদিগেরও বাগদণ্ড করিবেন। যে রাজা অমাত্যবর্গের সহিত বিচারপূর্ব্বক তায়দণ্ড ও পুরস্কার না করেন, তিনি মহাপাতকী হন। পুত্র, পিতা মাতাকে তাগা করিবে না; প্রজাবর্গ রাজাকে ত্যাগ করিবে না, এবং বিনয়সম্পন্না ভার্যা ভর্তাকে পরিত্যাগ করিবে না;—তাহারা অতিপাতকী হইলেই

রাজ্যং ধনং জীবনঞ্চ ধার্ম্মিকস্ত মহীপতেঃ।
সংরক্ষেয়ুঃ প্রজা যদ্মৈরস্তথা যাস্ত্যধোগতিম্॥ ২৮
মাতরং ভগিনীঞ্চাপি তথা ছহিতরং শিবে।
গস্তারো জ্ঞানতো যে চ মহাগুরুনিঘাতকাঃ॥ ২৯
কুলধর্মং সমাপ্রিত্য পুনস্ত্যক্তকুলক্রিয়াঃ।
বিশ্বাস্থাতিনো লোকা অতিপাতকিনঃ স্মৃতাঃ॥ ৩০
মাতাপিতৃষস্কস্তরং স্বাং শ্বন্ধং গুরুস্তিয়ম্।
পিতামহস্ত বনিতাং তথা মাতামহস্ত চ॥ ৩১
মাতরং ভগিনীং কল্তাং গছতো নিধনং দমঃ।
তাস্যমপি সকামানাং তদেব বিহিতং শিবে॥ ৩২
পিত্রোক্রাতুঃ স্কৃতাং জায়াং ক্রাতুঃ পত্নীং স্কৃতামপি।
ভাগিনেয়ীং প্রভাঃ পত্নীং তনয়াঞ্চ কুমারিকাম্।
গছতাং পাপিনাং লিঙ্গছেদো দণ্ডো বিধীয়তে॥ ৩০

পরিত্যাজ্য। প্রজাগণ যত্নপূর্বক ধার্মিক রাজার রাজ্য, ধন ও জীবন রক্ষা করিবে। অন্তথা অর্থাৎ রক্ষা না করিলে অধাগতি প্রাপ্ত হইবে। ২১—২৮। হে শিবে! যাহারা জ্ঞানপূর্বক মাতা, ভগিনী বা কন্তা-গমনকারী কিংবা মহাগুরু-হত্যাকারী অথবা কুলধর্ম্ম আশ্রম করিয়া পুনর্ব্বার কুলক্রিয়ার অনুষ্ঠান-পরিত্যাগকারী এবং বিশ্বাসঘাতক লোক, তাহারা অতিপাতকী। হে শিবে! মাতা, ভগিনী বা কন্তা-গমনকারীর মৃত্যুদণ্ড বিহিত; ঐ কার্য্যে ইচ্ছাবতী মাতা, ভগিনী বা কন্তারও সেই দণ্ড। বিমাতা, পিতৃষদা, পুত্রবধূ, শ্রশ্ম, গুরুপত্নী, পিতামহী, মাতামহী, পিতৃব্যক্তা, মাতুলকন্তা, পিতৃব্যপত্নী, ল্রাভৃপত্নী, ল্রাভৃকন্তা, ভাগিনেয়পত্নী, প্রভৃপত্নী, প্রভৃকন্তা বা কুমারী-গমনকারী পাপীদিগের লিকচ্ছেদ দণ্ড বিহিত হইয়াছে।

আসামপি সঞ্চামনি দেখা নাসানিক স্তন ম্।
গৃহানির্যাপণকৈব পাপাদমাছিমুক্তয়ে॥ ৩৪
সপিওদারতনয়াঃ স্তিয়ং বিশ্বাদিনামপি।
সর্বস্বহরণং কেশবপনং গচ্ছতো দমঃ॥ ৩৫
স্তীভিরেতাভিরক্তানান্তবেৎ পরিণয়ো যদি।
ব্রাক্ষেণ বাপি শৈবেন জ্ঞাতা তাস্তৎক্ষণং ত্যজেৎ॥ ৩৬
সবর্ণদারান্ যো গচ্ছেদমূলোমপরস্তিয়ম্।
দমস্তম্ম ধনাদানং মাদৈকং কণভোজনম্॥ ৩৭
রাজন্তবৈশ্ব শুদ্রাণাং সামাঝানাং বরাননে।
ব্রাক্ষণিং গচ্ছতাং ক্রানাল্লিক্সচ্ছেদো দমঃ স্মৃতঃ॥ ৩৮

হন্ধার্য্যে স্পৃহাযুক্ত ঐ সকল কামিনীদিগের এই পাপ হইতে মোচনের নিমিন্ত নাসিকাচ্ছেদন এবং গৃহ হইতে বহিন্ধরণই দণ্ড। সপিণ্ডের পত্নী বা কল্যাগামী, এবং বিশ্বাদী লোকের পত্নী-গমনকারীর সর্বস্থ-হরণ ও মন্তক-মুগুনই দণ্ড। যদি অজ্ঞান বশতং পূর্ব্বোক্ত কোন নারীর সহিত রাহ্ম বা শৈব-পদ্ধতি অনুসারে বিবাহ হয়, তাহা হইলে (এই অকার্যা) জানিয়া তৎক্ষণাৎ সেই স্ত্রীকে পরিত্যাগ করিবে। ২৯—৩৬। যে ব্যক্তি সজাতীয় পরপ্রত্রীতে গমন করিবে, অথবা যে ব্যক্তি আপন অপেক্ষা হীনজাতীয় পরস্ত্রীতে অর্থাৎ চাণ্ডালাদি অপরুষ্টজাতি ভিন্ন হীনবর্ণ পরস্ত্রীতে গমন করিবে, তাহার দণ্ড যথা-সম্ভব ধনগ্রহণ ও একমাস কণভোজন। হে বরাননে! জ্ঞানপূর্ব্বক ব্যহ্মণী-গমনকারী ক্ষত্রিয়, বৈশ্র বা সামান্ত জাতির লিঙ্গছেদনরূপ দণ্ড শৃত হইয়াছে। রাজা, ঐ কর্মে ইচ্ছাযুক্তা ঐ ব্যহ্মণীকে বিকৃত্তা অর্থাৎ অরহান করিয়া, দেশ হইতে বহিন্ধত করিবেন; এবং যাহারা

বান্দণীং বিক্কতাং কৃত্বা দেশীরির্ঘাপীয়ের পঃ।
বীরস্ত্রীগামিনাং তাসামেবমেব দমো বিধিঃ। ৩৯
ছরাত্মা যস্ত রমতে প্রতিলোমপরস্ত্রিয়া।
দশুক্তপ্র ধনাদানং ত্রিমাসং কণভোজনম্। ৪০
দকামায়াঃ স্ত্রিয়াশ্চাপি দশুক্তদ্ববিধীয়তে।
বলাৎকারগতা ভার্য্যা ত্যাজ্যা পাল্যা ভবেচ্ছিবে। ৪৯
ব্রান্দ্রী ভার্যাথবা শৈবী কামতো বাপ্যকামতঃ।
দর্ব্বধা হি পরিত্যাজ্যা স্থাচ্চেৎ পরগতা দক্রং॥ ৪২
গচ্ছতাং বারনারীষু গবাদিপশুযোনিষু।
শুদ্ধিভবিতি দেবেশি ত্রিরাত্রং কণভোজনাং। ৪৩
গচ্ছতাং কামতঃ পুংদঃ স্তিয়াঃ পায়ুং ছরাত্রনাম্।
বর্ধ এব বিধাতব্যো ভূভ্তা শশুশাদনাং॥ ৪৪

বীরাচারীদিগের পত্নী গমন করে, তাহাদিগের লিম্বচ্ছেদ ও কুক্রিয়াদক্ত বীরপত্নীদিগকে বিক্বত করিয়া দেশ হইতে বহিষ্কৃত করিবেন—
ইহাই দণ্ড। যে হুরাত্মা প্রতিলোম অর্থাৎ উচ্চজাতীয় পরস্ত্রীর
সহিত কুক্রিয়াদক্ত হয়, তাহার সর্বস্থ-হরণ, তিন মাদ কণভোজনই
দণ্ড। দকামা ঐ দকল রম্বনীরও ঐরপ দণ্ড হইবে। হে শিবে!
যদি ভার্যাকে মতে বলাৎকার করে, তাহা হইলে, স্বামী ঐ ভার্যাকে
পরিত্যাগ করিবে বটে; কিন্তু তাহার ভরণ-পোষণ করিতে হইবে।
ব্রাহ্মীভার্যা বা শৈবীভার্যা ইচ্ছাপুর্বক হউক বা অনিচ্ছাপুর্বক
হউক, যদি একবার পরপুরুষ-গতা হয়, তাহা হইলে দে সর্ব্বথা
ত্যাগ্রোগ্যা ইইবে। হে দেবেশি! বারাঙ্গনা বা গো-প্রভৃতি পশুরোনিতে গমন-কারীদিগের ত্রিরাত্র কণভোজনে শুদ্ধি হয়।৩৭—৩৪।
যে দকল হুরাত্মা, স্ত্রীলোকের শুহ্দেশে গমন করে, শস্কুশাদন-ক্রম্নে

বলাৎকারেণ যো গচ্ছেদিপ চাণ্ডালঘোষিতম্।
বধস্তস্ত বিধাতব্যা ন ক্ষন্তব্যঃ কদাপি সঃ॥ ৪৫
পরিণীতাস্ত যা নার্য্যো ব্রাক্মৈর্বা শৈববন্ম ভিঃ।
ভা এব দারা বিজ্ঞেয়া অস্তাঃ সর্ব্বাঃ পরস্তিয়ঃ॥ ৪৬
কামাৎ পরস্তিয়ং পশুন্ রহঃ সন্তাষয়ন্ ম্পৃশন্।
পরিষজ্যোপবাদেন বিশুধ্যেদ্ দ্বিশুণক্রমাং॥ ৪৭
কুর্বস্তোবং সকামা যা পরপুংসা কুলাঙ্গনা।
উক্তোপবাসবিধিনা স্বাস্থানং পরিশোধ্যেৎ॥ ৪৮

রাঙ্গা তাহাদিগের বধদণ্ড করিবেন। যদি কোন ব্যক্তি বলাৎকার ছারা চাণ্ডালকস্থাও গমন করে, তাহা হইলে তাহার বধ দণ্ড করিবে (বলাৎকার-স্থলে নীচজাতীয়া বলিয়া কদাপি কর্তাকে ক্ষমা করিবে না)। যে সকল কন্থা, ব্রাহ্ম-বিবাহ ছারা বা শৈব-বিবাহ ছারা পরিণীতা হইয়াছে, তাহারাই ভার্যা; তদ্ভিন্ন সমুদায় স্ত্রীই পরস্ত্রী। যে ব্যক্তি সকাম হইয়া পরস্ত্রী দর্শন করিবে, সে একদিন উপবাস করিয়া গুদ্ধিলাভ করিতে পারিবে। যে ব্যক্তি সকাম হইয়া পরস্ত্রীর সহিত নির্জ্জনে আলাপ করিবে, সেই ব্যক্তি তুই দিন উপবাস করিয়া, ষে ব্যক্তি পরস্ত্রী স্পর্শ করিবে, সেই ব্যক্তি চারি দিন উপবাস করিয়া এবং যে ব্যক্তি পরস্ত্রীকে আলিঙ্গন করিবে, সেই ব্যক্তি চারি দিন উপবাস করিয়া এবং যে ব্যক্তি পরস্ত্রীকে আলিঙ্গন করিবে, সেই ব্যক্তি চারি দিন উপবাস করিয়া এবং যে ব্যক্তি পরস্ত্রীকে আলিঙ্গন করিবে। যে কুলাঙ্গনা সকাম হইয়া, পরপুরুষের সহিত ঐরপ করে, সে কথিত উপবাস-বিধি অনুসারে (অর্থাৎ যে কার্যো যেরূপ উপবাস উক্ত হইয়াছে, যথা; — দর্শনে এক দিন, কথোপকথনে তুই দিন ইত্যাদি,—তদমুসারে) আপনাকে গুদ্ধ করিতে পারিবে। স্ত্রী-লোকের প্রতি কুৎসিত-

ক্রবন্ধনাং বচঃ স্ত্রীষ্ পশ্চন্ শুহং পরস্তিরাঃ।

হসন্ শুরুতরং মর্ত্রাঃ গুধোদ্ দ্বিরুপবাসতঃ॥ ৪৯
দর্শরন্ নগ্নমাত্মানং কুর্মন্ নগ্নং তথাপরম্।
ক্রিরাক্রমশনং ত্যক্ত্রা গুল্লো ভবতি মানবঃ॥ ৫০
পদ্যাঃ পরাভিগমনং প্রমাণয়তি চেৎ পতিঃ।
নৃপন্তদা তাং তজ্জারং শাস্তাচ্ছাস্ত্রান্থসারতঃ॥ ৫১
প্রমাণে ষম্ভাশক্তঃ স্তাদ্দিয়িভোপপতেঃ পতিঃ।
ত্যক্ত্রা তাং পোষ্যেদ্ গ্রানৈন্তিঠেচেৎ পতিশাসনে॥ ৫২
রমমাণাম্পপতৌ পশ্তন্ পদ্মাং পতিস্তদা।
নিম্ন্ বনিতয়া জারং বধার্হো নৈব ভূভ্তঃ॥ ৫৩
ভর্কুনিবারণং যত্র গমনে যেন ভাষণে।
প্রয়াণাদ্যাধাণাৎ তত্র ত্যাগার্হা স্তাৎ কুলাঙ্কনা॥ ৫৪

বাক্য প্রয়োগ করিলে, স্ত্রীলোকের গোপনীয় স্থান অবলোকন করিলে, স্ত্রীলোক দেখিয়া শুদ্ধতর হাস্ত করিলে, ছই দিন উপবাস দারা শুদ্ধিলাভ করিবে। যে ব্যক্তি আপনাকে নশ্প দর্শন করায় এবং যে ব্যক্তি পরকে নশ্প করে, ভাহারা ত্রিরাত্র আহার পরিত্যাগ করিয়া শুদ্ধ হইবে। ৪৪—৫০। যদি পতি নিজপত্মীর পরপুক্ষ-সংসর্গ প্রমাণ করিতে পারে, ভাহা হইলে রাজ্ঞা সেই ব্যভিচারিণী স্ত্রীকে এবং ভাহার উপপতিকে শাস্ত্রান্থসারে শাসন করিবেন। যদি আমী.পত্মীর উপপতি-সংসর্গ প্রমাণ করিয়া দিতে অসমর্থ হয়, ভাহা হইলে সেই স্ত্রীকে পরিত্যাগ করিয়া ভরণ-পোষণ করিবে—যদি ঐ স্ত্রী পতির আদেশে অবস্থিতি করে। স্থামী পত্নীকে উপপতিতে রভ দেখিয়া তৎক্ষণাৎ স্ত্রীর স্থিত উপপতিকে বিনষ্ট করিলে রাজার নিকট বধার্ছ হইবে না, অর্থাৎ রাজা ভাহার কোন দণ্ড করিবেন না।

মৃতে পতো স্বধর্শে পতিবন্ধবশে স্থিতা।
অভাবে পিতৃবন্ধুনাং তিষ্ঠন্তী দায়মইতি ॥ ৫৫
ছির্ভোজনং পরারঞ্চ মৈধুনামিষভূষণন্।
পর্যান্ধং রক্তবাদশ্চ বিধবা পরিবর্জ্জন্থে ॥ ৫৬
নাঙ্গমুদ্বর্তিয়েছাদৈগ্রাম্যালাপমপি ত্যজেং।
দেবব্রতা নয়েং কালং বৈধব্যং ধর্মমাশ্রিতা ॥ ৫৭
ন বিশ্বতে পিতা যস্ত শিশোর্মাতা পিতামহং।
নিয়তং পালনে তম্ত মাতৃবন্ধঃ প্রশস্ততে ॥ ৫৮
মাতুর্পাতা পিতা ভ্রাতা মাতৃত্রাত্থং স্থতান্তথা।
মাতুঃ পিতৃঃ সোদরাশ্চ বিজ্ঞো মাতৃবান্ধবাং ॥ ৫৯

যেথানে গমন করিতে বা যাহার সহিত কথা কহিতে ভর্তার নিষেধ থাকে, কুলকামিনী সেই স্থানে গমন বা তাহার দহিত সম্ভাষণ করিলে ভর্তার পরিত্যাজা। স্থামীর মৃত্যু হইলে পতিবন্ধনিগর অথবা পতিবন্ধর অভাবে পিতৃকুলের বশে থাকিয়া নিজ ধর্ম পালন করিলে, স্থামীর সমুদায় সম্পত্তি প্রাপ্ত হইবে। বিধবা ছই বার ভোজন, পরায় ভোজন, মৈথুন, আমিষ ভোজন, ভূষণ, পর্যাক্ষেশয়ন ও রক্তবন্ত্র পরিধান পরিত্যাগ করিবে। বৈধব্যধর্ম অবলম্বন-পূর্বক স্থান্ধি দ্রব্য দ্বারা গাত্র উদ্বর্তন করিবে না, গ্রাম্য আলাপ পরিত্যাগ করিবে; দর্বদা দেবপূজা-নিরতা হইয়া কালক্ষেপ করিবে। ১—৫৭। যে বালকের পিতা, মাতা বা পিতামহ নাই, মাতৃকুলে মাতৃবন্ধু তাহার পালনবিষয়ে নিয়ক প্রশস্ত হইতেছে। মাতামহী, মাতামহ, মাতৃল, মাতৃলপুত্র এবং মাতামহ-সহোদর মাতৃবন্ধু বলিয়া জ্ঞাতব্য। পিতামহী, পিতামহ, পিতৃব্য, পিতৃব্যপুত্র, পৈতৃম্বদেশ

পিতৃথাতা পিতা ভ্রাতা পিতৃভ্রাতৃ: শ্বন্থ: শ্বতা:।
পিতৃ: পিতৃ: সোদরাশ্চ বিজেয়া: পিতৃবাদ্ধবা:॥ ৬০
পতৃয়ালাতা পিতা ভ্রাতা পতৃয়ভর্যাতৃ: শ্বন্থ: শ্বতা:।
পত্য: পিতৃ: সোদরাশ্চ বিজেয়া: পতিবাদ্ধবা:॥ ৬০
পিত্রে মাত্রে পিতৃ: পিত্রে পিতামহাৈ তথা স্তিইয়ে।
তাযোগ্যস্থনবে প্রেহীনমাতামহায় চ॥ ৬২
মাতামহাৈ দরিজেতা এতা। বাসস্তথাশনম্।
দাপয়েয়্পতি: প্ংসা যথাবিভবমন্ধিকে॥ ৬০
ছার্লাচাং কথয়ন্ পত্মীমেকাহমশনং তাজেও।
জাহং সন্তাড়য়ন্ রক্তং পাতয়ন্ সপ্তবাসরান্॥ ৬৪
কোধালা মোহতো ভার্যাং মাতরং ভগিনীং স্বতাম্।
বলয়্পোয্য সপ্তাহং বিশুধোচ্ছিবশাসনাৎ॥ ৬৫
যতেনোলাহিতাং ক্যাং কালাতীতেহপি পার্থিব:।
ভানয়ুলাহয়েদভূয়ো বিধিরেষ শিবোদিতঃ॥ ৬৬

এবং পিতামহসহোণর পিতৃবন্ধ বলিয়া জাতবা। শ্বশ্র, শশুর, দেবর, দেবরপুত্র, ভর্ত্-ভগিনীপুত্র এবং শশুর-সোদর পতিবান্ধব বলিয়া জাতবা। পিতা, মাতা, পিতামহ, পিতামহী, পত্নী, অঘোগ্যপুত্র কিংবা মাতামহ, মাতামহী,—ইহারা দরিদ্র হইলে রাজা বিভব অমু-সারে ইহাদিগকে অরবস্ত্র দেওয়াইবেন। নিজ পত্নীকে ত্র্বাক্য বলিলে একদিন, পত্নীকে প্রহার করিয়া পত্নীর রক্তপাত করিলে সপ্তরাত্র ভোজন ত্যাগ করিবে। ক্রোধ বা মোহ বশতঃ ভার্যাকে মাতা কিংবা ভগিনী বা কল্পা বলিলে সপ্তরাত্র উপবাস করিয়া শিবের আজ্ঞা-প্রভাবে গুদ্ধি লাভ করিবে। ক্রা নপুংসক-কর্ত্ব পরিনীভা হইয়াছে—বহুকাল অতীত হইলেও

পরিণীতা ন রমিতা কন্তকা বিধবা ভবেং।
সাপ্যদ্বাহা পুন: পিত্রা শৈবধর্মেম্বরং বিধি: ॥ ৬৭
উদ্বাহাদ্বাদশে পক্ষে পতান্তাল্গতহায়নে।
প্রস্তে তনয়ং যোগাং ন সা পত্নী ন বা সূতঃ। ৬৮
আ গর্ভাং পঞ্চমাসান্তর্গর্ভং বা প্রাবয়েদ্বিয়া।
তমুপায়কৃতং তাঞ্চ যাতয়েং তীব্রতাড়নৈ: ॥ ৬৯
পঞ্চমাৎ পরতো মাসাদ্ যা স্ত্রী ক্রনং প্রপাতয়েং।
তৎপ্রয়োক্তৃশ্ব তন্তাশ্ব পাতকং স্তাম্বোদ্বেম্॥ ৭০
যো হন্তি জ্ঞানতো মর্ত্রাং মানবঃ ক্রেরচেষ্টিতঃ।
বধস্তশ্ত বিধাতবাঃ সর্বাথা ধরণীত্বা॥ ৭১

তাহা জানিতে পারিলে, রাজা পুনর্বার সেই কন্সার বিবাহ দেওয়াইবেন—ইহা শিবোদত বিধি। যদি কন্সা পরিণীতা হইয়া পতিসহবাসের পুর্বের বিধবা হয়, তাহা হইলে তাহার পিতা তাহার পুনর্বার বিবাহ দিবে,— শৈবধর্মে এইরপ বিধি আছে। ৫৮—৬৭।
বিবাহের পর হাদশ পক্ষে অর্থাৎ ছয় মাসে অথবা স্বামীর মৃত্যুর এক
বৎসর পরে যে নারী যে পরিপুষ্ট সন্থান প্রসব করে, উক্ত স্বামীর
সে নারী—পত্নীও নহে, সে প্র—পুত্রও নহে। গর্ভাধান অবিধ
পঞ্চম মাসের মধ্যে যে নারী জ্ঞানপূর্বেক গর্ভপ্রাব করিবে, সেই
নারীকে এবং যে ব্যক্তি সেই গর্ভপাতের উপায় করিয়া দেয়, তাহাকে
রাজা তীত্র তাড়ন হারা যন্ত্রণাযুক্ত করিবেন। পঞ্চম মাসের পর ধে
নারী পর্ভপাতন করিবে, তাহার এবং যে ব্যক্তি তাহার উপায়
করিয়া দিবে, তাহার বধজনিত পাতক হইবে। যে ক্রুরকর্মা মন্ত্র্যা
জ্ঞানপূর্বক নরহত্যা করে, রাজা তাহার অবশ্য বধ্যও করিবেন।

প্রমাদাদ্ শ্রমতোহজ্ঞানাদ্ দ্বস্তং নরমরিক্দমঃ।

দ্রবিণাদানতন্তীব্রতাড়নৈস্তং বিশোধয়েৎ। ৭২

স্বতো বা পরতো বাপি বধোপায়ং প্রকুর্বক্তঃ।

জ্ঞানবিধনাং দণ্ডো বিহিতস্তক্ত পাপিনঃ। ৭৩

মিথঃ সংগ্রামযোদ্ধারমাততায়িনমাগতম্।

নিহত্য পরমেশানি ন পাপার্হো ভবেন্নরঃ॥ ৭৪

স্পাচ্চেদে বিধাতবাং ভূভ্তাঙ্গনিক্তনম্।

প্রহারে চ প্রহরণং নৃষু পাপং চিকীযুর্মু॥ ৭৫

বিপ্রান্ গুরুনবগুরেৎ প্রহরেদ্যো হরাসদঃ।

ধনাদানাদ্ধস্তদাহাৎ ক্রমতন্তং বিশোধয়েৎ॥ ৭৬

শস্তাদিক্ষতকায়শ্ত ষ্ণাদাৎ পরতো মৃতৌ।

প্রহর্তা দণ্ডনীয়ঃ স্তাদ্বধার্হোন হি ভূভ্তঃ॥ ৭৭

প্রমাদ বা ভ্রম-বশতঃ অজ্ঞান-পূর্ব্বক মন্থয়-হত্যাকারী ব্যক্তিকে অরিন্দম রাজা অর্থগ্রহণ এবং কঠিন তাড়না দ্বারা শুদ্ধ করিবেন। যে ব্যরং বা অন্ত দ্বারা অন্তের ব্যোপায় করে, সেই পাপীর—অজ্ঞান-পূর্ব্বক নর-ঘাতকদিগের যে দণ্ড বিহিত আছে,—সেই দণ্ড হইবে। হে পরমেশ্বরি! পরস্পর যুদ্ধ করিতেছে — তাহার মধ্যে এক জনকে একজন মারিলে বা আততায়ী ব্যক্তিকে মারিলে ঘাতক-মন্থ্য পাপ-ভাগী হইবে না। পাপ করিতে ইচ্ছুক ব্যক্তি অন্তের অঙ্গছেদ করিলে রাজা তাহার অঙ্গছেদন ও অন্তকে প্রহার করিলে রাজা তাহাকে প্রহার করিবেন। ৬৮—৭৫। যে পাপাত্মা ব্যক্তি ব্যাহ্মণের প্রতি বা গুরুর প্রতি প্রহারের জন্ত দণ্ড প্রভৃতি উত্তোলন করিবে, রাজা যথাক্রমে তাহার ধনসম্পত্তি গ্রহণ এবং হন্তু-দাহ দ্বারা বিশুদ্ধ করিবেন অর্থাৎ প্রহার জন্ত দণ্ড-প্রভৃতি উত্তোলিত

धकानत्भाद्यामः।

রাষ্ট্রবিপ্লাবিনো রাজ্যং জিহীর্ নৃপবৈরিণান্।
রহো হিতৈষিণো ভ্তান্ ভেদকান্ নৃপদৈন্তরোঃ ॥ ৭৮
যোদ্ধ মিচ্ছু: প্রজা রাজ্ঞা শস্ত্রিণঃ পাস্থপীড়কান্।
হত্বা নরপতিন্তেতান্ নৈব কিবিষভাগ্ ভবেৎ ॥ ৭৯
যো হত্যান্মানবং ভর্ত্তর্রাজ্ঞয়াপরিহার্যায়া।
ভর্ত্তরেব বদন্তত্র প্রহর্ত্তর্রা শিবাজ্ঞয়া ॥ ৮০
অষত্বপুংসঃ পশুনা শস্ত্রৈর্বা ত্রিয়তে নরঃ।
ধনদণ্ডেন বা কায়দমেনান্ত বিশোধনম্॥ ৮১
বহিন্দ্র্থান্ নূপাজ্ঞান্থ নূপাত্রে প্রোট্রাদিনঃ।
দ্যকান্ কুলধর্মাণাং শান্তাজাঞ্জা বিগহিতান্॥ ৮২

করিলে ধন-সম্পত্তি গ্রহণ এবং প্রহার করিলে হস্ত-দাহ করিবেন।
শস্ত্রাদি দ্বারা ক্ষত-শরীর ব্যক্তির ছয় মাসের পর মৃত্যু হইলে প্রহারকর্ত্তা দণ্ডনীয় হইবে বটে, কিন্তু বধাহ হইবে না। রাজ্য-বিপ্লাবক,
রাজ্যহরণে অভিলাষী, গোপনে রাজ-শত্রুদিগের হিতাকাজ্জী, রাজার
সহিত দৈন্তের ভেদকারী, রাজার সহিত যুদ্ধ করিতে অভিলাষী প্রজা
ও শস্ত্রধারী হইয়া পথিকদিগের পীড়ক,—এই সকল ব্যক্তিকে রাজা
বিনাশ করিলে পাপভাগী হইবেন না। যে ব্যক্তি প্রভুর অলজ্যনীয়
আজ্ঞান্ত্রসারে নরহত্যা করিবে, সেই স্থলে ঐ ব্যক্তির প্রভুরই বধদও
হইবে; সেই প্রহারকর্ত্তার বধদও হইবে না। অসাবধান পুরুষের
অস্ত্র দ্বারা বা পশু দ্বারা অপরের মৃত্যু হইলে, অর্থদণ্ড দ্বারা তাহার
বিশেষরূপে গুদ্ধি লাভ হইবে। রাজার আজ্ঞা-পালনে প্রাশ্র্যুধ,
রাজার সম্মুধে প্রোঢ্বাদ-কারী, কুলধর্ম-দূষক,—এই সকল গহিত
ব্যক্তিকে রাঙ্গা শাসন করিবেন। ৭৬—৮২। গজ্ভিত-ধনাপহারী,

স্থাপ্যাপহারিণং ক্রুবং বঞ্চকং ভেদকারিণম্।
বিবাদয়ন্তং লোকাংশ্চ দেশান্নির্যাপয়ের পাঃ ॥৮০
শুলেন কন্তাং দাতুংশ্চ পুলুং মতে প্রযক্ততঃ।
দেশানির্যাপয়েজাজা পতিতান্ ছক্কতাত্মনঃ ॥৮৪
মিথ্যাপবাদব্যাজেন পরানিষ্ঠং চিকীর্মবঃ।
যথাপরাধং তে শাস্তা ধর্মজেন মহীভূতা॥৮৫
যো যৎপরিমিতানিষ্ঠং কুর্যাৎ তৎসন্মিতং ধনম্।
নূপতির্দাপয়েৎ তেন জনায়ানিষ্ঠভাগিনে॥৮৬
মণি-মুক্তা-হিরণ্যাদি-ধাতূনাং স্তেয়কারিণঃ।
করন্ত বাচ্বোশ্ছেদং বা কুর্যাান্ল্যং বিচারয়ন্॥৮৭
মহিষাশ্বগবাদীনাং রত্নাদীনাং তথা শিশোঃ।
বলেনাপভ্তাং নূণাং স্তেয়িবদ্বিতিতো দমঃ॥৮৮

ক্রুর, বঞ্চক, ভেদক এবং লোকদিগের পরস্পার বিবাদ বাধাইয়া দিতে তৎপর,—ইহাদিগকে রাজা দেশ হইতে বহিষ্কৃত করিবেন। যাহারা শুল্ক গ্রহণপূর্ব্ধক কল্লা ও নপুংসককে পুত্র দান করে, বাজা সেই পাপাত্মাদিগকে এবং পতিতদিগকেও দেশ হইতে বহিষ্কৃত করিবেন। মিধ্যাপবাদছলে পরের অনিষ্ঠাচরণ করিতে অভিলাষী ব্যক্তিগণ, ধর্মজ্ঞ রাজা কর্ত্বক, অপবাদ অমুসারে দশুনীয় হইবে। যে ব্যক্তি যে পরিমাণে অনিষ্ঠ করিবে, তাহার সেই পরিমাণে অর্থদণ্ড করিয়া অনিষ্ঠভাগী ব্যক্তিকে রাজা তাহা প্রদান করাইবেন। মণি, মুক্তা বা স্কবর্ণ প্রভৃতি ধাতুর মূল্য বিচার করিয়া চৌরের হস্ত বা বাছদ্বয় ছেদন করিয়া দিবেন। যাহারা বলপুর্ব্বক মহিষ, অশ্ব, গো প্রভৃতি পশু, রত্নাদি বা শিশু-সন্তান অপহরণ করে, তাহাদিগের চোরের ল্যায় দণ্ড বিহিত্ত হইয়াছে। জন্ম

জন্ননামন্ত্রমূল্যন্থ বস্তুন: তেন্ত্রিনাং নূপ।
বিশোধ্যেৎ তং পক্ষৈকং সপ্তাহং বাশন্ত্রন্ কণ্ম্॥ ৮৯
বিশ্বাস্থাতকে পুংসি কৃত্য্নে স্কুরবন্দিতে।
যক্ত্রৈ তৈন্তপোদানৈঃ প্রায়ন্চিত্ত্রন নিস্কৃতিঃ॥ ৯০
যে কৃট্যাক্ষিণো মর্ত্যা মধ্যস্থাঃ পক্ষপাতিনঃ।
শান্তাত্তান্ত্রদণ্ডেন দেশান্নির্যাপয়েন্নু পঃ॥ ৯১
ষট্ সাক্ষিণঃ প্রমাণং স্ত্যুক্তর্ত্ত্রম্বর এব বা।
অভাবে দ্বাবলি শিবে প্রসিদ্ধৌ যদি ধার্ম্মিকৌ॥ ৯২
দেশতঃ কালতো বাপি তথা বিষয়তঃ প্রিয়ে।
পরম্পরমযুক্তঞ্চদগ্রান্তং সাক্ষিণাং বচঃ॥ ৯৩
জন্ধানাং বাক্ প্রমাণং শ্রাদ্ধিরাণাং তথা প্রিয়ে।
মুকানামেড্মুকানাং শিরসাঙ্গীকৃতির্লিপিঃ॥ ৯৪

বা অল্পুন্য-দ্রব্য-চৌরকে রাজা একপক্ষ বা সপ্তাহ কণভোজন করা-ইয়া বিশোধিত করিবেন। হে স্থরপূজিতে! বিশ্বাস্থাতক বা ক্রতন্ত্র-দিগের যজ্ঞ, ব্রত, তপস্থা, দান প্রভৃতি কোন প্রায়শ্চিত্রেই নিম্কৃতি নাই। ৮৩—৯০। যে সকল মন্ত্র্য কৃট্যাক্ষী, যাহারা মধ্যস্থ হইয়া পক্ষপাত করে,—তাহাদিগকে রাজা তীব্র দণ্ড দ্বারা শাসিত করিবেন এবং দেশ হইতে বহিস্কৃত করিয়া দিবেন। ছ্র্য় জন, বা চারি জন, অথবা তিন জন সাক্ষী প্রমাণ হইবে। হে শিবে! অভাব-পক্ষে হই জন সাক্ষীও প্রমাণ হইবে,—যদি তাঁহারা প্রসিদ্ধ ধার্ম্মিক হন। হে প্রিয়ে!দেশ, কাল ও বিষয়-বিশেষে পরম্পর-বিরুদ্ধ বাক্য বলিলে দেই সাক্ষীদিগের বাক্য অগ্রাহ্য হইবে। হে প্রিয়ে! অন্ধ ও বধির-দিগের বাক্যই প্রমাণ হইবে। যাহারা মৃক (বোবা) বা এড়ম্ক (কালাবোবা), তাহাদিগের মন্তক সঞ্চালন দ্বারা স্বীকার ও লিপি লিপিঃ প্রমাণং সর্বেষাং সর্ববৈত্র প্রশক্ততে।
বিশেষাদ্ব্যবহারেষু ন বিনপ্রেচ্চিরং যতঃ ॥ ৯৫
শীয়ার্থমপরার্থঞ্ছেৎ কুর্বাতঃ কল্লিতাং লিপিম্।
দশুস্তস্থ বিধাতবাো দিপাদং কুট্সাক্ষিণঃ ॥ ৯৫
অভ্রমস্থাপ্রমন্তস্থ যদঙ্গীকরণং সক্তং।
শীয়ার্থে তৎপ্রমাণং স্থাদ্বচনো বহু সাক্ষিণাম্ ॥ ৯৭
যথা তিষ্ঠস্তি পুণ্যানি সত্যমাশ্রত্য পার্বতি।
তথানৃতং সমাশ্রিত্য পাতকান্থিলান্থপি ॥ ৯৮
অতঃ সত্যবিহীনস্থ সর্ব্বপাপাশ্রয়স্থ চ।
ভাড়নাদ্দ্মনাদ্রান্ধা ন পাপার্ছঃ শিবাজ্ঞয়া ॥ ৯৯
সত্যং ব্রবীমি সংকল্পা স্পৃষ্ট্রা কৌলং গুরুং দিজম্।
গঙ্গাতোয়ং দেবম্রিং কুলশাস্তং কুলামৃত্রম্॥ ১০০

প্রমাণস্থলে গৃহীত হইবে। দকল স্থানে দকলের পক্ষেই লিপিপ্রমাণ প্রশন্ত, বিশেষতঃ ব্যবহার-স্থলে; যেহেতু ইহা বছকালেও
নষ্ট হয় না। যে ব্যক্তি আপনার নিমিন্ত বা পরের নিমিন্ত করিতলিপি (জাল) করিবে, তাহার—কূটদাক্ষীর যে দণ্ড, তাহার দিগুল
দণ্ড হইবে। ত্রমরহিত ও প্রমাদরহিত ব্যক্তি একবারমাত্র স্বীকার
করিলে, তাহা নিজ বিষয়ে বছদাক্ষীর বাক্য হইতেও প্রবল প্রমাণ
হইবে। হে পার্বতি! যেমন দত্য আশ্রয় করিয়া দকল পূণ্য অবস্থান করে, তাহার স্তায় একমাত্র মিণ্যাকে আশ্রয় করিয়া দকল
পাতক অবস্থান করিতেছে। অতএব যে ব্যক্তি দত্যহীন, দেই
ব্যক্তি দম্লায় পাপের আশ্রয়। তাদৃশ পাপাঝার তাড়ন ও দমন
করিলে, শিবের আপ্তাম্পারে রাজা পাপভাগী হন না। ১১—১১।
গিজামি যাহা বলিব, তাহা দত্যে এইরূপ দক্ষর করিয়া, কৌলগুরু,

একাদশোলাসঃ।

দেবনির্ম্মাল্যমথবা কথনং শণথো ভবেং।
ভত্তানৃতং বদন্ মর্ত্যঃ করাস্তং নরকং ব্রঞ্জেং॥ ১০১
অপাপজনিকার্য্যাণাং ত্যাগে বা গ্রহণেহিপি বা।
তৎ কার্যাং সর্ব্যথা মর্ত্ত্যঃ স্বীকৃতং শপথেন ষং॥ ১০২
স্থীকারোল্লজ্ঞনাচ্ছুধ্যেৎ পক্ষমেকমভোজনৈঃ।
ভ্রমেণাপি তমুল্লজ্যা দ্বাদশাহং কণাশনৈঃ॥ ১০৩
কুলধর্ম্মোহিপি সত্যেন বিধিনা চেন্ন সেবিতঃ।
মোক্ষায় শ্রেরসে স স্থাৎ কৌলে পাপায় কেবলম্॥ ১০৪
স্থরা দ্রবমন্ত্রী তারা জীবনিস্তারকারিণী।
জননী ভোগমোক্ষাণাং নাশিনী বিপদাং ক্রজাম্॥ ১০৫
দাহিনী পাপসংঘানাং পাবনী জগতাং প্রিয়ে।
সর্ব্বসিদ্ধিপ্রদা জ্ঞান-বৃদ্ধিবিভাবিবর্দ্ধিনী॥ ১০৬

বান্ধণ, গঙ্গাজল, দেবমূর্ত্তি, কুলশান্ত্র, কুলামূত, দেবনির্মাল্য—এই সমুদার স্পর্শ করিয়া যাহা কথিত হইবে, তাহার নাম শপথ। এই-রূপ করিয়া মিথ্যাবাক্য বলিলে, এক কল্প পর্যান্ত নরকে বাদ করিবে। যে কার্য্য পাপজনক নছে, তাহার ত্যাগ বা গ্রহণ বিষয়ে যাহা শপথ-পূর্ব্বক স্বীকৃত হইয়াছে, তাহা দর্ব্বথা কর্ত্তব্য। স্বীকৃত বিষয়ের (ইচ্ছাপূর্ব্বক) লজ্মন করিলে, একপক্ষ অনাহার দ্বারা শুদ্ধ হইবে। লমক্রমেও লজ্মন করিলে, দ্বাদশাহ কণভোজন দ্বারা শুদ্ধ হইবে। যদি কুলধর্মাও সত্য-বিধি অন্ধুদারে দেবিত না হয়, তাহা হইলে মোক্ষ এবং মঙ্গলের নিমিত্ত হয় না; কেবল কৌল ব্যক্তির পাপজনক হয়। স্বরা—ক্রবময়ী তারা, অর্থাৎ ক্রব-পদার্থক্রপে পরিণতা তারা। স্কৃতরাং জীবগণের নিস্তারকারিণী, ভোগ-মোক্ষের কারণ এবং রোগ প্র বিপদ্-নাশিনী। হে প্রিয়ে! স্বরা পাপ সকলকে দৃশ্ধ করে.

মুকৈ মুক্তিঃ দিকৈঃ সাধকৈঃ ক্ষিতিপালকৈঃ।

সেবাতে দৰ্মনা দেবৈরাদ্যে স্বাভীষ্টদিন্ধয়ে॥ ১০৭

সমাধিধিবিধানেন স্থানাহিতচেত্রা।

পিবন্তি মনিরাং মর্ত্ত্যা অমর্ত্ত্যা এব তে ক্ষিত্তৌ॥ ১০৮
প্রত্যেকতত্ত্বনীকারাদ্বিধিনা স্থাচ্ছিবো নরঃ।
ন জানে পঞ্চত্ত্বানাং দেবনাৎ কিং ফলং ভবেৎ॥ ১০৯
ইয়ঞ্চেদ্বারুণী দেবী পীতা বিধিবিবর্জ্জিতা।
নৃণাং বিনাশয়েৎ দর্মং বুরিমায়্র্যশোধনম্॥ ১১০
অত্যন্তপানামদ্যস্ত চতুর্ব্বর্গপ্রসাধনী।
বুন্ধিবিস্তাতি প্রায়ো লোকানাং মন্তচেত্র্যাম্ ॥ ১১১
বিল্রান্তবুদ্দেশ্বরুজাৎ কার্য্যাকার্য্যমজানতঃ।
স্থানিষ্টঞ্চ পরানিষ্টং জায়তেহন্মৎে পদে পদে ॥ ১১২

খ্রা দ্বারা জগৎ পবিত্র হয়, স্থ্রা দর্জ প্রকার দিদ্ধি বিতরণ করে এবং স্থ্রা জ্ঞান, বৃদ্ধি ও বিভা বর্জন করে। হে আল্যে! মৃক্ত, মুমুক্ষ্ ও দিদ্ধাণ, সাধকগণ, রাজগণ এবং দেবগণ স্থ স্থ অভীই-দিদ্ধির নিমিত্ত দর্জনা এই স্থ্রার দেবা করিয়া থাকেন। বাঁহারা শাস্ত্র-বিহিত নিয়মে ও সমাহিত-চিত্তে স্থরাপান করিয়া থাকেন, ভাঁহারা পৃথিবীতে মর্ত্ত্য হইয়াও অমর্ত্ত্য অর্থাৎ দেবতুলা হন। ১০০—১০৮। এই পঞ্চতত্ত্বের প্রত্যেক তত্ত্ব বিধিপূর্বক দেবন করিলেই লোক শিবস্থর্রপ হয়; জানি না, যে ব্যক্তি পঞ্চতত্ত্বই দেবন করেন, তিনি কতেই ফল লাভ করিয়া থাকেন! মদি বিধি ব্যতিরেকে এই বারুণীদেবীকে কেহ পান করেন, তাহা হইলে ইনি পানকর্ত্তার বৃদ্ধি, আয়ু, যশ ও ধন সমুদায় বিনষ্ট করেন। যাহারা প্রমন্তচিত্তে অত্যক্ত স্থ্রা দেবন করে, তাহাদের ধর্মা, অর্থ, কাম ও নোক্ষ-সাধক জ্ঞান

অত্যাসক্তলনান্ কার-ধনদণ্ডেন শোধরেং। ১১৩
স্থরাভেদাদ্ব্যক্তিভেদান্নান্নাপ্যধিকেন বা।
দেশকালবিভেদেন বুদ্ধিভংশো ভবেন্ন্ণাম্॥ ১১৪
অতএব স্থরামানাদতিপানং ন লক্ষ্যতে।
স্থলদাক্পাণিপাদ্দৃগ্ভিরতিপানং বিচাররেং॥ ১১৫
নেজিয়াণি বশে যন্ত মদবিহ্বলচেতসং।
দেবতা-শুরুমর্যাদোলজ্মিনো ভয়রূপিণঃ॥ ১১৬
নিথিলান্থ্যোগ্যন্ত পাপিনঃ শিব্ঘাতিনঃ।
দেহাজ্জিহ্বাং হরেদর্থাংস্তাড়য়েত্রঞ্চ পার্থিবঃ॥ ১১৭
বিচলৎপাদ্বাক্পাণিং ভান্তম্ম্মত্রম্ক্রতম্।
তমুগ্রং ঘাতয়েজালা দ্বিণঞ্চাহরেং ততঃ॥ ১১৮

নষ্ট হয়। অতি-মদ্যপ, কার্য্যাকার্য্য বিচার-হীন, বিভ্রান্তবৃদ্ধি মন্ত্র্য্য প্রতিপদে নিজের এবং পরের অনিষ্ট করিয়া থাকে। অভএব মত্তে বা মাদক-বস্তুতে অত্যন্ত আদক্ত ব্যক্তিদিগকে রাজা অথবা চক্রে-খর, শারীরিক দণ্ড দ্বারা বা অর্থদণ্ড দ্বারা শোধন করিবেন। স্থরা অধিক পরিমাণে বা অল্প পরিমাণেই পীত হউক, স্থরাভেদে, ব্যক্তিভেদে, দেশভেদে এবং কালভেদে মন্ত্র্য্যের বৃদ্ধিভ্রংশ করিয়া থাকে। অতএব খালিতবাক্য, খালিত-পানি, খালিত-পদ ও খালিত-দৃষ্টি দ্বারা অতিরিক্ত পান বিচার করিবে; যেহেতু স্থরার পরিমাণ দ্বারা অতিপান লক্ষ্য করা যায় না। ১০৯—১১৫। রাজা, অবশে-ক্রিয়া, মদ-বিহ্বল-চিত্ত, দেবতা ও গুরুর মর্য্যাদাশক্তনকারী, ভয়প্রদ, সকল অনর্থের যোগ্য, শিবঘাতী পাপীর দেহ হইতে জিহ্বা বিচ্ছিন্ন করিবেন, এবং তাহার অর্থদণ্ড করিবেন। যাহার চরণ, বাক্য ও হস্ত

অপবাথাদিনং মত্তং লজ্জাভয়বিবর্জিভন্।
ধনাদানেন তং শাস্তাৎ প্রজাপ্রীতিকরো নৃপঃ ॥ ১১৯
শতাভিষিক্তঃ কৌলশ্চেদতিপানাৎ কুলেশ্বরি।
পশুরেব স মস্তব্যঃ কুলধর্ম্মবহিস্কতঃ ॥ ১২০
পিবন্নতিশয়ং মদ্যং শোধিতং বাপ্যশোধিতম্।
ত্যাজ্যো ভৰতি কৌলানাং দণ্ডনীরোহপি ভূভৃতঃ ॥ ১২১
ব্রাক্ষীং ভার্যাং স্কুরাং মন্তাঃ পায়য়স্তো দিজাতয়ঃ।
শুধ্যেয়ুভির্যায়া সার্দ্ধং পঞ্চাহং কণভোজনাৎ ॥ ১২২
অসংস্কৃতস্থরাপানাচ্চুধ্যেত্বপ্রসংস্কাহম্।
ভূক্ত্বাপ্যশোধিতং মাংসমুপ্রাসদ্বয়ঃ চরেৎ ॥ ১২৩

বিচলিত হয়, যে বাক্তি ভ্রমযুক্ত, উন্মন্ত ও উদ্ধৃত, সেই উগ্র ব্যক্তির দণ্ড-বিধানপূর্ব্ধক রাজা তাহার ধন গ্রহণ করিবেন। যে ব্যক্তি মন্ত, অশ্লীল-বাক্য-উচ্চারণকারী এবং লজ্জাভয়-বিহীন,---প্রজা-প্রীতিকারক রাজা ধনগ্রহণপূর্ব্ধক তাহাকে শাসন করিবেন। ঠে কুলে-শ্বরি! শতাভিষিক্ত কৌল যদি অতিপান করেন, তাহা হইলে তিনিও কুল্পর্য্ম-বহিন্ধত এবং পশু বলিয়াই গণ্য হন। মদ্য শোধিতই হউক অথবা অশোধিতই হউক, যে ব্যক্তি উহা অতিশয় পান করে, সে কৌলগণের ত্যাজ্য ও রাজার দণ্ডনীয়। যদি কোন ব্যহ্মণ, ক্রিয় বা বৈশ্বা, মত্ত হইয়া ব্যহ্মধর্ম্ম-বিধানাম্বসারে পরিণীতা পত্নীকে মদ্য পান করায়, তাহা হইলে ঐ ভার্যার সহিত পঞ্চদিন কণ-ভোজন করিয়া শুদ্ধ হইবে। অসংস্কৃত-স্করাপায়ী তিন দিন উপবাস করিলে শুদ্ধ হইলে তাহাকে তুই দিন উপবাস করিতে হইবে। যদি

অসংস্কৃতে মীনমুদ্রে খাদর প্রদেশহং।
আবৈধং পঞ্চমং কুর্বন্ রাজ্ঞো দণ্ডেন শুধ্যতি॥ ১২৪
ভুপ্পানো মানবং মাংসং গোমাংসং জ্ঞানতঃ শিবে।
উপোষ্য পক্ষং শুদ্ধঃ স্থাৎ প্রায়শ্চিত্তমিদং শুক্তম্॥ ১২৫
নরাক্তিপশোর্ফাংসং মাংসং মাংসাদনস্থ চ।
আত্ম শুধ্যেররঃ পাপাত্বপর্বাসৈম্ভিভিঃ প্রিয়ে॥ ১২৬
ক্রেছ্যানাং শ্বদানাঞ্চ পশ্নাং কুলবৈরিণাম্।
খাদররং বিশুদ্ধঃ স্থাৎ পক্ষমেকমুপোষিতঃ॥ ১২৭
উদ্ভিষ্টিং যদি ভুপ্পীত জ্ঞানাদেষাং কুলেশ্বরি।
শুধ্যেনাসোগবাসেনাজ্ঞানাৎ পক্ষোপ্রাস্তঃ॥ ১২৮
আনুলোমেন বর্ণানামরং ভুক্ত্বা সক্রৎ প্রিয়ে।
দিনত্রগ্রেপ্রামেন বিশুদ্ধঃ স্থান্ম্যাজ্ঞয়া॥ ১২৯

কোন বাক্তি অসংস্কৃত মৎশ্র ও মৃদ্রা ভক্ষণ করে, তাহা হইলে তাহার এক দিবদ উপবাদ কর্ত্তব্য। যদি কোন ব্যক্তি বিধি লজ্অনপূর্ব্ধক পঞ্চম তত্ত্বের দেবা করে, তাহা হইলে দেই ব্যক্তি রাজদণ্ড দ্বারা শুদ্ধি লাভ করিবে। ১১৬—১২৪। হে শিবে! যদি কোন ব্যক্তি জ্ঞানপূর্ব্ধক মন্ত্র্যামাংদ বা গোমাংদ ভক্ষণ করে, তাহা হইলে এক পক্ষ উপবাদ করিয়া দে ব্যক্তি শুদ্ধ হইবে,—এই তাহার প্রায়শ্চিত্ত। হে প্রিয়ে! যে ব্যক্তি মন্ত্র্যাক্তি পশুর মাংদ বা মাংদাণী জীবের মাংদ ভক্ষণ করিবে, তিন দিন উপবাদ করিলে তাহার শুদ্ধিলাভ হইবে। যে ব্যক্তি ক্ষেদ্ধ, যবন, চাণ্ডাল অথবা কুলাচারবিরোধী পশুর অন্ধ ভোজন করিবে, দে এক পক্ষ উপবাদ করিলে শুদ্ধিলাভ করিবে। হে কুলেশ্বরি! যদি কোন ব্যক্তি অজ্ঞানে ঐ দকল (পূর্ব্বশ্লোকোক্ত) ব্যক্তির উচ্ছিষ্ট ভোজন করে, তবে দে এক পক্ষ উপবাদ করিলে

পশু-শ্বপচ-শ্রেচ্ছানামরং চক্রার্পিতং যদি।
বীরহস্তার্পিতং বাপি তদর্শন্ নৈব পাপভাক্ ॥ ১৩০
অরাভাবে চ দৌর্ভিক্ষ্যে বিপদি প্রাণসঙ্কটে।
নিষিদ্ধেনাদনেনাপি রক্ষন্ প্রাণার পাতকী ॥ ১৩১
করিপৃঠে তথানেকোদাহুপাযাণদারুষু।
অলক্ষিতেহপি দ্য্যাণাং ভক্ষ্যদোষো ন বিদ্যতে ॥ ১৩২
পশ্নভক্ষামাংসাংশ্চ ব্যাধিযুক্তানপি প্রিয়ে।
ন হন্তাদ্দেবতার্থেহপি হন্ধা চ পাতকী ভবেং ॥ ১৩৩

শুদ্ধ হইবে। জ্ঞানপূর্বাক ঐ সকল লোকের উচ্ছিষ্ট ভোজন করিলে. এক মাদ উপবাদ করিয়া শুদ্ধিলাভ করিতে পারিবে। হে প্রিয়ে। যদি কোন ব্যক্তি একবার অমুলোম জাতির অর্থাৎ যথাক্রমে নীচ-জাতির অন্ন ভোজন করে, যথা;—ব্রাহ্মণ ক্ষতিয়ান ভোজন করে. ক্ষত্রিয় বৈখ্যার ভোজন করে ইত্যাদি, তবে আমার আজ্ঞা অনুসারে তিন দিন উপবাস করিলে সে গুদ্ধিলাভ করিতে পারিবে। যদি পশু, চণ্ডাল অথবা শ্লেচ্ছের অন্ন চক্রে অপিত হয় কিংবা বীর ব্যক্তি হস্তে করিয়া তাহা প্রদান করেন, তবে তাহা ভোজন করিলে কেহ পাপভাগী হইবে না। অনাভাব, ছুর্ভিক্ষ, বিপৎকাল অথবা প্রাণসম্বটের সময় উপস্থিত হইলে, যদি কেহ নিষিদ্ধ অন ভোজন দ্বারা প্রাণরক্ষা করে, তবে দে পাপভাগী হইবে না। ১২৫—১৩১। হস্তিপুঠে, অনেক লোক দারা বহনীয় প্রস্তর বা কাষ্ঠাসনে এবং पृषा-भार्थ लका यिन ना इस, **जोही इहे** ल छका-(नाष इस না। হে প্রিয়ে! যে সকল পশুর মাংস অভক্ষা, যে সকল পশু দে সকল পশু দেবোদেশেও হনন করিবে না ; হনন করিলে পাতকী হইবে। বুদ্ধিপূর্বক গোহত্যা করিলে, কুছু ব্রত

কচ্ছুত্রতং নরঃ কুর্যাদ্গোবধে বৃদ্ধিপূর্ব্বকে।
অজ্ঞানাদাচরেদ দ্বং ব্রতং শক্ষরশাসনাৎ॥ ১৩৪
ন কেশবপনং কুর্যান্ন নথচ্ছেদনং তথা।
ন ক্ষার্যোগং বসনে যাবর ব্রতমাচরেৎ॥ ১৩৫
উপবাসৈর্নরেন্মাসং মাসমেকং কণাশনৈঃ।
মাসং ভৈক্ষার্মশ্লীয়াৎ কচ্ছুব্রতমিদং শিবে॥ ১৩৬
ব্রতান্তে বাপিতশিরাঃ কোলান্ জ্ঞাতীংশ্চ বাদ্ধবান্।
ভোজনিল্লা বিমুক্তঃ স্থাজ্জ্ঞানগোবধপাতকাৎ॥ ১৩৭
অপালনব্ধাদ্যোশ্চ শুধ্যেদপ্তোপবাসতঃ।
বাহুজাল্যা বিশুধ্যেয়ুঃ পাদন্যুক্রমাচ্ছিবে॥ ১৩৮
গজোপ্তামহিষাশ্বাংশ্চ হত্বা কৌলিনি কামতঃ।
উপবাসৈন্ত্রিভিঃ শুধ্যেন্যানবঃ ক্রতকিল্বিয়ঃ॥ ১৩৯

করিবে। অজ্ঞান বশতঃ গোহত্যা করিলে, শঙ্করের শাসন অমুসারে অর্দ্ধক্চভূবত আচরণ করিবে। যে পর্যান্ত ঐ ব্রত আচরণ
না করিবে, সে পর্যান্ত ক্ষোরকর্মা, নথচ্ছেদ এবং বস্ত্রে ক্ষার-সংযোগ
করিবে না। হে শিবে! এক মাস উপৰাস করিয়া যাপন, এক
মাস কণভক্ষণ দ্বারা অতিবাহন ও একমাস ভিক্ষার ভোজন করিয়া
যাপন করার নাম রুচ্ছুব্রত। ব্রত শেষ হইলে, মন্তক মুগুন করিয়া
বেগাল-জ্ঞাতি এবং বন্ধুদিগকে ভোজন করাইয়া জ্ঞানকতগোবধজনিত পাতক হইতে বিমুক্ত হইবে। হে শিবে! অপালনকত
গোবধ-জনিত পাতক হইলে আট দিন উপবাস দ্বারা শুদ্ধ হইবে।
কিন্তু ক্ষাত্রিয়—ছয় দিন, বৈশ্র—চারি দিন, এবং শুদ্ধ—ত্রই দিন
উপবাস করিয়া উক্ত পাতক হইতে মুক্তি লাভ করিবে। ১৩২—
১৩৮। হে কৌলিনি! ইচ্ছাপূর্ম্বক হন্তী, উষ্ট্র, মহিষ, জন্ম—এই

মৃগমেষাজমাজ্জারান্ নিম্ননুপ্বসেদহঃ।
ময়্রগুকহংসাংশ্চ সজ্যোতিরশনং ত্যজেৎ॥১৪০
নিহত্য সাস্থিজস্কুংশ্চ নক্তমদ্যানিরামিষম্।
নিরস্থিজীবিনো হত্মা মনস্তাপেন শুধাতি॥১৪১
পশুমীনাগুজান্ নিম্নন্ মৃগয়ায়াং মহীপতিঃ।
ন পাপার্হো তবেদ্দেবি রাজ্ঞো ধর্ম্মঃ সনাতনঃ॥১৪২
দেবোদ্দেশং বিনা ভদ্রে হিংসাং সর্বাত্র বর্জ্ময়েং।
কৃতায়াং বৈধহিংসায়াং নরঃ পাপের্ন লিপাতে॥১৪০
সঙ্গন্নিত্রতাপুর্ক্তো দেবনির্দ্মাল্যল্জ্মনে।
অশুচৌ দেবতাম্পর্শে গায়লীজপ্রমাচরেং॥১৪৪
মাতা পিতা ব্রহ্মদাতা মহাস্থো গুরবং স্মৃতাঃ।
নিন্দন্নতান্ বদন্ ক্রুবং শুধ্যেৎ পঞ্চোপ্রাসতঃ॥১৪৫

সমুদায় জীবহত্যা দারা পাপী মানব, তিন দিন উপবাস করিলে, সেই পাপ হইতে শুদ্ধি লাভ করিবে। মৃগ, মেষ, ছাগ ও মার্জার বধ করিলে এক দিন উপবাস করিবে; এবং ময়্র, শুক বা হংস বধ করিলে হুর্যের উদয়াবধি অস্তকাল পর্যান্ত উপবাস করিবে। অন্থিক জীব হত্যা করিলে, এক রাত্রি নিরামিষ ভোজন করিবে। অন্থিকীন জীব হত্যা করিলে, অন্থতাপ দারাই শুদ্ধ হইবে। হে দেবি! রাজা মৃগয়াকালে পশু, মীন বা অগুজ জীব হত্যা করিলে গাপী হইবেন না, যে হেতু ইহা রাজাদিগের নিত্যধর্ম। হে ভত্তে! দেবো-দেশ ব্যতিরেকে সকল কর্মেই হিংসা বর্জ্জনীয়। বৈধ হিংসা করিলে, ময়্বয়্য পাপে লিপ্ত হইবে না। সঙ্কল্পিত ব্রত সম্পূর্ণ করিতে না পারিলে, দেবনিশ্বাল্য লঙ্খন করিলে বা অশৌচকালের মধ্যে দেব-ম্পূর্শ করিলে, গায়ত্রী জপ করিবে। মাতা, পিতা ও ব্রহ্মদাতা,—

এবমন্তান্ শুরুন্ কোলান্ বিপ্রান্ গর্হনপি প্রিয়ে।
সার্দ্ধয়োপবাসেন মুক্তো ভবতি পাতকাৎ ॥ ১৪৬
বিতার্থী মানবো দেশানখিলান্ গস্তমর্হতি।
নিষিদ্ধকৌলিকাচারং দেশং শাস্ত্রমপি ত্যজেৎ ॥ ১৪৭
গচ্ছংস্ত স্বেচ্ছরা দেশে নিষিদ্ধকুলবর্ম নি।
কুলধর্মাৎ পতেছুরঃ শুধ্যেৎ পূর্ণাভিষেকতঃ ॥ ১৪৮
তপনোদর্মারভ্য যামাষ্টকমভোজনম্।
উপবাসং স বিজ্ঞেরঃ প্রায়শ্চিক্তে বিধীয়তে ॥ ১৪৯
পিবংস্তোরাজ্ঞলিকৈকং ভক্ষরপি সমীরণম্।
মানবঃ প্রাণরক্ষার্থং ন ভ্রশ্রেছপবাসতঃ ॥ ১৫০
উপবাসাস্মর্থশ্চেক্রজা বা জর্মাপি বা।
তদা প্রত্যুপবাসঞ্চ ভোজ্যেন্দ্রাদশ দ্বিজান্॥ ১৫১

ইহারা মহাগুক। যে ব্যক্তি ইহাঁদিগের নিন্দা করিবে, বা নিষ্ঠুর বাক্য বলিবে, সে পঞ্চ দিবস উপবাস করিয়া শুদ্ধ হইবে। হে প্রিয়ে! যে এইরপ অন্ত কোন গুরু, কোল বা ব্রাহ্মণকে নিন্দা করিবে, বা কটু বলিবে, সে সার্দ্ধদয় দিবস উপবাস করিয়া পাতক হইতে মুক্ত হইবে। ধনার্থী মানবগণ সকল দেশেই গমন করিতে পারিবে; কিন্তু যে দেশে বা যে শাস্ত্রে কৌলাচার নিষিদ্ধ, সেই দেশ ও সেই শাস্ত্র পরিত্যাগ করিবে। ১৩৯—১৪৭। যে দেশে কৌলিকাচার নিষিদ্ধ, সেই দেশে কেহ যদৃচ্ছাক্রমে গমন করিলে, কুলধর্ম হইতে পতিত হইবেন; তিনি পুনর্বার পূর্ণাভিষেক দ্বারা শুদ্ধ হইতে পারিবন। সুর্য্যোদয় অবধি অষ্টপ্রহর অনাহারের নাম উপবাস। প্রায়েশিচতে তাহাই বিহিত। প্রাণধারণের নিমিন্ত এক অঞ্জলি জল পান অধবা বায়ু ভক্ষণ করিলে, উপবাস হইতে লুষ্ট হইবে না। বার্দ্ধক্য;

পরনিন্দাং নিজাৎকর্ষং ব্যসনাযুক্তভাষণম্।
অযুক্তং কর্ম কুর্বাণো মনস্তাশৈর্বিশুধ্যতি॥ ১৫২
অন্তানি যানি পাপানি জ্ঞানাজ্ঞানকতান্তলি।
নশুন্তি জপনাদ্বেরাঃ সাবিত্রাঃ কৌলভোজনাৎ॥ ১৫৩
সামান্তনিয়মান্ পুংসাং স্ত্রীষু ষণ্ডেষু যোজয়েছ।
যোষিতান্ত বিশেষোহয়ং পতিরেকো মহাগুরুঃ॥ ১৫৪
মহারোগান্বিতা বে চ যে নরাশ্চিররোগিণঃ।
অর্ণনানেন পূতাঃ স্থার্ট্রেনে পৈত্রেছধিকারিণঃ॥ ১৫৫
অপঘাতমৃতেনাপি দ্বিতং বিত্রাদন্ত্রিনা।
গৃহং বিশোধয়েনোমৈর্ব্যান্ত্র্ত্রা শতসংখ্যকৈঃ॥ ১৫৬
বাপীকৃপতজাগেরু সাস্থাং শবনিরীক্ষণাৎ।
উদ্ধৃত্য কুণপং তেভ্যস্ততন্ত্রান্ পরিশোধয়েছ। ১৫৭

বা শারীরিক পীড়া নিবন্ধন উপবাস করিতে অসমর্থ হইলে প্রত্যেক উপবাসের অন্থলন্ধ দানটি ব্রাহ্মণ ভোজন করাইবে। পরের নিন্দা, নিজের প্রশংসা, অথবা তঃখজনক অযুক্ত বাক্য-কথন কিংবা অবৈধ কার্য্য করিলে, কেবল অনুকাপ দ্বারা শুদ্ধি লাভ করিতে পারিবে। এতদ্বাতিরিক্ত জ্ঞান বা অজ্ঞান-ক্রত সকল পাপই গায়ত্রীদেবীর উপাসনা ও কৌলভোজন দ্বারা বিনষ্ট হয়। পুরুষের প্রতি যে সম্দায় সাধারণ নিয়ম বিহিত হইল, তাহা স্ত্রীলোক ও নপুংসকদিগের প্রতিপ্র প্রয়োগ করিবে। কিন্তু স্ত্রীজাতির বিশেষ এই যে, তাহাদের ভর্তাই মহাগুরু। যাহারা মহাব্যাধিগ্রন্ত ও যাহারা চিররোগী, তাহারা স্বর্ণ দান দ্বারা পবিত্র হইয়া দৈব ও পৈত্র কর্ম্মে অধিকারী হইবে। কোন গৃহ—অপমৃত ব্যক্তি দ্বারা অথবা বিত্রাদগ্রি দ্বারা দৃষিত হইলে "ভূঃ স্বাহা, ভুবঃ স্বাহা, স্বঃ স্বাহা" এই ব্যাহাতি দ্বারা

পূর্ণাভিষেকমন্থভিশ্বস্তিতৈঃ শুদ্ধবারিভিঃ।
পূর্ণৈস্ত্রিসপ্তকুতিস্তন্তান্ প্লাবয়েদিতি শোধনম্॥ ১৫৮
যদি স্বন্ধন্ধন্তাপ্লাবরেজ্ব তান্॥ ১৫৯
সপঙ্কং সলিলং সর্কাম্দ্রত্যাপ্লাবরেজ্ব তান্॥ ১৫৯
সপ্তি ভ্রীণি তোয়ানি গজদল্লানি তেষ্ চেৎ।
শতকুস্তর্জলোদ্ধারৈরভিষেকেণ শোধয়েৎ॥ ১৬০
যতেবং শোধিতা ন স্থামৃতিস্পৃষ্টিজলাশয়াঃ।
অপেয়সলিলাস্তেষাং প্রতিষ্ঠামিপি নাচরেৎ॥ ১৬১
স্লান্মেষু জলৈরেষাং কুর্কান্ কর্মা বুথা ভবেৎ।
দিনমেকং নিরাহারঃ শুধ্যেৎ পঞ্চামৃতাশনাৎ॥ ১৬২

শতসংখ্যক হোন করিয়া সেই গৃই শোধন করিবে। বাপী, কুপ, তড়াগ প্রভৃতিতে অন্থিযুক্ত শব দেখা ঘাইলে সেই শব উত্তোলনাম্নে বাপী কুপ প্রভৃতি শোধন করিবে। (উহা শোধন করিবার বিধি এইরূপ; যথা), একবিংশতি কুন্ত বিশুদ্ধ জল, পূর্ণাভিষেক-মন্ত্র দ্বারা মন্ত্রিত করিয়া তদ্বারা ঐ বাপী প্রভৃতিকে প্লাবন করিবে। যদি ঐ বাপী প্রভৃতিতে অন্ন জল থাকে এবং শবের ছর্গন্ধে তাহা দৃষিত হয়, তাহা হইলে তাহার সমুদায় জল পদ্ধের সহিত উদ্ধার করিয়া পূর্ব্বোক্ত প্রকারে তাহাদিগকে আপ্লাবন করিবে। ১৪৮-—১৫৯। উক্ত জলাশরে যদি হন্তি-প্রমাণ বহু জল থাকে, তাহা হইলে একশত কুন্ত জল উত্তোলনপূর্ব্বক উক্ত অভিষেক-মন্ত্রপূত একবিংশতি কুন্ত সলিল দ্বারা প্লাবিত করিয়া তাহাকে শোধন করিবে। শবম্পৃষ্ঠ জলাশয় যদি এরূপে শোধিত না হয়, তবে তাহার জলপান কর্ত্তব্য নহে এবং তাদৃশ জলাশন্বের প্রতিষ্ঠা করিবে না। এই জলে স্কান বা ইহা দ্বারা কেনে কর্ম্ম করিলে তাহা রুথা হয়। এই জলে স্কান করিলে বা জল

যাচকং ধনিনং দৃষ্ট্ৰা বীরং যুদ্ধপরাত্ম্য্ম্ ।

দ্যকং কুলধর্মাণাং মহাপাঞ্চ কুলস্তিম্ম্ ॥ ১৬৩

মিত্রদ্রোহকরং মর্ত্যং স্বয়ং পাপরতং বুধম্ ।

পশুন্ স্থ্যং স্মরন্ বিষ্ণুং সচেলঃ স্নানমাচরেৎ ॥ ১৬৪
থরকুকুটকোলাংশ্চ বিক্রীণস্থাে দ্বিজাতমঃ ।
নীর্চরন্তিং চরস্তোহপি শুধ্যেয়্স্তিদিনব্রতাৎ ॥ ১৬৫
দিনমেকং নিরাহারাে দি তীয়ং কণভোজনঃ ।
স্পরস্ত নয়েদন্তিন্তিদিনব্রতমন্বিকে ॥ ১৬৬
গ্হেহস্বাটিতদারেহনাহুতঃ প্রবিশন্ নরঃ ।
বারিতার্থপ্রবক্তাপি পঞ্চাহমশনং ত্যজেৎ ॥ ১৬৭
স্বাগচ্চতাে গুরুন্ দৃষ্ট্রা নোভিষ্টেদ্যাে মদান্তিতঃ ।
তথৈব কুলশাস্তাণি শুধ্যেদেকোপবাসতঃ ॥ ১৬৮

দারা কোন কর্ম করিলে, একদিন নিরাহারে থাকিয়া পঞ্চামৃত পান করণানন্তর শুদ্ধি লাভ করিবে। যে ব্যক্তি ধনবান্ হইয়া যাজা করে, বীর হইয়া সংগ্রাম হইতে পরাজ্মৃথ হয়, যে কুলধর্ম্মের দ্বক, যে কুলকামিনী হইয়া স্থরাপান করে, যে মিত্রজাহ করে বা বে পণ্ডিত হইয়া স্বয়ং পাপাচরণে রত হয়, তাহাদিগের অগ্রতমকে যে দর্শন করিবে, সেই ব্যক্তি স্থ্য দর্শনপূর্ব্ধক বিষ্ণুম্মরণান্তে সেই বস্তের সহ স্নান করিয়া পাপ হইতে মুক্ত হইবে। যে দ্বিজাতি হইয়া গদিভ, কুকুট অথবা শ্কর বিক্রয় করে কিংবা অগ্র নীচ কর্মে প্রবৃত্ত হয়, তিন দিন ব্রতাম্প্রান করিলে তাহার শুদ্ধিলাভ হইবে। হে অন্বিকে! তিন দিন ব্রত করিবার রীতি এই যে, এক দিন অনাহার, একদিন কণভোজন ও একদিন জল পান করিবে। ক্রদ্ধার গৃহে যদি কেহ স্মাহুত না হইয়া প্রবেশ করে, অথবা যে কথা বলিতে বারণ আছে,

এতত্মিন্ শান্তবে শাস্তে ব্যক্তার্থপদর্ংহিতে।
কুটেনার্থং কল্পয়ন্তঃ পতিতা যাস্ত্যধোগতিম্॥ ১৬৯
ইদং তে কথিতং দেবি সারাৎসারং পরাৎপরম্।
ইহামুত্রার্থদং ধর্ম্ম্যং পাবনং হিতকারকম্॥ ১৭০

ইতি শ্রীমহানির্বাণতন্ত্রে স্বপরানিষ্ঠজনকপাপ-প্রায়শ্চিত্তকথনং নামৈকাদশোলাসঃ ॥ ১১ ॥

দেই কথা বলিয়া ফেলে, তাহা হইলে পাঁচ দিন আহার ত্যাগ করিতে হইবে। যে গর্ক্যুক্ত হইয়া শুরুজনকে আগত দেখিয়া গাত্রোখান না করে, অথবা কুলশাস্ত্র আনিতে দেখিয়া গাত্রোখান না করে, সেই ব্যক্তি এক দিন উপবাস করিয়া শুদ্ধ হইবে। স্থব্যক্ত-অর্থযুক্ত শিবপ্রনীত এই শাস্তে যাহারা কৃট অর্থ করিবে, তাহারা পতিত হইয়া অধাগতি লাভ করিবে। হে দেবি! তোমার নিকট যাহা কথিত হইল, ইহা সার হইতে উৎক্লই, ধর্ম্মা, পবিত্রতাকারক, হিতকারক এবং ইহলোকে ও পরলোকে পরমার্থপ্রদ। ১৬০—১৭০।

ইতি একাদশোলাস সমাপ্ত।

षानद्रभाक्षामः।

সদাশিব উবাচ।

ভূষত্তে কথায়াম্যাতে ব্যবহারান্ সনাতনান্।

যান্ রক্ষন্ প্রবিদন্ রাজা স্বচ্ছন্দং পালয়েৎ প্রজাঃ ॥ ২

নিয়মেন বিনা রাজ্ঞো মানবা ধনলোলুপাঃ।

মিথস্তে বিবদিষ্যন্তি গুরু-স্বজন-বন্ধুভিঃ॥ ২

ব্যতিন্নন্তি তদা দেবি স্বার্থিনো বিভহেতবে।

পাপাশ্রয়া ভবিষ্যন্তি হিংসয়া চ জিহীর্ষয়া॥ ৩

অতস্তেবাং হিতার্থায় নিয়মো ধর্ম্মস্মতঃ।

নিয়োজ্যতে য্যাশ্রিতা ন ভ্রপ্তেয়ঃ শুভান্নরাঃ॥ ৪

শ্রীদদাশিব কহিলেন,—হে আদো! আমি পুনর্বার তোমাকে সনাতন ব্যবহার বলিতেছি, রাজা যে ব্যবহার রক্ষা করিলে এবং বিদিত হইলে স্বচ্ছদে প্রজা পালন করিতে পারেন। রাজার নিয়ম বাতিরেকে মানবগণ ধনলোলুপ হইয়া গুরুজন, স্বজন ও বন্ধু-বাধ্বরে সহিত পরম্পর বিবাদ করিবে। হে দেবি! ধনের নিমিত্ত পরম্পর পরম্পরকে প্রহার ও বিনাশ করিবে, এবং তাহারা হিংসা ও ধনহরণেচ্ছা দ্বারা পাপাবলম্বী হইবে। অতএব আমি মন্থ্যাদিগের মঙ্গলের জন্ত ধর্ম্বসম্বত রাজনিয়ম নিবদ্ধ করিতেছি। মানবগণ এই নিয়মের অন্থবর্ত্তী হইলে ক্থনও মঙ্গল হইতে ভ্রম্ব

দ্বাদশোলাসঃ।

দশুরেৎ পাশিনো রাজা যথা পাপাপমুত্তরে।
তথৈব বিভজেদায়ান্ নৃণাং সম্বদ্ধভেদতঃ ॥ ৫
সম্বদ্ধা দ্বিধো জ্ঞেয়ো বিবাহাজ্জনানস্তথা।
ত্তত্তীদ্বাহিকসম্বদ্ধাদপরো বলবত্তরঃ ॥ ৬
দায়ে তূর্কতনাজ্জ্যায়ান্ সম্বদ্ধাহধস্তনঃ শিবে।
অধউর্ক্ত্রমাৎ স্ত্রীতঃ পুমান্ মুখ্যতরঃ স্মৃতঃ ॥ ৭
তথাপি সন্নিকর্ষেণ সম্বন্ধী দায়মইতি।
অনেন বিধিনা ধীরা বিভজেয়ঃ ক্রমাদ্ধনম্ ॥ ৮
মৃতস্ত পুত্রে পৌত্রে চ কন্তাস্থ পিতরি স্থিতে।
ভার্য্যায়ামপি দায়াইঃ পুত্র এব ন চাপরঃ ॥ ৯
বহরস্তনয়া যত্তা সর্বেক্ত্রে সমাংশিনঃ ।
জ্যেষ্ঠে রাজ্যাধিকারিত্বং তৎ তু বংশানুসারতঃ ॥ ১০

হইবে না। রাজা পাপ থগুনের নিমিত্ত যেমন পাপীদিগের দগুবিধান করিবেন, দেইপ্রকার মন্ত্র্যাদিগের সম্বন্ধভেদে দায় বিভাগ করিয়া দিবেন। বিবাহ ও জন্মভেদে সম্বন্ধ ছইপ্রকার। ইহার মধ্যে বৈবাহিক সম্বন্ধ অপেক্ষা জন্মাধীন সম্বন্ধ অতিশঙ্গ বলবান্। হে শিবে! ধনাধিকারবিষয়ে উর্ন্ধতন সম্বন্ধ অপেক্ষা অধন্তন সম্বন্ধ শ্রেষ্ঠ। এইরূপ অধ উর্ন্ধ ক্রমে প্রীজাতি অপেক্ষা প্রক্ষজাতিই শ্রেষ্ঠ। ইহার মধ্যে অধিকতর নিকট সম্বন্ধীই দায়াধিকারী হইবে। পণ্ডিতগণ এই বিধানামুসারে যথাক্রমে ধনবিভাগ করিবেন। ১—৮। মৃত ব্যক্তির যদি পৃত্র, পৌত্র, কন্তা, পিতা ও ভার্যা। প্রভৃতি জীবিত থাকে, তাহা হইলে পৃত্রই ধনাধিকারী হইবে, অন্ত কেহ হইবে না। যে স্থলে বহু সম্ভান আছে, দে স্থলে সকল পৃত্রই সমান অংশ প্রাপ্ত হুবৈ।

খাণং যৎ পৈতৃকং তচ্চ শোধয়েৎ পৈতৃকৈধ নৈ:।
তদ্মিন্ স্থিতে বিভাগাৰ্ছং ন ভবেৎ পৈতৃকং বস্তু॥ >>
বিভন্তা যদি গৃহ্মীয়ুর্বিভবং পৈতৃকং নরা:।
তেভাস্তন্ধনমান্ধতা পিতৃণং দাপয়েন্নৃপঃ॥ >২
যথা স্বক্তপাপেন নিরয়ং ধাস্তি মানবা:।
খাণেনাপি তথা বন্ধঃ স্বয়মেব ন চাপর:॥ >৩
সাধারণং ধনং যচ্চ স্থাবরং স্থাবরেত্রম্।
অংশিনঃ প্রাপ্তুমইন্তি স্বং স্বয়ংশং বিভাগতঃ॥ >৪
অংশিনাং সন্মতাবেব বিভাগঃ পরিষিধ্যতি।
তেষামসন্মতৌ রাজা সমদ্প্রাংশমাচরেৎ॥ ১৫
স্থাবরস্ত চরস্তাপি বিভাগানইবস্তনঃ।
মৃল্যং বা তত্বপস্ত্মংশিনাং বিভজেন্নৃপঃ॥ ১৬

কিন্তু বংশান্তক্রমে জ্যেষ্ঠ পুত্রই রাজ্যাধিকারী হইবে। যদি পৈতৃক ঋণ থাকে, তবে পৈতৃক ধন হইতেই তাহা শোধ করিতে হইবে; যেহেতু, পৈতৃক ঋণ থাকিলে পৈতৃক ধন বিভাগ-যোগ্য হয় না। যদি পৈতৃক ঋণ থাকিতে পুত্রেরা পৈতৃক ধন বিভাগ করিয়ালয়, তাহা হইলে রাজা তাহাদের নিকট সেই ধন গ্রহণ করিয়াপৈতৃক ঋণ পরিশোধ কবাইবেন। আপনি পাপ করিলে যেমন আপনাকেই নরকে যাইতে হয়, সেইরূপ নিজক্বত ঋণে নিজকেই বদ্ধ হইতে হয়; অপর কেহই বদ্ধ হয় না। স্থাবর বা অস্থাবর যাহা কিছু সাধারণ ধন, অংশীরা বিভাগান্ত্রসারে তাহা হইতে আপন আপন অংশ প্রাপ্ত হইতে পারে। অংশীদিগের সম্মতি হইতে লেই বিভাগ সিদ্ধ হইবে; তাহাদিগের অসম্পতি ঘটিলে রাজা পক্ষপাত্ত-শৃত্য দৃষ্টিতে অংশ করিয়া দিবেন। যে স্থাবর ও অস্থা-

বিভক্তেশ্পি ধনে বস্তু স্বীয়াংশং প্রতিপাদরেও।
পুনর্বিভন্তা ভদ্দ্রবান প্রাপ্তাংশায় দাপয়েও॥ ১৭
ক্বতে বিভাগে দ্রবাণামংশিনাং সম্মতৌ শিবে।
পুনর্বিবাদয়ংস্তর শাস্তো ভবতি ভূভ্তঃ॥ ১৮
স্থিতে প্রেডশু পৌরে চ ভার্যায়াঞ্চ পিতর্যাপি।
পৌর এব ধনাইঃ স্থাদধস্তাজ্জনাগৌরবাও॥ ১৯
অপুরেশু স্থিতে তাতে সোদরে চ পিতামহে।
জন্মতঃ সনিকর্ষণ পিতৈবাশু ধনং হরেও॥ ২০
বিভ্যানাম্ম কন্তাম্ম সনিক্ষীস্থপি প্রিয়ে।
মৃতপ্ত পৌরো ধনভাগ্ বতো মুখ্যতরঃ পুমান্॥ ২১

বর বিভাগ করিতে পারা যায় না, রাজা তাহার মূল্য বা উপস্বত্ব
অংশীদিগকে বিভাগ করিয়া দিবেন। ধন বিভক্ত হইবার পরেও
যে ব্যক্তি ঐ ধনে আপন অংশ প্রমাণিত করে, রাজা সেই ধন
পুনর্বার বিভাগ করিয়া সেই জলন-অংশ ব্যক্তিকে দেওয়াইবেন। হে শিবে! সম্পার অংশীর সম্মতিক্রমে ধন বিভাগ
করিবার পর (পূর্বারুত বিভাগ অস্বীকারপূর্বাক) ঐ বিভাগ
লইয়া বিবাদকারী ব্যক্তি রাজার নিকটে দণ্ডনীয় হইবে।
মৃত ব্যক্তির পৌত্র, ভার্যা ও পিতা বিদ্যমান থাকিলে পৌত্রই
অধস্তনত্বরূপ গৌরব নিবন্ধন ধনাধিকারী হইবে। ১—১৯।
অপুত্র মৃত ব্যক্তির পিতা, সহোদর ও পিতামহ থাকিলে, জন্ম
অন্থারে নৈকটা বশতঃ পিতাই ভাহার ধনাধিকারী হইবে।
হে প্রিয়ে! কন্তা অতি সরিক্রমা হইলেও মৃত ব্যক্তির কন্তা
বিদ্যমান থাকিতে পৌত্র ধনাধিকারী হইবে; যেহেজু স্ত্রী
অপেক্রা পুক্রই মুখ্যতর। মৃত পুত্রের স্বোপার্জিত ধন পিতা-

ধনং মৃতেন পুত্রেণ পৌরং বাতি পিতামহাৎ।
অতাহত্র গীয়তে লোকৈঃ পুত্ররূপঃ স্বয়ং পিতা॥ ২২
ঔবাহিকেহিপি সম্বন্ধে ব্রাহ্মী ভার্য্যা বরীয়সী।
অপুত্রস্তা হরেদৃক্থং পত্যুদে হার্দ্ধহারিণী॥ ২০
পতিপুত্রবিহীনা তু সংপ্রাপ্য স্বামিনো ধনম্।
নৈব দাতুং ন বিক্রেতুং সমর্থা স্থধনং বিনা॥ ২৪
পিতৃতিঃ শ্বন্ধবৈর্বাপি দত্তং যন্ধ্র্মাসম্বতম্।
অরংত্যোপার্জ্জিতং যচ্চ স্ত্রীধনং তৎ প্রকীর্ত্তিম্॥ ২৫
তিস্তাং মৃতায়ামৃক্থং তৎ পুনঃ স্বামিপদং ব্রজেৎ।
তদাসন্নতরো বিক্থমধ-উর্জ্কনাদ্ধরেৎ॥ ২৬

মহ হইতে পৌত্রে গমন করিবে। এই জন্ত লোকে কীর্ত্তিত হয় যে, পিতা স্বয়ংই প্রস্করপ। ওঘাহিক সম্বন্ধে ব্রাক্ষ বিধি অনুদারে বিবাহিতা ভার্যাই শ্রেষ্ঠা। ভর্তার অর্জাঙ্গস্করপা সেই বার্দ্ধী ভার্যাই অপুত্র স্বামীর ধনাধিকারিণী হইবে। পতিপুত্র-বিহীনা নারী স্বামিধন প্রাপ্ত হইলেও দান বা বিক্রয় করিতে পারিবে না; কেবল জীধন দান-বিক্রয় করিতে পারিবে। পিতৃ-কুলের বা শ্বন্ধর-কুলের দত্ত ধন অথবা ধর্মান্মসারে নিজ কার্য্য দ্বারা উপার্জিত যে ধন, ভাহা "জ্রীধন" বলিয়া কথিত। ঐ নারীর মৃত্যু হইলে, প্রাপ্ত স্বামি-ধন পুনর্ব্বার স্বামি-ধন-স্থানীয় হইবে, অর্থাৎ ঐ জ্রীর অধিকারে আসিবার পুর্বেষ্ঠ যেমন ছিল, সেইক্রপ হইবে, (কিন্তু স্বামী না থাকিলে) অধন্তন উদ্ধিক অনুসারে অতি নিকটবর্তী ব্যক্তি ঐ ধন প্রাপ্ত হইবে। ২০—২৬। স্বামীর মৃত্যুর পর নারী স্বধর্ম্ম জন্মসারে থাকিয়া

মৃতে পত্যে স্বধর্মেণ পতিবন্ধবশে স্থিতা।
তদভাবে পিতৃবন্ধোন্ডিগ্রন্থী দায়মহ তি ॥ ২৭
শক্ষিত্ব্যভিচারাপি ন পত্যুদায়ভাগিনী।
লভতে জীবনং মাত্রং ভর্তুর্বিভবহারিণঃ॥ ২৮
বহ্বাশেচবনিতাস্তশ্চ স্ব্যাত্থ্য র্মতৎপরাঃ।
ভজেরন্ স্থামিনো বিত্তং দমাংশেন শুচিস্মিতে॥ ২৯
পত্যুর্ব নহরায়াশ্চ মৃতে ভর্তুস্থতা স্থিতো।
পুনঃ স্থামিপদং গত্বা ধনং ছহিতরং ব্রজেৎ॥ ৩০
এবং স্থিতায়াং কন্সায়ামৃক্থং পুত্রবধ্গতম্।
তন্মৃতো স্থামিনং প্রাণ্য শ্বশুরাৎ তৎস্থতামিয়াৎ॥ ৩১
তথা পিতামহে দত্ত্বে বিত্তং মাতৃগতং শিবে।
তত্থাং মৃতারাং পুত্রেণ ভর্ত্রা শ্বশুরগং ভবেৎ॥ ৩২

পতি-বন্ধুদিগের বশবর্তিনী হইয়া, তদভাবে পিতৃবন্ধুদিগের বশবর্তিনী হইয়া অবস্থান করিলে, ধনাধিকারিনী হইবে। যে রমনীর
প্রতি ব্যভিচারের শঙ্কাও হইবে, সে ভর্ত্বন প্রাপ্ত হইবে না।
যে ব্যক্তি তাহার স্বামি-ধনে অধিকারী হইবে, তাহার নিকট
বিভব অনুসারে জীবিকামাত্র প্রাপ্ত হইবে। হে শুচিন্মিতে!
যদি স্বর্গপ্রাপ্ত ব্যক্তির বছ পত্নী থাকে, তাহা হইলে তাহারা সকলেই
সমান অংশ করিয়া সেই ভর্ত্বন লইবে। স্বামি-ধন-ভাগিনী পত্নীর
মৃত্যু হইলে এবং ভর্তার কন্তা বিদ্যমান থাকিলে, সেই ধন পুনর্বার
ভর্ত্বন-স্থানীর হইয়া ছহিত্গামি হইবে। এইরূপে কন্তা বর্ত্তমানে
পুত্রবধ্-গতধন, পুত্রবধ্র মৃত্যু হইলে পুনর্বার স্বামীকে প্রাপ্ত হয়য়
স্বর্গ পিতামহ বিদ্যমান থাকিতে যদি ধন মাতৃগামী

মৃতভোর্দ্ধগতং বিত্তং যথা প্রাপ্নোতি তৎপিতা।
জনম্পণি তথাপ্নোতি পতিহীনা ভবেদ্ যদি॥৩৩
অতঃ সত্যাং জনস্তান্ত বিমাতা ন ধনং হরেৎ।
মৃতে জনস্তান্তং প্রাণ্য পিত্রা গচ্ছেদিমাতরম্॥৩৪
অধস্তনানাং বিরহাদ্ যথা রিক্থং ন যাত্যধঃ।
যেনৈবাধস্তনং প্রাপ্তং তেনৈবোর্দ্ধং তদা ব্রজেং॥৩৫
অতঃ স্থিতৌ পিতৃব্যস্ত ধনং স্বন্থগতঞ্চ সং।
পত্যৌ স্থিতেহনপত্যায়া মৃতৌ পিতৃব্যমাশ্রমেং॥৩৬
উদ্ধাদিন্তনধঃ প্রাণ্য প্নাংসমবলম্বতে।
অতঃ সত্যাং সোদরায়াং বৈমাত্রেয়ো ধনং হরেং॥৩৭

হয়, তবে মাতার মৃত্যুর পর দেই ধন মাতার ভর্তা পাইবে, পরে পিতামহের পুত্রের ধনস্থানীয় হইয়া পিতামহগামি হইবে। মৃত ব্যক্তির উর্জাত ধন থেমন পিতা প্রাপ্ত হয়, দেইরূপ পতিহীনা মাতাও প্রাপ্ত হইয়া থাকে। জননী বর্ত্তমান থাকিতে বিমাতা ধনভাগিনী হইবে না। জননীর মৃত্যু হইলে, পুত্রকে আশ্রয় করিয়া পিতা দ্বরা বিমাতাও ধনভাগিনী হইবে। অধস্তন অধিকারীর অভাব হইলে, ধন অধোগামি হয় না, পরস্ত দেই ধন থে ক্রমে আধোগামি হইয়াছিল অর্থাং মৃত ব্যক্তি পর্যান্ত আদিয়াছিল, দেই ক্রমেই উর্জাগিমি হইবে। ২৭—৩৫। অত এব পিতৃবা থাকিতে ধন ভগিনীগামি হইলেও কল্তা-পুত্র-রহিতা ঐ ভগিনীর পতি বিদ্যানা থাকিতে মৃত্যু হইবার পর দেই ধন পিতৃবাই প্রাপ্ত হইবে। ধন উর্জ হইতে অধোগামি হইয়া, প্রথমে পুরুষকে আশ্রয় করে; অত এব সহোদরা ভগিনী বর্ত্তমান থাকিতেও বৈমাত্রেয় ভ্রাতা ধনাবিকারী হইবে। দহোদরা ভগিনী বর্ত্তমান থাকিতেও বৈমাত্রেয় ভ্রাতা

স্থিতায়াং সোদরায়াঞ্চ বিমাতুঃ পুত্রসম্ভতে ।
বৈমাত্রেয়গতং বিস্তং বৈমাত্রেয়ান্তরো ভজেৎ ॥ ৩৮
মৃতক্ষ সোদরো লাভা বৈমাত্রেয়ন্তথা শিবে ।
ধনং পিতৃগতত্বেন বিভজেতাং সমাংশিনৌ ॥ ৩৯
কন্তায়াং জীবিতায়াঞ্চ তদপত্যং ন দায়ভাক্ ।
যত্র যদাধিতং বিত্তং তন্মৃতাবপরং ব্রজেৎ ॥ ৪০
বিভজেয়ুর্ছ হিতরং পুত্রাভাবে পিতৃর্ব প্র ।
উদ্বাহয়ন্তোহন্ঢ়ান্ত পিতৃঃ সাধারণৈধ নৈঃ ॥ ৪১
অসন্তত্যা মৃতায়াশ্চ স্ত্রীধনং স্থামিনং ব্রজেৎ ।
অন্তৎ তু দ্রবিশং যন্মাদাপ্তং তৎপদমাশ্রমেৎ ॥ ৪২
প্রেতলব্ধবন্নারী বিদ্যাদাত্মপোষণম্ ।
পুণ্যন্ত তত্বপ্রত্বৈন শক্তা দান-বিক্রমে ॥ ৪০

বিদামান থাকিলেও বৈমাত্রের ভ্রাতৃগত ধন বৈমাত্র ভ্রাতার সম্ভানই প্রাপ্ত হইবে। হে শিবে! মৃত ব্যক্তির ধন সহোদর ও বৈমাত্রের ভ্রাতা উভয়ে সমান বিভাগ করিয়া লইবে; কারণ, ঠে ধন মৃত ব্যক্তির পিতৃ-ধন-স্থানীয় হয়। কন্তা জীবিত থাকিতে তাহার পুত্র ধনাধিকারী হইবে না। যে স্থলে যে ধনাধিকারের বাধক, সেই স্থলে তাহার মৃত্যুর পর অপরকে আশ্রয় করিবে, (এখানে কন্তা দৌহিত্রের ধনাধিকারের বাধক, স্পত্রাং কন্তার মৃত্যুর পর দৌহিত্র জাধিকারী)। অবিবাহিতা ভগিনীর বিবাহ, সাধারণ পৈতৃক ধন দারা দিয়া, পুত্র না থাকিলে কন্তারা পিতৃ-ধন বিভাগ করিয়া হইবে। সম্ভতি-রহিত মৃত নারীর স্ত্রীধন স্থামী প্রাপ্ত হইবে। স্ত্রীধন ভিন্ন অন্ত ধনে যাহার উত্তরাধিকারস্ত্রে প্রাপ্তি হইয়াছিল, সেই ব্যক্তির উত্তরাধিকারী তাহা প্রাপ্ত হইবে। নারী উত্তরাধিকারিতা সমুক্তে

পিতামহসুষারাঞ্চ সত্যাং তাতবিমাতরি।
পিতামহগতং রিক্থং তৎপুত্রেণ স্বু বাং ব্রজেৎ॥ ৪৪
পিতামহে পিতৃব্যে চ তথা লাতরি জীবতি।
অধোভবানাং মুখ্যত্বাদ্ লাতৈব ধনভাগ্ ভবেৎ॥ ৪৫
পিতৃব্যাৎ সন্নিকর্ষেহ্র তুল্যো লাতৃ-পিতামহৌ।
ধনং পিতৃপদং গত্বা প্রয়াতুর্রাতরং ব্রজেৎ॥ ৪৬
স্থিতেহপ্যপত্যে তৃহিতুং প্রতিশু পিতরি স্থিতে।
ছহিত্রপত্যং ধনভাগ্ধনং যত্মাদধোমুখ্য্॥ ৪৭
স্থঃপ্রয়াতুঃ স্থিতে তাতে তথা মাতরি কালিকে।
পুংসো মুখ্যতরত্বেন ধনহারী ভবেৎ পিতা॥ ৪৮
স্থিতঃ স্বপিতৃসাপিণ্ডো বর্ত্তমানেহিপি মাতৃলে।
প্রেতশ্ব ধনহারী স্থাৎ পিতুঃ সম্ক্রগোরবাৎ॥ ৪৯

বে ধন প্রেত হইতে প্রাপ্ত হইবে, তাহা হইতে আপনার ভরণপোষণ করিবে এবং তাহার উপস্বত্ব দারা পুণ্য কর্ম করিবে; কিন্তু
দান-বিক্রেয় করিতে পারিবে না। পিতৃবা-পত্নী ও পিতৃ-বিমাতা
বিদ্যমান থাকিলে, ধন পিতামহণামি হইয়া পশ্চাৎ পিতৃব্য দারা
পিতৃব্য-পত্নীকেই আশ্রয় করিবে। পিতামহ, পিতৃব্য ও লাতা
জীবিত থাকিলে, অধস্তন পুরুষের প্রধানতা হেতু লাতাই ধনভাগী
হইবে। পিতৃব্য অপেক্ষা লাতা ও পিতামহ উভয়েই সমান সন্নিকৃষ্ট;
দিশৃশ স্থলে মৃত ব্যক্তির ধন পিতৃ-ধনস্থানীয় ইইয়া লাতৃগামি হইবে।
৩৬—৪৬। মৃত ব্যক্তির দৌহিত্র ও পিতা ব্রত্তমান থাকিলে দৌহিত্রই ধনাধিকারী হইবে, যেহেতু ধন স্বভাবতই অধোগামি। হে
কালিকে! স্বর্গতে ব্যক্তির পিতা ও মাতা বিদ্যমান থাকিলে
পুরুষের মুখ্যতরত্ব হেতু পিতাই ধনাধিকারী হইবে। মৃত ব্যক্তির

অধন্তাদামনাভাবে ধনমুর্দ্ধভবং গতম্।
তত্রাপি পুংসাং মুখ্যত্বাদিতং পিতৃকুলং শিবে।
অতাহত্র সন্নিক্ষ্টোহপি মাতৃলো নাপু য়াদ্ধনম্॥ ৫০
অজীবৎপিতৃকঃ পৌল্রঃ পিতৃব্যঃ সহ পার্ক্ষতি।
পিতামহস্ত দ্রবিণাৎ স্বপিতৃদ বিষহিতি॥ ৫১
লাতৃহীনা তথা পৌল্রী পিতৃব্যঃ সমভাগিনী।
পিতামহধনং সৌম্যা হরেচ্চেন্সুতমাতৃকা॥ ৫২
সত্যাং পৌল্রাঃ পিতামহাং পৌল্রাঃ পিতৃত্বস্থাপি।
বিত্তে পিতৃগতে দেবি পৌল্রী তত্রাধিকারিণী॥ ৫০
অধোগামিষু বিত্তেরু পুমান্ জ্যান্থানধন্তনঃ।
উদ্ধ্যামিধনে শ্রেষ্ঠঃ পুমান্দ্ধান্তবো ভবেৎ॥ ৫৪
অতঃ সুষায়াং পৌল্রাঞ্চ সত্যাং ছহিত্রি প্রিয়ে॥

মাতৃল জীবিত থাকিলেও পিতৃদম্বদ্ধের গৌরব হেতু পিতৃদ্পিও ব্যক্তিই ধন প্রাপ্ত হইবে। হে শিবে! ধন অধোগামি হইতে না পারিলে, উর্দ্ধতন পুরুষকে প্রাপ্ত হয়; তমধ্যে পুরুষদিগের প্রধানতা প্রযুক্ত অত্যে ধন পিতৃকুলেই গমন করে; এই কারণে এ স্থলে মাতৃল সন্নিরুষ্ট হইলেও ধনভাগী হন না। হে পার্ব্ধতি! মৃত্পিতৃক পৌত্র পিতামহের ধন হইতে পিতার প্রাপ্য অংশ প্রাপ্ত হইবে। পৌত্রী যদি ল্রাভৃহীনা, পিতৃমাতৃহীনা ও স্বধর্মাম্বর্ত্তিনী হয়, তাহা হইলে পিতামহ-ধনে পিতৃব্যের সহিত সমভাগিনী হইবে। হে দেবি! পৌত্রীর পিতামহী ও পিতৃষ্পা জীবিত থাকিলেও পিতৃগত ধনে পৌত্রীই অধিকারিণী হইবে অর্থাৎ ধনীর কন্তা, জননীও ভগিনীর মধ্যে কন্তাই উত্তরাধিকারিণী। অধোগামি ধনে অধন্তন পুরুষেরই প্রাধান্ত এবং উর্দ্ধ্যামি ধনে উর্দ্ধতন পুরুষেরই প্রাধান্ত এবং উর্দ্ধ্যামি ধনে উর্দ্ধতন পুরুষেরই প্রাধান্ত এবং উর্দ্ধ্যামি ধনে উর্দ্ধতন পুরুষেরই প্রাধান্ত

প্রেড থ বিভবং হর্তুং নৈব শকোতি তৎপিতা। ৫৫

যদা পিতৃকুলে ন স্থান্ত স্থ ধনভাজন্ম।
পুর্ব্বোক্তবিধিনা রিক্থং মাতামহকুলং ভজেং। ৫৬

মাতামহগতং বিতঃ মাতুলৈন্তৎস্থতাদিভিঃ।
অধ-উর্ক্রমেণেবং পুমাংসং প্রিয়মাশ্রয়েং। ৫৭

রাক্ষ্যবয়ে বিভ্নমানে পিরোঃ দাপিওনে স্থিতে।
মৃতস্থ শৈবীতনয়ো ন পিতৃদ্ ায়ভাগ্ ভবেং। ৫৮
শৈবী পত্নী চ তৎপুত্রা লভেরন্ ধনভাগিনঃ।
গ্রাসমাচ্ছাদনং ভদ্রে স্থাপ্রস্থাধনন্। ৫৯

শৈবোদাহং প্রকুর্ব্বস্থাং শৈবভর্ত্বিব পালয়েং।
সৌম্যাঞ্বোধিকারোহস্থাঃ পিরাদীনাং ধনে প্রিয়ে। ৬০

হইবে। হে প্রিয়ে! এই কারণে পুত্রবধ্, পৌত্রী বা কন্তা জীবিত থাকিতে মৃত ব্যক্তির ধন মৃত ব্যক্তির পিতা গ্রহণ করিতে পারিবে না। যদি মৃত ব্যক্তির পিতৃকুলে কেহ উত্তরাধিকারী না থাকে, তাহা হইলে পুর্ব্বোক্ত বিধি অনুসারে সেই ধন মাতামহ-কুলকে আশ্রম্ম করিবে। মাতামহ-কুল-গত ধন মাতুল, মাতুলপুত্র প্রভৃতি ছারা প্রথমতঃ অধন্তন, তদভাবে উর্দ্ধতন, এবং পুরুষজ্ঞাতি, তদভাবে নারীজাতিকে আশ্রম করিবে। ত্রাহ্মা বিবাহে বিবাহিতা পত্নীর সন্তান বিভ্যান থাকিতে এবং পিতৃসপিও থাকিতে, শৈব বিবাহে বিবাহিতা ভার্যার সন্তান মৃত ব্যক্তির ধনভাগী হইবে না। হে ভত্রে! শৈব বিবাহে বিবাহিতা ভার্যা ও তাহার পুত্রগণ ধনাধিকারীর নিকট মৃত ব্যক্তির সম্পণ্ডি অমুসারে গ্রাসাচ্ছাদন প্রাপ্ত হইবে। ৪৭—৫৯। হে প্রিয়ে! শৈববিবাহে বিবাহিতা ভার্যাকে

দ্বাদশোলাসঃ।

অতঃ সংকুলঙ্গাং কথাং শৈবৈক্ষাহয়ন্ পিতা।
ক্রোধাছা লোভতো বাপি স ভবেল্লোকগর্হিতঃ ॥ ৬১
শৈনী-তদম্মাভাবে সোদকো ব্রহ্মদো নৃপঃ।
হরেয়ুঃ ক্রমতো বিত্তং মৃত্যু শিবশাসনাং ॥ ৬২
পিগুদাং সপ্ত পুরুষাঃ সপিগুাঃ কথিতাঃ প্রিয়ে।
সোদকা দশমাস্তাঃ স্থাস্ততঃ কেবলগোত্রঙ্গাঃ ॥ ৬০
বিভক্তং দ্রবিণং যক্ত সংস্কৃতং স্বেচ্ছয়া তু চেং।
অবিভক্তবিধানেন ভজেরংস্তক্ষনং পুনঃ ॥ ৬৪
বিভক্তে বিভক্তে বা যস্ত যাদ্যোভাগিতা।
মৃত্যেংপি তম্ম দায়াদাস্তাদ্যিভবভাগিনঃ ॥ ৬৫
যে যক্ত ধনহার্ত্রারো ভবেয়ুজীবনাব্রি।
দল্লাঃ পিগুং ত এবাক্স শৈবভার্যাাস্ক্রহং বিনা ॥ ৬৬

শৈব ভর্ত্তাই পালন করিবে,—সে যদি ব্যভিচারিণী না হয়। এই
শৈবী ভার্যা।—পিতা মাতা প্রভৃতির ধনে অধিকারিণী হয় না।
পিতা ক্রোধ হেতু বা লোভ হেতু সংকুলসম্ভূতা কন্তার শৈববিবাহ
দিলে লোকসমাজে নিন্দিত হইয়া থাকেন। শৈবী ভার্যা। ও তাহার
বংশ না থাকিলে শিবের শাসন-হেতু ক্রমে অর্থাৎ পূর্ব্ধপূর্বাভাবে
সমানোদক, আচার্যা ও রাজা মৃত ব্যক্তির ধন গ্রহণ করিবেন।
হে প্রিয়ে! পিওদাতা হইতে সপ্তম পুরুষ পর্যান্ত সপিও শব্দে
কথিত। অন্তম হইতে দশম পুরুষ পর্যান্ত সমানোদক। অনস্তর
কেবল গোত্রজ বলা যায়। ধন একবার বিভাগ করিয়া তাহা যদি
পশ্চাৎ স্বেচ্ছাক্রমে মিশ্রিত করা হয়, তাহা হইলে সেই ধন অবিভক্ত
বিধানামুসারে পুনর্বার বিভাগ করিবে। অবিভক্ত বা বিভক্ত ধনে
যাহার অংশ নির্দ্ধিই আছে, সেই ব্যক্তি মৃত হইলে তাহার উত্তরাধি-

লোকেহিন্দিন্ জন্মসম্বদ্ধাদ্যথাশোঁচং বিধীয়তে।
ধনভাগিত্বসম্বদ্ধাৎ ত্রিরাত্রং বিহিতং তথা ॥ ৬৭
পূর্ণেহশোঁচেহগবাপূর্ণে তৎকালাভান্তরে ক্রতে।
শ্রবণাচ্ছেষনিবনৈবিশুধায়ুর্দিজাদয়ঃ ॥ ৬৮
কালাভীতে তু বিজ্ঞাতে খণ্ডাশোঁচং ন বিশুতে।
পূর্ণে ত্রিরাত্রং বিহিতং নচেৎ সংবৎসরাৎ পরম্॥ ৬৯
বর্ষাভীতেহিপি চেন্মাতুঃ পিতুর্বা মরণক্রতো।
ত্রিরাত্রমণ্ডিঃ পুত্রস্তথা ভর্ত্বঃ প্রতিত্রতা॥ ৭০
অশোঁচাভান্তরে যন্মিরশোঁচান্তরমাপতেও।
শুর্মশোঁচেন মন্ত্যানাং শুদ্ধস্ত্র বিধীয়তে॥ ৭১

কারিগণ দেইরূপ সংশ প্রাপ্ত হইবে। যাহারা যাহার ধনে অধিকারী হইবে, তাহারা যাবজ্জীবন তাহার পিগুদান করিবে; কিন্তু শৈবীভার্যার পত্রে নহে। এই লোকে জন্মসম্বন্ধতে থেমন অশৌচ বিহিত্ত হয়, সেইরূপ উত্তরাধিকারিত্ব সম্বন্ধেও তিরার মন্দোচ বিহিত্ত আছে। পূর্ণাশৌচ অথবা থণ্ডাশৌচ, নির্দ্ধিন মন্দোচকালের মধ্যে ক্রত্ত হটলে, মনৌচকালের যে কয়েক দিন মন্দির থাকিবে, দিজাদি সকল বর্ণ ই সেই করেক দিনেই গুল্ধ হইবে। অশৌচ-কাল অতীত ফইলে পর খণ্ডাশৌচ ক্রত হইলে অশৌচ হইবে না; কিন্তু পূর্ণাশৌচ ক্রত হইলে প্র—পিতার বা মাতার, এবং পতিব্রতা পত্নী—ভর্ত্তার মন্দো অত্য একটি মনৌচ হয়, দেই স্থলে গুক্ক অশৌচ দারা মানব-দিগের গুদ্ধি বিহিত আছে। ৬০—৭১। দীর্ঘকাল-ব্যাপিত্বরূপ

অশোচানাং শুরুত্বঞ্চ কালবাপিত্বগোরবাং।
ব্যাপাব্যাপকয়ার্শ্বয়ে গরীয়ো ব্যাপকং শ্বতম্ ॥ १२
ব্যাপাব্যাপকয়ার্শ্বয়ে গরীয়ো ব্যাপকং শ্বতম্ ॥ १२
ব্যাপাব্যাপকয়ার্শ্বের পতেদপরস্থতকম্।
পূর্বাশোচন শুন্ধিঃ স্থাদাগুরুদ্ধা দিনদ্বয়ম্ ॥ ৭৩
তাবং পিতৃকুলাশোচং যাবন্ধেছনং স্তিয়াঃ।
জাতে পরিণয়ে পিত্রোমৃতি আহমুদাস্থতম্ ॥ ৭৪
বিবাহানস্তরং নারী পতিগোত্রেণ গোত্রিনী।
তথা গ্রহীতৃগোত্রেণ দত্তপুরস্থ গোত্রিতা ॥ ৭৫
স্থতমানায় সম্মত্যা জনস্যা জনকস্থ চ।
স্থগোত্রনামান্থালিথ্য সংস্কুর্ঘাৎ স্কর্জনিঃ সহ ॥ ৭৬
শুরুদেহিপ যথা পিত্রোধনি পিণ্ডেইবিকারিতা।
আদাত্রেদি ত্তকে ত্রুদ্বতোহস্থ পিতরো হি তৌ ॥ ৭৭

পৌরব হেতৃই অশোচের গুরুত্ব। ব্যাপা-অশোচ ও ব্যাপক-অশোচের মধ্যে ব্যাপক অশোচই গুরুত্ব। যদি মরণাশোচের বা জননাশোচের শেষ দিবদে অহোরাত্র মধ্যে অপর কোন মরণ জনিত বা
জন্ম-জনিত খণ্ডাশোচ উপস্থিত হয়, তাহা হইলে পূর্ব্ব অশোচ দারাই
সেই অশোচ যাইবে অর্থাৎ খণ্ডাশোচ গ্রহণ করিতে হইবে না।
যদি পূর্ণাশোচ হয়, তাহা হইলে পূর্বাশোচের পর ছই দিন অশোচবৃদ্ধি হইবে। স্ত্রীলোকের যে পর্যান্ত বিবাহ না হয়, সে পর্যান্ত পিতৃকুলে অশোচ হইবে। বিবাহের পর নারী পতিগোত্র প্রাপ্ত হয়।
এইরূপ দত্তকপুত্র দত্তক গ্রহীতার গোত্র প্রাপ্তা হইবে। জননী ও
জনক—উভয়ের সম্মতিক্রমে পুত্র গ্রহণ করিয়া গ্রহীতা আপনার
গোত্র ও নাম উল্লেখ করিয়া স্বজনবর্ণের সহিত ঐ দত্তক পুত্রের

আপঞ্চাব্যং শিশুং গৃহ্ণন্ স্বর্ণাৎ পরিপালয়েৎ।
পঞ্চবর্ষাধিকো বালো দন্তকো ন প্রশক্ততে ॥ ৭৮
ভাতৃপুজােহপি দন্তকেচদ্ গ্রহীতৈব ভবেৎ পিতা।
উৎপাদকঃ পিতৃবাঃ স্থাৎ সর্কাকর্মস্থ কালিকে ॥ ৭৯
যো যস্ত ধনহর্তা স্থাৎ স তদ্ধর্মাণি পালমেৎ।
সংরক্ষেরিয়মাংস্তস্ত তদ্ধূন্ পরিতােষয়ের ॥ ৮০
কানীনা গোলকাঃ কুপ্তা অতিপাতকিনশ্চ যে।
নাশোচং মরণে তেষাং নৈব দায়াধিকারিতা ॥ ৮১
লিঙ্গচ্ছেদো দমো যেষাং যাসাং নাসানিক্সনম্।
মহাপাতকিনাঞ্চাপি মৃতৌ নাশোচ্মাচরেৎ ॥ ৮২

সংস্কার করিবে। যেরূপ উরদ পুত্রে পিতামাতার ধন এবং পিণ্ডাধিকার আছে, দেইরূপ দত্তক পুত্রেও দত্তক-প্রহীতা দ্রী-পুরুষের ধন
ও পিণ্ডাধিকার আছে; কারণ, তাহারই ঐ দত্তকের মাতাপিতা।
পঞ্চম বর্ষ পর্যান্ত বালককে সবর্ণের নিকট হইতে গ্রহণ করিয়া
প্রতিপালন করিবে। দত্তক-গ্রহণ বিষয়ে পঞ্চ-বর্ষাধিক-বয়য়
বালক প্রশস্ত নহে। হে কালিকে! লাতুস্পুত্রও দত্তক হয়, তাহা
তইলে দকল কার্যোই দত্তকগ্রহীতাই ঐ দত্তক পুত্রের পিতা হইবে
এবং তাহার জন্মদাতা পিতৃব্য হইবে। যে ব্যক্তি যাহার ধনাধিকারী হইবে, দেই ব্যক্তিই তাহার ধর্ম পালন করিবে ও নিয়ম
রক্ষা করিবে এবং তাহার বন্ধুদিগকে পরিতৃত্বী করিবে। ৭২—৮০।
যাহারা কানীন, গোলক, কুণ্ড ও অতিপাতকী, তাহাদের মরণে
অংশীত হইবে না এবং তাহাদিগের ধনাধিকারিতাও হইবে না। মে
সকল পুরুষের লিঙ্গচ্ছেদরূপ দণ্ড হইরাছে, অথবা যে সকল নারীর
রাজ্বণ্ড ঘারা নাসিকাচ্ছেদন হইয়াছে, অথবা যাহারা মহাশাতকী,

ন্থামুদ্দেশহীনানাং পরিবারান্ধনান্থপি।
পালয়েকক্ষেত্রাজা যাবদ্বাদশ বৎসরান্॥৮০

চাদশাব্দে গতে তেষাং দর্জদেহান্ বিদাহয়েৎ।
ত্রিরাত্রান্তে তৎস্থতাক্তঃ প্রতত্তং পরিমাচয়েৎ॥৮৪
ততত্তৎপরিবারেভাঃ পুলাদিক্রমতো ধনম্।
বিভজ্য নূপতিদ আদেশ্রথা পাতকী ভবেং॥৮৫
ন কোহপি রক্ষিতা যক্ত দীনক্সাপদাতক্ত চ।
তব্রৈব নূপতিঃ পাতা যতো ভূপঃ প্রজাপ্রভুঃ॥৮৬
যন্তাগচ্চেদমুদ্দিষ্টো বিভাগান্তেহপি কালিকে।
তব্রৈব দারাঃ পুলাশ্চ ধনং তব্রৈব নাক্রথা॥৮৭
ন সমর্থঃ পুমান্ দাতুং পৈতৃকং স্থাবরঞ্চ যৎ।
স্বজনারাথবাশুক্মৈ দারাদান্ত্রমতিং বিনা॥৮৮

তাহাদের মরণে অশৌচ গ্রহণ করিবে না। যে সকল ব্যক্তি নিক্দেশ হইয়াছে, রাজা তাহাদের পরিবার এবং ধন দ্বাদশ বৎসর পর্যান্ত রক্ষা করিবেন। দ্বাদশ বৎসর অতীত হইলে, ঐ অনুদ্ধিষ্ট ব্যক্তিনিগের কুশময় দেহ দাহ করাইবেন। ত্রিরাত্রের পর উহাদের পুত্রাদি দ্বারা প্রেত্তর মোচন করাইবেন। অনন্তর নূপতি, ঐ অনুদ্ধিষ্ট ব্যক্তির ধন বিভাগ করিয়া, পুত্রাদিক্রমে ব্যাসন্তব তাহার পরিবারদিগকে প্রদান করিবেন; অত্যা তিনি পাপী হইবেন। ঘাহার কেহ রক্ষক নাই, তাহার এবং দীন ও বিপদ্প্রন্তদিগের রাজাই রক্ষাকর্ত্তা হইবেন; কারণ, রাজাই প্রজাগণের প্রভু। হে কালিকে! অনুদ্ধিষ্ট ব্যক্তি বদি বিভাগের পরেও আগমন করে, তাহা ইইলে ভাহারই স্ত্রী-পুত্র, তাহারই ধন; ইহার অত্যা হইবে না। অংশিগণের সম্মতি ব্যতীত পুক্ষজাতিও পৈতৃক স্থাবর ধন স্কলনকে জ্বাবা অন্ত ব্যক্তিকে দান করিতে পারিবে না। যে স্থাবর বা

যত্তু সোপার্জিতং রিক্থং স্থাবরং স্থাবরেতরং।
অস্থাবরং পৈতৃকঞ্চ স্বেচ্ছনা দাতুমইতি॥৮৯
স্থিতে পুল্রেহথবা পদ্পাং কন্সায়াং তৎস্থতেহিপ বা।
জনকে চ জনন্তাং বা ল্রাতর্যোবং স্বদর্যাপি॥৯০
স্বার্জিতং স্থাবরধনমস্থাবরধনঞ্চ যং।
অস্থাবরং পৈতৃকঞ্চ দাতুং দর্মং ক্ষমো ভবেং॥৯১
ধনমেবং বিধানেন দত্তং বা ধর্ম্মাৎক্রতম্।
পুংদা তদন্তথা কর্ত্তুং পুল্রান্তিনৈ ব শক্যতে॥৯২
ধর্মার্থং স্থাপিতং রিক্থং দাতা রক্ষিতৃমহতি।
ন প্রভুঃ পুনরাদাতুং ধর্মো হস্ত যতঃ প্রভুঃ॥৯০
মূলং বা তহুপস্বত্রং যথাসক্ষরমন্বিকে।
স্বাং বা তৎপ্রতিনিধিধ শ্বার্থং বিনিয়োজয়েং॥৯৪
স্বোণার্জিতধনস্থার্ম্মং দারাদায়াপি চেন্ধনী।
দত্যাৎ স্লেহন তচ্চান্তো নাত্যথা কর্ন্তু মূর্য তি॥৯৫

অস্থাবর ধন স্বোপার্জিত, তাহা এবং পৈতৃক অস্থাবর সম্পত্তি দান করিতে পারিবে। পুত্র অথবা পত্নী, কল্পা বা দৌহিত্র, অথবা জনক জননী, কিংবা ভ্রাতা ভগিনী বর্তমান থাকিলেও স্বোপার্জিত স্থাবর ও অস্থাবর ধন এবং পৈতৃক সমস্ত অস্থাবর ধন দান করিতে পারিবে। পুরুষ এইরূপ ধন এইরূপে দান বা অন্ত কোন ধর্মকার্যো বার করিলে তদীয় পুত্রাদি তাহার অন্তথা করিতে পারিবে না। ধর্মার্থে স্থাপিত ধনের দাতাই রক্ষা করিবে, কিন্তু তাহা পুনর্কার গ্রহণ করিতে পাবিবে না। ধেহেতু ধর্মই তাহার প্রভূ। হে অম্বিকে! স্বয়ং বা প্রতিনিধি সম্বন্ধিত মুল্ধন বা ভাহার উপস্কত্ব ধর্মার্থে নিয়োজিত করিতে পারিবে। যদি স্বোপাৰ্জ্জিভন্তাৰ্দ্ধমেকসৈ ধনহারিণান্।
দদাত্যকৈন্চ দায়াদৈঃ প্রতিরোদ্ধুং ন শক্যতে॥ ৯৬
একেন পিতৃবিত্তেন ষত্র বিত্তমুপার্জ্জিতম্।
পিত্রে সমাংশা দায়াদা ন লাভার্হা বিনার্জ্জকম্॥ ৯৭
সৈতৃকাণি চ বিত্তানি নপ্তেইপ্যুদ্ধারয়েত্ত্ব যঃ।
দায়াদানাং ভদ্ধনেভ্য উদ্ধৃত্তি। দ্বাংশমর্হ তি॥ ৯৮
পূণাং বিত্তঞ্চ বিদ্যা চ নাশ্র্য়েদশরীরিণন্।
শরীরস্ত পিতৃর্যন্তাৎ কিং ন স্থাৎ পৈতৃকং বস্থ ॥ ৯৯
পৃথগান্ধীঃ পৃথ্যিতিশ্রন্থতির্যান্থলৈর্যজ্পার্জ্জিতম্।
সর্ব্ধং তৎ পিতৃসংক্রান্তং তদা স্বোপার্জ্জিতং কুতঃ ॥ ১০০

৮১—৯৪। ধনী যদি স্নেহ বশতঃ কোন উত্তরাধিকারাকে স্বোপাজিজ্ ত ধনের অদ্ধাংশ প্রদান করে, তাহা হইলে অন্ত কোন ব্যক্তি
তাহার অন্তথা করিতে পারিবে না। যদি উত্তরাধিকারিগণের মধ্যে
এক ব্যক্তিকেই স্বোপার্জ্জিত ধনের অদ্ধাংশ প্রদান করে, তাহা
হইলে অন্ত উত্তরাধিকারীরা তাহার প্রতিরোধ করিতে পারিবে
না। য়েহলে বহু ভ্রাতার মধ্যে এক ভ্রাতা, পৈতৃক ধন দারা
ধন উপার্জ্জন করিয়াছে, দেইস্থলে ঐ পৈতৃক ধনেই সকল ভ্রাতা
সমভাগী; উপার্জ্জক ব্যতীত উপার্জ্জিত ধন অপর কেহ প্রাপ্ত
হইবে না; যে ভ্রাতা, পৈতৃক নষ্টদ্রব্য উদ্ধার করে, উত্তরাধিকারিগণের মধ্যে সেই ব্যক্তি ছই অংশ গ্রহণ করিবে। শ্রীর-শৃক্ত
ব্যক্তিকে পুণ্য, ধন এবং বিদ্যা আশ্রম করে না। এই শ্রীর
মেহেতু পিতৃসম্বদ্ধী, স্কতরাং কোন্ ধন পৈতৃক না হইবে ? মানবগণ পৃথগন্ন ও পৃথগ্ধন হইয়াও যাহা উপার্জ্জন করিবে, তৎসমস্তই
পিতৃসংক্রান্ত; স্বোপার্জ্জিত ধন কিন্ধপে সম্ভব হয় ? অতএব

অতো মহেশি স্বায়াসৈর্থেন যদ্ধনমৰ্জ্জিতন্।
স্বোপার্জিতঃ তদেব স্থাৎ স তৎস্বামী ন চাপরঃ ॥ ১০১
মাতরং পিতরং দেবি গুরুক্তির পিতামহান্।
মাতামহান্ করেণাপি প্রহর্তরেব দায়ভাক্ ॥ ১০২
নিল্নন্তানপি প্রাণৈন তেবাং ধনমাপুরাৎ।
হতানামন্তারাদা ভবেয়ুর্ধ নভাগিনঃ ॥ ১০৩
নপুংসকাঃ পঙ্গব*চ গ্রাসাচ্ছাদনমন্বিকে।
যাবজ্জীবনমহন্তি ন তে স্থাদ্বিয়ভাগিনঃ ॥ ১০৪
সন্বামিকং প্রাপ্তধনং পথি বা যত্র কুত্রচিৎ।
নূপন্তৎস্বামিনে প্রাপ্তা দাপন্নেৎ স্থবিচারয়ন্ ॥ ১০৫
অস্বামিকানাং জীবানামস্বামিকধনস্ত চ।
প্রাপ্তা তত্র ভবেৎ স্বামী দশমাংশং নূপেহর্পরেৎ ॥ ১০৬

হে মহেশ্বরি! যে ব্যক্তি নিজ পরিশ্রম দ্বারা যে ধন উপার্জ্জন করিবে, তাহা তাহারই স্বোপার্জিত—সেই ব্যক্তি সেই ধনের স্বামী, অন্ত কেহ নহে। হে দেবি! মাতা, পিতা, গুরু, পিতামহ বা মাতামহকে কর দ্বারাও প্রহার করিলে, সে তাহাদিগের ধনভাগী হইবে না। অন্ত কোন সম্বন্ধী ব্যক্তিকেও প্রাণে বিনষ্ঠ করিলে, বিনষ্ঠ ব্যক্তির ধন প্রাপ্ত হইবে না; অপর কোন উত্তরাধিকারী সেই ব্যক্তির ধনে অধিকারী হইবে না; অপর কোন উত্তরাধিকারী সেই ব্যক্তির ধনে অধিকারী হইবে। হে অন্বিকে! নপুংসক ও পঙ্গু, যাবজ্জীবন গ্রাসাচ্ছাদন প্রাপ্ত হইবে, ধনভাগী হইবে না। পথে বা অন্ত কোন স্থানে কেহ স্বামিক ধন প্রাপ্ত হইলে, রাজা স্থবিচারপূর্কক সেই ধন গ্রহীতা দ্বারা ধনস্বামীকে দেওরাইবেন। অস্বামিক জীব বা অস্বামিক ধন প্রাপ্ত হইলে, সেই ব্যক্তি তাহার অধিকারী হইবে, রাজাকে তাহার দশ্মাংশ অর্পণ করিবে। ৯৫—১০৬। নিকটম্ব

স্থাবরং ধনমন্তর্কৈ স্থিতে সানিধ্যবর্তিনি।
বোগ্যে ক্রেতরি বিক্রেতুং ন শক্তঃ স্থাবরাধিপঃ ॥ ১০৭
সানিধ্যবর্তিনাং জ্ঞাতিঃ সবর্ণো বা বিশিষ্যতে।
তয়োরভাবে স্কল্পো বিক্রেতিছা গরীয়সী ॥ ১০৮
নির্ণীতমূল্যেহপান্তেন স্থাবরস্ত ক্রেয়োদ্যমে।
তন্মূল্যং চেৎ সমীপস্থো রাতি ক্রেতা ন চাপরঃ ॥ ১০৯
মূল্যং দাতুমশক্তশ্চেৎ সন্মতো বিক্রয়েহপি বা।
সানিধিস্থকনাত্রকৈ গৃহী শক্তোহতিবিক্রয়ে ॥ ১১০
ক্রীতং চেৎ স্থাবরং দেবি পরোক্ষে প্রতিবাসিনঃ।
প্রবাদেব তন্মূল্যং দল্বাসৌ প্রাপ্তমুম্ব তি ॥ ১১১
ক্রেতা তত্র গৃহারামান্ বিনির্মাতি ভনক্তি বা।
মূন্যং দল্বাপি নাপ্নোতি স্থাবরং সনিধিস্থিতঃ ॥১১২

যোগ্য ক্রেতা উপস্থিত থাকিতে স্থাবরস্থানী স্থাবর ধন অন্থ ব্যক্তিকে বিজ্ঞান করিতে পারিবে না। নিকটস্থ ক্রেত্বগণের মধ্যে জ্ঞাতি অথবা সবর্গ প্রাপ্ত , তদভাবে বন্ধ। বহু বন্ধ ক্রয়েচ্ছু থাকিলে, বিক্রেতার ইচ্ছাই গরীয়সী, অর্থাৎ ইচ্ছামত বিক্রান্য করিবে। অপর ব্যক্তি স্থাবর ধনের মূল্য নির্দ্ধারণ করিয়া ক্রয় করিতে উদ্যত হইলে, নিকটস্থ ব্যক্তি যদি সেই মূল্য দেয়, তাহা হইলে সেই ব্যক্তিই ক্রেতা হইবে, অপর ব্যক্তি হইবে না। যদি নিকটস্থ ব্যক্তি মূল্যদানে অসমর্থ অথবা অন্থের নিকট বিক্রান্য করিতে সম্মত হয়, তাহা হইলে গৃহস্থ অপর ব্যক্তির নিকটেও বিক্রান্য করিতে সমর্থ হইবে। ছে দেবি! প্রতিবাদীর অজ্ঞাতসারে অপরে যদি স্থাবর-সম্পত্তি ক্রয় করে, তাহা হইলে ঐ প্রতিবাদী শ্রবণ করিয়াই সেই মূল্য দিয়া তাহা প্রাপ্ত হইতে পারিবে। কিন্ত ক্রেতা যদি তাহাতে গৃহ বা উপবন নির্ম্বাণ

করহীনা প্রতিহতা বহুগরণাতিত্বর্গমা।
অনাদিষ্টোহপি তাং ভূমিং সম্পন্নাং কর্তুমূর্য তি। ১১৩
বহু প্রয়াসদাধায়াস্তস্থা ভূমের্মহীভূতে।
দত্তা দশাংশং ভূজীয়াৎ ভূমিস্বামী যতো নূপঃ॥ ১১৪
বাপী-কূপ-ভড়াগানাং খননং বৃক্ষরোপণম্।
পরানিষ্টকরে দেশে ন গৃহং কর্তুমুর্ছতি॥ ১১৫
দেবার্থং দত্তকূপানো তথা স্রোভস্বভীজলে।
পানাদিকারিণঃ মর্কে সেচনেহস্তিকবাসিনঃ॥ ১১৬
মত্তোয়সেচনাল্লোকা ভবেযুর্জ্লকাতরাঃ।
ন সিঞ্চেযুর্জ্লিং তত্মাদিপি সন্নিধিবর্ত্তিনঃ॥ ১১৭

করে কিংবা ভগ্ন করে, তাহা হুইলে নিক্টস্থ ব্যক্তি মূল্য প্রদান করিলেও স্থাবর ধন প্রাপ্ত হুইবে না। জল অথবা বন হুইতে উথিত, অতি প্র্র্গন, অন্তর্জর এবং রাজস্ব-শৃত্য ভূমিকে রাজাজ্ঞা ব্যতিরেকেও উর্জরা করিতে পারিবে। সেই ভূমি যদিও বহু প্রয়াস-সাধা. তথাপি তাহা হুইতে উৎপন্ন বস্তর দশমাংশ রাজাকে প্রদান করিয়া ভোগ করিবে; কারণ রাজাই সমুদায় ভূমির স্বামী। যে স্থানে পরের অনিষ্ঠ হুইতে পারে, সে স্থানে বাপী, কুপ, তড়াগ খনন কৃক্ষ-রোপণ অথবা গৃহ করিতে পারিবে না। দেবোদেশে উৎস্কষ্ঠ কুপাদি ও নদীর জল দকলেই পান করিতে অধিকারী এবং ঐ জলাশয়ের নিক্টস্থ ব্যক্তিগণ সেচন করিতে অধিকারী। যে জলাশয়ের জল সেচন করিলে লোকেরা জলের জন্ম কাতর হুইবে, নিক্টস্থ লোকেরাও তাহা হুইতে জল সেচন করিতে পারিবে না।

ধনানামবিভক্তানামংশিনাং সন্মতিং বিনা।
তথা নির্ণাতবিত্তানামদিদ্ধে আদবিক্রয়ে ॥ ১১৮
স্থাপানাং বদ্ধবিত্তানাং জ্ঞানারষ্টেহপায়ত্বতঃ।
তন্মূল্যং দাপয়েত্তেন স্থামিনে সর্বাণা নূপঃ ॥ ১১৯
অভিমত্যা স্থাপকস্থা পশ্বাদিন্যস্তবস্ত্তনাম্।
ব্যবহারে ক্তে তত্র ধর্তা সম্পোষয়েৎ পশূন্॥ ১২০
লাভে নিযোজয়েদ্ যত্র স্থাবরাদীনি মানবঃ।
নিয়মেন বিনা কাল-লাভয়োরন্তথা ভবেৎ ॥ ১২১
সালারণানি বস্তুনি লাভাগং নৈব যোজয়েং।
মৃতে পিতরি সর্বােষামংশিনাং সন্মতিং বিনা ॥ ১২২
ক্রমব্যতায়মূল্যেন দ্রব্যাণাং বিক্রয়ে সতি।
নুপস্বন্ত্রণা কর্তুং ক্রমো ভবতি পার্বাতি॥ ১২০

গচ্ছিত রাখা ও বিক্রয় করা অদিক এবং য়ে সম্পত্তির অধিকারিতা অথবা পরিমাণ নির্দিষ্ট হয় নাই, তাহার বিক্রয় বা বন্ধক অদিদ্ধ হইবে। গঠ্ছিত । বন্ধকি বস্তু জ্ঞান পূর্বক অয়ত্ম বশতঃ নষ্ট করা হইলে রাজা ঐ নষ্টকারী ব্যক্তি হইতে ধনস্বামীকে তাহার মূল্য সর্ব্ধতোভাবে দেওয়াইবেন। স্থাসকর্ত্তার সম্মতিক্রমে স্থান্ত পশুত বস্তুর ব্যবহার করিলে ব্যবহর্তাই পগুদিগকে পোষণ করিবে। যেস্থলে মানব, কাল ও লাভের নিম্নিয়, হাবরাস্থাবর সম্পত্তি বিনিযুক্ত করিবে, সেই স্থলে সেই লাভ অন্থথা হইবে। পিতার মৃত্যু হইলে সকল অংশীর সম্মতি ব্যতিরেকে সাধারণ সম্পত্তি লাভার্থ বিনিযুক্ত করিতে পারিবে না। হে পার্বতি! যদি বহুমূল্য বস্তু অয়মূল্যে বা অয়মূল্য বস্তু বহুমূল্যে

জননঞ্চাপি মরণং শরীরাণাং যথা সকং।
দানং তথৈব কস্তায়া ব্রাক্ষোদ্বাহঃ সকং সকং॥ ১২৪
নৈকপুত্রঃ স্থতং দদ্যানৈকস্ত্রীকস্তথা স্ত্রিয়ম্।
নৈককস্তঃ স্থতাং শৈবোদ্বাহে পিতৃহিতঃ পুমান্॥ ১২৫
দৈবে পিত্রো চ বাণিজ্যে রাজদ্বারে বিশেষতঃ।
যদিবধ্যাং প্রতিনিধিস্তায়িয়ন্তঃ কৃতির্ভবেং॥ ১২৬
ন দণ্ডার্হঃ প্রতিনিধিস্তায় দুতোহপি স্কুব্রতে।
নিয়োক্তৃকতদোষেণ বিধিরেষ সনাতনঃ॥ ১২৭
ঋণে ক্ষো চ বাণিজ্যে তথা সর্কেষ্ কর্মস্থ।
যদ্যদঙ্গীকতং লোকৈস্তৎ কার্য্যং ধর্ম্মম্মতম্॥ ১২৮

বিক্রীত হয়, তাহা হইলে রাজা তাহার অন্তথা করিতে দক্ষম হইবেন। যেরপ জন্ম ও মৃত্যু শরীরের একবারমাত্র, সেইরূপ কন্তা-দান ও ব্রাহ্ম বিবাহ একবারই হইবে। যাহার একটিমাত্র পুত্র আছে, সে পুত্র দান করিতে পারিবে না; যাহার একটিমাত্র স্ত্রী আছে, দে স্ত্রী-দান করিতে দমর্থ হইবে না; যিনি পিতৃলোকের হিতাকাজ্জী হইবেন, তাঁহার যদি একটিমাত্র কন্তা থাকে, তাহা হইলে সেই কন্তার শৈব-বিবাহ দিতে পারিবেন না। দৈবকার্য্যে, পিতৃকার্য্যে, বাণিজ্যে, বিশেষতঃ রাজনারে প্রতিনিধি যাহা করিবে, তাহা সেই নিয়োগকর্তারই করা হইবে। হে স্ক্রতে! প্রতিনিধি-দিয়োগকর্তার দোষে প্রতিনিধি বা দৃত দণ্ডার্হ হইবে না, ইহা নিত্য বিধি। ঋণ, ক্রমিকার্য্যা, বাণিজ্য এবং অন্তান্ত সকল কার্য্যে ধর্মান্সত যাহা অঙ্গীকার করিবে, তাহা করিতে হইবে। জগদীধর

অধীশেনাবিতং বিশ্বং নাশং যাস্তি নিনজ্জবঃ। তৎপাতৃন্ পাতি বিশ্বেশস্তমালোকহিতো ভবেৎ ॥ ১২৯

ইতি শ্রীমহানির্বাণতন্ত্রে সনাতনব্যবহারকথনং
নাম দ্বাদশোলাসঃ ॥ ১১ ॥

জগৎ রক্ষা করিতেছেন। যাহারা এই জগৎকে নাশ করিতে অভিলাষী, তাহারা স্বয়ং বিনষ্ট হইয়া থাকে। ঈশ্বরপালিত জগতের
রক্ষকদিগকে জগদীশ্বর রক্ষা করিয়া থাকেন। অতএব সর্বাদা জগতের
হিতসাধনে তৎপর হইবে। ১১৮—১২৯।

ইতি দ্বাদশ উল্লাস সমাপ্ত।

ত্ররোদশোলাসঃ।

ইতি নিগদিতবন্তং দেবদেবং মহেশং
নিখিলনিগমসারং স্বর্গমোইক্ষকবীজম্।
কলিমলকলিতানাং পাবনৈকান্তচিন্তা
ত্রিভুবনজনমাতা পার্বতী প্রাহ ভক্ত্যা॥ ১

शि दमवावाह।

মহদ্যোনেরাদিশক্তেশ্বহাকাল্যা মহাত্যতে:।
স্ক্রাতিস্ক্রভৃতায়াঃ কথং রূপনিরূপণম্॥ ২
রূপং প্রকৃতিকার্য্যাণাং দা তু সাক্ষাৎ পরাৎপরা।
এতন্মে সংশয়ং দেব বিশেষাচ্ছেতুমুর্ছদি॥ ৩

দেবদেব মহেশ্বর, দকল নিগমের দার এবং স্বর্গ ও মোক্ষের একমাত্র কারণস্থরপ এই বাক্য কহিলে পর, কলিমল-সংযুক্ত জীব-গনের পবিত্রতার জন্ম একাগ্রচিন্তা ত্রিভুবন-জনমাতা পার্ববী ভক্তি-সহকারে কহিতে লাগিলেন;—মহন্যোনি অর্থাৎ মহন্তন্ত্বের উৎপাদিকা, আদিশক্তি অর্থাৎ মূলপ্রকৃতি, মহাত্যুক্তি এবং স্ক্র্ম হইতেও স্ক্র্মা অর্থাৎ নিতান্ত ছুর্জেরা মহাকালীর রূপ নিরূপণ কিরূপে হইবে ? হে দেব ! প্রকৃতি-কার্য্যের অর্থাৎ ঘট পট প্রভৃতিরই রূপ আছে; কিন্তু মহাকালী দাক্ষাৎ পরাৎপরা অর্থাৎ প্রকৃতিরূপা, স্মতরাং তাহার রূপ থাকা অসম্ভব ৷ আমার এই বিষয়ে বিশেষরূপ সংশার আছে, হে দেব ! আপনি আমার এই সংশার বিশেষরূপে দেশের আছে, হে দেব ! আপনি আমার এই সংশার বিশেষরূপে দেশের

শীসদাশিব উবাচ।

উপা সকানাং কার্যায় পুরৈব কথিতং প্রিয়ে।
খণক্রিয়ান্সারেণ রূপং দেব্যাঃ প্রকল্পিতম্ ॥ ৪
খেত পীতাদিকো বর্ণো যথা ক্লফে বিলীয়তে।
প্রবিশস্তি তথা কাল্যাং সর্ব্বত্তানি শৈলজে ॥ ৫
অতস্তত্তাঃ কালশক্তেনিগুণায়া নিরাক্ততেঃ।
হিতায়াঃ প্রাপ্তযোগানাং বর্ণঃ ক্লফো নিরূপিতঃ ॥ ৬
নিত্যায়াঃ কালরূপায়া অব্যয়ায়াঃ শিবাত্মনঃ।
অমৃতত্বাল্ল লাটেইস্তাঃ শশিচিক্রং নিরূপিতম্ ॥ ৭
শশিস্ব্যায়িভির্নেত্রের্থিলং কালিকং জগং।
সম্পশ্ততি যতস্তত্ত্বাং কল্পিতঃ নয়নত্রয়ম্ ॥ ৮

করন। শ্রীসদাশিব কহিলেন,—হে প্রিয়ে! পূর্বেই কথিত হইয়াছে যে, উপাসকদিগের কার্যোর নিমিত্ত গুণ ও ক্রিয়ায়ুসারে দেবীর
রূপ কল্লিত হইরাছে। হে শৈললে! খেত পীত প্রভৃতি বর্ণসমুদার
যেমন রুঞ্চবর্ণে বিলীন হয়, তাহার স্তায় সর্বভৃতই কালীতে প্রবিষ্ট
হইয়া থাকে। এই হেতু সেই নিস্তাণা নিরাকারা যোগিগণের হিতকারিণী কালশক্তির বর্ণ রুঞ্চ বলিয়া নিরূপিত হইয়াছে। নিত্যা,
কালরূপা, অবায়া ও কল্যাণরূপা সেই কালীর অমৃতত্তপ্রযুক্ত ললাটে
চক্তকলা-চিক্ত, কল্লিত হইয়াছে। যেহেতু চক্ত, স্র্যা ও অধিরূপ
নেত্র ছারা কালসম্ভূত নিথিল জগৎ সন্দর্শন করেন, সেই হেতু
তাঁহার নয়নত্রয় কল্লিত হইয়াছে। সমুদায় প্রাণীকে গ্রাস করেন
ও কালদন্ত ছারা চর্বেণ করেন বলিয়া সর্ব্বপ্রাণীর রুধির-সমূহ সেই
মহেশ্রীর রক্তবসনরূপে কথিত হইয়াছে। হে শিবে! সময়ে সময়ে

শ্রদনাৎ সর্ব্রসন্থানাং কালদন্তেন চর্ব্রণাৎ।
তদ্রক্তসভ্যো দেবেপ্তা বাসোরপেণ ভাষিতম্॥ ৯
সময়ে সময়ে জীবরক্ষণং বিপদঃ শিবে।
প্রেরণং স্বস্বকার্যােষ্ বরশ্চাভয়মীরিতম্॥ >
রজােজনিতবিশ্বানি বিষ্টভ্য পরিতিষ্ঠতি।
অতা হি কথিতং ভদ্রে রক্তপদ্যাসনস্থিতা॥ >>
ক্রীড়স্তং কালিকং কালং পীতা মাহময়ীং স্করাম্।
পশ্রপ্তী চিন্ময়ী দেবী সর্ব্রসাক্ষিত্ররূপিণী॥ >২
এবং গুণামুসারেপ রূপাণি বিবিধানি চ।
কল্লিতানি হিতার্থায় ভক্তানামল্লমেধসাম্॥ >৩

শ্রীদেব্যবাচ।

ধ্যানং যৎ কথিতং কাল্যা জীবনিস্তারহেতবে। তস্তামুরপতো মৃর্ত্তিং মুন্ময়ীং বা শিলাময়ীম ॥ ১৪

বিপদ্ হইতে জীবকে রক্ষা করা এবং নিজ নিজ কার্য্যে প্রেরণ করাই তাঁহার বর ও অভয়রপে কথিত হইয়াছে। ১—১০। হে ভদ্রে! তিনি রজোগুল-জনিত বিশ্বে অধিষ্ঠান করিতেছেন, এই কারণে কথিত হইয়াছে বে, তিনি রক্ত-কমলাসন-স্থিতা। জ্ঞানস্বরূপা, সর্বজনের সাক্ষি-স্বরূপিণী সেই দেবী, মোহময়ী স্থরা পান করিয়া, কালোচিত ক্রীড়াকারী কালকে দেখিতেছেন। অয়বৃদ্ধি ভক্তবৃন্দের হিভাম্মষ্ঠানের নিমিত্ত উক্তপ্রকার গুণামুসারে সেই ভগবতীর বছ-বিধ রূপ কল্লিত হইয়াছে। শ্রীদেবী কহিলেন,—জীবগণের নিস্তারের নিমিত্ত আপনি যে আল্যা কালিকার ধ্যান কীর্ত্তন করিয়াছেন, যদি সেই ধ্যানামুসারে মুন্ময়ী, শিলাময়ী, কাষ্ঠময়ী বা ধাতুময়ী মুর্ত্তি

দারু-ধাতুময়ীং বাপি নির্মায় যদি সাধকঃ।
বিচিত্রভবনং ক্বন্ধা বস্ত্রালক্ষারভূষিতাম্।
স্থাপয়েৎ তত্র দেবেশীং কিং কলং তন্ত জায়তে॥১৫
প্রতিষ্ঠা কেন বিধিনা তন্ত্যাঃ প্রতিক্তেঃ প্রভা।
কর্ত্তব্যা তদশেষেণ ক্রপয়া মে প্রকাশতাম্॥১৬
বাপী-কূপ-গৃহারাম-দেবপ্রতিক্তেত্তথা।
প্রতিষ্ঠা স্থাচিতা পূর্বং গদিতা ন বিশেষতঃ॥১৭
তিদিধানমপি শ্রোত্মিচ্ছামি স্বন্থাম্মুজাৎ।
কথ্যতাং পরমেশান ক্রপয়া যদি রোচতে॥১৮

শ্রীসদাশিব উবাচ। শুহুমেতৎ পরং তত্ত্বং যৎ পৃষ্টং পরমেশ্বরি। কথয়ামি তব স্লেহাৎ সমাহিত্যনাঃ শুণু॥ ১৯

নির্মাণ করিয়া, সাধক ব্যক্তি, বস্ত্র ও অলঙ্কারে ভূষিতা দেবেশীর ঐ মূর্ত্তিকে, বিচিত্র রমণীয় গৃহ নির্মাণ করিয়া, তাহাতে স্থাপন করে, তাহা হইলে তাহার কি ফল হইবে ? হে প্রভা ! কিরূপ বিশি অমুসারে সেই প্রতিমূর্ত্তির প্রতিষ্ঠা করিতে হইবে, তাহা রূপা করিয়া সম্পূর্ণরূপে আমার নিকট ব্যক্ত করুন । আপনি পূর্ব্বে বাপী, কূপ, গৃহ, উপবন ও দেব-প্রতিমূর্ত্তির প্রতিষ্ঠার স্থচনা করিয়াছেন, কিন্তু বিশেষরূপে বলেন নাই। হে পরমেশ্বর! আমি আপনার মুখারবিন্দ হইতে তাহার বিধানও প্রবণ করিতে ইচ্ছুক হইয়াছি। যদি আপনার অভিক্রতি হয়, রূপা করিয়া বলুন। ১১—১৮। শ্রীসদাশিব কহিলান,—হে পরমেশ্বর! তুমি যে সমুদায় তত্ত্ব জিপ্তাসা করিলে, তাহা শ্বিশের গোপনীয়। তোমার প্রতি মেহ প্রযুক্ত আমি বলিতেছি,

সকামানৈত্ব নিদ্ধান্য ছিবিধা ভূবি মানবাঃ।

অকামানাং পদং মোকঃ কামিনাং কলম্চাতে॥ ২০
যো যদেবপ্রতিকৃতিং প্রতিষ্ঠাপরতি প্রিরে।

স তল্লোকমবাপ্রোতি ভোগানপি তত্তবান্॥ ২০
মূন্ময়ে প্রতিবিধে তু বসেৎ কল্লবুতং দিবি।

দাল্ল-পাষাণ-ধাতুনাং ক্রমাদশগুণাধিকম্॥ ২২
ভূণ-কাষ্ঠাদিরচিতং ধ্বজ-বাহনসংযুত্ম্।

মন্দিরং দেবমুদ্দিশু কামমুদ্দিশু বা নরঃ।

সংস্কুর্যাত্ত্তভোপি তক্ত পুণাং নিশাময়॥ ২৩
ভূণাদিনির্দ্মিতং গেহং যো দদাৎ প্রমেশ্বি।

বর্ষকোটিসহন্তাণি স বসেদ্দেববেশ্বনি॥ ২৪
ইষ্টকাগৃহদানে তু তত্মাচ্ছতগুণং ফলম্।

ততেহিযুতগুণং পুণাং শিলাগেহপ্রদানতঃ॥ ২৫

তুমি একাগ্রচিত হইয়া শ্রবণ কর। এই ভূমগুল মধ্যে মানব বিবিধ;—সকাম ও নিন্ধাম। নিন্ধামদিগের মোক্ষ পদ। কামি-গণের যেরূপ ফল, তাহা কথিত হইতেছে। হে প্রিয়ে! যে ব্যক্তি যে দেবতার প্রতিমূর্ত্তি প্রতিষ্ঠা করে, সেই ব্যক্তি সেই দেবলোক এবং তলোকভোগ্য বস্তু প্রাপ্ত হইয়া থাকে। মৃন্মুয়ী প্রতিমা প্রতিপ্রতিষ্ঠা করিলে দশ সহস্র কল্ল স্বর্গে বাস করে। দারুময়ী, পাষাণমন্ত্রী ও ধাতুময়ী প্রতিমা প্রতিষ্ঠাতে ক্রমে দশ দশ গুণ অধিক হয়, অর্থাৎ দারুময়ী প্রতিমা প্রতিষ্ঠার লক্ষ্ণ কল্প স্বর্গবাস ইত্যাদি। যে ব্যক্তি দেবতার প্রীতি উদ্দেশে অথবা কোন কামনা করিয়া ধ্বল ও বাহনের সহিত তৃণ-কাষ্ঠাদিনির্মিত গৃহ উৎসর্গ করিবে, বা প্রক্রপ উৎস্তি গৃহের সংস্কার করিয়া দিবে, তাহার পুণ্য শ্রবণ করে। হে

সেতৃসংক্রমদাতাদ্যে ষমলোকং ন পশুতি।
স্থাং স্বালয়ং প্রাপ্য মোদতে স্থানিবাদিভিঃ ॥ ২৬
বৃক্ষারাম প্রতিষ্ঠাতা গতা ত্রিদশমন্দিরম্।
কল্পাদপর্ন্দেষ্ নিবসন্ দিব্যবেশানি।
ভূঙ ক্রে মনোরমান্ ভোগান্ মনসো যানভীপ্সিতান্ ॥ ২৭
প্রীতয়ে সর্ব্যবানাং যে প্রদল্যক্রশাশয়ম্।
বিধৃতপাপাত্তে প্রাপ্য ক্রন্সলোকমনাময়ম্।
নিবসেয়্ শতং বর্ষানস্ভদাং প্রতিশীকরম্॥ ২৮
যো দণ্যাঘাহনং দেবি দেবতাপ্রীতিকারকম্।
স তেন রক্ষিতো নিতাং তল্লোকে নিবসেচিরম্॥ ২৯

পরমেশ্বরি । যে ব্যক্তি তৃণাদি-নির্মিত গৃহদান করিবে, দেই ব্যক্তি বহুদহস্র কোটি বৎদর দেবলোকে বাদ করিবে। ইছক-নির্মিত-গৃহদানে ইহা হইতে শতগুণ ফল। প্রস্তর-নির্মিত-গৃহ-প্রদানে উহা হইতে অযুত-গুণ পুণ্য। হে আদ্যে! দেতু এবং সংক্রম অর্থাৎ দোপান প্রদানকর্তাকে যমলোক দর্শন করিতে হয় না; পরম স্থথে স্থরালয়ে গমন করিয়া স্বর্গবাদীদিগের সহিত আমোদ করে। বৃক্ষ ও উপবন-প্রতিষ্ঠাকর্তা দেবলোকে গমন করিয়া করপাদপর্নদ-সমিহিত দিবাগৃহে বাদ করিয়া, যে দকল মনের অভিলম্বিত, দেই দমস্ত মনোরম ভোগ্য বস্তু উপভোগ করিয়া থাকে। দর্বপ্রাণীর প্রীতির নিমিত্ত যাহারা জলাশয় উৎস্র্পা করে, তাহারা নিপ্পাপ হইয়া অনাময় ব্রন্ধলোকে বাদ করিবে। হে দেবি! যে ব্যক্তি দেবতার প্রীতিকারক কোন বাহন প্রধান করিবে, দে দেই বাহন কর্তৃক নিয়ত পরিরন্ধিত হইয়া দেই দেব-

মূনায়ে বাহনে দত্তে যঁৎ কলং জারতে ভূবি।
দাকজে তদশগুণং শিলাজে তদশাধিকম্॥ ৩

রীতিকা-কাংস্ত-তামাদি-নির্মিতে দেববাহনে।
দত্তে কলমবাপ্নোতি ক্রমাচ্ছ হ গুণাধিকম্॥ ৩১
দেব্যাগারে মহাসিংহং ব্যব্তং শক্ষরালয়ে।
গরুড়ং কৈশবে গেহে প্রদিন্যাতিকক্ষরঃ।
চতুরভিবুর্বজনথো মহাসিংহং প্রকীর্ত্তিঃ॥ ৩৩
শুসাযুধঃ শুক্রবায়শ্চতুম্পাদ্সিতক্ষরঃ।
বৃহৎককুৎ ক্রঞপুচ্ছঃ শ্রামস্বলো বৃষঃ স্মৃতঃ॥ ৩৪

লোকে চিরকাল বাদ করিবে। এই ভূমগুলে মূম্য বাহন দান করিলে যে ফল হয়, কান্ঠনির্মিত-বাহন-দানে তাহার দশগুণ ফল হইয়া থাকে, এবং প্রেস্তর-নির্মিত বাহন দান করিলে তাহা ইইতেও দশগুণ অধিক ফল লাভ হয়। পিত্তল, কাংস্ত ও তাম প্রভৃতি ধাতু ঘারা নির্মিত দেববাহন দান করিলে ক্রমে শতগুণ করিয়া অধিক ফল হয় মর্থাৎ প্রস্তর ইইতে পিত্তলে শতগুণ, পিত্তল ইইতে কাংস্তে শতগুণ ইত্যাদি। সাধকপ্রেষ্ঠ ভগবতীর গৃহে মহাসিংহ, শিব-মন্দিরে র্যভ এবং বিষ্ণুমন্দিরে গরুড় নির্মাণ করিয়া প্রদান করিবেন। ১৯—৩২। যাহার দস্ত সকল তীক্ষ্ণ, যাহার বদনমণ্ডল ভীষণ, যাহার গ্রীবা কেশর-সমূহ ঘারা স্কণোভিত, যে চতুপ্রদ্ এবং যাহার নথ বজ্বদৃশ, সে মহাসিংহ বলিয়া কীর্ত্তিত হয়। শৃঙ্গ- ছয়ই যাহার মন্ত্র, যাহার শরীর শুত্রবর্ণ, যে চতুপ্রাদ, যাহার খুর রুষ্ণবর্ণ, যাহার রুহৎ করুদ্ আছে, যাহার পুছে রুষ্ণবর্ণ, যাহার স্কর্মণ শ্রামবর্ণ, সে বৃষ্ভ বলিয়া স্মৃত ইইয়াছে। যাহার জঙ্গা

গরুড়: পক্ষিত্রজ্ঞ নরান্তো দীর্ঘনাদিক:।
পাদসক্ষোচসংবিষ্ট: পক্ষযুক্ত: কুতাঞ্জলি:॥ ৩৫
পতাকাধ্বজদানেন দেবপ্রীতি: শতং সমা:।
ধ্বজদগুস্ত কর্তব্যা দ্বাত্রিংশদ্ধস্তসন্মিত:॥ ৩৬
কুদ্ঢ় শ্ছিদ্ররহিত: সরল: শুভদর্শন:।
বেষ্টিতো রক্তবন্ত্রেণ কোটো চক্রসমন্বিত:।
পতাকা তত্র সংযোজ্যা তত্ত্বাহনচিহ্নিতা॥ ৩৭
প্রশন্তম্মার্থা দিব্যবস্ত্রবিনির্মিতা।
শোভমানা ধ্বজার্থে যা পতাকা সা প্রকীর্ত্তিতা॥ ৩৮
বাসো-ভূষণ-পর্যাক্ষ-যান-সিংহাসনানি চ।
পান-প্রােশন-তাম্বূল-ভাজনানি পতদ্গ্রহম্॥ ৩৯
মণিমুক্তা-প্রবালাদিরত্বান্তাশ্বপ্রিয়ঞ্চ যৎ।
যো দদ্যান্দেব-মৃদ্দিশু শ্রদ্ধাভক্তিসমন্বিত:।

পক্ষীর স্থায়, বদনমগুল মন্ত্রের স্থায়, নাসিকা স্থামর্গ, এবং বে পক্ষদ্মযুক্ত, কুভাঞ্জলি, পদদর সন্ধৃতিত করিয়া উপবিষ্ট, সে প্রকৃত্য দেবালয়ে ধ্বজ-পতাকা দান করিলে দেবতার শতবর্ষব্যাপিনী প্রীতি হয়। (উচ্চে) দাত্রিংশৎ-হস্তপরিমিত, সরল, স্থাদূচ, ছিদ্ররহিত, স্থাদ্য, রক্তবন্ধ দারা বেষ্টিত ও অগ্রভাগে চক্রযুক্ত ধ্বজ নির্মাণ করিবে। তাহাতে অর্থাৎ ধ্বজদণ্ডের অগ্রভাগে তত্তৎ-দেবতার বাহনচিষ্টিত পতাকা সংযুক্ত করিতে হইবে। মাহার মূল-দেশ প্রশন্ত ও অগ্রভাগ স্ক্র, যাহা রমণীয় বন্ধ দারা নির্মিত হইয়া, ধ্বজাগ্রে শোভমানা হইবে, তাহাই পতাকা বলিয়া কথিত হইনয়াছে। বিনি বন্ধ, অলক্ষার, পর্যাক, যান, সিংহাসন, পানপাত্র, ভোজনপাত্র, তাল্ব্লপাত্র, পিকদান, মণি, মুক্তা, প্রবাল প্রভৃত্তি

স তল্লোকং স্মাসাদ্য তত্তৎ কোটিগুণং লভেৎ॥ ৪০
কামিনাং ফলমিত্যুক্তং ক্ষয়িষ্ট্ স্থপ্নরাজ্যবং।
নিদ্ধামানাস্ত নির্ব্বাণং পুনরাবৃত্তিবর্জ্জিতম্॥ ৪১
কলাশয় গৃহারাম-সেতু সংক্রম-শাখিনাম্।
দেবতানাং প্রতিষ্ঠায়াং বাস্তদৈত্যং প্রপুক্ষরেং॥ ৪২
অনর্চ্চয়িন্তা যো বাস্তং কুর্যাৎ কন্মাণি মানবং।
বিল্লং তস্তাচরেদ্বাস্তং পরিবারগণৈ: সহ ॥ ৪০
কলিলাস্তঃ পিঙ্গকেশো ভীষণো রক্তলোচনং।
কোটরাক্ষো লম্বকর্ণো দীর্ঘজক্রো মহোদরং॥ ৪৪
অশ্বতুগুঃ কাককঠো বজ্রবাহুর্ব তাস্তকঃ।
এতে পরিকরা বাস্তোঃ পুজনীয়াঃ প্রযুক্তঃ ॥ ৪৫
মণ্ডলং শূণু বক্ষামি যত্র বাস্তং প্রপূক্ষরেং॥ ৪৬

রক্স ও সভাভ নিজপ্রিয় বস্তু দেবতার উদ্দেশে শ্রদ্ধা ও ভক্তিসমন্বিত হইয়া দান করিবেন, তিনি সেই দেবতার স্থানে গমন
করিয়া সেই দত্ত বস্তু কোটিগুণে লাভ করিবেন। কামীদিগের
কণ, স্বপ্ললক রাজ্যসদৃশ ক্ষয়শীল বলিয়া, কথিত হইয়াছে। নিদ্ধানদিগের পুনরাবৃত্তি-বর্জিত নির্বাণ-মৃক্তি হয়। জলাশয়, গৃহ,
উপবন, সেতু, সোপান, বৃক্ষ ও দেবপ্রতিষ্ঠার সময় বাস্তুদৈত্যের
পূজা করিবে। যে ব্যক্তি বাস্তু-পূজা না করিয়া দেবপ্রতিষ্ঠা
প্রভৃতি কর্ম্ম করিবে, বাস্তুদেব পরিবারগণের সহিত তাহার তৎকর্ম্মে
বিদ্ন করিয়া দিবেন। কপিলাস্ত, পিঙ্গকেশ, ভীষণ, রক্তলোচন,
কোটরাক্ষ, লম্বকর্দ, দীর্ঘজ্জ্ব, মহোদর, অশ্বতৃত্ত, কাকক্ষ্ঠ, বক্সবাছ
এবং ব্রতাস্তক,—এই সকল বাস্তুদেবতার পরিবার যত্নপূর্ব্বক পূজনীয়। ৩৩—৪৫। যে মণ্ডলে বাস্তুদেবতার প্রা করিতে

ত্রয়োদশোল্লাসঃ।

বেদ্যাং বা সমদেশে বা শস্তান্তিরুপলেপিতে।
বাষ্বীশকোণয়ার্যধ্যে হস্তমাত্রপ্রমাণতঃ।
হত্রপাতক্রমেণেব রেখামেকং প্রকল্পরেও ॥ ৪৭
ঈশানাদয়িপর্যান্তমপরং রচয়েও তথা।
আপ্রেয়ায়ের্পতিং যাবলৈর্প ভাদ্বায়বাবিধি ॥ ৪৮
দক্ষা রেখাং চতুদ্বোণমেকং মণ্ডলমালিখেও ॥ ৪৯
কোণহত্রে পাতয়িছা চতুদ্ধা বিভক্তেতু তও।
যথা তত্র ভবেদেবি মৎস্তপুচ্ছচতুষ্টয়ম্ ॥ ৫০
ততো ভিত্বা পুচ্ছমূলং বারুণাদ্বাসবাবিধ।
কোবেরাদ্ যাম্যপর্যান্তং দত্যান্তেখাদ্বয়ং হ্রবীঃ ॥ ৫১
ততশ্চতুর্ কোণেরু কোণরেখাদ্বিভেষপি।
কর্ণাকর্ণিপ্রয়োগেণ স্তমেন্তেখাচতুষ্টয়ম্ ॥ ৫২

হইবে, তাহা বলিতেছি—শ্রবণ কর। বেদী বা পবিত্র জল দারা উপলেপিত কোন সমতল ভূমিতে বায়ুকোণ হইতে ঈশান-পর্যান্ত একহস্তপরিমিত একটি স্ত্রপাত-ক্রমে সরল রেখা করিবে। ঈশান-কোণ
হইতে অগ্নিকোণ পর্যান্ত ঐরপ আর একটি রেখা করিবে। পরে
অগ্নিকোণ অবিবি নৈশ্বভিকোণ পর্যান্ত এবং নৈশ্বভিকোণ অবিধি
বায়ুকোণ পর্যান্ত রেখাদ্বর করিয়া একটি চতুদ্ধোণ মণ্ডল লিখিবে।
হে দেবি! ঐ মণ্ডলের এক কোণ হইতে অপর কোণ পর্যান্ত রেখা
ছইটি টানিয়া সেই মণ্ডলকে এরূপে চারিভাগে বিভক্ত করিবে যে,
যাহাতে সেই স্থলে চারিটি মৎস্থপুচ্ছের আকার হইয়া উঠে। অনন্তর
স্থা ব্যক্তি উক্ত পুচ্ছমূল ভেদ করিয়া পশ্চিমদিক্ হইতে প্রাদিক্
পর্যান্ত এবং উত্তরদিক্ হইতে দক্ষিণদিক্ পর্যান্ত হইটি রেখা করিবে।
স্থেনস্তর কোণ-রেখারুক্ত চতুক্ষোণে কর্ণাকর্ণি চারিটি রেখা এবং মধ্য-

এবং সঙ্কেতবিধিনা কোষ্ঠানাং ষোড়শোল্লিখন্।
পঞ্চবর্পেন চুর্নেন রচয়েদ্যস্কমুত্তমম্॥ ৫৩
চতুর্ম্ মধ্যকোষ্ঠের্ পদাং কুর্যান্মনোহরম্।
চতুর্দ্দলং পীতরক্তকর্ণিকং রক্তকেশরম্॥ ৫৪
দলানি শুরুবর্ণানি যদ্ম পীতানি কল্লয়েৎ।
যথেষ্ঠং পুরয়েৎ পদ্ম-সন্ধিস্থানানি বর্ণকৈঃ॥ ৫৫
শান্তবং কোষ্ঠমারতা কোষ্ঠানাং দাদশ ক্রমাৎ।
খেত-কৃষ্ণ-পীত-রক্তৈশ্চতুর্ব্বর্ণিং প্রপ্রয়েৎ॥ ৫৬
দক্ষিণাবর্ত্তযোগেন কোষ্ঠানাং পূরণং প্রিয়ে।
বামাবর্ত্তন দেবানাং পূজনং তেয়ু সাধয়েৎ॥ ৫৭
পদ্মে সমর্চ্চয়েদ্বাস্তদৈত্যং বিদ্বোপশান্তয়ে।
ঈশাদিদ্বাদশে কোষ্ঠে কপিলাস্থাদিদানবান্॥ ৫৮

স্থলে পশ্চিম হইতে পূর্বা পর্যান্ত ছুইটি ও উত্তর হইতে দক্ষিণ পর্যান্ত ছুইটি রেথা করিবে। এইরূপ সঙ্কেত অনুসারে ঐ মণ্ডলে ধোলটি কোষ্ঠ লিথিয়া পঞ্চবর্ণের গুঁড়া শ্বারা উত্তম যন্ত্র রচনা করিবে। অনন্তর মধ্যস্থিত কোষ্ঠ-চতুষ্টয়ে একটি স্থমনোহর চতুর্দিল পদ্ম অক্ষিত করিবে। তাহার কর্ণিকা পীত ও রক্তবর্ণ, এবং কেশর রক্তবর্ণ করিতে। তাহার কর্ণিকা পীত ও রক্তবর্ণ, এবং কেশর রক্তবর্ণ করিতে হইবে। পরে পদ্মের দল সকল শুক্রবর্ণ বা পীতবর্ণ করিবে। তৎপরে পদ্মের সন্ধিস্থান ইচ্ছামত বর্ণ দ্বারা পূরণ করিবে। অনন্তর ঈশানকোণের কোষ্ঠ হইতে আরম্ভ করিয়া দ্বাদশ কোষ্ঠ ক্রমান্বয়ে শ্বেত, রুষ্ণ, পীত, রক্ত,—এই চতুর্ব্বর্ণ দ্বারা পূরিত করিবে। হেপ্রিয়ে! দক্ষিণাবর্ত্তযোগে এই সমুদায় কোষ্ঠ পূরণ করিতে হইবে। পরে তাহাতে বামাবর্ত্তযোগে দেবগণের পূজা করিবে। ৪৬—৫৭। প্রথমতঃ বিশ্বশান্তির নিমিত্ত পদ্মে বাস্তব্বের এবং ঈশানকোণাবর্ধি

কুশগুকেভিবিধিনা কুর্ব্বন্ননগদংস্কৃতিম্।
যথাশক্ত্যান্থতিং দশ্বা বাস্তব্যক্তং সমাপশ্বেৎ॥ ৫৯
ইতি তে কথিতা দেবি বাস্তপূজা শুভপ্রাদা।
যাং সাধ্যন্নরঃ কাপি বাস্তবিদৈর্ম বাধ্যতে॥ ৬০

শ্রীদেব্যবাচ।

মণ্ডলং কথিতং বাস্তোর্বিধানমপি পূজনে। ধ্যানং ন গদিতং নাথ তদিদানীং প্রকাশর॥ ৬১

শ্রীসদাশিব উবাচ।

ধ্যানং বচ্মি মহেশানি শ্রয়তাং বাস্তরক্ষস:।

- যস্তান্থনীলনাৎ সত্যো নশ্চন্তি সকলাপদ:॥ ৬২

চতুর্ভু জং মহাকায়ং জটামণ্ডিত্মস্তকম্।

ত্রিলোচনং করালাস্তং হার-কুণ্ডলশোভিত্ম্॥ ৬৩

আরম্ভ করিয়। (বামাবর্তে) দাদশ কোঠে কপিলাশু প্রভৃতি দানবগণের পূজা করিবে। পরে কুশণ্ডিকোক্ত বিধি অনুসারে অগ্নি
সংস্কার করিয়া যথাশক্তি আছতি প্রদান পূর্ব্ধক বাস্তয়ক্ত সমাপন
করিবে। হে দেবি! তোমার নিকট এই মঙ্গলদায়িনী বাস্তপূজা
কথিত হইল; মন্ত্র্যা ইহা করিলে বাস্ত-বিদ্নে পীড়িত হয় না। দেবী
কহিলেন,—নাথ! বাস্তদেবের মণ্ডল ও বাস্তপূজার বিধান কথিত
হইল বটে, কিন্তু বাস্তদেবের ধ্যান কথিত হয় নাই; এক্ষণে তাহা
প্রকাশ কর। শ্রীসদাশিব কহিলেন,—হে মহেশ্বরি! বাস্ত-রাক্ষসের
ধ্যান বলিতেছি,—শ্রবণ কর। যাহার অনুশীলনে তৎক্ষণাৎ সকল
আপদ্ নষ্ট হয়। "চতুর্জ, মহাকায়, জটাজুট দারা বিভ্বিত-মস্তক,
বিনম্নন, করাল-বদন, হার-কুণ্ডল দ্বারা অলক্কত, লবোদের, দীর্ঘকর্ণ,

লম্বোদরং দীর্ঘকর্ণং লোমশং পীতবাসসম্।
গদা-ত্রিশূল-পরশু-শ্রটাঙ্গং দধতং করৈঃ ॥ ৬৪
অসিচর্মধরৈবীরৈঃ কপিলাস্থাদিভির্বতম্।
শত্র্ণামস্তকং সাক্ষাত্ত্তদাদিত্যসন্নিভম্॥ ৬৫
ধ্যায়েদেবং বাস্তপতিং কৃর্ম্মপদ্মাসনস্থিতম্।
মারীভয়ে রোগভয়ে ডাকিস্থাদিভয়ে তথা ॥ ৬৬
ঔংপাতিকাপত্যদোষে ব্যালরক্ষোভয়েহপি চ।
তিলাজ্যপায়সৈহর্তা, সর্বাশাস্তিবমাপুয়াং॥ ৬৭
ধ্যাত্বৈবং পূজয়েরাস্তং পরিবারসমন্বিভম্।
ঘথা বাস্তঃ পূজনীয়ঃ প্রোক্তকর্মস্থ স্করতে।
গ্রহাশ্চাপি তথা পূজ্যা দশদিক্পতিভির্বতাঃ ॥ ৬৮
ব্রন্মা বিষ্ণুশ্চ রুদ্রশ্চ বাণী লক্ষ্মীশ্চ শঙ্করী।
মাতরঃ সগণেশাশ্চ সংপূজ্যা বসবস্তথা॥ ৬৯

লোমশ, পরিধানে পীতবন্ত্র, ভুজচতুষ্ঠয় দারা গদা, ত্রিশূল, পরশু ও থটাক্স-ধারী, খড়গচর্মধারী, কণিলাভ্য প্রভৃতি বীরগণ কর্তৃক বেষ্টিত, শক্রনংহারকারী, সাক্ষাৎ উদর-কালীন স্থাসদৃশ, কুর্মোপরি পদ্মান্দনে উপবিষ্ট বাস্তপতিকে ধ্যান করিবে।" মারীভয়, রোগভয়, ডাকিনীভয়, ঔৎপাতিক ভয়, সন্তানের দোষ, সর্পভয় বা রাক্ষসভয় উপস্থিত হইলে এইরপে ধ্যান করিয়া পরিবার-সমন্বিত বাস্তদেবের পূলা করিবে। পরে তিল, দ্বত ও পায়স দারা হোম করিয়া সর্বাবিরে শান্তিলাভ করিতে পারিবে। ৫৮—৬৭। হে স্প্রতে! পূর্বোক্ত কর্মাসমূহে যেমন বাস্তপুরুষ পূল্য, সেইরপ দশদিক্পাল-সহিত নবগ্রহও পূল্য, এবং ব্রহ্মা, বিষ্ণু, রুদ্র, বান্দেবী, লক্ষ্মী, মাতৃগণ, গণেশ ও বস্থগণও পূল্নীয়। হে কালিকে! পূর্বোক্

পিতরো যত্তৃপ্তাঃ স্থাঃ কর্মস্বেতেয়ু কালিকে।
সর্বাং তন্ত ভবেদ্বার্থং বিশ্বন্ধাপি পদে পদে ॥ १०
তাতো মহেশি যত্ত্বন প্রেক্তসংস্কারকর্মস্থ ।
পিতৃণাং তৃপ্তয়েহত্রাভালিয়কং শ্রাদ্ধনাচরেং ॥ १১
তাহযন্ত্রং প্রবক্ষ্যামি সর্বাশান্তিবিধায়কম্ ।
যত্র সংপৃজিতাঃ দেক্রা গ্রহা যক্তন্তি বাঞ্চিতম্ ॥ ৭২
বিবিধাদের্ভলয়ানি দলান্তপ্তে চি তদ্বহিঃ ।
চতুদ্বিরাবিতং কুর্যাভূপুরং স্কমনোহরম্ ॥ ৭০
বাসবেশানয়োর্মধ্যে ভূপুরস্ত বহিঃস্কলে ।
বৃত্তং বিরচয়েদকং প্রাদেশপরিমাণকম্ ॥ ৭৪
রক্ষোবার্জণয়োর্মধ্যে চাপরং কল্পরেৎ তথা ॥ ৭৫

দম্দার কর্ষে যদি পিতৃগণ তৃপ্ত না হন, তাহা হইলে কর্তার দকলই বার্য হয় এবং পদে পদে তাহার বিদ্ধ হয়; অতএব হে মহেশ্বরি! যত্নপূর্ব্বক পূর্ব্বোক্ত সংস্কার-কর্ম্মে এবং ইহাতে পিতৃগণের ভৃপ্তির নিমিত্ত আভূদেয়িক শ্রাদ্ধ করিবে। এক্ষণে দর্ব্বশান্তি-বিধায়ক গ্রহ্ম আভিলবিত বর প্রদান করেন। ৬৮—৭২। তিনটি ত্রিকোণ ক্স্ত্র লিখিয়া তাহার বহির্ভাগে একটি গোলাকার মণ্ডল লিখিবে। দেই মণ্ডলের বহির্দ্ধেশে তৎসংলগ্ধ আটি দল করিবে। তদহির্দ্ধেশে চতৃত্বারযুক্ত একটি মনোহর ভূপুর করিবে। ভূপুরের বহির্দ্ধেশে পূর্ব্বদিকে ও ঈশানকোণের মধ্যে প্রাদেশ-পরিমিত একটি বৃত্ত রচনা করিবে। পরেদক্ পশ্চিমিও নৈশ্ব তিকোণের মধ্যে ত্রিক্রপ

নবগ্রহাণাং বর্ণেন নব কোণানি পুরয়েৎ।
মধ্যত্রিকোণোঁ বৌ পাখোঁ সব্যদক্ষিণ-ভেদতঃ॥ ৭৬
খেতপীতোঁ বিধাতব্যা পৃষ্ঠভাগঃ সিতেতরঃ।
অইদিক্পতিবর্ণেন পর্ণান্তর্গ্তে প্রপুরয়েৎ॥ ৭৭
দিতরক্তাসিতৈক্ট্রণিঃ পুরঃপ্রাকারমাচরেৎ।
পুরো বহিঃস্থে দে বুভে দেবি প্রাদেশসন্মিতে॥ ৭৮
উপর্যাধঃক্রমেণেব রক্ত-খেতে বিধায় চ।
সন্ধিস্থানানি যন্ত্রন্থ স্বেচ্ছয়া রচয়েৎ স্থণীঃ॥ ৭৯
যৎকোষ্ঠে যো গ্রহঃ পুরো যৎপত্রে যক্ত দিক্পতিঃ।
যক্তারেহবস্থিতা যে চ তৎক্রমং শৃনু সাম্প্রতম্॥ ৮০
মধ্যকোণে যজেৎ স্থাং পার্শ্বরোরকণং শি্থা।
পশ্চাৎ প্রচণ্ডদের্দিণ্ডো পুরুয়েদংশুমালিনঃ॥ ৮১

আর একটি মণ্ডল প্রস্তুত করিবে। পরে নবগ্রহের বর্ণ দ্বারা ঐ যন্ত্রের নব কোণ প্রপূরিত করিবে। মধ্যস্থিত ত্রিকোণের দক্ষিণ ও বাম ছই পার্ম খেত ও পীতবর্ণ করিবে। তাহার পৃষ্ঠদেশ রুঞ্বর্ণ করিবে। অষ্টদিক্পালের বর্ণ দ্বারা অষ্টদল পূরণ করিবে। শুরু, রক্ত ও রুঞ্বর্ণ চূর্ণ দ্বারা ভূপুরের প্রাচীর করিবে। হে দেবি! ভূপুরের বহির্দেশস্থিত প্রাদেশ-পরিমিত বৃত্তহয় উপরিভাগ ও অধাভাগে ক্রমে রক্তর্বণ ও খেতবর্ণ করিয়া (অর্থাৎ উপরিভাগ রক্তর্বণ ও অধাভাগ খেতবর্ণ করিয়া) স্থাী-ব্যক্তি সন্ধিস্থান সমুদায় স্বেচ্ছামত বর্ণ দ্বারা পূরণ করিবেন। যে প্রকোষ্ঠে যে গ্রহের ও যে দলে মে দিক্পালের পূজা করিতে হইবে, যে দ্বারে যে দেবতার অবস্থিতি আছে, তাহার ক্রম এক্ষণে বলিতেছি,—শ্রবণ করে। মধ্যকোণে প্রেয়ার অর্জন ও শিখার পূজা

ভান্দিকোণে প্রভামর্চয়েত্রজনীকরম্।
ভারেয়ে মঙ্গলং বাম্যে বৃধং নৈশ্তিকোণকে ॥ ৮২
বৃহস্পতিং বারুণে চ দৈতাাচার্যাং প্রপূর্রে ।
শনৈশ্চরস্ত বারুব্যে কৌবেরেশানয়োঃ ক্রমাৎ।
রাহুং কেতৃং যজেচক্রং পরিতস্তারকাগণান্ ॥ ৮৩
স্রো রক্তঃ শশী শুরো মঙ্গলোহরুণবিগ্রহঃ।
ব্ধঙ্গীনো পাণ্ডুপীতো শেতঃ শুকোইদিতঃ শনিঃ।
রাহুকেতৃ বিচিত্রাভৌ গ্রহবর্ণাঃ প্রকীত্তিতাঃ ॥ ৮৪
চতুর্ জং রবিং ধ্যায়েৎ পদান্ত্রব্রাভরেঃ।
চিন্তরেচ্ছেশিনং দানমুদ্রাম্তকরামুজম্॥ ৮৫
কুজমীবৎকুজ্রতয়ং হস্তাভ্যাং দণ্ডধারিণম্।
ধ্যায়েৎ সোমাম্মন্তং বালং ভাললোলিতকুন্তলম্॥ ৮৬

করিবে। সুর্যোর পশ্চাদেশে প্রচণ্ড ও দোর্দণ্ডের অর্চনা করিতে হইবে। ৭০—৮১। সুর্যোর উদ্ধাকাণে পূর্কদিকে চল্রের পূজা করিবে। পরে অগ্নিকোণে মঙ্গলের, দক্ষিণদিকে বুধের, নৈশ্বতিকোণে বৃহস্পতির, পশ্চিমদিকে গুক্রের পূজা করিবে। বায়ুকোণে শনির, উত্তরদিকে ও ঈশানকোণে যথাক্রমে রাছ ও কেতুর এবং চক্রের চতুপ্পার্শ্বে নক্ষত্রমণ্ডলের পূজা করিবে। স্থ্যা রক্তবর্ণ, চল্রে চতুপ্পার্শ্ব নক্ষত্রমণ্ডলের পূজা করিবে। স্থ্যা রক্তবর্ণ, চল্রে শেতবর্ণ, মঙ্গল অর্কণবর্ণ, বুধ পাণ্ডুবর্ণ, বৃহস্পতি পীতবর্ণ, গুক্র শুক্রবর্ণ, শনি কৃষ্ণবর্ণ, রাছ এবং কেতু নানাবর্ণ,—এই গ্রহগণের বর্ণ ক্রীর্ত্তিত হইল। ছই হস্তে পদ্মরয় এবং ছই হস্তে বর ও অভয়, এই ভূজচতুষ্টয়ান্বিত রবিকে ভাবনা করিবে। কর-কমলছয়ে বর্মুদ্রা ও অমৃতধারী চক্রকে চিন্তা করিবে। ঈষং কুজনেহ, ও হস্তব্য ধারা দণ্ডধারী মঙ্গণকে চিন্তা করিবে। বালকাক্তি, এবং

যজ্প্রাধিতং ধ্যায়েৎ পৃস্তকাক্ষকরং গুরুম্।
এবং দৈত্যগুরুঞ্চাপি কাণং, থঞ্জং শনৈশ্চরম্॥৮৭
রাহুকেতৃ শিরঃকায়ৌ বিক্সতৌ ক্রুরচেষ্টিতৌ।
বৈঃ বৈর্ধ্যানৈপ্রহানিষ্ট্য যজেদিক্রাদিদিক্পতীন্॥৮৮
দলেষষ্টম্থ পূর্ব্যাদিক্রমতঃ সাধকোত্তমঃ।
সহস্রাক্ষং যজেদাদৌ পীতকোষেয়বাসসম্॥৮৯
বজ্পাণিং পীতরুচিং: শ্তিরমৈরাবতোপরি।
রক্তাভং ছাগবাহস্থং শক্তিহস্তং হুতাশনম্॥৯০
ধ্যায়েৎ কালং লুলাপস্থং দণ্ডিনং রুফ্বিগ্রহম্।
নিশ্বিতং থড়গহস্তঞ্চ শ্রামলং বাজিবাহনম্॥৯১
বরুপং মকরারাড়ং পাশহস্তং দিতপ্রভম্ ।
ধ্যায়েৎ রুফ্বিয়ং বায়ুং মৃগস্থঞান্তুশায়ুদম্॥৯২

লগাট-নিপতিত-কুন্তল বুধকে ধ্যান করিবে। যজোপবীতযুক্ত, এবং হস্তব্য হারা পুস্তক ও অক্ষমালাধারী বৃহস্পতিকে ধ্যান করিবে; শুক্রকে কাণ, ও শনিকে থঞ্জ ভাবিবে। ৮২—৮৭। বিক্নত, ক্রুর কর্মা, মস্তকাকার রাহুকে, এবং বিক্নত, ক্রুরকর্মা, দেহরূপী কেতুকে ধ্যান করিবে। সাধকোত্তম, নিজ নিজ ধ্যান হারা গ্রহগণের পূজা করিয়া পূর্বাদিক্রমে অষ্টদলে ইন্দ্রাদি দিক্পালের পূজা করিবে। প্রথমে পীতক্ষেম-বস্ত্র-পরিধান, বক্ত্রহস্ত, পীতবর্ণ, ঐরাবতারাত সহ-ম্রাক্রের (ধ্যান পূর্বক) পূজা করিবে। রক্তবর্ণ, ছাগবাহনে আরুত্ত, শক্তিহস্ত হুতাশনকে, এবং মহিষবাহন, দণ্ডধারী, রুষ্ণদেহ ম্বমকে ধ্যান করিবে। থড়গধারী, শ্রামবর্ণ, অশ্বারাত নিশ্ব ভিকে; মকর-বাহন, পাশধারী, শুক্রবর্ণ বরুণকে; রুষ্ণবর্ণ, মুগবাহন, অঙ্কুশধারী

কুবেরং কনকাকারং রক্দিংহাদনস্থিতম্।
স্কুতং যক্ষগণৈ: সর্বৈর্ধাং পাশাস্কুশকরাস্কুল্ম। ১৩
কুশানং ব্যভারুড়ং ত্রিশূলবরধারিণম্।
ব্যাঘ্রচর্মান্তর্যান্ত্র্যান্ত্রান্ত্র্যান্

বাযুকে; স্থবর্ণকান্তি, রত্নসিংহাসনারত, সকল যক্ষগণের স্তত্ত, করকমলবয় ধারা পাশারুশধারী কুবেরকে; এবং বুষারত্ন, ত্রিশূলবরধারী, বাত্রচন্ম-পরিধান, পূর্ণচন্দ্রের ন্তায় গুরুবর্ণ ঈশানকে ধাান করিবে। এই সকল দিক্পালের ধাানপূর্ব্ধক যথাক্রমে পূজা করিয়া ভূপুরের বহির্দেশে উদ্ধ ও অধোর্ত্তরয়ে ব্রহ্মা ও অনস্ত্রেক পূজা করিয়ে। তদনস্তর ঘারদেবতাগণ পূজনীয়।৮৮—৯৫। দারদেবতাগণ যথা;—উত্র, ভীম, প্রচণ্ড এবং ঈশ—এই চারিজন পূর্ববারী বলিয়া কীর্ত্তি। জয়স্ত, ক্ষেত্রপাল, নকুলেশ এবং বৃহৎশিরাঃ—ইহারা দক্ষিণদারী; বৃক, অশ্ব, আনন্দ এবং হর্জ্মা,—পাহ্চমন্বারী। ত্রিশিরাঃ, পুরুজিৎ, ভীমনাদ এবং মহোদর,—উত্তর-দারী; ইহারা সকলেই অস্ত্রশস্ত্রধারী। হে স্ক্রতে! ব্রহ্মা এবং অন-

রক্তোৎপলনিভো ব্রহ্মা চতুরা শুশ্চতুর্জ:।

হংসারটো বরাজীতি-মালা-পুস্তকপাণিক:॥ ১৯

হিমকুন্দেন্ধবলঃ সহস্রাক্ষ: সহস্রপাং।

সহস্রপাণিবদনো ধ্যেয়োহনন্তঃ স্থরাস্থরৈ:॥ ১০০

ধ্যানং পূজাক্রমশ্চাপি যন্ত্রঞ্চ কথিতং প্রিয়ে।

বাস্থাদিক্রমতো হেযাং মন্ত্রানপি শৃণু প্রিয়ে॥ ১০১

ক্ষকারো হব্যবাহস্থঃ ষড় দীর্ঘস্তরসংযুতঃ।

ভূষিতো নাদবিন্দ্ভ্যাং বাস্তমন্ত্রঃ ষড়ক্ষরঃ॥ ১০২

তারং মারাং তিগারশ্মে ঙেইস্তমারোগ্যাদং বদেং।

ব'হুজায়াং ততো দল্বা স্থ্যমন্ত্রং সমুদ্ধরেং॥ ১০৩

কানো মারা চ বাণী চ ততোহমূতকরেতি চ।

ভামূতং প্লাবয়-ছন্ত্রং স্বাহা সোমসমুর্যুতঃ॥ ১০৪

তের ধান প্রবণ কর। "ব্রহ্মা,—রক্তপদ্মের হায় প্রভাসম্পর, চতুর্মুথ, চতুর্জ, হংসবাহন এবং তাঁহার চতুর্গত্তি বর, অভয়, অক্ষমালা ও পুত্তক বর্তুমান রহিয়াছে।" "হিম, কুন্দপুষ্প এবং চক্রের হায় শুক্রবর্ণ, সহস্রনেত্র, সহস্রচরণ, সহস্রহন্ত, সহস্রমুথ অনস্ত স্থরাস্থরগণের পোর।" হে প্রিয়ে! ধান, পূজা-পরিপাটী এবং যন্ত্র কথিত হইল। এক্ষণে বাস্থপ্রভূতি অনস্ত পর্যান্ত সকল বেবভার মন্ত্র প্রবণ কর। ছয়টি দীর্ঘম্বর (জা, ঈ, উ, ঐ, ঔ, জঃ)-যুক্ত হব্যাহে (রকার) হিত্ত ক্ষকার, নাদ (চক্র) এবং বিন্দু ভূষিত হইলে ষড়ক্ষর (ক্ষুণা ক্ষুণা ইত্যাদি) বাস্তমন্ত্র হইবে। ভার (ওঁ) মায়া (হ্রীং) "ভিগারশ্রে" (অনম্তর) চতুর্থী-বিভক্তির একবেচনান্ত আরোগ্যদ অর্থাৎ "আরোগ্যদায়" বলিবে। অনন্তর বহ্ছিলায়া (স্বাহা) দিয়া স্থ্যামন্ত্র উদ্ধৃত করিবে। কাম (ক্রীং),

উ ঐং হ্রাং হ্রীং সর্কাপদান্দু স্থানাশ্য নাশ্য ।
স্বাহাবসানো মস্ত্রোহয়ং মঙ্গলস্ত প্রকীর্ত্তিঃ ॥ ১০৫
হ্রীং শ্রীং সৌম্য-পদক্ষোক্ত্বা সর্কান্ কামাংস্তরো বদেৎ।
প্রয়াস্তে বহ্নিকাস্তামের সোমাত্মক্রে মন্তঃ ॥ ১০৬
তারেণ পুটিতা বাণী ততঃ স্থরগুরো পদম্।
অভীপ্তং যচ্ছ যচ্ছেতি স্বাহা মস্ত্রো বহন্পতেঃ ॥ ১০৭
শাং শীং শৃং শৈং ততঃ শৌং শঃ শুক্রমন্ত্রঃ সমীরিতঃ ॥ ১০৮
হ্রাং হ্রাং হ্রীং সর্কাশত্রন্ বিদ্যাবয়-পদদয়ম্।
মার্কগুস্নবে পশ্চালমো মন্ত্রঃ শনৈশ্চরে ॥ ১০৯
রাং হ্রোং হ্রাং সোমশত্রো শত্রন্ বিধ্বংসয়-দয়ম্।
রাহবে নম ইত্যেধা রাহোক্রক্রাছতঃ ॥ ১১০

মায়া (য়ীং), বালী (এং), অনস্তর "অমৃতকর' এই পদ, পরে "অমৃতং প্লাবয় প্লাবয় স্বাহা" ইহা সেন্দ্রমন্ত জ্ঞাত হইয়াছে।
১৬—১০৪। "ওঁ ঐং ব্রাং দ্রীং সর্ব্ব" পদের পর "তৃষ্টান্ নাশয় নাশয়" অত্যে "সাহা"—এই মঙ্গলের মন্ত্র কীর্ত্তিত হইল। "ব্রীং শ্রীং সৌমা" এই পদ বলিয়া অনস্তর "সর্বান্ কামান্" বলিবে, পরে "প্রয়", অত্যে বহ্লিকাস্তা (স্বাহা) বলিবে, ইহা ব্ধের মন্ত্র। তার শ্বারা আবৃত্ত বালী অর্থাৎ "ওঁ ঐং ওঁ" অনস্তর "স্বরগুরো" এই পদ, পরে "অভীষ্ঠং ঘচ্ছ ঘচ্ছ স্বাহা"— বৃহস্পতির মন্ত্র। "শাং শীং শৃং শৈং" অনস্তর "শোং শঃ" এই শুক্রমন্ত্র কথিত হইল। "হ্রাং ব্রাং হ্রীং হ্রীং সর্ব্বশন্ত্রন্ব নমঃ" ইহা শনৈশ্বরের মন্ত্র। "রাং হ্রোং হ্রাং হ্রাং সোম-শতো শত্রন্ বিধ্বংসয় বিধ্বংসয় রাহবে নমঃ" এই রাছর মন্ত্র কথিত হইল। ক্রুং হুং ক্রৈং

ক্ঃ হুং কৈং কেতবে স্বাহা কেতোশ্বঃ প্রকীর্তিতঃ ॥ ১১১
লং রং মৃং সুং বং যমিতি কং হৌং ব্রীমমিতি ক্রমাৎ।
ইন্দ্রাত্মনন্তনিক্পানাং দশ মন্ত্রাঃ সমীরিতাঃ ॥ ১১২
তান্তেমাং পরিবারাণাং নামমন্ত্রাঃ প্রকীর্তিতাঃ।
তান্তক্রমন্ত্রে সর্প্রত্র বিধিরেষঃ শিবোদিতঃ ॥ ১১৩
নমোহস্তমন্ত্রে দেবেশি ন নমো যাজন্মেদ্র্ধঃ।
স্বাহান্তেহপি তথা মন্ত্রে ন দন্তাদ্বিক্রন্তাম্॥ ১১৪
তাহাদিভ্যঃ প্রদাতব্যং পুপ্পং বাদশ্চ ভূষণম্।
তেষাং বর্ণান্তর্রপেণ নাত্যপা প্রীত্রে ভবেৎ ॥ ১১৫
কুশন্তিকোক্তবিধিনা বহিং সংস্থাপয়ন্ স্ক্রধীঃ।
পুলৈপ্রক্রচাব্রৈর্ছা সমিদ্বিহ্যাম্যাচরের্ছ ॥ ১১৬

কেতবে স্বাহা" এই কেতুর মন্ত্র কীর্ত্তিত হইল। ১০৫—১১১। (১) লং' (২) 'রং' (৩) 'মৃং' (৪) 'লুং' (৫) 'বং' (৬) 'বং' (৭) 'কং' (৮) 'হাং' (১) 'ব্রাং' (১০) 'অং' এই দশ্টী মন্ত্র যথাক্রমে ইক্ত প্রভৃতি অনস্ত পর্যান্ত দশ্দিক্পালের কথিত হইয়াছে। (দশ্দিক্পালের নাম যথাক্রমে নির্দিষ্ট হইতেছে, যথা—ইক্ত, বহিল, যম, নিশ্বতি, বরুল, বায়ু, কুবের, ঈশান, ব্রহ্মা, অনস্তঃ)। অত্য সকল পরিবারের নামই মন্ত্র বলিয়া কীর্ত্তিত হইয়াছে। যে যে হলে মন্ত্র উক্ত হয়াছে। যে ফেল স্থানেই এই বিধি, অর্থাৎ নামই মন্ত্র, শিব কর্তৃক উক্ত হইয়াছে। যে মন্ত্রের আন্তের কারের না। এইরূপ স্বাহান্ত মন্ত্রে বহিলরলা (স্বাহা) শব্দ দিবে না। এহা-দিকে অর্থাৎ নবগ্রহ ও দশ্দিক্পালকে উন্হাদিগের নিজ নিজ বর্ণান্থরপ পুষ্পা, বস্ত্র এবং ভূবণ দিবে। অন্তথা তাঁহাদিগের প্রীতির

শান্তিকর্ম্মণি পুষ্টো চ বরদো হব্যবাহন:।
প্রতিষ্ঠায়াং লোহিতাক্ষ: শক্রহা ক্রুরকর্মণি॥ ১১৭
শান্তো পুষ্টো মহেশানি তথা ক্রেহপি কর্মণি॥ ১১৮
যথা প্রতিষ্ঠা কার্যেষু দেবার্চ্চা পিতৃতর্পণম্।
বান্তোর্যাগে গ্রহাণাঞ্চ তদ্বদেব বিধীয়তে॥ ১১৯
যত্যেকস্মিন্ দিনে দ্বিস্তি: প্রতিষ্ঠা যাগকর্ম্ম চ।
যত্ত্বেপ তত্র দেবার্চা পিতৃশ্রাদ্ধায়িসংস্ক্রি য়াং॥ ১২০
জলাশয়-গৃহারাম-সেতু-সংক্রম-শাথিন:।
বাহনাসন-মানানি বাসোহলঙ্করণানি চ॥ ১২১

নিমিত্ত হইবে না। জ্ঞানী ব্যক্তি কুশণ্ডিকোক্ত বিধি অনুসারে বহিন্ত প্রাপন করিয়া নানাবিধ পুপা বা সমিধ্ দ্বারা হোম করিবে। শান্তিকার্য্যে ও পুষ্টিকার্য্যে বরদনামা অগ্নি। প্রতিষ্ঠাকর্ম্মে লোহিতাক্ষনামা; ক্রুরকর্মে অর্থাৎ অভিচারাদি কার্য্যে শক্রহ-নামা। হে মহেশানি! শান্তিকর্ম্ম, পুষ্টিকার্য্য এবং ক্রুরকর্মে গ্রহ্যাগ করিলে অভীপ্রার্থ লাভ করিনে। প্রতিষ্ঠাকার্য্যে বেরূপ দেবপূজা এবং পিতৃতর্পণ অর্থাৎ আভ্যুদয়িক শ্রাদ্ধ কর্ত্তব্য, বাস্ত্যাগ ও গ্রহ্যাগে সেইরূপ দেবপূজাদি করিতে হইবে। যদি একদিন হুই তিনটি প্রতিষ্ঠা ও বাস্ত্যাগাদি হয়, তাহা হইলে সেই সকল কার্য্যে একবার দেবপূজন, পিতৃশ্রাদ্ধ ও অগ্নিসংস্কার করিলেই হইবে। ১২২—১২০। ফলাকাজ্জী ব্যক্তিগণ,—জলাশয়, গৃহ, উপবন, সেতু, সোপান, বৃক্ষ্ম, বাহন ও অন্তান্ত যে সকল দেয় বস্ত্ব, তাহা প্রোক্ষণ না করিয়া দেবতাকে দিবে না। পণ্ডিত ব্যক্তি, সকল কা্ম্য-কর্ম্মে সম্পূর্ণ কল্লাভের জন্ত, বিধিবাক্য অনুসারে সম্বন্ধ

পানাশনীয়পাত্রাণি দেয়বস্তৃনি ষাগ্যপি।
অসংস্কৃতানি দেবায় ন প্রদন্তা: ফলেপ্সবঃ॥ ১২২
কাম্যে কর্ম্মণি সর্বাত্র বুধঃ সঙ্কল্পমাচরেৎ।
বিধিবাক্যান্মসারেশ সম্পূর্ণস্কৃতাপ্তয়ে॥১২৩
সংস্কৃতাভার্চিতং দ্রবাং নামোচ্চারণপূর্বাকম্।
সম্প্রদানাভিধাঞ্চেক্ত্বা দল্পা সম্যক্ ফলং লভেৎ॥ ১২৪
জলাশয়গৃহারামসেতুসংক্রমশাধিনাম্।
কথ্যস্তে প্রোক্ষণে মন্ত্রাঃ প্রযোজ্যা ব্রহ্মবিদ্যয়া॥ ১২৫
জীবনাধার জীবানাং জীবনপ্রদ বারুণ।
প্রোক্ষণে তব তৃপ্যস্ত জল-ভূচর-থেচরাঃ॥ ১২৬
তৃণকান্চাদিসস্ভূত বাসেয় ব্রহ্মণঃ প্রিয়।
ত্বাং প্রোক্ষয়ামি তোয়েন প্রীতয়ে ভব সর্বাদা॥ ১২৭

করিবে। শোধিত ও অর্চিত দ্রব্য নামোল্লেথ পূর্ব্বক সম্প্রদানের (অর্থাৎ যহদেশে দান করিবে, তাহার) নাম উচ্চারণ করিয়া, দান করিলে, সম্যক্ ফল লাভ হয়। জলাশয়, গৃহ, উপবন, সেড়ু, সোপান ও রুক্রের প্রোক্ষণে মন্ত্র সকল কথিত হইতেছে; ঐ সকল মন্ত্র, ব্রহ্মবিভা অর্থাৎ গায়ত্রীর সহিত, প্রয়োগ করিবে। জলাশয়প্রোক্ষণের মন্ত্র যথা;—(মূল,—জীব—চরা:) হে জলাধার! হে প্রাণিগণের জীবনদাতা! হে বরুণদৈবত! তোমার প্রোক্ষণে জলচর, ভূচর এবং থেচর সকলে তৃপ্তিলাভ করুক। গৃহ-প্রোক্ষণের মন্ত্র যথা;—(মূল,—তৃণ—সর্ব্বদা), হে ভূণ-কাষ্ঠাদিসন্তুত! হে বাস্যোগ্য! তুমি ব্রহ্মার প্রিয়, ভোমাকে জল দারা প্রোক্ষিত করিতেছি, সর্ব্বদা আমার প্রীতির নিমিত্ত হও। ইপ্তকা-

ইষ্টকাদিসমৃত্ত বক্তব্যস্তিষ্টকাময়ে॥ ১২৮
ফলৈঃ পত্তৈশ্চ শাখাদ্যৈশ্ছায়াভিশ্চ প্রিরন্ধরাঃ।
বছস্ত মেইঞ্জিন্ কামান্ প্রোক্ষিতান্তবিবারিভিঃ॥ ১২৯
সেতৃস্থং ভব সিন্ধূনাং পারদঃ পবিকপ্রিরঃ।
মন্না সংপ্রোক্ষিতঃ সেতো যথোক্তফলদো ভব॥ ১৩০
সংক্রম স্থাং প্রোক্ষয়ামি লোকানাং সংক্রমং যথা।
দদাসীহ তথা স্বর্গে সংক্রমো মে প্রদীর্মতাম্॥ ১৩১
আরামপ্রোক্ষণে মস্ত্রো য এব কবিতঃ প্রিরে।
স এব শাখিসংস্কারে প্রয়োক্তব্যো মনীবিভিঃ॥ ১৩২
প্রণবো বক্রণঞ্চান্তং বীজ্ঞিত্যমন্থিকে।
সর্ব্যাধারণদ্রব্যপ্রাক্ষণে বিনিযোজ্যেং॥ ১৩০

ময় গৃহ হইলে, ('তৃণ-কাঠাদি-সভূত' এই পদের পরিবর্ত্তে)
'ইপ্টকাদি-সমূত্ত' অর্থাৎ ইপ্টকাদি দারা নির্ম্মিত —এই কথা বলিবে।
আরামপ্রোক্ষণের মন্ত্র যথা;—(ফলৈঃ—বারিভিঃ) ফল, পত্র,
শাথাদি এবং ছায়া দারা প্রিয়কারক তরুগণ তীর্থজল দারা
প্রোক্ষিত হইয়া আমাকে সকল অতীপ্ত প্রদান করুন। সেতৃপ্রোক্ষণের মন্ত্র যথা,—(সেতৃঃ—তব) হে সেতু! তুমি ভবিদ্মির
পারদাতা এবং পথিকদিগের প্রিয়, তুমি মৎকর্ত্ক প্রোক্ষিত হইয়া
মপোক্ত-ফলদাতা হও। সংক্রম-প্রোক্ষণের মন্ত্র যথা;—(সংক্রম—
দীরতাম্) হে সংক্রম! আমি তোমাকে প্রোক্ষিত করিতেছি,
ইহলোকে যেরূপ সকল লোককে পাদক্ষেপ করিতে দাও, সেইরূপ
স্বর্গে উঠিবার জন্ম আমাকে সোপান প্রদান কর। ১২১—১৩১।
হে প্রিক্মে! আরাম-প্রোক্ষণে যে মন্ত্র উক্ত হইয়াছে, পণ্ডিতগণ বৃক্ষসংশ্বারে সেই মন্ত্রই প্রয়োগ করিবেন। হে অম্বিকে! সর্ব্বসাধারণ

শ্বাপনাৰ্হং বাহনঞেৎ স্নাপয়েদ্ব ন্ধবিদ্যন্তা।
অন্তৰ্ত্তবাৰ্ঘ্যভোৱেন কুশাগ্ৰেণ বিশোধয়েৎ ॥ ১৩৪
প্ৰাণ প্ৰতিষ্ঠামাচৰ্য্য তত্ত্বাহনসংজ্ঞা।
পূজিতোহলঙ্কতো বাহো দেয়ো ভবতি দৈবতে ॥ ১৩৫
জলাশয়ে পূজনীয়ো বক্নণো ঘাদসাম্পতিঃ।
গৃহে প্ৰজাপতিব্ৰ ন্ধাৱানে সেতে চি সংক্ৰমে।
পূজ্যো বিষ্ণুৰ্জ্গৎপাতা সৰ্ব্যাত্মা সৰ্ব্বদৃধিভুঃ ॥ ১৩৬

শ্রীদেব্যবাচ।

বিবিধানি বিধানানি কথিতান্মক্তকশ্বস্থ। ক্রমোন দর্শিতো যেন মানবঃ কর্ম্ম সাধ্যেৎ॥ ১৩৭ ক্রমব্যত্যরকর্মাণি বহুবায়াসক্বতান্তপি। ন যচ্ছন্তি ফলং সম্যক্ নৃগাং কর্মানুজীবিনাম্॥ ১৩৮

দ্রব্য প্রোক্ষণে প্রণব (ওঁ), বরুণ (বং), অস্ত্র (ফট্) এই তিন বীদ্ধ প্রয়োগ করিবে। বাহন যদি স্নান করাইবার যোগ্য হর, তাহা হুইলে ঐ বাহনকে গায়ত্রী দ্বারা স্নান করাইবে,—সভত্র অর্থাৎ স্নান করাইবার যোগ্য না হুইলে কুশাগ্রগৃহীত অর্থা-জল দ্বারা শোধিত করিবে। প্রাণপ্রতিষ্ঠা করিয়া তত্তদাহনের নামোল্লেথ-পূর্ব্বক পূজিত ও অলক্ষ্ণত করিয়া, দেবতাকে প্রদান করিবে। জলা-শয় প্রতিষ্ঠাতে জলজন্তুদিগের অধিপতি বরুণ—(প্রধানভাবে) পূর্বনীর। গৃহ প্রতিষ্ঠাতে ব্রন্ধা প্রজাপতি; এবং আরাম, সেতৃ ও সংক্রম প্রতিষ্ঠাতে ত্রিভ্বন-রক্ষক সর্ব্বান্থা সর্ব্বজ্ঞ প্রভু বিষ্ণুই পূজ-নীয়। দেবী বলিলেন,—নানাবিধ বিধান বলিলেন বটে; কিন্তু উক্ত কর্ম্মস্থ্রের ক্রম ত বলিলেন না, যদ্বারা মন্ত্র্যাণ কর্ম্ম আচরণ করিবে। ক্রমরহিত কর্ম্ম বহু-আয়াসপূর্ব্বক করিলেও কর্ম্মন্ত্রেছ

শ্ৰীসদাশিব উবাচ।

ষছকেং প্রমেশনি মাতেব হিতকারিণি।
নিংশ্রেমং তলোকানাং কলবাাপৃতচেতসাম্। ১৩৯
এতেবামুক্তরুত্যানামন্থঠানং পৃথক্ পৃথক্।
বাস্ত্যাগক্রমাদেবি কথয়াম্যবধীয়তাম্॥ ১৪০
পূর্ব্বেহছি নিয়তাহারঃ শ্বঃ প্রাতঃস্থানমাচরেও।
কুসা পৌর্বাহ্নিকং কর্ম গুরুং নারায়ণং যজেও॥ ১৪১
ততঃ স্বকামমুদ্দিশু বিধিদর্শিতবর্মনা।
কৃতসঙ্গলোকা মন্ত্রী গণেশাদীন্ সমর্চ্চরেও॥ ১৪২
বন্ধু কাভং ত্রিনেত্রং বিরদ্বরমূথং নাগ্যজ্ঞোবীতং
শব্ধাং চক্রং রূপাণং বিমলসর্সিঞ্জং হস্তপদৈর্দধানম্।

মানবগণের সম্পূর্ণ ফলপ্রাদ হয় না। ১৩২—১৩৮। শ্রীসদাশিৰ বলিলেন,—হে পরমেশ্বরি! মাতৃবৎ হিতকারিণি! তুমি বে ক্রমান্ত্রসারে কার্য্য করা বিহিত, এই কথা বলিয়াছ, ফলাসক্ত চিক্ত লোকদিগের পক্ষে তাহা মঙ্গলকর। হে দেবি! এই দকল উক্ত কার্য্যের পৃথক্ পৃথক্ অনুষ্ঠান, বাস্তথ্যাগ ছইতে আরম্ভ করিয়া, বলিভেছি, মনোযোগ কর। পূর্ব্বদিন আহারের সংযম করিয়া, পরদিন প্রাতঃস্থান করিবে, অনস্তর পৌর্বাহ্রিক কর্ম্ম সম্পন্ন করিয়া, গর্মের প্রার্থার প্রার্থার প্রার্থার করিয়া হিল্লেথপূর্ব্বক বিধিনির্দিষ্ট পদ্ধতিক্রমে সঙ্কন্ন করিয়া প্রণোদাদির পূজা করিবে। ১৩৯—১৪২। "বন্ধুক পুম্পের স্থায় রক্তবর্ণ, ত্রিনেত্র, গলেক্সবদন, দর্পময়-বজ্জোপবীত-ধারী, করক্মল-চতুইয়ে শন্ম, চক্র, অনি এবং প্রফল্ল-পদ্ম-ধারী, উদয়কালীন-নব-শশি-শোভিত-মৌল,

উদ্যালন্দ্নোলিং দিনকরকিরণোদীপ্রবন্ত্রাঙ্গণোভং।
নানালন্ধারযুক্তং ভত্তত গণপতিং রক্তপ্রাোপবিষ্ঠম্॥ ১৪৩
এবং ধ্যাত্বা যথাশক্ত্যা পূজরিত্বা গণেশ্বরম্।
ব্রহ্মাণঞ্চ ততো বাণীং বিষ্ণুং লক্ষ্মীং সমর্চেরেং। ১৪৪
শিবং তুর্গাং গ্রহাংশ্চাপি তথা ষোড়শমাতৃকাঃ।
ব্রভারাস্থপি বস্থনিষ্ঠা কুর্য্যাৎ পিতৃক্রিয়াম্॥ ১৪৫
ততঃ প্রোক্তবিধানেন মণ্ডলং বাস্তরক্ষসঃ।
নির্মায় পূজরেৎ তত্র বাস্তবৈত্যং গণৈঃ সহ॥ ১৪৬
ততন্ত স্থণ্ডিলং কৃত্বা বিহ্ণং শংস্কৃত্য পূর্ববিৎ।
ধারাহোমান্থমাচর্য্য বাস্তব্যোগ সমারভেৎ॥১৪৭
যথাশক্ত্যান্থতীস্তব্যৈ পরিবারগণায় চ।
তথা পূজিতদেবেভ্যা দক্ষা কর্ম্ম সমাপ্রেং ॥ ১৪৮

দিবাকর-কিরণবং অত্যুজ্জলবস্ত্র এবং অত্যুজ্জল-দেহকান্তি, নানা-লক্ষারভূষিত, রক্ত-পদ্মে উপনিষ্ঠ গণপতিকে ভন্ধনা কর।" এইরপ গণপতির ধ্যান করিয়া ষথাশক্তি পূজা করিবে। অনস্তর ব্রহ্ম, সরস্বতী, বিষ্ণু এবং লক্ষ্মীর পূজা করিবে। শিব, ছর্গা, নবগ্রহ, যোড়শমাতৃকা এবং ঘতধারাতে বস্থগণের পূজা করিয়া, আভ্যু-দিয়িক শ্রাদ্ধ করিবে। অনস্তর উক্ত বিধি অনুসারে বাস্ত-রাক্ষদের মণ্ডল নির্মাণ করিয়া, তাহাতে সপরিবার বাস্তদেবের পূজা করিবে। অনস্তর স্থান্তিক করিবে। অনস্তর স্থান্তিক করিবে। অনস্তর স্থান্তিক করিবে। অন্তর করিবে। অন্তর করিবে। বাস্তক্রের কর্মাণ সমাপনপূর্বক বাস্ত-হোম আরস্ত্র করিবে। বাস্তকে, বাস্তপরিবারগণকে এবং পূজিত দেবতাদিগকে যথাশক্তি আহতি দিয়া, কর্মা সমাপন

শাস্ত্রথাণে পৃথক্ কার্য্যে এব তে কথিতঃ ক্রমঃ।

অনেনৈব গ্রহাণাঞ্চ যজ্ঞাহিপি বিহিতঃ প্রিয়ে॥ ১৪৯
গ্রহাণামত্র মুখ্যবালাঙ্গবেন প্রপূজনম্।

সক্ষানন্তরং কার্যাং বাস্তর্জনমিতি ক্রমঃ॥ ১৫০
গণেশান্যর্জনং সর্বাং বাস্ত্রখাগবিধানবং।
গ্রহাণাং যন্ত্রমন্ত্রৌ চ ধ্যানং প্রাণেব কীর্ত্তিক্য॥ ১৫১
প্রসঙ্গাং কথিতৌ ভদ্রে গ্রহাস্ত্রক্রমৌ। ১৫২
সক্ষয়ং বিধিবৎ ক্রমা বাস্ত্রপ্রনমাচরেং।
মণ্ডলে কলশে বাপি শালগ্রামে যথামতি ॥ ১৫৩
ততঃ পূজ্যো গণপতির্রানা বাণী হনী রমা।
শিবো দুর্গা গ্রহাশ্চাপি পূজ্যা নিক্পভন্নস্থা॥ ১৫৪

করিবে। পৃথক্ভাবে কর্ত্তব্য বাস্তবাগে এই ক্রম তোমার নিকট কথিত হইল। হে প্রিয়ে! গ্রহবজ্ঞও এই ক্রমান্ত্রদারে বিধেন। ইহাতে মর্থাৎ গ্রহবাগে, গ্রহদিগের প্রাধান্ত হেতু, অঙ্গভাবে পূজা নিষিদ্ধ; এবং সঙ্করের পর অঙ্গভাবে বাস্তবৈত্যের পূজা কর্ত্তব্য। ইহাই ক্রম। গণেশাদি দেবপূজাদি সমস্ত কার্যাই বাস্তবাগ-বিধানান্ত্রদারে করিতে হইবে। গ্রহদিগের যন্ত্র, মন্ত্র এবং ধ্যান পুর্বেই কীর্ত্তিত হইয়াছে। হে ভজ্রে! প্রসঙ্গক্রমে গ্রহবাগ ও বাস্তবাগের ক্রম কথিত হইল। অনন্তর পূর্ব্বপ্রভাবিত কর্ম্বস্থাণের মধ্যে কুপসংস্কার-বিধি বলিতেছি। যথাবিধি সঙ্কর্ম করিয়া, মগুল-স্থাপিত ঘট কিংবা শালগ্রাম (ইহাদের মধ্যে) বাহাতে অভিক্রচি হয়, তাহাতেই বাস্তপূজা করিবে। ১৪৩—১৫৩। তদন-স্কর গণপতি, ব্রহ্মা, সরস্বতী, হরি, লক্ষ্মী, শিব ও হুর্গার পূজা করিবে।

মাতরো বসবোহান্তী চ ততঃ কার্য্যা পিতৃ জিয়া।
প্রাধান্তং বরুণভাত্ত স হি পূজাে বিশেষতঃ ॥ ১৫৫
নানাপহারৈর্কণমর্চয়িতা স্বশক্তিতঃ।
বিধিবৎ সংস্কৃতে বক্ষে বারুণং হােমমাচরেৎ ॥ ১৫৬
পূজিতেভাশ্চ দেবেভাাে দল্লা প্রত্যেকমান্তবিদ্ ॥
পূর্ণান্তভান্তকতােন হােমকর্ম সমাপরেও ॥ ১৫৭
তভা ধ্বজপতাকাল্রগ্ গৃদ্ধি দ্বুচচিতিন্।
উক্রপ্রাক্ষণমন্ত্রণ প্রোক্ষরেৎ কূপমূল্তমন্ ॥ ১৫৮
তভঃ স্বকামমুদ্ধিও দেবমুদ্ধিও বা নরঃ।
সক্রভৃতপ্রাণনায়োৎসঙ্গেৎ কূপজলাশ্রম্ ॥ ১৫৯
ক্রভাঞ্জলিপুটো ভূলা প্রার্থিরেৎ সাধকাগ্রনিঃ ॥ ১৬০
ক্রপ্রিরভাং সক্রভৃতা নভাভৃতােয়বাসিনঃ।
ভিংস্তঃ দ্বাভৃতেভাাে মরৈতজ্ঞান্ত্রম্ ॥ ১৬১

আর নবগ্রহ, দশদিক্পাল, নাতৃগণ এবং অপ্টবস্থও পূজনীয়। অনভর পিতৃকার্য্য (আভাদায়ক প্রাদ্ধ) করিবে। ইহাতে অর্থাৎ কূপদংস্কারে বরুণের প্রাধান্ত, প্রতরাং বরুণদেবের বিশেষরূপ পূজা
করিবে। নিজশক্তি অনুসারে বিবিধ উপহার দারা বরুপকে পূজা
করিরা, যথাবিধি সংস্কৃত অনলে বরুণদেবোদ্দেশে হোম করিবে।
পূজিত দেবগণের প্রত্যেককে আহতি দিয়া, পূর্ণাক্তি
পর্যান্ত সকল কর্ম্ম করিয়া, হোমকার্য্য সমাপন করিবে। আশন্তর
ধ্বজপতাকা-মাল্য-চন্দন-সিন্দুর-চর্চিত উত্তম জলাশয়কে পূর্ব্বোক্ত
প্রোক্ষণ-মন্ত্র দারা প্রোক্ষিত করিবে। অনন্তর নিজ কামনা উদ্দেশ
করিরা, কিংবা দেবতা-প্রীতি উদ্দেশ করিয়া, সর্ব্বপ্রকার প্রাণিগণের
প্রীতির জন্ম কুপাদি জলাশয় উৎসর্ব করিবে। সাধকপ্রেষ্ঠ কুন্তা-

ভূপান্ত সর্বভূতানি স্নানপানাবগাহনৈঃ।
সামান্তং সর্বজীবেভ্যো ময়া দত্তমিদং জলস্ ॥ ১৬২
যে চ কেচিদ্বিপত্তের স্বস্বকর্মবিপাকতঃ।
তৎপাপৈন প্রলিপ্যেহংং সফলাস্ত মম ক্রিয়া ॥ ১৬০
ভতস্ত দক্ষিণাং করে। কৃতশাস্ত্যাদিকক্রিয়ঃ।
বাহ্মণান্ ভোজয়েৎ কৌলান্ দীনানপি বুভূক্ষিতান্ ॥ ১৬৪
জলাশয় প্রতিষ্ঠান্ত সর্ববৈত্র ক্রমঃ শিবে ।
তড়াগাদৌ চ কর্ত্তবাা নাগস্তম্ভললেচরাঃ ॥ ১৬৫
মীন-মণ্ডুক-মকর-কৃর্মাশ্চ জলজন্তবঃ।
কার্যা! ধাতুম্যাশ্চৈতে কর্ড্বিত্তানুসারতঃ ॥ ১৬৬

জলি হইরা প্রার্থনা করিবে যে, (প্রার্থনামন্ত্র.—স্থ্রপ্রী — ক্রিরাঃ)
"থেচর, ভূচর, জলচর, সকল প্রাণীই স্থ্রপ্রীত হউক;
সকল প্রাণীর উদ্দেশে আমি এই উত্তম জল উংসর্গ করিলাম।
সকল প্রাণীই স্থান, অঙ্গ-প্রকালনাদি, পান এবং অবগাহন দ্বারা
তৃপ্ত হউক। আমি এই জল সামাগ্যতঃ সর্ব্বজীব উদ্দেশে দান করিলাম, অর্থাৎ আমি এমন ভাবে দান করিলাম যে, ইহাতে সকল
জীবের সমান অধিকার হইল। নিজ নিজ কর্ম্মকলে যে কোন
বাক্তি (ইহাতে) দেহত্যাগ করিবে, আমি সে পাপে লিপ্ত হইব না,
আমার ক্রিয়া সফলা হউক্।" অনন্তর দক্ষিণাস্ত করিয়া, শান্তিকর্ম্ম
করিবার পর কৌল ব্রাহ্মণ এবং ক্ষ্মিত দরিদ্রগণকে ভোজন করাইবে। হে শিবে! সকল জলাশয়-প্রতিষ্ঠাতেই এই ক্রম। তড়াগাদি-প্রতিষ্ঠাতে (বিশেষ এই—) নাগ, স্তম্ভ এবং জলচর নির্ম্মাণ
করিতে হইবে। মৎস্তা, মণ্ডুক, মকর ও ক্র্মা,—এই সকল জলজন্ত্র
বা জলচর, কর্ত্তার সম্পত্তি-অন্ধ্নারে ধাতুময় করিবে। মৎস্ত-মিপুন

মংখ্যো স্বর্ণনে ক্র্যান শুক্ষবিপি হেমজৌ।
রাজতৌ মকরৌ ক্র্মিথিনং তাদ্ররীতিকম্॥ ১৬৭
এতৈর্জ্জলচরৈ: সার্দ্ধং তড়াগমপি দীর্ঘিকাম্।
সাগরঞ্চ সমুৎস্থজ্য প্রার্থয়নাগমর্চ্চরেৎ ॥ ১৬৮
অনস্তো বাস্থকিঃ পদ্মো মহাপদ্মন্চ তক্ষক:।
কুলীর: কর্কটঃ শঙ্মঃ পাথসাং রক্ষকা ইমে॥ ১৬৯
ইত্যপ্তৌ নাগনামানি লিখিত্বাশ্বথপল্লবে।
স্থ্যা প্রণবগায়ন্ত্রৌ ঘটমধ্যে বিনিক্ষিপেৎ ॥ ১৭০
চন্দ্রাকৌ সাক্ষিণৌ ক্রজা বিলোডোকং সমুদ্ধরেৎ।
তত্রোত্রিষ্ঠতি যো নাগস্তং কুর্যান্তোয়রক্ষকম্॥ ১৭১
স্তম্তমেকং সমানীয় বিংশহস্তমিতং শুভম্।
সরলং দাক্ষরং তৈলৈক্ষিক্তঞ্চ হরিদ্রা॥ ১৭২

স্থবর্ণময়, মগুক মিথুনও স্থবর্ণময়, মকর-মিথুন রজভময়, কৃর্ম-মিথুন তাত্র বা পিত্তলময় করিবে। ১৫৪—১৬৭। এই সকল জলচরের দহিত তড়াগ, দীর্ঘিকা বা সাগর উৎসর্গ করিয়া, পূর্ব্বোক্ত (স্প্রীয়স্তাং— ক্রিয়াঃ) কতিপয় মন্ত্র দারা প্রার্থনা করিবার পর নাগ-পূজা করিবে। অনস্ত, বাস্ত্বিক, পদ্ম, মহাপদ্ম, তক্ষক, কুলীর, কর্কট,
শন্ধ—এই সকল নাগ জলরক্ষক। (আটটি) অশ্বত্যপল্লবে এই
অষ্টনাগের নাম লিথিয়া প্রাণব ও গায়ত্রী স্মরণপূর্ব্বক (সেই
সকল পল্লব) ঘটমধ্যে নিক্ষেপ করিবে। চক্র-স্থাকে সাক্ষী করিয়া
ঘটমধ্যে বিলোড়ন-পূর্ব্বক একটি পল্লব উদ্ধৃত করিবে, তাহাতে মে
নাগ অর্থাৎ যে নাগ-নামযুক্ত পল্লব উঠিবে, তাহাকে জলরক্ষক
করিবে। তৈল হরিদ্রা দ্বারা লিপ্ত, কাঠনিশ্বিত, সরল, বিংশতিহন্ত-

মাপরেত্তীর্থতোয়েন ব্যাহ্বতা প্রাণবেন চ।
তত্র হ্রীপ্রীক্ষনাশাস্তিদহিতং নাগমর্চয়েৎ॥ ১৭৩
নাগ স্থং বিষ্ণুশয়াসি মহাদেববিভূষণ।
স্তস্তমেনমধিষ্ঠায় জলরক্ষাং কুরুষ মে॥ ১৭৪
ইতি প্রার্থা ততো নাগস্তস্তং মধ্যে জলাশয়ম্।
সমারোপ্য তড়াগঞ্চ কর্ত্তা কুর্য্যাৎ প্রদক্ষিণম্॥ ১৭৫
যুপশ্চেৎ স্থাপিতঃ পূর্বাং তদা নাগং ঘটে২চ্চয়ন্।
তক্ষ্তনং তত্র নিক্ষিপ্য শিষ্টং কর্ম্ম সমাপয়েৎ॥ ১৭৬
এবং গৃহপ্রতিষ্ঠায়াং কৃতসঙ্করকো বৃধঃ।
বাস্তাদিবস্থপুজান্তং পিত্রাং কর্ম্ম চ কুপবেৎ॥ ১৭৭
বিধায়াত্র বিশেষেণ যজেদ্দেবং প্রজাপতিম্।
প্রাঞ্চাপত্যঞ্চ হবনং কুর্যাৎ সাধকসন্তমঃ॥১৭৮

পরিমিত একটি শুভ শুন্ত আনয়ন করিয়া ব্যাহ্নতি ও প্রণব পাঠপূর্বাক তীর্থজল দারা স্নান করাইবে; সেই শুন্তে হ্রী, জ্রী,
ক্ষমা ও শান্তির সহিত ঐ নাগকে পূজা করিবে। "হে নাগ! তুমি
বিষ্ণুর শ্যা এবং মহাদেবের অলফার; এই শুন্তে অধিষ্ঠান করিয়া
আমার জল রক্ষা কর" (ইহা অর্থ। মন্ত্র যথা;—নাগ—মে)।
এই মন্ত্র পাঠ করত প্রার্থনা করিয়া, সেই নাগাধিষ্ঠিত শুন্ত জলাশয়মধ্যে স্থাপনপূর্বাক কর্ম্মকর্ত্তা তড়াগ প্রদক্ষিণ করিবে। শুন্ত ঘদি পূর্বাই স্থাপিত হইয়া থাকে, তাহা হইলে নাগকে ঘটে পূজা
করিয়া সেই ঘটের জল তড়াগে নিক্ষেপ করিয়া, অবশিষ্ট কর্ম্ম সমাপন করিবে। পণ্ডিত ব্যক্তি এইরূপ গৃহপ্রতিষ্ঠাত্তেও ক্লন্তসঙ্কর হইয়া কৃপ-প্রতিষ্ঠার স্থায় বাস্তপূজা হইতে বন্ধারা-দান ও আভ্রাদিন্ধিক কর্ম্ম সমাপনপূর্বাক, (ব্রক্ষণের-পরিয়র্ভে) প্রজাপতি গৃহং পূর্ব্বোক্তমন্ত্রেণ প্রোক্ষ্য গদ্ধাদিনার্চ্চয়ন্।
ঈশানাভিমুখো ভূষা প্রার্থয়েদিহিতাঞ্জলিঃ ॥ ১৭৯
প্রজাপতিপতে গেহ পূজ্মাল্যাদিভূষিতঃ।
ভাষ্মাকং শুভবাসায় সর্ব্বথা স্থাদো ভব ॥ ১৮০
তত্ত্ব দক্ষিণাং কৃষা শান্ত্যাশীর্বাদমাচরেৎ।
বিপ্রান্ কুলীনান্ দীনাংশ্চ ভোজয়েদাত্মশক্তিতঃ ॥ ১৮১
ভাষ্মার্থন্ত প্রতিষ্ঠা চেৎ তদ্বাসায়াত্র যোজয়েৎ।
দেবতাক্বতগেহস্ত বিধানং শৃণু শৈলজে॥ ১৮২
ইথং সংস্কৃত্য ভবনং শঙ্খতূর্য্যাদিনিস্বনৈঃ।
দেবতাসনিধিং গত্বা প্রার্থয়েদিহিতাঞ্জলিঃ ॥ ১৮০
উত্তিষ্ঠ দেবদেবেশ ভক্তানাং বাঞ্ছিতপ্রদ।
আগত্য জন্মসাকলাং কুরু মে করুপানিধে॥ ১৮৪

দেবকে পূজা করিবে এবং সাধকশ্রেষ্ঠ প্রাজ্ঞাপত্য হোম করিবে।
পূর্ব্বোক্ত মন্ত্র দ্বারা গৃহকে প্রোক্ষিত ও গন্ধাদি দ্বারা অর্ক্তিত করিয়া,
ঈশানকোণাভিমুথ হইয়া, ক্রতাঞ্জলিপুটে প্রার্থনা করিবে,—"হে
প্রজ্ঞাপতি-স্বামিক গৃহ! তুমি পূজ্পমাল্যাদি দ্বারা ভূষিত হইয়া আমাদিগের শুভকর বাদের জন্ত সর্ব্বতোভাবে স্থখদাতা হও।" ১৬৮
—১৮০। অনন্তর দক্ষিণান্ত করিয়া শান্তি ও আশীর্বাদ করিবে।
স্থশক্তি অনুসারে কৌল ব্রাহ্মণ ও দরিদ্রদিগকে ভোজন করাইবে।
হে শৈলজে! যদি অপরের জন্ত গৃহপ্রতিষ্ঠা হয়, তাহা হইলে এই
গৃহপ্রতিষ্ঠা-দঙ্কল্লে তাহার নামোল্লেথপূর্ব্বক "অমুকস্ত বাদায়"
অর্ধাৎ অমুকের বাদের জন্ত এই কথাটি বলিবে। পূর্ব্ববৎ গৃহ-সংস্কার
করিয়া শুখাত্র্য্যাদি-বাদ্যধ্বনি-পুরঃদর দেবতার নিকট গমন করিয়া
কৃত্রাঞ্জলিপুটে প্রার্থনা করিবে,—"হে দেবদেবেশ। হে ভক্তবাঞ্জিত-

ইত্যভার্থী গৃহাভারে বেবমানীয় সাধকঃ।
উপস্থাপ্য গৃহদ্বারি পুরতো বাহনং শুসেৎ ॥ ১৮৫
বিশ্লমথবা চক্রং বিশ্রম্ম ভবনোপরি।
রোপরেন্মনিরেশানে সপতাকং ধ্বজং স্বধীঃ॥ ১৮৬
চক্রাভগৈঃ কিন্ধিণীভিঃ পুপ্রস্কৃত্পল্লবৈঃ।
শোভয়িত্বা গৃহং সম্যক্ ছানরেন্দিব্যবাসদা॥ ১৮৭
উত্তরাভিমুথং দেবং বক্ষ্যমাণবিধানতঃ।
স্বাপরেন্ধিহিতদ্র বিয়ন্তংক্রমং বচ্মি তে শৃণু॥ ১৮৮
বিং ফ্রীং প্রীমিতি মন্ত্রান্তে মৃলমন্ত্রন্।
হুগ্নেন স্থাপরামি ত্বাং মাতেব পরিপালয়॥ ১৮৯
প্রাক্তবীজ্বয়ভান্তে তথা মূলং নিযোজয়ন্।
দর্ম ত্বাং স্থাপরাম্যন্ত ভবতাপহরে। ভব॥ ১৯০

প্রদ! হে করণানিধে! উত্থান করুন, আমার ভবনে আগমন করিয়া আমার জন্ম সফল করুন।" সাধক, এইরূপে অভ্যর্থনা করিয়া, গৃহসমীপে দেবতানয়নপূর্ব্বক স্থাপন করিয়া দেবতার পুরোভাপে বাহন স্থাপন করিবেন। স্থানী ত্রিশূল কিংবা চক্র গৃহোপরি স্থাপনপূর্ব্বক মন্দিরের ঈশানকোণে পতাকার্ক্ত ধ্বজ রোপণ করিবেন। চক্রাতপ, ক্ষুদ্র-ঘন্টা, পুষ্পমাল্য ও আম্র-পল্লব দারা গৃহকে সমাক্ প্রকারে শোভিত করিয়া দিব্য-বস্ত্র দারা আছোদন করিবেন। বক্ষামাণ বিধি অনুসারে বিহিত্ত দেবকে স্থান করাইবেন; ভাহার ক্রম তোমাকে বলিতেছি,—শ্রবণ কর। (১) "ত্রং শ্রাং মন্ত্রান্ত মূলমন্ত্র উচ্চারণপূর্ব্বক "হ্রাং দারা তোমার স্থান করাইতেছি; জননীর স্থান্ন তুমি রক্ষা কর" এত্তদর্থক "হ্রাংল—প্রালয়" এই মন্ত্রপাঠ করত হ্রাং দারা স্থান করাইবেন। (২) পূর্ব্বোক্ত

পুনবীজন্তয়ং মৃলং সর্বানন্দকরেতি চ ॥
মধুনা স্নাপিতঃ প্রীতো মামানন্দময়ং কুরু॥ ১৯১
প্রাথমালং সমুচ্চার্য্য সাবিত্রীং প্রাণবং স্মরন্।
দেবপ্রিয়েশ হবিষা আয়ু:শুক্রেণ তেজসা।
স্নানং তে কল্লয়ামীশ মামরোগং সদা কুরু॥ ১৯২
তদ্বমূলঞ্চ গায়ল্রীং ব্যাহ্নতিং সমুদীরয়ন্।
দেবেশ শর্করাতোরৈঃ স্নাতো মে যচ্ছ বাঞ্ছিতম্॥ ১৯৩
তথা মূলং সমুচ্চার্য্য গায়ল্রীং বারুণং মন্তুম্।
বিধাত্রা নিশ্মিকৈর্দিব্যৈঃ প্রিয়েঃ স্নিরয়রলৌকিকৈঃ।
নারিকেলোদকৈঃ স্নানং কল্লয়ামি নমোহস্ত তে॥ ১৯৪
গায়ল্র্যা মূলমন্ত্রেণ স্বাপয়েদিক্ষুক্তৈ রবিঃঃ। ১৯৫
কামবীজং তথা তারং সাবিত্রীং মূলমীরয়ন্।

বীজ্ঞানের অস্তে ম্লমন্ত্র যোগ করিয়া, "তোমাকে অদ্য দিধি দারা স্নান করাইতেছি, তুমি ভবভাপহর হও" এতদর্থক "দ্য়া—ভব" মন্ত্রে দধি দারা স্নান করাইবেন। (৩) পূর্ব্ববং বীজ্ঞায় ও মূলমন্ত্র উচ্চারণ করত "হে সর্বানন্দকর! তুমি মধু দারা স্নাপিত ও প্রীত হইয়া আমাকে আনন্দময় কর" এতদর্থক "সর্বা—কুরু" মন্ত্র বিলয়া মধু দারা স্নান করাইবেন। ১৮১—১৯১। (৪) পূর্ব্ববং মূলমন্ত্র, গায়ত্রী ও প্রণব স্মরণান্তে "হে স্কণ! দেবপ্রিয়, আয়ু শুক্র ও তেজঃস্বরূপ ঘৃত দারা তোমাকে সান করাইতেছি, আমাকে সর্বানা অরোগ কর" এভদর্থক "দেব—কুরু" মন্ত্র পার্যত্রী উচ্চারণ-পূর্বক "হে দেবেশ! শর্করাজ্ঞল দ্বারা স্নাত হইয়া আমায় বাঞ্ছিত প্রদান কর" এতদর্থক "দেবেশ—তম্" মন্ত্রে শর্করোদক দারা স্নান

কর্পুরা গুরু-কাশীর-কন্ত রীচন্দনোদকৈ:।
স্থনাতো ভব স্থপ্রীতো ভুক্তিমুক্তী প্রযক্ত মে॥১৯৬
ইতান্তক্তবি: স্থানং কারয়িত্বা জগৎপতিম্।
গৃহাভ্যস্তরমানীয় স্থাপয়েদাসনোপরি॥১৯৭
মাপনার্হা ন চেদর্চা তদ্যন্তে বাপি তন্মনৌ।
শালগ্রামশিলায়াং বা স্থাপয়িত্বা প্রপ্রস্থেং॥১৯৮
অশক্তো ম্লমত্রেণ স্থাপয়েচ্ছুদ্ধপাথসাম্।
অন্ততি: কলশৈর্ঘর পঞ্চতি: সপ্ততির্যথা॥১৯১

করাইবে। (৬) পূর্ববিৎ মূলমন্ত্র গায়ত্রী ও বরুণ-বীর ওপথিছে "বেং" এই মন্ত্র উচ্চারণ করিয়া "বিধাতৃ-নির্ম্মিন্ত, দিবা, প্রিয়, স্লিয় এবং অলৌকিক নারিকেলজল দারা তোমায় স্লান করাইতেছি, তোমায় নমস্কার" এতদর্থক "বি—তে" মন্ত্রে নারিকেলজল দারা স্লান করাইবে। (१) গায়ত্রী ও মূলমন্ত্র পাঠ করিয়া ইক্ষুরস দারা স্লান করাইবে। (৮) কামনীজ (ক্লীং), তার (ওঁ), গায়ত্রী ও মূলমন্ত্র উচ্চারণ করিয়া "কর্পুর, অগুরু, কাশ্মীর (কুষ্কুম), কস্তর্মী ও চন্দনের জল দারা স্থলাত হইয়া স্থলীত হও; আমায় ভোগ ও মোক্ষ প্রদান কর" এতদর্থক "কর্পুরা—মে" মন্ত্রে উক্ত কর্পুরাদিকল দারা স্লান করাইবে। এইরূপে অন্ত কলশ দারা স্লান করাইয়া, লগৎপতিকে গৃহাভান্তরে আনয়ন করত আদনের উপর স্থাপন করিবে। দেবপ্রতিমা বদি স্লান করাইবার উপযুক্ত না হয়, ভাহা হইলে মন্ত্রে অথবা দেবতার মূলমন্ত্রে কিংবা শালগ্রাম-শিলাতে স্পান করাইয়া পূজা করিবে। ছগ্নাদি দ্বারা পূর্বেকিক্ত প্রকারে স্লান করাইতে অশক্ত হইলে যথাশক্তি গুদ্ধবারিপূর্ণ অন্ত, সপ্ত কিশা পঞ্চ

ঘটপ্রমাণং প্রাগেব কথিতং চক্রপৃজনে।
সর্ব্যাগমক্ত্যেমু স এব বিহিতো ঘটঃ॥ ২০০
ততো যজেন্মহাদেবং স্বস্পুজাবিধানতঃ।
তত্যোপচারান্ বক্ষ্যামি শৃণু দেবি পরাৎপরে॥ ২০১
আসনং স্থাগতং পাজমর্ঘ্যমাচমনীয়কম্।
মধুপর্কপ্রথাচমাং স্থানীয়ং বস্তুভ্যণে॥ ২০২
গদ্ধপুলে ধুপদীপো নৈবেজং বন্দনং তথা।
দেবার্চনাস্থ নির্দ্দিষ্টা উপচারাশ্চ বোড়শ ॥ ২০৩
পাদ্যমর্ঘ্যঞ্চাচমনং মধুপর্কাচমো তথা।
গদ্ধাদিপঞ্চকঞ্চৈতে উপচারা দশ স্মৃতাঃ॥ ২০৪
গদ্ধপুলে ধুপদীপো নৈবেদ্যঞ্চাপি কালিকে।
পঞ্চোপচারাঃ কথিতাঃ দেবতায়াঃ প্রপৃজনে॥ ২০৫

কলশ দ্বারা স্থান করাইবে। পূর্বেই চক্রপূজন-স্থলে ঘট-পরিমাণ কথিত হইয়াছে, আগমোক্ত দকলপ্রকার কর্ব্বেই দেইপ্রকার ঘট বিহিত। তাহার পর স্থ স্থ পূজাবিধানান্ত্র্যারে দেই মহাদেবকে পূজা করিবে; তাহাতে যথাবিধি উপচার দকল বলিতেছি, হে পরাংপরে! তুমি শ্রবণ কর। ১৯২—২০১। আদন, স্থাগত, পাল্য, আর্ঘ্য, আচমনীয়, মধুপর্ক, পুনরাচমনীয়, স্থানীয়, বস্ত্র, ভূষণ, গল্ব, পূজ্প, ধৃপ, দীপ, নৈবেদ্য ও বলন—এই যোড়শপ্রকার উপচার দেবীপূজাতে কথিত হইয়াছে। পাদ্য, অর্ঘ্য, আচমন, মধুপর্ক, পুনরাচমন, গল্ব, পূজ্প, ধৃপ, দীপ ও নৈবেদ্য—ইহাই দশোপচার বলিয়া স্থত হইয়াছে। "ফট্" এই

অস্ত্রেণার্যান্তদা দ্রবাং প্রোক্ষ্য ধেন্থং প্রদর্শয়ন্।
সংপূজ্য গদ্ধপুলাভাং দ্রব্যাথ্যানং সমৃল্লিথেং॥ ২০৬
বক্ষামাণমন্থং স্থৃত্বা মৃলঞ্চ দেবতাভিধান্।
সচতুর্থীং সমৃচ্চার্য্য ত্যাগার্থং বচনং পঠেও॥ ২০৭
নিবেদনবিধিঃ প্রোক্তো দেবে দেয়ের বস্তুর্য়।
অনেন বিধিনা বিশ্বান্ দ্রব্যং দদ্যাদ্দিবৌকসে॥ ২০৮
আদ্যার্চনবিধাে পূর্কং পাদ্যার্যাদিনিবেদনম্।
অর্পনং কারণাদীনাং সর্ক্ষমেব প্রদর্শিতম্॥ ২০৯
অন্তর্জমন্ত্রা বে তত্র তানেবাত্র শৃণু প্রিয়ে।
আসনাহ্যপচারাণাং প্রদানে বিনিযোজ্যেং॥ ২১০
সর্ক্রভ্তান্তরস্থায় সর্কভ্তান্তরাত্মনে।
কল্পয়াম্যুপবেশার্থমাসনং তে নমো নমঃ॥ ২১১

মন্ত্র বলিয়া অর্ঘ্যপাত্রস্থ জল দারা অভিষেক করিয়া ধেরুমুদ্রা প্রদর্শনাত্তে, গদ্ধ-পূল্প দারা পূজা করিয়া দেয়-দ্রব্যের নাম উল্লেখ করিবে। বক্ষামাণ মন্ত্র এবং মূলমন্ত্র স্মরণপূর্ব্ধক চতুর্থীবিভক্তিযুক্ত দেবতার নাম উচ্চারণ করিয়া ত্যাগার্থ বচন (নমঃ ইত্যাদি) বলিবে। দেব-উদ্দেশে দেয়-বস্তু-সকলের নিবেদন-বিধি উক্ত হইল। এই বিধি দারা বিদ্বান্ ব্যক্তি দেবতাকে দ্রব্য প্রদান করিবে। পূর্ব্বে আদ্যা-পূজার বিধান-কালে, পাদ্য-আর্ঘাদির নিবেদন-বিধি ও কারণাদির অর্পণ-প্রকার সকলই প্রদর্শিত হইয়াছে। সেই স্থলে যে সকল মন্ত্র অর্থুক্ত হইয়াছে, তাহা এই স্থলে বলিতেছি,—শ্রবণ কর। সেই সকল মন্ত্র আসনাত্যপচার প্রদানে প্রয়োগ করিবে। "তুমি সর্ব্বভূতের অন্তর্গান্ধরূপ; ভোমার উপবেশনের জন্ত আদন প্রদান করিতেছি; তোমার বারংবার নমৃত্বার" (মন্ত্র যথা,

উজ্জেমেণ দেবেশি প্রদায়াসনমৃত্তমন্।
কুতাঞ্চলিপুটো ভূদা স্থাগতং প্রার্থিবে ততঃ ॥ ২১২
দেবাং স্বাভীষ্ঠসিদ্ধার্থং যস্ত বাঞ্চতি দর্শনম্।
স্থাগতং স্থাগতং মে তব্য তে পরমান্মনে॥ ২১৩
আন্য মে সকলং জন্ম জীবনং সফলাং ক্রিয়াং।
স্থাগতং যৎ ত্তয়া তন্মে তপদাং ফলমাগতম্॥ ২১৪
দেবমাসন্ত্রা সংপ্রার্থ্য স্পাগত প্রশ্নমন্থিকে।
বিহিতং পাদ্যমাদায় মন্ত্রমেনমুদীর্থেৎ ॥ ২১৫
ষৎপাদক্রলদংম্পর্শাচ্ছুদ্ধিমাপ জগল্রয়ম্।
তৎপাদাজপ্রোক্ষণার্থং পাদ্যন্তে কর্য়য়ায়্রহম্॥ ২১৬
পরমানন্দসন্দোহো জায়তে যৎপ্রদাদতঃ।
তব্যৈ সর্কাত্মভূতায় আনন্দার্যাং সমর্পরে॥ ২১৭

— সর্বা— নমঃ)। হে দেবেশি! উক্ত ক্রমে উত্তম আসন প্রদানাতে কেতাঞ্জলি হইরা স্থাগত প্রার্থনা করিবে,—"দেবতারা স্থানীর ইষ্টসিদ্ধির নিমিত্ত যাঁহারা দর্শন প্রার্থনা করেন, সেই পরমান্তা-স্থানপর তোমাকে আমার স্থাগত ও স্থাগাত। আদা আমার আম, জীবন ও ক্রিয়া সকল সফল; যেহেত্ তোমার শুভাগমন স্থাপা আমার বহুতপভার ফল উপস্থিত হইরাছে" (মন্ত্র যথা;—দেবাঃ—গতং)। হে অম্বিকে! এইরূপে দেবতাকে আমন্ত্রণ এবং স্থাগতপ্রার্থন করিয়া বিহিত পাদ্য গ্রহণ করিয়া এই (বক্ষামাণ) মন্ত্র উচ্চারণ করিবে। ২০২—২১৫। "যে চরণের জলম্পর্শে ক্রিজ্ঞাৎ পবিত্র হইরাছে, তোমার সেই পাদপন্মাভিষেক নিমিত্ত আমি পাদ্য প্রদান করিতেছি" (মন্ত্র যথা;—বং—হম্)। "বাঁহার প্রসাদে পরমানক্ষ-পরম্পরা হয়, সকলের আয়ুরুপী তাঁহাকে আমি আর্ছ্য প্রদান

জাতীলবঙ্গককোলৈজ্জলং কেবলমেব বা।
প্রোক্ষিতার্চিত্রমালায় মস্ত্রেণানেন চার্পয়েও॥ ২১৮
বছচ্ছিষ্টমপস্পৃষ্টং শুদ্ধিমেতাথিলং জগও।
তক্ষৈ মুখারবিন্দায় আচামং করয়ামি তে॥ ২১৯
মধুপর্কং সমালায় ভক্ত্যানেন সমর্পয়েও॥ ২২০
তাপত্রয়বিনাশার্থমথপ্তানন্দহেতবে।
মধুপর্কং দলায়ালা প্রসীদ পরমেশ্বর॥ ২২১
মাপ্রতিং শুচিতামেতি ষৎস্পৃষ্টপর্শমাত্রতঃ।
অক্ষিংস্তে বদনাস্তোজে পুনরাচমনীয়কম্॥ ২২২
স্নানার্থং জলমালায় প্রাথৎ প্রোক্ষিতমচ্চিতম্।
নিধায় দেবপুরতো মন্ত্রমেনমুদীরয়েও॥ ২২০

করিতেছি'' এই বলিয়া অর্ঘ্য দিবে (মন্ত্র যথা,—পর — পরে)।

জাতী-লবন্ধ-ককোলযুক্ত কিংবা শুক্ত, প্রোক্ষিত ও অর্চিত জল গ্রহণ
করিয়া এই (বক্ষামাণ) মন্ত্র দ্বারা অর্পণ করিবে,—''ঘাহার উ ক্তৃষ্টস্পর্শে অথল জগৎ শুক্তিপ্রাপ্ত হয়, তোমার দেই মুথ-পল্লে আচমন
প্রদান করিতেছি' (মন্ত্র যথা;—য—তে)। মধুপর্ক গ্রহণপূর্বক
ভক্তিসহকারে এই (বক্ষামাণ) মন্ত্র দ্বারা অর্পণ করিবে,—''ত্রিবিধভাপ-বিনাশার্থ অথগুলননের কারণ-রূপী ভোমাকে মধুপর্ক দান
করিতেছি। হে পরমেশ্বর! প্রেদর হও'' (মন্ত্র যথা;—ভাপ—
শ্বর)। বাঁলার স্পৃষ্ট স্পর্শমাত্রে অশুচিও শুচি হয়, ভোমার ভাদৃশ
এই বদনান্ধ প্রে প্নরাচমনীয় অর্পিত হইল'' এই বলিয়া প্নরাচমনীয়
দিবে, (মন্ত্র যথা;—অশু—য়কং)। পূর্ববিৎ প্রোক্ষিত ও অর্চিত
ভানীয় জল লইয়া দেবভার অগ্রভাগে রাথিয়া এই (বক্ষ্যমাণ) মন্ত্র
ভিচারণ করিবে, 'বাঁহার তেক দ্বারা কগৎ ব্যাপ্ত এবং যাহা হইতে

যতেজনা জগদ্বাপ্তং যতো জাতমিদং জগৎ।
তিমে তে জগদাধার স্থানার্থং তোয়মর্পয়ে ॥ ২২৪
ম্বানে বস্ত্রে চ নৈবেদ্যে দদ্যাদাচমনীয়কম্।
অন্তর্যপ্রদানাস্তে দদ্যাৎ তোয়ং সকুৎ সকুৎ ॥ ২২৫
বস্ত্রমানীয় দেবাত্রে শোধিতং পূর্ববর্ম্মানা ।
ধূজা করাভ্যামুত্তোলা পঠেদেনং মন্থং স্কুধীঃ ॥ ২২৬
সর্বাবরণহীনায় মায়াপ্রচ্ছনতেজনে ।
বাসনী পরিধানায় কল্পগ্রামি নমোহস্ত তে ॥ ২২৭
নানাভরণমাদায় স্বর্ণরৌপ্যাদিনির্দ্মিতম্ ।
প্রোক্ষ্যার্চিয়িস্বা দেবার দদ্যাদেনং সম্ক্রেন্ ॥ ২২৮
বিশ্বাভরণভূতার বিশ্বশোহৈতক্যোনরে ।
মায়াবিগ্রহভূবার্থং ভূষণানি সমর্পরে ॥ ২২৯

জগৎ উৎপন্ন হইনাছে, হে জগদাধার ! সেই তোমাকে স্নানের জস্ত জল প্রদান করিতেছি" (মন্ত্র যথা ;— যত্তে—পরি ।। স্নান, বস্ত্র এবং নৈবেদ্য প্রদানান্তে আচননীয় দিবে ; এতদ্ভিন্ন দ্রব্য প্রদানান্তে এক একবার জল দিবে । দেবাগ্রে পূর্ব্ব-রীতিতে শোধিত বস্ত্র আনরন করিয়া, হস্তদ্ম দ্বারা উত্তোলনপূর্ব্বক ধারণ করিয়া এই (বক্ষ্যমাণ) মন্ত্র পাঠ করিবে,—"সর্ব্বপ্রকার-আবরণ-বিহীন, অবিদ্যা-প্রছন্ন তেজঃস্বরূপ তোমার পরিধান জন্ত দোন্তিরীয় বস্ত্র প্রদান করিতেছি ; তোমাকে নমস্কার" (মন্ত্র যথা ;— সর্ব্বা — তে)। স্বর্ণ-রৌপ্যাদি-নির্দ্মিত নানাপ্রকার আভরণ গ্রহণ করিয়া, প্রোক্ষণ ও অর্চ্চনান্তে এই (বক্ষ্যমাণ) মন্ত্র উচ্চারণ করিবে । ২১৬— ২২৮ গেবিশ্বের আভরণস্বরূপ ও বিশ্ব-শোভার একমাত্র কারণীভূত তোমাকে, তোমার মায়াময় শরীর-ভূষণ জন্ত ভূষণ-সমূহ অর্পণ

গন্ধতনাত্রয়া স্টো যেন গন্ধধরা ধরা।
তব্দৈ পরাশ্বনে তুঙ্গং পরমং গন্ধমর্পরে ॥ ২৩০
পূষ্পং মনোহরং রমাং স্থান্ধং দেবনির্দ্মিতম্।
ময়া নিবেদিতং ভক্ত্যা পূষ্পমেতৎ প্রগৃহ্যতাম্॥ ২৩১
বনম্পতিরসো দিব্যো গন্ধাত্যঃ স্থমনোহরঃ।
আত্মেরঃ সর্বভূতানাং ধূপো দ্রাণায় তেহপরে॥ ২৩২
স্থপ্রকাশো মহাদীপ্রঃ সর্বভিন্তিমিরাপহঃ।
সবাহাভ্যন্তরজ্যোতির্দীপোহয়ং প্রতিগৃহ্যতাম্॥ ২৩৩
নৈবেদ্যং স্বাদ্থসংযুক্তং নানাভক্ষ্যসমন্বিতম্।
নিবেদয়মি ভক্ত্যেণং জুষাণ পরমেশ্বর॥ ২৩৪

করিতেছি" (মন্ত্র যথা;—বিশ্বা—প্রিয়)। "বংকর্ত্বক গন্ধতনাত্র ছারা গন্ধবতী পৃথিবী স্থ ইইয়াছে, দেই পরমান্মবরূপ তোমাকে পরম গন্ধ সমর্পণ করিতেছি" এই বলিয়া গন্ধ অর্পণ করিবে (মন্ত্র যথা;—গন্ধ—প্রে)। "মনোহর, রম্য, স্থগন্ধযুক্ত দেবনির্দ্ধিত এই পুষ্প ভক্তি-সহকারে নিবেদিত ইইল, ইহা তোমা কর্ত্বক গৃহীত ইউক" এই বলিয়া পৃষ্প প্রদান করিবে (মন্ত্র যথা;—পুষ্পং—তাম্)। "বনম্পতিরস, স্বর্গীয়, গন্ধযুক্ত, স্থমনোহর ও সকল প্রাণীর আঘাণ-বোগ্য ধূপ তোমার ঘাণের জন্ত অর্পিত ইইতেছে" এই বলিয়া ধূপ প্রেদান করিবে (মন্ত্র যথা;—বন—প্যতে)। "স্থপ্রকাশ, মহাদীপ্রিশালী, সকল দিকের অন্ধকার-নাশক, বাহ্ন ও আভ্যন্তর জ্যোতিম্মান্ এই দীপ গ্রহণ কর" এই বলিয়া দীপ প্রদান করিবে। (মন্ত্র যথা;—স্থ—তাম্)। স্বাত্রেব্যযুক্ত, নানাপ্রকার ভক্ষ্য-সমন্বিভ এই নৈবেদ্য ভক্তিপূর্বক নিবেদন করিডেছি, হে পরমেশ্বর। গ্রহণ

পানার্থং গলিলং দেব কর্পুরাদিস্থবাসিতম্।
সর্বাতৃপ্তিকরং স্বচ্ছমর্পয়ামি নমোহস্ত তে ॥ ২০৫
ততঃ কর্পূর-খদির-লবকৈলাদিভিযু তম্।
তাম্ব লং পুনরাচম্যং দল্পা বন্দনমাচরেৎ ॥ ২০৬
উপচারাধারদানে সাধারদ্রবামুল্লিখেৎ।
দদাঘা পৃথগাধারং তত্তরাম সমুক্তরন্ ॥ ২০৭
ইঅমর্চিতদেবায় দল্পা পুপাঞ্জলিত্রয়ম্।
সাচ্ছাদনং গৃতং প্রোক্ষ্য পঠেদেনং কুতাঞ্জলিঃ॥ ২০৮
গেছ ছং সর্বলোকানাং পূজ্যং পুণ্যযশং প্রদঃ।
দেবতাস্থিতিদানেন স্থমেক্সদৃশো ভব ॥ ২০৯
ছং কৈলাসশ্চ বৈকুপ্তং ব্রাক্ষভবনং গৃহ।
যন্ত্রমা বিধুতো দেবস্তাম্বান্ধং স্থরবন্দিতঃ॥ ২৪০

কর" এই বলিয়া নৈবেদ্য দিবে। (মন্ত্র যথা;—নৈবে—খর)।
"হে দেব! কর্পুরাদি-স্থবাসিত, সর্ব-তৃপ্রিজনক, স্বচ্ছ পানীয় জল
অর্পণ করিতেডি; তোমায় নমস্কার" এই বলিয়া পানার্য জল দিবে।
(মন্ত্র যথা;—পানা—তে)। তাহার পর কর্পুর, থদির, লবক্ষ ও
এলাচাদি-যুক্ত তাম্বূল এবং পুনরাচমনীয় প্রদানপূর্কক বন্দনা
করিবে। উপচারাধার-দান-কালে "সাধার" অর্থাৎ "তৈজসাধারসহিত্য" ইত্যাদি যথাসন্তব বলিয়া জবেয়র নাম করিবে। কিংবা
সেই আধারের নামোজ্যারণ করিয়া আধার পৃথক্ প্রদান করিবে।
এইরূপে পৃত্তিত্ত দেবতাকে পুল্পাঞ্জলিত্রয় প্রদান করিরা আছোদন্মুক্ত গৃহ প্রোক্ষণপূর্বক ক্রজেলি হইয়া এই (বক্ষামাণ) মন্ত্র
পাঠ করিবে,—"হে গৃহ! তুনি সকল লোকের পূজা; পুণা ও
কীর্তিপ্রাদ; দেবতার স্থিতি প্রদান করিয়া স্থেমক্য-সদৃশ হও। হে

ষশ্ঠ কুক্ষো জগৎ সর্কাং বরীবর্ত্তি চরাচরম্।
মায়াবিধৃতদেহস্ত তস্ত মৃর্কেবিধারণাৎ ॥ ২৪১
দেবমাতৃসমস্কাং হি সর্কেতীর্থময়য়য়থা।
সর্ক্রকামপ্রদো ভূষা শাস্তিং মে কুরু তে নমঃ ॥ ২৪২
ইত্যভার্থ্য ত্রিরভার্চ্য গৃহং চক্রাদিসংযুত্ম্।
আাস্মনঃ কামমুদ্দিশু দদ্যাদ্দেবায় সাধকঃ ॥ ২৪০
বিশ্বাবাসায় বাসায় গৃহং তে বিনিবেদিতম্।
অপীকুরু মহেশান রূপয়া সন্নিবীয়তাম্ ॥ ২৪৪
ইত্যক্ত্বাপিতগেহায় দেবায় দত্তদক্ষিণঃ।
শঙ্খতুর্থ্যাদিঘোষেস্তং স্থাপয়েছেদিকোপরি ॥ ২৪৫
স্পৃষ্ট্বা দেবপদছন্দং মূলমন্ত্রং সমুচ্চরন্।

গৃহ। তুমি কৈলাস; তুমি বৈকুণ্ঠ; তুমি ব্রহ্মত্বন। যেহেতু তুমি দেবকে ধারণ করিয়াছ, সেই হেতু তুমি দেবগণেরও বন্দিত। যাঁহার উদরে নিথিল জগৎ অবস্থান করিতেছে, সেই মায়া-গৃহীত-শরীর ব্রহ্মের মূর্ত্তি ধারণ করিতেছ বলিয়া তুমি দেবমাত্তুলা এবং সকল তীর্থের উৎপত্তিস্থান। তুমি সর্ব্বকামপ্রদ হইয়া আমার শাস্তি কর; তোমাকে নমস্কার" (মন্ত্র যথা;—গেহ—নমঃ । ২২১—২৪২। এইরূপে তিনবার অভ্যর্থনান্তে সাধক আপনার অভিলাষ উদ্দেশ করিয়া সেই চক্রাদিযুক্ত গৃহ দেবকে প্রদান করিবে। "বিশ্বাবাদ-শ্বরূপ তোমাকে বাদের জন্ম এই গৃহ বিনিবেদিত হইল। ছে মহেশান! অঙ্গীকার অর্থাৎ গ্রহণ কর এবং রূপাপূর্বকে ইহাতে সন্নিহিত হও" (মন্ত্র ষথা;—বিশ্বা-ম্বতাম্)। এই মন্ত্র পাঠান্তে গৃহা-র্পণ হইলে দেবোদ্দেশে দক্ষিণা প্রদান করিয়া শৃত্বান্ত্রগৃদি-শব্দ-শ্বঃসর বেদিকার উপর দেবকে স্থাপন করিবে। দেবতার পদ-

খ্বাং শ্বীং স্থিরো ভবেত্যুক্ত্বা বাসন্তে করিতো ময়া।
ইতি দেবং স্থিরীক্বতা ভবনং প্রার্থমেৎ পুনঃ ॥ ২৪৬
গৃহ দেবনিবাসায় সর্বাধা প্রীন্তিদো ভব।
উৎস্প্টে ত্বয়ি মে লোকাঃ স্থিরাঃ সম্ভ নিরাময়াঃ ॥ ২৪৭
বিসপ্তাতীতপুরুষান্ বিসপ্তানাগতানপি।
মাঞ্চ মে পরিবারাংশ্চ দেবধামি নিবাসয় ॥ ২৪৮
যজনাৎ সর্ব্যজ্ঞানাং সর্বতীর্থনিষেবণাৎ।
যৎ ফলং তৎ ফলং মেহদ্য জায়তাৎ ত্বৎপ্রসাদতঃ ॥ ২৪৯
মাবদ্বস্থারা তিঠেদ্ যাবদেতে ধরাধরাঃ।
যাবদিবানিশানাথো তাবন্মে বর্ততাং কুলম্ ॥ ২৫০
ইতি প্রার্থ্য গৃহং প্রাক্তঃ পুনদেবং সমর্চ্যন্।
দর্পণাদ্যন্তবন্ত নি ধ্রজ্ঞাপি নিবেদ্য়েৎ ॥ ২৫১

দয় স্পর্শ করিয়া মূলমন্ত্র উচ্চারণপূর্বক "স্থাং স্থীং স্থিরো ভব"
ভর্মাৎ স্থির হও, এই বলিয়া "তোমার বাস আমাকর্ত্ক করিত্

ইইল" এই মন্ত্রে দেবতাকে স্থির করিয়া পুনর্বার ভবনের নিকট
প্রার্থনা করিবে,—"হে গৃহ! দেব-নিবাসের জন্ম সর্বপ্রকারে
প্রীতিপ্রদ হও। তুমি উৎস্পৃষ্ট হইলে আমার লোক সকল নিরাময় হউক। আমার অভীত চতুর্দ্দশ পুরুষ ও ভবিষাৎ চতুর্দ্দশ
পুরুষকে, আমাকে এবং আমার পরিবারবর্গকে দেবধামবাসী কর।
সর্ব্বহক্ত ও সর্ববিতীর্থ দেবা করিলে যে ফল হয়, তোমার অন্থগ্রহে আমার অন্ত সেই ফল হউক। যতকাল এই পৃথিবী থাকিবে,
যতকাল এই পর্ব্বত সকল থাকিবে, ও যতকাল চক্তস্থ্য থাকিবে,
ততকাল যেন আমার কুল বর্ত্তমান থাকে" (মন্ত্র ষ্থা,—ম্বাবৎ—
কুলং)। প্রাক্ত এই প্রকারে গৃহের নিকট প্রার্থনা করিয়া পুনর্বার

ততক্ত বাহনং দদ্যাদ্ যন্মিন্ দেবে যথোদিতম্।
শিবায় ব্যভং দন্তা প্রার্থনিছিতাঞ্জলিঃ ॥ ২৫২
ব্যভ দ্বং মহাকারস্তীক্ষপৃল্পোহরিঘাতকঃ।
পৃঠে বহদি দেবেশং পৃল্যোহদি ত্রিদদৈরপি ॥ ২৫০
খ্রেষ্ দর্মতীর্থানি রোমি বেদাং দনাতনাঃ।
নিগমাগমতন্ত্রাণি দশনাগ্রে বদস্তি তে ॥ ২৫৪
দ্বির্মান্তর্ত্তাগ স্থাতীতঃ পার্মবিশিতিঃ।
বাসং দদাতু কৈলাদে দ্বং মাং পালয় দর্মদা ॥ ২৫৫
সিংহং দন্তা মহাদেবৈ গরুড়ং বিফবে তথা।
যথা স্ত্রামহেশানি তমে নিগদতঃ শৃণু ॥ ২৫৬
স্থরাস্থরনিযুদ্ধেরু মহাবলপরাক্রমঃ।
দেবানাং জয়দো ভীমো দম্জানাং বিনাশক্বং॥ ২৫৭

দেবার্চ্চনপূর্ব্বক দর্পণ প্রভৃতি অন্তান্ত বস্তু ও ধ্বজ নিবেদন করিবে। তাহার পর, যে দেবের যাহা যোগ্য, সেইপ্রকার বাহন দান করিবে; তন্মধ্যে মহাদেবকে বৃষভ-দানাস্তে কৃতাঞ্জলি হইয়া প্রার্থনা করিবে। ২৪৩—২৫২। "হে বৃষভ! তুমি—মহাশরীর, তীক্ষণৃত্ব ও শক্তন্ ঘাতক। তুমি দেবেশকে পৃষ্ঠে বহন কর, অতএব দেবগণেরও পূজ্য। তোমার খুরসমূহে সকল তীর্থ, রোমনিবহে সনাতন বেদ্চভূষ্টয় ও দশনাগ্রে নিগমাগম তন্ত্র সকল বাস করিতেছে। হে মহাভাগ! তুমি দত্ত হইলে পর পার্ব্বতী-পতি স্থপ্রীত হইয়া কৈলাসে আমার বাস প্রদান করন। তুমি সর্ব্বদা আমাকে পালন কর" (মন্ত্র যথা;—বৃষভ—সর্ব্বদা)। মহাদেবীকে সিংহ ও বিষ্ণুকে গরুড় প্রদান করিয়া যেরূপে স্তব্ব করিবে, তাহা আমি যথাক্রমে বলিতেছি,—শ্রবণ কর। "হে সিংহ! তুমি মহাপরাক্রম; স্থরাম্বরযুদ্ধে তুমি দেবগণের জয়প্রপ্রদ, ভয়কর, ও অস্ত্রগণের বিনাশক, তুমি

দদা দেবীপ্রিয়োহদি জং ব্রহ্মবিষ্ণুশিবপ্রিয়:।
দেবৈর দমর্পিতো ভক্তা জহি শত্রু নমোহস্ত তে॥ ২৫৮
গরুষুন্ পতগশ্রেষ্ঠ শ্রীপতি প্রীতিদায়ক।
বজ্রচঞ্চো তীক্ষনথ তব পক্ষা হির্মায়া:।
নমস্তেহস্ত থগেক্রায় পক্ষিরাজ নমোহস্ত তে॥ ২৫৯
যথা করপুটেন জং সংস্থিতো বিষ্ণুদ্যারধো।
তথা মামরিদর্পর বিফোরত্রে নিবাসয়॥ ২৬০
ছয়ি প্রীতে জগরাথ: প্রাত: দিদ্ধিং প্রযজ্ঞতি॥ ২৬১
তথা কর্ম্মলঞ্চাপি ভক্তা তথ্যৈ সমর্পয়ে॥ ২৬২
নৃত্রৈগীতৈশ্চ বাদিক্র: সামাতাঃ সহবান্ধর:।
বেশা প্রদক্ষিণং কল্পা দেবং নন্ধাশয়েদ্বিজ্ঞান্॥ ২৬৩

দর্মদা দেবীর ও ব্রহ্ম-বিষ্ণু-শিবের প্রিয়; ভক্তিসহকারে দেবীর উদ্দেশে অর্পিত হইলে, আমার বৈরী দকল হনন কর; তোমাকে নমস্কার" (মন্ত্র ধ্যা;—সুরা—তে)। "হে গরুত্মন্! হে পক্ষিরাক্ষ! হে নারায়ণপ্রীতিপদ! হে বজ্রচঞাে! হে তীক্ষ্ণনধ! তোমার পক্ষ দকল স্কর্ণময়। হে থগেক্ত! হে পক্ষিরাক্ষ! তোমায় বারং-রার নমস্কার। হে অরিদর্পর! তুমি যেপ্রকার বিষ্ণুদরিধানে কতাঞ্জলিপুটে অবস্থিতি কর, আমাকেও সেইরূপ বিষ্ণুর অত্রে বাদ করাও। তুমি প্রীত হইলে জগরাথ প্রীত হইয়া দিদ্ধি প্রদান করেন" (ইহা গরুভ্সুতি। মন্ত্র যথা;—গরু—তি)। দেবোদ্দেশে দক্ত দ্রবাসমূহের দক্ষিণা দেবতাকে প্রদান করিবে। এইরূপ ভক্তিসহকারে কর্মফলও দেবতাকে প্রদান করিবে। বৃত্য, গীত ও বাদ্য করিতে করিতে অমাত্য ও বাদ্ধবগণের সহিত্ত গৃহ-প্রদক্ষিণাত্তে দেবতাকে নমস্কার করিয়া ব্রাহ্মণ সকলকে ভোলন

দেবাগারপ্রতিষ্ঠায়াং ষ এষ কথিতঃ ক্রমঃ।
আরামসেতৃসংক্রামশাথিনামীরিতোহপি দঃ ॥ ২৬৪
বিশেষেণাত্র কত্যেষু পূজ্যো বিষ্ণু: দনাতনঃ।
পূজাহেদমা তথা দর্কং গৃহদানবিধানবং ॥ ২৬৫
অপ্রতিষ্ঠিতদেবায় নৈব দদাদগৃহাদিকম্।
প্রতিষ্ঠিতহর্চিতে দেবে পূজাদানং বিধীয়তে ॥ ২৬৬
অথ তত্র শ্রীমদাছাপ্রতিষ্ঠাক্রম উচ্যতে।
যেন প্রতিষ্ঠিতা দেবী তূর্ণং যজ্জতি বাঞ্ছিতম্ ॥ ২৬৭
তদ্দিনে সাধকঃ প্রাতঃ স্নাতঃ শুচিক্রদল্পুথঃ।
সক্ষয়ং বিধিবৎ কৃত্যা যজেদ্বাত্তীশ্বরং ততঃ ॥ ২৬৮
গ্রহ-দিক্পতি-হেরম্বাদ্যর্জনং পিতৃকর্ম চ।
বিধায় সাধকৈবিপ্রৈঃ প্রতিমা-স্যাধিং ব্রঙ্গেৎ ॥ ২৬৯

করাইবে। দেবগৃহ-প্রতিষ্ঠাতে এই যে ক্রম কথিত হইল; উপবন, দেতু, সংক্রম, পথ ও বৃক্ষ প্রতিষ্ঠাতেও এই ক্রম বিহিত। বিশেষতঃ এই দকল কর্মে দনাতন বিষ্ণুই পূজা। পূজা, হোম ও অন্ত সকল কার্য্য, গৃহদানবিধি অনুসারে, করিবে। ২৫৩—২৬৫। অপ্রতিষ্ঠিত দেবতাকে গৃহাদি কিছু দিবে না; প্রতিষ্ঠিত ও অর্চিত দেবেরই পূজা ও দান বিহিত হইয়ছে। অনম্বর তাহার মধ্যে আদ্যা-প্রতিষ্ঠা-ক্রম বলিতেছি; যে ক্রম দারা দেবী প্রতিষ্ঠিতা হইলে শীঘ্র বাঞ্ছিত ফল প্রদান করেন। সেই আদ্যা-প্রতিষ্ঠা-দিনে সাধক প্রাভঃমাত ও শুচি হইয়া বিধিবৎ সঙ্করপূর্ব্বক বাজ্বপতির অর্চনা করিবে। গ্রহ, দিক্পাল ও গণেশাদির পূজা এবং পিতৃক্রম্ম (আভ্যাদয়িক) সম্পাদন করিয়া সাধক বিপ্র-সকলের সহিত্ত প্রতিমা-সমিধানে গমন করিবে। প্রতিষ্ঠিত গৃহে ক্রথবা কোন

প্রতিষ্টিতগৃহে যদা কুত্রচিচ্ছোভনস্থলে।
আনীয়ার্চামর্চচিয়ন্থা স্নাপয়েৎ সাধকোত্তমঃ॥ ২৭০
ভন্মনা প্রথমং স্থানং তত্তো বল্মীকমৃৎস্থয়া।
বরাহ-দন্তিদন্তোত্থ-মৃত্তিকাভিস্ততঃ পরশ্ ।
বেশ্যাদ্বারমূলা চাপি প্রহ্যমন্থলভাতয়া॥ ২৭১
ততঃ পঞ্চকষায়েণ পঞ্চপুশৈপস্তিপত্রকৈঃ।
কারয়িয়া গন্ধতৈলৈঃ স্থাপয়েৎ প্রতিমাং স্থবীঃ॥ ২৭২
বাট্যালবদরীজম্বুকুলাঃ শালালী তথা।
এতে নিগদিতাঃ স্থানকষায়াঃ পঞ্চ ভূকহাঃ॥ ২৭০
করবীরং তথা জাতী চম্পকং সরসীকহম্।
পাটলীকুস্থমঞ্চাপি পঞ্চপুষ্পং প্রকীর্ত্তিম্॥ ২৭৪
বর্জারী-তুলসী-বিল্বং পত্রত্রয়মুদাস্থতম্॥ ২৭৫
এতেয়ু প্রোক্তদ্বেয়ু জলযোগো বিধীয়তে।
পঞ্চামৃতে গন্ধতৈলে তোয়যোগং বিবর্জ্মেৎ॥ ২৭৬

শোভন স্থলে সাধকোত্তম প্রতিমাকে আনয়ন করত পূজাপূর্ব্বক সান করাইবে। প্রথম—ভন্ম দ্বারা, দিভীয়—বল্মীক-মৃত্তিকা দ্বারা, তৎপরে যথাক্রমে বরাহদন্ত-মৃত্তিকা, হস্তি-দন্ত-মৃত্তিকা, বেশ্যাদ্বার-মৃত্তিকা ও প্রত্যম্ম হদের মৃত্তিকা দ্বারা মান করাইবে। তাহার পর পঞ্চক্ষায়, পঞ্চপুষ্প ও ত্রিপত্র দ্বারা মান করাইবে। বেড়েলা, কুল, দ্বাম, বকুল ও শিম্ল—এই পাঁচপ্রকার রক্ষ মানপ্রকরণে পঞ্চক্ষায় বলিয়া কথিত হইমাছে। করবীর, জাতী, চম্পক, পদ্ম ও পাটলী পূষ্প—পঞ্চপুষ্প বলিয়া কীর্ত্তিত হইল। বাবুই তুলসী, তুলসী ও বিশ্ব—এই পত্রত্তয় ত্রিপত্র বলিয়া উদাহত হইল। এই সকল পঞ্চক্ষামাদি দ্বো জল মিশাইরা ম্বান বিহিত আছে; কিন্তু পঞ্চামৃত্ত

সবাহিতিং সপ্রণবাং গায়ত্রীং মূলমুচ্চরন্।
ত্রতদ্বাশু তোয়েন স্নাপয়ামি নমো বদেৎ ॥ ২৭৭
ততঃ প্রাক্তকবিধিনা হয়াবৈদ্যরইভির্ঘটৈঃ।
কবোষ্ণসলিলৈশ্চাপি স্নাপয়েৎ প্রতিমাং বৃধঃ॥ ২৭৮
সিতগোধ্মচূর্ণেন তিলককেন বা শিবাম্।
শালিতপুলচূর্ণেন মার্জ্জয়িয়া বিরক্ষয়েৎ॥ ২৭৯
তীর্থান্তনামইঘটিঃ স্নাপয়িয়া স্থবাসসা।
সম্মার্জ্জিতাঙ্গীং প্রতিমাং পৃজাস্থানং সমানয়েৎ॥ ২৮০
অশক্তৌ শুদ্ধতোয়ানাং পঞ্চবিংশতিসংখ্যকৈঃ।
কলসৈঃ স্নাপয়েদর্চাং ভক্ত্যা সাধকসত্তমঃ॥ ২৮১
মানে স্নানে মহাদেব্যাঃ শক্ত্যা পৃজনমাচরেৎ॥ ২৮২
ততো নিবেশ্র প্রতিমামাদনে স্পরিদ্ধতে।
পাদার্ঘ্যানৈরর্চয়িয়া প্রার্থয়েছিহিতাঞ্জলিঃ॥ ২৮৩

ও গন্ধ-তৈলে জল মিশাইবে না। ব্যাহ্যতির সহিত প্রণব, গায়ত্রী ও মূল উচ্চারণপূর্বক "অমুক দ্রব্যের জল বারা তোমার স্নান করাইতেছি; নমস্কার" এই বলিয়া স্নান করাইবে। তদন্তে পূর্বকি এতি বিধানালুদারে হগ্ধাদির অষ্ট্রবট বারা এবং ঈষহম্ফ জল বারা প্রিত ব্যক্তি প্রতিমাকে স্নান করাইবে। শ্বেত গোধ্মচূর্ণ বারা, তিলকন্ধ (ধইল) বারা কিংবা শালিতগুল-চূর্ণ বারা মার্জন করিয়া রক্ষ করিবে। তীর্থজলপূর্ণ অষ্ট্রঘট বারা স্নাপিতা ও উত্তম বঙ্গে স্মার্জিতালী প্রতিমাকে পূজাস্থানে লইয়া যাইবে। ২৬৬—২৮০। যদি তীর্থজল সংগ্রহ করিতে না পারা যায়, তবে পঞ্চবিংশতিঘটপরিমিত্ত গুদ্ধ জল বারা ভক্তিসহকারে সাধকোত্তম প্রতিমা স্নান করাইবে। যদি সামর্থ্য থাকে, তবে প্রতিন

নমত্তে প্রতিমে তুভাং বিশ্বকশ্ববিনির্দ্ধিতে॥
নমত্তে দেবতাবাদে ভক্তাভীষ্টপ্রদে নম:॥ ২৮৪

ঘরি সংপূজ্রাম্যাদ্যাং পরমেশীং পরাৎপরাম্।
শিল্পদোষবিশিষ্টাঙ্গং সম্পন্নং কুরু তে নম:॥ ২৮৫

ততন্তৎপ্রতিমামূর্দ্ধি, পাণিং বিক্তন্ত বাগ্যতঃ।
অষ্টোত্তরশতং মূলং জপ্তা গাত্রাণি সংস্পৃশেৎ॥ ২৮৬

যড়ঙ্গমাতৃকান্তাসং প্রতিমাঙ্গে প্রবিক্তমন্।

ঘড় দীর্ঘভান্ধা মূলেন ষড়ঙ্গনাসমাচরেৎ॥ ২৮৭

তারমায়ারমাদ্যৈ নমোহকৈর্বিন্দৃশংঘুকৈঃ।

অষ্টবর্গদেবিতাঙ্গে বর্ণনাসং প্রকর্মেৎ॥ ২৮৮

স্নানান্তেই পূজা করিবে। তাহার পর স্থপরিদ্ধৃত আদনে প্রতিমাকে স্থাপিত করিয়া, পালার্ঘ্যাদি দারা পূজাপূর্ব্বক, ক্বতাঞ্জলি হইয়া প্রার্থনা করিবে,—"হে বিশ্বকর্ম-বিনির্দ্মিতে প্রতিমে! তোমায় নমস্বার, হে দেবতাবাসে! তোমায় নমস্বার, হে ভক্তাভীষ্টপ্রদে! তোমায় নমস্বার। তোমার উপর পরাৎপরা পরমেশী আদ্যাকে অদ্য পূজা করিতেছি; শিল্পদোষ প্রযুক্ত দ্বিত অঙ্গ স্থাপাল কর; তোমাকে নমস্বার।" তৎপরে বাগ্যত হইয়া, প্রতিমার মস্তকে হস্ত বিস্তাদ করত, অপ্রোত্তরশত মূলমন্ত্র জপ করিয়া প্রতিমার অঙ্গ সকল স্পর্শ করিবে। তৎপরে প্রতিমাক্ষে ষড়ঙ্গমাত্কা স্তাদ করিয়া, অকারাদি-ষড় দীর্ঘ-স্বরমুক্ত মূলমন্ত্রে ষড়ঙ্গ স্তাদ করিয়া, বিশ্বষ্ক্ত অন্তর্ধ্বর্গ দারা বর্ণস্তাদ করিরে (যথা—ওঁ ব্লীং আং নমঃ

মুখে স্বরান্ কবর্গঞ্চ কণ্ঠদেশে ক্সনেৎ বুধঃ।
চবর্গমূদরে দক্ষবাহো টাক্সকরাণি চ॥ ২৮৯
তবর্গঞ্চ বামবাহো দক্ষবামাক্ষর্গ্রেরাঃ।
পবর্গঞ্চ যবর্গঞ্চ শবর্গং মস্তকে ক্সমেৎ॥ ২৯০
বর্ণক্রাসং বিধায়েখং তত্ত্বক্রাসং সমাচরেৎ॥ ২৯০
পাদয়োঃ পৃথিবীতত্ত্বং ভোয়তত্ত্বঞ্চ লিঙ্গকে।
তেজস্তত্ত্বং নাভিদেশে বাযুতত্ত্বং হৃদস্ব জে॥ ২৯২
আস্থে গগনতত্ত্বঞ্চ চক্সুমো রূপতত্ত্বকম্।
ঘাণয়োর্গন্ধতত্ত্বঞ্চ শক্ষতত্ত্বং ক্রভিদ্বয়ে॥ ২৯০
জিহ্বায়াং রসতত্ত্বঞ্চ শক্ষতত্ত্বং ক্রভিদ্বয়ে॥ ২৯০
জিহ্বায়াং রসতত্ত্বঞ্চ শক্ষতত্ত্বং ক্রভিদ্বয়ে॥ ২৯৪
শিবতত্ত্বং জ্ঞানতত্ত্বং পরতত্ত্বং তথোরদি।
জীবপ্রকৃতিতত্ত্বে চ বিক্যমেৎ সাধকাগ্রণীঃ॥ ২৯৫

ইত্যাদি)। মুথে স্বরবর্ণ ও কণ্ঠদেশে কবর্গ স্থাস করিবে। পণ্ডিত ব্যক্তি উদরে চবর্গ, দক্ষিণ-বাহুতে টবর্গ, বাম-বাহুতে তবর্গ, দক্ষিণ ও বাম উরুদ্ধরে বথাক্রমে পবর্গ ও ববর্গ, এবং মস্তকে শবর্গ স্থাস করিবে। ২৮১—২৯১। এইরপে বর্ণস্থাস করিয়া, তব্দুস্থাস করিবে। পাদদ্বরে পৃথিবীতত্ব, লিঙ্গদেশে তোয়তত্ব, নাভিদেশে তেজস্তত্ব, হৃদয়ামুজে বায়ুতত্ব, মুথে গগনতত্ব, চক্ষ্মথে রপতত্ব, দ্রাণদ্বরে গদ্ধতত্ব, শ্রবণদ্বরে শব্দতত্ব, জিহ্বাতে রসতত্ব ও ওকে স্পর্শতত্ব স্থাস করিবে। সাধকশ্রেষ্ঠ ক্রমধ্যে মনস্তব, সহশ্রদল পদ্মে শিবভত্ব, জ্ঞানতত্ব ও পরতত্ব, এবং বক্ষঃস্থলে জীবতত্ব ও প্রকৃতিতত্ব স্থাস করিবে। এইরপ সর্বাঙ্গে যথাক্রমে

মহত্তত্ত্বনহন্ধার তত্ত্বং সর্বাঙ্গকে ক্রমাং।
তারমায়ারমান্যেন গ্রে-নমোহন্তেন বিস্তসেৎ। ২৯৩
সবিন্দুমাতৃকাবর্ণপ্রতিং মূলমূচ্চরন্।
নমোহন্তং মাতৃকাস্থানে মন্ত্রসাদং প্রযোজ্যেং। ২৯৭
সর্বযজ্ঞময়ং তেজঃ সর্বভ্তিময়ং বপুঃ।
ইয়ং তে কল্লিতা মূর্ত্তিবত্র তাং স্থাপয়াম্যহম্॥ ২৯৮
ততঃ পূজাবিধানেন ধ্যানমাবাহনাদিকম্।
প্রাণপ্রতিষ্ঠাং সম্পাদ্য পূজ্যেৎ পরনেবতাম্॥ ২৯৯
দেবগেহপ্রদানে তু যে যে মন্ত্রাঃ সমীরিতাঃ।
ত এবাত্র প্রয়োক্তব্যা মন্ত্রনিঙ্গেন পূজ্যে ॥ ৩০০
বিধিবং সংস্কৃতে বহুলবির্চিতেভ্যোহর্চিতাছ্তিঃ।
আবাহ্য দেবীং সম্পূল্য জাতকর্মাণি সাধ্যেৎ॥ ৩০১

মহত্ত্ব ও অহস্কারতত্ব স্থাদ করিবে। আদিতে প্রণব, মারা ও রমাবীজ, অন্তে ঙে (চতুর্থীর একবচন) ও "নমঃ" যোগ করিয়া, তত্ব দকল স্থাদ করিবে (য়থা—ওঁ ছ্রীং শ্রীং পৃথিবী-তত্ত্বায় নমঃ ইত্যাদি)। বিন্দুদহ মাতৃকাবর্ণ দ্বারা পুটিত 'নমঃ'-পদান্ত মূল উচ্চারণ করত মাতৃকাস্থানে মন্ত্র্যাদ প্রয়োগ করিবে। ২৮১—২৯৭। "তোমার তেজ দর্ক্বিজ্ঞময় ও শরীর দর্কভূত্তময়; তোমার এইরূপ মূর্ত্তি কল্লিত হইল, ইহাতে তোমাকে স্থাপন করিতেছি'' এই বলিয়া প্রার্থনা করিবে। তৎপরে পূজাবিধানে ধ্যান আবাহনাদি ও প্রাণপ্রতিষ্ঠা দম্পাদনাত্তে, পরম-দেবতাকে পূজা করিবে। দেবগৃহ প্রদানে যে যে মন্ত্র দকল কথিত হইয়াছে, এই মন্ত্র-সম্পাদ্য পূজাস্থলে সেই সেই মন্ত্র প্রয়োগ করিবে। বিধিবৎ সংস্কৃত বহুতেে অর্চিত দেব সকলকে আছতি প্রদান পূর্ব্বক

জাতনামী নিজ্ঞমণমন্ন প্রাশনমেব চ।

চুড়োপনমনকৈতে ষট্ সংস্কারাঃ শিবোদিতাঃ॥ ৩০২ই
প্রাণবং ব্যাস্থৃতিকৈব গায়ন্ত্রীঃ মূলমন্ত্রকম্।

সামস্ত্রণাভিধানং তে জাতকর্মাদি নাম চ॥ ৩০৩

সম্পাদিয়াম্যগ্রিকান্তাং সমুচ্চার্য্য বিধানবিং।

পঞ্চপঞ্চাহতীর্দ্দিয়াং প্রতিসংস্কারকর্মণি॥ ৩০৪
দত্তনামাহুতিশতং মূলোচ্চারণপূর্ব্বকম্।

দেবৈ্য দ্বাহুতেরংশং প্রতিমামূর্দ্ধি নিক্ষিপেং॥ ৩০৫
প্রায়শ্চিত্তাদিভিঃ শেষং কর্ম সম্পাদ্যন্ স্থাঃ।

ভোজয়েং সাধকান্ বিপ্রান্ দীনানাথাংশ্চ তোষয়েং॥ ৩০৬
উক্তকর্মস্থশক্তশ্চেৎ পাথসাং সপ্রভির্ঘটিঃ।
স্কাপম্বিছার্চ্যান্ শক্ত্যা শ্রাবয়েয়াম দেবতাম্॥ ৩০৭

দেবীকে আবাহন করিয়া জাতকর্মাদি করিবে। জাতকর্ম, নামকরণ, নিজ্ঞামণ, অন্নপ্রাশন, চূড়া ও উপনয়ন,—এই ষড়্বিধ সংস্কার শিবোক্ত। প্রণব (ওঁ), ব্যাহ্বতি (ভূতুবিং ষঃ), গায়ত্রী, মূলমন্ত্র, সম্বোধনান্ত নাম (হে আল্যে!), তোমার (তে) জাতকর্মাদি (সংস্কারবিশেষে তত্তৎ সংস্কারের নাম উল্লেখ করিয়া), (সম্পাদ্রমামি স্বাহা) সম্পাদন করিতেছি বলিয়া পাঁচ পাঁচ আহুতি প্রদান করিবে। পূর্ব্বোক্ত নামোল্লেথ করত মূলমন্ত্র উচ্চারণপূর্বক দেবীকে শত-আহুতি প্রদান করিয়া, আহুতির অংশ প্রতিমান্মন্তকে নিক্ষেপ করিবে। স্থবী প্রায়শ্চিতাদি অবশিষ্ঠ কর্ম্ম সম্পন্ন করিয়া সাধক ব্রাহ্মণদিগকে ভোজন করাইবে এবং অনাথ ও দীনদিগকে তুষ্ট করিবে। উক্ত কর্ম্মে যদি অশক্ত হয়, তবে সপ্রতিপূর্ণ জল দ্বারা প্রতিমাকে স্থান করাইয়া শক্তায়ুসারে পূঞা-

824

মহানিৰ্কাণতন্ত্ৰমৃ।

ইভি তে শ্রীমদাদ্যারা: প্রতিষ্ঠা কথিতা প্রিয়ে। এবং হুর্গাদিবিত্যানাং মহেশাদিদিবৌকসাম্॥ ৩০৮ চলতঃ শিবলিঙ্গস্ত প্রতিষ্ঠারামর্য়ং বিধিঃ। প্রযোক্তব্যো বিধানজ্ঞৈশ্বন্ত্রেণামোহপূর্ব্বকম্॥ ৩০৯

ইতি, শ্রীমহানির্ব্বাণতন্ত্রে বাস্তধাগাদিকথনং নাম ত্রয়োদশোল্লাসঃ ॥১৩॥

পূর্বাক দেবতাকে নাম শ্রবণ করাইবে। হে প্রিয়ে ! এই শ্রীমদাদ্যার প্রভিষ্ঠা-বিধি তোমাকে বলিলাম। এই প্রকারে হুর্গাদি বিদ্যা সকলের ও মহেশাদি দেবতার প্রতিষ্ঠা করিবে। সচল শিব-লিঙ্গের প্রতিষ্ঠাতেও বিধানজ্ঞ ব্যক্তি সকল বিবেচনাপূর্বাক মন্ত্র দ্বারা এই বিধি প্রয়োগ করিবে। ২৯৮—৩০৯।

ইতি ত্রোদশ উল্লাস সমাপ্ত।

চতুৰ্দশোলাস

শ্ৰীদেব্যবাচ।

আগুশক্তেরমুষ্ঠানাৎ রূপয়া ভূরিসাধনম্।
কথিতং মে রূপানাথ তৃপ্তান্মি তব ভাবতঃ ॥ ১
সচলগুেশলিকস্থ প্রতিষ্ঠাবিধিরীরিতঃ।
অচলশু প্রতিষ্ঠায়াং কিং ফলং বিধিরেব কঃ।
কথ্যতাং জগতাং নাথ সবিশেষেণ সাম্প্রতম্ ॥ ২
ইদং হি প্রমং তক্তং প্রস্তুং বদ বৃণোমি কম্।
দ্বতঃ কো বাস্তি সর্ক্ষজ্ঞো দয়ালুঃ সর্ক্ষবিদ্বিতঃ।
আগুতোধো দীননাথো মমানন্দবিবর্দ্ধনঃ ॥ ৩

শ্রীদেবী কহিলেন,—হে কুপানাথ! আদ্যাশক্তি কালিকার প্রদক্ষে আপনি কুপা করিয়া আমার নিকট বছবিধ সাধন কহিলেন। আমি আপনার ভালবাসায় তৃপ্তা হইয়াছি। আপনি সচল শিবলিক্ষর প্রতিষ্ঠাবিধান বলিয়াছেন; পরস্ক অচল শিবলিক্ষের প্রতিষ্ঠাতে ফল কি এবং বিধিই বা কিরূপ, তাহা সম্প্রতি বিশেষরূপে কীর্তন কর্কন। হে জগতীনাথ! এই পরম তম্ব জিজ্ঞাসা করিবার নিমিন্ত আরু কাহাকে বরণ করিব, বলুন ? আপনা অপেক্ষা সর্বজ্ঞ কোন্ ব্যক্তি আছে ? আপনি দয়াময় এবং সর্বজ্ঞ, বিভু, আশুতোষ, দীননাথ ও

শ্রীসদাশিব উবাচ।

শিবলিক্সন্থাপনস্থ মাহান্মাং কিং ব্রবীমি তে।
যৎস্থাপনান্মহাপাপৈমুক্তা যাতি পরং পদম্॥ ৪
স্বর্ণপূর্ণমহীদানাদ্বাজিমেধাযুতার্জ্জনাৎ।
নিস্তোয়ে তোয়করণাদ্দীনার্ত্তপরিতোযণাৎ॥ ৫
যৎ ফলং লভতে মর্ত্যস্তম্মাৎ কোটিগুণং ফলম্।
শিবলিক্সপ্রতিষ্ঠায়াং লভতে নাত্র সংশয়ং॥ ৬
লিক্সমপী মহাদেবো যত্র তিষ্ঠতি কালিকে।
তত্র ব্রহ্মা চ বিষ্ণুশ্চ সেক্রাস্থিষ্ঠন্তি দেবতাং॥ ৭
সার্দ্ধবিকোটি হীর্থানি দৃষ্ঠাদৃষ্টানি যানি চ।
পুণ্যক্ষেত্রাণি সর্ব্বাণি বর্ত্তম্ভে শিবসার্গ্রে॥ ৮
লিক্ষরপধরং শস্তুং পরিতো দিখিদিক্ষু চ।

আমার আনন্দবর্দ্ধক। প্রীসদাশিব কহিলেন,—শিবলিঙ্গ স্থাপনের মাহাত্ম্য তোমার নিকট কি বলিব? বাঁহার স্থাপনে মন্থ্য মহাপাতক-বিশুক্ত হইয়া পরম পদ প্রাপ্ত হয়। স্বর্ণপূর্ণ পৃথিবী দান করিলে, দশ সহস্র অখমেধ যজ্ঞ করিলে, নির্জ্জন প্রদেশে জলাশয় খনন করিলে এবং দীন ও আতুর ব্যক্তিদিগকে পরিতৃষ্ট করিলে মানবগণ গে ফল লাভ করে, শিবলিঙ্গ প্রতিষ্ঠা করিলে তাহার কোটিগুণ ফল লাভ হয়, তাহাতে সন্দেহমাত্র নাই। হে কালিকে! যে স্থলে লিঙ্গরূপী মহাদেব অবস্থান করেন, ব্রহ্মা, বিষ্ণু ও ইন্দ্র সহ অন্তান্ত দেবগণ সেই স্থানে বাস করিয়া থাকেন। সাদ্ধি ত্রিকোটি তীর্থ এবং শুপ্ত ও প্রকাশিত পুণ্যক্ষেত্র সকল শিবসন্ধিধনে বাস করে। লিঙ্গরূপী শিবের সর্ব্বদিকে শত হস্ত পর্যান্ত 'শিবক্ষেত্র' বলিয়া কীর্ত্তিত

শতহন্তপ্রমাণেন শিবক্ষেত্রং প্রকীর্তিতম্ ॥ >

ঈশক্ষেত্রং মহাপুণ্যং সর্ব্বতীর্থান্ত নোত্তমম্ ।

যত্রামরা বিরাজন্তে সর্ব্বতীর্থানি সর্ব্বদা ॥ >

ক্ষণমাত্রং শিবক্ষেত্রে যো বসেন্তাবতৎপরঃ ।

স সর্ব্বপাপনিমুক্তো যাত্যন্তে শঙ্করালয়ম্ ॥ >>

অত্র যং ক্রিয়তে কর্ম্ম স্বল্লং বা বহুলং তথা ।
প্রভাবাদ্ধু জ্বিটেন্তন্ত তত্ত্বং কোটিগুণং ভবেৎ ॥ >২

যত্র তব্ব ক্রতাৎ পাপান্মুচ্যতে শিবসনিধৌ ।
শৈবক্ষেত্রে ক্রতং পাপং বজ্বলেপসমং প্রিয়ে ॥ >০
প্রশ্বর্যাং জপং দানং শ্রাদ্ধং তর্পণমেব চ ।

বং করোতি শিবক্ষেত্রে তদানস্ত্যায় কল্পতে ॥ >৪
প্রশ্বর্শ্বর্যাশতং কৃষা প্রহে শশিদিনেশরোঃ ।

বং ফলং তদবাপ্রোতি সক্ষজ্বপুণ শিবান্তিকে ॥ >৫

ইয়াছে। এই শিবক্ষেত্র মহাপুণ্যজনক ও সর্বতীর্থ অপেক্ষা
শ্রেষ্ঠতম; তাহাতে দেবতাগণ ও সমুদায় তীর্থ সর্বাদা বিরাজ করিয়া
াকেন। যে ব্যক্তি ক্ষণকালমাত্র শিবভক্তি-পরায়ণ হইয়া শিবক্ষেত্রে
াস করেন, তিনি সর্বাপাপ-বিনিম্মুক্ত হইয়া অন্তকালে শিবলোকে
মন করিয়া থাকেন। ১—১১। এই শিবক্ষেত্রে অল্প বা বছ
রিমাণে যে কর্ম্ম কৃত হয়, মহাদেবের প্রভাবে তাহা কোটিগুণ হয়।

ই প্রিয়ে! যে সে স্থানে কৃত পাপ ইইতে শিবসন্নিধানে মুক্ত হয়,
ায় শিবক্ষেত্রে কৃত পাপ বজ্জলেপ সমান হয় অর্থাৎ তাহার মোচন
না। পুরশ্চরণ, জপ, দান, শ্রাদ্ধ, তর্পণ প্রভৃতি যে কোন কর্ম্ম
বক্ষেত্রে করা হয়, তাহা অনস্ত ফলের নিমিন্ত হইয়া থাকে। চক্র
স্ব্যাগ্রহণে শত পুরশ্চরণ করিলে যে ফল হয়, শিবসন্ধিধানে এক-

গয়াগঙ্গাপ্রয়াগেষু কোটিপিও প্রদো নর:।

যৎ প্রাপ্নোতি ভদত্তিব সক্কৎ পিওপ্রদানত:॥১৬
অতিপাতকিনো যে চ মহাপাতকিনশ্চ যে।
বৈবতীর্থে কৃতপ্রাদ্ধান্তেহপি যাস্তি পরাং গতিম্॥১৭
লিঙ্গরূপী জগয়াথো দেব্যা শ্রীত্বর্গয়া সহ।
যত্রাস্তি তত্ত্র তিঠন্তি ভ্বনানি চতুর্দ্দশ॥১৮
স্থাপিতেশস্ত মাহাস্মাং কিঞ্চিদেতৎ প্রকাশিতম্।
অনাদিভ্তভ্তেশমহিনা বাগগোচরঃ॥১৯
মহাপীঠে তবার্চ্চায়ামস্পৃশ্যস্পর্শদ্যণম্।
বিদ্যতে স্বত্রতে নৈতল্লিঙ্গরূপধরে হরে॥২০
যথা চক্রার্চনে দেবি কোহপি দোধো ন বিদ্যতে।
শিবক্ষেত্রে মহাতীর্থে তথা জানীহি কালিকে॥২১

বারমাত্র জপ করিলে সেই ফল প্রাপ্ত হয়। গয়া, গঙ্গা ও প্রয়াগে কোট পিও প্রদান করিলে যে ফল প্রাপ্ত হওয়া য়ায়, এই শিবক্ষেত্রে একবারমাত্র পিও প্রদান করিলে সেই ফল হইয়া থাকে। যাহারা অতিপাতকী বা মহাপাতকী, তাহাদিগেরও এই শিবক্ষেত্রে একবারমাত্র শ্রাদ্ধ করিলে পরমগতি লাভ হয়। লিঙ্গরূপী জগরাথ শ্রীহুর্গার সহিত যে স্থানে অবস্থিতি করেন, সেই স্থানে চতুর্দশ তুবন বাস করে। এই তোমার নিকট স্থাপিত মহাদেবের মাহাম্মা কিঞ্চিৎ বর্ণনা করিলাম; যে মহাদেব অনাদিলিঙ্গ, তাঁহার মহিমা বাক্যেরও অগোচর। হে স্মন্ত্রতে! মহাপীঠস্থানেও তোমার প্রতিনাতে অস্পৃশ্রুম্পর্শ-দেষে হয়, কিন্তু লিঙ্গরূপী মহেশ্বরে তাহা হয় না। হে দেবি! হে কালিকে! চক্রার্চন-কালে যেমন কোন দোষ হয়

বহুনাত্র কিমুক্তেন তবাগ্রে সভামুচাতে।
প্রভাবঃ শিবলিঙ্গন্ত ময়া বক্তণু ন শক্যতে ॥ ২২
অযুক্তবেদিকং লিঙ্গং মুক্তং বেদিকয়াপি বা।
সাধকঃ পুজয়েয়্বক্ত্যা স্বাভীপ্টকলিনিয়য় ॥ ২০
প্রতিষ্ঠাপূর্বনায়াক্তে দেবতাং যোহধিবাসয়ের।
সোহখমেধাযুতকলং লভতে সাধকোত্তমঃ ॥ ২৪
মহী গন্ধঃ শিলা ধান্তং দুর্বা-পুপ্প-ফলং দিধি।
মুতং স্বস্তিক-সিন্দুর-শঙ্খ-কজ্জল-রোচনাঃ ॥ ২৫
সিদ্ধার্থং কাঞ্চনং রোপ্যং তামুং দীপশ্চ দর্পণিম্।
অধিবাসবিধৌ বিংশদ্দ্রব্যাণ্যতানি যোজয়েরং ॥ ২৬
প্রত্যেকং দ্রব্যাশার মায়য়া ব্রন্ধবিদ্যা।
অনেনামুষ্যপদ্তঃ শুভমস্কধিবাসনম্॥ ২৭

না, দেইরূপ মহাতীর্থন্তরূপ শিবক্ষেত্রে ম্পর্ণদোষ নাই জানিবে। আমি এ বিষয়ে অধিক আর কি বলিব ? তোনার নিকট সত্য বলিতেছি, শিবলিঙ্গের প্রভাব সমুদার ব্যক্ত করিতে আমার শক্তি নাই। শিবলিঙ্গ গৌরীপট্ট-সংযুক্ত থাকুক বা নাই থাকুক, সাধক নিজ অভীষ্ট সিদ্ধির নিমিত্ত তাহা ভক্তি-সহকারে পূজা করিবেন। যে সাধকশ্রেষ্ঠ, দেবতাপ্রতিষ্ঠার পূর্ব্বদিবস সন্ধাকালে দেবতার অধিবাস করেন, তিনি দশসহস্র অশ্বনেধ যজ্ঞের ফল লাভ করেন। ১২—২৪। মহী, গন্ধ, শিলা, ধান্তা, দ্ব্বা, পুষ্পা, ফল, দিধি, ঘৃত, স্বস্তিক, সিন্দুর, শঙ্কা, কজ্ঞল, রোচনা, শ্বেতসর্বপ, স্বর্ণ, রৌপ্যা, তাম্র, দীপ ও দর্পণ,—এই বিংশতি দ্রব্যের মধ্যে এক এক দ্রব্য গ্রহণপূর্ব্বক মারা (হ্রীং) ও গায়্রী পাঠ করিয়া শেষে বলিবে যে, "এই দ্রব্য

ইতি স্পূশেৎ সাধ্যভালং মহানৈঃ সর্ব্বস্তৃতিঃ ।
ততঃ প্রশন্তিপাত্রেণ ত্রিবৈমধিবাসয়েৎ ॥ ২৮
অনেন বিধিনা দেবমধিবাস্থ বিধানবিৎ ।
গৃহদানবিধানেন হ্র্মান্যেঃ স্নাপরেৎ ততঃ ॥ ২৯
সম্মার্জ্য বাসদা লিঙ্গং স্থাপয়িষাসনোপরি ।
পূজান্মন্তানবিধিনা গণেশাদীন্ সমর্চ্চয়েও ॥ ৩০
প্রণবেন করন্তাদো প্রাণায়ামং বিধায় চ ।
ধ্যায়েৎ সদাশিবং শান্তং চক্রকোটিসমপ্রভম্ ॥ ৩১
বাম্মন্তর্মপরীধানং নাগ্যজ্যোপবীতিনম্ ।
বিভৃতিলিপ্রসর্কাঞ্চং নাগালঞ্চারভূষিতম্ ॥ ৩২
প্রপীতারণশ্বেতরকৈঃ পঞ্চিরাননৈঃ ।
যুক্তং ত্রিন্যনং বিভ্জ্টাজ্টধরং বিভুম্ ॥ ৩০

দারা এই দেবতার শুভাধিবাদন হউক।" এই মন্ত্র পাঠপূর্ব্বক মহী প্রভৃতি প্রত্যেক বস্তু দারা দেবতার ললাটদেশ স্পর্শ করিবে। এইরূপে প্রশস্তি-পাত্র দারা তিনবার অধিবাদ করিবে। বিধানজ্ঞ দাধক এই বিধি দারা দেবতার অধিবাদ করিয়া গৃহপ্রতিষ্ঠা-বিধানজ্ঞেমে গুণ্ধাদি দারা দেই দেবতাকে স্নান করাইবে। স্নান করাইবার পর বস্ত্র দারা শিবলিঙ্গকে মার্জ্জিত করিয়া আদনোপরি সংস্থাপনপূর্বক পূজারুষ্ঠানের বিধি অন্থদারে গণেশাদি দেবতার অর্চনা করিবে। প্রণব দারা করাঙ্গতাদ ও প্রণায়াম করিয়া "শান্ত ও কোটিচক্রবৎ প্রভাদস্পার, ব্যান্ত্রচর্ম-পরিধান; নাগমজ্ঞোপবীত-বিশিষ্ট, বিভৃতি-লিপ্ত-দর্শ্বাঙ্গ, নাগরূপ অলঙ্কার দারা ভৃষিত; পূত্র, পীত, অরুণ, খেত ও রক্তবর্ণ (এই পঞ্চ-বর্ণের) পঞ্চ মূথযুক্ত, ত্রিনয়ন, জ্রাজ্রটধারী, বিভৃ, গঙ্গাধর, দশভুজ, শশি-কলা-শোভিত্ত-মৌলি;

গঙ্গাধরং দশভুজং শশিশোভিতমন্তকম্।
ক পালং পাবকং পাশং পিনাকং পরশুং করৈঃ ॥ ৩৪
বামৈদ্ধানং দক্ষৈশ্চ শূলং বজ্ঞাস্কুশং শরম্।
বরঞ্চ বিভ্রতং সর্বৈর্দ্দেবৈশ্ব্নিবরৈঃ স্ততম্॥ ৩৫
পরমানন্দসন্দোহোল্লসংকুটিললোচনম্।
হিমকুন্দেন্দুসক্ষাশং ব্যাসনবিরাজিতম্॥ ৩৬
পরিতঃ সিদ্ধগদ্ধবৈর্পরোভিরহর্নিশম্।
গীয়মানমুমাকান্তমেকান্তশ্বপপ্রিয়ম্॥ ৩৭
ইতি ধ্যাত্বা মহেশানং মানসৈকপচারকৈঃ।
সংপূজ্যাবাহ্য তল্লিঙ্গে যজেচ্ছক্ত্যা বিধানবিং॥ ৩৮
আসনান্থ্যপচারাণাং দানে মন্ত্রাঃ পুরোদিতাঃ।
মূলমন্ত্রমন্থ বক্ষ্যে মহেশশু মহাত্মনঃ॥ ৩৯

বাম-কর-পঞ্চক দ্বারা কপাল, পাবক, পাশ, পিনাক ও পরশুধারী; দিকিণ-হস্ত-পঞ্চক দ্বারা শূল. বজ্ঞ, অঙ্কুশ, শর ও বরধারী; সমুদার দেবগণ ও সমুদায় মুনিশ্রেষ্ঠগণ কর্তৃক স্তত ; পরম আনন্দসন্দোহে সমুল্লসিত-কুটিল-লোচন ; হিম ও চক্র সদৃশ খেতবর্ণ; ব্যরূপ আসনে বিরাজিত ; চতুর্দ্দিক্স্তিত দিদ্ধগণ, গন্ধর্বগণ ও অক্ষরোগণ কর্তৃক স্তুর্মান ; উমাকাস্ত এবং একাস্ত-শরণাগত-ভক্তগণ-প্রিয় সদাশিবকে ধ্যান করিবে।" বিধানজ্ঞ ব্যক্তি মহাদেবের এইরূপ ধ্যান করিয়া মানসিক উপচার দ্বারা পূজাপূর্ব্বক সেই লিঙ্কের উপরি আবাহন করিয়া যথাশক্তি পূজা করিবে। আসনাদি উপচার সকল প্রদানের মন্ত্র পূর্ব্বে বিলয়াছি। এক্ষণে মহাত্মা মহেশ্বরের মূলমন্ত্র বলিতেছি। ২৫—৩৯। মায়া (ত্রীং), প্রণব (ও), শব্দবীজ (হ)

মায়া তার: শক্ষনীজং স্কার্ণাস্তাক্ষরান্থিতম্। ৪০
অক্লেন্দুবিন্দুভ্যান্তাং শিববীজং প্রকীর্ত্তিতম্। ৪০
স্থান্ধিপুপ্সমাল্যেন বাসসাচ্ছান্য শক্ষরম্।
নিবেশু দিব্যশযায়াং বেদীমেবং বিশোধয়েৎ। ৪১
বেদ্যাং প্রপূজয়েদ্বেনীমেবমেব বিধানতঃ।
মায়য়াত্র করন্তাসৌ প্রাণায়ামং সমাচরেৎ। ৪২
উভ্ডানুসহস্রকান্তিমমলাং বহুল্কিচক্রেক্লণাং,
মুক্তাযন্ত্রিতহেমকুগুললসৎস্মেরাননাস্ভোক্রহাম্।
হস্তাইজ্বভয়ং বরঞ্চ দধতীং চক্রং তথাজ্ঞং মহৎ,
পীনোত্রুপয়োধরাং ভয়হরাং পীতাম্বরাং চিস্তয়ে॥ ৪০
ইতি ধ্যাত্বা মহাদেবীং পূজয়েদ্লিজশক্তিতঃ।
ততস্তু দশ নিক্পালান্ ব্রহ্ভঞ্চ সমর্চরেৎ। ৪৪

উকার অর্দ্ধচন্দ্র ও বিন্দুযুক্ত অর্থাৎ "ব্রীং ওঁ হোঁ" ইহা শিববীঞ্চ কথিত হইল। অনস্তর স্থগন্ধি পুষ্পমাল্য দ্বারা ও বস্ত্র দ্বারা শিবকে আচ্ছাদন করিয়া সংস্থাপনপূর্ব্ধক গোরীপট্ট শোধন করিবে। ঐ গোরীপট্টের উপরি এইরূপ বিধানামূর্দারে দেবীর পূজা করিবে। যথা—প্রথমতঃ ব্রীং বীজ পাঠপূর্ব্ধক করন্তাস ও প্রাণায়াম করিবে। পরে দেবীর এই-রূপ ধ্যান করিবে যে, "বাহার কান্তি উদয়কালীন সহস্রদিবাকরের সদৃশ; বিনি নির্দ্ধলা; বহ্লি, সূর্য্য ও চক্র বাহার ত্রিনয়ন; বাহার ঈষৎ-হাস্যযুক্ত বদন-কমল মুক্তারাজি-বিরাজিত হেমকুগুলে শোভিত; বিনি করকমল-চতুষ্ট্র দ্বারা চক্র, পদ্ম, বর ও অভয় ধারণ করিতেছেন; বাহার পরোধর-যুগল পীন ও উত্তুঙ্গ; ঘিনি পীত বসন পরিধান করিয়া রহিয়াছেন, তাদৃশী ভয়হারিণী ভগবতীকে চিন্তা করি।" এইরূপ ধ্যান করিয়া নিজ্বশক্তি অসুসারে মহাদেবীর পূজা করিবে।

ভগবত্যা মন্থং বক্ষ্যে যেনারাধ্যা জগদায়ী ॥ ৪৫
নায়াং লক্ষ্মীং সমৃত্যার্য্য সাস্তং ষষ্ঠস্বরান্বিত্রম্ ।
বিন্দৃযুক্তং তদন্তে চ যোজয়েন্বছিবল্লভাম্ ॥ ৪৬
পূর্ববিৎ স্থাপয়ন্ দেবীং সর্বাদেববলিং হরেৎ ।
দধিযুক্তমাষভক্তং শর্করাদিসমন্বিত্রম্ ॥ ৪৭
ঐশান্তাং বলিমাদায় বাক্লণেন বিশোধয়েৎ ।
সম্পুজ্য গদ্ধপুষ্পাভ্যাং মন্ত্রেণানেন চার্পয়েৎ ॥ ৪৮
সর্বের্ব দেবাঃ সিদ্ধগণা গদ্ধব্বোরগরাক্ষসাঃ ।
পিশাচা মাতরো যক্ষা ভূতাশ্চ পিতরস্তথা ॥ ৪৯
খাষ্যো যেহন্তদেবাশ্চ বলিং গৃহুস্ত সংযতাঃ ।
পরিবার্য্য মহাদেবং তিষ্ঠস্ত গিরিজামপি ॥ ৫০

অনস্তর দশদিক্পাল ও ব্যভের পূজা করিবে। যে মন্ত্র দারা জগনায়ী ভগবতীর আরাধনা করিতে হইবে, তাহা বলিতেছি। মায়া, লক্ষ্মী, ষষ্ঠ-স্বরযুক্ত হকারে চক্রবিন্দু যোগপূর্ব্বক উচ্চারণ করিয়া অন্তে বহ্নজায়া যোগ করিবে, অর্থাৎ "হ্রাং শ্রীং হুঁ স্বাহা।" পূর্ব্বের ন্থায় দেবীকে সংস্থাপিত করিয়া দর্বদেবের উদ্দেশে শর্করাদি-সমন্তিত দিধিযুক্ত মাযভক্ত বলি প্রদান করিবে। ঐ বলি অর্থাৎ পূজোপকরণ ঈশানকোণে স্থাপন করিয়া বরুণ-বীজ (বং) দ্বারা শোধন করিবে। পরে গন্ধপূপ্প দ্বারা পূজা করিয়া এই মন্ত্র পাঠপূর্ব্বক উৎসর্গ করিবে, —"সমুদায় দেবগণ, সিদ্ধগণ, গন্ধ্বগণ, নাগগণ, মাতৃগণ, যক্ষগণ, ভূতগণ, পিতৃগণ, ঝবিগণ ও অন্তান্ত দেবগণ, সকলে সংযত হইয়া বলি গ্রহণ করুন, এবং সকলে এই মহাদেবকৈ ও মহাদেবীকে পরি-বিষ্টন করুন" (মন্ত্র ব্যা; — সর্ব্বে — মপি)। ৪১—৫০। অনস্তর

ততো জপেন্মহাদেব্যা মন্ত্রমেতং যথেপিতম্ ।
গীতবাস্থাদিভিঃ দন্তিবিদ্যান্যস্পাক্রিয়ান্ ॥ ৫১
অধিবাসং বিধারেখং পরেহহ্নি বিহিতক্রিয়াঃ ।
সক্ষন্ধং বিধিবৎ ক্রজা পঞ্চদেবান্ প্রপূজ্যেৎ ॥ ৫২
মাতৃপূজাং বদোর্দ্ধারাং বৃদ্ধিপ্রান্ধং সমাচরন্ ।
মহেশদ্বারপালাংশ্চ যজেন্ত্রত্যা সমাহিতঃ ॥ ৫০
নন্দী মহাবলঃ কীশ্বদনো গণনায়কঃ ।
দারপালাঃ শিবস্তৈতে সর্বে শস্ত্রান্ত্রপাণয়ঃ ॥ ৫৪
ততো লিঙ্গং সমানীয় বেদীরপাঞ্চ তারিণীম্ ।
মণ্ডলে সর্ব্বতোভদ্রে স্থাপরেদ্বা শুভাসনে ॥ ৫৪
তঠিভিঃ কলসৈঃ শন্তুং মহানা ত্রাম্বকেণ চ ।
স্থাপ্রিজার্চন্ত্রেন্ত্রত্যা ধ্বাড়িশেরপচারকৈঃ ॥ ৫৬

"খ্রীং শ্রীং ছুং সাহা" মহাদেবীর এই মন্ত্র ইচ্ছামত জপ করিবে।
পরে উত্তম গীত-বাদ্যাদি দ্বারা মাঙ্গলিক ক্রিয়া বিধান করিবে।
এইরপে অবিবাদ করিয়া পর্কাবিদ নিত্যক্রিয়া সমাধানপূর্বক ষ্থাবিধি সন্ধর করিয়া পঞ্চদেবের পূজা করিবে। পরে মাতৃকাপূজা,
কক্ষধারা ও বৃদ্ধিশ্রাদ্ধ করিয়া ভক্তিপূর্বক সমাহিত হইয়া মহেশ্বরের
এবং নন্দী প্রভৃতি দ্বারপালদিগের পূজা কনিবে। নন্দী, মহাবল,
কীশবদন, গণনারক—ইহারা শিবের দ্বারপাল। ইহারা সকলেই
অন্তর-শন্তরারী। অনন্তর বেদীরূপা তারিণী ও শিবলিঙ্গ আনয়নপূর্বক
সর্বতোভদ্র মণ্ডলে বা উত্তম আদনে স্থাপন করিবে। পরে "খ্রীং
ওঁ হৌ" এই মন্ত্র এবং "ত্রম্বাকং যজামহে" এই মন্ত্র পাঠপূর্বক
অন্তর্কলস-জল দ্বারা মহাদেবকে স্নান করাইয়া ভক্তিপূর্বক যোড়শোপচারে পূজা করিবে। পরে "খ্রীং শ্রীং শ্রুং স্বাহা" এই মন্ত্র দ্বারা

বেদীঞ্চ মূলমন্ত্রণ তদ্বৎ সংস্থাপ্য পূজয়ন্।
কৃতাঞ্জলিপুট: সাধু: প্রার্থয়েচ্ছক্ষরং শিবম্॥ ৫৭
আগচ্ছ ভগবন্ শস্তো সর্বাদেবনমস্কৃত।
পিনাকপাণে সর্বেশ মহাদেব নমোহস্ত তে॥ ৫৮
আগচ্ছ মন্দিরে দেব ভক্তামুগ্রহকারক।
ভগবত্যা সহাগচ্ছ কুপাং কুরু নমো নম:॥ ৫৯
মাতর্দেবি মহামায়ে সর্বাকল্যাণকারিনি।
প্রসীন শস্তুনা সার্দ্ধিং নমস্তেহস্ত হরপ্রিয়ে॥ ৬০
আয়াহি বরদে দেবি ভবনেহস্মিন্ বরপ্রদে।
প্রীতা ভব মহেশানি সর্বাদ্পাৎকরী ভব॥ ৬১
উত্তিষ্ঠ দেবদেবেশি স্থৈঃ স্থৈঃ পরিকরৈঃ সহ।
স্থাং নিবসতাং গেহে প্রীয়েতাং ভক্তবৎসলৌ॥ ৬২

বেদি সংস্থাপনপূর্ব্বেক তাহাতে লিক্স স্থাপিত করিয়া পূজা করিবে।
পরে সাধু ভক্ত ক্রতাঞ্জলিপুটে মঙ্গলময় শঙ্করের নিকট প্রার্থনা
করিবে,—"হে ভগবন্ শস্তো! হে সর্ব্বেদেব-নমস্কৃত! হে পিনাকপাণে! হে সর্ব্বেশ! হে মহাদেব! তুমি মন্দিরে আগমন কর।
হে ভক্তানুগ্রহকারক! কুপা কর, ভগবতীর সহিত আগমন কর।
তোমাকে প্নঃপুনঃ নমস্কার। হে মহামায়ে! হে সর্ব্বকল্যাণকারিণি! হে হরপ্রিয়ে! হে মাতঃ! হে দেবি! মহেশ্বরের সহিত
তুমি প্রসন্না হও,—তোমাকে নমস্কার। হে বরদে! হে দেবি!
এই ভবনে আগমন কর। হে বরদায়িনি! প্রীতা হও। হে
মহেশ্বি! আমার সর্ব্ব সম্পেদ্বিধায়িনী হও। হে দেবদেবেশি! শ্ব শ্ব পরিবারের সহিত উথিত হও। তোমরা ভক্তবৎসল।

ইতি প্রার্থ্য শিবং দেবীং মঙ্গলধ্বনিপূর্ব্বকম্। প্রদক্ষিণং ত্রিধা বেশ্ম কারম্বিত্বা প্রবেশয়েৎ॥ ৬৩ পাষাণখনিতে গর্প্তে ইষ্টকারচিতেইপি বা। অধস্তিভাগলিঙ্গন্ত রোপয়েন্মূলমুক্তরন্॥ ৬৪ যাবচচক্রশ্চ স্বর্থাশ্চ যাবৎ পৃথী চ সাগরাঃ। তাবদত্র মহাদেব স্থিরো ভব নমোহস্ত তে॥ ৬৫ মস্ত্রেণানেন স্কৃদৃহং কারম্বিত্বা সদাশিবম্। উত্তরাগ্রাং তত্র বেদীং মূলেনের প্রবেশয়েৎ॥ ৬৬ স্থিরা ভব জগন্ধাত্রি স্টেস্থিতান্তকারিপি। যাবদ্দিবানিশানাথো তাবদত্র স্থিরা ভব॥ ৬৭ অনেন স্কৃদৃটীক্বত্য লিঙ্গং স্পৃষ্ট্বা পঠেদিমম্॥ ৬৮

তোমরা এই গৃহে ষণাস্থ্যে অবস্থান কর; প্রীত হও (মন্ত্র্যথা;—আগ—সলৌ)। মহেশ্বর ও মহেশ্বরীর নিকট এইরূপ প্রার্থনা করিয়া মঙ্গলধ্বনিপূর্ব্বক তিনবার গৃহ প্রদক্ষিণ করাইয়া গৃহমধ্যে প্রবেশ করাইবে। ৫২—৬৩। পরে মূলমন্ত্র পাঠপূর্ব্বক পাষাণ-খনিত গর্ত্তে অথবা ইপ্টকা-রচিত গর্ত্তের মধ্যে লিঙ্গের অধঃ তিনভাগ প্রোথিত করিবে। "যে পর্যান্ত চক্র ও স্থ্যা থাকিবেন, যে পর্যান্ত পৃথিবী ও সাগর থাকিবে,—হে মহাদেব! তুমি সেই পর্যান্ত এই স্থানে স্থির হইয়া থাক;—তোমাকে নমস্কার (মন্ত্র্যা, মূলমন্ত্র পড়িয়া উত্তরাত্র গৌরীপট্র তাহার উপর দিয়া প্রবেশ করাইবে। পরে "হে স্প্টি-স্থিতি-সংহারকারিণি! হে জগদ্ধাত্রি। স্থান্থিরা হও। যতকাল চক্র স্থ্যা থাকিবেন, ততকাল তুমি এই স্থানে স্থির হইয়া থাক" এই মন্ত্র ম্বারা যন্ত্র স্থাঢ় করিয়া

ব্যাঘতুতাঃ পিশাচাশ্চ গন্ধর্কাঃ সিদ্ধচারণাঃ।

যক্ষা নাগাশ্চ বেতালা লোকপালা মহর্ষয়ঃ॥ ৬৯
মাতরো গণনাথাশ্চ বিষ্ণুর্ত্র ক্ষা বৃহস্পতিঃ।

যক্ত সিংহাসনে যুক্তা ভূচরাঃ থেচরান্তথা॥ ৭০
আবাহয়ামি তং দেবং ত্রাক্ষমীশানমব্যয়য়ৄ।
আগচ্ছ ভগবনত্র ব্রহ্মনির্মিত্যন্তকে।

গুবায় ভব সর্বেষাং শুভায় চ স্থথায় চ॥ ৭১
ততো দেবপ্রতিষ্ঠোক্তবিধিনা মাপয়ন্ শিবম্।
প্রাথদ্ধ্যাস্থা মানসোপচারেঃ সম্পূঞ্জয়েৎ প্রিয়ে॥ ৭২
বিশেষমর্ঘ্যং সংস্থাপ্য সমর্চ্যে গণদেবতাঃ।
পুনর্ধ্যাত্মা মহেশানং পুস্পং লিক্ষোপরি হ্যসেৎ॥ ৭৩ ০
পাশান্ত্রশপুটা শক্তির্যাদিসান্তাঃ সবিন্দ্কাঃ।
হৌং হংস ইতি মন্ত্রেণ তত্র প্রাণান্ নিবেশয়েৎ॥ ৭৪

শিবলিঙ্গ স্পর্শপূর্ব্বক এই মন্ত্র পাঠ করিবে,—"ব্যান্ত্রগণ, ভূতগণ, পিশাচগণ, গন্ধর্বগণ, দিন্ধগণ, চারণগণ, যক্ষগণ, নাগগণ, বেতালগণ, লোকপালগণ, মহর্ষিগণ, মাতৃগণ, গণপতিগণ, ভূচরগণ, থেচরগণ, ব্রহ্মা, বিষ্ণু ও বৃহস্পতি—খাঁহার দিংহাসনে বুক্ত আছেন, সেই ত্রিনয়ন অবায় দেব মহেশ্বরকে আবাহন করিতেছি। হে ভগবন্! এই ব্রহ্মনির্দ্ধিত যন্ত্রে আগমন কর। তুমি সমুদায় ভূতের স্থিরতা কর। তুমি সকলের মঙ্গল ও স্থখ বিধান কর" (মন্ত্র্যথা;—ব্যান্ত্র—চ)। অনস্তর দেবপ্রতিষ্ঠোক্ত বিধানাম্থসারে শিবকে সান করাইবে। হে প্রিয়ে! পূর্ব্বের স্থায় ধ্যান করিয়া মানদিক উপচারে পূজা করিবে। পরে বিশেষার্ঘ্য স্থাপন করিয়া গণদেবতা-পূগণের পূজার্ব্বক পুনর্ব্বার ধ্যান করিয়া লিঙ্গের উপরি পূষ্প প্রদান

চন্দনাগুরুকাশীরৈর্বিলিপ্য গিরিজাপতিম্।

যজেৎ প্রাপ্তক্তবিধিনা ষোড়শৈরূপচারকৈঃ ॥ १৫
জাতনামাদিসংস্কারান্ রুত্বা পূর্ব্ববিধানবং।

সমাপ্য সর্ব্বং বিধিবদেন্যাং দেবীং মহেশ্বরীম্।
অভ্যর্ক্তা তত্র দেবস্থ মৃত্তীর্প্তে প্রপূজ্যেং॥ १৬
সর্ব্বঃ ক্ষিতিঃ সমুদ্দিষ্টা ভবো জলমুদাছতম্।
কুদোহগ্রিরুগ্রো বায়ুঃ স্থান্তীম আকাশশন্দিতঃ॥ १৭
পশোঃ পতির্যজ্মানো মহাদেবঃ স্থধাকরঃ।
ক্ষশানঃ স্থ্য ইত্যেতে মৃত্ত্যোহন্ত্বো প্রকীর্ত্তিতাঃ॥ ৭৮
প্রণবাদিনমোহন্তেন প্রত্যেকাহ্বানপূর্ব্বকম্।

করিবে। পাশ (আং) ও অঙ্কুশ (ক্রোং)-পুটিত নায়া (ত্রীং) উচ্চারণ-পূর্ব্বক য অবধি স পর্যান্ত সাতটি অক্ষরে অনুস্বার যোগ-পূর্ব্বক পাঠ করিয়া পরে "হৌং হংসং" এই মন্ত্র পাঠ করিয়া সেই লিঙ্গের প্রাণ প্রতিষ্ঠা করিবে। পরে চন্দন, অন্তরু ও কাশ্মীর (কুন্কুম) ছারা গিরিজাপতির অঙ্গ চর্ট্তিত করিয়া পূর্ব্বোক্ত বিধান ছারা বোড়শ উপচারে পূজা করিবে। পরে পূর্ব্বকথিত বিধানের স্থায় জাতকর্মা, নামকরণ প্রভৃতি সংস্কার সম্পাদন পূর্ব্বক যথাবিধানে সমুদায় কার্য্য সম্পান্ন করিয়া বেদিতে দেবী মহেশ্বরীর পূজানন্তর তাহাতে দেবদেবের অন্তমূর্ত্তির পূজা করিবে। ৬৪—৭৬। অন্ত-মূর্ত্তির সময় এইরূপ উল্লেখ করিতে হইবে যে, "সর্ব্বায়্ম কিতি-মূর্ত্রে নমঃ, ভবায় জলমূর্ত্রে নমঃ, রুদ্রায় বায়ুমূর্ত্রে নমঃ, ভীমায় আকাশমূর্ত্রে নমঃ, পশুপতয়ে যজমানমূর্ত্রে নমঃ, মহাদেবায় সোমমূর্ত্রে নমঃ, ঈশানায় স্র্যা-মূর্ত্রে নমঃ, মহাদেবায় সোমমূর্ত্রে নমঃ, ঈশানায় স্র্যা-মূর্ত্রে নমঃ।" এই প্রকার অন্তমূর্ত্তি কথিত আছে। প্রথমে প্রণব,

পূর্ব্বাদীশানপর্যান্তমন্তমুগুর্গীঃ ক্রমাদ্ যজেৎ ॥ ৭৯
ইক্রাদিদিক্পতীনিষ্ট্বা ব্রাক্ষ্যাদ্যাশ্চাষ্ট মাতৃকাঃ ।
বৃষং বিতানং গেহাদি দদ্যাদীশায় সাধকঃ ॥ ৮০
ততঃ ক্রতাঞ্জলির্ভক্ত্যা প্রার্থারেৎ পার্ব্বতীপতিম্ ॥ ৮১
গৃহেহশ্মিন্ করুণাসিন্ধ্রো স্থাপিতোহসি ময়া প্রভো ।
প্রদীদ ভগবন্ শস্তো সর্ব্বকারণকারণ ॥ ৮২
যাবৎ সসাগরা পৃথুবী যাবচ্ছশিদিবাকরৌ ।
তাবদশ্মিন্ গৃহে তিষ্ঠ নমস্তে পরমেশ্বর ॥ ৮৩
গৃহেহশ্মিন্ যস্ত কস্তাপি জীবস্ত মরণং ভবেৎ ।
ন তৎপাপেঃ প্রলিপ্যেহহং প্রসাদান্তব ধূর্জ্জিটে ॥ ৮৪
ততঃ প্রদক্ষিণীক্বত্য নমস্কৃত্য গৃহং ব্রজেৎ ।
প্রভাতে পুনরাগত্য স্কাপ্রেচ্চক্রশেথরম্ ॥ ৮৫

অত্তে নমঃ পদ যোগ করিয়া প্রত্যেক মূর্ত্তির আবাহন করিয়া পূর্বাদিক্ হইতে ঈশানকোণ পর্যান্ত যথাক্রমে উক্ত অন্তমূর্ত্তির পূজা করিবে। পরে সাধক ইন্দ্রাদি দশদিক্পালের ও ব্রাহ্মী প্রভৃতি অন্ত-মাতৃকার পূজা করিয়া রুষ, বিতান, গৃহ প্রভৃতি সম্নায় দ্রবা মহেশ্বরের উদ্দেশে উৎসর্গ করিবে। অনস্তর ক্বতাঞ্জলিপুট হইয়া ভক্তিপূর্বক পার্ব্বহীপতি মহাদেবের নিকট প্রার্থনা করিবে,—"হে করুণাসিন্ধো! আমি তোমাকে এই গৃহে স্থাপন করিলাম। প্রভো! তুমি সর্ব্বকারণের কারণ। হে ভগবন্ শন্তো! প্রসন্ন হন্ত। হে পরমেশ্বর! যে পর্যান্ত স্বদাগরা পৃথিবী থাকিবে, যে পর্যান্ত চন্দ্র-স্ব্যাথাকিবে, দেই পর্যান্ত তুমি এই গৃহে অবস্থান কর। তোমাকে নমস্কার। হে ধূর্জ্জটে! এই গৃহে যদি কাহারও অপমৃত্যু হয়, তোমার প্রসাদে আমি যেন সেই পাপে লিপ্তানা হই।" অনন্তর

শুদ্ধৈঃ পঞ্চামৃতৈঃ স্নানং প্রথমং প্রতিপাদয়ে ।
ততঃ স্থান্ধিতোয়ানাং কলসৈঃ শতসংখ্যকৈঃ ॥ ৮৬
সংপূজ্য তং যথাশক্তা প্রার্থয়েদ্ধক্তিভাবতঃ । ৮৭
বিধিহীনং ক্রিয়াহীনং ভক্তিহীনং যদচ্চিতম্ ।।
সম্পূর্ণমস্ত তং সর্বাং তং প্রসাদাহ্যাপতে । ৮৮
যাবচক্রশ্ব স্থাশ্ব যাবং পৃথ্বী চ সাগরাঃ ।
তাবন্মে কীর্ত্তিরতুলা লোকে তির্চুতু সর্বাদা। ৮৯
নমস্ত্রাক্ষায় রুদ্রায় পিনাকবরধারিণে ।
বিষ্ণু-এক্ষেক্র-স্থ্যান্যৈরচ্চিতায় নমো নমঃ ॥ ৯০
ততম্ব দক্ষিণাং দম্বা ভোজয়েং কৌলিকান্ দ্বিজান্ ।
ভক্ষ্যঃ পেরেশ্ব বাসোভিদ বিদ্রান্ পরিতোষয়েং ॥ ৯১

প্রদাকণ করিয়া নমস্কারপূর্ব্বক গৃহে গমন করিবে। পরদিন প্রাতে দেই স্থানে আগমন করিয়া চক্রশেখরকে স্নান করাইবে। প্রথমতঃ শুদ্ধ পঞ্চামৃত দ্বারা স্নান করাইবে। পরে একশত-কলদ স্থগিদ্ধ দলিল দ্বারা পরিপূরিত করিয়া তদ্বারা স্নান করাইবে। অনস্তর ভক্তিভাবে যথাশক্তি পূজা করিয়া প্রার্থনা করিবে,—"হে উমাপতে! এই পূজার মধ্যে যদি কিছু বিধিহীন, ভক্তিহীন বা ক্রিয়াহীন হইয়া থাকে, তোমার প্রদাদে তৎসম্দায় সম্পূর্ণ হউক। যে পর্যাস্ত চক্র, স্থা, গৃথিবী ও সমুদ্র দকল থাকিবে, সে পর্যাস্ত ইহলোকে আমার অত্ল কার্ত্তি হউক। পিনাক-বরধারী ত্রিনয়নকদ্রকে নমস্কার। ত্রন্ধা, বিষ্ণু, ইক্র, স্থা্ প্রভৃতি দেবগণ কর্ত্বক পুজিত মহেশ্বরকে পূনংপুনঃ নমস্কার করি।"৭৭—৯০। অনস্তর দক্ষিণা প্রদান করিয়া কোলিক ত্রাহ্মণদিগকে ভোজন করা-ইবে। পরে দ্রিজিদিগকে ভক্ষাজ্বা, পেয়দ্রবাও বস্ত্র দ্বারা পরি-

প্রত্যহং পৃজ্জেদেবং ষথাবিভবমাত্মনঃ। স্থাবরং শিবলিঙ্গস্ত ন কদাপি বিচালদেও।। ৯২ অচলস্তেশলিঙ্গস্ত প্রতিষ্ঠা কথিতেতি তে। সংক্ষেপাৎ পরমেশানি সর্বাগমসমৃদ্ধৃতা।। ৯৩

शिरमव्यवाठ।

যদ্যকস্মান্দেৰতানাং পূজাবাধো ভবেদ্বিভো। বিধেয়ং তত্ৰ কিং ভক্তৈস্তন্মে কথয় তশ্বতঃ।। ৯৪ অপূজনীয়া কৈদে বিষৰ্ভবেষুদে বমূৰ্ত্তয়ঃ। ত্যাজ্যা বা কেন দোষেণ তত্বপায়শ্চ ভণ্যতাম্।। ৯৫

শ্রীদদাশিব উবাচ।

একাহমর্চনাবাধে দ্বিগুণং দেবমর্চ্চয়েৎ। দিনদ্বয়ে তদ্বৈগুণ্যং তদ্বৈগুণ্যং দিনত্তয়ে॥ ৯৬

ভূষ্ট করিবে। পরে আপনার বিভবায়ুদারে প্রতিদিবদ মহেশ্বরেশ্ব
পূজা করিবে। পরস্ত স্থাবর শিবলিঙ্গ কথনই বিচালিত করিবে
না। হে পরমেশ্বরি! আমি সম্দায় আগম হইতে উদ্ধৃত করিরা
সংক্ষেপে অচল-শিবলিঙ্গের প্রতিষ্ঠাবিধি তোমার নিকট কহিলাম।
ভগবতী জিজ্ঞাদা করিলেন,—হে বিভো! যদি অকন্মাৎ কোন
দেবতার পূজা না হয়, তাহা হইলে ভক্তেরা দেয়লে কি করিবে?
আমার নিকট যথার্থ বিধান বলুন। কোন্ দোষ উপস্থিত হইলে
দেবমূর্ত্তি অপূজা ও ত্যাজা হয়, তাহাও আমার নিকট বলুন।
শ্রীদদাশিব কহিলেন,—যদি এক দিবদ পূজা-বাধ হয়, তাহা হইলে
ভৎপরদিবদ দেই দেবমূর্ত্তিতে দ্বিগুণ পূজা করিবে। হই দিবদ
পূজাবাধ হইলে অপ্টগ্রণ পূজা করিবে। যদি ছয় মাদ পর্যাস্থ

ততঃ ষশ্মাসপর্য্য ন্তং যদি পূজা ন সম্ভবেৎ।
তদান্তিকলনৈদেবং স্থাপিয়িয়া যজেৎ স্থবীঃ।। ৯৭
ষগ্মাসাৎ পরতো দেবং প্রাক্সংস্কারবিধানতঃ।
পুনঃ স্থসংস্কৃতং রুদ্ধা পূজ্যেৎ সাধকাগ্রনীঃ।। ৯৮
থণ্ডিতং ফ্লুটিতং ব্যঙ্গং সংস্পৃষ্টং কুঠরোগিণা।
পতিতং হুইভূম্যাদৌ ন দেবং পূজ্যেদ্ বুধঃ।। ৯৯
হীনাঙ্গং ফ্লুটিতং ভগ্নং দেবং তোয়ে বিসর্জ্জ্যেৎ।
স্পর্শাদিদোষহুইন্ত সংস্কৃত্য পুনরর্জ্জ্যেৎ।। ১০০
মহাপীঠেইনাদিলিঙ্গে সর্ব্ধদোষবিবর্জ্জ্তিত।
সর্ব্ধদা পূজ্যেন্তত্র স্বং স্থমিষ্ঠং স্থাপ্তয়ে।। ১০১
যদ্যৎ পৃষ্টং মহামায়ে নৃণাং কর্মানুজীবিনাম্।
নিঃশ্রেয়দায় তৎ সর্ব্ধং সবিশেষং প্রকীত্তিতম্॥ ১০২

পূজাবাধ হয়, তাহা হইলে জ্ঞানী ব্যক্তি অন্তকলশ জল দ্বারা দেবমূর্ত্তিকে স্নান করাইয়া পূজা করিবে। যদি ছয়মাস হইতে অধিক কাল
পূজা না হয়, তাহা হইলে সাধকোত্তম পূর্ব্বক্থিত সংস্কারবিধানামুদারে দেবমূর্ত্তিকে পুনঃ সংস্কৃত করিয়া পূজা করিবে। যে দেবমূর্ত্তি
ভগ্ন, সচ্ছিদ্র অথবা কুষ্ঠরোগী কর্ত্তক স্পৃষ্ট কিংবা অঙ্গহীন হয়,
তাহাকে জলে বিদর্জন করিবে। যে দেবমূর্ত্তি দূষিত ভূমিতে
পতিত হইয়াছে, জ্ঞানী ব্যক্তি তাহার পূজা করিবে না। ৯১—৯৯।
যে মূর্ত্তি অঙ্গহীন, সচ্ছিদ্র অথবা ভগ্গ ইইয়াছে, তাহা জলে বিসজ্জন করিবে; পরস্ক যে দেবমূর্ত্তি স্পর্শাদি-দোষে দৃষিত হইয়াছে,
তাহার পুনঃসংস্কার করিয়া অর্চ্চনা করিতে পারিবে। যাহা
মহাপীঠ ও অনাদি লিঙ্গ, তাহাতে স্পর্শাদি-দোষ হয় না;
স্কৃতরাং ভাহাতে স্ক্রথলাভের নিমিত্ত সর্ব্বদা স্ব স্ব অভীষ্ট দেবতার

বিনা কর্ম্ম ন তির্ভন্তি ক্ষণার্কমপি দেহিনঃ।

অনিচ্ছন্তোহপি বিবশাঃ ক্ষান্তে কর্ম্মবায়্না।। ১০৩
কর্ম্মণা স্থ্যমন্ত্রি জঃখমন্ত্রি কর্মণা।

জায়ন্তে, চ প্রলীয়ন্তে বর্তন্তে কর্মণো বশাৎ।। ১০৪
অতো বছবিধং কর্ম্ম কথিতং সাধনাবিতম্।
প্রবৃত্তয়েংল্লবোধানাং ছুম্চেষ্টিতনিবৃত্তয়ে।। ১০৫
যতো হি কর্ম দিবিধং শুভঞ্চাশুভ্তমেব চ।

অশুভাৎ কর্মণো যান্তি প্রাণিনন্তীব্রযাতনাম্।। ১০৬
কর্মণোহপি শুভাদেবি ফলেঘাসক্তচেত্সঃ।
প্রয়াস্ত্যায়ান্ত্যমূত্রেই কর্ম্মশৃদ্ধলযন্ত্রিতাঃ।। ১০৭
যাবের ক্ষীয়তে কর্ম্ম শুভং বাশুভ্যমেব বা।
তাবর জায়তে মোক্ষো নৃণাং কল্পশতে-রপি।। ১০৮

পূজা করিবে। হে মহামারে ! কর্মান্তজীবী মন্ত্র্যাদিগের মঞ্চলের নিমিন্ত তুমি যাহা যাহা জিজ্ঞাদা করিলে, দে দম্দায় সবিশেষ কথিত হইল। মানবগণ কর্মা না করিয়া ক্ষণার্দ্ধকালও থাকিতে পারে না। তাহারা অনিচ্ছু হইলেও বিবশ হইয়া কর্ম্মপ বায়ু কর্ত্ত্বক আকৃষ্ট হয়। মন্ত্র্যোরা কর্মা দারা স্থুথ ভোগ করে, কর্মা দারা হঃখ ভোগ করে, কর্মা দারা জন্ম গ্রহণ করে, কর্মা দারা মৃত্যুমুথে পতিত হয় এবং কর্মোর বশবর্তী হইয়াই জীবিত থাকে। এই কারণ আমি অলক্ষ ব্যক্তিদিগের প্রবৃত্তির জন্ম এবং হম্পার্রতিনির্ন্তির জন্ম দাধন-দমেত বছবিধ কর্মা কহিলাম, কর্মা হইপ্রকার;—শুভ ও অশুভ। অশুভ কর্ম্মের অমুষ্ঠান করিলে প্রাণিগণ তীব্র যাতনা ভোগ করে। হে দেবি! গাহারা ফ্লাসক্ত-চিত্ত হইয়া শুভ-কর্ম্মের অমুষ্ঠান করে,

যথা লোহমুরেঃ পাশেঃ পাশেঃ স্বর্ণমরেরপি।
তথা বদ্ধো ভবেজ্জীবঃ কর্ম্মভিশ্চাক্তকৈঃ শুক্তঃ ॥ ১০৯
কুর্ম্মণাঃ সততং কর্ম কৃত্বা কন্তশকাত্যপি।
তাবন্ন লভতে মোক্ষং যাবজ জ্ঞানং ন বিন্দতি।। ১১০
জ্ঞানং তত্ত্ববিচারেণ নিন্ধামেণাপি কর্ম্মণা।
জায়তে ক্ষীণতমসাং বিত্বাং নির্ম্মণাত্মনাম্।। ১১১
ব্রহ্মাদিতৃণপর্য্যস্তং মায়য়া কল্লিতং জগং।
সত্যমেকং পরং ব্রহ্ম বিদিধ্বৈবং স্থথী ভবেং।। ১১২
বিহার নামরূপাণি নিত্যে ব্রহ্মণি নিশ্চলে।
পরিনিশ্চিততত্ত্বেগ যঃ স মুক্তঃ কর্ম্মবন্ধনাং।। ১১৩

তাহারাও ঐ কর্মশৃদ্ধলে বদ্ধ হইয়া ইহলাকে ও প্রলোকে গমনাগমন করে। শুভ বা অশুভ কর্ম্ম কম না হইলে, শত কল্পেও মুমুষ্যের মুক্তি জন্ম না। যেমন লোহ কিংবা অর্ণময় শৃদ্ধল দারা প্রাণীরা বদ্ধ হয়, জীবও তজ্ঞাপ শুভ বা অশুভ কর্ম্ম দারা বদ্ধ হয়়া থাকে। যে পর্যান্ত জ্ঞানলাভ না হয়, সে পর্যান্ত নিরন্তর কর্মান্ত্র্যান করিয়া কিংবা শতপ্রকার কন্ত করিয়াও মোক্ষলাভ করিতে পারে না। তমো গুণক্ষয়ে নির্ম্মলাত্মা পণ্ডিতগণের তত্ত্বিচার কিংবা নিশ্বাম কর্মান্ত্র্যান দারা জান জন্মিয়া থাকে। ১০০—১১১। ব্রহ্মা অবধি তৃণ পর্যান্ত সমুদায় জগৎ মায়া দ্বারা কল্পিত এবং মিথ্যা; এক পরম ব্রহ্মই সত্যা,—ইহা জ্ঞাত হইলে স্থবী হয়। যিনি নিত্য নিশ্বল ব্রন্মের নাম রূপ ত্যাগ করিয়া তত্ত্ব নিরূপণ করিছে পারেন, তিনি কর্ম্মবন্ধন হইতে মুক্ত হন। (যতকাল দেহাদিতে "অহং জ্ঞান" থাকে, ততকাল) জ্বপ, হোম বা শত শত উপবাষ

ন মুক্তিৰ্জ্জপনাজোমাত্বপবাদশতৈরপি।
ব্রৈক্ষবাহমিতি জ্ঞান্ধা মুক্তো ভবতি দেহভূৎ।। ১১৪
আত্মা সাক্ষী বিভূঃ পূর্ণঃ সত্যোহদৈতঃ পরাৎপরঃ।
দেহস্থোহপি ন দেহস্থো জ্ঞাত্বৈবং মুক্তিভাগ্ ভবেৎ।। ১১৫
বালক্রীড়নবং সর্বাং রূপনামাদিকল্পনম্।
বিহায় ব্রন্ধনিষ্ঠো যঃ স মুক্তো নাত্র সংশয়ঃ।। ১১৬
মনসা কল্লিতা মূর্ত্তির্গাং চেন্মোক্ষসাধনী।
স্বপ্লণাকেন রাজ্যেন রাজানো মানবাস্তদা।। ১১৭
মৃট্ছিলাধাতুদার্কাদিমূর্ত্তাবীশ্বর্দ্ধয়ঃ।
রিপ্রস্তিস্পা জ্ঞানং বিনা মোক্ষং ন যান্তি তে।। ১১৮
আহারসংযমিরিষ্ঠা যথেষ্টাহারতুন্দিলাঃ।
ব্রক্ষজ্ঞানবিহীনাশ্চেরিষ্কৃতিং তে ব্রজ্ঞি কিম্॥ ১১৯

করিলেও মৃক্তি হয় না। কিন্তু "ব্রহ্মই আমি"—এইরপ জ্ঞান জিনিলে দেহী মৃক্ত হয়। আয়া—দাক্ষী অর্থাৎ শুভাশুভদ্রপ্রা, বিভু অর্থাৎ হর্মবাপক, পূর্ণ, অদ্বিতীয়, পরাৎপর ও দেহদম্বর হইয়াও দেবধর্মে অলিপ্ত,—ইহা জানিলে নর মুক্তিভাগী হয়। যে ব্যক্তি নাম-রূপাদি কর্নাকে বাল্যক্রীড়াবৎ পরিত্যাগ করিয়া ব্রহ্মনিষ্ঠ হন, তিনি মুক্তিলাভ করেন—ইহাতে সন্দেহ নাই। মনঃকল্লিত মূর্ত্তি যদি মনুষ্যগণের মোক্ষদাধিকা হয়, তাহা হইলে মানবগণ স্থপলন্ধ রাজ্য দ্বারাও প্রকৃত রাজা হইতে পারে। ১১৩—১৯৭। মৃন্ময়, প্রস্তরময়, ধাতুময় বা কান্তাদিময় মূর্ত্তিকে ঈশ্বর বোধ করত তপস্থা দ্বারা লোকে ক্লেশ পায়; কেননা, তত্ত্বজান ব্যত্তীত মুক্তিলাভ করিতে পারা যায় না। মানবগণ আহার সংষ্ঠ করিয়া ক্লেশ ভোগই করুক বা যথেষ্ট আহার দ্বারা স্থুলকায়ই হউক,

বায়ুপর্ণকণাতোয়ব্রতিনো মোক্ষভাগিনঃ।

সন্তি চেৎ পরগা মুক্তনঃ পশুপক্ষিজ্ঞলেচরাঃ॥ ১২ ৫
উত্তমো ব্রহ্মসন্তাবো ধ্যানভাবস্ত মধ্যমঃ।
স্থতির্জ্জপোহধমো ভাবো বহিপ্পূজাধমাধমা॥ ১২ ১
যোগো জীবাত্মনোরৈক্যং পূজনং সেবকেশয়েঃ।
সর্বং ব্রক্ষেতিবিহুবো ন যোগো ন চ পূজনম্॥ ১২ ২
ব্রহ্মজ্ঞানং পরং জ্ঞানং যস্ত চিত্তে বিরাজতে।
কিং তম্ভ জপযজ্ঞানৈয়ন্তপোভির্নিয়মব্রতৈঃ॥ ১২০
সত্যং বিজ্ঞানমানন্দমেকং ব্রহ্মেতি পশ্ততঃ।
স্বভাবাদ্ব্রহ্মভূতস্ত কিং পূজা ধ্যানধারণা॥ ১২৪

ভাহারা যদি ব্রহ্মজ্ঞানবিহীন হয়, তাহা হইলে কথনই নিদ্ধৃতি লাভ করিতে পারে না। যাহারা বায়ুমাত্র আহার, কিংবা গলিতপত্র আহার, অথবা কণ-ভক্ষণ বা জলমাত্র-পানরূপ ব্রত ধারণ করে, ভাহাদের যদি মোক্ষ হয়, তাহা হইলে দর্প, পশু, পক্ষী, জলজন্তু—ইহারা সকলেই মোক্ষভাগী হইতে পারে। ১১৮—১২০। "ব্রহ্মই সন্ত্যা, আর সমুদায় মিথ্যা" ঈদৃশ ভাবই উত্তম। ধ্যানভাব মধ্যম। স্তব ও জপ-ভাব অধ্য। বাহ্যপূজা অধ্য হইতেও অধ্য। জীব এবং আত্মার ঐক্যের নাম 'যোগ'। দেবক ও ঈশ্বরের ঐক্যের নাম 'পূজা'। যাহার এরূপ জ্ঞান হইয়াছে যে, সমুদায়ই ব্রহ্ম; তাঁহার যোগ বা পূজা কিছুই নাই। যাহার হৃদয়ে পরম জ্ঞান ব্রহ্মজ্ঞান বিরাজিত হইয়াছে, তাঁহার জ্ঞপা, যজ্ঞা, তপস্থা, নিয়মা, ব্রত প্রভৃতি কিছুরই আব্স্থাক্ত নাই। ১২১—১২৩। যিনি—সর্ব্বেক্ত স্ব্যান্ত্রপা, বিজ্ঞানস্বর্গপ, আনন্দস্বর্গপ ও অদ্বিতীয় ব্রহ্ম সাক্ষাৎ করি-

ন পাপং নৈব স্কৃক্তং ন স্বর্গো ন পুনর্ভবঃ।
নাপি ধ্যেয়ো ন বা ধ্যাতা সর্ব্বং ব্রন্ধেতি জানতঃ।। ১২৫
অয়মাত্মা সদা মুক্তো নির্নিপ্তঃ সর্ব্ববস্তুমু।
কিং তস্ত বন্ধনং কত্মানুক্তিমিচ্ছস্তি চুর্দ্ধিয়ঃ।। ১২৬
অমায়ারচিতং বিশ্বমবিতর্ক্যং স্থবৈরপি।
অয়ং বিরাজতে তত্র হুপ্রবিষ্টঃ প্রবিষ্টবং।। ১২৭
বহিরস্তর্যথাকাশং সর্বেধামেব বস্তনাম্।
তথেব ভাতি সদ্ধপো হাত্মা সাক্ষী স্বরূপতঃ।। ১২৮
ন বাল্যমস্তি বৃদ্ধরং নাত্মনো যৌবনং জন্মঃ।
সদৈকরূপশ্চিন্মাত্রো বিকারপরিবর্জিতঃ।। ১২৯
জন্মযৌবনবার্দ্ধিয়ং দেহস্তৈত্ব ন চাত্মনঃ।
পশ্যস্তোহপি ন পশ্যস্তি মায়াপ্রাবৃত্বৃদ্ধয়ঃ।। ১৩০

তেছেন, তিনি স্বভাবতঃ ব্রহ্মস্বরূপ হইয়াছেন; তাঁহার পূজা ও ধ্যান-ধারণা কিছুই নাই। যিনি 'সমুদায়ই ব্রহ্ম' এরূপ জানিয়াছেন, তাঁহার পক্ষে পাপ নাই, স্বর্গ নাই, পুনর্জ্জন নাই, ধ্যের নাই, ধ্যাতাও নাই। আত্মা সর্ব্বদাই মুক্ত। তিনি কোন বস্ততেই লিপ্ত নহেন। তাঁহার বন্ধন কোথায়? কি জন্তই বা হর্ব্ব দ্বি লোকেরা মুক্তি কামনা করে? এই জগৎ ব্রহ্মের মায়া দ্বারা বির্ক্তি হইয়াছে। দেবতাগণ কর্ত্বক অবিতর্ক্য পরমব্রহ্ম এই জগতে প্রবিষ্ট না হইয়াও প্রবিষ্টের হায় স্বয়ং বিরাজিত রহিয়াছেন। যেমন সকল বস্তুর অস্তরে এবং বাহিরে আকাশ থাকে, সেইরূপ দংস্বরূপ ও সাক্ষিস্বরূপ আত্মা স্বরূপতঃ সর্ব্বিত্র দীপ্ত রহিয়াছেন। আত্মার জন্ম নাই, বালাবিস্থাও নাই; তিনি সর্ব্বদাই একরূপ, চিন্মর্ম ও বিকার-পরিবর্জ্জিত। জন্ম, যৌবন ও বার্দ্ধক্য— দেহেরই হয়,

যথা শরাবতোরস্থং রবিং পশ্রতানেকধা।
তবৈব মার্য়া দেহে বহুধাত্মানমীক্ষতে ॥ ১৩১
যথা সলিলচাঞ্চল্যং মন্তন্তে তদগতে বিধৌ।
তবৈব বুদ্ধেশচাঞ্চল্যং পশ্রস্ত্যাত্মগ্রকাবিদাঃ ॥ ১৩২
ঘটস্থং যাদৃশং ব্যোম ঘটে ভগ্নেহপি তাদৃশম্।
নপ্তে দেহে তবৈবাত্মা সমরূপো বিরাজতে ॥ ১৩৩
আত্মজানমিদং দেবি পরং মোক্ষৈকসাধনম্।
জানরিহৈব মুক্তঃ স্থাৎ সত্যং সত্যং ন সংশয়ঃ ॥ ১৩৪
ন কর্ম্মণা বিমুক্তঃ স্থান্ন সন্তত্যা ধনেন বা।
আ্মনাত্মানমাজ্ঞায় মুক্তো ভবতি মানবঃ ॥ ১৩৫
প্রিয়ো হ্যাব্যৈব দর্শ্বেষাং নাত্মনোহস্ত্যপরং প্রিয়ম্।
লোকেহিম্মনাত্মসম্বন্ধান্তবস্তান্তে প্রিয়াঃ শিবে।। ১৩৬

আয়ার হয় না। মন্থাগণের বৃদ্ধি মায়া দ্বারা আর্ত বলিয়া তাহারা ইহা দেথিয়াও দেথিতে পায় না। যেমন বহুশরাব-স্থিত সলিলে বহু স্থা দৃষ্ট হয়, সেইরপ মায়াপ্রভাবে বহুশরীরে বহু আয়ালকিত হয়। যেমন সলিল চঞ্চল হইলে তাহাতে প্রতিবিদ্ধিত চল্রের চাঞ্চলা বোধ হইয়া থাকে, সেইরপ অজ্ঞান ব্যক্তিরা বৃদ্ধির চাঞ্চলা হইলে আয়াতেই তাহা দেখিতে পায়। যেমন ঘট ভয় হইলেও ঘটস্থ আকাশ পুর্বের ভায় অবিকৃতই থাকে, সেইরপ দেহ নপ্ট হইলেও আয়া সর্বানা সমভাবেই বিরাজমান থাকেন। হে দেবি! এই ব্রহ্মজ্ঞানই সোক্ষের পরম কারণ। যিনি ইহা জ্ঞাত হন, তিনি ইহলোকেই জীবলুক্ত হইয়া থাকেন, সন্দেহ নাই। ১২৪—১৩৪। মন্থা কর্ম্ম দ্বারা মৃক্ত হয় না, সন্তান উৎপাদন দ্বারা মৃক্ত হয় না, ধন দ্বারাও মৃক্ত হয় না; পরস্ত আপনা দ্বারা

জ্ঞানং জ্ঞেরং তথা জ্ঞাতা ত্রিতরং ভাতি মাররা।
বিচার্য্যমাণে ত্রিতয়ে আব্রৈবৈকোহবশিষ্যতে ॥ ১৩৭
জ্ঞানমাব্রৈব চিদ্রপো জ্ঞেরমাব্রৈব চিন্ময়ঃ।
বিজ্ঞাতা স্বয়মেবাত্মা যো জানাতি স আত্মবিৎ ॥ ১৩৮
এতৎ তে কথিতং জ্ঞানং সাক্ষান্নির্বাণকারণম্।
চতুর্ব্বিধাবধৃতানামেনদেব পরং ধনম্॥ ১৩৯

শ্রীদেব্যবাচ।

দ্বিবিধাবাশ্রমৌ প্রোক্তো গার্হস্থো ভৈক্ষুকস্তথা।
কিমিদং শ্রুষতে চিত্রমবধৃতাশ্চতুর্ন্বিধাঃ। ১৪০
শ্রুষা বেদিতুমিচ্ছামি তত্ত্বৃতঃ কথয় প্রভো।
চতুর্ন্বিধাবধৃতানাং লক্ষণং সবিশেষতঃ।। ১৪১

আপনাকে জানিতে পারিলেই মুক্ত হয়। আয়া সকল জীবের পরম প্রিয়। আয়া হইতে প্রিয়তর অপর কোন বস্তুই নাই। হে শিবে! ইহলোকে অন্ত বাক্তি আয়সম্বন্ধ হেতু প্রিয় হইয়া থাকে। জ্ঞান, জ্ঞেয় ও জ্ঞাতা,—এই ত্রিতয় মায়া দ্বারাই প্রতিভাত হইতিছে। এই ত্রিতয়ের তত্ত্বিচার করিলে, একমাত্র আয়াই অবশিষ্ঠ থাকেন। চিনায় আয়াই জ্ঞান, চিনায় আয়াই জ্ঞেয় বস্তু এবং স্বয়ং আয়াই জ্ঞাতা। যিনি ইহা জানিতে পারেন, তিনিই 'আত্মবিং'। এই আমি তোমার নিকট সাক্ষাং মোক্ষের কারণ জ্ঞানোপদেশ কহিলাম। ইহা চতুর্ব্বিধ অবধৃতের পরম ধন। শ্রীভগবতী কহিলেন,—আপনি পূর্বে গৃহস্থ ও ভিক্তক—এই দ্বিধ আশ্রমের কথা কহিয়াছেন, এক্ষণে কহিতেছেন—অবধৃত-আশ্রম চতুর্ব্বিধ। ইহাতে আমার আশ্রের বান্ধণ বিশেষরূপে বলুন, আমি

শ্রীসদাশিব উবাচ।

বৃদ্ধাশ্রমে বসস্থোহিপি জ্বেরাজে যতরঃ প্রিয়ে।। ১৪২ পূর্ণাভিষেকবিধিনা সংস্কৃতা যে চ মানবাঃ।
শৈবাবধূতান্তে জ্বেরাঃ পূজনীয়াঃ কুলার্চ্চিতে।। ১৪৩ ব্রাহ্মাবধূতাঃ শৈবাশ্চ স্বাশ্রমাচারবর্ত্তিনঃ।
বিদ্ধাঃ সর্বাকর্মাণি মছদীরিতবর্মানা। ১৪৪ বিনা ব্রহ্মার্পিতক্ষৈতে তথা চক্রার্পিতং বিনা।
নিধিদ্ধময়ং তোয়ঞ্চঃন্ট্রগৃহ্লীয়ুঃ কদাচন।। ১৪৫ ব্রাহ্মাবধূতকোলানাং কোলানামভিষেকিণাম্।
প্রাগেব কথিতো ধর্ম্ম আচারশ্চ বরাননে।। ১৪৬

তাহার তত্ত্ব জানিতে ইচ্ছা করিতেছি। ১০৫—১৪১।
প্রীসদাশিব কহিলেন,—হে প্রিয়ে! যে সকল ব্রাহ্মণ ক্ষত্রিয়
প্রভৃতি জাতিবর্গ ব্রহ্মান্ত্রের উপাসক, তাঁহারা গৃহস্থাশ্রমে বাস করিলেও তাঁহাদিগকে 'যতি' বলিয়া জানিতে হইবে। হে কুলার্চিতে!
যে সকল মন্ত্রম্য পূর্ণাভিষেকের বিধানান্ত্রসারে সংস্কৃত হইয়াছেন,
তাঁহারা শৈবাবধৃত। তাঁহারা সকলেরই পূজনীয়। ব্রাহ্মাবধৃত
ও শৈবাবধৃতগণ নিজ আশ্রমের ও নিজ আচারের অন্তর্ত্তী
হইয়া মৎক্ষতিত পথ অবলম্বনপূর্ব্বক সমুদায় কর্ম্ম বিধান করিবেন। ব্রাহ্মাবধৃত ব্রহ্মার্পিত দ্রব্য ব্যতিরেকে, ও শৈবাধৃত
চক্রাপিত দ্রব্য ব্যতিরেকে কখনই নিষিদ্ধ অন্ন ও নিষিদ্ধ জল গ্রহণ
করিবেন না। হে বরাননে! ব্রাহ্মাবধৃত কৌলদিগের এবং অভিফিকে কৌলদিগের আচার ও ধর্ম্ম পূর্ব্বেই ক্ষিত ইইয়াছে। ১৪২

— ১৪৬। স্নান, সন্ধ্যা, ভোজন, পান ও দাররক্ষা—এই সমুদায়

মানং সন্ধাশনং পানং দানঞ্চ দাররক্ষণম্।
সর্ব্বাগামার্গেণ শৈববান্ধাবধ্তয়োঃ॥ ১৪৭
উক্তাবধৃতো দ্বিবিধঃ পূর্ণাপূর্ণবিভেদতঃ।
পূর্বঃ পরমহংসাখ্যঃ পরিব্রাড়পরঃ প্রিয়ে॥ ১৪৮
কতাবধ্তসংস্কারো যদি স্থাজ্ জ্ঞানহর্বলঃ।
তদা লোকালয়ে তিঠন্নাম্মানং স তু শোধয়েৎ॥ ১৪ ৯
রক্ষন্ স্বজাতিচিহুঞ্চ কুর্বন্ কর্মাণি কৌলবং।
সদা ব্রহ্মপরো ভূষা সাধয়েজ্ জ্ঞানমূত্রমম্॥ ১৫০
ওঁ তৎসমন্ত্রমুচ্চার্য্য সোহহমস্মীতি চিন্তয়ন্।
কুর্য্যাদাঝোচিতং কর্ম্ম সদা বৈরাগ্যমাশ্রিতঃ॥ ১৫১
কুর্বন্ কর্মাণ্যনাসক্রো নলিনীদলনীরবং।
যতেতান্মানমুন্ধর্ত্তুং তর্জ্ঞানবিবেকতঃ॥ ১৫২

কর্ম্বের অন্তর্গান শৈবাবধৃত ও ব্রাহ্মাবধৃতগণ আগম অন্ত্র্যারে করি-বেন। উক্ত শৈবাবধৃত ও ব্রাহ্মাবধৃত ছই প্রকার;—পূর্ন ও অপূর্ণ। প্রিয়ে! পূর্ণ শৈবাবধৃত ও ব্রাহ্মাবধৃতের নাম পরম-হংস। অপূর্ণ শৈবাবধৃত ও ব্রাহ্মাবধৃতকে পরিব্রাহ্মক বলা যায়। যে মানব অবধৃত-সংস্কার দ্বারা সংস্কৃত হইরাছেন, তিনি যদি জ্ঞানবিষয়ে চর্ব্বল হন অর্থাৎ যদি তাঁহার পূর্ণ অদ্বৈত্ত ভাব না জ্মিয়া থাকে, তাহা হইলে তিনি লোকালয়ে অবস্থান করিয়া আত্ম-শোধন করিবেন, ও যাহাতে "একমেবাদ্বিতীয়্নম্" এই জ্ঞান জ্বান্ম, তাদ্বিষয়ে যত্ন করিবেন। তিনি স্বজাতি-চিহ্ন শিখা স্বত্ত প্রভৃতিরক্ষা করিবেন এবং তিনি কৌলের স্থায় সম্বায় কর্ম্মের অনুষ্ঠান করিতে থাকিবেন। তিনি নিরস্তর ব্রহ্মানিষ্ঠ হইয়া জ্ঞান সাধন করিবেন। তিনি সর্ব্বদা বীতরাগ ইইয়া, "ওঁতৎসং"

ওঁতৎসদিতি মন্ত্রেণ যো যৎ কর্ম্ম সমাচরেৎ।
গৃহস্থো বাপ্যাদাসীনস্তস্থাভীষ্ঠায় তদ্তবেৎ॥ ১৫৩
জপো হোমঃ প্রতিষ্ঠা চ সংস্থারান্তথিলাঃ ক্রিয়াঃ।
ওঁ তৎসন্মন্ত্রনিষ্পানাঃ সম্পূর্ণাঃ স্থান সংশয়ঃ॥ ১৫৪
কিমনৈ্তর্বহুভির্মন্ত্রেঃ কিমন্তৈভূ রিসাধনৈঃ।
ব্রাক্ষ্যোণানেন মন্ত্রেণ সর্ক্রকর্মাণি সাধ্যেৎ॥ ১৫৫
স্থখসাধ্যমবাহুল্যাং সম্পূর্ণফলদায়কম্।
নাস্তে তম্মান্তামন্ত্রাহুপায়ান্তরমন্বিকে॥ ১৫৬
পুরঃ প্রদেশে দেহে বা লিথিয়া ধার্মেদিমম্।
গেহস্তম্ভ মহাতীর্থং দেহঃ পুণ্যময়ো ভবেৎ॥ ১৫৭

এই মন্ত্র উচ্চারণ করত "সোহহমিশ্ব" এইরূপ চিন্তা করিয়া আপনার উপযোগি কর্ম্মের অনুষ্ঠান করিবেন। তিনি পদ্ম-পত্র-স্থিত জলের ন্থায় অনাসক্ত হইয়া কর্ম্ম-সমুদায়ের অনুষ্ঠান করিয়া ভবজান বিচার দ্বারা আপনাকে উদ্ধার করিতে (মোক্ষ পাইতে) যত্রবান্ ইইবেন। গৃহস্থই হউন বা উদাসীনই হউন, "ওঁতৎসং" এই মন্ত্র দ্বারা যিনি যে কার্য্যের অনুষ্ঠান করিবেন, তাহাতেই তাঁহার সেই কর্ম্ম অভীই-ফলপ্রাপ্তির নিমিত্ত হইবে। জপ, হোম, প্রতিষ্ঠা, সংস্কার প্রভৃতি সমুদায় কর্ম্ম "ওঁতৎসং" মন্ত্র দ্বারা নিম্পন্ন হইলেই সম্পূর্ণ হইবে, সন্দেহ নাই। অন্থান্ত বহুমন্ত্রে কি আবশ্রুক, ভূরি সাধনেই বা কি আবশ্রুক ?—ওঁতৎসং" এই ব্রহ্মমন্ত্র দ্বারা সমুদায় কর্ম্ম সাধন করিবে। এই মন্ত্র স্থ্য-সাধ্য, ইহাতে কোন বাছল্য নাই; পরস্ক ইহা সম্পূর্ণ ফলদায়ক। হে অম্বিকে! এই মহামন্ত্র ব্যতিরেকে আর উপায়ান্তর নাই। ১৪৭-—১৫৬। যিনি গৃহহর

নিগমাগমতন্ত্রাণাং সারাৎসারতরো মহু:।
ত তৎসদিতি দেবেশি তবাগ্রে সত্যমীরিতম্॥ ১৫৮
ব্রহ্মবিষ্ণুমহেশানাং ভিন্তা তালুশিরঃশিথা:।
প্রাছত্ তোহয়মেঁ তেৎসৎ সর্কমন্ত্রোত্তমোত্তমঃ॥ ১৫৯
চতুর্ব্বিধানামন্ত্রানামতেথ্যমিপি বস্তুনাম্।
মন্ত্রাত্তৈঃ শোধনেনালং স্থাচ্চেদেতেন শোধিতম্॥ ১৬০
পশুন্ সর্ব্বিত্র সজ্রপং জ্বংস্তৎসন্মহামন্ত্রম্।
ব্রেচ্ছাচারঃ শুদ্ধচিত্তঃ স এব ভূবি কৌলরাট্॥ ১৬১
জ্বাদন্ত তবেৎ দিদ্ধো মুক্তঃ স্থাদর্থচিন্তনাং।
সাক্ষাদ্বক্ষসমো দেহী সার্থমেনং জ্বন্ মন্ত্রম্॥ ১৬২

দেরালে অথবা শরীরে "ওঁতৎসং" এই মন্ত্র লিথিয়া ধারণ করিবেন, তাঁহার গৃহ মহাতীর্থস্কাপ এবং দেহ পুণাময় হইবে। হে দেবি! আমি তোমার দল্পুথে সত্য করিয়া বলিতেছি, "ওঁতৎসং" এই মন্ত্র—নিগম, আগম ও তন্ত্র সমুদায়ের মধ্যে সারাৎসার। সর্ক্রমন্ত্র ইতৈ শ্রেষ্ঠতম "ওঁতৎসং" মন্ত্র—ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বরের তালু, মন্তক ও ব্রহ্মরন্ত্র, ভেদ করিয়া প্রাত্তর্ভুত হইয়াছে।" ধিদি "ওঁতৎসং" এই মন্ত্র দারা চর্ক্রা, চূয়া, লেহ্ন, পেয়—এই চতুর্ক্রিধ অয়ের বা অহা বস্তর শোধন করা হয়, তাহা হইলে অহা কোন বৈদিক বা ভান্ত্রিক মন্ত্র দারা শোধন করিবার আবশুকতা হয় না। যিনি সর্ক্রের সংস্করপ ব্রহ্ম প্রত্যক্ষ করেন, যিনি "ওঁতৎসং" এই মহামন্ত্র জপ করেন, যাহার অন্তঃকরণ পরিশুদ্ধ ইয়াছে ও বিনি স্বেছ্যাচারী, তিনিই পৃথিবীমধ্যে কৌলশ্রেষ্ঠ। "ওঁতৎসং" এই মন্ত্র জপ করিলে মানব দিদ্ধ হন। ইহার অর্থ চিন্তা করিলে মুক্ত হন। যিনি অর্থ-চিন্তাদহ এই মন্ত্র জপ করেন, সেই মানব শরীরী হইয়াও সাক্ষাৎ

ত্রিপদোহয়ং মহামন্ত্রঃ সর্ব্ধকারণকারণম্।
সাধনাদশু মন্ত্রশু ভবেন্য ত্যুঞ্জয়ঃ স্বয়্ম্॥ ১৬৩

যুগ্মযুগ্মপদং বাপি প্রত্যেকপদমেব বা।
জপ্তৈর্বশু মহেশানি সাধকঃ সিদ্ধিভাগ্ভবেৎ ॥ ১৬৪

শৈবাবধৃতসংস্কারবিধৃতাখিলকর্মণঃ।
নাপি দৈবে ন বা পিত্রে নার্ষে ক্রত্যেহধিকারিতা॥ ১৬৫
চতুর্ণামবধৃতানাং তুরীয়ো হংস উচ্যতে।
ত্রয়োহন্তে যোগভোগাঢ়া মুক্তাঃ সর্ব্বে শিবোপমাঃ॥ ১৬৯
হংসো ন কুর্যাৎ স্ত্রীসঙ্গং ন বা ধাতুপরিগ্রহম্।
প্রারন্ধমন্ বিহরেনিষেধবিধিবর্জ্জিতঃ॥ ১৬৭
ত্যজেৎ স্বজাতিচিহ্নানি কর্ম্মাণি গৃহমেধিনাম্।
তুরীয়ো বিচরেৎ কোণীং নিঃসঙ্কল্লো নিক্তমঃ। ১৬৮

ব্রন্ধতুলা হন। এই ত্রিপদ মহামন্ত্র সর্বাকারণের কারণ। এই মন্ত্র সাধন করিলে স্বাং মৃত্যুঞ্জয় হইবে। হে মহেশ্বরি! এই ত্রিপদ মন্ত্রের হুইটি হুইটি পদ ভাগনা এক একটি পদ জপ করিলে সাধক সিদ্ধ ইতে পারে। বাঁহারা শৈবাবধূত-সংস্কার দ্বারা সংস্কৃত হইয়া-ছেন, তাঁহাদের আর কোন কাম্য-কর্ম থাকে না, স্কুতরাং তাঁহারা দৈবকর্মে, আর্ষকর্মে বা পিত্রাকর্মে ভাষিকারী নহেন। চতুর্বিধ ভাবধূতের মধ্যে চতুর্থ অর্থাৎ পূর্ণ ব্রাক্ষাবধূতকে "হংদ" বলা মায়। ভাপর ত্রিবিধ অবধৃত যোগ ও ভোগ করিয়া থাকেন। পরস্ক চতুর্বিধ ভাবধূতই মুক্ত ও শিবতুলা। হংস অর্থাৎ পূর্ণ ব্রাক্ষাবধূত স্থী-সংস্কা বা ধাতু-পরিগ্রহ করিতে পারিবেন না; তিনি বিধি-নিষেধ-বর্জ্জিত ও প্রারন্ধ-ভোগকারী হইয়া বিহার করিবেন। ১৫৭—১৬৭। এই ভুরীয় পর্মহংদ স্বজাতি-চিক্ত শিখা, স্ব্রে, তিলক প্রভৃতি পরি সদায়ভাবসন্তথ্য শোকমোহবিবর্জিতঃ।
নির্নিকেতস্তিতিক্ষ্ণ স্থা রিঃশক্ষো নিরুপদ্রবঃ। ১৬৯
নার্পণং ভক্ষ্যপেয়ানাং ন তন্ত থ্যানধারণাঃ।
মুক্তো বিরক্তো নির্দ্ধ ক্যোচারপরো যতিঃ। ১৭০
ইতি তে কথিতং দেবি চতুর্গাং কুলযোগিনাম্।
লক্ষণং দবিশেষেণ সাধ্নাং মৎস্বরূপিশাম্। ১৭১
এতেষাং দর্শনম্পর্শাদালাপাৎ পরিতোষণাৎ।
দর্ববির্থিকলাবাপ্তির্জায়তে মন্তজন্মনাম্। ১৭২
গৃথিব্যাং যানি তীর্থানি পুণ্যক্ষেত্রাণি যানি চ।
কুলসন্মাসিনাং দেহে সন্তি তানি সদা প্রিয়ে। ১৭৩
তে ধন্যান্তে কুলার্থবির্দ্ধানবৈঃ কুলসাধকাঃ। ১৭৪

ত্যাগ করিবেন। তিনি গৃহত্তের কর্ম্মও করিবেন না; তিনি সঙ্কনরিছত ও উত্থম-রহিত হইয়া ভূতলে বিচরণ করিবেন, তিনি সর্বাদা আত্ম-ভাবনাতেই সন্তুষ্ট থাকিবেন। তিনি শোক ও মোহে অভিভূত হইবেন না। তাঁহার কোন নির্দিষ্ট আবাসন্থান থাকিবে না। তিনি তিতিক্ষাযুক্ত, নিঃশঙ্ক ও নিরুপদ্রব হইবেন। তিনি ভক্ষ্য ও পেয় দ্রব্য দেবতাকে অর্পণ করিবেন না। তাঁহার ধ্যান ধারণা নাই। তিনি মুক্ত, বিরাগযুক্ত, নির্দেশ্ব, হংসাচার-পরায়ণ ও যতি হইবেন। হে দেবি! এই তোমার নিকট চতুর্ব্বিধ কুল্যোগীর লক্ষণ বিশেষরূপে বর্ণন করিলাম। ইহাঁরা সকলেই সাধু ও আমার স্বরূপ। মন্ত্বাগণ ফদি এই কুল্যোগীকে দর্শন করে, স্পর্শ করে বা ইহাঁদের সহিত আলাপ করে, অথবা ইহাঁদিগকে পরিতৃষ্ট করে, তাহা হইলে তাহা- দের সর্ব্বতীর্থ-দর্শনের ফলপ্রাপ্তি হয়। হে প্রিয়ে! পৃথিবীতে মে

অশুচির্যাতি শুচিতামম্পৃষ্ঠঃ ম্পৃষ্ঠতামিয়াং।
আভক্ষ্যমপি ভক্ষ্যং স্থাদ্যেষাং সংস্পর্শমাত্রতঃ॥ ১৭৫
কিরাতাঃ পাপিনঃ ক্রুরাঃ পুলিন্দা যবনাঃ থসাঃ।
শুধ্যস্তি যেষাং সংস্পর্শাত্তান্ বিনা কোহন্তমর্চ্চয়েং॥ ১৭৬
কুলতস্ত্রৈঃ কুলদ্রব্যৈঃ কৌলিকান্ কুলযোগিনঃ।
যেহর্চয়ন্তি সক্বন্ত্রা তেহপি পূজ্যা মহীতলে॥ ১৭৭
কৌলধর্ম্মাং পরো ধর্ম্মো নাস্ত্যেব কমলাননে।
আন্ত্যজোহপি যমাশ্রিত্য পূতঃ কৌলপদং ব্রজেং॥ ১৭৮
করিপাদে বিলীয়স্তে সর্ব্ধপ্রাণিপদা যথা।
কুলধর্ম্মে নিমজ্জন্তি সর্ব্ধে ধর্ম্মান্তথা প্রিয়ে॥ ১৭৯

সমুদায় তীর্থ ও পুণাক্ষেত্র আছে, কুলসন্ন্যাসীদিগের দেহে তৎসমুদান্ন সর্ব্বদাহ বিদ্যমান থাকে। যে সকল মনুষ্য কুলসাধুদিগকে কুলদ্রব্য ছারা অর্চনা করেন, তাঁহারা ধন্ত, তাঁহারা কতার্থ, তাঁহারা পবিত্র ও তাঁহারা সর্ব্বয়ন্তের ফলভাগী হন। কুলযোগীদিগের সংস্পর্শে অগুচি ব্যক্তিও গুচি হয়, অস্পৃষ্ঠ বাক্তিও স্পর্শযোগ্য হয়, অভক্ষ্য বস্তুও ভক্ষ্য হইয়া থাকে। যে কুলযোগীর সংস্পর্শে কিরাত, পাপী, কুর, পুলিন্দ, যবন ও বস—ইহারাও ভক্তি লাভ করে, তাঁহাকে পরিত্যাগ করিয়া আর কাহার অর্চনা কর্ত্তব্য হু যে সকল ব্যক্তি কুলযোগীদিগকে ও কৌলদিগকে কুলভন্ত ছারা ও কুলদ্রব্য ছারা একবারমাত্র ভক্তিপূর্ব্বক অর্চনা করিবেন, তাঁহারাও পৃথিবীর মধ্যে পূজা হইবেন। হে কমলাননে! কৌলধর্ম্ম হইতে পরমশ্রেষ্ঠ ধর্ম্ম আর নাই; কারণ, অস্তাজ ব্যক্তিও এই ধর্ম্ম আশ্রয়পূর্ব্বক পবিত্র হইয়া কৌলপদ প্রাপ্ত হয়। হে প্রিয়ে! যেমন সমুদায় প্রাণীর পদচিক্ত হস্তিপদ-চিক্তে লীন হয়, সেইরূপ সমুদায় ধর্ম্ম কুলধর্ম্ম বিলীন হইয়া থাকে।

ষ্পহো পুণ্যতমাঃ কোলান্তীর্থরপাঃ স্বয়ং প্রিয়ে।
বে পুনস্ত্যাত্মসম্বদ্ধান্ মেচ্ছেশ্বপচপামরান্॥ ১৮০
গঙ্গায়াং পতিতান্তাংসি যান্তি গাঙ্গেরতাং যথা।
কুলাচারে বিশক্তোহপি সর্ব্ধে গচ্ছন্তি কৌলতাম্॥ ১৮৯
যথার্ণবগতং বারি ন পৃথগ্ভাবমাপুরাং।
তথা কুলাস্থা মগ্রা ন ভবেয়ুর্জনাঃ পৃথক্॥ ১৮২
বিপ্রাত্মন্তান্তান্তা দিপদা যেহত্র ভূতলে।
তে সর্ব্বেহিমিন্ কুলাচারে ভবেয়ুর্ধিকারিণঃ॥ ১৮৩
আহ্তাঃ কুলধর্ম্বেহিমিন্ যে ভবন্তি পরাত্ম্বাঃ।
সর্ব্বর্ধ্বর্দিকারিলঃ। ১৮৪
প্রার্থিন্ত কুলাচারং যে কেচিদপি মানবাঃ।
তান্ বঞ্চয়ন্ কুলীনোহপি রৌরবং নরকং ব্রজেৎ॥ ১৮৫

১৬৮—১৭১। হে প্রিয়ে! স্বয়ং তীর্থয়রপ কৌলগণ কি আশ্চর্মা পবিত্রতম! তাঁহারা আত্মনংসর্গে স্লেচ্ছ, শ্বপচ ও পামরগণকেও পবিত্র করেন। যেমন গঙ্গামধ্যে পতিত অন্ত জলও গঙ্গাজলরপে পরিণত হয়, তদ্রুপ কুলাচারে প্রবিপ্ত সর্বজাতীয় মনুষাই কৌল হইয়া থাকে। যেমন সমুদ্রগত সলিল পৃথক্তাব প্রাপ্ত হয় না, সেইরপ কুলসাগরে মগ্ন কোন ব্যক্তিই পৃথক্ হইতে পারে না। এই ভূমগুলমধ্যে ব্রাহ্মণ অবধি অন্তাঙ্গ পর্যান্ত যতপ্রকার দিপদ জন্ত আহে, তাহারা সকলেই এই কুলাচারে অধিকারী হইতে পারিবে। যাহারা কুলধর্ম্মে আহ্ত হইয়া পরাম্মুথ হয়, তাহারা সর্বধর্ম্ম হইতে ল্রপ্ত হইয়া অধমা গতি লাভ করে। যে কোন মনুষ্য কুলাচার প্রার্থনা করিবে, তাহাদিগকে যদি কোন কৌল ব্যক্তি স্থীলোক, নীচলোক, চণ্ডাল বা যবন জানিয়া অবজ্ঞা করিয়াঁ

চাণ্ডালং যবনং নীচং মন্বা স্ত্রিয়মবজ্ঞরা।
কৌলং ন কুর্যাৎ যঃ কৌলঃ সোহধনো যাত্যধোগতিম্॥১৮৬
শতাভিষেকাদ্ যৎ পুণ্যং পুরশ্চর্যাশতৈরপি।
তন্মাৎ কোটিগুণং পুণ্যমেকস্মিন্ কৌলিকে ক্বতে॥ ১৮৭
যে যে বর্গাঃ ক্ষিতৌ সন্তি যদ্যদ্ধর্মমুপাশ্রিতাঃ।
কৌলা ভবন্তস্তে পাশৈমুক্তা যান্তি পরং পদম্॥ ১৮৮
শৈবধর্মাশ্রিতাঃ কৌলান্তীর্থন্নপাঃ শিবাত্মকাঃ।
স্নেহেন শ্রদ্ধা প্রেমা পূজ্যা মান্তাঃ পরস্পরম্॥ ১৮৯
বহুনাত্র কিমুক্তেন তবাগ্রে সত্যমূচ্যতে।
ভবান্ধিতরণে সেতুঃ কুলধর্ম্মো হি নাপরঃ॥ ১৯৩
ছিন্তন্তে সংশ্রাঃ সর্ব্বে ক্ষীরন্তে পাপসঞ্চয়াঃ।
দহ্যস্তে কর্মজালানি কুলধর্মনিবেবণাৎ॥ ১৯১

কোল না করেন, তাহা হইলে তিনি কৌলের মন্যে অধম, এবং অন্তকালে তাঁহার অধােগতি হয়। একশত অভিষেকে বে পুণ্য-সঞ্চয় হয়, শত পুরশ্চরণ করিলে যে পুণ্য-সঞ্চয় হয়, এক ব্যক্তিকে কৌল করিলে তাহার কোটি-গুণ পুণ্য হইয়া থাকে। ভূমগুলে যে যে বর্ণ আছে এবং যতপ্রকার ধর্মাবলধী মন্তয় আছে. তাহাদের মধ্যে যিনি কৌল হইবেন, তিনিই পাপমুক্ত হইয়া পরম্পদ লাভ করিতে পারিবেন। শিবোক্ত-ধর্মাবলম্বী কৌলগণ সাক্ষাৎ শিবস্থর্মপ ও তীর্থস্বরূপ। সেহ দ্বারা, শ্রনা দ্বারা এবং প্রেম দ্বারা তাঁহারা পরস্পর পরস্পরকে পূজা ও সন্ধান করিবেন। আনি আর অধিক কি বলিব, ভোমার নিকট সত্য করিয়া বলিতেছি, এই সংসার-সাগর পার হইবার নিমিত্ত কুলধর্ম্মই সেতুম্বরূপ। তার্মের সংসার-সাগর পার হইবার উপারান্তর নাই। কুলধর্ম-সেবনে সমু-

সত্যব্রতাঃ ব্রহ্মনিষ্ঠাঃ রূপরাহুয় মানবান্।
পাবয়ন্তি কুলাচারৈন্তে জ্ঞেয়াঃ কৌলিকোত্তমাঃ ॥ ১৯২
ইতি তে কথিতং দেবি সর্কাকশ্বিনির্ণয়ম্।
মহানির্কাণতত্ত্রন্ত পূর্কার্দ্ধং লোকপাবনম্ ॥ ১৯৩
য ইদং শৃগ্রালিত্যং শ্রাবয়েদ্বাপি মানবান্।
সর্কাপাপবিনিশ্মুক্তঃ সোহস্তে নির্কাণমাপ্রয়াৎ ॥ ১৯৪
সর্কাগমানাং তত্ত্রাণাং সারাৎসারং পরাৎপরম্।
তন্ত্ররাজমিদং জ্ঞান্বা জায়তে সর্কাশাস্ত্রবিৎ ॥ ১৯৫
কিং তত্তা তীর্থভ্রমণৈঃ কিং যজ্জৈর্জপসাধনৈঃ।
জানরেত্রয়হাতন্ত্রং কর্ম্মপাশৈর্বিম্চাতে ॥ ১৯৬
স বিজ্ঞঃ সর্কাশস্ত্রেমু সর্কাধ্যাবিদাং বরঃ।
স জ্ঞানী ব্রন্ধবিৎ সাধুর্য এতদ্বন্তি কালিকে ॥ ১৯৭

দায় সংশন্ন ছেদন হয়, সমুদায় পাপপুঞ্জ ক্ষয় হয় ও কৰ্মসমূহ দগ্ধ হয়। ১৮০—১৯১। ধাঁহারা সত্যত্রত ও ব্রহ্মনিষ্ঠ, ধাঁহারা কুপা-পরতন্ত্র হইয়া মানবগণকে আহ্বানপূর্ক্তক কুলাচার ঘারা পবিত্র করেন, সেই সকল মহাআই কৌলিকশ্রেষ্ঠ বলিয়া বিদিত। ১৯২।

হে দেবি ! এই আমি তোমার নিকট লোকপাবন সর্ব্ধর্মনিনির্ণায়ক মহানির্ব্বাণতন্ত্রের পূর্ব্বার্দ্ধ কহিলাম। যিনি নিয়ত ইহা শ্রবণ করিবেন, অথবা মনুযাগণকে শ্রবণ করাইবেন, তিনি সমুদায় পাপ হইতে মুক্ত হইয়া অন্তে মোক্ষপদ প্রাপ্ত হইবেন। সমুদায় আগম ও সমুদায় তন্ত্রের মধ্যে পরাৎপর ও সারাৎসার এই তন্তরাজ পরিজ্ঞাত্ত হইলে মনুষ্য সর্বশাস্ত্রজ্ঞ হইবে। যিনি এই মহানির্ব্বাণতন্ত্র পরিজ্ঞাত হইরাছেন, তাঁহার তীর্থভ্রমণে আবশ্রক নাই, যজে আবশ্রক নাই, জপ সাধনাদিতেও আবশ্রক নাই; তিনি একমাত্র মহানির্ব্বাণতন্ত্র-

অলং বৈদেঃ পুরাণৈশ্চ স্মৃতিভিঃ সংহিতাদিভিঃ।
কিমন্তৈর্বহুভিস্তব্ত্ত্ত্রেজ্ঞাডেদং সর্কবিদ্ধবেৎ॥ ১৯৮
আসীদ্গুহুতমং যন্মে সাধনং জ্ঞানমূত্তমম্।
তব প্রশ্নেন তন্ত্রেহস্মিংস্তৎ সর্কাং স্প্রপ্রকাশিতম্॥ ১৯৯
যথা বং ব্রহ্মণঃ শক্তিম ম প্রোণাধিকা পরা।
মহানির্কাণতন্ত্রং মে তথা জানীহি স্কব্রতে॥ ২০০
যথা নগেষু হিমবাংস্তারকাস্ক যথা শশী।
ভাসাংস্কেজঃস্থ তন্ত্রেষু তন্ত্ররাজমিদং তথা॥ ২০১
সর্কধর্মময়ং তন্ত্রং ব্রহ্মজ্ঞানৈকসাধনম্।
পঠিষা পাঠিয়্রাপি ব্রহ্মজ্ঞানী ভবেররঃ॥ ২০২

জ্ঞান দ্বারা কর্ম্মপাশ হইতে মুক্তিলাভ করিবেন। হে কিলিকে যিনি এই মহানির্বাণতন্ত্র জানেন, তিনি সর্বাশাস্ত্রে বিজ্ঞ, তিইন সমুদার ধর্মজ্ঞদিগের মধ্যে শ্রেষ্ঠ, তিনিই দাধু, তিনিই জ্ঞানী ও তিনিই ব্রহ্মপ্ত । বেদ, পুরাণ, স্মৃতি ও সংহিতা প্রভৃতি এবং অক্যান্ত বহুতন্ত্র-জ্ঞানে কি আবশুক ? একমাত্র এই মহানির্বাণতন্ত্র জ্ঞাত হইলেই সর্বজ্ঞ হইবে। মৎকৃত যে সমুদার সাধন ও উত্তম জ্ঞান অত্যন্ত গুলুতম ছিল, তোমার প্রশ্ন অন্থলারে তৎসমুদার এই মহানির্বাণতন্ত্রে স্থলরমপে প্রকাশিত ইইল। হে স্থবতে! তুমি যেমন ব্রহ্মশক্তি ও আমার পরম প্রাণাধিকা, এই মহানির্বাণ তন্ত্রও সেইরূপ জানিবে। বেমন পর্বত-সমুদারের মধ্যে হিমালয়, নক্ষত্রগণের মধ্যে চক্র এবং তেঞ্জঃ-পদার্থমধ্যে স্থ্যে শ্রেষ্ঠ, সেইরূপ সমুদার তন্ত্রের মধ্যে এই তন্ত্রই শ্রেষ্ঠ। এই তন্ত্র—সর্বধর্ম্ময় ও ব্রক্ষজ্ঞানের একমাত্র সাধন। যে নর ইহা শ্রবণ করিবেন বা করাইবেন, ভিনি ব্রক্ষজ্ঞানী হইবেন।

বিহুতে যক্ত ভবনে সর্ব্বতন্ত্রোন্তমোমন্।
ন তম্ম বংশে দেবেশি পশুর্ভবিত কর্হিচিং॥২০৩
অজ্ঞানতিমিরান্ধোহপি মৃগঃ কর্ম্মজড়োহপি বা।
শৃগন্তেত্রহাতস্ত্রং কর্মবন্ধাদ্বিমূচাতে॥২০৪
এতত্ত্রস্ত পঠনং শ্রবণং পূজনং তথা।
বন্দনং পরমেশানি নৃণাং কৈবল্যদায়কম্॥২০৫
উক্তং বহুবিধং তম্প্রমেকৈকাখ্যানসংযুত্তম্।
সর্ব্বধ্যান্বিতং তম্ত্রং নাতঃ পরতরং কচিং॥২০৬
পাতালচক্র-ভূচক্র-জ্যোতিশ্চক্রসমন্বিতম্।
পরার্দ্ধমন্ত্র বা বেত্তি স সর্ব্বজ্ঞোন সংশয়ঃ॥২০৭
পরার্দ্ধমন্ত্রং গ্রন্থং কানন্ নরো ভবেং।
ব্রিকালবার্তাং ক্রেলোক্যব্তাস্তং কথিতুং ক্ষমঃ॥২০৮

হে দেবেশি! সমুদায় তন্ত্র অপেক্ষা শ্রেষ্ঠতম এই তন্ত্র বাহার গৃহে অবস্থিত হইবে, তাহার বংশে কেহ কথন পশু হইবে না। ১৯৩—২০০। যিনি অজ্ঞানতিমিরে অন্ধ, মূর্য ও কর্ম্মাধনবিষয়ে জড়, তিনিও যদি এই মহানির্ব্বাণ-নামক মহাতন্ত্র শ্রবণ করেন, তাহা হইলে তিনি কর্ম্মপাশ হইতে মুক্ত হন। হে পরমেশ্বরি! এই মহাতন্ত্রের পাঠ, শ্রবণ, পূজা বা বন্দন মন্থ্যের কৈবল্যদায়ক হয়। এক একটি উপাথ্যান-সংযুক্ত বহুবিধ তন্ত্র বলিয়াছি, পরস্ক সর্ব্বধর্ম-সমন্থিত ইহা অপেক্ষা শ্রেষ্ঠতর আর কোন তন্ত্র নাই। এই মহানির্ব্বাণতন্ত্রের উত্তরার্দ্ধে পাতালচক্র, ভূচক্র ও জ্যোতি-শ্চক্র আছে। যিনি সেই উত্তরার্দ্ধ জ্ঞাত হন, তিনি সর্ব্বজ্ঞ হন, সন্দেহ নাই। যে নর পরার্দ্ধ-সহিত এই মহানির্ব্বাণতন্ত্র জানেন; তিনি ত্রিকালবার্ত্তা ও ত্রেলোক্য-বৃত্তাস্ত বর্ণন করিতে সমর্থ হন।

সন্তি তন্ত্রাণি বহুধা শাস্ত্রাণি বিবিধান্তপি।
মহানির্ব্বাণতন্ত্রস্ত কলাং নাইন্তি ষোড়শীম্॥ ২০৯
মহানির্ব্বাণতন্ত্রস্ত মাহান্ত্র্যং কিং ব্রবীমি তে।
বিদিক্তৈন্মহাতন্ত্রং ব্রহ্মনির্ব্বাণমাপুরাৎ॥ ২১০
ইতি শ্রীমহানির্ব্বাণতন্ত্রে সর্ব্বতন্ত্রোত্তমোত্তমে সর্ব্বধর্ম্মনির্ণয়সারে শ্রীমদাত্যাসদাশিবসংবাদে
পূর্ব্বকাণ্ডে শিবলিঙ্গস্থাপনচতুর্ব্বিধাবধৃত-বিবরণ-কথনং নাম
চতুর্দ্বশোল্লাসঃ॥ ১৪॥

জনেকপ্রকার তন্ত্র আছে, বছবিধ শাস্ত্রও আছে; পরস্ত কোনও শাস্ত্র বা কোনও তন্ত্র এই মহানির্ব্বাণ-তন্ত্রের যোড়শ অংশের একাংশেরও সমকক্ষ হইতে পারে না। আমি এই মহানির্ব্বাণ-তন্ত্রের মাহান্ত্র্য তোমার নিকট কি বর্ণন করিব ? এই মহাতন্ত্র পরিজ্ঞাত হইলে ব্রহ্মনির্ব্বাণ প্রাপ্ত হয়। ২০৪ – ২১০।

চতুর্দশ উল্লাস সমাপ্ত।

সমাপ্তোঽরং গ্রন্থঃ।

শিবমস্ত ।

পদাঙ্কদূতের সমালোচনা

কাশীনিবাসী সর্বাপ্রধান মহামহোপাধ্যায় প্রীযুক্ত রাথালদাস স্থায়রত্ব মহোদয়ের পত্র —

আপনার পদাক্ষদ্ত অতি উৎকৃষ্ট ইইয়াছে। অয়য়, অর্থ, মর্ম্ম-ব্যাথ্যা সকলই স্বন্ধর। মূল কবিতাগুলির প্রত্যেক অংশের সার্থক্য-বিশ্লেষণে আপনার মে নৈপুণ্য প্রকাশ পাইয়াছে, বর্ত্তমান সময়ে সে নৈপুণ্য কোনও কাবা লইয়া কেইই প্রকাশ করিতে পারেন কি না সন্দেহ। গ্রন্থের সকল স্থান এথনও দেখা হয় নাই। মাহা দেখিয়াছি, তাহাতেই এত মুগ্ধ ইইয়াছি য়ে, অতাই আপনাকে প্রকাশ দিয়া থাকিতে পারিলাম না।

মহামহোপাধ্যার শ্রীযুক্ত চক্রকান্ত তর্কালস্কার মহোদয়ের পত্র—

মহাশয়, আপনার প্রচারিত পদায়দূত পুস্তকের কতিপয় স্থান পাঠ করিয়া প্রীতি লাভ করিয়াছি। মূলের তাৎপদ্যার্থ বুঝিবার জস্ত যাহা যাহা আবস্তক, আপনার বঙ্গভাষার ব্যাখ্যাতে তৎসমস্তই সন্নিনিপ্ত হইয়াছে। ব্যাখ্যার ভাষাও সরল। আপনার ব্যাখ্যাকৌশলে জটল দার্শনিক বিষয়গুলিও অনায়াসে পাঠকের বোধগনা হইবে, ইহা আমার বিয়াস্ত। এই পুস্তকে আপনার বহুদর্শিত্ব প্রকাশ পাইয়াছে, ইহা বলাই বাছলা। আমার বিবেচনায় পুস্তকথানি উত্তম হইয়াছে।

রঙ্গপুরনিবাসী মহামহোপাধ্যায় শ্রীযুক্ত ধাদবেশ্বর তর্করত্ব মহোদয়ের পত্র-

আপনার মুদ্রিত "পদান্ধন্ত" সাগ্রহে ও সসন্ধানে গ্রহণ করিয়াছি। "পদান্ধন্ত" ক্ষুদ্র পুত্রক ইইলেও রস-ভাব-অলগার-পূর্ণ এবং বঙ্গের নিজস্ব; এইজন্ত ভাহার উপর আমার স্বাভাবিক অনুরাগ আছে। এতাদিন বউতলার সরস্বতা-ভাওারে পুত্তকথানি ছিল বালয়া আমার বড়ই হুঃখ ইইয়াছিল। আপনি দেশা-নুরাগে অনুপ্রাণিত ইইয়া আজ আমার সেই হুঃখ মিটাইয়াছেন। অতি বিশুদ্ধরূপে আপনার "পদান্ধত্ত" মুদ্রিত ইইয়াছে। আমাদিগের অনেক অবিদিত অর্থ জ্ঞাপনার মহীয়সী প্রতিভায়, ইহাতে সন্ধিবিট্র ইইয়াছে। এজন্ত পণ্ডিতমণ্ডলীর নিকটে ও বঙ্গদেশের নিকটে আপনি বিশেষর্গপে ধন্যবাদার্হ * * * *।

ষ্পারও অনেক প্রশংসাপর পুস্তকের সহিত গ্রথিত আছে।

বিশেষ বিজ্ঞাপন।

পণ্ডিতবর শ্রীযুক্ত শ্রামাচরণ কবিরত্ন প্রণীত

নিম্নলিখিত পুস্তকগুলি আমার নিকট পাওয়া যায়।

- । মুগ্ধবোধং ব্যাকরণং-—মূল ও
 আবশুক টিপ্পনী মাত্র। মূল্য
 । প০ ডাঃ মাঃ ৴০ আনা।
 । পদাক্ষদূত্র——অতি উৎকৃষ্ট
 - ।প দান্ধদ্তম্—অতি উৎকৃষ্ট ক্ষেকথাস্থাক রদভাবপূর্ণ স্থপ্রদিন্ধ সংস্কৃত থণ্ডকাবা।
 সেবয়, টীকা, অনুবাদ, ও
 ভাবার্থব্যাপ্যাসহিত। ভাবার্থব্যাপ্যায় সকলেরই মন প্রাণ
 মোহিত হয়। এরপ উৎকৃষ্ট সংস্করণ এ পর্যান্ত হয়
 নাই। যাবতীয় মহামহোপাধ্যায় পণ্ডিতগণ ও সংবাদপত্রসমূহের প্রশংসিত। মূল্য
 ।প০ ডাঃ মা: ১০ পয়্রদা।
- । রামলীলা—জয়দেবের ভাতুকরণে স্থললিত সংস্কৃত গীতিকাবা, অন্ত্রাদদহিত। মূল্য
 । ডাঃ মাঃ ১০ পয়দা।
- বিদয়-মুখমগুনম্—সংস্কৃত
 ইয়ালি এছ। টাকা, অলু-

- বাদ ও কতিপয় ইংরাজী হিঁয়ালী সহিত। মূল্য। • ডাঃ মাঃ ১০ পয়সা।
- ে হরিভক্তি —উৎকৃষ্ট প্রবন্ধান
 বলী। বক্তৃতা শিথিবার উপ-
- যুক্ত। মূল্য ॥ প ০ ডাঃ মাঃ প ০। ৬। চণ্ডী — অতি বিশুদ্ধ। টীকা
 - ও স্থললিত পতাানুবাদ সহিত। মূল্য।/০ ডাঃ মাঃ /০ সানা।
- ৭। আহ্নিককতাম্ অর্থাৎ বিশুদ্ধ
 - ও বৃহৎ নিত্য কর্মা। প্রত্যেক মন্ত্রের ব্যাখ্যা ও অনুবাদ
 - সহিত। ৩ থণ্ড একত্রে বাঁধান,
- মূল্য ॥০ ডাঃ মাঃ ৴০ আনা। ৮। সত্যনারায়ণ ও গুভচনীর কথা
 - —অতি বিশুদ্ধ। ব্যাথ্যা সহ।
 - মূলা 🗸 ১০ ডাঃ মাঃ ८১०।
- কোনও স্থরসিক স্থকবির রচিত— ৯। কুন্দরাণীর ছড়া।
 - শুনে হেদে গড়া।। মূল্য / ০ ১০ মাশুলে ১০ থানা যায়।

শ্রীগুরুদাস চট্টোপাধ্যায়।

২০১নং কর্ণ ওয়ালিদ্ ষ্ট্রীট্, বেঙ্গল মেডিকেল লাইব্রেরি, কলিকাতা।